অপ্রামাণিক, প্রামাণ্য রহিত, অপ্রামাণ্য, অলীক।
অপ্রামাণ্য, প্রমাণ রহিত, অলীক।
অপ্রিয়, অনভীপ্সিত, মন্দ।
অপ্রিয় বচন, নিষ্ঠুর বাক্য; কুবাক্য।
অপ্রিয়বক্তা, নিষ্ঠুরভাষী, উগ্রবক্তা।
অপ্রীতি, অপ্রণয়, অসদ্ভাব।
অপ্রোষিত, অপ্রবাসী।
অপ্রোক্ষণ, অসেচন।
অপ্রোক্ষিত, জলসেক বিহীন।
অপ্সর, স্বর্গ বেশ্যা।
অপ্সরা, স্বর্গীয় বারাঙ্গনা।
অফল, নিষ্ফল, বন্ধ্যা, ব্যর্থ।
অফলা, ভূমি আমলকী, ঘৃতকুমারী।
অফেণ, ফেণ রহিত, অহিফেণ, আফিম।
অবকথন, স্তব, উপাসন।
অবকর, আবর্জ্জনা, ওঁচলা।
অবকর্ত্তন, কাটন, সূত্রযন্ত্র, চরখা।
অবকলন, বিয়োগ, অগণন।
অবকাশ, অবসর, সময়, বিশ্রাম।
অবকীর্ণী, ক্ষতব্রত, নিয়ম ভ্রষ্ট।
অবকুঞ্চন, বক্র করণ।
অবকুঞ্চিত, বক্রীকৃত [পিটি করণ।
অবকুট্টন, ঠোকসান, বারম্বার পিটি-
অবকুণ্ঠন, অসাহস, ভীরুতা।
অবকুন্তন, কদর্য্য কোঁথানি।
অবকূজন, কূজন, কুশ্রাব্য শব্দ।
অবকৃষ্ট, মন্দ, জঘন্য, হ্রস্ব।
অবক্তব্য, অকথ্য, কথনাযোগ্য।
অবক্রন্দন, উচ্চস্বরে ক্রন্দন
অবক্রম, নিন্দিত ক্রম।
অবক্রীডন, কুৎসিত খেলা। [ধাক্ষ।
অবক্রুদ্ধ, অতিশয় রাগান্বিত, ক্রো-
অবক্রুষ্ট, ভৎর্সিত, নিন্দিত।
অবক্বণ, কুৎসিত ধ্বনি, কদর্য্য শব্দ
অবখণ্ডন, খনন, কোঁড়ন।
অবখাত, গহ্বর, গর্ত্ত, খাদ।
অবখেল, কুৎসিত খেলা।
অবগণন, হেয়করণ, অমান্য করণ
অবগণিত, অমানিত, তুচ্ছীকৃত।
অবগণ্ড, শিশু, অপ্রাপ্ত ব্যবহার নাবালগ।
অবগত, জ্ঞাত, বিদিত।
অবগতি, বোধ, জ্ঞান।
অবগম, জ্ঞান, বোধ, উপলব্ধি।
অবগম্য, জ্ঞেয়, বোধগম্য।
অবগাহন, স্নান, নিমজ্জন, ডুব দেওন।

অবগুণ্ঠন, ঘোমটা, মুখাবরণ।
অবগুণ্ঠিত, চূর্ণিত, গুঁড়া।
অবগোচর, অর্দ্ধদৃষ্ট, ঈষদবলোকিত।
অবগোরণ, উত্তোলন, উর্দ্ধকরণ, উচাঁন।
অবগ্রন্থন, মন্দরচনা, কদর্য্য গাথা।
অবগ্রহ, অনাবৃষ্টি, ক্রমিক অবর্ষণ।
অবঘাত, অপঘাত, অপমৃত্যু।
অবঘর্ণ, ঘূর্ণজল।
অবঘ্রাণ, কুৎসিত গন্ধ।
অবচূর্ণ, অসূক্ষ্ম চূর্ণ, মোটাগুঁড়া।
অবচেষ্ট, মন্দচেষ্ট, অনাড়ম্বর।
অবচ্ছেদ, সীমা, পর্য্যন্ত, পরিচ্ছেদ।
অবচ্ছেদাবচ্ছেদ, সমস্ত, সাকল্য, ব্যাপকত্ব।
অবজীন, অতিপ্রাচীন, বহুপ্রাচীন।
অবজ্ঞা, হেয়জ্ঞান, অনাদর, তাচ্ছল্য, উপেক্ষা।
অবজ্ঞাত, অনাদৃত, উপেক্ষিত।
অবট, গর্ত্ত, গহ্বর, ছিদ্র।
অবতংস, কর্ণভূষণ, কর্ণালঙ্কার।
অবতরণ, নামন, অবরোহণ।
অবতরণিকা, আভাস, ভূমিকা।
অবতান, চন্দ্রাতপ, চাঁদনি, সামিয়ানা।
অবতার, দেহান্তর ধারণ দেবতার মনুষ্যরূপে প্রকাশ।
অবতারণিকা, নৌকা, সংগৃহীতবচন
অবতীর্ণ, অবরূঢ়, দেহান্তরে আবির্ভূত, উপস্থিত।
অবধর, বলহীন, অসমর্থ, ক্ষীণ।
অবদাত, শুভ্র, শ্বেত, গৌর [দেন
অবদান, উৎসর্গ, নিবেদন, কুৎসিত
অবদীর্ণ, বিদারিত, স্ফুটিত।
অবদূন, তাপিত, শোকাতুর, খেদিত।
অবন্ধ, বন্ধনশূন্য।
অবন্ধমুখ, অপ্রিয়বাদী, দুর্ম্মুখ।
অবদ্যোত, ঈষদুজ্জ্বল, কিঞ্চিৎ দীপ্তি
অবদ্রুত, পলায়িত।
অবধান, মনোযোগ।

অবধারণ, নিশ্চয়; নির্ণয়, স্থিরকরণ।
অবধারিত, নির্দ্দিষ্ট; নির্ণীত, স্থিরীকৃত।
অবধার্য্য, নির্দ্ধার্য্য, নিশ্চয়।
অবধি, পর্য্যন্ত, সীমা, ছেদ।
অবধীরণ, অবজ্ঞা, তুচ্ছজ্ঞান।
অবধীরিত, অবজ্ঞাত, তুচ্ছীকৃত।
অবধূত, কম্পিত, কম্পায়মান।
অবধূত, বর্জ্জিত, পরিকৃত, উদাসীন, যোগী, সন্ন্যাসী
অবধ্য, বধের অযোগ্য, প্রাণদণ্ডানর্হ।
অবনত, নম্র, প্রহ্বীভূত। [ধ্বনি
অবনন্দন, কুৎসিত শব্দ, নিন্দিত
অবনায়, অনৈক্য, অমিল।
অবনাহ, কুৎসিতরূপে অস্ত্রাদি নাড়ন নিন্দিত অস্ত্রাদি।
অবনি, পৃথিবী, পৃথ্বী, ভূমি।
অবনীপতি, ভূপতি, রাজা।
অবন্তি, অবনায়, অনৈক্য, অমিল
অবন্তী, দেশবিশেষ।
অবন্ধ্য, সফল, ফলবান।
অবপক্ষ, নিরপেক্ষ পক্ষপাতী
অবপাল, রক্ষকহীন, পালক রহিত।
অবপালন, অপালন, অরক্ষণ
অববাদ, নিন্দা, অপযশঃ, অখ্যাতি।
অববৃত, আচ্ছাদিত, আবৃত, বেষ্টিত।
অববেষ্টন, আচ্ছাদন, আবরণ, ঘেরণ। [ভ্রম
অববোধ, নিন্দিতবুদ্ধি, জ্ঞান, মতি-
অবভান, অবভাস, ঈষৎজ্ঞান, অন্যপ্রকার বোধ
অবভৃথ, ব্রত সমাপন স্নান [করে।
অবম, যে দিনকে তিন তিথি স্পর্শ
অবমতি, অবজ্ঞা, হেয়জ্ঞান
অবমর্দ্দন, পীড়ন, দলন
অবমান, অপমান, অপযশ, দুর্নাম।
অবমাননা, অনাদর, অপমান
অবমূর্দ্ধ, অধঃশিরাঃ, অধোমস্তক।
অবমৃষ্ট, ভ্রষ্ট, নষ্ট

অবয়ব, অঙ্গ, হস্ত পদাদি।
অবয়বী, অঙ্গী, হস্তপদাদি বিশিষ্ট।
অবর, কনিষ্ঠ, অশ্রেষ্ঠ, মন্দ, ক্ষুদ্র।
অবরজ, কনিষ্ঠভ্রাতা।
অবরত, ক্ষান্ত, বিশ্রান্ত, বিরত।
অবরবর্ণ, শূদ্রজাতি।
অবরস, বিরস, কুস্বাদু, পানস্যা।
অবরোধ, আটক, রুদ্ধ; অন্তঃপুর।
অবরোহ, উত্তরণ, নামন।
অবর্ণ, অ অক্ষর, অকার।
অবল, দুর্বল, ক্ষীণ, অশক্তি।
অবলজ্জা, ঈষৎলজ্জা।
অবলম্ব; আশ্রয়, শরণ।
অবলম্বন, আশ্রয়; ঠেস।
অবলা, বলহীনা; স্ত্রী, নারী।
অবলাঞ্ছন, অকীর্ত্তি জনক চিহ্ন, অখ্যাতির চিহ্ন।
অবলিপ্ত, অভ্যঙ্গিত, লেপিত।
অবলীঢ়, আস্বাদিত, চাটিত।
অবলেপ, প্রলেপ।
অবলেপন, মাখান, প্রলেপ।
অবলেহ, লেহ্য, চাটিবার যোগ্য, ঔষধ বিশেষ।
অবলেহন, আস্বাদন, চাটন।
অবলোকন, দর্শন, ঈক্ষণ, দৃষ্টিপাত।
অবশ, অবাধ্য, অনায়ত্ত, অনধীন।
অবশিষ্ট, অবশেষ, উদ্বৃত্ত, বাকি।
অবশোষণ, শুষ্ক করণ। [নিশ্চিত।
অবশ্য, সর্ব্বথা কর্ত্তব্য, নিতান্ত,
অবশ্যম্ভব, যাহা অবশ্য হইবে।
অবশ্যম্ভাবী, নিশ্চিত হইবার যোগ্য, একান্ত ভাবী।
অবশ্যায়, নীহার, হিম, শিশির।
অবষ্টব্ধ, বেষ্টিত, ঘেরিত।
অবষ্টম্ভ, সূচনা; আরম্ভ, সূত্র।
অবসথ, নিবাস, বাস স্থান।
অবসন্ন, শ্রান্ত, ক্লান্ত, জড়ীভূত।
অবসর, অবকাশ; সময়; বিরাম; বিশ্রাম।
অবসাদ, অবসন্নতা, গ্লানি, শ্রান্তি।
অবসান, শেষ, অন্ত, সমাপ্তি।
অবসারণ, বহিষ্করণ, বাহির করা।
অবসেয়, নশ্বর, ক্ষয়োপযোগী।
অবস্কন্দ, সৈন্যের ছাউনি, কটক।
অবস্কন্দন, খণ্ডন; পরিহরণ।
অবস্কর, জঞ্জাল, ওঁচলা, আবর্জ্জন।
অবস্থা, দশা, গতি; সময়, দুর্গতি।
অবস্থান, স্থিতি, বাস, তিষ্ঠান।
অধস্থাপন, স্থাপিত করণ; রাখন।
অবস্থিত, স্থিরীভূত, কৃতাবস্থান।
অবস্থিতি, অবস্থান, বাস; থাকা।
অবস্বন, কুশব্দ, মন্দ ধ্বনি।
অবহনন, মর্দ্দন, দলন।
অবহা, অচল, স্থির, স্থায়ী।
অবহার, মোচন, ত্যাগ।
অবহিত্থ, ছদ্মবেশ, কাপট্য।
অবহেলন, অবজ্ঞাকরণ, অনাদর করণ।
অবহেলা, অনাদর, অশ্রদ্ধা, অবজ্ঞা।
অবক্ষুধা, পেটুকত, উদরম্ভরিত্ব।
অবক্ষেপ, বিদ্রূপ, ব্যঙ্গ।
অবাক্, স্তব্ধ; বাক্য রহিত।
অবাক্শিরঃ, অধো মস্তক।
অবাগ্র, নিম্নাগ্র, নত।
অবাঙ্মুখ, অধোমুখ; নত; লজ্জিত।
অবাচী, দক্ষিণ দিক্।
অবাদ, অবিতণ্ডা। [অনর্গল।
অবাধ, বাধা শূন্য, অপ্রতিবন্ধক,
অবাধে, নির্বিঘ্নে, নির্বিবাদে। [যুক্ত।
অবাধ্য, অবশ, অবশতাপন্ন, অনা-
অবাধ্যত্ব, অবশত, অনধীনত।
অবান্তর, অন্তরস্থ, মধ্য।
অবাপ্ত, প্রাপ্ত, অধিগত।
অবারিত, অবাধিত, অরুদ্ধ।
অবাস্তব, অযথার্থ, অপ্রকৃত, মিথ্যা।
অবি, মেষ, ভেড়া; সূর্য্য।
অবিকট, অকুৎসিত, অভয়ঙ্কর।
অবিকল, যথার্থ, ঠিক, অবিকৃত।
অবিকল্প, অসংশয়, নিঃসন্দেহ।

অবিকার, বিকৃতি শূন্য, অবিকল।
অবিকৃত, প্রকৃত, যথাভূত; অবিকল।
অবিগীত, অনিন্দিত, অগর্হিত।
অবিঘ্ন, নির্ব্বিঘ্ন, নির্ব্যাঘাত।
অবিচার, অন্যায়, অত্যাচার। [চার।
অবিচারিত, অবিবেচিত, অকৃত বি-
অবিজ্ঞ, অপ্রবীণ, অনিপুণ।
অবিজ্ঞতা, অনৈপুণ্য, অপ্রবীণতা।
অবিতথ, সত্য, যথার্থ।
অবিদিত, অজ্ঞাত, অনবগত।
অবিদ্ধ, অযুক্ত, বিদ্ধ নয়।
অবিদ্য, মূর্খ, অনভিজ্ঞ।
অবিদ্যমান, অবর্ত্তমান, অভাব।
অবিদ্যা, অজ্ঞান, মায়া।
অবিদ্বান্, মূর্খ, অপণ্ডিত।
অবিধা, অবিশেষ, বিশৃঙ্খলা।
অবিধান, অবিধি, অশাস্ত্র।
অবিধি, অশাস্ত্র, বিধান হীন।
অবিধেয়, অযোগ্য, অনুচিত।
অবিনয়, প্রগল্‌ভতা, ধৃষ্টতা।
অবিনীত, অশান্ত, প্রগল্‌ভ।
অবিপন্ন, অবিপদগ্রস্ত, সুস্থ।
অবিপ্লুত, অবিনষ্ট, অক্ষত।
অবিবাদী, নির্বিবাদ, বিবাদ রহিত।
অবিবাহিত, অকৃতোদ্বাহ, অপরিণীত, আইবড়।
অবিবাহিতা, অনূঢ়া, অপরিণীতা।
অবিবেক, বিবেচনা রহিত। [রহিত।
অবিবেকী, বিবেক শূন্য, বিবেচনা
অবিভক্ত, অবিভাগ কৃত; একত্র, অপৃথক্।
অবিভাগ, অনংশ, পার্থক্যাভাব।
অবিভাজ্য, অবণ্টনীয়, যাহা অংশ করা যায় না।
অবিমুক্ত, অত্যক্ত।
অবিরত, নিযুক্ত, আসক্ত, নিরন্তর।
অবিরল, অনির্জ্জন, নিরন্তর।
অবিলম্ব, শীঘ্র, আশু।
অবিশ্রান্ত, বিশ্রাম রহিত, অনবরত।
অবিশ্বস্ত, অপ্রত্যয়িত।
অবিষয়, অগোচর।
অবিস্পষ্ট, অস্পষ্ট, ক্লিষ্ট।
অবীরা, পতি পুত্র বিহীনা স্ত্রী।
অবেক্ষণ, দর্শন, অবলোকন।
অবেক্ষা, ধ্যান; মনোযোগ, দৃষ্টি।
অবেক্ষিত, দৃষ্ট, অবলোকিত।
অবৈধ, নিষিদ্ধ, যাহা বিধি প্রাপ্ত নয়।
অবোধ, জ্ঞান হীন, নির্বোধ, মূর্খ।
অব্জ, পদ্ম, চন্দ্র, শঙ্খ।
অব্জযোনি, ব্রহ্মা, প্রজাপতি।
অব্জিনী, পদ্মিনী, কমলিনী।
অব্দ, বৎসর, মেঘ।
অব্ধি, সমুদ্র, অর্ণব।
অব্‌ভ্র, মেঘ, ধাতুবিশেষ।
অব্যক্ত, অস্ফুট, অপ্রকাশিত।
অব্যক্তরাগ, ঈষল্লোহিত বর্ণ।
অব্যয়, ব্যয় রহিত, শব্দবিশেষ, বিষ্ণু।
অব্যর্থ, অমোঘ, সফল। [নালোচনা।
অব্যবসায়, ব্যবসা রহিত, অচর্চ্চা, অ-
অব্যবস্থ, অবিধি, শাস্ত্র বিরুদ্ধ ব্যবস্থা।
অব্যবস্থিত, নীতিশাস্ত্রাদির ব্যবস্থা-নভিজ্ঞ, অস্থির। [ক্লেচ্ছ, জাতিভ্রষ্ট।
অব্যবহার্য্য, ব্যবহারাযোগ্য, অপাং-
অব্যবহিত, ব্যবধান শূন্য, সংসক্ত, সন্নিকট।
অব্যাজ, অবলীলা, হঠাৎ, অচ্ছল।
অব্রাহ্মণ, ভণ্ড, ব্রাহ্মণসদৃশ উপবীত-ধারী।
অভ্রুবাং, অপোগণ্ড, শিশু।
অভয়, নির্ভয়, ভয় রহিত।
অভয়া, দুর্গা, ভগবতী।
অভব্য, অশিষ্ট, অসভ্য।
অভরণ, ভূষণ, অলঙ্কার।
অভক্ষ্য, অখাদ্য, অভক্ষণীয়।
অভাজন, অপাত্র, অযোগ্য। [নাশ।
অভাব, অসত্তা, অবিদ্যমান, ধ্বংস,
অভাবনীয়, অচিন্তনীয়, অতর্ক্য।
অভাষণ, অকথন, মৌন।

অভিক, কামুক, অভিলাষী।
অভিখ্যা, নাম; শোভা, উপাধি।
অভিগম, সংসর্গ, সহবাস।
অভিগমন, নিকট গমন, নিকটবর্ত্তী।
অভিঘাত, দণ্ডাদিদ্বারা হনন, আঘাত।
অভিচার, হিংসা কর্ম্ম, মারণ উচ্চাটনাদি। [অনিষ্টাচারী।
অভিচারী, হিংসাজনক কর্ম্মকর্ত্তা,
অভিজন, বংশ; পরিজন, পোষ্যবর্গ।
অভিজাত, সদ্বংশজাত, কুলীন।
অভিজ্ঞ, জ্ঞাত, বিজ্ঞ, পণ্ডিত।
অভিজ্ঞতা, বিজ্ঞতা, পাণ্ডিত্য, নৈপুণ্য।
অভিজ্ঞান, সম্যক্‌জ্ঞান। [বিশেষ।
অভিধা, নাম, সংজ্ঞা; শব্দের শক্তি
অভিধেয়, অভিধা শক্তি দ্বারা গম্য, বাচ্য, প্রতিপাদ্য।
অভিধ্যা, পরদ্রব্যে স্পৃহা, লোভ।
অভিনব, নূতন, নবীন, নব্য। [বেশ।
অভিনয়, হৃদ্গতভাবের প্রকাশন, ছদ্ম-
অভিনিবিষ্ট, মনোযোগী, প্রণিহিত, আবিষ্ট। [প্রণিধান।
অভিনিবেশ, মনোযোগ, মনোনিবেশ,
অভিনিষ্পতিত, ব্যাপ্ত, মিলিত।
অভিনিষ্পত্তি, সমাপ্তি, শেষ।
অভিনীত, ন্যায্য, যুক্ত।
অভিনেতা, অভিনয়কর্ত্তা, নাম, রূপ ধারী; সংস্কারক, মস্কর।
অভিনেয়, অভিনয় করিবার যোগ্য, নাট্য। [গ্রস্ত।
অভিপন্ন, বিপদ্‌গ্রস্ত; অপরাদ্ধ, দায়-
অভিপ্রায়, ইচ্ছা, আশয়, মানস, তাৎপর্য্য। [অভীষ্ট, বাঞ্ছিত
অভিপ্রেত, অভিপ্রায়ের বিষয়,
অভিবাদ, পাদস্পর্শ পূর্ব্বক প্রণাম।
অভিবাদক, পাদস্পর্শ পূর্ব্বক প্রণামকর্ত্তা।
অভিবাদন, পাদস্পর্শ পূর্ব্বক প্রণাম।
অভিবিনীত, পরম হংস, যোগী।
অভিব্যক্ত, প্রকাশিত, বিজ্ঞাপিত।
অভিব্যক্তি, বিজ্ঞাপন, প্রকাশ, ব্যক্তকরণ, ঘোষণা।
অভিব্যাপ্ত, বিস্তৃত, বিস্তার প্রাপ্ত।
অভিভব, পরাভব, পরাজয়, গর্ব্বনাশ।
অভিভাবক, তত্ত্বাবধারক; সহকারী, আশ্রয়। [য়তা।
অভিভাবকতা, তত্ত্বাবধারকতা, সহা-
অভিভূত, অজ্ঞান, অচৈতন্য, বিহ্বল; পরাভূত।
অভিমত, সম্মত, অনুমত, মনোনীত।
অভিমন্ত্রণ, আহ্বান; সংস্কার করণ।
অভিমন্থ, চক্ষুরোগ।
অভিমন্যু, অর্জ্জুনের পুত্র।
অভিমর্দ্দন, পীড়ন, দলন, পেষণ।
অভিমর্ষণ, মনন, চিন্তন, চৌটচাটন
অভিমান, গর্ব্ব; অহঙ্কার, আক্ষেপ, প্রেমপ্রার্থনা।
অভিমানী, অভিমান যুক্ত, আক্ষেপান্বিত, অনাদরে খিন্ন মনঃ।
অভিমুখ, সম্মুখ, সমক্ষ।
অভিযুক্ত, পরকর্ত্তৃক বিচারার্থ রুদ্ধ, আসামী, প্রতিবাদী।
অভিযোক্তা, অভিযোগ কর্ত্তা, বাদী, অর্থী; ফরিয়াদী।
অভিযোগ, অপরাধাদি যোজন, আবেদন, আদ্দাস, নালিশ।
অভিরত, আসক্ত, আবিষ্ট।
অভিরাম, মনোহর, রম্য, সুন্দর।
অভিরুচি, স্পৃহা, তুষ্টি, মনোরথ, বাঞ্ছা।
অভিরূপ, যোগ্য, উপযুক্ত; সদৃশ।
অভিলষিত, ইষ্ট, বাঞ্ছিত।
অভিলাপ, কথন, সংকল্প বাক্য।
অভিলাষ, স্পৃহা; আকাঙ্ক্ষা; লোভ, কামনা।
অভিলাষী, অভিলাষ যুক্ত, সস্পৃহ, ইচ্ছুক।
অভিলাষুক, লুব্ধ, লোভী; সস্পৃহ।
অভিলেখন, লিপি করণ।
অভিশংসন, কথন; অপবাদ দেওন।

অভিশপন, মিথ্যাভিশংসন, অভিশাপ।

অভিশপ্ত, প্রাপ্তাভিশাপ, শাপগ্রস্ত।

অভিশস্ত, অপবাদিত, মিথ্যা দোষীকৃত; কলঙ্কিত।

অভিশস্তি, অপবাদ, নিন্দা, গ্লানি।

অভিশাপ, দূষণবাক্য; মন্যু, ক্ষোভবাক্য, অনিষ্ট প্রার্থনা।

অভিষঙ্গ, আলিঙ্গন, সর্ব্বপ্রকারে সঙ্গ; আক্রোশ।

অভিষব, যজ্ঞের পূর্ব্বে স্নান।

অভিষিক্ত, কৃতাভিষেক, কর্ম্মে নিযুক্ত, পদস্থ।

অভিষেক, মন্ত্র পূর্ব্বক স্নান, কর্ম্মে নিয়োগ, পদস্থ করণ।

অভিষেচন, মন্ত্রস্নান, নিয়োগ।

অভিষেণন, শত্রুর প্রতি প্রস্থান, যুদ্ধ যাত্রা, সংগ্রামে গমন।

অভিষ্টুত, প্রশংসিত, বর্ণিত।

অভিষ্যন্দিরমণ, শাখানগর, উপনগর।

অভিসন্তাপ, মনস্তাপ, দুঃখ।

অভিসন্ধান, বঞ্চনা, প্রতারণা।

অভিসন্ধি, মনস্থ; উদ্দেশ, তাৎপর্য্য।

অভিসম্পাত, অভিশাপ, মন্যু, শাপ।

অভিসর, অনুচর, সহায়, মিত্র।

অভিসর্জ্জন, দান, ত্যাগ।

অভিসার, নায়ক বা নায়িকার সঙ্কেত স্থানে গমন।

অভিসারিকা, নায়িকা বিশেষ, সঙ্কেত-স্থানে স্বয়ং গমন কারিণী।

অভিহত, আঘাতিত, বিনষ্ট।

অভিহার, সগর্ব্বে হরণ, লুঠ।

অভিহিত, উক্ত, কথিত; ব্যক্ত।

অভীক, কামুক, লম্পট, স্ত্রীপর।

অভীপ্সিত, বাঞ্ছিত, অভীষ্ট।

অভীর, আভীর, গোপ, গোয়ালা।

অভীরু, নির্ভয়, সাহসী।

অভীষঙ্গ, আক্রোশ, ক্রোধ, ঈর্ষা।

অভীষিত, অভীষ্ট, বাঞ্ছিত।

অভীষু, কিরণ, অনুরাগ; কাম।

অভীষ্ট, বাঞ্ছিত, মনে ভিলষিত।

অভীক্ষ্ণ, বারম্বার, পুনঃ২।

অভুক্ত, অনাহারী, উপবাসী।

অভূমি, স্থানাভাব, অনাধার; অনাশ্রয়।

অভেদ, ভেদরহিত, অবিশেষ, ঐক্য।

অভেদ্য, অভেদনীয়, দৃঢ়।

অভোজন, ভোজনাভাব, অনাহার উপবাস।

অভ্যগ্র, সমীপ, নিকট, সম্মুখ।

অভ্যঙ্গ, আপাদ মস্তক তৈল লেপন, তৈলমর্দ্দন।

অভ্যক্ত, তিলকল্ক, তিলের খোল।

অভ্যঞ্জন, তৈল লেপন।

অভ্যধিক, সমধিক, প্রচুর, সর্ব্বশ্রেষ্ট

অভ্যনুজ্ঞা, অনুমতি, আদেশ।

অভ্যন্তর, মধ্য, অন্তরাল, মাঝ।

অভ্যবকর্ষণ, শল্যাদি উৎপাটন।

অভ্যবস্কন্দ, শত্রুর প্রতি প্রহার, শত্রু সম্মুখগমন।

অভ্যবহরণ, ভোজন, ভক্ষণ, আহার।

অভ্যবহার, ভোজন, ভক্ষণ, আহার।

অভ্যবহার্য, ভোজ্য, ভক্ষ্য।

অভ্যবহৃত, ভুক্ত, ভক্ষিত।

অভ্যমিত, রোগী, পীড়িত, আতুর।

অভ্যমিত্র, স্বীয় সামর্থ্য দ্বারা শত্রুর সম্মুখ গমনকর্ত্তা।

অভ্যর্ণ, নিকট, সমীপ, কাছে।

অভ্যর্থন, প্রার্থনা, সমাদর; সম্ভাষ।

অভ্যসন, অভ্যাস, চিন্তন, পুনঃ২ করণ।

অভ্যসূয়া, অসূয়া; নিন্দা, গুণে দোষারোপ।

অভ্যস্ত, শিক্ষিত, অভ্যাসীকৃত, কণ্ঠস্থ।

অভ্যাকাঙ্ক্ষিত, মিথ্যা প্রার্থিত।

অভ্যাখ্যান, মিথ্যানুযোগ, মিথ্যা বিবাদ।

অভ্যাগত, অজ্ঞাতপূর্ব্ব গৃহাগত; অতিথি, অনিমন্ত্রিত।

অভ্যাগমন, নিকটে গমন।

অভ্যাগারিক, পরিজন ব্যাপৃত।

অভ্যাদান, আরম্ভ, প্রথমানুষ্ঠান।
অভ্যাপাত, আপদ, বিপদ।
অভ্যামর্দ্দ, সংগ্রাম, যুদ্ধ।
অভ্যাস, শিক্ষা; আবৃত্তিজন্য সংস্কার
অভ্যাসাদন, শত্রুসম্মুখে গমন।
অভ্যাহার, আহার; হরণ। [বৃদ্ধি।
অভ্যুত্থান, প্রত্যুত্থান, সম্বর্দ্ধনা; সম্ভ্রম;
অভ্যুদয়, কল্যাণ, কুশল, মঙ্গল; বৃদ্ধি।
অভ্যুদাহরণ, প্রত্যুদাহরণ, উল্‌টা দৃষ্টান্ত।
অভ্যুদিত, উদিত, প্রকাশিত।
অভ্যুপগত, স্বীকৃত, অঙ্গীকৃত।
অভ্যুপগম, নিকটাগমন; স্বীকার, অঙ্গীকার।
অভ্যুপায়, শ্রেষ্ঠোপায়।
অভ্যুপায়ন, উপঢৌকন, উপায়ন।
অভ্যুপেত, স্বীকৃত, অঙ্গীকৃত।
অভ্র, আকাশ; মেঘ; অভ্রকধাতু।
অভ্রংলিহ, বায়ু, অনিল, বাতাস।
অভ্রক, স্বনামখ্যাত ধাতু; মেঘ, আকাশ
অভ্রঙ্কষ, বায়ু, অনিল।
অভ্রপুষ্প, জল, বেতসলতা।
অভ্রম, অসম্ভ্রম, অভ্রান্ত।
অভ্রমাতঙ্গ, ঐরাবত হস্তী।
অভ্রমালা, মেঘশ্রেণী।
অভ্রমু, ঐরাবত হস্তির স্ত্রী।
অভ্ররোহ, বৈদূর্য্যমণি।
অভ্রান্ত, ভ্রান্তি শূন্য।
অভ্রি, কাষ্ঠকুদ্দাল, কোঁটা।
অভ্রেষ, উচিত, ন্যায়, যথার্থ।
অভ্রোথ, বজ্র, অশনি।
অমঙ্গল, অকল্যাণ, দুর্লক্ষণ।
অমত, অসম্মত, অনভিপ্রেত।
অমতি, কুমতি, দুষ্ট বুদ্ধি।
অমৎসর, দ্বেষাভাব, মাৎসর্য্য রহিত।
অমনি, ঐপ্রকার; বিনা মূল্য।
অমনুষ্যত্ব, অলোকতা, লোক ব্যবহারানভিজ্ঞতা।
অমন্, ঐপ্রকার।
অমন্দ, মন্দভিন্ন, ভাল।
অমম, মমতা শূন্য, নির্ম্মায়।
অমর, দেবতা; মৃত্যুহীন, চিরস্থায়ী।
অমরজ, দেবজাত।
অমরদারু, দেবদারু।
অমরদ্বিজ, দেবল ব্রাহ্মণ, পুজারী।
অমরা, দূর্ব্বা।
অমরাদ্রি, সুমেরু পর্ব্বত।
অমরাবতী, ইন্দ্রপুরী, সুরগৃহ।
অমর্ষ, ক্রোধ, কোপ, বিমর্ষ।
অমর্ষণ, ক্রোধী, রাগী।
অমল, নির্ম্মল; বিমল।
অমা, অমাবস্যা, চন্দ্রের কলা বিশেষ।
অমাংস, দুর্ব্বল, অল্পমাংসযুক্ত।
অমাত্য, রাজমন্ত্রী; সহচর; বন্ধু।
অমানন, অনাদর, ন্যক্কার।
অমান্য, অনাদরণীয়; অস্বীকার।
অমাবসা, কৃষ্ণপক্ষের শেষ তিথি।
অমাবাস্যা, কৃষ্ণপক্ষের শেষ তিথি।
অমামসী, অমাবস্যা।
অমায়, বাস্তব, যথার্থ; অকপট।
অমায়িক, মায়ারহিত, নির্ম্মায়, সরলান্তঃকরণ।
অমিত্র, শত্রু, বৈরী, অরি।
অমিয়া, অমৃত, সুধা।
অমী, রোগী, পীড়িত।
অমুক, বুদ্ধিস্থ ব্যক্তি; সম্মুখাগত, ছলনা। [ছুরি।
অমুক্ত, অপ্রাপ্তমুক্তি; অত্যক্ত; হাত-
অমুত্র, পরকালে, পরলোকে।
অমুনি, তৎক্ষণাৎ, তখনই।
অমুষ্যপুত্র, প্রখ্যাত বংশোদ্ভব, কুলীন।
অমূদৃশ, এই প্রকার, এবম্প্রকার।
অমূর্ত্ত, নিরাকার, মূর্ত্তিহীন।
অমূর্ত্তি, আকৃতি হীন, নিরাকার।
অমূলক, মূলরহিত, নির্ম্মূল, অপ্রামাণিক।
অমৃণাল, বেনারমূল; মৃণাল রহিত।
অমৃত, সমুদ্রোদ্ভব দ্রব্যবিশেষ, পীযূষ,

সুধা; জল; ঘৃত; মুক্তি; বিষ; দেবতা; সুস্বাদ।
অমৃততরঙ্গিণী, জ্যোৎস্না, চন্দ্রিকা।
অমৃতদীধিতি, চন্দ্র, শশাঙ্ক।
অমৃত ফল, পটোল।
অমৃতফলা, দ্রাক্ষা।
অমৃত বল্লী, গুড়ুচী লতা।
অমৃতসারজ, গুড়, খাঁড়।
অমৃতসূ, চন্দ্র, সুধাকর। [তুল্য।
অমৃতসোদর, ঘোটক, অশ্ব, অমৃত
অমৃতা, দূর্ব্বা; তুলসী।
অমৃতান্ধস, দেবত, অমর।
অমৃতাশন, দেবতা, সুর।
অমৃতাহার, অমৃত ভোজন।
অমৃত্তি, জলপাত্র বিশেষ।
অমেধা, মূর্খ, মূঢ়, অবোধ
অমেধ্য, অপবিত্র, অশুদ্ধ, দুষ্ট।
অমোঘ, অব্যর্থ, সফল।
অমোঘবীর্য্য, অব্যর্থবীর্য্য, অখণ্ড্য-তেজ।
অম্বক, চক্ষু, নয়ন, নেত্র।
অম্বর, আকাশ; বস্ত্র; মেঘ।
অম্বরিষ, ভার্জ্জনপাত্র, ভাজনাখোলা।
অম্বরীষ, রাজাবিশেষ; বিষ্ণুর নাম।
অম্বল, অম্ল, টক, খাটা।
অম্বষ্ঠ, বৈদ্যজাতি; মুনিবিশেষ।
অম্বা, মাতা, জননী।
অম্বালিকা, মাতা, জননী।
অম্বিকা, দুর্গা, ভগবতী; মাতা, ধৃত-রাষ্ট্র জননী; জৈনদেবী বিশেষ।
অম্বিকেয়, অম্বিকা পুত্র, গণেশ কার্ত্তি-কেয়, ধৃতরাষ্ট্র।
অম্বিকেয়ক, গণেশ, লম্বোদর, গজানন।
অম্বু, জল, সলিল, পানীয়।
অম্বুকণ্টক, কুম্ভীর, নক্র, জলস্থহিংস্রজন্তু।
অম্বুকিরাত, নক্র, কুম্ভীর।
অম্বুকীশ, শিশুমার, জন্তু, খস্তক।
অম্বুকূর্ম্ম, শিশুমার, খস্তক।
অম্বুচামর, শৈবাল, শেয়ালা।
অম্বুজ, পদ্ম; চন্দ্র; বজ্র; হিজ্জলবৃক্ষ।
অম্বুজন্ম, পদ্ম, কমল, পঙ্কজ।
অম্বুতাল, শৈবাল, শেয়ালা।
অম্বুদ, মেঘ, বারিদ, মুস্তা।
অম্বুধি, জলধি, সমুদ্র, সাগর।
অম্বুনিধি, সমুদ্র, সাগর, জলধি।
অম্বুপ্রসাদ, কতক বৃক্ষ, নির্ম্মলী।
অম্বুবাহ, মেঘ, বারিদ; মুস্তা।
অম্বুবাহিনী, জলসেচনী, সিউনী।
অম্বুবিম্ব, জলবিম্ব, জলবুদ্বুদ।
অম্বুবেতস, জলবেতস, বৃক্ষবিশেষ।
অম্বুভৃৎ, মেঘ, অভ্র; মুস্তা, সমুদ্র।
অম্বুমাত্রজ, শম্বুক, শামুক।
অম্বুরুহ, পদ্ম, কমলিনী।
অম্বুসর্পিণী, জলৌকা, জোঁক
অম্বুসিক্ত, জলসিক্ত, আর্দ্রীকৃত।
অম্বুসেচনী, জলসেচন পাত্র, সিউনী।
অম্বূকৃত, শ্লেষ্মকণ নির্গম সহিত বাক্য, পরিহাস বচন; নিন্দাজনক কথা।
অম্ল, অম্ল, টক অম্বল।
অম্ভঃসার, মুক্তা, শুক্তি, ঝিনুক।
অম্ভঃসূ, ধূম, ধুঁয়া।
অম্ভস্, জল, পানীয়।
অম্ভোজ, পদ্ম, কমল, অম্বুজ, চন্দ্র, সারসপক্ষী।
অম্ভোজিনী, পদ্মিনী, কমলিনী
অম্ভোদ, জলদ, মেঘ, অভ্র।
অম্ভোধর, জলধর, মেঘ, সমুদ্র
অম্ভোধি, সমুদ্র, জলনিধি
অম্ভোধিবল্লভ, প্রবাল, পলা।
অম্ভোনিধি, সমুদ্র, সাগর, জলধি।
অম্ভোরাশি, জলরাশি, সমুদ্র, সাগর।
অম্ভোরুহ, পদ্ম, জলজ, কমল।
অম্ময়, জলময়; জলবিকার; ফেণা।
অম্র, চূত, রসাল, ফলবিশেষ, আম।
অম্ল, অম্বল, টক, খাটা।
অম্লকেশর, দাড়িম্ব, বীজপুর, দালিম।
অম্লচূড়, অম্লশাক, কচুপালং।

অম্লফল, বৃক্ষাম্ল, তেঁতুল, আম্রবৃক্ষ
অম্লসার, কাঞ্জিক, কাঞ্জী।
অম্লান, ম্লানিরহিত, স্ফূর্ত্ত, তাজা।
অম্লিনী, পদ্মসমূহ, পদ্মিনী।
অম্লিকা, তিন্তিড়ী, তেঁতুল
অয়ঃপিণ্ড, লোহার ডেলা, লৌহ।
অয়, শুভাবহ বিধি, মঙ্গলানুষ্ঠান, ভাগ্য কপাল
অযত্ন, অশ্রদ্ধা, ঔদাস্য।
অযথা, অতুল্য, অনুপযুক্ত।
অযথার্থ, অসত্য, কৃত্রিম, মিথ্যা।
অয়ন, বৎসরার্দ্ধ, সূর্য্যের উত্তর ও দক্ষিণ দিকে গমন।
অযন্ত্রিত, অনিরুদ্ধ, অবদ্ধ, অনর্গল
অয়মপি, ইনিও, এ ব্যক্তিও
অযশ, অখ্যাতি, দুর্নাম।
অযশস্কর, দুর্নামজনক, অখ্যাতিকর
অযশস্য, অখ্যাতিযুক্ত, অলব্ধপ্রতিষ্ঠ
অয়স, লৌহ লোহা ধাতুবিশেষ
অয়স্কান্ত, মণিবিশেষ, চুম্বক পাথর
অয়স্কার, লৌহকার, জঙ্ঘার অগ্রভাগ
অযাচক, যাচ্ঞারহিত, অভিক্ষু
অযাচিত, যাচ্ঞারহিত, অপ্রার্থিত।
অয়ি, প্রশ্নার্থ, সম্বোধনার্থ
অযুক্ত, অমিশ্রিত, অনুচিত, অসঙ্গত।
অযুগ্ম, বিষম, বিজোড়
অযুক্তচ্ছদ, সপ্তপর্ণবৃক্ষ, ছাতিম গাছ
অযুত, অযুক্ত, অমিলিত, দশ সহস্র সংখ্যা, দশ হাজার
অয়ে, সম্বোধনার্থ, বিষাদার্থ, স্মরণার্থ
অযোগ, বিশ্লেষ, বিচ্ছেদ।
অয়োগব, বৈশ্য কন্যাতে শূদ্রের ঔরসজাত সন্তান, জাতি বিশেষ।
অয়োগুড়, লৌহগুলিকা, লোহার গুলি [কামার অস্ত্র।
অয়োগোলক, লৌহনির্ম্মিত গোলা-
অয়োগ্র, মুষল, ধান্যাদি অস্ত্র।
অয়োঘন, একত্রীভূত লৌহপুঞ্জ, হাতুড়ী, নিহালী।
অযোধ্যা, কোশলা শ্রীরামচন্দ্রের পুরী।
অযোনি, যোনি ভিন্ন, অনুৎপন্ন।
অযোনিজ, যোনিজাত ভিন্ন, বৃক্ষাদি।
অয়োমল, লৌহমল, লোহার মড়িচা।
অর, শীঘ্র, আশু, দ্রুত।
অরট, শৈবাল, শেয়ালা।
অরঘট্ট, গভাকূপ, গভীর হ্রদ।
অরজা, কন্যা, কুমারী; রজোরহিত।
অরণ, নহিষ, নবার
অরণি, চকমকি, অগ্নি ধারণ কাষ্ঠ।
অরণ্য, বন, কানন, বিপিন।
অরণ্যকদলী, গিরিকদলী, পাহাড়িয়া কলা।
অরণ্যজাম্বল, বনার্দ্রক, বন আদা।
অরণ্যধান্য, নীবার, উড়িধান
অরণ্যবায়স, দ্রোণকাক, দাঁড়কাক।
অরণ্যমক্ষিকা, দংশ, ডাঁশ
অরণ্যমুদ্গা, বন মুগ
অরণ্যশ্বান, বৃক, নেকড়িয়া বাঘ
অরণ্যানী, মহারণ্য, বিস্তার বন।
অরতত্রপ, কুক্কুর, রতিলজ্জাহীন।
অরতি, বিরাগ, রতিরহিত, অনাসক্ত
অরত্নি, অসম্পূর্ণ হস্ত পরিমাণ।
অরবিন্দ, পদ্ম, কমল।
অরম, অধম, মন্দ
অরম্য, নিকৃষ্ট, অসার
অরর, কপাট, আচ্ছাদন।
অরস, শুষ্ক, নীরস, অগ্নি
অরসিক, অরসজ্ঞ, অবিদগ্ধ
অরক্ষক, রক্ষক রহিত, অভিভাবকবিহীন, অনাথ।
অরক্ষণীয়, রক্ষণানুপযুক্ত
অরক্ষিত, রক্ষা না করা, অকৃত রক্ষণ,
অরক্ষিত, অরক্ষণ, অপালন।
অরাজক, রাজশূন্য দেশ।
অরাজকপুরী, রাজরহিত নগরী।
অরাতি, শত্রু, বিপক্ষ, অরি।
অরাল, বক্রীকৃত, কুটিল, টেড়া।

অরালা, অধৃষ্ট, প্রগল্‌ভা, কুলটা।
অরি, শত্রু, অমিত্র, রিপু।
অরিত্র, নৌকার হাইল, কর্ণ।
অরিন্দম, শত্রুজয়ী ; বিপক্ষ মর্দ্দক।
অরিমিত্র, শত্রু বন্ধু, শত্রু সহায়।
অরিষ্ট, সূতিকা গৃহ ; অশুভ ; মরণ চিহ্ন ; উৎপাত, উপদ্রব।
অরিষ্টদুষ্টধী, মরণার্থদুর্দ্ধিযুক্ত।
অরিষ্টসূদন, বিষ্ণু ; অশুভ নাশক।
অরুংষিকা, মস্তকের বিস্ফোটক।
অরুক, অরোগী, সুস্থ
অরুচি, রোগবিশেষ, আহারে অনভিলাষ ; অনিচ্ছা, বিতৃষ্ণা।
অরুণ, কুঙ্কুম, সিন্দুর, সূর্য্য ; সূর্য্যসারথি ; ঈষদ্রক্ত বর্ণ।
অরুণকমল, রক্তোৎপল।
অরুণলোচন রক্তনেত্র, পারাবত, পায়রা।
অরুণসারথি, সূর্য্য, ভানু, দিবাকর।
অরুণাত্মজ, জটায়ু পক্ষী।
অরুণাবরজ, বৈনতেয়, গরুড়।
অরুণোদয়, সূর্য্যোদয়ের প্রাক্‌কাল।
অরুণোপল, রক্তবর্ণ মণি বিশেষ, পদ্মরাগ মণি চুনী।
অরুন্তুদ, মর্ম্মস্পৃক, মর্ম্মপীড়ক।
অরুন্ধতী, বশিষ্ঠ মুনির পত্নী, অতি সূক্ষ্ম নক্ষত্র বিশেষ।
অরুষ্কর, ব্রণকর, ক্ষতকারক।
অরূপ, কুরূপ, কুৎসিত রূপ, কুশ্রী।
অরে, নীচ সম্বোধন; সক্রোধাহ্বান।
অরেরে, অধম সম্বোধন ; সক্রোধ বাক্য।
অরোক, নিষ্প্রভ, দীপ্তিরহিত; অচ্ছিদ্র।
অরোচক, রোগবিশেষ, অরুচি রোগ।
অর্ক, সূর্য্য, দিবাকর ; আকন্দ।
অর্ককান্ত, হুড়হুড়িয়া গাছ।
অর্কজ, অশ্বিনী কুমার ; কর্ণরাজ ; বৈবস্বত মনু ; শনি ; যম। [যম।
অর্কতনয়, কর্ণরাজ ; সাবর্ণিমনু, শনি ;
অর্কপত্র, আকন্দ পাতা।
অর্কপ্রিয়া, জবাপুষ্প।
অর্কবন্ধু, গৌতম মুনি।
অর্কব্রত, আরোগ্য সপ্তমীব্রত।
অর্কসূনু, শনি ; যম।
অর্গল, কপাটবন্ধন কাষ্ঠ, হুড়কা, খিল।
অর্গলা, খিল, হুড়কা, গোজ।
অর্গলিকা, খিল, গোজ, হুড়কা
অর্ঘ, পূজার দ্রব্য ; মূল্য।
অর্ঘ্য, পূজার দ্রব্য, উপহার।
অর্চ্চক, পূজক, যাজক, অর্চ্চনাকারী।
অর্চ্চন, পূজন, উপাসনা, ভজনা।
অর্চ্চনা, পূজা, অর্চ্চা।
অর্চ্চা, পূজা ; প্রতিমা।
অর্চ্চিত, পূজিত, আরাধিত।
অর্চ্চিস, অগ্নিশিখা ; দীপ্তি, রশ্মি।
অর্চ্চিষ্মান্‌, অগ্নি ; সূর্য্য; দীপ্তিমান।
অর্চ্চ্য, পূজনীয়, পূজ্য।
অর্জ্জক, উপার্জ্জন কর্ত্তা, অর্জ্জয়িতা।
অর্জ্জন, উপার্জ্জন, যাতিদ্বারা জনক-ব্যাপার, সঞ্চয় করণ, লাভ করণ।
অর্জ্জুন, তৃতীয় পাণ্ডব, বৃক্ষবিশেষ, শুভ্রবর্ণ
অর্ণ, বর্ণ, অক্ষর
অর্ণব, সমুদ্র, সাগর, অব্ধি।
অর্ণবজ, সমুদ্রফেন, ফেনা।
অর্ণবমন্দির, বরুণ, বরুণালয়
অর্ণস্‌, সলিল, জল।
অর্ণ, বন্যপশু, বনচর, জঙ্গলী
অর্ণোদ, মেঘ, মুস্তা।
অর্ণোভব, শঙ্খ, অব্জ।
অর্ত্তি, দুঃখ, পীড়া, যন্ত্রণা, কষ্ট।
অর্ত্তিক, পীড়িত, দুঃখিত
অর্থ, প্রয়োজন, ধন, অভিপ্রায়, শব্দের প্রতিপাদ্য।
অর্থতঃ, ফলতঃ, অর্থাৎ, বস্তুতঃ।
অর্থনা, প্রার্থনা, যাচ্ঞা ; বাঞ্ছা।
অর্থপতি, কুবের ; রাজা, ভূপতি।
অর্থপ্রয়োগ, বৃদ্ধি নিমিত্ত ধন দেওন।

অর্থ প্রাপ্তি, ধন লাভ, লভ্য।
অর্থবত্ত্ব, প্রয়োজনবত্তা।
অর্থবাদ, কাল্পনিক ফলশ্রুতি, স্তুতি, প্রশংসা।
অর্থবান্, অর্থবিশিষ্ট, প্রয়োজনীয়।
অর্থবিজ্ঞান, শব্দার্থজ্ঞান।
অর্থব্যয়জ্ঞ, ধন ব্যয়ের রীতিজ্ঞ।
অর্থশাস্ত্র, নীতি শাস্ত্র, দণ্ডনীতি।
অর্থাগম, ধনাগম, আয়।
অর্থাৎ, ফলতঃ, বস্তুতঃ, অর্থতঃ।
অর্থান্তর, অন্যার্থ, প্রকারান্তর।
অর্থিত, বাঞ্ছিত, যাচিত।
অর্থী, ভিক্ষুক, যাচক, বাদী।
অর্থ্য, ন্যায্য, বাঞ্ছিতব্য, উদ্দেশ্য।
অর্দ্দন, পীড়ন, হনন।
অর্দ্দন, যাচ্ঞা, যন্ত্রণা, দুঃখভোগ।
অর্দ্দিত, পীড়িত, যন্ত্রণাযুক্ত, হিংসিত।
অর্দ্ধ, সমদ্বিভাগ, অর্দ্ধেক, আধা।
অর্দ্ধগঙ্গা, কাবেরী নদী।
অর্দ্ধগুচ্ছক, চতুর্বিংশতি গুচ্ছক হার, চব্বিশ নলি দান।
অর্দ্ধচন্দ্র, চন্দ্রখণ্ড, গলহস্ত, ময়ূরপুচ্ছের চাঁদ।
অর্দ্ধনারীশ, শিব, মহাদেব।
অর্দ্ধবীক্ষণ, অপাঙ্গ দর্শন, কটাক্ষ।
অর্দ্ধমাণব, দ্বাদশগুচ্ছক হার, বার নরি হার।
অর্দ্ধরথ, একরথির ন্যূন যোদ্ধা।
অর্দ্ধরাত্র, মহানিশা, রাত্র্যর্দ্ধভাগ।
অর্দ্ধশরীর, দেহার্দ্ধ, পত্নী, কলত্র।
অর্দ্ধসীরী, অর্দ্ধফল ভাগী কৃষক।
অর্দ্ধহার, চতুঃষষ্টি গুচ্ছক হার, চৌষট্টিনর হার।
অর্দ্ধাংশ, অর্দ্ধভাগ।
অর্দ্ধাঙ্গ, শরীরার্দ্ধ, পত্নী, কলত্র।
অর্দ্ধাবভেদক, শিরঃপীড়, মাথাব্যথা।
অর্দ্ধার্দ্ধ, অর্দ্ধের ভাগ, আধাআধি।
অর্দ্ধার্দ্ধি, আধাআধি, সমান অংশ।
অর্দ্ধাশন, অর্দ্ধভোজন।
অর্দ্ধেক, অর্দ্ধাংশ, আধা।
অর্দ্ধেন্দু, অর্দ্ধচন্দ্র, শশিখণ্ড।
অর্পণ, স্থাপন, প্রদান।
অর্পিত, স্থাপিত, রক্ষিত, প্রদত্ত।
অর্পিস, হৃদয়, বক্ষঃস্থল।
অর্ব্বদ, দশ কোটি।
অর্ব্বন, অশ্ব, ঘোটক।
অর্ব্বাক্, প্রাক্, পূর্ব্ব, আদি, অগ্র।
অর্ব্বাচীন, নূতন, অজ্ঞান।
অর্ব্বুদ, দশ কোটি সংখ্যা।
অর্ভ, বালক, শিশু, অপোগণ্ড।
অর্ভক, বালক, শিশু, শাবক।
অর্য্য, বৈশ্য জাতি, শ্রেষ্ঠ, অধ্যক্ষ, স্বামী।
অর্য্যমা, আদিত্য, সূর্য্য।
অর্য্যা, বৈশ্য জাতীয় স্ত্রী।
অর্য্যী, বৈশ্য পত্নী।
অর্শ, রোগ বিশেষ।
অর্শন, বর্ত্তন, অধিকার হওন
অর্শস, অর্শোরোগ যুক্ত।
অর্হ, যোগ্য, উপযুক্ত।
অর্হণ, পূজা, অর্চ্চনা।
অর্হণীয়, যোগ্য, উপযুক্ত, পূজনীয়
অর্হিত, পূজিত, অর্চ্চিত।
অলং, বৃথা, নিরর্থক, নিষ্প্রয়োজন।
অলক, কুটিল কুন্তল, চূর্ণ কুন্তল, কোঁকড়া চুল।
অলকা কুবের পুরী।
অলকাধিপ, কুবের, ধনেশ্বর।
অলক্ত, লাক্ষারস, বৃক্ষ নির্য্যাস বিশেষ-আলতা।
অলগর্দ্দ, জলব্যাল, কেউটিয়া সাপ।
অলঙ্করিষ্ণু, ভূষণাকাঙ্ক্ষী।
অলঙ্কর্ম্মীণ, কার্য্য কুশল, কর্ম্মদক্ষ।
অলঙ্কার, ভূষণ, আভরণ। [যুক্ত।
অলঙ্কৃত, ভূষিত, প্রসাধিত, অলঙ্কার
অলঙ্ক্রিয়া, ভূষণ, অলঙ্কার করণ।
অলঞ্জর, ঘট, কলস, কুম্ভ।
অলক্ষুম, ধূম সমূহ, ধূম রাশি।

অলসড়ুড়,জড়,নির্ব্বুদ্ধি,অব্যবস্থিত।
অলবাল, বাঁধাল, জাঙ্গাল, বৃক্ষের-মূলে জল দিবার নিমিত্ত বাঁধ।
অলবেলা, ধূমপান যন্ত্র বিশেষ, আল্-বোলা।
অলম্বুষা, স্বর্গ বেশ্যা, অপ্সরা।
অলর্ক, ক্ষিপ্ত কুক্কুর, পাগলা কুত্তা।
অলস, আলস্যযুক্ত, কর্ম্মে অনুৎসাহ, আলিসা।
অলক্ষণ, দুর্লক্ষণ, মন্দচিহ্ন।
অলক্ষ্মী, লক্ষ্মীর বিরোধিনী দেবতা।
অলাত, দগ্ধকাষ্ঠ, অঙ্গার, কয়লা।
অলাবু, তুম্বী, লাউ।
অলি, ভ্রমর; বৃশ্চিক; কাক; কোকিল।
অলিকুল, ভ্রমর সমূহ।
অলিজিহ্বা, জিহ্বোপরি ক্ষুদ্রজিহ্বা, উপজিহ্বা, আলজিব।
অলিন, বৃশ্চিক, ভ্রমর।
অলিন্দ, চাতাল; ছাঁচ; কানাচ।
অলিপক, ভ্রমর, কোকিল, কুক্কুর।
অলিম্বক, পদ্মকেশর; ভেক, ভ্রমর, কোকিল।
অলী, ভ্রমর, বৃশ্চিক।
অলীক, মিথ্যা, ব্যর্থ, নিষ্ফল।
অলীকতা, মিথ্যাত্ব, অযাথার্থ্য।
অলুক, অলোপনীয়। [কাওঙ্ক।
অলোভ, নির্লোভ, লোভশূন্য, নির-
অলোভী, নিস্পৃহ, নির্লোভ।
অলোহিত, লোহিত ভিন্ন; অরক্ত।
অলৌকিক, অমানুষিক, লোকাতীত।
অল্গ, এলুয়া, খোলা, শিথিল।
অল্প, কিঞ্চিৎ, কিছু, কণ; ঈষৎ; অনধিক।
অল্পগন্ধ, রক্তকৈরব, রক্তোৎপল।
অল্পতনু, খর্ব্ব, বামন, কৃশ, ক্ষীণ।
অল্পপত্র, ক্ষুদ্রতুলসী, ক্ষুদ্রপত্র।
অল্পপদ্ম, রক্তপদ্ম।
অল্পপ্রমাণক, কিঞ্চিৎ প্রমাণ; তরমু-জবিশেষ; খরমুজ।
অল্পসর, ক্ষুদ্রপুষ্করিণী, পল্বল, ডোবা।
অল্পাল্প, অত্যল্প, যৎকিঞ্চিৎ, কণা-মাত্র, কিছু।
অল্পাকৃতি, খর্ব্ব, বামন। [জীবী।
অল্পায়ুঃ, অচির জীবিত, অদীর্ঘ-
অল্পিষ্ঠ, অতিক্ষুদ্র; অত্যন্ত অল্প।
অল্পীকৃত, অল্পীভূত, ন্যূনীকৃত।
অল্পীন, অল্পে২ বা ক্রমে২ জাত।
অশকুম্ভী, পানীয় পৃষ্ঠজ, জলের পানা।
অশক্ত, শক্তিরহিত, অসমর্থ।
অশক্ততা, অক্ষমতা, অপারগতা।
অশক্তি, শক্তিহীন, দুর্বল, ক্ষীণ।
অশক্য, অসাধ্য, শক্তির অগম্য।
অশন, ভোজন, ভক্ষণ, অভ্যবহার; অন্ন, শালগাছ।
অশনায়া, ক্ষুধা, বুভুক্ষা, ভোজনেচ্ছা।
অশনায়িত, ক্ষুধিত, বুভুক্ষিত।
অশনি, বিদ্যুৎ, বজ্র, বাজ।
অশর্ম্ম, কষ্ট, ক্লেশ, দুঃখ।
অশাখ, তৃণবিশেষ।
অশাণিত, অতীক্ষ্ণ, ভোঁতা।
অশান্ত, অশিষ্ট, দুরন্ত।
অশান্তি, উৎপাত, দৌরাত্ম্য, অসুখ।
অশাম্য, অশমনীয়, অশাম্য, প্রগল্ভ।
অশাসক, শাসনকর্ত্তাহীন, অরাজক।
অশাসন, শাসনাভাব, অদমন।
অশাসিত, অকৃতদমন, শাসন না করা।
অশাস্ত্র, শাস্ত্রবিরুদ্ধ, অবৈধ।
অশাস্ত্রীয়, বেদবিরুদ্ধ, অবৈধ।
অশিত, ভুক্ত, খাদিত, তৃপ্ত।
অশিতম্ভব, অন্ন, ওদন, ভক্ত, ভাত।
অশিত্র, চোর, তস্কর, মলিম্লুচ।
অশিব, অমঙ্গল, অশুভ। [সূর্য্য।
অশির, হীরক, হীরা; অগ্নি; রাক্ষস;
অশিরস্ক, মস্তকহীন, কবন্ধ। [স্ত্রী।
অশিশ্বিকা, অনপত্যা, পুত্র কন্যাহীনা
অশিষ্ট, দুরন্ত, প্রগল্ভ, অসভ্য।

অশিষ্টতা, দুরন্ততা, অসভ্যতা।
অশিক্ষা, শিক্ষাভাব, বিদ্যার অনালোচনা। [অনভিজ্ঞ।
অশিক্ষিত, অপ্রাপ্ত শিক্ষ, অপণ্ডিত,
অশীতি, আশী সংখ্যা।
অশীতিপর, অশীতিবর্ষাধিকবয়স্ক, অতিপ্রাচীন।
অশীর্ষ, নির্মস্তক, কবন্ধ।
অশুদ্ধ, অপবিত্র, অকৃত শোধন; অপরিষ্কৃত, অশুচি। [অশৌচ।
অশুদ্ধি, অশুদ্ধ, অশোধন, ভুল;
অশুভ, অমঙ্গল, পাপ, মন্দ। [লক্ষণ।
অশুভদর্শন, অমঙ্গল দর্শন, মন্দ
অশৃত, অপক্ব, কাঁচা।
অশেষ, শেষহীন; নিঃশেষ; সমগ্র।
অশেষতঃ, অশেষ প্রকারে, সমগ্ররূপে।
অশেষবিশেষ, নানা প্রকার, বহুবিধ।
অশোক, শোকরহিত; বৃক্ষবিশেষ। পারদ।
অশোকারি, কদম্ব বৃক্ষ, কদমগাছ।
অশোচ্য, শোকের অযোগ্য, যাহার নিমিত্ত পরিতাপ করিতে হয় না।
অশৌচ, শুচিত্বাভাব, অশুদ্ধি।
অশৌচান্ত, অশৌচের শেষ দিন, অশুদ্ধির অবসান।
অশ্ম, প্রস্তর, পাতর, পর্ব্বত।
অশ্মকদলী, পাহাড়িয়া কলা।
অশ্মগর্ভ, মণিবিশেষ, মরকত মণি।
অশ্মগর্ভজ, মরকত মণি, পান্না।
অশ্মজ, শিলাজতু, গিরিমাটি।
অশ্মদারণ, পাষাণভেদকঅস্ত্র, টাঙ্গী।
অশ্মন্ত, চুল্লি, চুলা, উনান।
অশ্মপুষ্প, শৈলজ নামক গন্ধ দ্রব্য।
অশ্মভাল, খল, ক্রুর।
অশ্মযোনি, মরকত মণি, পান্না।
অশ্মরী, মূত্রকৃচ্ছ্র রোগ, পাথরী।
অশ্মরীহর, ধান্য বিশেষ, দেধান।
অশ্মসার, লৌহ, লোহা।
অশ্মীর, অশ্মরী রোগ, পাথরী।

অস্র, নেত্রজল, নয়ন বারি; রক্ত।
অশ্রদ্ধ, অভক্তি, ঘৃণা। [দরণীয়।
অশ্রদ্ধেয়, ঘৃণ্য, শ্রদ্ধার অপাত্র, অনা-
অস্রপ, রাক্ষস, নিশাচর। [হীন।
অশ্রান্ত, অনবরত, শ্রম রহিত, শ্রান্তি
অশ্রান্তি, অবিশ্রাম, অনবরত।
অশ্রি, কোণ, গৃহের কোণ; ধার, অস্ত্রের অগ্রভাগ।
অশ্রু, চক্ষুর্জ্জল, নয়নাম্বু।
অশ্রুত, না শুনা, অনাকর্ণিত।
অশ্রুতপূর্ব্ব, পূর্ব্বে না শুনা, অদ্ভুত।
অশ্লীল, নীচ, অধম, গ্রাম্য, ঘৃণা অথবা লজ্জা বোধক কথা, ভণ্ড বাক্য।
অশ্লেষ, অপ্রণয়, অনথ্য, অপ্রীতি, শ্লেষ ভিন্ন, অপরিহাস।
অশ্লেষা, নক্ষত্র বিশেষ।
অশ্ব, ঘোটক, তুরঙ্গ, ঘোড়া।
অশ্বখুর, নখী নামে গন্ধ দ্রব্য।
অশ্বগোযুগ, ঘোটকদ্বয়, দুই ঘোড়া
অশ্বতর, গর্দ্দভের গর্ব্ভে অশ্বের ঔরসে জাত পশু, খচ্চর।
অশ্বতরী, গর্দ্দভের গর্ব্ভে অশ্বের ঔরসে জাত স্ত্রীপশু, খচ্চরী।
অশ্বত্থ, বৃক্ষ বিশেষ, চলদল, চলক্রম।
অশ্বত্থা, পূর্ণিমা তিথি।
অশ্বত্থামা, দ্রোণাচার্য্যের পুত্র, দ্রৌণি।
অশ্বপাল, ঘোটক রক্ষক, সহিস।
অশ্ববন্ধু, উপদেব বিশেষ, কিন্নর।
অশ্ববহ, অশ্ব বাহক, অশ্বারোহী, ঘোড় সওয়ার। [সওয়ার।
অশ্ববার, অশ্বারোহী, সাদী, ঘোড়
অশ্ববারণ, গলকম্বল রহিত গো সদৃশ পশু বিশেষ, গবয়, বনগব।
অশ্ববাল, কাশ তৃণ, কেশে।
অশ্ববৈদ্য, ঘোটক চিকিৎসক।
অশ্বমহিষিকা, অশ্ব মহিষের ন্যায় নিত্য বৈরিতা।
অশ্বমুখ, উপদেবতা, কিন্নর।

অশ্বমেধ, যজ্ঞ বিশেষ, যে যজ্ঞে বিশেষ লক্ষণাক্রান্ত অশ্বকে সংপ্রোক্ষণ করিয়া তাহার কপালে জয়পত্র বন্ধন পূর্ব্বক তাহাকে ত্যাগ করে এবং এক বৎসরান্তে সেই অশ্ব পুনরাগত হইলে তাহাকে বধ করিয়া হোম করে সেই যজ্ঞের নাম অশ্বমেধ।

অশ্বমেধিক; অশ্বমেধ যাগোপযুক্ত ঘোটক।

অশ্বমেধীয়, অশ্বমেধ যজ্ঞীয় অশ্ব।

অশ্বযুজ্, অশ্বিনী নক্ষত্র; আশ্বিন মাস। [মহিষ।

অশ্বরক্ষ, ঘোটক রক্ষক, অশ্বপাল,

অশ্বরোধক, করবীর বৃক্ষ, করবী গাছ।

অশ্বশাল, মন্দুরা, ঘোটক গৃহ, ঘোড়ার ঘর, আস্তাবল।

অশ্বশৃগালিকা, অশ্ব শৃগালের শত্রুতা।

অশ্বসেননৃপনন্দন, সনৎকুমার।

অশ্বস্বন, তুরঙ্গধ্বনি, ঘোটকের রব।

অশ্বস্বনসঙ্কাশ, ঘোটকের শব্দ তুল্য।

অশ্বা, ঘোটকী, ঘুড়ী, বড়ব।

অশ্বারি, মহিষ।

অশ্বারূঢ়, অশ্বারোহী, ঘোড় সওয়ার।

অশ্বারোহ, অশ্ব পৃষ্ঠস্থিত যোদ্ধা, অশ্ববাহক, ঘোড় সওয়ার।

অশ্বারোহী, অশ্বারোহণ বিশিষ্ট, ঘোটকারোহণ কর্ত্তা, অশ্বারূঢ়, ঘোড় সওয়ার। [প্রথম নক্ষত্র।

অশ্বিনী, সপ্ত বিংশতি নক্ষত্রের মধ্যে

অশ্বিনীকুমার, স্বর্গের বৈদ্য, দেবতা বিশেষ, সূর্য্যের অশ্বিনী নাম্নী পত্নীর গর্ভে জাত যমজ পুত্র।

অশ্বিনীপুত্র, স্বর্বৈদ্য, দেবতা বিশেষ

অশ্বীন, এক অশ্ব দ্বারা এক দিন গমনার্হ দেশ।

অশ্বীয়, অশ্ব বৃন্দ, ঘোটক সমূহ; অশ্বহিত; অশ্ব হিতকারী, অশ্ব সম্বন্ধীয়।

অষড়ক্ষীণ, উভয় কর্তৃক মন্ত্রণা।

অষাঢ়, আষাঢ় মাস।

অষাঢ়ক, আষাঢ় মাস।

অষ্ট, সংখ্যা বিশেষ, আট।

অষ্টক, অষ্ট সংখ্য, আটের সংখ্যা।

অষ্টকর্ণ, ব্রহ্মা, প্রজাপতি, বিধি।

অষ্টকা, শ্রাদ্ধ বিশেষ, তিথি বিশেষ।

অষ্টকাঙ্গ, নয়পীঠী, পাশার ছক।

অষ্টপদ, লূতা, মাকড়সা।

অষ্টম, আটের পূরণ, যাহাতে অষ্ট সংখ্যা পূর্ণ হয়।

অষ্টমসিদ্ধি, সাঙ্গতা, পরিপূর্ণতা; নায়িকা সিদ্ধি বিশেষ।

অষ্টমান, কুড়ব পরিমাণ।

অষ্টমিকা, শুক্তি পরিমাণ; চতুস্তোলক, চারি তোলা।

অষ্টমী, তিথিবিশেষ, চন্দ্রের অষ্টম কলার ক্রিয়া যে দিনে হয়।

অষ্টমূর্ত্তি, শিব, মহাদেব।

অষ্টশ্রবা, ব্রহ্মা, বিধাতা, বিরিঞ্চি।

অষ্টাকপাল, যজ্ঞ বিশেষ, যে যজ্ঞে আট টা কপালে হবি লইয়া হোম করে।

অষ্টাঙ্গ, অষ্ট অবয়ব। [করণ।

অষ্টাঙ্গার্ঘ্য, অষ্ট দ্রব্য ঘটিত পূজোপ

অষ্টাদশ, সংখ্যা বিশেষ, আঠারো।

অষ্টাদশাঙ্গ, অষ্টাদশ দ্রব্য ঘটিত পাচন।

অষ্টাপদ, শরভ; মর্কট; লতা; ক্রিমি; কৈলাস পর্ব্বত; কীলক।

অষ্টাবক্র, অতিবক্র; কুরূপ; মুনি বিশেষ।

অষ্টাস্র, অষ্টকোণ, আট কোণা।

অষ্ঠি, অষ্ঠী, আঁঠি, বীচ।

অষ্টেপৃষ্ঠে, সকল দিকে, সর্ব্বাঙ্গে।

অষ্ঠি, বীজ, বীচ, আঁঠি।

অষ্ঠিবন্, জানু, জঙ্ঘা, আঁটু।

অষ্ঠীলিকা, কোষ্ঠবদ্ধতা, উদরাময় বিশেষ।

অসংখ্য, অসংখ্যানীয়, সংখ্যা রহিত, অপরিমিত, অনন্ত।

অসংখ্যাত, অগণিত, সংখ্যা রহিত, অপরিমিত। [হয়না।
অসংখ্যেয়, অগণনীয়, যাহার গণনা
অসংস্কৃত, সংস্কৃতেতর; অশুদ্ধ; সংস্কার হীন, অনুপনীত।
অসংস্কৃতবাক্য, সংস্কৃত ভিন্ন বাক্য, ইতর কথা, অপভ্রংশ, অপশব্দ।
অসংস্থান, অসংস্থিতি, অসম্বল, অসঙ্গতি।
অসংহত, ব্যূহ বিশেষ; অমিলিত; পৃথক্।
অসকৃৎ, পুনঃপুনঃ, বারম্বার, মুহুর্মুহু।
অসঙ্কুল, বিস্তৃত পন্থা, চৌড়া পথ।
অসঙ্খ্যা, সংখ্যা রহিত, অগণনীয়।
অসঙ্গত, সঙ্গতি রহিত, অমিল, বিরুদ্ধ।
অসত্তামী, অসৎপনা, শঠতা, ধূর্ত্ততা।
অসতী, ভ্রষ্ট, ব্যভিচারিণী, পুংশ্চলী, বন্ধকী, কুলটা, স্বৈরিণী, পর পুরুষ গামিনী।
অসতীসুত, ব্যভিচারিণী পুত্র, জারজ।
অসৎ, অবিদ্যমান, অসাধু, দুর্জ্জন।
অসৎকথা, মন্দ কথা, কুবাক্য।
অসৎপথ, মন্দ পথ, কুপথ, কদর্য্য বর্ত্ম।
অসৎপনা, ধূর্ত্তত; শঠতা, দুষ্টত।
অসদধ্যেতা, অসদধ্যয়নশালী, কুৎসিত পাঠক।
অসদৃশ, অতুল্য, অনুপম, অসমান।
অসদ্গ্রহ, অথড়ি, বালকদিগের আবদার।
অসদ্ধেতু, অসৎ কারণ।
অসন, বৃক্ষ বিশেষ, পিয়ার গাছ।
অসন্তুষ্ট, সম্যক্ তুষ্টি রহিত, সন্তোষ শূন্য, অনাহ্লাদিত।
অসন্তোষ, অতুষ্টি, অনাহ্লাদ।
অসমস্ক, সমুদ্ধত, পণ্ডিতাভিমানী; দর্পিত।
অসম্মান, মান হানি, অমর্য্যাদা।

অসভ্য, সভার অনুপযুক্ত, অসামাজিক, অভব্য।
অসম, বিষম, অতুল্য।
অসমঞ্জস, অসঙ্গত; অনুপযুক্ত।
অসময়, অকাল, দুঃসময়।
অসমর্থ, অশক্ত, দুর্ব্বল; ক্ষীণ।
অসমবায়িকারণ, সমবায়ি কারণাসন্ন কারণ, সমবায়ি কারণে প্রত্যাসন্ন জনক, যেমন ঘটের প্রতি কপাল দ্বয় সংযোগ।
অসমাপন, অসমাপ্তি; অসম্পূর্ণ।
অসমাপ্ত, সমাপ্তি রহিত, অসংপূর্ণ।
অসমীচীন, অনুত্তম, অপকৃষ্ট।
অসমীক্ষ্যকারী অবিবেচনা পূর্ব্বক কর্ম্মকর্ত্তা, অনিশ্চয়ক, জাল্ম।
অসম্বদ্ধ, অনর্থক বাক্য, অবদ্ধ; অমিল।
অসম্বন্ধ, সম্বন্ধহীন, নিঃসম্পর্ক।
অসম্মত, অনভিমত, সম্মতি রহিত।
অসম্মান, অমর্য্যাদা, অপমান।
অসহন, শত্রু, বৈরি; অসহ্য।
অসহ্য, অসহনীয়, সহনাযোগ্য।
অসাধারণ, সাধারণ ভিন্ন, অসামান্য, বিশেষ। [অশক্য।
অসাধ্য, অসাধনীয়, সাধনাযোগ্য,
অসান্দ্র, অনিবিড়, বিরল।
অসাম্প্রত, অযুক্ত, অনুচিত, অন্যায়।
অসার, সাররহিত বস্তু, স্থিরাংশ শূন্য, এরণ্ড বৃক্ষ। [অগোচর।
অসাক্ষাৎ, অপ্রত্যক্ষ, অদর্শন,
অসি, খড়্গ, খাঁড়া, তরবাল, করবাল।
অসিক, অধর ও চিবুকের মধ্য ভাগ।
অসিক্নী, অন্তঃপুরচারিণী অবৃদ্ধা দাসী; নদী বিশেষ।
অসিগণ্ড, ক্ষুদ্রোপধান, ছোট বালিশ।
অসিত, কৃষ্ণ বর্ণ; শনি গ্রহ; কৃষ্ণপক্ষ।
অসিতা, অন্তঃপুর দাসী, অবৃদ্ধা দাসী।
অসিতার্চ্চি, অগ্নি, অনল, বহ্নি, পাবক।
অসিতোৎপল, নীলোৎপল, নীলপদ্ম।

অসিদংষ্ট্র, জল জন্তু বিশেষ, মকর।
অসিক্ক, অপক, অস্বিন্ন; সিদ্ধি রহিত। (বিশেষ।
অসিদ্ধি, অনিষ্পত্তি, অসম্পন্ন।
অসিধাব, শস্ত্র মার্জ্জক, শিকলকর।
অসিধাবক, অসিধার কর্ত্তা, শস্ত্র মার্জ্জক।
অসিধেনু, ছুরিকা, ছুরী। (বিশেষ।
অসিপত্র, ইক্ষু; খড়্গকোষ; নরক
অসিপত্রক, ইক্ষু।
অসিপত্রবন, নরক বিশেষ।
অসিপুচ্ছক, শিশুমার, শুশুক।
অসিপুত্রিকা, ছুরিকা, ছুরী।
অসিহেতি, খড়্গধারী যোদ্ধা।
অসু, প্রাণ; উপতাপ।
অসুখ, দুঃখ, ক্লেশ, কষ্ট।
অসুধারণ, প্রাণধারণ, জীবন।
অসুভৃৎ, প্রাণী, জীব।
অসুর, সুরবিরোধী, দৈত্য, দানব।
অসুররিপু, দেব; বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
অসুরা, রাত্রি; রাশি।
অসুরাহ্ব, কাংস্য, কাঁসা। (সর্ষা।
অসুরী, অসুর পত্নী; রাজিক, রাই-
অসুর্ক্ষণ, অবজ্ঞা, অনাদর, তাচ্ছল্য।
অসুস্থ, সুখ স্থিতি রহিত, রোগী।
অসুক্ষণ, অবজ্ঞা, অনাদর।
অসূয়া, গুণেতে দোষারোপ, পরিবাদ, দ্বেষ, নিন্দা।
অসূর্য্যম্পশ্যা, অন্তঃপুর স্থিতা স্ত্রী, যাহাকে সূর্য্যও দেখিতে পান না।
অসূর্ক্ষণ, অনাদর, অবজ্ঞা।
অসৃক্, রক্ত, শোণিত।
অসৃক্কর, শরীরস্থ রস ধাতু।
অসৃক্প, রাক্ষস; জোঁক।
অসৃগ্ধারা, শোণিত ধারা; চর্ম্ম।
অসেচনক, অত্যন্ত প্রিয় দর্শন, যাহাকে দেখিয়া তৃপ্তির শেষ না হয় এমন বস্তু, মনোহর, অতিসুন্দর।
অসৌম্য, অভদ্র; অপ্রিয়; মন্দ, কুৎসিত।
অসৌম্যস্বর, কাকবৎ মন্দস্বর, কুস্বর, কুৎসিত ধ্বনি।
অসৌষ্ঠব, অপ্রশংসনীয়, অশোভন।
অস্ত, অস্তাচল, পশ্চিমাচল; অবসান; মৃত্যু; অন্তর্ধান।
অস্তক, মোক্ষ, মুক্তি নির্ব্বাণ।
অস্তগত, অস্ত প্রাপ্ত, অন্তর্হিত।
অস্তগিরি, অস্তাচল, চরম পর্ব্বত।
অস্তাঘ, অগাধ, অতি গভীর।
অস্তাচল, অস্তপর্ব্বত, পশ্চিমদিকস্থ গিরি, চরম পর্ব্বত।
অস্তাদ্রি, অস্তাচল, চরম পর্ব্বত।
অস্তাবলম্বী, অস্তগত, অস্ত প্রাপ্ত।
অস্তি, বিদ্যমান, বর্ত্তমান, সত্তা।
অস্তিত্ব, বিদ্যমানত্ব, সত্তা।
অস্তু, অঙ্গীকার, ভবতু, হউক।
অস্তান, ভর্ৎসন, নিন্দা, কুৎসা।
অস্ত্র, প্রহারযোগ্য দ্রব্য, আয়ুধ, প্রহরণ, হাতিয়ার।
অস্ত্রকণ্টক, বাণ, ইষু, শর।
অস্ত্রকারক, অস্ত্রনির্ম্মাতা, অস্ত্রকারী, অয়ুধকারক।
অস্ত্রচিকিৎসক, শস্ত্রবৈদ্য, ডাক্তার।
অস্ত্রচিকিৎসা, অস্ত্র চালনাদি দ্বারা ক্ষতাদি রোগের প্রতীকার করণ।
অস্ত্রবৈদ্য, অস্ত্রচিকিৎসক, ডাক্তার।
অস্ত্রমার্জ্জ, অস্ত্র মার্জ্জক, শাণকর, অসিধাবক। (ময় বাণ।
অস্ত্রমায়ক, নারাচাস্ত্র, সমুদয় লৌহ-
অস্ত্রাগার, অস্ত্ররক্ষণগৃহ, শেলাখানা।
অস্ত্রীক, স্ত্রী রহিত, অপত্নীক।
অস্থাগ, অগাধ, অতি গভীর।
অস্থাঘ, অতলস্পর্শ।
অস্থান, স্থানরহিত, স্থলহীন; মন্দস্থান।
অস্থাবর, স্থাবরভিন্ন বস্তু, জঙ্গম বস্তু।
অস্থায়, অস্থায়ী; স্থিতিরহিত; অগাধ, অতলস্পর্শ।
অস্থায়ী, স্থিতি রহিত, নশ্বর, অনিত্য।
অস্থার, অগাধ, গম্ভীর, অতলস্পর্শ।

অস্থি, শরীরস্থ ধাতুবিশেষ, হাড়।
অস্থিকৃৎ, শরীরস্থ মেদোধাতু।
অস্থিচর্ম্মাবশিষ্ট, অস্থি ও চর্ম্মমাত্র সার, অতি ক্ষীণ।
অস্থিজ, মজ্জা, অস্থির সার ভাগ।
অস্থিতুণ্ড, পক্ষী, বিহঙ্গ।
অস্থিপঞ্জর, শরীরাস্থি সমূহ, কঙ্কাল।
অস্থিভক্ষ, কুক্কুর।
অস্থিমালী, শিব, কঙ্কালমালাধারী।
অস্থির, চঞ্চল, অস্থায়ি, অনিশ্চিত।
অস্থিরতা, অস্থৈর্য্য অনিশ্চয়।
অস্থিসংহার, হাড় জোড়া; গ্রন্থিমান্।
অস্থিসমর্পণ, গঙ্গাতে অস্থিপরিত্যাগ।
অস্থিসার, মজ্জা, অস্থিমধ্যস্থ বস্তু।
অস্থৈর্য্য, অস্থিরত, নিশ্চয়াভাব।
অস্পষ্ট, অব্যক্ত, অস্ফুট, ক্লিষ্টবাক্য।
অস্ফুট, অব্যক্ত, অস্পষ্ট।
অস্ফুটবাক্, অস্পষ্ট বক্তা।
অস্মদ, আত্মবাচী সর্ব্বনাম শব্দ, আমি, আমরা।
অস্মন্ত, চুল্লী চুলা, উনান, আখা।
অস্যপর, উহার পর, অতঃপর।
অস্র, কোণ, নেত্রজল, রক্ত, কেশ।
অস্রখদির, রক্তখদির বৃক্ষ।
অস্রপ, রাক্ষস; জোঁক।
অস্রপা, জলৌকা, জোঁক।
অস্রু, চক্ষুর্জ্জল, নেত্রাম্বু, অস্র, বাষ্প।
অস্ব, অনিজ; নিস্ব, দরিদ্র, দুঃখী
অস্বচ্ছন্দ, ক্লেশিত; অধীন, আয়ত্ত।
অস্বতন্ত্র, অধীন, পরাধীন, পরতন্ত্র।
অস্বপ্ন, মন্দ স্বপ্ন, দুঃস্বপ্ন; দেবতা; নিদ্রাহীন।
অস্বভাব, মন্দচরিত্র; কুস্বভাব।
অস্বর, মন্দস্বর, কুধ্বনি, কুরব।
অস্বাধ্যায়, বিধিপূর্ব্বক বেদাধ্যয়ন হীন; অনধ্যায়। [য়ারিস।
অস্বামিক, স্বামিরহিত; অকর্ত্তৃক; বেও-
অস্বাম্য, অস্বামিত্ব, স্বত্বাভাব, অনধিকার।

অস্বাস্থ্য, সুস্থতাভাব, রোগ, পীড়া।
অহ, দিন, দিবস।
অহং, আমি, অস্মদ্।
অহংযু, অহঙ্কারযুক্ত, গর্ব্বান্বিত।
অহঃপতি, সূর্য্য, দিবাকর, তপন।
অহঙ্কার, অহঙ্কৃতি, গর্ব্ব, অভিমান।
অহঙ্কারবান্, গর্ব্বান্বিত, দাম্ভিক, অহঙ্কারী।
অহঙ্কারী, গর্ব্বিত, দাম্ভিক। [মানী।
অহঙ্কৃত, অহঙ্কারযুক্ত, গর্ব্বিত, অভি-
অহমহমিকা, পরস্পর আত্মশ্লাঘা, আমি বড় আমি বড় বলিয়া পরস্পর অহঙ্কার করণ।
অহমিকা, গর্ব্ব, অহঙ্কার, দম্ভ।
অহম্পূর্ব্বিকা, আমি আগে যাইব বলিয়া যোদ্ধাদিগের পরস্পর অগ্রে ধাবন।
অহম্মতি, অবিদ্যা, অজ্ঞান।
অহরহ, প্রতিদিন, প্রত্যহ।
অহর্নিশি, দিবারাত্রি, সর্ব্বদিন।
অহর্পতি, সূর্য্য, দিবাকর।
অহর্মণি, সূর্য্য, দিবাকর, ভাস্কর।
অহর্মুখ, প্রাতঃকাল, প্রত্যূষ।
অহল্য, লাঙ্গল দ্বারা অনাকৃষ্টভূমি, অচষাক্ষেত্র। [বিশেষ।
অহল্যা, গৌতম মুনিপত্নী; অপ্সরো-
অহস্কর, সূর্য্য, দিবাকর, দিনমণি।
অহস্পতি, সূর্য্য, দিবাকর, দিনমণি।
অহহ, অদ্ভুত; খেদ, সম্বোধন।
অহার্য্য, অহরণীয়, পর্ব্বত।
অহি, সর্প; সূর্য্য; পথিক।
অহিংসা, প্রাণিবধ না করা।
অহিকান্ত, বায়ু, অনিল, বাত।
অহিজিৎ, বিষ্ণু; ইন্দ্র। [মন্দ।
অহিত, শত্রু; অপথ্য; অনুপকার,
অহিতুণ্ডিক, ভিক্ষার্থ সর্পখেলক, সাপুড়ে।
অহিদ্বিট্, ইন্দ্র; গরুড়; ময়ূর; নকুল।
অহিনকুলতা, নিত্যবিরোধ, নিত্যবৈর-

রিতা, সর্প ও বেজীর তুল্য সদা শত্রুতা। [আফিং।
অহিফেণ, সর্পফেণ; অফেণ, ওপিয়ম,
অহিব্রধ্ন, শিব; রুদ্র বিশেষ। [সর্পভয়।
অহিভয়, রাজার স্বপক্ষ জাত ভয়।
অহিভুক্, গরুড়; ময়ূর।
অহীরণি, দ্বিমুখসর্প, শাঁখিনী সর্প, রাজসর্প। [ধন।
অহে, তুল্যব্যক্তির সম্বোধনার্থ, সম্বো-
অহো, ধিক্, শোক, করুণা, বিষাদ, সম্বোধন, প্রশংসা, বিস্ময়, আশ্চর্য্যার্থ।
অহোরাত্র, দিবানিশি, দিনরাত্রি।
অহ্নায়, ঝটিতি, দ্রুত, শীঘ্র, ত্বরিত।
অক্ষ, পাশক, ইন্দ্রিয়, শকট; ব্যবহার; রুদ্রাক্ষ, সর্প, চক্র, রাবণের এক পুত্র।
অক্ষত, অহিংসিত, অখণ্ডিত, ক্ষতশূন্য, যব, আতপ তণ্ডুল।
অক্ষতা, পুরুষ সংসর্গ রহিতা স্ত্রী।
অক্ষদৃক্, অক্ষদর্শক, ব্যবহার দ্রষ্টা, ধর্ম্মাধ্যক্ষ, বিচার কর্ত্তা। [খেলক।
অক্ষদেবী, দ্যূতক্রীড়াকারক, পাশ
অক্ষপাটক, ধর্ম্মাধ্যক্ষ, বিচারক, জজ্
অক্ষপাদ, তার্কিক, নৈয়ায়িক; গৌতমমুনি। [অপারক।
অক্ষম, ক্ষমতারহিত, ক্ষমতা শূন্য,
অক্ষমা, অক্ষান্তি, ঈর্ষা, নিন্দা।
অক্ষমালা, অক্ষসূত্র, রুদ্রাক্ষ মালা, অকারাদি ক্ষকারান্ত বর্ণমালা, বিশিষ্ঠপত্নী।
অক্ষয়, ক্ষয়রহিত; অব্যয়; অবিনাশ।
অক্ষয়তৃতীয়া, চান্দ্র বৈশাখের শুক্লতৃতীয়া।
অক্ষয়া, বারতিথি ঘটিত যোগবিশেষ।
অক্ষর, শিব; বিষ্ণু; অনাশ্য; ব্রহ্ম; পঞ্চাশবর্ণ; মোক্ষ।
অক্ষরচঞ্চু, লেখক, লিপিকর। [খক।
অক্ষরচন, অক্ষরচুঞ্চু, লিপিকর, লে-
অক্ষরজননী, লেখনী, কলম।
অক্ষরজীবক, লেখক, লিপিকর।
অক্ষরজীবিক, অক্ষরজীবী, লেখক, লিপিবৃত্তি, কায়স্থ জাতি।
অক্ষরতুলিকা, লেখনী, কলম।
অক্ষরবতী, দ্যূতক্রীড়া, পাশাখেলা।
অক্ষরবাট, মল্লভূমি, নিযুদ্ধ ক্ষেত্র, কুস্তির ফুলকা।
অক্ষরবিৎ, দ্যূতজ্ঞ; ব্যবহারজ্ঞ।
অক্ষরবিন্যাস, লিপি, লিখন।
অক্ষরমুখ, শিষ্য, ছাত্র।
অক্ষরসংস্থান, লিপি, লিখন।
অক্ষসূত্র, অক্ষমালা, জপমালা।
অক্ষাগ্র কীলক, রথচক্র রোধার্থ শঙ্কু, চাকার খিল। [অধৈর্য্য।
অক্ষান্তি, পরগুণাসহিষ্ণুতা, ঈর্ষা,
অক্ষারলবণ, সৈন্ধবলবণ, গব্যদুগ্ধ গব্যঘৃত ধান্য মুগ তিল যব এবং সৈন্ধব এই নব দ্রব্য।
অক্ষি, চক্ষু, নেত্র, লোচন, নয়ন।
অক্ষিক, রঞ্জনক্রম, আচ্ ফুলগাছ।
অক্ষিকূটক, চক্ষুর তারা, নেত্রমণি।
অক্ষিগত, দ্বেষ্য, নেত্রগত।
অক্ষিব, শোভাঞ্জনবৃক্ষ; সামুদ্রলবণ।
অক্ষিবিকূণিত, কটাক্ষ, অপাঙ্গদৃষ্টি, ঈষদ্দর্শন।
অক্ষিবিভ্রম, দৃষ্টিবিভ্রম, অন্যথাদর্শন
অক্ষিবিক্ষেপ, দৃষ্টি ক্ষেপ, কটাক্ষপাত।
অক্ষীক, রঞ্জনবৃক্ষ, আচ্ফুলগাছ।
অক্ষীণ, অকৃশ; সুস্থ, হৃষ্টপুষ্ট।
অক্ষীব, সামুদ্রলবণ; অমত্ত; শোভাঞ্জনবৃক্ষ।
অক্ষুণ্ণ, অনাচ্ছাদিত, অচূর্ণিত; মনস্তাপরহিত, অক্ষুব্ধ। [অসন্তাপ
অক্ষুব্ধ, ক্ষোভ রহিত, খেদশূন্য
অক্ষোট, আখরোট।
অক্ষোভ, ক্ষোভ রহিত; অস্থির হস্তিবন্ধন স্তম্ভ।
অক্ষৌহিণী, সংখ্যাবিশেষ যুক্ত সেনা

২১৮৭০ হস্তী ২১ ৮৭০ রথ ৫৫৬১০ অশ্ব ১০৯৩৫০ পদাতি সমুদায়ে ২১৮৭০০

আ

আ, আকার, দ্বিতীয়স্বরবর্ণ।
আই, মাতামহী, মাতার মাতা।
আইজ, অদ্য, বর্ত্তমানবাসর।
আইবড়, অবিবাহিত, অকৃতোদ্বাহ।
আইসন, আগমন, পৌঁছন।
আউক, ইক্ষু, গুড়তৃণ।
আওড়ন, আবৃত্তিকরণ, পড়ন।
আওতা, আবৃত, আচ্ছন্ন, ঢাকা।
আওভাও, অভ্যর্থন, সমাদর।
আং, স্বীকার অঙ্গীকার। [ঘটিত।
আংশিক, এক দেশগত, এক অংশ-
আঁক, অঙ্ক, চিহ্ন, স খ্যাস্থান।
আঁকুড়নি, আকর্ষ, যাহার দ্বারা উচ্চ-হইতে দ্রব্যাদি আকর্ষণ করা যায়।
আঁখি, অক্ষি, চক্ষু, নেত্র।
আঁচ, উত্তাপ, তাপ, উষ্ণতা।
আঁচল, অঞ্চল, স্ত্রী বস্ত্রের প্রান্ত।
আঁচল, স্ত্রী পরিধেয় বস্ত্রের প্রান্ত।
আঁচান, আচমন, ভোজনানন্তর হস্ত-মুখপ্রক্ষালন।
আঁজন, অঞ্জন, কজ্জল, কাজল।
আঁজল, অঞ্জলি, যুক্তকরদ্বয়, করপুট।
আঁটন, শক্তরূপে বন্ধন, দৃঢ়করণ; সম্পোদ্য হওন।
আঁটি, তৃণাদির কিয়ৎ পরিমিত মুষ্টি।
আঁড়িয়া, বৃষ, মাতা অন্তঃসত্ত্বা হইলে স্তন্যাভাবে যে শিশু দুর্ব্বল হয়।
আঁড়িয়ালাগন, স্তন্যপানাভাবে শিশুর দৌর্ব্বল্য হওন।
আঁতুড়, সূতিকাগার, প্রসবগৃহ।
আঁৎ, অন্ত্র, নাড়ী।
আঁৎকন, ভয়করণ, ত্রাস, শঙ্কা।
আঁধলা, অন্ধ, দৃষ্টিহীন, কাণা।
আঁধার, অন্ধকার, তমোময়।
আঁব, আম্র, আম, চুত।
আঁশা, তন্তু, সূতা; সূক্ষ্মসূত্র।
আঁশাল, আঁশযুক্ত, আঁশুয়া বিশিষ্ট।
আঁশুয়া, আঁশ, ছিবড়া, তন্তু। [র্থক।
আঃ, পীড়াবোধক, স্পর্দ্ধা বা তর্জ্জনা-
আকজ, আক্রোশ, বিরোধ, শত্রুতা।
আকজাকজি, দ্বেষাদ্বেষি, পরস্পর-বৈরিতা।
আকণ্ঠ, গলায়২, গলদেশ পর্য্যন্ত।
আকণ্ঠোদর, পেটুক, কণ্ঠপর্য্যন্ত-ভোক্তা। [চালিত।
আকম্পিত, কম্পনবিশিষ্ট, আধুত,
আকম্র, ঈষৎকমনীয়, কিঞ্চিৎ সুদৃশ্য।
আকর, ধাতুবস্তাদির উৎপত্তিস্থান, খনি, আদি, মূল।
আকরীয়, খনিজ, আকর সম্বন্ধীয়।
আকর্ণচক্ষু, কর্ণপর্য্যন্ত বিস্তৃত চক্ষু, দীর্ঘনয়ন, বিশাল নেত্র।
আকর্ণন, শ্রবণ, শুনন, শব্দ গ্রহণ।
আকর্ণনয়ন, কর্ণপর্য্যন্ত বিস্তৃত চক্ষু।
আকর্ষ, পাশক, পাশা, অক্ষক্রীড়া, পাশাখেলা, আকর্ষণ, আঁকুসি।
আকর্ষক, শিলাবিশেষ, চুম্বক পাতর; আকর্ষণ কর্ত্তা। [আঁকুসি।
আকর্ষণ, বলদ্বারা আনয়ন, টানন;
আকর্ষণী, ফলপুষ্পাদি আহরণ যষ্টি-বিশেষ, আঁকুষী, আঁকুড়ি।
আকর্ষিণী, শিলাবিশেষ, চুম্বকপাতর, আঁকুড়সী। [বন্ধন।
আকলন, আকাঙ্ক্ষা, পরিসংখ্যা;
আকলিত, আবদ্ধ, পরিসংখ্যাত।
আকল্প, বেশ, মণ্ডন; কল্পন; প্রলয় কাল পর্য্যন্ত।
আকল্পরচনা, বেশরচনা, সজ্জাকরণ।
আকষ, প্রস্তর বিশেষ, কষ্টিপাতর।
আকস্মিক, অকস্মাৎ উৎপন্ন, হঠাৎ-জাত।
আকা, চুলী, উনান।

আকাঁড়া, সতুষতণ্ডুল, অপরিষ্কৃত-চাউল ; মহাবল পরাক্রম।
আকাঙ্ক্ষা, ইচ্ছা, অভিলাষ, বাঞ্ছা।
আকাট, অনাবৃষ্টি; দুর্ভিক্ষ।
আকামান, অমুণ্ডিত; যে সর্পের বিষদন্ত উদ্ধার করা না হয়।
আকায়, নিবাস, বাসস্থান।
আকার, ইঙ্গিত, মূর্ত্তি, আকৃতি, সঙ্কেত, ঠার।
আকারগুপ্তি, ভয়লজ্জাদি হেতুক-আকারের গোপন।
আকারগোপন, রত্যাদিসূচক মুখরাগাদি গোপন করণ।
আকারণ, আহ্বান, ডাকন।
আকারাদি, আ অক্ষর অবধি, আ আদ্যাক্ষর যুক্ত।
আকারান্ত, যাহার শেষে আকার।
আকাল, অকাল, দুর্ভিক্ষ, দুঃসময়।
আকালিক, অকালসম্ভব, অসাময়িক, ক্ষণধ্বংসি। [পদ্ম।
আকালিকী, বিদ্যুৎ ; অকালে উৎ-
আকাশ, পঞ্চভূতের মধ্যে ভূতবিশেষ, শূন্য, ব্যোম, অন্তরীক্ষ।
আকাশদীপ বংশাদিযোগে উর্দ্ধে-স্থাপিত দীপ, অন্তরীক্ষস্থ প্রদীপ।
আকাশবল্লী, লতাবিশেষ, আকাশবেল লতা। [বাণী।
আকাশবাণী, অশরীরিণীবাক্, দৈব-
আকাশমূলী, কুম্ভিকা, পানা।
আকাশরক্ষী, দুর্গের বহিঃ প্রাচীরোপরিস্থিত চর। [বৃষ্টির জল।
আকাশসলিল, দিব্যোদক, শিশির,
আকাশী, আকাশস্থ ; অবস্থ।
আকাশীয়, আকাশসম্বন্ধি, গগনস্থ।
আকিঞ্চন, অকিঞ্চনত্ব ; চেষ্টা; প্রয়াস, যত্ন।
আকীর্ণ, ব্যাপ্ত, সংকীর্ণ, সংকুল।
আকুঞ্চন, সঙ্কোচ, কোঁকড়ান। [ক্ষুব্ধ।
আকুঞ্চিত, সঙ্কুচিত, লজ্জিত, অপ্র-
অকুণ্ডকুণ্ড, বিবাদ বর্দ্ধন, ঘোরতর-কলহ, তুমুল বিতণ্ডা।
আকুল, ব্যাকুল, ব্যস্ত, কাতর।
আকুত, অভিপ্রায়, আশয়, মানস।
আকৃতি, রূপ, মূর্ত্তি, শরীর।
আকৃতিচ্ছত্রা, ঘোষাতকীবৃক্ষ, শ্বেত-ঘোষাগাছ। [টানা।
আকৃষ্ট, কৃতআকর্ষণ, আকর্ষিত;
আকৃষ্টি, আকর্ষণ, টানন।
আক্রন্দ, রোদন, আহ্বান, দারুণ যুদ্ধ; পার্ষ্ণি গ্রাহের পর রাজা, মিত্র।
আক্রম, আক্রমণ, আকর্ষণ।
আক্রমণ, আক্রম করণ, ব্যাপন।
আক্র, দুর্মূল্য, মহার্ঘ্য।
আক্রান্ত, কৃত আক্রমণ, অধিক্রান্ত, আক্রমণ বিশিষ্ট।
আক্রামক, আক্রমণকারী, আকর্ষক।
আক্রীড়, রাজোপবন, রাজার সাধারণ বন।
আক্রোশ, ক্রোধে কর্ত্তব্য নিশ্চয়, অভিশাপ, রাগ, কোপ, ক্রোধ।
আক্লান্ত, শ্রান্ত, অতিশয় ক্লান্তিযুক্ত, অবসন্ন।
আখড়, গুণি গায়কদের সংগীত চালনার স্থল, আড্ডা।
আখণ্ড, সমুদয়, খণ্ডরহিত, সম্পূর্ণ।
আখণ্ডল, ইন্দ্র, সহস্রাক্ষ, শচীপতি।
আখনিক, চোর, উন্দরু ; শূকর।
আখা, চুলী চুলা, উনান।
আখাত, অখাত, দেবখাত, অনির্ম্মিত জলাশয়।
আখু, মূষিক ; শূকর ; চৌর।
আখুকর্ণী, লতা বিশেষ, মূষাকাণীলতা।
আখুগ, গণেশ, হেরম্ব, গজানন।
আখুট, অকস্মাৎ বাসনা, বালকের আবদার। [লতা।
আখুপর্ণী, লতা বিশেষ, ইন্দুর কাণী-
আখুভুক্, বিড়াল, মার্জ্জার।
আখুরথ, গণেশ, লম্বোদর, গজানন।

আখেট, মৃগয়া, শিকার। [সিঁদ।
আখেট শীর্ষক, কুট্টিমভেদ ; সুড়ঙ্গ,
আখেটিক, মৃগয়া কুশল কুকুর, শিকারি কুকুর।
আখেটী, ভয়ানক, দারুণ।
আখে ট, আখ্রোট্ ফল।
আখ্যা, নাম, সংজ্ঞা, অভিধান।
আখ্যাত, কথিত, উক্ত ; প্রসিদ্ধ ; ব্যাকরণের ধাতু প্রকরণ।
আখ্যান, নাম, সংজ্ঞা ; ইতিহাস।
আখ্যায়িকা, উপলক্ষার্থ কথা, ইতিহাস, উপন্যাস, উপকথা।
আগঃ, পাপ, অপরাধ।
আগড়া, তুচ্ছ ধান্য, তুষ, ভূষী।
আগড়ী, অগ্রসর, অগ্রগামী।
আগত, আয়াত, উপস্থিত। [সম্ভাব্য।
আগন্তব্য, আগামী, আগমনীয় ;
আগন্তু, আগমন শীল ; অনিয়ত ; অতিথি। [প্রবাসী।
আগন্তুক, অনিত্যস্থায়ী, হঠাৎ উত্তীর্ণ,
আগন্তুজ্বর, পীড়া বিশেষ।
আগম, তন্ত্র শাস্ত্র শাস্ত্র মাত্র; সাক্ষি লেখ্যাদি।
আগমন, আসা, পঁহুছন, উপস্থিত।
আগমনীয়, আগন্তব্য, আগমনোপযুক্ত।
আগমিত, অধীত, পঠিত। [শ্লোক।
আগমোক্ত, তন্ত্র শাস্ত্র বিহিত, শ-
আগল, বেষ্টন, ঘেরণ ; রক্ষণীয়।
আগলন, আবরণ, নিষেধ করণ, রক্ষা করণ।
আগস্, পাপ, অপরাধ।
আগা, অগ্র, ধার, কিনারা।
আগাও, আগাম, আগুড়ী, অগ্রিম।
আগাধ, অগাধ, অতি গভীর, অতল স্পর্শ।
আগান্তু, আগন্তুক, অতিথি।
আগাম, অগ্রে, আগে ; আগাও ; অগ্রিম ; আগুড়ী।

আগামী, ভবিষ্যৎ, ভাবি, অগ্রে আগমন শীল।
আগার, গৃহ, ঘর, আধার, পাত্র।
আগু, প্রতিজ্ঞা, অগ্র, পূর্ব্ব।
আগুড়ী, অগামী, আগাও, অগ্রিম।
আগুন, অগ্নি, বহ্নি, অনল।
আগুনখাগী, সহগামিনী, সহমৃতা।
আগুয়ান, অগ্রসর, অগ্রগামী।
আগে, অগ্রে, প্রথমে, পূর্ব্বে।
আগেপাছে, অগ্র পশ্চাৎ, পূর্ব্বাপর।
আগোড়, আবরণ, ঝাঁপ।
আগ্, অগ্র, মূল, আদি, প্রথম।
আগ্তোলন, ভাবি শুভাশুভ অনুমান করণ ; অগ্রভাগ গ্রহণ।
আগ্নেয়, স্বর্ণ, দেশ বিশেষ ; অগস্ত্য মুনি ; অগ্নি সম্বন্ধীয় ; পাচক, অগ্নি তুল্য।
আগ্নেয়ী, অগ্নি কোণ ; স্বাহা।
আগ্বাড়ান, অগ্রসর হইয়া আনয়ন, প্রত্যুদ্গমন, আগে গিয়া অভ্যর্থনা করা। [ব্যস্ততা।
আগ্রহ, অতিশয় যত্ন, প্রয়াস, ব্যগ্রতা,
আগ্রহায়ণ, মার্গশীর্ষ মাস, অগ্রহায়ণ মাস
আগ্রহায়ণী, অগ্রহায়ণ মাসের পূর্ণিমা।
আঘট্টক, রক্ত আপাং ; অঘাট।
আঘাট, সীমা ; কুঘাট।
আঘাত, হনন ; চোট ; কোপ ; অপচয় ; বধ স্থান।
আঘাতন, হনন ; বধ স্থান।
আঘাবিঘা, বাধা, প্রতিবন্ধক।
আঘার, আজ্য, ঘৃত, হবি।
আঘূর্ণন, চক্রের ন্যায় ভ্রমণ, ফিরণ, উলটন, ঘুরণ।
আঘূর্ণিত, ঘুরাণ।
আঘোষণ, প্রচারণ, প্রকাশ, ঘোষণা।
আঘ্রাণ, গন্ধ গ্রহণ, বাস লওন, সোঁকা।
আঘ্রাত, গৃহীতগন্ধ, বাস লওয়া, [illegible]।

আঘ্রেয়, আঘ্রাণার্হ, শুঁকিবার যোগ্য।
আঙ্গ, কোমলাঙ্গ, নবীন শরীর।
আঙ্গটী, অঙ্গুরী, অঙ্গুরীয়ক।
আঙ্গরা, দগ্ধ কাষ্ঠ, কয়লা, অঙ্গার।
আঙ্গার, অঙ্গার সমূহ, কয়লা।
আঙ্গিক, অঙ্গ নিষ্পন্ন ভাব।
আঙ্গিনা, অঙ্গন, চত্বর, উঠান।
আঙ্গিরস, জীব, বৃহস্পতি।
আঙ্গুলন, অঙ্গুলি দ্বারা স্পর্শ করণ।
আঙ্গুলী, অঙ্গুলী, আঙ্গুল।
আচমন, ভোজনোত্তর মুখ প্রক্ষালন, আহ্নিকাদি কর্ম্মের পূর্ব্বে মুখশোধন।
আচমনক, নিষ্ঠীবন পাত্র, পিকদান।
আচম্বিৎ, অকস্মাৎ, দৈবাৎ, হঠাৎ।
আচরণ, রীতি, চালি, চলন, আচার, ব্যবহার লৌকিক কর্ম্ম।
আচরিত, কৃতাচরণ, ব্যবহৃত।
আচান্ত, কৃতাচমন।
আচাম, আচমন, ভাতের মাড।
আচার, ব্যবহার, চরিত্র, বৃত্ত, শীল, রীতি, ধারা, চালি।
আচারবর্জ্জিত, আচার রহিত, অনাচারী।
আচারী, আচার বিশিষ্ট, আচারান্বিত, হেলঞ্চাশাক।
আচার্য্য, বেদাধ্যাপক, উপদেষ্টা, শিক্ষা দাতা, পাঠগুরু, শিক্ষা গুরু।
আচার্য্যা, মন্ত্র ব্যাখ্যাকর্ত্রী।
আচার্য্যাণী, আচার্য্যস্ত্রী, গুরু পত্নী।
আচালা, অচালিত, স্থূল, মোটা।
আচোট, আঘাত, অনাকৃষ্ট, যে ভূমিতে কখন কুদ্দাল সংযোগ হয় নাই।
আচ্ছন্ন, আচ্ছাদিত, আবৃত, ঢাকা, বেষ্টিত।
আচ্ছা, ভাল; উত্তম; স্বীকার।
আচ্ছাদ, বস্ত্র, অম্বর, বাস।
আচ্ছাদক, আবরক, ঢাকন, গোপন।
আচ্ছাদন, বস্ত্র; আবরণ, ঢাকন।
আচ্ছাদিত, কৃতাচ্ছাদন, আবৃত।
আচ্ছুক, বৃক্ষ বিশেষ, আচ্ফুল গাছ।
আচ্ছুরিত, সশব্দ হাস্য, নখ বাদ্য।
আচ্ছুরিতক, হাস্য, নখাঘাত।
আচ্ছেদ, ছেদন, কাটন, কর্ত্তন।
আচ্ছেদন, মৃগয়া, শিকার।
আছড়ন, আঘাত করণ, তাড়ন, অবক্ষেপণ।
আছড়ান, আঘাত, তাড়ন, অবক্ষেপণ।
আছাড়, উৎপতন, অবক্ষেপ; আঘাত।
আছোলা, আকাটা, অপরিস্কৃত।
আজ, ঘৃত, আজু, অদ্য, এই দিন।
আজক, অজ সমূহ, ছাগলের পাল।
আজগব, শিব ধনু, শিব কার্ম্মুক।
আজড়ান, মোচন, তুলিয়া লওয়া।
আজনাই, আজিনেয়, জন্তু বিশেষ, আঞ্জিন।
আজন্ম, জন্ম অবধি, জন্ম কাল যাবৎ।
আজড়, মোচন, অবসর।
আজাড়ন, অবসর, পরিষ্কার।
আজান, অজ্ঞাত, অপরাচত।
আজানু, জঙ্ঘা পর্য্যন্ত, জানু অবধি।
আজানুলম্বিতবাহু, জঙ্ঘা পর্য্যন্ত বিস্তীর্ণ হস্ত। [দিন।
আজি, যুদ্ধ, সমর ভূমি, অদ্য, এই
আজীব, জীবিকা, জীবনোপায়, বৃত্তি।
আজীবন, জীবন পর্য্যন্ত।
আজু, অদ্য, বর্ত্তমান দিন। [বেগার।
আজু, বেতন বিনা কর্ম্মকর, অবেতন।
আজ্ঞপ্ত, অনুমতি প্রাপ্ত, আদেশিত।
আজ্ঞা, আদেশ, নিদেশ, নির্দ্দেশ, শাসন।
আজ্ঞাকারী, আদেশানুরূপ কর্ম্মকারী, আজ্ঞাবহ, আজ্ঞানুবর্ত্তী।
আজ্ঞাচক্র, ষট্ চক্রান্তর্গত ষষ্ঠচক্র।
আজ্ঞাপক, আজ্ঞা কর্ত্তা, আদেশকারক। [লিখন, হুকুমনামা।
আজ্ঞাপত্র, আদেশ লিপি, নির্দ্দেশ

আজ্ঞাপন, বিজ্ঞাপন, জানান।
আজ্ঞাপিত, আজ্ঞপ্ত, আদেশিত।
আজ্ঞাপ্ত, আজ্ঞা লব্ধ, আজ্ঞা প্রাপ্ত।
আজ্ঞাবর্ত্তী, আজ্ঞবশ, আজ্ঞাবহ, আজ্ঞাধীন।
আজ্ঞাবহ, আজ্ঞাকারী, আজ্ঞাধীন।
আজ্য, ঘৃত, হবি।
আজ্যভাগ, হোমীয় ঘৃতের অংশ।
আঝাল, কটু রস বিহীন, ঝাল রহিত।
আঞ্জনেয়, অঞ্জনা বানরী পুত্র, হনুমান।
আঞ্জিনেয়, জন্তু বিশেষ, আজনাই, আঞ্জুনে। [বন্ধক।
আটক, আবরণ; বাধা; প্রতি-
আটকন, বদ্ধ করণ, রোধ করণ।
আটকপালিয়া, দুর্ভাগ্য, মন্দভাগ্য, দুরদৃষ্ট, হতভাগা।
আটকান, প্রতিবন্ধ, রুদ্ধ।
আটকাল, অনুমান; যুক্তি, অনুভব।
আটপটাঙ্গ, প্রাগল্‌ভ্য, দাম্ভিকতা।
আটপলি, অষ্ট কোণ, অষ্ট পৃষ্ঠ।
আটপিটা, উদ্যোগী, পরিশ্রমী, সুচতুর; দুর্ব্বৃত্ত, দুষ্ট, গোঁয়ার।
আট প্রহর, অষ্ট যাম, সমস্ত দিন ও রাত্রি, দিবা রাত্রি।
আটল, বক্র, বাঁকা, আড।
আটলা, আটি, বিড়া গোছা।
আটসট, গণন, সংখ্যা, মোট।
আটা, গোধূম চূর্ণ, গমের গুঁড়া।
আটাপার, অশক্ত, কোমল, নরম তুলতুলে।
আটাসীমি, নির্ব্বুদ্ধিত, জড়ত, মূর্খতা।
আটাসীর, অষ্টম মাসে জাত।
আটি, পক্ষি বিশেষ; শরালি, পুলা।
আটীকর, দৃঢ়, দৃঢ়, ষাঁড়।
আটোপ, দর্প, অহঙ্কার; বায়ু জন্য উদর গুড়গুড়া শব্দ; পেটের ডাক।
আঠা, কাথ, নির্য্যাস, বৃক্ষের রস।
আঠালু, আঁটালি, জন্তুর গাত্রের কীট।

আঠি, অষ্টি, বীজ, বীচ। [ধান।
আড়, প্রস্থ, পরিসর; বক্র, বাঁকা; ব্যব
আড়কাটি, কাণ্ডারী; দেশ বিশেষ।
আড়কাঠা, গৃহের উপরিস্থ প্রস্থ কাষ্ঠ, কড়ি কাঠ।
আড়গড়, অশ্বশালা, আস্তবল।
আড়ঙ্গ, গঞ্জ, দ্রব্য বিক্রয় স্থান।
আড়চা, লোভ, লালসা; ঈষৎ সঙ্কেত; বক্র; বাঁক।
আড়ষ্ট, আডষ্ট, অবশ, স্তব্ধ।
আড়ৎ, গঞ্জ, ব্যবসায়াগার, দোকান।
আড়ন, বক্র হওন, নম্রতা, বেঁকন, ক্ষেপণ।
আডপাপড়া, গদা, যষ্টি, লাঠী।
আড়পার, নদী পার; অপর তট।
আড়বাড়, সর্ব্বত্র, সকল স্থান।
আড়ম্বর, তূর্য্যরব, ঢক্কা বাদ্য; সমারোহ; ঘটা।
আড়ম্বরী সমারোহ; ঘটা; অহঙ্কার।
তাডর, আড়ৎ, বাণিজ্যালয়, দোকান।
আড়রী, আড়ুলী; কূল, কাঁধা, কিনার, ধার।
আড়ষ্ট, অবশ, স্তব্ধ, বিহ্বল। [স্থান।
আড়স, জঞ্জাল, আবর্জনা, নিক্ষিপ্ত
আড়া, বক্র, বাঁকা।
আড়াই, সার্দ্ধদ্বয়; অর্দ্ধেরসহিত দুই।
আড়ান, বক্রীভূত, বাঁকা।
আড়ানি, আতপত্র; পাখাবিশেষ।
আড়ামোড়া, গাত্রভঙ্গি, শরীর ভঙ্গি।
আড়াল, আচ্ছাদন, গোপন, পর্দ্দা, যবনিকা।
আড়ি, মৎস্যবিশেষ, আইড়মাচ; পণ, প্রতিজ্ঞা; ক্রোধ, দ্বেষ, হিংসা।
আড়িপাতন, গোপনে থাকন, রহস্য শ্রবণ। [হত্যাকারী।
আড়িপাতনীয়া, গুপ্তঘাতক, গোপনে
আড়ুমাড়ু, অশ্রুপাক, বয়নোপক্রম।
আড়ুরা, বিলম্ব করণের ছল।
আড়ুরি, ধার, তটস্থ উচ্চস্থান।

আড়ুলি, ধার, তট, তটস্থ উচ্চস্থান।
আড়ু, উড়ুপ, ভেলা, মাড়।
আড়ড়া, স্থান, আখড়া, উত্তরণ স্থান।
আঢ়ক, চতুঃপ্রস্থপরিমাণ, আঢ়ী, দ্রোণচতুর্থভাগ।
আঢ়কিক, আঢ়কপরিমাণ, বীজবপনাদিযোগ্যক্ষেত্রাদি।
আঢ়কী, শমীধান্যবিশেষ।
আঢ়কীন, আঢ়ক পরিমাণ বীজবপনযোগ্য ক্ষেত্রাদি।
আঢাকা, অনাচ্ছাদিত, খোলা।
আঢ়ি, পরিমাণ বিশেষ।
আঢ্য, ধনবান; যুক্ত, বিশিষ্ট, অন্বিত; ধনাঢ্য; গুণাঢ্য; সম্পন্ন।
আণি, কোণ, অস্ত্রি; সীমা।
আণ্টাল, বর্ত্তুলাকার বস্তু, গুলী, ভাঁটা।
আণ্ডা, অণ্ড, ডিম্ব, ডিম্।
আণ্ডাল, ভাঁটা, গোলাকৃতিক্রীড়্যবস্তু।
আণ্ডেল, অতিশয় ধনী, বহুঅর্থবিশিষ্ট।
[ধ্বনি।
আতঙ্ক, শঙ্কা, ভয়; তাপ; মুরজ-
আতঞ্চন, আপ্যায়ন, তর্পণ; উপদ্রব।
আততায়ী, বধোদ্যত, অনিষ্টকারী।
আতপ, রৌদ্র, সূর্য্যের কিরণ, সূর্য্যালোক।
আতপত্র, ছত্র, ছাতী।
আতপত্রক, ছত্র, ছাতী।
আতপবারণ, ছত্র, ছাতী।
আতপাভাব, ছায়া; রৌদ্রাভাব।
আতর, তরপণ্য, পারাণি কড়ি; সুগন্ধিদ্রব্য বিশেষ।
আতর্পণ, প্রীণন, তৃপ্তি; মঙ্গলালেপন, আলিপনা।
আতস, অগ্নি; উত্তাপ।
আতসবাজী, অগ্নি ক্রীড়া।
আতা, ফলবিশেষ, আতৃপ্য।
আতাই, বেতন বিনা বাদ্যকর।
আতান্তর, দূরবন্ধ; সঙ্কট, বিপদ।
আতাপী, পক্ষিবিশেষ, চিল।
আতায়িপনা, ধূর্ত্ততা, খলতা, শঠতা।
আতায়ী, ধূর্ত্ত, শঠ; চিল।
আতার, তরপণ্য, পারাণি কড়ী।
আতারিকাতরি, যন্ত্রণা, যাতনা, কাকূক্তি; কাতর্য্য।
আতালি, মাচা, মঞ্চ, ভারা।
আতালীপাতালি, সর্ব্বত্র; সর্ব্ববিষয়ে; চারিদিকে।
আতি, পক্ষী, বিহঙ্গ।
আতিথেয়, অতিথি সেবাকারক, অতিথি পূজক।
আতিথ্য, অতিথির ভক্ষণাদি দ্রব্য, অতিথিসেবা।
আতিদেশিক, অতিদেশপ্রাপ্ত, অন্য বিধি হইতে উপস্থিত।
আতু, ভেলক, ভেলা, মাড়। [স্তু।
আতুথাতু, অতিশয় স্নেহ, রক্ষার্থ যত্না
আতুর, রোগী, পীড়িত, গতিশক্তিরহিত।
আতৃপ্য, ফলবিশেষ, আতা।
আতেল, অতৈল, তৈলরহিত।
আতোদ্য, বাদ্য, বীণা, মুরজ কাংস্য বংশ্যাদির শব্দ।
আত্ত, গৃহীত, প্রাপ্ত। [ভূত।
আত্তগন্ধ, গৃহীতগন্ধ, হতদর্প, অভি-
আত্তগর্ব্ব, খণ্ডিত গর্ব্ব, অহঙ্কারচূর্ণ, ভগ্নদর্প।
আত্তি, স্তু; আস্থা।
আত্ম, স্বয়ং, আপন।
আত্মকলহ, সুহৃৎসঙ্গে বিবাদ, বন্ধুরসহিত কলহ। [দর্প, অহঙ্কার।
আত্মগরিমা, আত্মশ্লাঘা, অহমিকা,
আত্মগুপ্তা, লতাবিশেষ, আলকুশী।
আত্মগ্রাহী, আত্মম্ভরি, স্বার্থপর।
আত্মঘাত, আত্মহত্যা, আত্মযত্নে মরণ।
আত্মঘোষ, কাক; কুক্কুট।
আত্মজ, পুত্র, অঙ্গজ, সুত।
আত্মজন্মা, পুত্র, তনয়, সন্তান।
আত্মজা, কন্যা, পুত্রী, দুহিতা।

আত্মতা, বন্ধুতা, প্রণয় ; সদ্ভাব।
আত্মদর্শ, দর্পণ, মুকুর ।
আত্মদেবতা, ইষ্টদেবতা।
আত্মনীন, সুত; আত্মহিতকারী অথবা আত্মসম্বন্ধী।
আত্মবন্ধু, পিতৃ ভগিনীপুত্র মাতৃভগিনীপুত্র মাতুলপুত্র, সহৃদ্বর্গ।
আত্মবশ, স্বাধীন স্ববশ।
আত্মবিস্মৃত, আপনাকে ভোল, আপনার বিস্মরণ।
আত্মভূ, ব্রহ্মা; কামদেব, বিষ্ণু, শিব।
আত্মম্ভরি, স্বোদরপূরক, স্বার্থপর।
আত্মযোনি, ব্রহ্মা; বিষ্ণু, শিব, কামদেব।
আত্মরক্ষা, আপনার রক্ষণ, আত্মত্রাণ।
আত্মশ্লাঘা, আত্মগর্ব্ব, স্বীয়প্রশংসা।
আত্মসাৎ, আপনার আয়ত্ত, হস্তগত।
আত্মহত্যা, আত্মঘাত, স্ববধ।
আত্মহা, আত্মহত্যাকারী, আত্মঘাতী
আত্মা, ব্রহ্ম, জীব, দেহ, মন।
আত্মাধীন, আপনার অধীন স্বীয়-আয়ত্ত, পুত্র, প্রাণধারক।
আত্মাভিমত, আত্মসম্মত, আপনার মতানুযায়ী।
আত্মাশী, মৎস্য, মীন।
আত্মাশ্রয়, তর্কবিশেষ, আত্মাবলম্বন।
আত্মীয়, স্বকীয়, অন্তরঙ্গ, স্বজন।
আত্মীয়তা, হৃদ্যতা, বন্ধুতা, অন্তরঙ্গতা।
আত্মোদ্ভবা, কন্যা, পুত্রী।
আত্যন্তিক, অতিশয়, বিস্তর, সম্পূর্ণ।
আত্রেয়, অত্রিমুনিপুত্র, দুর্ব্বাসা, চন্দ্র
আত্রেয়িকা, নদীবিশেষ, রজস্বলা।
আত্রেয়ী, নদীবিশেষ।
আথর্ব্বণ, পুরোহিত, অথর্ব্ববেদজ্ঞ-ব্রাহ্মণ।
আদ, অর্দ্ধ, অর্দ্ধেক, সমবিভাগ।
আদকপালিয়া, রোগবিশেষ, শিরঃ-পীড়া।
আদর, সমাদর, সম্মান, মর্য্যাদা।
আদরা, চিহ্ন, অঙ্ক, দাগ।
আদর্য্য, আদরণীয়, আদরোপযুক্ত।
আদর্শ, দর্পণ; প্রতিপুস্তক।
আদা, আর্দ্রক।
আদাআদি, অর্দ্ধার্দ্ধি, অর্দ্ধ ভাগ।
আদাড়, জঞ্জালস্থান, কুস্থল।
আদাড়ে, অদম্য, দুর্দম্য।
আদান, গ্রহণ, লওন ; অলঙ্কার।
আদানপ্রদান, দেওয়া, লওয়া।
আদায়, গ্রহণ, লওন, পরিশোধ।
আদি, পূর্ব্ব, প্রথম, মূল, অগ্র।
আদিকবি, ব্রহ্মা, বাল্মীকি মুনি।
আদিকারণ, পূর্ব্বনিমিত্ত, মূলহেতু নিদান।
আদিতেয়, আদিতি পুত্র, দেবতা।
আদিত্য, দেবতা, সূর্য্য, দিবাকর, অর্কবৃক্ষ, আকন্দ।
আদিত্যপুষ্পিকা, লোহিতার্কবৃক্ষ, রাঙ্গা আকন্দ।
আদিত্যভক্ত, ওষধিবিশেষ, হুড়হুড়ি।
আদিত্যসূনু, সুগ্রীব বানর, যম, শনৈশ্চর, সাবর্ণিমনু, বৈবস্বত মনু।
আদিদেব, নারায়ণ, বিষ্ণু।
আদিবরাহ, বিষ্ণু, বরাহ অবতার
আদিম, আদ্য, প্রথমে উৎপন্ন বস্তু
আদিরাজ, পৃথুরাজ।
আদিষ্ট, আদেশিত, আজ্ঞাপ্ত, কথিত, আদেশ করণ।
আদীনব, ক্লেশ ; দোষ।
আদীপন, আলিম্পনা, আলিপন
আদুড়, অনাবৃত, অনাচ্ছাদিত, খোলা, আঢাকা।
আদুর্ডায়, অপরিপক্ব; অপরিমিত।
আদৃত, আদরান্বিত, সাদর, সম্মানান্বিত, পূজিত, সম্মানিত।
আদৃত্য, আদরণীয়, আদরযোগ্য।
আদৃষ্টি, অবলোকনাবধি, দর্শনপর্য্যন্ত।
আদেশ, আজ্ঞা, অনুমতি ; বর্ণান্তর।

উৎপত্তি; প্রকৃতি প্রত্যয়ের উপঘাতিকার্য্য। [কারক।
আদেশী, দৈবজ্ঞ, গণক; আজ্ঞা-
আদেষ্টা, আজ্ঞাদায়ক,অনুমতিপ্রদ, আদেশ কর্ত্তা।
আদৌ, প্রথমে, অগ্রে, পূর্ব্বে।
আদ্দাশ, নিবেদন; অভিযোগ।
আদ্য, প্রথম; ভোজনীয় দ্রব্য।
আদ্যকবি, বল্মীকিমুনি; ব্রহ্মা।
আদ্যন্ত, আদ্যপ্রান্ত, প্রথমাবধি শেষ পর্য্যন্ত।
আদ্যবীজ, আদিকারণ, প্রথমনিমিত্ত।
আদ্যমাষক, মাষকপরিমাণ, এক মাষ, পঞ্চরত্তিকা, পাঁচ রতি।
আদ্যা, প্রথমা, মূলীভূতা; দুর্গা, কালী, তারা, ত্রিপুরা সুন্দরী, ভুবনেশ্বরী।
আদূন, ঔদরিক, পেটুক; স্বার্থপর।
আদ্যোপান্ত, পূর্ব্বাপর, প্রথমাবধি, ইত্তক নাগাদ।
আদ্রিয়মাণ, আদৃত, মর্য্যাদান্বিত।
আধ, আধা, অর্দ্ধ।
আধকপালিয়, শিরোরোগ বিশেষ, অর্দ্ধশিরোবেদন।
আধমন, বন্ধক, বাঁধ।
আধর্ষণ, দোষ সপ্রমাণ করণ।
আধল, ইষ্টকার্দ্ধ; অর্দ্ধেক।
আধলি, অর্দ্ধমুদ্রা, আধটাকা।
আধান, গর্ভাধান, অগ্ন্যাধান, স্থাপিতদ্রব্য। [সংস্কার
আধানিক, আধুনিক; গর্ভাধান
আধার, অধিকরণ, পাত্র, আলবাল, বাঁধ।
আধার্ম্মিক, অধার্ম্মিক, ধর্ম্মরহিত।
আধি, মনঃপীড়া; বন্ধক; ব্যসন।
আধিক্য, অধিকত্ব, অতিশয়তা।
আধিজ্ঞ, বক্র, বাঁকা; ব্যথিত, বেদনা প্রাপ্ত।
আধিদৈবিক, দৈবযক্ত, দৈবাধীন।
আধিপত্য স্বামিত্ব, প্রভুত্ব, ঐশ্বর্য্য।
আধিবেদনিক, দ্বিতীয়বিবাহার্থ প্রথম স্ত্রীকে দত্ত ধনাদি।
আধিভোগ, বন্ধক দ্রব্যের ভোগ, বাঁধাদ্রব্য ভোগকরা।
আধুড়ীয়, অপরিপক, অপরিমিত।
আধুত, কম্পিত, দোলায়িত, আন্দোলিত। [অধুনাতন, নব্য।
আধুনিক, ইদানীন্তন, সংপ্রতিকার,
আধেক, অৰ্দ্ধেক, অর্দ্ধ।
আধেয়, আধার স্থিত বস্তু, ধারণীয়।
আধোয়া, অধৌত, অপ্রক্ষালিত।
আধোরণ, হস্তিপক, মাহুত।
আধ্মাত, শব্দিত, দগ্ধ, বাতরোগবিশেষ; সংহত।
আধ্মান, বায়ুরোগ, মরুৎযোগেস্ফীত হওন।
আধ্যা, চিন্তা, ভাবনা, স্মৃতি।
আধ্যাত্মিক, স্বভাবিক, আন্তরিক।
আধ্যান, ধ্যান, চিন্তা, ভাবনা।
আধ্যাপক, অধ্যাপক, পাঠগুরু।
আধ্বনীন, পথিক, পান্থ, পাথেয়, পথখরচ।
আন, উচ্ছ্বাস, বহির্মুখশ্বাস, অন্য।
আনক, পটহ, ভেরী, মৃদঙ্গ।
আনকদুন্দুভি, বসুদেব; বৃহড্ঢক্কা।
আনখা, অনীপ্সিত, অজ্ঞানিত, অপরিচিত।
আনত, অবনত, প্রহ্বীভূত।
আনদ্ধ, বদ্ধ, মিলিত, সজ্জিত।
আনন, মুখ, বদন, আস্য।
আনন্তর্য্য, পশ্চাদ্ভাব, শেষ, অনন্তরার্থ।
আনন্দ, আহ্লাদ, হর্ষ; সুখ।
আনন্দথু, আহ্লাদ, হর্ষ।
আনন্দন, হর্ষ, আলিঙ্গন; আমন্ত্রণ।
আনন্দপট, নবোঢ়াবস্ত্র, নূতন বিবাহের কাপড়।
আনন্দপ্রভাব, রেতঃ বীর্য্য, শুক্র।
আনন্দময়কোষ, স্বত্বপ্রধানাজ্ঞান,

কারণশরীর, সুষুপ্তি।
আনন্দি, হর্ষ, আহ্লাদ, সুখ।
আনন্দিত, আনন্দযুক্ত, হর্ষান্বিত।
অনন্দী, আনন্দবিশিষ্ট; বৃক্ষবিশেষ।
আনয়ন, স্থানান্তরনয়ন, আনা।
আনর্ত্ত, দেশবিশেষ; দ্বারকা; নৃত্যস্থান; যুদ্ধ; আনর্ত্ত দেশবাসী লোক।
আনল, অনল, অগ্নি, বহ্নি।
আনা, আনয়ন, ষোড়শাংশের একাংশ।
আনাগোনা; গমনাগমন, যাতায়াত।
আনাজ, তরকারী, ফলমূলাদি।
আনাড়, অচালিত, স্থির।
আনাড়ী, অকর্ম্মা, মূর্খ, অজ্ঞান।
আনাড়িপনা, মূর্খতা, অজ্ঞতা।
আনান, আনীত, যাহা আনাগিয়াছে।
আনায়ৎ, স্থির, মজুত।
আনায়, জাল, ফাঁদ।
আনায্য, দক্ষিণাগ্নি, দক্ষিণ দিকস্থ অগ্নি।
আনাহ, মলমূত্র রোধক রোগ, কোষ্ঠবদ্ধ।
আনি, আনা, ষোড়শাংশের একাংশ।
আনিলি, হনূমান্।
আনুকূল্য, অনুকূলতা, সহায়তা।
আনুগত্য, তোষামোদ, অনুগমন করা, নিকটে থাকন।
আনুপূর্ব্ব, ক্রমিক, অনুক্রম।
আনুপূর্ব্ব্য, পরিপাটি, অনুক্রমতা।
আনুবিধিৎসা, উপকৃতের উপকারেচ্ছা, কৃতজ্ঞতা। [সম্বন্ধীয়।
আনুভাব্য, অনুভাবনীয়, অনুভব
আনুমানিক, অনুমান সম্বন্ধীয়, অনুমানবিষয়ীভূত।
আনুরক্তি, অনুরাগ, প্রণয়।
আনুষঙ্গিক, প্রসঙ্গাধীন, প্রস্তাবক্রমে।
আনূপ, অনূপদেশস্থ জন্তুমাত্র।
আনৃশংস্য, অনিষ্ঠুরতা, অক্রূরতা।
আনেতা, আহর্ত্তা, আনয়ন কর্ত্তা।
আনোখা, অপরিচিত, অনীক্ষিত।
আনোট, আঙ্গুরীয়ক, আঙ্গটী।

আন্তরিক, অন্তঃকরণ সম্বন্ধীয়, অন্তরস্থ।
আন্তরীণ, অন্তরস্থ, অন্তর্ব্বর্ত্তী।
আন্তরীক্ষ, গগণ, অকাশ।
আন্তিকা, জেষ্ঠাভগনী।
আন্ত্রিক, অন্ত্রসম্বন্ধীয়, আন্তরিক, আঁতস্থ। [শীলন,।
আন্দোলন, দোলন, ঝোলন; অনু-
আন্দোলিত, দোলিত, কম্পিত; অনুশীলিত।
আন্ধসিক; পাচক, সূপকার, রন্ধনকর্ত্তা।
আন্মন, অন্যমনস্ক, অন্যচিত্ত।
আন্বয়িক, প্রশস্ত কুলজাত, সৎকুলোদ্ভব, কুলীন।
আন্বীক্ষিকী, তর্কবিদ্যা, ন্যায়বিদ্যা।
আপক্ক, ঈষৎপক্ক; রুটি।
আপগা, নদী, স্রোতস্বতী।
আপণ, পণ্যবিক্রয়শালা, দোকান।
আপণিক, বণিক্, ব্যবসায়ী, দোকানি।
আপাতিক, শ্যেনপক্ষী; দৈবায়ত্ত, দৈবাৎ।
আপৎ, বিপৎ, বিপত্তি।
আপত্তি, দোষ, বাধকতা, প্রতিবন্ধক।
আপৎপ্রাপ্ত, বিপদগ্রস্ত, বিপন্ন।
আপদ, বিপদ্, বিপত্তি, ব্যাঘাত।
আপন, নিজ, আত্মীয়, স্বীয়।
আপনাপনি, স্বয়ং, স্বেচ্ছাক্রমে।
আপনি, স্বয়ং, নিজ। [বিপন্ন।
আপন্ন, আপদগ্রস্ত, আপৎপ্রাপ্ত,
আপন্নসত্ত্বা, গর্ব্ভবতী, গর্ব্বিণী, অন্তঃস্বত্ত্বা। ' করিয়া লওয়া।
আপমিত্যক, বিনিময় প্রাপ্ত, বদল-
আপ, আপাব, মধ্যলেখা।
আপাক, পয়ন, কুম্ভকারের মৃৎপাত্রদহনস্থান, পোয়ান। [সময়।
আপাত, পতন, পড়া; তৎকাল, সেই
আপাতক, তাৎকালিক; হঠাৎ; এক্ষণে।
আপাততঃ, সম্প্রতি, এক্ষণকার মত।
আপাদনীয়, প্রাপ্য, প্রাপণযোগ্য।

আপাদমস্তক, চরণাবধি শিরঃপর্য্যন্ত।
আপান, মদ্যপানার্থ সভা, মদ খাইবার চক্র। [অসংখ্য।
আপার, অপার, অসীম, অগণনীয়,
আপালি, কেশকীট, উৎকুণ, উকুণ।
আপিঞ্জর, স্বর্ণ, হেম, কাঞ্চন, সুবর্ণ।
আপীড, শিখাস্থিত মাল্য, শেখর, শিরোমালা, শিরোভূষণ।
আপীন, গোরুর পালান্‌, গোস্তন, ঈষৎ স্থূল, সম্যক্‌ স্থূল।
আপূপিক, পিষ্টকজীবী, পিষ্টকবিক্রয় কর্ত্তা, রুটিওয়ালা। [প্রভৃতি।
আপূপ্য, শক্তু, ছাতু, ময়দা, বেসন-
আপূর্ত্তি, ঈষৎপূরণ, সম্যক্‌ পূরণ।
আপুষ, রঙ্গ, ত্রপু, রাং।
আপৃচ্ছা, আভাষণ, আলাপ, জিজ্ঞাসা, প্রশ্ন।
আপ্ত, প্রত্যয়িত, বিশ্বস্ত, লব্ধ।
আপ্তগর্ব্ব, প্রাপ্তাহঙ্কার, দম্ভবিশিষ্ট।
আপ্তগ্রাহী, স্বার্থপর, আত্মম্ভরি।
আপ্তবর্গ, আত্মীয় স্বজন, বন্ধুবান্ধব।
আপ্তসার, আত্মরক্ষণ, স্বীয়দেহ পালন; স্বায়ত্ত, আত্মসাৎ।
আপ্তি, প্রাপ্তি, সম্বন্ধ, যোগ, লাভ।
আপ্তোক্তি, সিদ্ধান্তবাক্য, আপ্তবচন, বিশ্বস্ত ব্যক্তির কথা।
আপ্যায়ন, তর্পণ, প্রীণন, তৃপ্তি।
আপ্যায়িত, তৃপ্ত, প্রীত, সন্তুষ্ট।
আপ্রচ্ছন, গমনাগমন সময়ে সুহৃদ্‌সঙ্গে কুশল জিজ্ঞাসার আনন্দ।
আপ্রপদ, পাদাগ্রপর্য্যন্ত, পাদাগ্রবধি। [মাল্যবস্ত্রাদি।
আপ্রপদীন, পাদাগ্রপর্য্যন্ত পতিত-
আপ্লব, স্নান, অবগাহন।
আপ্লবন, জলব্যাপ্তি, জলময় হওন।
আপ্লাবন, জলময়, বন্যা।
আপ্লুত, স্নাত, কৃতাবগাহন, জলার্দ্র।
আফা, মৎস্যোৎপ্লবন; জলক্রান্তি।

আফাকল, মৎস্যধারণ যন্ত্র বিশেষ, বাড, আড়া।
আফানি, মৎস্য লম্ফন।
আফিঙ্গ, আফিম, অহিফেণ।
আফিমী, আফিণভোক্তা।
আফুক, অফেণ, অহিফেণ, আফিঙ্গ।
আবন্ধন, বন্ধন, বাঁধন, আচ্ছাদন।
আবটন, আবর্ত্তন, আওটান।
আবডন, আবর্ত্তন, ঘূর্ণন, ঘুরণ, মর্দ্দন, ঘোঁটন। [আড়াল।
আবডাল, ব্যবধান, অন্তরাল,
আবদার, অখ্‌ড়ি, আখুটী, জেদ, বালকদের কোটী। [বালক।
আবদারীয়, খেঁকানিয়া, কোটিকারী
আবন্ধ, দৃঢ়বন্ধন, বাঁধ, ব্যাপৃত।
আবনেয়, মঙ্গলগ্রহ।
আবন্ধ, যোক্ত্র, যোৎ দড়ী, বন্ধন।
আবপন, সম্যক্ কৃষিকর্ম্ম, সম্যগ্বীজ রোপণ অথবা তন্তু বপন।
আবর, অনভিজ্ঞ, মূঢ়, অজ্ঞান হিতাহিত জ্ঞানাসমর্থ।
আবরণ, আচ্ছাদন, ঢাকন।
আবরণশক্তি, মায়াশক্তি, মহামায়া।
আবরা, ঈষৎবৃষ্টি, জলক্ষরণ।
আবরাণ, অল্পবর্ষণ, ক্ষরণ, সূক্ষ্মজল কণার পতন।
আবর্জ্জন, জঞ্জাল, নিক্ষেপণ।
আবর্ত্ত, জলভ্রম, ঘূর্ণা, আবর্ত্তন।
আবর্ত্তন, দুগ্ধাদি আলোড়ন, আওটান, ধাতুদ্রব্য দ্রবকরণ, গলান।
আবর্ত্তনী, ধাতুদ্রব্য গলনপাত্র, মূচী
আবর্হিত, উন্মূলিত, উৎপাটিত।
আবলি, শ্রেণী, পংক্তি, সারি।
আবলী, আলী, সেতু, শ্রেণী, পংক্তি
আবল্য, অবলহওয়া, দৌর্বল্য
আবশ্য, অবশ্য, নিয়ম, নিশ্চয়।
আবশ্যক, অবশ্যকর্ত্তব্য; প্রয়োজন নৈশ্চয়িক, উচিত।

আবসথ, গৃহ, ভবন, বাটী।
আবসিত, পরিপক্ক মর্দ্দিত ধান্য, সম্পন্নধান্য। [বিশেষ, ভূবায়ু।
আবহ, সপ্তবায়ুর অন্তর্গত বায়ু-
আবহমান, ক্রমাগত, পূর্ব্বাপর।
আবাচ্য, অবাচ্য, অকথ্য, উপস্থ; ভগ।
আবাধা, সম্যক্‌বাধা, পীড়া, ক্ষেত্র-বিদ্যায় লম্বের পার্শ্বস্থ ভূখণ্ড।
আবাপ, বপন, পরিক্ষেপ, যোগকরণ।
আবারি, হট্টবেশ্ম, দোকান।
আবাল, বালকশুদ্ধ; বাল্যাবধি, বালক কাল যাবৎ।
আবালবৃদ্ধ, বালকাবধি বৃদ্ধ পর্য্যন্ত।
আবালবৃদ্ধবনিতা, বালক বৃদ্ধ স্ত্রী-লোক সমুদায়। [কালযাবৎ।
আবাল্য, বাল্যাবস্থাপর্য্যন্ত, বালক-
আবাস, গৃহ, বাসস্থান।
আবাহন, আহ্বান, নিমন্ত্রণ।
আবাহনী, মুদ্রাবিশেষ।
আবিক, কম্বল, মেষ লোম জাতাসন।
আবিদ্ধ, ঈষৎবিদ্ধ, অত্যল্প বেধ।
আবিধ, কাষ্ঠবেধনাস্ত্র, তুরপণ, ভোমর।
আবির্ভাব, প্রকাশ; দেবাবতরণ, প্রাদুর্ভাব; অধিষ্ঠান।
আবির্ভূত, প্রকাশিত, অধিষ্ঠিত, অবতীর্ণ।
আবিল, অনচ্ছ, অনির্ম্মল, ঘোলা।
আবিষ্কার, প্রকাশ, আক্ষেপ, খেদ।
আবিষ্কৃত, প্রকাশিত, প্রকটিত।
আবিষ্ট, আবেশযুক্ত, নিবিষ্ট, অভি-রত, রহিত, মনোযোগী।
আবিস্, ব্যক্ত, প্রকাশ।
আবু, গলগণ্ড, শরীরের গণ্ড।
আবুক, নাট্যোক্তিতে পিতা।
আবুত্ত, নাট্যোক্তিতে ভগিনীপতি।
আবৃত, আবরণকরা, রুদ্ধ, আবদ্ধ।
আবৃতি, আবরণ, ঘেরাও, বেড়া।
আবৃৎ, অনুক্রম, পরিপাটী।
আবৃত্ত, আগত; আচ্ছাদিত।

আবৃত্তি, অভ্যসন, আওড়ান, পুনঃ২ পাঠ করিয়া কণ্ঠস্থ করণ।
আবেগ, ত্বরা, শীঘ্রতা, দ্রুততা।
আবেদন, নিবেদন, জ্ঞাপন, অভি-যোগ, নালিস, দরখাস্ত।
আবেশ, সঞ্চার, আসক্তি, অভিনি-বেশ, মনঃসংযোগ।
আবেশন, শিল্পশালা, ভূতাবেশ, প্রবেশ; কোপ।
আবেষ্টক, প্রাচীরাদি, পাঁচীল, বেড়া।
আবোধন, জ্ঞান, বুদ্ধি, মতি।
আবোর, মূর্খ, অবোধ; অসভ্য।
আভরণ, ভূষণ, অলঙ্কার।
আভা, শোভা, কান্তি, দীপ্তি, দ্যুতি, জ্যোতিঃ।
আভাতি, ছায়, প্রতিমূর্ত্তি।
আভাষ, ভূমিকা, অনুষ্ঠান।
আভাষণ, আলাপন, কথন, সম্ভাষণ।
আভাস, সদৃশ, প্রতিবিম্ব, দীপ্তি, অভিপ্রায়। [কর্ম্ম প্রযোক্তা।
আভিচারক, অভিচারকর্ত্তা, হিংসা
আভিজন, অভিজন সম্বন্ধী, কুলসম্ব-ন্ধীয়, গাঁই, পদবী।
আভিজাত্য, বংশসম্বন্ধীয়, কৌলীন্য, কুলীনতা, বংশ। [লোক্ত।
আভিধানিক, কোষবেত্তা, অভিধ-
আভিমুখ্য, সম্বোধন, অভিমুখ করা, সম্মুখগমন; সমক্ষবর্ত্তিতা।
আভীর, গোপ, আহির, গোয়ালা।
আভীরপল্লী, গোপপল্লী, গোয়াল-পাড়া, গোপগ্রাম, গোপ স্থান।
আভীরী, গোপ স্ত্রী, গোপপত্নী, আ-হিরিণী, গোয়ালিনী।
আভীল, কষ্ট, ক্লেশ, কৃচ্ছ্র।
আভীক্ষ্ণ, অত্যর্থ; নিত্য, সর্ব্বদা।
আভেরী, রাগিণী বিশেষ।
আভোগ, পরিপূর্ণতা; যত্ন।
আভ্যাসিক, শ্রুতিধর, অভ্যাসকর্ত্তা।
আম, পাকরহিত, অপক্ক, কাঁচা; অ-

সিক্ত ; রোগবিশেষ ; আমাশয়রোগ, আম্র। [বিশিষ্ট অপক্কমাংসাদি।
আমগন্ধি, গন্ধযুক্তচিতাধূমাদি ; গন্ধ-
আমণ্ড, এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।
আমন, ধান্যবিশেষ, শরৎপক্ক ধান্য।
আমনস্য, পীড়া, দুঃখ, কষ্ট।
আমন্ত্রণ, সম্বোধন, আহ্বান ; নিমন্ত্রণ।
আমবাত, রোগবিশেষ, আমবাৎ।
আময়, রোগ, পীড়া ; কুষ্ঠনাম ওষধি।
আময়াবী, রোগী, পীড়িত।
আমরক্ত, উদরাময়, রক্তমলস্রবপীড়া।
আমর্ষ, ক্রোধ, রোষ, রাগ।
আমলক, আমলকী বিশেষ।
আমলকী, ধাত্রীবৃক্ষ, আমলা।
আমলা, আমলকী ফল।
আমশূল, রোগবিশেষ, পেটশূল।
আম, অপক্ক ইষ্টক, কাঁচাপ, চ ইট।
আমাত্য, অমাত্য, মন্ত্রী, পাত্র।
আমানস্য, পীড়া, দুঃখ, ক্লেশ।
আমানী, কাঞ্জী, কাঁজী।
আমান্ন, অপক্কান্ন, তণ্ডুল, চাউল।
আমাশয়, অপক্কস্থান ; রোগবিশেষ।
আমাসার, ষট্‌প্রকার অতিসার মধ্যে এক অতিসার, রোগবিশেষ।
আমিষ, মাংস মৎস্যাদি ভোগ্যবস্তু।
আমিষপ্রিয়, কঙ্কপক্ষী, বাজপক্ষী, মাংসাভিলাষী।
আমিষাশী, মৎস্যমাংস ভোজনশীল, মৎস্যমাংসভোগী। [ছানা।
আমিক্ষা, পয়োবিকার, ক্ষীরস,
আমুক্ত, পিনদ্ধ, পরিহিত বস্ত্রাদি, ঈষৎ মুক্ত। [উড় বাঁশ।
আমুপ, কণ্টকযুক্ত বংশ বিশেষ, বে-
আমুষ্যায়ণ, সৎকুলজাত, সদ্বংশোদ্ভব
আমূল, মূলপর্য্যন্ত ; কারণ, গোড়া।
আমোদ, অতিদূরগামিগন্ধ, গন্ধ ; হর্ষ, আনন্দ।
আমোদন, হর্ষণ, আনন্দ উৎপাদন, আহ্লাদজনন, আমোদকরণ।
আমোদিত, আনন্দিত, হর্ষিত ; সুগন্ধিত। [গন্ধযুক্ত।
আমোদী, আমোদযুক্ত, হর্ষবিশিষ্ট ;
আম্নায়, বেদ, নিগম, উপদেশ।
আম্বল, টক, অম্ল।
আম্বিকেয়, ধৃতরাষ্ট্ররাজ, কার্ত্তিকেয়।
আম্র, ফল বৃক্ষ বিশেষ, চূত, আম।
আম্রপেশী, শুষ্কাম্রখণ্ড, আমসী, আমচুর। [আমড়া।
আম্রাত, আম্রাতক, বৃক্ষ বিশেষ,
আম্রাতক, বৃক্ষ বিশেষ, আমড়া।
আম্রাবর্ত্ত, আম্রশুষ্করস, আমসত্ত্ব।
আম্রেডন, পুনঃ২ কথন, পুনরুক্তি।
আম্রেড়িত, দ্বিস্ত্রিরুক্ত, দুই তিন বার কথিত, পুনঃ২ কথিত।
আম্ল, তেঁতুল, তিন্তিড়ী, টক।
আম্লবেতস, অম্লবেতসবৃক্ষ।
আম্লা, তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুল গাছ।
আম্লিক, তিন্তিড়ীবৃক্ষ ; তেঁতুলগাছ।
আয়, ধনাগম ; প্রাপ্তি, লাভ।
আয়ত, দীর্ঘ, লম্বা, বিস্তৃত।
আয়তন, যজ্ঞস্থান, দেবস্থান ; পরিসর, প্রস্থ, প্রশস্ত।
আয়তি, উত্তরকাল, ভবিষ্যৎকাল।
আয়ত্ত, অধীন, বশীভূত, বশতাপন্ন।
আয়ত্তি, স্নেহ ; বশিত্ব ; সামর্থ্য।
আয়স, লৌহ, লোহ।
আয়সী, লৌহময়কবচ, অঙ্গরক্ষিণী।
আয়স্ত, তেজিত ; ক্ষিপ্ত ; ক্লেশিত, কুপিত ; হত।
আয়া, পিতামহ ; বা মাতামহ ; আর্য্যক ; দাসীবিশেষ।
আয়াত, আগত, উপস্থিত।
আয়াতন, আয়তন, পরিসর, বিস্তার।
আয়াম, দৈর্ঘ, লম্বা।
আয়াস, শ্রান্তি ; শ্রম ; ক্লেশ, প্রয়াস।
আয়ু, জীবিতকাল, পরমায়ু, জীবন।
আয়ুক্ত, কর্ম্মাধ্যক্ষ, নিয়োগী, ব্যাপৃত।
আয়ুধ, অস্ত্র, বাণ, শর।

আয়ুধাগার, অস্ত্রগৃহ, সেলাখানা।
আয়ুধিক, অস্ত্রজীবী, শস্ত্রাজীব, অস্ত্রধারী।
আয়ুধীয়, অস্ত্রধারী, শস্ত্রাজীব।
আয়ুর্দ্দায়, জীবিত কাল, পরমায়ু।
আয়ুর্দ্রব্য, ঔষধ, ভেষজ।
আয়ুর্ব্বেদ, বৈদ্যকশাস্ত্র, চিকিৎসা শাস্ত্র, নিদান শাস্ত্র।
আয়ুর্ব্বেদী, আয়ুর্ব্বেদজ্ঞ, চিকিৎসক।
আয়ুর্যোগ, ঔষধ, ভেষজ।
আয়ুষ্কর, পরমায়ুর্জনক, আয়ুর্বৃদ্ধি কারক, আয়ুষ্য।
আয়ুষ্কাম; দীর্ঘজীবী; আয়ুঃপ্রার্থী।
আয়ুষ্টোম, যজ্ঞবিশেষ, আয়ুর্বৃদ্ধ্যর্থ যাগ।
আয়ুষ্মান্, চিরজীবী; দীর্ঘায়ু।
আয়ুষ্য, পথ্য; আয়ুর হিত কারক, আয়ুর্বর্দ্ধক, আয়ুষ্কর।
আয়োগব, শূদ্র ঔরসে বৈশ্যাগর্ভে জাত জাতি বিশেষ।
আয়োজন, উদ্যোগ, আহরণ।
আয়োধন, যুদ্ধ, রণ, সংগ্রাম।
আর, এবং, অন্য, কোণ, প্রান্তভাগ।
আরকূট, পিত্তল, পিতল।
আরক্ত, ঈষৎ রক্তবর্ণ; অরুণবর্ণ।
আরগ্বধ, বৃক্ষবিশেষ, সোঁদালি।
আরট্ট, দেশবিশেষ।
আরট্টজ, আরট্টদেশ জাত ঘোটক।
আরণা, বন্যমহিষ।
আরণ্য, বনসম্বন্ধীয়, বন্য, জাঙ্গলিক।
আরণ্যপশু, অরণ্যজাতপশু, মহিষ, বানরপ্রভৃতি।
আরতি, বিরতি, নিবৃত্তি; নীরাজন।
আরনাল, কাঞ্জিক, কাঁজী, আমানী।
আরব, শব্দ, ধ্বনি; দেশবিশেষ।
আরব্ধ, উপক্রম, আরব্ধ।
আরভটী, ক্রীড়া, বাজীকরণ।
আরম্মান, বাসনা, মনোভিলাষ।
আরম্ভ, আদ্যকৃতি, উপক্রম, উদ্যোগ।
আরশি, রোগবিশেষ, অর্শোরোগ।
আরসুলা, কীটবিশেষ, তৈলপায়িকা।
আরক্ষ, রক্ষাযুক্ত, রক্ষণীয়।
আরা, কাষ্ঠ বেধক অস্ত্র, তুরপুন; ক্রকচ, করাত।
আরাকষ, করাতকারী, করাতী।
আরাতি, শত্রু, বিপক্ষ, বৈরী।
আরাৎ, দূর, নিকট, সমীপ।
আরাত্রিক, নীরাজন; নীরাজনপাত্র, আরতি প্রদীপ।
আরাধন, সাধন, উপাসন, তোষণ।
আরাধনা, সাধনা, উপাসনা, সেবা, পরিচর্য্যা, শুশ্রূষা।
আরাব, শব্দ, নাদ, রব।
আরাম, উপবন, বাগান্; বিশ্রাম, উপশম, পীড়ার শান্তি।
আরালিক, সূপকার, পাচক, রন্ধনকর্ত্তা।
আরু, বৃক্ষ বিশেষ; কর্কট; শূকর।
আরুক, হিমাচলে প্রসিদ্ধ ওষধী বিশেষ, আড।
আরূঢ়, কৃত আরোহণ, বৃক্ষাদির উপর চড় ব্যক্তি।
আরোগ্য, রোগরাহিত্য; রোগাভাব, অনাময়, আরাম।
আরোপ, মিথ্যাদেশ, কল্পন, স্থাপন।
আরোপণ, সংস্থাপন, কল্পন।
আরোপিত, আরোপ করা; কল্পিত।
আরোহ, দৈর্ঘ্য, আরোহণ; সমুচ্ছ্রয়, স্ত্রী নিতম্ব।
আরোহক, আরোহণ কর্ত্তা, আরূঢ়।
আরোহণ, সোপান, সিঁড়ি, নীচে হইতে উর্দ্ধে গমন।
আর্কি, সূর্য্যপুত্র, শনৈশ্চর, যম।
আর্গল, অর্গল, খিল, হুড়কা।
আর্গ্বধ, আরগ্বধ বৃক্ষ, সোঁদালী।
আর্জন, অর্জ্জন, উপার্জ্জন, আহরণ, অলব্ধ লাভ করণ, সঞ্চয়ন।
আর্জব, সারল্য, সরলতা।
আর্ত্ত, পীড়িত, অসুখ, ক্লেশিত।

আর্ত্তব, স্ত্রীরজঃ; ঋতুউদ্ভব।
আর্ত্তি, পীড়া, রোগ।
আর্ত্বিজ্য, পৌরোহিত্য।
আর্থিক, অর্থজ্ঞ, বিজ্ঞ, পণ্ডিত।
আর্দ্র, সজলবস্তু, ভিজা।
আর্দ্রক, মূলবিশেষ, আদা।
আর্দ্রমাষা, মাষপর্ণী, মাষাণী।
আর্দ্রশাক, আর্দ্রক, আদা। [নক্ষত্র।
আর্দ্রা, ২৭ নক্ষত্রের অন্তর্গত ষষ্ঠ
আর্য্য, সৎকুলোদ্ভব, শ্রেষ্ঠ, স্বামী।
আর্য্যক, পিতামহ, মাতামহ।
আর্য্যকা, শ্রেষ্ঠাস্ত্রী, প্রধানা স্ত্রী।
আর্য্যপুত্র, ভর্ত্তা, স্বামী; গুরুপুত্র।
আর্য্যমিশ্র, গৌরবিত, সম্মানিত।
আর্য্যা, শ্রেষ্ঠা; ছন্দোবিশেষ।
আর্য্যাবর্ত্ত, বিন্ধ্য ও হিমালয় পর্ব্বতের মধ্য দেশ; পুণ্যভূমি।
আর্য্যিকা, শ্রেষ্ঠাস্ত্রী, উত্তমা নারী।
আর্শি, মুকুর, দর্পণ।
আর্ষ, বিবাহবিশেষ; ঋষিপ্রণীত।
আর্ষভ্য, ষণ্ডোপযুক্তবৃষ, ষণ্ডতাযোগ্য, ষাঁড়ের উপযুক্ত, এঁড়ে।
আল, পীত, হরিদ্রাবর্ণ।
আলগর্দ্দ, অলগর্দ্দ সর্প, জলসর্প।
আলগ, অবদ্ধ, এলুয়া, খোলা।
আলগোচ, উত্থিত, ব্যগ্র।
আলজিব, ক্ষুদ্রজিহ্বা।
আলজিহ্ব, ক্ষুদ্র জিহ্বা, আলজিব।
আলণ, অলবণ, লবণহীন।
আলতা, অলক্ত, আলত।
আলবাল, তরুমূলসেচনার্থ জলাধার, বাঁধাল।
আলম্ব, অবলম্ব, আশ্রয়।
আলম্বন, অবলম্বন, আশ্রয়, বিস্তারবিশেষ।
আলম্বরুচ়, লতা, বৃক্ষাশ্রিত তৃণ।
আলম্ভ, মারণ, বধ, হনন।
আলম্ভ্যা, বধার্হ্যা, হননীয়া, বধ্যা।
আলয়, গৃহ, বাসস্থান, ঘর।
আলস, অলস, আলস্যযুক্ত; আলিসা, কর্ম্মানুৎসাহী, কুঁড়িয়া।
আলস্য, অলসতা তন্দ্রা, মন্দতা, কর্ম্মে অনুৎসাহিতা।
আলসাছাড়ন, জৃম্ভণ, গাত্রভঙ্গ।
আলস্যত্যাগ, জৃম্ভণ, গাত্রভঙ্গ।
আলাই, আপৎ, অভ্যপাৎ।
আলাইবালাই, আপদ, অশুভ।
আলাত, অঙ্গার, কয়লা।
আলাৎপালাৎ, অসংলগ্নবাক্য; ব্যর্থ ভাষণ, অনুপযোগি কথা।
আলান, শৃঙ্খল, বেড়ী, নিগড়।
আলাপ, কথোপকথন; সম্ভাষণ, কুশলজিজ্ঞাসা; পরিচয়।
আলাপনীয়, আলাপ্য, সম্ভাষ্য।
আলাপিত, পরিচিত, জ্ঞাতব্যক্তি।
আলাপিনী, বীণাবিশেষ, যন্ত্রবিশেষ।
আলাপী, জ্ঞানিতব্যক্তি; কথক, বক্তা।
আলাপ্য, আলাপযোগ্য, আলাপনীয়, সম্ভাষ্য। [পাখা।
আলাবর্ত্ত, বস্ত্রনির্ম্মিতব্যজন, কাপুড়ে
আলাব, অলাবু, তুম্বী, লাউ।
আলায়, পরছায়, অপদেবতা।
আলাস্য, নক্র, কুম্ভীর, কুমীর।
আলি, বাঁধ, শ্রেণী; সখী; নির্ম্মলান্তঃকরণ; সদাশয়।
আলিঙ্গন, অঙ্গমিলন, পরস্পরাশ্লেষ, কোলাকোলি।
আলিঙ্গী, মৃদঙ্গবিশেষ, মাদোল।
আলিঞ্জর, অলিঞ্জর, জলপাত্র, জালা।
আলিন্দ, অলিন্দ, বহির্দ্বারপ্রকোষ্ঠ, গৃহের একদেশ।
আলিপন, আলিম্পন, মঙ্গলালেপন।
আলিম্পন, মঙ্গলালেপন, আলিপন।
আলিসা, অলস, কর্ম্মানুৎসাহী, কুঁড়ে।
আলিসিয়া, ইষ্টকময় গৃহের নিকাল, কার্ণিস।
আলী; সখী; পংক্তি, বৃশ্চিক; সেতু।
আলীঢ়, ভুক্ত; লেহিত; চাটা।

আলীনক, রঙ্গ, রাং।
আলু, স্বল্পবারিধানিকা, ঘটী, ঝারী ; মূলবিশেষ। [রহিত।
আলুনি, নির্লবণ, অলবণ, লবণ-
আলুক, মূলবিশেষ, আলু।
আলেখা, অলেখিত, সাদা।
আলেখ্য, চিত্র পট ; লিখন।
আলো, আলোক, দীপ্তি, প্রকাশ।
আলোক, দর্শন, দীপ্তি, দ্যুতি, প্রকাশ, আলো।
আলোকন, দর্শন, ঈক্ষণ, দেখন।
আলোচন ; আন্দোলন, বিবেচন।
আলোচনা, বিবেচন, চর্চ্চা।
আলোড়ন, মন্থন, ঘোঁটন, আবর্ত্তন।
আশংসা, প্রার্থনা, আকাঙ্ক্ষা, অনুভব, সন্দেহ, সংশয়।
আশংসিত, প্রার্থিত ; আকাঙ্ক্ষিত।
আশংসিতৃ, আশংসাকর্ত্তা, আকাঙ্ক্ষাশীল।
আশংসু, ইচ্ছু ; অভিলাষযুক্ত।
আশক্ত, সম্যক্ শক্তি বিশিষ্ট।
আশঙ্কা, ভয় ত্রাস, আতঙ্ক, সংশয়।
আশন, বৃক্ষবিশেষ, আশনগাছ।
আশপাশ, ইতস্ততঃ, চতুর্দ্দিক্, চারিপার্শ্ব। [আধার।
আশয়, অভিপ্রায় ; তাৎপর্য্য,
আশয়াশ, আশ্রয়াশ, অগ্নি।
আশর, অগ্নি, রাক্ষস, সঙ্গীতস্থল।
আশা, দীর্ঘাকাঙ্ক্ষা, আয়াতা তৃষ্ণা ; দিক্ ; যষ্টি।
আশাঢ়, আষাঢ় মাস, পলাশদণ্ড।
আশাঢ়া, পূর্ব্বাষাঢ়া ও উত্তরাষাঢ়া নক্ষত্র। [ড়সার জাল।
আশাবন্ধ, আশ্বাস, প্রত্যাশা ; মাক-
আশাভঙ্গ, নিরাশ্বাস, নৈরাশ্য।
আশিত, অশিত, ভুক্ত, ভক্ষিত।
আশিতঙ্গবীন, পূর্ব্ব গোচারণ স্থান, পূর্ব্বে যে স্থলে গরু চরিয়াছে। [দ্রব্য।
আশিতম্ভব, অন্নাদি ; তৃপ্তি জনক

আশিতা, বহু ভোজনশীল, অতিশয় ভোক্তা।
আশির, রাক্ষস ; অগ্নি। [প্রার্থনা।
আশিস্, আশীর্ব্বাদ, শুভাশংসা, মঙ্গল
আশী, ভোক্তা, খাদক ; অহিদন্ত ;
আশীতি সংখ্যা, ৮০।
আশীবিষ, সর্প, অহি, ভুজঙ্গ।
আশীর্ব্বাদ, আশীর্ব্বচন, মঙ্গল প্রার্থনা।
আশু, শীঘ্র, দ্রুত, আউস ধান।
আশুগ, বায়ু, বাণ ; শীঘ্রগামী।
আশুতোষ, শীঘ্র তুষ্ট ; মহাদেব।
আশুব্রীহি, ধান্যবিশেষ, আউষ ধান
আশুভাব, শীঘ্রতা, দ্রুতত্ব।
আশুশুক্ষণি, অগ্নি, বহ্নি, অনল।
আশ্চম্বিত, অকস্মাৎ, হঠাৎ, দৈবাৎ।
আশ্চর্য্য, অপূর্ব্ব, বিস্ময়, অদ্ভুত, বিচিত্র। [বোধ।
আশ্চর্য্যজ্ঞান, বিস্ময় জ্ঞান, বিচিত্র
আশ্চর্য্যান্বিত, চমৎকৃত, বিস্মিত।
আশ্মন, অরুণ, সূর্য্যসারথি। [বন্ধন।
আশ্রব, অঙ্গীকার, প্রতিজ্ঞা, বচন
আশ্রম, শাস্ত্রোক্ত ধর্ম্ম বিশেষ, ব্রহ্মচারী গৃহী বানপ্রস্থ ভিক্ষু ; মুনিদিগের বাস স্থান, বন ; মঠ।
আশ্রমধর্ম্ম, আশ্রমের কর্ত্তব্য কর্ম্ম।
আশ্রমিক, আশ্রমযুক্ত, আশ্রমী।
আশ্রয়, রাজার সন্ধ্যাদি ষড়্গুণান্তর্গত গুণ বিশেষ ; অবলম্বন, শরণ, আধার। [গাছ।
আশ্রয়াশ, অগ্নি ; চিত্রক বৃক্ষ, চিতা
আশ্রি, কোণ।
আশ্রিত, কৃতাশ্রয়, শরণাগত ; অধীন।
আশ্রুত, অঙ্গীকৃত, স্বীকৃত, আকর্ণিত।
আশ্লেষ, আলিঙ্গন, মিলন।
আশ্ব, অশ্ববৃন্দ, ঘোটক সমূহ।
আশ্বত্থ, অশ্বত্থ বৃক্ষের ফল।
আশ্বযুজ, আশ্বিন মাস।
আশ্বসিত, আশ্বস্ত, আশ্বাসযুক্ত,

প্রত্যাশান্বিত। [শা।
আশ্বাস, ভবিষ্যৎ শুভাশা, প্রত্যা-
আশ্বাসিত, আশ্বাস যুক্ত, প্রত্যাশা-
ন্বিত। [আশান্বিত।
আশ্বাসী, প্রত্যাশী, অভিলাষী,
আশ্বিন, মাসবিশেষ, শরতের দ্বিতীয়
মাস।
আশ্বিনেয়, অশ্বিনীকুমার। [বার পথ।
আশ্বীন, এক ঘোড়ায় এক দিনে যাই-
আষাঢ়, বর্ষা ঋতুর প্রথম মাস, রবির
মিথুন রাশি স্থিত কাল।
আষাঢ়ক, আষাঢ়মাস। [নক্ষত্র।
আষাঢ়া, পূর্ব্বাষাঢ় নক্ষত্র, উত্তরাষাঢ়
আষাঢ়ী, আষাঢ় মাসের পূর্ণিমা।
আস, চাপ, ধনুঃ।
আসক্ত, আসক্তি বিশিষ্ট, তৎপর,
প্রসিত, অনুরক্ত।
আসক্তি, অনুরক্তি, আসঙ্গ, প্রণয়।
আসঙ্গ, সংসৃষ্টি, সম্ভোগ, আসক্তি।
আসত্তি, সঙ্গম, মিলন, ব্যাকরণমতে
পদের সন্নিধি করণ।
আসন, বসিবার স্থান, পীঠ, পিঁড়ি,
চৌকি, হস্তি স্কন্ধদেশ। [পীঠাদি।
আসন্দী, ক্ষুদ্র খট্টা, চৌকি, বেদী,
আসন্ন, নিকট, শেষ, অবসান।
আসন্নকাল, অন্তিমকাল, মৃত্যু সময়।
আসব, মদ্য বিশেষ, মধু।
আসবক্র, তাল বৃক্ষ, তাল গাছ।
আসাদন, প্রাপণ, উৎপাদন।
আসাদিত, প্রাপ্ত, লব্ধ, মিলিত।
আসাধন, সিদ্ধি, পুনঃ নফল।
আসাপ, ভেক বিশেষ, বেঙ্গ।
আসার, ধারাসংপাত, বেগে বৃষ্টিপাত।
আসিদ্ধ, অবরুদ্ধ, বন্দীভূত, কএদী।
আসীন, উপবিষ্ট, কৃতাসন।
আসীনপ্রচলায়িত, নিদ্রাবশে দোলন।
আসুতি, মদ্যকরণ, মদচোয়ান।
আসুর, বিবাহ বিশেষ; অসুর সম্ব-
ন্ধীয়।

আসুরিক, আসুর, অসুর সম্বন্ধীয়।
আসুরী, রাজিকা, রাই সর্ষা; চিকিৎ-
সা বিশেষ, অসুর সম্বন্ধী।
আসেচন, যাহার দর্শনে তৃপ্তির শেষ
হয় না, অত্যন্তপ্রিয় দর্শন।
আসেচনক, অত্যন্ত প্রিয়দর্শন,
যাহাকে দেখিলে তৃপ্তির শেষ হয়না।
আসেদ্ধা, অবরোধকারক, বন্ধনকারক,
কএদ কর্ত্তা।
আসেধ, অবরোধ, কএদ।
আস্কন্দন, তিরস্কার, আস্ফালন।
আস্কন্দিত, অশ্বের গতি বিশেষ;
প্লুতগতি, বল্গিত।
আস্ত, অখণ্ড, সমুদায়, সম্পূর্ণ।
আস্তব্যস্ত, ব্যাকুল, ব্যগ্র, উৎকণ্ঠা-
ন্বিত, সত্বর।
আস্তর, বস্ত্রাদি আস্তরং
আস্তরণ, হস্তি পৃষ্ঠ স্থিত চিত্র কম্বল;
প্রশস্ত আসন, শয্যা।
আস্তিক, মুনি বিশেষ, নাস্তিক ভিন্ন,
ঈশ্বরবাদী। [মতা।
আস্তিকত, ধার্ম্মিকতা, ঈশ্বর পরা-
আস্তীর্ণ, বিস্তীর্ণ, বিস্তৃত, প্রসারিত,
পাতিত, ছড়ান।
আস্তৃত, বিস্তৃত, প্রসারিত, ছড়ান।
আস্তে, ধীরে, অল্পে।
আস্তেআস্তে, ক্রমেং, অল্পেং, অল্প
রায়, ধীরে ধীরে।
আস্থা, যত্ন; আলম্বন, বিশ্বাস, শ্রদ্ধা।
আস্থান, সভা, সমাজ।
আস্থিক, বিশ্বাসী, প্রত্যয়ী, যত্নবান্।
আস্থেয়, বিশ্বাস্য; যত্নার্হ।
আস্পদ, স্থান, পাত্র, আধার।
আস্পন্দন, স্পন্দন, কম্পন, নাচন।
আস্পর্দ্ধা, স্পর্দ্ধা, গর্ব্ব, অহঙ্কার।
আস্ফালন, আটোপ, প্রগল্ভতা;
অহমিকা, লম্ফন।
আস্ফোট, মল্লদিগের বাহু শব্দ, তাল-
ঠোকা; আকন্দ বৃক্ষ।

আস্ফোটন, প্রফুল্ল হওন; বিকাশ, প্রকাশ; বাহুর শব্দ, তাল ঠোকা।
আস্ফোটনী, বেধনিকা, তুরপণ।
আস্ফোত, অর্কবৃক্ষ, আকন্দ গাছ।
আস্ফোতা, অপরাজিতা; নব-মল্লিকা, বৃক্ষবিশেষ।
আস্য, মুখ, বদন।
আস্যদেশ, মুখ, বদন।
আস্যলাঙ্গল, শূকর, বরাহ।
আস্যলোম, শ্মশ্রু, দাড়ী।
আস্যাসব, লালা, থুথু, লাল।
আস্রব, ক্লেশ, কষ্ট, দুঃখ।
আস্বাদ, রসানুভব, স্বাদ গ্রহণ।
আস্বাদু; স্বাদু, সুরস, মিষ্ট।
আস্বাদ্য, স্বাদনাহ, আস্বাদন যোগ্য।
আহকজ্বর, রোগ বিশেষ, নাস জ্বর।
আহত, আঘাতিত, তাড়িত, গুণিত।
আহতলক্ষণ, গুণের দ্বারা বিখ্যাত, গুণেতে প্রসিদ্ধ।
আহনন, প্রহরণ, আঘাত, মারণ।
আহব, যুদ্ধ, সংগ্রাম।
আহবনীয়, যজ্ঞাগ্নি বিশেষ।
আহরণ, আনয়ন, অর্জ্জন, সঞ্চয়ন।
আহর্ত্তা, আনেতা, আনয়ন ও উপার্জ্জন কর্ত্তা; ভোক্তা। [শব্দ।
আহা, খেদ বা আক্ষেপ বোধক
আহাব, ক্ষুদ্রজলাশয়; চৌবাচ্চা; যুদ্ধ; আহ্বান।
আহার, অশন, অদন, ভক্ষণ।
আহারক, সংগ্রাহক, একত্র কর্ম্মকারক।
আহারসম্ভব, শরীরস্থ রস ধাতু।
আহারী, ভক্ষক, খাদক, ভোক্তা।
আহারীয়, খাদ্য, ভোজ্যদ্রব্য।
আহার্য্য, আগন্তুক; আহরণীয়; তুলাদি দ্বারা রচিত।
আহার্য্যশোভা, কৃত্রিমশোভা; চিত্র তুলাদি কৃতদ্যুতি।
আহিত, ন্যস্ত, অর্পিত, স্থাপিত।
আহিতাগ্নি, সাগ্নিক, অগ্নিহোত্রী।

আহিতুণ্ডিক, ব্যালগ্রাহী, সাপুড়িয়া।
আহীরা, গোপ, গোয়ালা।
আহুত, যজ্ঞ বিশেষ, নৃযজ্ঞ।
আহুতি, দেবোদ্দেশে অগ্নিতে হবিঃ প্রক্ষেপ; হোম।
আহূত, নিমন্ত্রিত, আমন্ত্রিত, কৃতাহ্বান, আহ্বানিত।
আহূতি, নিমন্ত্রণ, আহ্বান।
আহৃত, অর্জ্জিত, আনীত; সঞ্চিত।
আহো, বিকল্প; প্রশ্ন।
আহোপুরুষিকা, অহমিকা, আত্ম প্রশংসা, আত্মশ্লাঘা।
আহোস্বিৎ, বিকল্প, প্রশ্ন, জিজ্ঞাসা।
আহ্নিক, দিননির্ব্বর্ত্ত্য, দিন সাধ্য, দিন সম্বন্ধী, নিত্যক্রিয়া, ইষ্ট দেবতার আরাধনা।
আহ্লাদ, আনন্দ, হর্ষ, তুষ্টি।
আহ্লাদিত, আনন্দিত, হর্ষযুক্ত।
আহ্লাদী, সানন্দ, আনন্দিত, হৃষ্ট।
আহ্বয়, নাম, সংজ্ঞা, আখ্যা।
আহ্বান, আবাহন, নিমন্ত্রণ; ডাকন।
আক্ষপাটিক, অক্ষদর্শক, ধর্ম্মাধ্যক্ষ, বিচারকর্ত্তা, বিচারপতি।
আক্ষারণা, মৈথুন প্রতি আক্রোশ; ছেনালি, অপবাদ।
আক্ষারিত, অপবাদগ্রস্ত, দোষপ্রাপ্ত।
আক্ষুণী, নির্দ্দয়, নিষ্ঠুর; কাঠী।
আক্ষেপ, খেদ; মনস্তাপ; ভর্ৎসন; আত্ম ভাগ্য নিন্দা। [বিশেষ।
আক্ষেপক, নিন্দাকর; বাত রোগ
আক্ষোট, অক্ষোট বৃক্ষ, পর্ব্বতজাত পীলু বৃক্ষ; আখরোট।
আক্ষোদন, মৃগয়া, মৃগ শিকার।

ই

ই, ইকার, তৃতীয় স্বরবর্ণ; কামদেব; খেদ, মনস্তাপ।
ইঃ কোপ বা সন্তাপ বা দুঃখবোধক।
ইকড়, বৃক্ষ বিশেষ; শরু; নিন্নাট।

ইকড়ার, মুষিক, উন্দুর।
ইকুন, যূক, ডেঙ্গর, উৎকুণ।
ইক্কট, তৃণ বিশেষ।
ইঙ্গ, অদ্ভুত; জঙ্গম; ইঙ্গিত; জ্ঞান।
ইঙ্গন, সঙ্কেত, ঠার।
ইঙ্গনা, নাম, আখ্যা।
ইঙ্গিত, সঙ্কেত, ঠার; ইশারা।
ইঙ্গুদ, বৃক্ষ বিশেষ, ইঙ্গুদী বৃক্ষ।
ইঙ্গুদী, বৃক্ষ বিশেষ, ইঙ্গোট গাছ।
ইচড়, অপক্ক কাঁঠাল, তরুণ কণ্টকী ফল। [স্পৃহ, অভিলাষ।
ইচ্ছা, বাঞ্ছা, মনোরথ, আকাঙ্ক্ষা,
ইচ্ছান্বিত, ইচ্ছুক, সস্পৃহ। [কামুকা।
ইচ্ছাবর্তী, ধনাদির ইচ্ছা যুক্তা স্ত্রী,
ইচ্ছাবসু, কুবের, ধনপতি।
ইচ্ছু, ইচ্ছা বিশিষ্ট, অভিলাষী।
ইচ্ছুক, ইচ্ছান্বিত, অভিলাষী।
ইচলা, মৎস্য বিশেষ, চিঙ্গড় মাছ।
ইজ্জল, হিজ্জল বৃক্ষ, হিজল গাছ।
ইজ্য, বৃহস্পতি, সুরাচার্য্য, গুরু।
ইজ্যা, দান; যজ্ঞ; পূজা।
ইজ্যাশীল, পুনঃ পুনর্যজ্ঞ কর্ত্তা, যাজ্ঞিক।
ইঞ্চাক, মৎস্য বিশেষ, ইঁচলামাছ, চিঙ্গড়ী মাছ।
ইট, ইষ্টক।
ইটখোলা, ইষ্টক ক্ষেত্র, পাঁজাখোলা।
ইটন, ইষ্টক ক্ষেপণ, ইটমারা।
ইট্‌চর, ষণ্ড, বৃষ, ষাঁড়।
ইড়া, শরীরের দক্ষিণভাগস্থিতা নাড়ী।
ইড়াচিকা, বরটা, বোলতা।
ইড়ূর, বৃষ, ষণ্ড, ষাঁড়।
ইত, গত; যুক্ত।
ইতঃপর, ইহার পর।
ইতর, অন্য, ভিন্ন; নীচ, সামান্য।
ইতরবিশেষ, অন্য হইতে প্রভেদ; বিভিন্নতা, বিভেদ।
ইতরেতর, অন্যোন্য, পরস্পর।
ইতরেদ্যু, ইতর দিবস, অন্যদিন।
ইতস্ততঃ, অত্র তত্র, এখানেসেখানে, চতুর্দ্দিকে। [প্রকার।
ইতি, প্রকরণ, সমাপ্তি, নিদর্শন,
ইতিকথ, অর্থশূন্যবাক্য, অপ্রয়োজন কথা। [এইকালে।
ইতিমধ্যে, অত্রমধ্যে; ইহার মধ্যে;
ইতিহ, পারম্পর্য্যোপদেশ, পুরাতন-কথা, ইতিহাস। [পুরাবৃত্ত।
ইতিহাস, পূর্ব্ববৃত্তান্ত, প্রাচীন কথা,
ইতোমধ্যে, ইহার মধ্যে; এই সময়ে।
ইৎকট, বৃক্ষবিশেষ, ওকড়াগাছ।
ইৎকিলা, রোচনাখ্যগন্ধদ্রব্য বিশেষ।
ইত্থং, এবম্প্রকার, এইরূপে। [ভাব।
ইত্থম্ভূত, এবম্প্রকার, এতাদৃশ, এব-
ইত্যবসরে, অত্রাবকাশে, এইকালে, এই অবসরে।
ইত্বর, ক্রূরকর্ম্মা; পথিক; নীচ।
ইত্বরী, অসতী; ভ্রষ্টা।
ইদং, পুরোবর্ত্তি, সম্মুখস্থ, এই।
ইদানীং, এইকালে, এইসময়, সম্প্রতি; অধুনা, এখন।
ইদানীন্তন, আধুনিক, সম্প্রতিজাত; এখনকার, নব্য।
ইধ্ম, অগ্নিসন্দীপনকাষ্ঠ, জ্বালানিকাঠ।
ইন, সূর্য্য; প্রভু; রাজাবিশেষ।
ইনি, এইব্যক্তি, এই জন। [পদ্ম।
ইন্দম্বর, ইন্দীবর, নীলোৎপল, নীল-
ইন্দারা, ক্ষুদ্রজলাশয়, কূপ, গর্ত্ত।
ইন্দিন্দির, ভ্রমর, মধুকর, অলি।
ইন্দিবর; নীলোৎপল, নীলপদ্ম।
ইন্দিরা, লক্ষ্মী, কমলা, রমা।
ইন্দিরাবর, নীলোৎপল, নীলপদ্ম।
ইন্দিরামন্দির, বিষ্ণু, নারায়ণ।
ইন্দিরালয়, পদ্ম, পঙ্কজ, অব্জ।
ইন্দীবর, নীলপদ্ম, নীলোৎপল।
ইন্দীবরিণী, উৎপলিনী।
ইন্দীবরী, শতমূলীবৃক্ষ।
ইন্দু, শশী, চন্দ্র, নিশাকর।
ইন্দুকমল, সিতোৎপল, শ্বেতপদ্ম।
ইন্দুকলিকা, কেতকীপুষ্প।

ইন্দুকান্ত, চন্দ্রকান্তমণি ।
ইন্দুকান্তা, রাত্রি, নিশা, যামিনী।
ইন্দুজনক, সমুদ্র, জলধি, সাগর।
ইন্দুজা, নর্ম্মদা নদী, নর্ম্মদা।
ইন্দুপুত্র, বুধগ্রহ।
ইন্দুবল্লী, সোমলতা।
ইন্দুব্রত, চান্দ্রায়ণব্রত।
ইন্দুভৃৎ, শিব, মহাদেব। [মহিষী।
ইন্দুমতী, পৌর্ণমাসী, অজ রাজার-
ইন্দুর, উন্দুর, মূষিক, আখু।
ইন্দুরত্ন, মুক্তা। [সোমলতা।
ইন্দুলেখা, চন্দ্রকলা, শশিখণ্ড, অমৃতা,
ইন্দুর, মূষিক, উন্দুরু, ইঁদুর।
ইন্দ্র, দেবরাজ, সুরপতি, যোগবি-
শেষ; মহাধনী; প্রধান।
ইন্দ্রক, সভাগৃহ, আস্থান গৃহ।
ইন্দ্রকুঞ্জর, ঐরাবত হস্তী। [গোঁজলা।
ইন্দ্রকোষ, মঞ্চ, খট্টা, ঘোঁঝলা,
ইন্দ্রগোপ, রক্তবর্ণ কীটবিশেষ।
ইন্দ্রচন্দন, হরিচন্দন, রক্তচন্দন।
ইন্দ্রজাল, মায়াকর্ম্ম, ভোজবাজি,
ভেলকি, কুহক। [মায়িক।
ইন্দ্রজালিক, কুহককারী, বাজিকর,
ইন্দ্রজিৎ, রাবণপুত্র, মেঘনাদ।
ইন্দ্রজিদ্বিজয়ী, লক্ষ্মণ, রামের অনুজ।
ইন্দ্রতুল্য, ইন্দ্রের ন্যায়, সর্ব্বশ্রেষ্ঠ।
ইন্দ্রতুল, আকাশ পতিত সূত্র, আ-
কাশ বুড়ির সুতা।
ইন্দ্রদারু, দেবদারুবৃক্ষ।
ইন্দ্রদ্রু, অর্জ্জুনবৃক্ষ; কুটজবৃক্ষ।
ইন্দ্রনীল, মরকতমণি, পান্না। [জলা।
ইন্দ্রপুষ্পা, লাঙ্গলিকীবৃক্ষ, বিষলা-
ইন্দ্রপ্রস্থ, রাজাযুধিষ্ঠিরের নির্ম্মিত
নগর, দিল্লী।
ইন্দ্রপ্রহরণ, ইন্দ্রের অস্ত্র, বজ্র।
ইন্দ্রবারুণিকা, লতা বিশেষ, রাখাল
শসা লতা।
ইন্দ্রবৃদ্ধা, ব্রণ রোগ বিশেষ।
ইন্দ্রবৃক্ষ, দেবদারু বৃক্ষ।

ইন্দ্রভেষজ, শুণ্ঠী, শুঁঠ।
ইন্দ্রযব, তিক্তবীজ বিশেষ।
ইন্দ্রলুপ্ত, মস্তকজাত রোগ বিশেষ,
টাকপড়া, কেশনাশক রোগ।
ইন্দ্রসাবর্ণি, চতুর্দ্দশ মনু।
ইন্দ্রসুত, বালিনাম বানররাজ।
ইন্দ্রসুরস, সিন্দুবারবৃক্ষ, নিসিন্দাগাছ।
ইন্দ্রা, কাঁটা জামীর গাছ।
ইন্দ্রাগ্নিধূম, হিম, শিশির, তুষার।
ইন্দ্রাণী, শচী, ইন্দ্রপত্নী, মাতৃকা-
বিশেষ।
ইন্দ্রানুজ, বিষ্ণু নারায়ণ।
ইন্দ্রাবরজ, নারায়ণ, শ্রীকৃষ্ণ। [ধনুক।
ইন্দ্রায়ুধ, ইন্দ্র ধনু, শক্র ধনু, বাম
ইন্দ্রারি, অসুর, দৈত্য। [গুঞ্জা, কুঁচ।
ইন্দ্রাশন, মত্তিদাবৃক্ষ, সিদ্ধি, ভাঙ্গ,
ইন্দ্রিয়, বাক পাণি আদি পাঁচ
কর্ম্মসাধন, ও চক্ষুঃকর্ণাদি পাঁচ জ্ঞান
সাধন, শুক্র, বীর্য্য।
ইন্দ্রিয়গোচর, ইন্দ্রিয়ের বিষয়,
জ্ঞানগম্য, জ্ঞানপথবর্ত্তী।
ইন্দ্রিয়ঘ্ন, ইন্দ্রিয়নাশক, রোগবিশেষ।
ইন্দ্রিয়দমন, কামাদিনিগ্রহ, ইন্দ্রিয়ের-
বশীকরণ, চক্ষুরাদির বিষয় বিরাগ।
ইন্দ্রিয়দোষ, কামাদিদোষ; কামুকতা।
ইন্দ্রিয়বিষয়, ইন্দ্রিয় গ্রাহ্য; ইন্দ্রিয়
গোচর, দৃষ্ট্যাদির পথবর্ত্তী।
ইন্দ্রিয়ায়তন, শরীর, দেহ।
ইন্দ্রিয়ার্থ, ইন্দ্রিয় জন্য জ্ঞান বিষয়,
রূপরসাদি পদার্থ।
ইন্দ্রেজ্য, বৃহস্পতি, সুরাচার্য্য।
ইন্ধন, অগ্নিসন্দীপন; তৃণ কাষ্ঠাদি,
জ্বালানি কাষ্ঠাদি।
ইব, সাদৃশ্য, সাম্য, তুল্যতা।
ইভ, কুঞ্জর, হাতী।
ইভকণা, গজপিপ্পলী, গজপিপুল।
ইভদন্তা, নাগদন্তী বৃক্ষ।
ইভনিমীলিকা, বৈদগ্ধী; ভঙ্গি।
ইভপালক, হস্তিপক, মাহুৎ।

ইভমাচল, সিংহ, কেশরী, মৃগরাজ।
ইভাখ্য, নাগকেশর বৃক্ষ।
ইভোষণা, গজপিপ্পলী, গজপিপুল।
ইভ্য, ধনবান্, ধনশালী, ধনী।
ইভ্যা, হস্তিনী; শল্লকী।
ইমন, স্বরমিলন; রাগিণী বিশেষ।
ইয়ৎ, কিয়ৎ সংখ্যাবোধক; এতাবৎ; এই; এত।
ইয়ত্তা, সীমা; পরিমাণ; সংখ্যা।
ইরম্মদ, বজ্রাগ্নি, মেঘজ্যোতি, বিদ্যুদগ্নি। [স্বতী।
ইরা, ভূমি; বাক্য; মদ্য; জল; সর-
ইরাচর, করকা, বৃষ্টির শিল।
ইরাজ, কন্দর্প, কামদেব।
ইরিণ, শূন্য, ঊষর ভূমি, ক্ষারভূমি।
ইরিবেল্লিকা, মস্তকজাত ব্রণ জন্য পীড়া বিশেষ, শিরোরোগ বিশেষ।
ইরেশ, বিষ্ণু; রাজা; বরুণ।
ইর্ব্বারু, কর্কটী, কাঁকুড়।
ইর্ব্বারুশুক্তিকা, কর্কটী বিশেষ, ফুটী।
ইলবিলা, কুবের মাতা, বিশ্বশ্রবমুনি-পত্নী।
ইলশা, ইলিশ মৎস্য। [বর্ষ বিশেষ।
ইলাবৃত, জম্বূদ্বীপের নববর্ষান্তর্গত-
ইলিকা, পৃথিবী, ধরিত্রী, ধরণী।
ইলী, করপালিকা, হাতছুরী।
ইলেক, রেখা, চিহ্ন, দাগ।
ইল্লিশ, মৎস্য বিশেষ, ইলীশ মৎস্য।
ইষ, আশ্বিন মাস, আশ্বযুজ, শরতের দ্বিতীয় মাস। [কেশে।
ইষীকা, হস্তি চক্ষুর্গোলক; কাশ তৃণ।
ইষু, বাণ, শর, তীর।
ইষুধি, তূণ, তূণীর, বাণাধার।
ইষুপুঙ্খা, শরের গাছ।
ইষ্ট, যজ্ঞাদিকর্ম্ম; ঈপ্সিত, বাঞ্ছিত।
ইষ্টকা, দগ্ধমৃত্তিকাখণ্ড, ইট্।
ইষ্টকাপথ, বীরণমূল, বেণার মূল; ইষ্টক নির্ম্মিত পথ।
ইষ্টগন্ধ, সুগন্ধি দ্রব্য।
ইষ্টদেব, মন্ত্রদাতা, দীক্ষাগুরু।
ইষ্টদেবতা, উপাস্য দেবতা, গুরু।
ইষ্টি, শমীবৃক্ষ, শাঁই গাছ।
ইষ্টাপূর্ত্ত, যজ্ঞখাতাদি কর্ম্ম।
ইষ্টার্থোদ্যুক্ত, উৎসুক, উৎসাহযুক্ত।
ইষ্টি, যাগ; অভিলাষ, ইচ্ছা।
ইষ্টু, ইচ্ছা, বাঞ্ছা, অভিলাষ।
ইষ্ম, কামদেব; বসন্তকাল।
ইষ্য, বসন্তকাল।
ইষ, উপদেষ্টা, উপদেশক, মন্ত্রদাতা।
ইষ্বাস, ধনু; কার্ম্মুক, শরাসন; ইষু-ক্ষেপক, তিরন্দাজ।
ইস্, আশ্চর্য্যবোধক; বিস্ময়বোধক।
ইস্তক, অবধি, পর্য্যন্ত, তক্।
ইস্ফি, বস্ত্রমর্মণার্থ যন্ত্র বিশেষ।
ইহ, এখানে; এই দেশে, এইকালে।
ইহকাল, এইকাল, ইহলোক।
ইক্ষু, তৃণবিশেষ, আকু; অসিপত্র।
ইক্ষুকাণ্ড, ইক্ষু; শরমুঞ্জ, কাশ তৃণ।
ইক্ষুগন্ধা, গোক্ষুর বৃক্ষ, গোখুরী; কাশতৃণ, কাশিয়া, কেশে।
ইক্ষুগন্ধিকা, ভূমিকুষ্মাণ্ড।
ইক্ষুনেত্র, ইক্ষুমূল।
ইক্ষুপ্র, কাশ তৃণ, শরের গাছ।
ইক্ষুবাটিকা, পুণ্ড্রকইক্ষু, পুড়িআকু।
ইক্ষুবালিকা, কাশতৃণ কেশে।
ইক্ষুযোনি, পুণ্ড্রকইক্ষু, পুড়িআকু।
ইক্ষুরস, ইক্ষুরকাথ; কাশতৃণ, কাশিয়া।
ইক্ষুরসকাথ, গুড়, খাঁড়।
ইক্ষুরসোদ, ইক্ষু সমুদ্র।
ইক্ষুশাকট, ইক্ষুক্ষেত্র, ইক্ষুর ভূমি।
ইক্ষুসার, গুড়, খাঁড়। [আদিরাজা।
ইক্ষ্বাকু, বৈবস্বত মনুপুত্র, সূর্য্যবংশীয়
ইক্ষ্বারি, কাশতৃণ, কেশে।
ইক্ষ্বালিক, তৃণবিশেষ, কাশ, কেশে।

ঈ

ঈ, ঈকার, চতুর্থ স্বরবর্ণ।
ঈঃ, বিষাদ ক্রোধাদি বোধক।

ঈড়া, স্তুতি, স্তব।
ঈড়িত, স্তুত, নুত, কৃতস্তব।
ঈতি, কৃষির অতি বৃষ্ট্যাদি ষট্ প্রকার উপদ্রব বিশেষ।
ঈদৃক, ঈদৃশ, এতৎসদৃশ, ইহার ন্যায়, এই প্রকার।
ঈদৃশ, এই প্রকার, এইরূপ, এতৎ সদৃশ। [সদৃশ।
ঈদৃক্ষ, এই প্রকার, এইরূপ, এতৎ
ঈরিণ, শূন্য; উষরভূমি, অচসাক্ষেত।
ঈর্ব্বারু, ক্ষুটি, ফুটি, কাঁকুড়।
ঈর্ম্ম, ব্রণ, বিস্ফোটিকা। [হিংসা।
ঈর্ষা, অক্ষমা, ক্ষমা রাহিত্য; দ্বেষ;
ঈর্ষালু, ঈর্ষাবিশিষ্ট, দ্বেষযুক্ত।
ঈর্ষ্যা, হিংসা, পরশ্রীকাতর্য্য, অক্ষান্তি।
ঈর্ষ্যালু, হিংসাবিশিষ্ট, অক্ষান্তিযুক্ত।
ঈলি, ক্ষুদ্রগদাকারহস্তদণ্ড, সোঁটা।
ঈলিত, স্তুত, কৃতস্তব।
ঈলী, করপালিকা, হাতছুরী।
ঈশ, ঈশ্বর; প্রভু; ঐশ্বর্য্য শালী; মহাদেব; ঈশান কোণাধিপতি।
ঈশসখা, কুবের, যক্ষরাজ।
ঈশা, লাঙ্গলদণ্ড; দুর্গা। [হাতী।
ঈশাদন্ত, বৃহদ্দন্তহস্তী; বড়দাঁতাল-
ঈশান, মহাদেব; রুদ্রবিশেষ; শিবের অষ্টমূর্ত্তির অন্তর্গত সূর্য্যমূর্ত্তি।
ঈশানকোণ, পূর্ব্ব ও উত্তর দিকের মধ্যবর্ত্তি কোণ।
ঈশানী, দুর্গা, ভগবতী।
ঈশিতা, ঈশ্বর, প্রভু, অধিপতি।
ঈশিত্ব, ঈশ্বরত্ব, প্রভুত্ব, আধিপত্য।
ঈশ্বর, পরমেশ্বর; প্রভু; অধিপতি; সমর্থ; আঢ্য; স্বামী।
ঈশ্বরনিষেধ, নাস্তিকতা।
ঈশ্বরনিষ্ঠ, ঈশ্বর ভক্ত, আস্তিক।
ঈশ্বরসাধন, মুক্তি সাধন; যোগ।
ঈশ্বরা, ঈশ্বরী, দুর্গা; লক্ষ্মী; সরস্বত্যাদি শক্তি। পূজা।
ঈশ্বরারাধনা, ঈশ্বর সেবা, ভজনা,
ঈশ্বরী, পরদেবতা; অধিষ্ঠাত্রী; দুর্গা, ভগবতী। [ঈষ্।
ঈষ, আশ্বিন মাস; লাঙ্গলের ফলা,
ঈষৎ, অল্প, কিঞ্চিৎ, মনাক্।
ঈষৎকর, অত্যল্প; লেশ; কিঞ্চিৎ।
ঈষৎপাণ্ডু, ধূষর বর্ণ, ধুলার রং।
ঈষদুষ্ণ, কবোষ্ণ, মন্দোষ্ণ, কিঞ্চিৎ উষ্ণ। [দৃষ্টি।
ঈষদ্দর্শন, কিঞ্চিদবলোকন, অত্যল্প
ঈষদ্রক্ত, অল্প লোহিত বর্ণ, অব্যক্ত রাগ, অরুণ।
ঈষা, লাঙ্গল দণ্ড; লাঙ্গলের ঈষ্।
ঈষিকা, তুলিকা; অস্ত্র বিশেষ; শর তৃণের মাইঝ।
ঈষীকা, তুলিকা, বীরণাদির শলাকা।
ঈহা, চেষ্টা, উদ্যম; বাঞ্ছা, ইচ্ছা।
ঈহামৃগ, কুক্কুরের ন্যায় ক্ষুদ্র কপিল বর্ণ জন্তু বিশেষ, ঘোঁগ।
ঈক্ষক, দর্শক, অবলোকন কর্ত্তা।
ঈক্ষণ, দর্শন, চক্ষু। [পণী।
ঈক্ষণিকা, দৈবজ্ঞা, শুভাশুভ নিরূ-
ঈক্ষিত, দৃষ্ট, অবলোকিত।
ঈক্ষিতা, দ্রষ্টা, অবলোকন কর্ত্তা।

উ

উ, উকার, পঞ্চম স্বর বর্ণ; মহাদেব, সম্বোধন; রোষোক্তি বোধক।
উঃ, ক্রোধ বা দুঃখ বোধক।
উঁচন, উত্তোলন, উত্থাপন, উঠান।
উঁচনীচ, উচ্চ নীচ, অসমান, নিম্নোন্নত, উচ্চাবচ।
উঁচল, চালন, ঝাড়ন, মার্জ্জন।
উঁচোট, ঠোক্কর, আঘাত, পদাঙ্গুলিতে আঘাত।
উঁছান, অবগোরণ, উত্তোলন।
উই, বল্মীক, রুই। [অগ্নিকণা।
উক, উল্কা, জ্বলন্ত তৃণ, আকাশীয়
উকা, উল্কা, জ্বলন্ত তৃণ।

উকি, গুপ্ত দৃষ্টি; উদ্গার; ছর্দ্দি।
উকি উঠন, উদ্গারণ; বমি করণ।
উকিমারণ, প্রচ্ছন্ন থাকিয়া ঈষদ্দর্শন।
উকুণ, যূক, কেশ কীট, উৎকুণ।
উক্করী; উকলী, ঢক্কা বিশেষ।
উক্ত, কথিত, ভাষিত, নিগদিত; উল্লেখিত।
উক্তি, কথন, বাক্য, বচন, ব্যাহার।
উক্থ, সামবেদ।
উক্থশা, যজমান।
উক্থা, ছন্দো বিশেষ।
উখ, ঘর্ষণী, মার্জ্জন যন্ত্র। [ড়ন।
উখড়ন, উৎপাটন, উন্মূলন, উপ-
উখড়া, গুড় মিশ্রিত লাজ, মুড়কী।
উখড়ী, দর্ব্বী, হাতা; মঞ্চ, মাচা।
উখন, ঘর্ষণ, মার্জ্জন।
উখা, স্থালী, হাঁড়ি, পাকপাত্র; ঘর্ষণী।
উখ্য, স্থালীপক্কমাংসাদি।
উগরণ, উদগারণ, বমন, ন্যাকার।
উগ্র, কটু, প্রখর; উৎকট; ক্রোধ, চণ্ড, কোপন; শিবের বায়ুমূর্ত্তি; বর্ণ-সঙ্করজাতিবিশেষ, আগুরি।
উগ্রগন্ধ, হিঙ্গু; লশুন; কট্‌ফল; চম্পক, উৎকটগন্ধযুক্ত।
উগ্রচণ্ডা, ভগবতীর শক্তি বিশেষ।
উগ্রত্ব, উগ্রতা, উৎকটতা, চণ্ডতা, প্রখরতা।
উগ্রধন্বা, ইন্দ্র, দেবরাজ।
উগ্রনাসিক, দীর্ঘনাসিকাবিশিষ্ট।
উগ্রশেখরা, গঙ্গা, ভাগীরথী।
উগ্রসেন, মথুরা দেশের রাজ বিশেষ, আহুকপুত্র, কংসরাজের পিতা।
উগ্রসেনজ, কংসাসুর।
উগ্রা, ভবানী; কোপনা স্ত্রী।
উঘারণ, উলঙ্গকরণ; খোলন।
উঙ্কুণ, উৎকুণ, উকুণ, ডেঙ্গর।
উচ্কোশ, সঙ্কেত; প্রসঙ্গ; প্রস্তাব।
উচ, উচ্চ; ঊর্দ্ধ ভাগ।
উচকা, উচক্কা, অবাধ্য; নব্য।

উচিত, যুক্ত, ন্যায্য, যোগ্য; উপযুক্ত।
উচু, উচ্চ প্রাংশু, উপরি ভাগ।
উচ্চ, উপরি, ঊর্দ্ধ, উঁচু, উন্নত, প্রাংশু, তুঙ্গ, উত্তুঙ্গ, উচ্ছ্রিত।
উচ্চকৈঃ, উচ্চ, প্রাংশু, তুঙ্গ।
উচ্চক্ক, লম্পট; অস্থির।
উচ্চটা, গুঞ্জা, কুঁচ; ভূমি আমলকী; নাগরমুথা; নির্ব্বিষী; অহঙ্কার, মাৎসর্য্য।
উচ্চণ্ড, শীঘ্র, ত্বরান্বিত, অবিলম্বিত।
উচ্চতরু, নারিকেল বৃক্ষ।
উচ্চদেব, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
উচ্চনীচ, নিম্নোন্নত, অসমান।
উচ্চন্দ্র, রাত্রিশেষ, নিশাবসান।
উচ্চমনাঃ, চিন্তান্বিত, ভাবনাযুক্ত।
উচ্চন্ড, রসিক, কৌতুকী।
উচ্চয়, পরিধান বস্ত্র গ্রন্থি, নীবী।
উচ্চরিত, উক্ত, কথিত।
উচ্চললাটা, উন্নত ললাট যুক্তাস্ত্রী, উচ্চকপাল বিশিষ্টা নারী।
উচ্চাটন, উৎখাত, উচাটন; অভি-চার কর্ম্ম বিশেষ, উৎকণ্ঠা, বিষাদ।
উচ্চাটিত, উচ্চাটনযুক্ত; বিকৃত, ব্যস্ত।
উচ্চাটী, উৎকণ্ঠিত, ব্যস্ত, বিষাদযুক্ত।
উচ্চাবচ, অনেকপ্রকার, নানা প্রকার; অসমান।
উচ্চার, বিষ্ঠা, মল।
উচ্চারণ, কথন, বাক্‌নিষ্পত্তি, উল্লেখ, শব্দ প্রয়োগ।
উচ্চিঙ্গড়া, পতঙ্গ বিশেষ, শলভ
উচ্চৈঃ, উচ্চ, তুঙ্গ; মহৎ।
উচ্চৈঃশব্দ, উচ্চস্বর, চীৎকার ধ্বনি।
উচ্চৈঃশ্রবা, ইন্দ্রঘোটক।
উচ্চৈঃস্বর, উচ্চরব, চীৎকার।
উচ্চৈর্ঘুষ্ট, ঘোষণা, রটনা।
উচ্ছন্ন, নষ্ট, ছন্ন; ছিন্নভিন্ন; নিহত।
উচ্ছাদন, উদ্বর্ত্তন, গন্ধদ্রব্য দ্বারা শরীর মার্জ্জন।
উচ্ছিন্ন, বিনষ্ট, খণ্ডিত, ছিন্নভিন্ন।

উচ্ছিলীন্ধ্র, ছত্রিক., কোঁড়ক ছাতা।
উচ্ছিষ্ট, ভুক্তাবশিষ্ট, এঁটো।
উচ্ছিষ্টভোজন, ভুক্তাবশিষ্ট আহার, অবশিষ্ট ভোজন, এঁটো খাওয়া।
উচ্ছীর্ষক, উপধান, বালিশ।
উচ্ছূন, স্ফীত; উন্নত, বর্দ্ধিত।
উচ্ছৃঙ্খল. শৃঙ্খলারহিত; অনিয়ন্ত্রিত, নিরঙ্কুশ।
উচ্ছেদ. উন্মূলন; উৎপাটন, বিনাশ।
উচ্ছ্রয়, পর্ব্বত বৃক্ষাদির উচ্চতা, ঊর্দ্ধতা, উৎসেধ।
উচ্ছ্রায, উচ্চতা. উৎসেধ।
উচ্ছ্রিত, উন্নত, উচ্চ. সমুন্নদ্ধ; প্রবৃদ্ধ।
উচ্ছ্বসিত. শ্বাস, বিকসিত, প্রস্ফুটিত।
উচ্ছ্বাস. অন্তর্মুখশ্বাস. নিশ্বাস।
উছড়ন, বমন. উদ্গিরণ।
উছোঁট, ঠোক্কর, পদাঙ্গুলিতে আঘাত।
উজ, সরল, ঋজু। [করণ।
উজড়ন. উত্তোলন, আজড়ান, খালি-
উজন, স্রোতের বৈপরীত্য, বিপরীত, উল্টা, উদ্যাপন।
উজল, উজ্জ্বল, জলের ঊর্দ্ধাধোগমন।
উজলন, উঠান, উত্থাপন, উৎক্ষেপণ।
উজলান, উৎক্ষেপণ, উচলান।
উজলুন. উৎক্ষেপণ, উত্তোলন।
উজাউজি, সোঝাসোঝি; সহজে, সরলভাবে।
উজাড়, বন, অরণ্য; উত্তোলন।
উজান, স্রোতের বিপরীত গতি।
উজি, জনরব; জনশ্রুতি।
উজ্জট, শূন্য, রহিত।
উজ্জড়ন, উৎপাটন; বিনাশন, তনন।
উজ্জড়ীয়, সমূলোৎপাটন, উন্মূলন।
উজ্জয়নী, বিশালা নগরী, উজৈন-শহর, বিক্রমাদিত্যের রাজধানী।
উজ্জয়ন্ত, রৈবত পর্ব্বত।
উজ্জয়িনী, উজ্জয়নী নগরী, উজৈন।
উজ্জাসন, মারণ, বধ, হনন।
উজ্জৃম্ভ, প্রফুল্ল, প্রস্ফুটিত, বিকসিত।
উজ্জৃম্ভিত, প্রফুল্ল, বিকসিত।
উজ্জ্বল, দীপ্তিমান্, দীপ্তিযুক্ত; আ-লোকময়, বিকসিত।
উজ্জ্বলন, উদ্দীপন, প্রজ্বলন।
উজ্জ্বলিত, প্রদীপ্ত।
উজ্ঝিত, উৎসৃষ্ট, ত্যক্ত, বর্জ্জিত।
উঞ্ছ, জঘন্য; হেয়; ক্ষুদ্র; ক্ষেত্র স্বামির ত্যক্ত শস্য আহরণ।
উঞ্ছন. শস্যচয়ন, আহরণ, কুড়ান, খুঁটন।
উঞ্ছবৃত্তি, উঞ্ছজীবিকা, সামান্যব্যবসা।
উঞ্ছশীল, উঞ্ছজীবী, অতি সামান্য-কর্ম্মের দ্বারা জীবিকাকারী।
উট, উষ্ট্র, ক্রমেলক, লম্বোষ্ঠ।
উটকার, উটকো, আগন্তুক, অ-জ্ঞাত, অপরিচিত।
উটজ, পর্ণশালা, পত্ররচিতগৃহ, তৃণাচ্ছাদিত কুটীর। [ফোলা।
উটন, ধারে ক্রয় করণ; স্ফীতহওন,
উটকন, অন্বেষণ. অনুসন্ধান, টোঁডন।
উটকো, অজ্ঞাত, অপরিচিত, খোলা, আদুড়।
উট্টঙ্ক, সূত্র; অস্ত্রবিশেষ, বিধান।
উট্টঙ্কন, সঙ্কেত, ইঙ্গিত, চিহ্নিত।
উট্টঙ্কিত, সঙ্কেতিত, চিহ্নিত, উল্লে-খিত।
উঠ, উদ্গম, বৃদ্ধি।
উঠতি, দ্রব্যাদি বিক্রয়; উন্নতি।
উঠন, গাত্রোত্থান, প্রাঙ্গন, আঙ্গিনা।
উঠনি, বমন, উদ্গিরণ।
উঠাউঠি, পুনঃ২ গাত্রোত্থান, বার বার উঠা। [আঙ্গিনা।
উঠান, উত্থাপন; উত্তোলন; প্রাঙ্গন,
উড়কী, উল্কী; স্ত্রী লোকের মুখের চিহ্ন; মঞ্চ, মাচা। [পরিসীমা।
উড়কুড়, আদ্যন্ত, শেষ, সমাপ্তি,
উড়ঞ্চড়ীয়, অপব্যয়ী, অপচয়ী, বৃথা ধন নাশক। [নাশক।
উড়ঞ্চণ্ডী, অপব্যয়কারী, বৃথা ধন

উড়তী, অস্থির, অনিশ্চিত, অমূলক।
উড়ন, উড্ডয়ন, শূন্যে গমন।
উড়নী, প্রাবার, গাত্র বস্ত্র বিশেষ; এক পাটা চাদর।
[য়ন শীল।
উড়নীয়, পলায়িত; পক্ষবান্; উড্ড-
উড়পড়ন, উড্ডীয় পতন, উড়িয়া পড়ন।
উড়া, উড্ডয়ন, আকাশ গমন।
উড়াওন, অপব্যয় করণ, বৃথা ধন নাশকরণ।
উড়ানী, প্রাবার, গাত্র বস্ত্র, উড়নী।
উড়ানীয়, অপব্যয়ী, অপচয়ী।
উড়িয়া, ওড্র দেশীয় লোক।
উড়িয়া পড়ন, উড্ডীন হইয়া পতন।
উড়ী, ধান্য বিশেষ, উড়ুক ধান।
উড়ু, নক্ষত্র, তারা।
[যুক্ত।
উড়ুউড়, চিন্তান্বিত, ব্যাকুল, ভাবনা
উড়ুক্ক, উড্ডয়নক্ষম, পক্ষবান্, পাখা বিশিষ্ট।
উড়ুপ, ভেলক, ভেলা, মাড়।
উড়ুপতি, চন্দ্র, শশধর, ইন্দু।
উড়ুপথ, আকাশ, গগণ।
উড়ুম্বর, উদুম্বর বৃক্ষ, যজ্ঞ ডুমুর।
উড়ূপ, ভেলক, ভেলা, চন্দ্র।
উড্ডয়ন, আকাশ বিহার, শূন্যেগমন, উড়া, উড়ন।
উড্ডামর, শ্রেষ্ঠ, উত্তম।
উড্ডীন, আকাশ গমন, পক্ষির ঊর্দ্ধ গমন, উড়ন, উল্লম্ফন।
উড্ডীয়মান, উড্ডয়নবিশিষ্ট, আকাশ গামী; উড়ন্ত, ওড়তা।
উড্ডীনী, অস্থির, চঞ্চল, দ্রুতগতি; আকাশ গমন।
উত, তন্তু সন্তান, বোনা; বিকল্প; সমুচ্চয়, বিতর্ক প্রশ্নাদি বোধক; তাপ, উষ্ণ।
উতথ্য, মুনিবিশেষ, অঙ্গিরার পুত্র।
উতথ্যানুজ, বৃহস্পতি, সুরাচার্য্য।
উতর, উত্তর, প্রতিবচন।
উতরণ, অবরোহণ, অবতরণ; আইসন, পোঁছন।
[হওন, বৃদ্ধি।
উতলন, উত্তোলন, উন্নত হওন, স্ফীত
উতলা, উৎকণ্ঠিত, ব্যস্ত, ব্যাকুল।
উতালা, ব্যস্ত; উৎকণ্ঠিত।
উতাহো, প্রশ্ন বা বিকল্পার্থ।
উৎক, উন্মনা, অন্যমনস্ক, উদ্বিগ্ন।
উৎকট, তীব্র, বিষম, শক্ত, কঠিন, দুঃসহ।
উৎকণ্ঠা, উৎকলিকা, ইষ্টলাভে কালক্ষেপ অসহিষ্ণুতা, প্রিয়াভিলাষে উন্মনস্কত্ব, অন্যমনস্কতা, ব্যাকুলতা; ব্যস্ততা; ভাবনা, চিন্তা, উদ্বেগ।
উৎকণ্ঠিত, উৎকণ্ঠাযুক্ত, উৎসুক, উন্মনাঃ, উদ্বেগ বিশিষ্ট।
উৎকণ্ঠিতা, নায়িকা বিশেষ, চিন্তান্বিতা, উদ্বিগ্না।
উৎকতা, উৎকণ্ঠা, গজপিপ্পলী।
উৎকর, ধান্যাদিরাশি; স্তূপ, গাদা, কাঁড়ী।
উৎকর্ষ, অতিশয় উত্তমতা, প্রধানত্ব।
উৎকল, ওড্রদেশ, উড়িষ্যা।
উৎকলিকা, উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা।
উৎকলিত, উন্মনা, উৎকণ্ঠিত, চিন্তাকুল।
উৎকা, উৎকণ্ঠিতা নায়িকা, উদ্বিগ্না।
উৎকার, ধান্যোৎক্ষেপণ, ধানসারা, ধানের রাশিকরণ।
[শোওয়া।
উৎকুট, উত্তান শয়ন, চিৎ হইয়া
উৎকুণ, কেশকীট, উকুণ, ডেঙ্গর।
উৎকূট, ছত্র, ছাতি, ছাতা।
উৎকৃষ্ট, উৎকর্ষ বিশিষ্ট, আতিশয্যযুক্ত, প্রকৃষ্ট, প্রশস্ত, শ্রেষ্ঠ, উত্তম।
উৎকৃষ্টভূম, প্রশস্তভূমি, উত্তমস্থান।
উৎকৃষ্টার্থ, উত্তমবিষয়, সদর্থ।
উৎকোচ, অপপ্রদান, ঘুষ।
উৎকোচগ্রাহী, ঘুষখোর।
উৎক্রম, ব্যতিক্রম, বিপরীত, ব্যুৎক্রম, বিলোম।

উৎক্রান্ত, ব্যতিক্রমবিশিষ্ট, উল্লঙ্ঘিত।

উৎক্রোশ, পক্ষিবিশেষ, কুররপক্ষী, বাজপক্ষী। [ড়ান ; উপদ্রব।

উৎখাত, উন্মূলিত, উৎপাটন, উপ-

উৎখাতি, নাশক, উপদ্রবী, উত্তোলন কর্ত্তা।

উত্ত, আর্দ্রবস্তু, ভিজা দ্রব্য।

উত্তংস, কর্ণপূর, কর্ণাভরণ ; শেখর, শিরোভূষণ।

উত্তপ্ত, তপ্ত, সন্তপ্ত, উষ্ণ।

উত্তপ্ততা, উষ্ণতা, সন্তাপ।

উত্তম, উৎকৃষ্ট, প্রধান, মুখ্য, শ্রেষ্ঠ।

উত্তমফলিনী, দুগ্ধিকা বৃক্ষ, ক্ষীরাই গাছ।

উত্তমর্ণ, ঋণদাতা, মহাজন।

উত্তমসংগ্রহ, উৎকৃষ্ট দ্রব্য সংগ্রহণ ; নির্জ্জনে পরস্ত্রীর সহিত পরস্পর আলিঙ্গন, পরদার করণ।

উত্তমসাহস, দণ্ডবিশেষ, সহস্র পণ-পরিমিত দণ্ড ; অতিশয় সাহস, দুঃ-সাহস। [ক্ষীরাই গাছ।

উত্তমা, উৎকৃষ্টা, শ্রেষ্ঠা ; ক্ষীরিকাবৃক্ষ,

উত্তমাঙ্গ, মস্তক, শিরঃ, মুণ্ড।

উত্তমার্হ, উৎকর্ষার্হ, উত্তমতার যোগ্য।

উত্তমোত্তম, ভালর, উৎকৃষ্ট।

উত্তর, প্রতিবচন, প্রতিবাক্য, জবাব ; উত্তম ; বিরাটরাজপুত্র, দিগ্বিশেষ, উদীচী ; অনন্তর। [সময়।

উত্তরকাল, ভবিষ্যৎকাল, আগামি

উত্তরকুরু, জম্বুদ্বীপের নববর্ষান্তর্গত বর্ষবিশেষ।

উত্তরকোশলা, অযোধ্যা নগরী।

উত্তরক্রিয়া, অন্তিমক্রিয়া, অন্ত্যেষ্টি-ক্রিয়া, শ্রাদ্ধাদিক্রিয়া।

উত্তরখণ্ডন, প্রত্যুক্তি, প্রত্যুত্তর।

উত্তরঙ্গ, উদ্গতভরঙ্গ, বড় ঢেউ ; দ্বা-রের ঊর্দ্ধস্থ বক্রকাষ্ঠ, কুম্বির্কা।

উত্তরণ, নদ্যাদিপারগমন, উত্তরণ।

উত্তরতঃ, উত্তরদিক্ বা দেশ হইতে।

উত্তরপক্ষ, সিদ্ধান্ত, সমাধান, সমাধি।

উত্তরপাদ, চতুষ্পাদব্যবহারের দ্বিতীয় পাদ, উত্তর দান প্রকরণ।

উত্তরপ্রত্যুত্তর, কথা কাটাকাটী, তর্ক বিতর্ক, বচসা।

উত্তরফল্গুনী, সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত দ্বাদশ নক্ষত্র।

উত্তরবাদী, উত্তরবক্তা, আসামী।

উত্তরভাদ্রপদ, ২৭ নক্ষত্রের অন্তর্গত ষড়্বিংশ নক্ষত্র।

উত্তরসংজ্ঞিত, উত্তর সাক্ষী, শ্রুত সাক্ষী, পরভাষিতা সাক্ষী।

উত্তরসাক্ষী, উত্তর সংজ্ঞিত সাক্ষী, পরভাষিত সাক্ষী, পরসাক্ষী।

উত্তরসাধক, সহায়, সহকারী, আনু-কূল্যকারক, সাহায্যকারী।

উত্তরস্থান, উত্তরণের স্থল, পথিকাশ্রম, আড্ডা, চটী।

উত্তরা, বিরাটরাজকন্যা ; উত্তরদিক্।

উত্তরাৎ, উত্তরদিক্, উদীচী।

উত্তরাধিকার, মৃতধনে অধিকার।

উত্তরাধিকারিণী, অনন্তর অধিকারিণী, স্ত্রীদায়াদ। [রিক্থগ্রাহী।

উত্তরাধিকারী, পশ্চাদধিকারী, দায়াদ,

উত্তরাভাস, দুষ্টোত্তর, অসদুত্তর।

উত্তরায়ণ, সূর্য্যের উত্তরদিকে গতি, মাঘাদি ছয়মাস।

উত্তরাশা, উত্তরদিক্, উদীচী।

উত্তরাশাঢ়া, ২৭ নক্ষত্রের অন্তর্গত এক বিংশ নক্ষত্র। [কুবের, যক্ষরাজ।

উত্তরাশাপতি, উত্তরদিকের অধিপতি,

উত্তরাষাঢ়া, ২৭ নক্ষত্রের অন্তর্গত একবিংশ নক্ষত্র।

উত্তরাসঙ্গ, উত্তরীয় বস্ত্র, উত্তরী, উ-ড়ানী, দোছোট।

উত্তরী, দোছোট, উপবীতের ন্যায় ধৃতবস্ত্র ; গলবস্ত্র সূত্রাদি।

উত্তরীয়, উত্তরীয়বস্ত্র, উড়ানী।

উত্তরেণ, উত্তর দিগ্দেশকাল।

উত্তরেদ্যুঃ, উত্তরদিবস, পরদিন; আ-গামিদিন, অপর দিবস, কল্য।
উত্তরোত্তর, পরপর, ক্রমেঃ। [বাক্য।
উত্তর্জনা, গর্জন, ধমকান; তর্জিত-
উত্তলন, উথলন, উপচন, ছাপন।
উত্তান, **ঊর্দ্ধমুখ**, চিৎহওয়া।
উত্তানপত্রক, রক্ত এরণ্ড বৃক্ষ, রাঙ্গা ভেরেণ্ডা গাছ। [পুত্র।
উত্তানপাদ, রাজবিশেষ, স্বায়ম্ভুব মনু-
উত্তানশয়, অত্যন্তশিশু; উন্মুখসুপ্ত।
উত্তাপ, তেজঃ, উষ্ম, তাপ, উষ্ণতা।
উত্তাপন, সন্তাপন, উষ্ণত করণ।
উত্তার, মহৎ, উদার, উত্তম; শ্রেষ্ঠ।
উত্তারণ, নদ্যাদি পারহওন, পৌঁছান।
উত্তারী, চপল, চঞ্চল, অস্থির।
উত্তাল, উৎকট, মহৎ, শ্রেষ্ঠ। [নীত।
উত্তীর্ণ, পারগত, মুক্ত, উদ্ধৃত, উপ-
উত্তুঙ্গ, উচ্চ, ঊর্দ্ধ, উন্নত।
উত্তুষ, ভৃষ্টধান্য, খই, লাজ।
উত্তেজন, ব্যগ্রতা করণ, প্রেরণ, ধমকান।
উত্তেজিত, প্রেরিত; পুনঃ২ আদে-শিত, উত্ত্যক্ত, বিরক্ত। [তোলা।
উত্তোলন, **ঊর্দ্ধ** নয়ন, উৎপাটন,
উত্ত্যক্ত, পরিত্যক্ত, ঊর্দ্ধক্ষিপ্ত, বি-রক্ত; উত্তেজিত, ব্যগ্রতাকৃত।
উত্রাস, ভয়, শঙ্কা, ত্রাস।
উথলন, উত্তলন, ওতলান।
উত্থান, উদ্গম, উদ্যম, উঠা, বৃদ্ধি।
উত্থাপন, উত্তোলন; উল্লেখ, উঠন।
উত্থিত, উৎপন্ন, উত্তোলিত, বৃদ্ধি বিশিষ্ট, উঠা। [চাপড়, চড়।
উত্থিতাঙ্গুলি, বিস্তৃত করতল, চপেট,
উত্থিতি, উত্থান, উঠা, উৎপন্ন।
উৎপতঙ্গ, পক্ষী, খেচর, বিহঙ্গ।
উৎপতন, **ঊর্দ্ধগমন**, উৎপ্লবন, পড়ন।
উৎপতিত, **ঊর্দ্ধগমনশীল**, উপরি গ-মন **কর্ত্তা**, **ঊর্দ্ধগন্তা**।
উৎপতিষ্ণু, **ঊর্দ্ধগমন বিশিষ্ট**, **ঊর্দ্ধ**-গামী, উপরি গমনশীল।
উৎপত্তি, জনন, জন্ম, উদ্ভব।
উৎপন্ন, উৎপত্তি বিশিষ্ট, জাত।
উৎপল, নীলকমল, নীলপদ্ম।
উৎপলগন্ধিক, চন্দন বিশেষ।
উৎপলপত্র, পদ্মপত্র, কুবলয় দল।
উৎপলিনী, পদ্মসমূহ; জলপুষ্প বি-শেষ; কুমুদিনী, সুঁদী।
উৎপশ্য, ঊর্দ্ধদৃষ্টি বিশিষ্ট, ঊর্দ্ধমুখ।
উৎপাটন, উত্তোলন, উন্মূলন, উপ-ড়ন উপড়ান। [উত্তোলিত।
উৎপাটিত, উন্মূলিত, উৎখাত, উদ্ধৃত,
উৎপাত, উপদ্রব, উপসর্গ, দৌরাত্ম্য।
উৎপাদক, জনক, উৎপত্তি কারক।
উৎপাদন, জনন, উৎপত্তি করণ, জন্মান। [রিণী।
উৎপাদিক, জননী, উৎপত্তি ক-
উৎপালি, আরোগ্য, রোগ শূন্যতা।
উৎপিঞ্জল, অতিশয় ব্যাকুল, অত্যন্ত-ব্যস্ত, অতিশয় চিন্তিত। [তর্ক।
উৎপ্রেক্ষা, অনবধান, সাদৃশ্য, বি-
উৎপ্লবন, উল্লম্ফন, আস্ফালন, ল-ফান, কোঁদানি।
উৎপ্লবা, নৌকা, তরণী, তরী।
উৎপ্লুত, উলটা পালট, বিপরীত।
উৎফাল, উল্লম্ফন, লাফান, কুন্দন
উৎফুল্ল, প্রফুল্ল, বিকসিত।
উৎস, প্রস্রবণ, উনুই, নির্ঝর।
উৎসঙ্গ, ক্রোড়, অঙ্ক, কোল।
উৎসব, নিয়মিত আহ্লাদজনক ব্যা-পার, আমোদ; পূজার্চ্চনাদি।
উৎসর্গ, ত্যাগ, দান, বিসর্জন।
উৎসর্জ্জন, উৎসর্গ, ত্যাগ, দান, বিস-র্জন, বিতরণ, বিশ্রাণন।
উৎসাদন, উচ্ছেদকরণ, নাশ; **উদ্বর্ত্তন**।
উৎসাদিত, বিনাশিত; দূরীকৃত।
উৎসারণ, দূরীকরণ; **স্থানান্তর প্রাপণ**।

উৎসাহ, উদ্যম, অধ্যবসায়, উদ্যোগ।
উৎসাহবর্দ্ধন, উদ্যম বৃদ্ধি, উদ্যমাধিক্য। [স্থুক।
উৎসাহান্বিত, উৎসাহ বিশিষ্ট, উৎ-
উৎসাহিত, উৎসাহশালী, প্রাপ্তোৎসাহ। [স্থুক।
উৎসাহী, অধ্যবসায় বিশিষ্ট; উৎ-
উৎসিক্ত, উদ্ধত; গর্ব্বিত; বর্দ্ধিত; উদ্রিক্ত।
উৎসুক, বাঞ্ছিতকর্ম্মে উদ্যত, উৎকণ্ঠিত, ঔৎসুক্য যুক্ত।
উৎসৃজন, উৎসর্গ; ত্যাগ; সমর্পণ।
উৎসৃষ্ট, ত্যক্ত; কৃতোৎসর্গ। [চন।
উৎসেচন, উর্দ্ধাসেচন; উথলন, উপ্-
উৎসেধ, পর্ব্বত বৃক্ষাদির উচ্চত; উচ্ছ্রয়।
উৎক্ষিপ্ত, উর্দ্ধে নিক্ষিপ্ত।
উৎক্ষেপণ, উর্দ্ধে ক্ষেপণ।
উদ, জল, বারি, উদক।
উদক, জল, সলিল, পয়ঃ।
উদকদান, জলদান, জলত্যাগ।
উদকীর্য্য, করঞ্জবিশেষ; ডহরকরমচা।
উদক্যা, রজস্বলা, ঋতুমতী।
উদগদ্রি, হিমালয় পর্ব্বত।
উদগয়ন, উত্তরায়ণ, সূর্য্যের উত্তরদিগ্ গতি।
উদগ্ভূমি, মরুভূমি, উৎকৃষ্ট স্থান।
উদগ্র, মহৎ; উচ্ছ্রিত, উচ্চ।
উদঞ্চন, পিধান পাত্র, ঢাক্‌নি।
উদঞ্চিত, উর্দ্ধ ক্ষিপ্ত; পূজিত।
উদধি, সমুদ্র; জলধি, সাগর।
উদধিমল, সমুদ্রফেণ, ফেণা।
উদধিমেখলা, পৃথিবী, পৃথ্বী, ধরণী।
উদন্ত, বার্ত্তা; বৃত্তান্ত।
উদন্তক, বৃত্তান্ত, বার্ত্তা।
উদন্যা, পিপাসা, তৃষ্ণা।
উদন্বান, সমুদ্র, পয়োধি, বারাংনিধি।
উদপান, কূপ; গর্ত্ত; জলপান।
উদম, অনাবৃত, খোলা।
উদমাদা, নির্ব্বোধ, বুদ্ধিহীন; অচতুর।
উদয়, উদয়াচল; সমুন্নতি, বৃদ্ধি; প্রকাশ; মঙ্গল।
উদয়গিরি, উদয়াচল, পূর্ব্বপর্ব্বত।
উদয়ন, উদয়; অগস্ত্যমুনি; উত্তরায়ণ।
উদয়াস্ত, প্রভাতাবধি সন্ধ্যাপর্য্যন্ত।
উদর, জঠর, পেট।
উদরগ্রন্থি, গুল্মরোগ; নাড়ী।
উদরত্রাণ, উদরবন্ধ বস্ত্রাদি। [নাড়ী।
উদরনাড়ী, অন্ত্র; আঁত, পেটের
উদরপিশাচ, সর্ব্বান্ন খাদক, সর্ব্বান্নভক্ষক, সর্ব্বাশী।
উদরভঙ্গ, উদরাময় রোগ, অতিসার।
উদরম্ভরি, আত্মম্ভরি, পেটুক।
উদররস, উদরস্থিত পাচক রস।
উদররোগ, জঠরব্যাধি বিশেষ, উদরী।
উদরসর্ব্বস্ব, স্বীয়উদর পূরক, পেটুক।
উদরাবর্ত্ত, নাভি, নাই।
উদরাময়, উদররোগবিশেষ, অতিসার।
উদরায়ত্ত, উদরসাৎ, উদরায়ত্ত।
উদরিণী, গর্ভবতী, গুর্ব্বিণী।
উদরিল, বৃহদুদরযুক্ত, ভুঁড়া।
উদরী, উদররোগ, ভুন্দিল, ভুঁড়ী।
উদরে, অভ্যন্তরে, ভিতরে, মধ্যে।
উদর্ক, ভাবি, ভবিষ্যৎকাল।
উদর্চ্চি, অগ্নি; উৎপ্রভ।
উদশ্বিৎ, অর্দ্ধজল যুক্তঘোল।
উদাত্ত, স্বরবিশেষ; বাদ্যবিশেষ।
উদান, কণ্ঠস্থ বায়ু। [বায়ু।
উদাবর্ত্ত, রোগ বিশেষ; কোষ্ঠাশ্রিত
উদার, দাতা; মহৎ; সরল।
উদারা, ঘোঙ্গরা স্বর।
উদারাখ্যা, মহৎ নাম।
উদাস, ঔদাস্য, বিষয় বিরতি।
উদাসিনী, বৈরাগ্য যুক্তা স্ত্রী, বিদেশিনী।
উদাসী, বৈরাগী, নিঃসঙ্গ, বিদেশী।
উদাসীন, সন্ন্যাসী; নিঃসঙ্গ, বৈরাগী।

উদাহরণ, দৃষ্টান্ত ; নিদর্শন।
উদাহৃত, দৃষ্টান্ত দেখান ; উৎপ্রেক্ষিত ; উক্ত, কথিত।
উদিত, উদ্গত, প্রকাশিত, কথিত।
উদিতোদিত, শাস্ত্রজ্ঞ, শাস্ত্রবেত্তা।
উদীচী, উত্তরা দিক্।
উদীচীন, উত্তরদিগ্জাত বস্তু।
উদীচ্য, দেশবিশেষ।
উদীরণ, কথন, উচ্চারণ ; বাক্য বলন।
উদীরিত, উচ্চরিত, উক্ত, কথিত।
উদীর্ণ, উদার, মহৎ, প্রধান।
উদুম্বর, উডুম্বর বৃক্ষ, যজ্ঞডুমুর ; তাম্র।
উদূখল, তণ্ডুল কণ্ডনার্থ কাষ্ঠ নির্ম্মিত পাত্র বিশেষ, উখ্‌লি। [উদ্গত।
উদ্গত, ঊর্দ্ধগত, উদিত ; বর্দ্ধিত,
উদ্গম, ঊর্দ্ধ গমন, উত্থান, উদয়।
উদ্গমন, ঊর্দ্ধ গমন, উঠন।
উদ্গাঢ়, অতিশয, অধিক।
উদ্গাতা, সামবেদজ্ঞ, সামবেদবেত্তা।
উদ্গার, উদ্বমন, ঢেকুর।
উদ্গীত, উচ্চৈঃস্বরে গীত।
উদ্গীথ, সামবেদাংশ।
উদ্গীর্ণ, উদ্গারিত, বমিত, বান্ত।
উদগূর্ণ, উদ্যত, ঊর্দ্ধকৃত, ওঁচান।
উদ্গ্রন্থন, গঠন, নির্ম্মাণ, রচন।
উদগ্রাহ, ঊর্দ্ধেগ্রহণ, বিদ্যা বিচার।
উদ্গ্রাহিত, গ্রাহিত, উপন্যস্ত।
উদগ্র, প্রশস্ত, প্রকাণ্ড, বৃহৎ।
উদ্ঘন, কাষ্ঠ ছেদনাধার, পরকাঠ।
উদ্ঘর্ষণ, গাত্রাদি ঘর্ষণ, গাত্র মার্জ্জন।
উদ্ঘস, মাংস, পল। [ধানা।
উদ্ঘাট, গৃহ বিশেষ, চৌকির ঘর,
উদ্ঘাটক, কূপের জল উত্তোলনার্থ যন্ত্র বিশেষ, ঘটীযন্ত্র।
উদ্ঘাটন, কূপের জল উত্তোলনার্থ রজ্জু সক্তিক্ত ঘট ; মোচন, খুলিয়া ফেলন, খসান।
উদ্ঘাটিত, মুক্ত, খোলা, খসান।
উদ্ঘূর্ণন, ঘূর্ণন, ঊর্দ্ধে ঘোরাণ।

উদ্দংশ, কীট বিশেষ, দংশক কীট, ডাঁশ, মৎকুণ।
উদ্দণ্ড, উদ্যতদণ্ড, প্রশস্ত দণ্ড। [দন্তু।
উদ্দন্তুর, করাল, উৎকট দন্তু ; বৃহৎ-
উদ্দান, বন্ধন, উদ্যম, চুল্লী।
উদ্দাম, বন্ধন রহিত, স্বতন্ত্র, মহৎ, প্রধান, অতিশয়, অধিক।
উদ্দিশ্য, লক্ষ্য, অভিপ্রেত।
উদ্দিষ্ট, কৃত উদ্দেশ, লক্ষিত, অন্বিষ্ট ; অভিপ্রেত।
উদ্দীপক, প্রকাশ কর্ত্তা, ব্যক্তকারক, সোস্মকারী। [বিশেষ।
উদ্দীপন, প্রকাশন ; তাপন ; বিভাব
উদ্দীপ্ত, প্রকাশিত, তাপিত।
উদ্দেশ, অনুসন্ধান, অন্বেষণ, অভিপ্রায়, লক্ষ্য।
উদ্দেশক, অনুসন্ধান কর্ত্তা। [লক্ষ্য।
উদ্দেশ্য, উদ্দেশনীয, প্রয়োজন,
উদ্দেষ্ট, অনুসন্ধান কর্ত্তা, অন্বেষক, চেষ্টাকারক।
উদদ্রাব, পলায়ন, প্রস্থান।
উদ্ধত, ধৃষ্ট, অবিনীত, দুরন্ত, দুষ্ট।
উদ্ধতমনস্কত্ব, গর্ব্ব, অভিমান।
উদ্ধতামি, অশিষ্টত, ধৃষ্টতা।
উদ্ধব, যাদব বিশেষ, শ্রীকৃষ্ণের সখা।
উদ্ধরণ, উদ্ধার, মুক্তি, ত্রাণ।
উদ্ধর্ম, উৎসব, আনন্দ।
উদ্ধর্ষণ, রোমাঞ্চ, পুলকোদ্গম।
উদ্ধান, চুল্লী ; উদ্গত ; বমিত।
উদ্ধান্ত, নির্মদ হস্তী।
উদ্ধার, উত্তোলন, রক্ষণ, ত্রাণ, মোচন ; অধিক ভাগ।
উদ্ধারণ, উদ্ধার করণ, উত্তোলন।
উদ্ধারা, গুড়ূচী, গুলঞ্চ লতা।
উদ্ধূত, উৎক্ষিপ্ত, কম্পিত।
উদ্ধূষণ, রোমাঞ্চ, লোমাঞ্চ। [তোলা।
উদ্ধৃত, কৃত উদ্ধার, রক্ষিত, মুক্ত ;
উদ্বৎসর, বৎসর, বর্ষ।
উদ্বদ্ধ, ঊর্দ্ধে বদ্ধ, টাঙ্গান।

উদ্বন্ধন, ঊর্দ্ধে বন্ধন, গলায় দড়ি দে-ওন ; ফাঁসী দেওন ; টাঙ্গান।
উদ্বমন, উদ্গীরণ, বমি করণ।
উদ্বর্ত্ত, অতিরিক্ত, অধিক হওন, উব-
উদ্বর্ত্তন, বিলেপন ; ঘর্ষণ, শরীর মার্জ্জন।
উদ্বহ, সপ্ত প্রকার বায়ুর অন্তর্গত বায়ু বিশেষ।
উদ্বান্ত, বমিত বস্তু, ন্যক্কার করা ;
উদ্বাসন, মারণ, বধ, হনন।
উদ্বাহ, বিবাহ, পরিণয়।
উদ্বাহন, বিবাহ ; দুইবার চসাক্ষেত।
উদ্বাহনী, বর টিক, কপর্দ্দক, কড়ী।
উদ্বাহিত, বিবাহিত, উদ্ধৃত।
উদ্বাহিনী, রজ্জু, গুণ, দড়ী।
উদ্বাহু, ঊর্দ্ধ বাহু।
উদ্বিগ্ন, উদ্বেগযুক্ত, উৎকণ্ঠিত, ভাবিত, ভাবনান্বিত।
উদ্বিডাল, জলমার্জ্জার।
উদ্বুদ্ধ, বিকসিত, প্রকাশিত।
উদ্বৃত্ত, অতিরিক্ত, অবশিষ্ট
উদ্বেগ, ভাবনা, চিন্তা ; শঙ্কা, ভয়।
উদ্বেজন, উদ্বেগ, চিন্তা, বিরক্তি।
উদ্বেজিত, উদ্বিগ্ন, চিন্তিত, বিরক্ত।
উদ্বোধ, কিঞ্চিৎ জ্ঞান, উদয়, প্রকাশ, আবির্ভাব।
উদ্ভট, প্রসিদ্ধ কবি কর্ত্তৃক রচিত শ্লোক ; প্রবর, উদার, মহাশয়।
উদ্ভব, জন্ম, উৎপত্তি।
উদ্ভাব, উষ্মা, তাপ, বাষ্প।
উদ্ভিজ্জ, তরুগুল্মাদি, যাহা ভূমি ভেদ করিয়া জন্মে।
উদ্ভিজ্জ, যাহা ভূমি ভেদ করিয়া জন্মে, বৃক্ষ লতাদি।
উদ্ভিদ্, অঙ্কুরিত বা মুকুলিত হওন ;
উদ্ভিজ্জ, বৃক্ষ গুল্মাদি।
উদ্ভিদ্বিদ্যা, বৃক্ষাদি জনন বিদ্যা, মালিগিরি।
উদ্ভিন্ন, ভেদিত, বিদ্ধ।

উদ্ভূত, উৎপন্ন, জাত। [গোচর বর্ণ।
উদ্ভূতরূপ, নয়ন গোচর রূপ, দৃষ্টি-
উদ্ভ্রম, উদ্বেগ, চিন্তা।
উদ্যা, নদ, দেব খাত।
উদ্যত, সমুদ্যুক্ত ; প্রবৃত্ত ; উদ্গূর্ণ।
উদ্যম, উদ্যোগ, উৎসাহ, অধ্যবসায় ; চেষ্টা।
উদ্যমভঙ্গ, চেষ্টা ধ্বংস, অনুৎসাহ।
উদ্যমী, উদ্যোগী, উৎসাহবান্।
উদ্যান, আক্রীড়, উপবন, বাগান।
উদ্যানপাল, উদ্যান রক্ষক, মালী।
উদ্যাপন, ব্রতাদি নিষ্পাদন ; উজান, সমাপন।
উদ্যুক্ত, উদ্যম যুক্ত, উদ্যোগ বিশিষ্ট, উৎসাহী, যত্নবান।
উদ্যোগ, যত্ন, চেষ্টা, উৎসাহ, অধ্যবসায়, উদ্যম, প্রয়াস, আয়োজন।
উদ্যোগী, উদ্যোগ বিশিষ্ট, যত্নবান, উদ্যমী, উৎসাহী।
উদ্যোত, আলোক, জ্যোতিঃ, দীপ্তি।
উদ্র, জলস্থ চর, উদ্বিডাল।
উদ্রিক্ত, স্ফুট, স্পষ্ট, ব্যক্ত।
উদ্রেক, উপক্রম, আরম্ভ, বৃদ্ধি।
উদ্রেকভঙ্গ, আরম্ভে ব্যাঘাত।
উদ্রেকী, বৃদ্ধিশীল, উদাত্ত।
উধস্, গোস্তন, গরুর পালান্।
উধর, ঋণ, ধার, কর্জ্জ।
উনন, দ্রব করণ, গলান, চুল্লী, চুলা।
উনান, চুল্লী, চুল, আকা।
উনুই, উৎস, নির্ঝর, ঝরণা। [গোল।
উন্দধুন্দ, অতিশয়, অপর্য্যাপ্ত, গণ্ড-
উন্দুর, উন্দুরু, মূষিক, আখু, ইঁদুর।
উন্দুরু, মূষিক, ইঁদুর।
উন্নত, বর্দ্ধিত, উচ্চ, উত্তুঙ্গ।
উন্নতনাভি, উচ্চ নাভি যুক্ত।
উন্নতানত, উচ্চনীচ স্থানাদি।
উন্নতি, সমৃদ্ধি, বৃদ্ধি।
উন্নমিত, উত্তোলিত, উচ্চীকৃত।
উন্নয়ন, বিতর্ক ; ঊর্দ্ধ প্রাপণ, উত্তো-

লন, উঠান।

উন্নায়ন, ঊর্দ্ধ হইতে অবরোহণ।

উন্নিদ্র, প্রফুল্ল; বিকসিত, প্রকাশিত।

উন্মত্ত, উন্মাদ যুক্ত, বায়ু দ্বারা চিত্ত বিভ্রম বিশিষ্ট, ক্ষিপ্ত, পাগল।

উন্মদ, উন্মাদযুক্ত, উন্মাদিষ্ণু, উন্মত্ত।

উন্মনা, উৎকণ্ঠিত চিত্ত, চিন্তিত, ব্যাকুল মনাঃ, চঞ্চল চিত্ত।

উন্মন্থ, মারণ, বধ, হিংসা, হনন।

উন্মাথ, কূটযন্ত্র, মৃগবধোপযুক্ত যন্ত্র, জাল, ফাঁদ।

উন্মাদ, বাতিক রোগ বিশেষ, চিত্ত বিভ্রম; ক্ষিপ্ত, পাগল। [পাগল।

উন্মাদক্ষেত্র, ক্ষিপ্ত, বায়ু গ্রস্ত, বাতুল,

উন্মান, দ্রোণ পরিমাণ; তৌলন, মাপন, পরিমাণ করণ।

উন্মিষিত, প্রফুল্ল, বিকসিত।

উন্মীলন, উন্মেষ, বিকাশ, প্রকাশ।

উন্মীলিত, বিকসিত, প্রস্ফুটিত।

উন্মুখ, ঊর্দ্ধ মুখ, উৎপশ্য।

উন্মুদ্র, প্রফুল্ল, বিকসিত, প্রকাশিত।

উন্মূলন, উৎপাটন, উপড়ন।

উন্মূলিত, উৎপাটিত, উপড়ান।

উন্মেষ, চক্ষুরুন্মীলন, চক্ষু মেলা; বিকাশ, প্রকাশ।

উপকণ্ঠ, নিকট; গ্রামান্ত।

উপকথা, আখ্যায়িকা, ইতিহাস; কল্পিত গল্প, পুরাণ কথা।

উপকরণ, রাজাদির ছত্র চামরাদি পরিচ্ছদ; ভোজনাদির ব্যঞ্জনাদি, পূজাদির নৈবেদ্যাদি, মৃগবন্ধনাদির জালাদি, অপ্রধানাঙ্গ।

উপকার, উপকৃতি, আনুকূল্য।

উপকারিকা, উপকার কর্ত্রী; রাজগৃহ কুশূল, মরায়ি। [রক।

উপকারী, উপকার বিশিষ্ট, উপকা-

উপকার্য্য, উপকারোচিত, যাহার উপকার করা যায়।

উপকার্য্যা, রাজ গৃহ; ধান্য রক্ষণ স্থান, মরায়ি, গোলা। [চারী।

উপকুর্ব্বাণ, কিয়ৎকালের জন্য ব্রহ্ম-

উপকৃতি, উপকার, সাহায্য, আনুকূল্য।

উপক্রন্তা, উপক্রমকর্ত্তা, আরম্ভক।

উপক্রম, আদ্যকৃতি, প্রথমারম্ভ, প্রক্রম সূচনা, অনুষ্ঠান।

উপক্রোশ, নিন্দা, কুৎসা, ভৎর্সনা।

উপক্রোষ্টা, নিন্দক; গর্দ্দভ, গাধা।

উপক্বণ, বীণার শব্দ।

উপগত, অঙ্গী কৃত, স্বীকৃত; কৃত মৈথুন, আসক্ত, অভিরত। [যোগ।

উপগম, অঙ্গীকার; নিকট গমন,

উপগুরু, শিক্ষা গুরু, উপদেষ্টা।

উপগূহন, আলিঙ্গন, কোলাকোলি।

উপগ্রহ, বন্দী, বদুঁয়ান।

উপগ্রহণ, সংস্কারপূর্ব্বক শ্রুতিগ্রহণ।

উপগ্রাহ্য, উপঢৌকন, ভেট, ডালি।

উপঘাত, রোগ, পীড়া; আঘাত।

উপঘ্ন, নিকটাশ্রয়, সমীপ।

উপচন, উথলন; ছাপন, অতিরেক।

উপচয়, বৃদ্ধি, উন্নতি; আধিক্য।

উপচরিত, উপাসিত, সেবিত, আরাধিত।

উপচর্য্যা, চিকিৎসা, রোগের উপশমতা, প্রতীকার; শুশ্রূষা।

উপচার, রোগ প্রতীকার, চিকিৎসা; উপকরণ; সেবা, শুশ্রূষা।

উপচিত, সমৃদ্ধ, বর্দ্ধিত; সঞ্চিত।

উপজন, ঘটন, উৎপত্তি।

উপজাত, উপার্জ্জিত, ঘটিত।

উপজাপ, ভেদ, বিচ্ছেদ; পার্থক্য।

উপজিহ্বা, ক্ষুদ্রজিহ্বা, আলজিব।

উপজীবিকা, জীবনোপায়, বৃত্তি, উপজীব্য, অবলম্বন। [শ্রয়ী।

উপজীবী, জীবিকা অবলম্বী, আ-

উপজীব্য, বৃত্তিদায়ক, অবলম্ব্য; জীবিকা, অবলম্বন।

উপজ্ঞা, আদ্যজ্ঞান, উপদেশ বিনা প্রথম জ্ঞান।
উপড়ন, উৎপাটন, উন্মূলন।
উপঢৌকন, পারিতোষিক দ্রব্য; উপহার; ভেট, ডালি।
উপতন্ত্র, যামলাদি তন্ত্রশাস্ত্র।
উপতপ্ত, সন্তাপিত; দুঃখিত, খেদিত।
উপতাপ, উত্তাপ; পীড়া; খেদ, শোক।
উপতারা, ক্ষুদ্রনক্ষত্র, ছোট তারা।
উপত্যকা, পর্ব্বতনিকটস্থ ভূমি।
উপদংশ, মদ্যপান রোচক ভক্ষ্যদ্রব্য, মেঢ্ররোগবিশেষ, বাও।
উপদল, পুষ্পদল, ফুলের পাপড়ি।
উপদর্শক, দ্বারপাল, দ্বারী।
উপদা, উপঢৌকন, উপহার।
উপদানক, উৎকোচ, ঘুষ।
উপদিষ্ট, উপদেশপ্রাপ্ত।
উপদেবতা, যক্ষভূতাদি, অপচ্ছায়া।
উপদেশ, শিক্ষা, মন্ত্রকথন, দীক্ষা।
উপদেশী, উপদেষ্টা, উপদেশ কর্ত্তা, শিক্ষক।
উপদেষ্টা, উপদেশ কর্ত্তা, আচার্য্য, শিক্ষক, শিক্ষাগুরু।
উপদ্রব, উৎপাত, বিদ্রোহ; বিপদ।
উপদ্রষ্টা, উপদর্শক, উপদর্শী। [কৃত্য।
উপদ্রোহ, বিদ্রোহ, উৎপাত, প্রাতি-
উপদ্রোহী, উৎপাতকারী, বিদ্রোহক।
উপদ্বীপ, ক্ষুদ্রদ্বীপ; চর, চড়া; চতুর্দিকে জলবেষ্টিত স্থল।
উপধান, শিরোধান, বালিশ।
উপধি, কাপট্য, ছল; নিয়ম, সরত।
উপনত, উপস্থিত, সমীপস্থ।
উপনয়, উপনয়ন, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের যজ্ঞসূত্রধারণ সংস্কার।
উপনয়ন, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্যের যজ্ঞসূত্রে ধারণ সংস্কার।
উপনাম, উপাধি, পদবী, খেতাব।
উপনাহ, বীণাদি তন্ত্রবন্ধন স্থান।
উপনিধি, উপন্যস্তবস্তু, স্থাপ্যদ্রব্য; ন্যাস। [রোভাগ।
উপনিষৎ, বেদান্তশাস্ত্র, বেদের শি-
উপনিষ্কর, পুরপথ, রাজপথ। [শেষ।
উপনিষ্ক্রমণ, রাজপথ; সংস্কার বি-
উপনিহিত, নিক্ষিপ্তধন, গচ্ছিত বস্তু।
উপনিক্ষেপ, উপনিধি, নিক্ষেপ, গচ্ছিত। [উপস্থিত, সমীপাগত।
উপনীত, কৃতোপনয়ন; নিকটপ্রাপ্ত,
উপন্যাস, বাক্যোপক্রম; প্রস্তাবনা; উপকথা।
উপপতি, মিত্রগ, জার, গুপ্তপতি।
উপপত্তি, সঙ্গতি, সমাধান, সিদ্ধান্ত।
উপপদ, পদের নিকটবর্ত্তিশব্দ, নামের উত্তর শর্ম্মবর্ম্মাদি পদবী।
উপপন্ন, সম্পন্ন, যুক্ত, সাধিত, সমাপ্ত, সম্পূর্ণ। [পাপ।
উপপাতক, পাপবিশেষ, গোবধাদি-
উপপাদন, সাধন, সমাধান, নিঃশেষকরণ।
উপপাপ, ক্ষুদ্রপাপ, উপপাতক।
উপপুর, শাখানগর, গ্রাম। [রাণ।
উপপুরাণ, অষ্টাদশ পুরাণ সদৃশ পু-
উপপুষ্পিকা, জৃম্ভা, হাই।
উপপ্রদান, উৎকোচ, ঘুষ।
উপপ্লব, রাহুগ্রহ; গ্রহণ, উৎপাত।
উপপ্লুত, উৎপাতগ্রস্ত, বিপন্ন।
উপবট, পেয়ালিবৃক্ষ, পিয়াশাল।
উপবন, কৃত্রিমবন, আরাম, উদ্যান, বাগান।
উপবর্ত্তন, জনপদ, দেশ, বিষয়।
উপবর্হ, উপধান, বালিশ।
উপবসথ, গ্রাম, বাসস্থল।
উপবস্তি, উপবাস, অনাহার।
উপবাস, অহোরাত্র ভোজন রহিত, অনাহার, উপোষ।
উপবাসী, উপবাস যুক্ত, অহোরাত্র ভোজনাভাব বিশিষ্ট, উপোষী।
উপবিদ্যা, শিল্পকারাদি, শিল্পী।

উপবিদ্যা, শিল্পাদি বিজ্ঞান।
উপবিষ, কৃত্রিমবিষ। [বসা।
উপবিষ্ট, পূর্ব্ব আসন, কৃতোপবেশন,
উপবীত, যজ্ঞসূত্র, পৈতা।
উপবীতী, কৃতোপনয়ন, উপনীত।
উপবেদ, প্রধান বেদাতিরিক্ত বেদ; আয়ুর্ব্বেদাদি। [মন, বসা।
উপবেশন স্থিতি, উপবিষ্ট হওন, বৈ-
উপব্যাঘ্র, চিত্রক ব্যাঘ, চিতা বাঘ।
উপভোগ, ভোজনাতিরিক্ত ভোগ, যথা সুখাদিভোগ, বিষয়ভোগ।
উপমা, উপমান; সাদৃশ্য, দৃষ্টান্ত, তুল্যতা।
উপমাতা, মাতৃতুল্যা, উপমাকর্ত্তা।
উপমান, দৃষ্টান্ত, সাদৃশ্য।
উপমিত, উৎপ্রেক্ষিত, তুল্য কর
উপমিতি, উপমা, সাদৃশ্যজ্ঞান জন্য-জ্ঞান।
উপযন্তা, পতি, স্বামী, ভর্ত্তা।
উপযম, বিবাহ, উদ্বাহ।
উপযাচক, সমীপে যাচ্ঞা কর্ত্তা, স্বয়ং অগ্রে প্রার্থক।
উপযাচন, প্রার্থনা; আবেদন।
উপযাচিত প্রার্থিত, আবেদিত।
উপযাম, বিবাহ, পাণিগ্রহণ।
উপযুক্ত, যোগ্য, উচিত, সমর্থ।
উপযোগ, ভোজন, ইষ্টনিষ্পার্থ ব্যাপার; সামর্থ্য, অনুকূলত। [জন
উপযোগিতা, ফলসাধনত, প্রয়ো
উপযোগী, ক্রিয়াসাধন, অনুকূল।
উপর, ঊর্দ্ধদেশ, উন্নতভাগ।
উপরক্ত, বিপন্ন, পীড়াগ্রস্ত।
উপরত, বিরত; ত্যক্ত।
উপরতস্পৃহ, ইচ্ছারহিত, ধনস্পৃহাহীন।
উপরতি, বিরতি, নিবৃত্তি; পরিত্যাগ।
উপরম, নিবৃত্তি, বিরতি। [চৌকী।
উপরক্ষণ, রক্ষণার্থ সৈন্য স্থাপন,
উপরাউপরি, অনুক্রম, পর পর, উপর্য্যধোক্রম।
উপরাগ, রাহুগ্রস্ত চন্দ্রসূর্য্য।
উপরাম, নিবৃত্তি, অরতি, বিরতি।
উপরি, ঊর্দ্ধ, উপর। [প্রকোপ।
উপরিদৃষ্টি, অপদেবতার দৃষ্টি; বায়ুর
উপরিষ্টাৎ, উপরি, ঊর্দ্ধ
উপরে, উপরিভাগে, ঊর্দ্ধে। [রক্ষণ।
উপরোধ, অনুরোধ; গৌরব, বাক্য-
উপর্য্যুপরি, ঊর্দ্ধোর্দ্ধ, উপর উপর, পর পর।
উপল, পাষাণ, শিলা, রত্ন।
উপলব্ধ, অনুভূত, প্রজ্ঞাত; প্রাপ্ত।
উপলকার্থ, আখ্যায়িক, উপকথা।
উপলব্ধি, জ্ঞান, অনুভব, প্রাপ্তি।
উপলম্ভ, অনুভব; অনুমান।
উপলম্ভ্য, স্তব্য, স্তবোপযুক্ত। [ছল।
উপলক্ষ, উপস্থিত, অবলম্বন, সূত্র;
উপলক্ষণ, একত্ব স্বার্থলক্ষণ, অন্যের উদ্বোধক, অবলম্বন।
উপলক্ষিত, অনুমিত, যুক্তিপ্রাপ্ত, আশ্রিত।
উপলক্ষ্য, আশ্রয়, অবলম্বন, সহায়।
উপলিঙ্গ, উপদ্রব, উৎপাত, অরিষ্ট।
উপলিপ্ত, গোময়াদি দ্বারা কৃত বিলেপন।
উপলেপন, গোময়াদি লেপন।
উপশম, শমতা, শান্তি, হ্রাস।
উপশল্য, গ্রামের প্রান্তভাগ, গ্রামান্ত।
উপশান্তি, আরোগ্য, উপশম; স্বাস্থ্য।
উপশায়, প্রহরিদের পর্য্যায় ক্রমে শয়ন। [কৃত।
উপশ্রুত, প্রতিশ্রুত, অঙ্গীকৃত, স্বী-
উপষ্টম্ভ, উপলক্ষ; আরম্ভ; উদ্রেক।
উপসংগ্রহ, পাদস্পর্শ পূর্ব্বক প্রণাম; অভিবাদন। [বস্ত্র।
উপসংব্যান, পরিধানবস্ত্র, উত্তরীয়-
উপসংহার, নাশ; নিষ্কর্ষ, শেষ, মীমাংসা।
উপসত্তি, সঙ্গ; উপাসনা, সেবা।
উপসদন, গৃহসমীপ, ঘরের নিকট।

উপসন্ন, উপনত, উপস্থিত।
উপসম্পন্ন, যজ্ঞার্থ হত পশু; প্রোক্ষিত, সংস্কৃত।
উপসর্গ, রোগভেদ; উপদ্রব; ব্যাকরণ মতে বিশেষার্থ দ্যোতক প্রাদি-পদ, অব্যয়। [আনুগত্য।
উপসর্জ্জন, প্রধানভিন্ন, অপ্রধান;
উপসর্পক, উপসর্পণ কর্ত্তা, উপাসক, সেবক, আনুগত্যকারী। [বৃত্তি।
উপসর্পণ, উপাসনা, অনুগমন, অনু-
উপসর্পণা, উপাসনা, তোষামোদ, আনুগত্য।
উপসার্য্য, সমীপগমনীয়, নিকটগম্য।
উপসূর্য্যক, চন্দ্রসূর্য্য মণ্ডল।
উপসৃষ্ট, উপসর্গগ্রস্ত; মৈথুন, সঙ্গম।
উপস্কর, ব্যঞ্জন সংস্কারার্থ পিষ্ট মশলা, বাটনা; শিল্পদ্রব্য।
উপস্ত্রী, উপপত্নী, রক্ষিতা।
উপস্থ, লিঙ্গ, পুরুষাঙ্গ, মেঢ্র।
উপস্থনিগ্রহ, কামদমন।
উপস্থাতা, ভৃত্য, সেবক।
উপস্থান, উপস্থিতি, উপাসনা, বন্দনা।
উপস্থাপন, উপস্থিতিকরণ, উত্থাপন, নিকটস্থ করণ।
উপস্থিত, সমুপস্থিত, নিকটস্থ; আনীত; উপনীত, উপসন্ন।
উপস্থিতি, উপস্থান, নিকটস্থ হওন।
উপস্পর্শ, স্পর্শ, স্নান; আচমন।
উপস্বত্ব, উৎপন্ন; লভ্য, আয়।
উপহত, নষ্ট; উৎপাতগ্রস্ত; অশুদ্ধদ্রব্য।
উপহসিত, উপহাস, বিদ্রূপ।
উপহার, উপঢৌকনদ্রব্য, ভেট।
উপহাস, পরিহাস, নিন্দার্থ বাক্য, বিদ্রূপ, ঠাট্টা।
উপহাস্য, পরিহাস্য, নিন্দনীয়।
উপহাস্যতা, নিন্দা, গর্হা। [স্থান।
উপাংশু, জপবিশেষ; নির্জ্জন; রহঃ-
উপাকরণ, সংস্কার পূর্ব্বক বেদ পাঠ; সংস্কারপূর্ব্বক পশুহনন।
উপাকৃত, যজ্ঞেহতপশু। [ইতিহাস।
উপাখ্যান, পূর্ব্ব বৃত্তান্ত, আখ্যান,
উপাগম, স্বীকার; নিকট গমন।
উপাঙ্গ, তিলক, পত্রাবলী, পত্র লেখা; ক্ষুদ্র অঙ্গ, অপ্রধান ভাগ।
উপাত্ত, নির্ম্মদ হস্তী; গৃহীত, স্বীকৃত।
উপাত্যয়, ক্রমোল্লঙ্ঘন, অতিক্রম, ব্যত্যয়। [কারণ; আদান, গ্রহণ।
উপাদান; ইন্দ্রিয়াকর্ষণ; সমবায়ি
উপাদেয়, গ্রাহ্য, উত্তম, উৎকৃষ্ট।
উপাদেয়ত্ব, উত্তমতা, উৎকর্ষ।
উপাধান, বালিশ। [পদবী।
উপাধি, ছল; বিশেষণ; নামচিহ্ন;
উপাধ্যায়, অধ্যাপক, পণ্ডিত, উপদেশক। [দেশিনী।
উপাধ্যায়ী, অধ্যাপক ভার্য্যা, উপ-
উপানৎ, চর্ম্মাদি নির্ম্মিত পাদকোষ, পাদুকা, জুতা, বিনামা।
উপান্ত, নিকট, সমীপ, অন্তিক।
উপাবৃত্ত, নিবৃত্ত, ক্লান্ত।
উপায়, সাধন; চেষ্টা; প্রতীকার, উপার্জ্জন। [দি প্রতিষ্ঠা, উদ্যাপন।
উপায়ন, উপহার, উপঢৌকন; ব্রতা-
উপায়ী, উপায়কারক, উপার্জ্জক।
উপার্জ্জন, অর্জ্জন, ধনাদি সঞ্চয়ন, ধনাহরণ।
উপালম্ভ, দুর্ব্বাক্য, তিরস্কার, ভর্ৎসন।
উপাস, উপোষ, অনাহার, উপবাস।
উপাসক, উপাসনা কর্ত্তা, আরাধক।
উপাসন, শুশ্রূষা, সেবা, আনুগত্য, আরাধনা। [আরাধনা।
উপাসনা, সেবা, শুশ্রূষা, পরিচর্য্যা,
উপাসিত, আরাধিত, সেবিত, উপচরিত।
উপাস্তি, সেবা, শুশ্রূষা, পরিচর্য্যা।
উপাস্য, আরাধ্য, সেব্য।
উপাহিত, উল্কা পাতাদি; সংযোজিত; আরোপিত।

উপুড়, ন্যুব্জ, উলটা, বিপর্য্যয়।
উপেত, যুক্ত, মিলিত, একত্রিত; সমী-
পাগত, আসন্ন।
উপেন্দ্র, বিষ্ণু, নারায়ণ। [বর্জ্জন।
উপেক্ষণ, না মানন, অনাদর করণ,
উপেক্ষা, অস্বীকার; ত্যাগ; তাচ্ছল্য।
উপোঢ়, নিকট, বিবাহিত; ব্যূঢ়।
উপোদকী, পূতিকাশাক, পুঁইশাক।
উপোদ্ঘাত, উদাহরণ; আরম্ভ।
উপোষ, উপবাস, অনাহার, অহো-
রাত্রাভোজন।
উপোষণ, উপবাস, অনাহার।
উপ্ত, কৃতবপন, বোনা। [ভূমি।
উপ্তকৃষ্ট, বীজ বপনের পর কর্ষিত
উবন, প্রস্থান, অন্তর্দ্ধান।
উবরণ, উদ্বর্ত্তন; অভিষিক্ত হওন।
উবরা, বিস্তর; আধিক্য।
উবলন, উথলন; অনুসন্ধান।
উবী, উচ্চ, উন্নত।
উবু, উচ্চ, উন্নত, ঊর্দ্ধ।
উবুড়, ন্যুব্জ, উলটা।
উভজ, সরল, আলগা।
উভজসিয়া, অযশস্বি, নিন্দিত।
উভ, যুগল; পূর্ণ; ঊর্দ্ধ, উন্নত।
উভয়, যুগল, যুগ্ম, দুই। [পরস্পর।
উভয়তঃ, পার্শ্বদ্বয়, উভয় পার্শ্বে;
উভয়ত্র, দুই স্থানে, দুই দিকে।
উভয়থা, দুই প্রকারে, দুই দিকে।
উভয়েদ্যুঃ, উভয় দিন, দিনদ্বয়।
উভরণ বহিষ্করণ, বাহির কর।
উভরায়, উচ্চৈঃশব্দ, চীৎকার।
উমা, দুর্গা, ভগবতী।
উমাগুরু, হিমালয় পর্ব্বত।
উমান, পরিমাণ, মাপন।
উমাপতি, শিব, মহাদেব।
উমাসুত, কার্ত্তিকেয়, কুমার।
উমেশ, মহাদেব, শিব।
উম্, ঈষৎউষ্ণ, গরম।
উম্‌উম্, ঈষৎউষ্ণ, কিঞ্চিৎ গরম।

উম্বর, দ্বারোর্দ্ধ কাষ্ঠ, চৌকাঠ।
উরঃ, বক্ষঃস্থল, হৃদয়, বুক।
উরঃসূত্রিকা, মুক্তা রচিত হার।
উরগ, সর্প, বিষধর।
উরগস্থান, পাতাল, রসাতল।
উরগাশন, গরুড় পক্ষী।
উরঙ্গম, সর্প, অহি, ভুজঙ্গ।
উরণ, মেষ, ভেড়। [কুন্দা।
উরণাক্ষ, বৃক্ষ বিশেষ, এড়াঁচি, চা-
উরভ্র, মেষ, ভেড়।
উররী, স্বীকার; অঙ্গীকার, বিস্তার।
উররীকার, অঙ্গীকার, স্বীকার।
উররীকৃত, অঙ্গীকৃত, স্বীকৃত।
উরশ্ছদ, কবচ, মাদুলী।
উরসিজ, স্তন, কুচ।
উরসিল, প্রশস্ত বক্ষোযুক্ত।
উরস্ত্রাণ, বক্ষস্ত্রাণ, কবচ।
উরস্য, ঔরস জাত।
উরস্বান্, প্রশস্ত বক্ষঃ, বিস্তৃত হৃদয়।
উরী, স্বীকার, অঙ্গীকার।
উরীকৃত, অঙ্গীকৃত, স্বীকৃত।
উরু, বিশাল, মহৎ, শ্রেষ্ঠ, বড়
উরুগায়, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
উরুরী, অঙ্গীকার, স্বীকার।
উরুবুক, এরণ্ড বৃক্ষ, ভেরণ্ডা গাছ।
উরুব্যচা, রাক্ষস, নিশাচর।
উরোজ, স্তন, কুচ।
উর্জ্জিত, বর্দ্ধিত, উন্নত।
উর্ণনাভ, লূতা, মাকড়সা।
উর্ণ, মেষাদির লোম।
উদ্র, জলাখু, উদবিড়াল।
উর্ব্বরা, সর্ব্ব শস্যযুক্তা ভূমি।
উর্ব্বশী, স্বনাম খ্যাত স্বর্গ বেশ্যা।
উর্ব্বশীবল্লভ, ঐল রাজা, পুরূরবা।
উর্ব্বশীরমণ, উর্ব্বশী পতি, ঐলরাজা।
উর্ব্বারু, কর্কটীফল, কাঁকুড়।
উর্ব্বী, পৃথ্বী, পৃথিবী, ধরণী।
উর্ষণ, ক্ষরণ, ঝরণ, চোওয়ান।
উলঙ্গ, নগ্ন, বিবস্ত্র, দিগম্বর।

উলন, অবতরণ, নামন।
উলিন্দকুলিন্দ; পূর্ব্বকার কুক্রিয়া, অযশঃ প্রখ্যাপন। [সন্ধান।
উলুতপুত, চতুর্দ্দিক অন্বেষণ, বহু
উলূক, পেচক, পেচা।
উলখল, উদূখল, উখলী।
উলূত, অজগর সর্প।
উলূপ, তৃণ বিশেষ, উলুখড়।
উল্কা, অগ্নিশিখা, আকাশ হইতে পতিত অগ্নি; ধূমকেতু।
উল্কামুখী, জন্তু বিশেষ, খেঁকশ্যাপী।
উল্কি, স্ত্রীলোকের কপালের চিহ্ন।
উলটন, বিপরীত করণ; উবড়।
উলট, প্রতিকূল, বিরুদ্ধ, বিপরীত।
উলটাপালট, বিপর্য্যয়, ব্যত্যয়, ফেরফার; গোলমাল।
উলটাবুঝ, কুবুদ্ধি; ভ্রমবোধ, ভুল।
উলটুল, গণ্ডগোল, গোলমাল।
উল্মুক, অঙ্গার, অলাত, কয়লা।
উল্লঙ্ঘন, অতিক্রমণ, ডিঙ্গান, বিরুদ্ধাচরণ। [করন।
উল্লম্ফন, উৎপ্লবন, উৎক্রমণ, লা-
উল্লল, বহু রোমযুক্ত, রোমশ।
উল্ললিত, তরলিত, আন্দোলিত।
উল্লসনক, রোমাঞ্চ, লোমাঞ্চ।
উল্লাপ, শোক রোগাদিতে কাতরধ্বনি, বিকৃতি শব্দ। [গ্রন্থের পরিচ্ছেদ।
উল্লাস, বৃদ্ধি; আহ্লাদ, হর্ষ; প্রকাশ;
উল্লিখিত, চিত্রিত; উর্দ্ধোলিখিত।
উল্লুক, বানর বিশেষ, নীল মর্কট।
উল্লেখ, উচ্চারণ; কথন; প্রস্তাব।
উল্লেখন, খনন; কথন, উচ্চারণ।
উল্লেখিত, প্রস্তাবিত, কথিত, উক্ত।
উল্লোচ, চন্দ্রাতপ, চাঁদোয়া। [ঢেউ।
উল্লোল, মহা তরঙ্গ, কল্লোল, বড়
উল্বন, ব্যক্ত; স্পষ্ট; পিত্তাদি বিকার।
উলসন, উল্লাসিত হওন, হৃষ্ট হওন।
উশতী, অকল্যান বাক্য, অমঙ্গল কথা, অশুভ বচন।

উশনা, শুক্রাচার্য্য, ভার্গব।
উশিক্, অগ্নি; ঘৃত।
উশী, বাঞ্ছা, স্পৃহা, ইচ্ছা।
উশীনর, দেশভেদ; চন্দ্র বংশোদ্ভব রাজ বিশেষ। [খশে।
উশীর, বীরণ মূল, বেনার মূল, খশ্-
উশীরী, লঘু কাশ, ছোট কেশে।
উষঃ, উষ, প্রত্যূষ, রাত্রি শেষ।
উষণ, মরিচ, পিপ্পলী মূল।
উষণা, পিপ্পলী; শুণ্ঠী।
উষতী, অকল্যাণবাক্য, অমঙ্গল কথা।
উষপ, সূর্য্য; অগ্নি।
উষর, ক্ষার ভূমি, অনুর্ব্বর।
উষর্বুধ, অগ্নি, অনল।
উষসী, সন্ধ্যাকাল, সায়ং সময়।
উষা, রাত্রি শেষ, প্রত্যূষ; বাণ রাজার কন্যা।
উষাকল, কুক্কুট, কুঁকড়া।
উষাকাল, প্রত্যূষ সময়; প্রভাত কাল।
উষাপতি, অনিরুদ্ধ, কামদেব পুত্র।
উষারমণ, অনিরুদ্ধ।
উষিত, বাসিত; দক্ষ; স্থিত।
উষ্ণীপিষি, ব্যস্তত, চঞ্চলত। [খশে।
উষীর, বীরণ মূল, বেনার মূল, খশ্-
উষেশ, অনিরুদ্ধ।
উষ্কণ, উজ্জ্বলন; প্রদীপ্ত করণ।
উষ্ট্র পশু বিশেষ, উট।
উষ্ট্রশিরোধর, ভগন্দর, রোগ বিশেষ।
উষ্ট্রকা, উষ্ট্র ভার্য্যা।
উষ্ট্রী, উষ্ট্র স্ত্রী; বিছুটীলতা।
উষ্ণ, অশীত; গ্রীষ্ম, নিদাঘ, রৌদ্র।
উষ্ণক, গ্রীষ্মকাল।
উষ্ণ নদী, বৈতরণী নদী।
উষ্ণবারণ, ছত্র, ছাতী।
উষ্ণবীর্য্য, তীক্ষ্ণ তেজোযুক্ত দ্রব্যাদি; শিশুমার, শুশুক।
উষ্ণরশ্মি, সূর্য্য, দিবাকর।
উষ্ণা, ক্ষয় ব্যাধি; সন্তাপ; পিত্ত।
উষ্ণাংশু, সূর্য্য, রবি, ভানু।

উষ্ণাগম, গ্রীষ্মকাল, নিদাঘ।
উষ্ণাভিগমন, গ্রীষ্ম ঋতু, নিদাঘ সময়।
উষ্ণাসহ, হেমন্ত ঋতু।
উষ্ণিকা, যবাগূ, যাউ।
উষ্ণিত, ক্রোধী, ক্রুদ্ধ।
উষ্ণীষ, শিরোবেষ্টন, পাগ।
উষ্ণোদক, তপ্তজল।
উষ্ণোপগম, গ্রীষ্মকাল, নিদাঘ।
উষ্ণোষ্ণ, গরম২, উষ্ণতাযুক্ত।
উষ্ম, গ্রীষ্মকাল, উষ্ণ, ক্রোধ।
উষ্মক, গ্রীষ্মঋতু, নিদাঘ কাল।
উষ্মা, গ্রীষ্মকাল, উত্তাপ, ক্রোধ।
উসন, ওসান, উঁচান।
উস্র, বৃষ, ষণ্ড, ষাঁড়।
উস্রা, গাভী, গাই।
উহাড়, অসিকোষ, খাপ, আচ্ছা- দন।
উক্ষণ, সেচন, জলাভিষেক।
উক্ষতর, মহাবৃষ, ষণ্ড, ষাঁড়।
উক্ষা, বৃষ, ঋষভ, ষাঁড়।
উক্ষিত, সিক্ত, জলাভিষিক্ত।

ঊ

ঊ, ঊকার, ষষ্ঠ স্বরবর্ণ।
ঊখলি, উদূখল।
ঊঢ়, বিবাহিত, পরিণীত, কৃত বহন।
ঊঢ়কঙ্কট, কবচধারী, বর্ম্মী।
ঊঢ়া, পরিণীতা, বিবাহিতা স্ত্রী।
ঊত, তন্তুবিস্তৃত, বোনাকাপড়।
ঊতি, রক্ষণ, স্যূতি, বোন, সেলাই।
ঊধঃ, আপীন, গরুর পালান্।
ঊধস্য, দুগ্ধ, ক্ষীর।
ঊন, হীন, ন্যূন, অল্প, কম।
ঊনবুকা, অসাহসী, ভীরু।
ঊবু, উচ্চ, উন্নত, ঊর্দ্ধ।
ঊমী, বল্মীক, রুই।
ঊরব্য, বৈশ্যজাতি।
ঊররী, অঙ্গীকার, স্বীকার।
ঊরী, স্বীকার, অঙ্গীকার।
ঊরীকৃত, অঙ্গীকৃত, স্বীকৃত।

ঊরু, জানুর উপরি ভাগ, ঊরৎ।
ঊরুজ, বৈশ্য জাতি।
ঊরুপর্ব্ব, জানু, হাটু।
ঊরুরী, অঙ্গীকার, স্বীকার।
ঊরুস্তম্ভ, রোগ বিশেষ, জঙ্ঘোপরি স্ফোটক।
ঊরুস্তম্ভা, কদলী বৃক্ষ, রম্ভাতরু।
ঊর্জ্জস্বল, অতিশয় বলবান্, উগ্র, চঞ্চল, তেজস্বী, ব্যস্ত।
ঊর্জ্জস্বী, অতিশয় বলবান্, তেজস্বী, মহ বলপরাক্রম।
ঊর্ণনাভ, লূত, মাকড়সা।
ঊর্ণ, মেষাদির লোম, পশম্।
ঊর্ণায়ু, মেষলোম, কম্বল, মেষ।
ঊর্দর, শূর, বলবীর্য্যবন্ত, রাক্ষস
ঊর্দ্ধ উপরি, উচ্ছ্রিত, তুঙ্গ।
ঊর্দ্ধকার্য্য, বায়ু বেগ বিশেষ।
ঊর্দ্ধগ, উপরিগমন, ঊর্দ্ধগতি, রোগ বিশেষ।
ঊর্দ্ধজানু, উপরিভাগে স্থিত জানু।
ঊর্দ্ধদেব, বিষ্ণু, নারায়ণ।
ঊর্দ্ধপুণ্ড্র, তিলক বিশেষ, ললাটে চন্দন দ্বারা কৃত ঊর্দ্ধ রেখা ত্রয়।
ঊর্দ্ধবাহু, উন্নতহস্ত, সন্ন্যাসী বিশেষ।
ঊর্দ্ধ রেখা, হস্তাঙ্গুলির রেখা বিশেষ।
ঊর্দ্ধরেতাঃ, অস্খলিত শুক্র, কামত্যাগী, মহাদেব; ভীষ্ম, মুনি বিশেষ।
ঊর্দ্ধলিঙ্গ, মহাদেব, শিব।
ঊর্দ্ধলোক, স্বর্গ, সুরলোক।
ঊর্দ্ধশ্বাস উপর নিশ্বাস, দ্রুত গমন জন্য উচ্চ শ্বাস।
ঊর্দ্ধস্থ, উপরি স্থিত, উচ্চস্থ।
ঊর্ব্বর, সর্ব্বশস্যাঢ্যা ভুমী, শস্য- শালিনী।
ঊর্ব্বশী, স্বর্গ বেশ্যা বিশেষ।
ঊর্ব্বস্থি, জঙ্ঘাস্থি।
ঊর্ম্মি, তরঙ্গ, বীচি, ঢেউ, বেদনা, উৎকণ্ঠা।
ঊর্ম্মিকা, বীচি, ঢেউ; উৎকণ্ঠা।
ঊর্ম্মিমান্, তরঙ্গ যুক্ত; ঢেউর ন্যায়।

ঊর্ম্মিমালা, তরঙ্গ সমূহ, মহা তরঙ্গ।
ঊর্ম্মিমালী, সমুদ্র, জলধি।
উলূক, উলুক, পেচক, পেচা।
উলুপী, শিশুমার, শুশুক, জল জন্তু বিশেষ।
উষ, ক্ষার মৃত্তিকা; প্রত্যুষ, প্রভাত।
উষক, প্রত্যুষ, রাত্রিশেষ।
উষর, ক্ষারভূমী, লোণাস্থান। [কাল।
উষা, বাণরাজকন্যা; প্রত্যুষ, প্রাতঃ-
উহ, বিতর্ক, অধ্যাহার, তর্ক; উৎ-প্রেক্ষণ।
উতনী, সম্মার্জ্জনী, ঝাঁটা, খাংরা।
উহ্য, অধ্যাহার্য্য, আকাঙ্ক্ষা পূরণার্থ উল্লেখ্য।

ঋ

ঋ, ঋকার, সপ্তম স্বর বর্ণ। [বিশেষ।
ঋক্, বেদ বিশেষ, ঋগ্বেদ, বেদ মন্ত্র
ঋক্থ, ধন, মৃত ব্যক্তির বিষয়; স্বর্ণ।
ঋচা, বেদ মন্ত্র। [ভাজা খোলা।
ঋচীষ, পিষ্টক ভর্জ্জন পাত্র, পিটে
ঋচ্ছরা, বেশ্যা, কুলটা।
ঋজীষ, পিষ্টক ভর্জ্জন পাত্র, পিটে ভাজা খোলা।
ঋজু, অবক্র, সরল, অকুটিল, সোজা।
ঋজুকায়, কশ্যপমুনি; অবক্র শরীর।
ঋণ, ধার, দেনা, কর্জ্জ।
ঋণগ্রহণ, ধার লওন, দেনা করণ।
ঋণদান, ধার দেওন, কর্জ্জ দেওয়া।
ঋণদায়ক, ঋণদাতা, মহাজন, উত্তমর্ণ।
ঋণবান্, ঋণী, খাদক, অধমর্ণ।
ঋণ বিশিষ্ট, ঋণগ্রস্ত, অধমর্ণ, ধারুয়া।
ঋণমৎকুণ, লগ্নক, প্রতিভূ, জামিন।
ঋণময়, ঋণ স্বরূপ; ধারে ক্রীত।
ঋণমার্গণ, প্রতিভূ, জামিন। [ধন।
ঋণ মুক্তি, ঋণ পরিশোধন, ধার শো-
ঋণমোক্ষ, ঋণ শোধা, অঋণী হওয়া।
ঋণাদান, ঋণির নিকট মহাজন কর্ত্তৃক লাভের সহিত ধন গ্রহণ, সুদ শুদ্ধ টাকা লওন; অষ্টাদশ বিবাদের অন্তর্গত আদ্য বিবাদ।
ঋণাপনয়ন, ঋণ শোধন, ধার শোধা।
ঋণাপনোদন, ঋণ শোধন, ধারশোধা।
ঋণী, ঋণগ্রস্ত, অধমর্ণ। [পূজিত।
ঋত, সত্য, যথার্থ; উঞ্ছশিল; দীপ্ত;
ঋতধামা, বিষ্ণু, নারায়ণ। [রজঃ।
ঋতু, বসন্তাদি ষড়্বিধকাল, স্ত্রী কুসুম,
ঋতুমতী, রজস্বলা, স্ত্রীধর্ম্মিণী, পুষ্পবতী।
ঋতুরাজ, বসন্তকাল।
ঋতুসন্ধি, ঋতুদ্বয়ের সন্ধিকাল। [স্ত্রী।
ঋতুস্নাতা, চতুর্থাহে স্নাতা ঋতুমতী
ঋতুস্নান, রজস্বলা স্ত্রীর চতুর্থ দিবসে স্নান।
ঋতে, বিনা, বর্জ্জন, ভিন্ন।
ঋত্বিক্, পুরোহিত, যাজক।
ঋদ্ধ, সম্পন্ন, ধনধান্যাঢ্য।
ঋদ্ধি, সমৃদ্ধি, ধন সম্পত্তি, বিভব।
ঋভু, দেবতা, সুর, অমর।
ঋভুক্ষা, ইন্দ্র; স্বর্গ; বজ্র।
ঋশ্য, মৃগবিশেষ।
ঋষভ, বৃষ, পুঙ্গব, শ্রেষ্ঠ।
ঋষভধ্বজ, শিব, মহাদেব। [চার্য্য।
ঋষি, মুনি, তপস্বী, শাস্ত্রকারী আ-
ঋষ্টি, গ্রহ দোষ; খড়্গ।
ঋষ্য, মৃগ বিশেষ, চিত্র মৃগ।
ঋষ্যমূক, পর্ব্বত বিশেষ। [পুত্র।
ঋষ্য শৃঙ্গ, মুনিবিশেষ, বিভাণ্ডক মুনি
ঋক্ষ, ভল্লূক, ভালুক; নক্ষত্র; রাশি।
ঋক্ষর, জলধারা; ঋত্বিক্, পুরোহিত।
ঋক্ষরাজ, জাম্ববান্।
ঋক্ষেশ, চন্দ্র, বিধু, শশধর।

ৠ

ৠ, ৠকার, অষ্টম স্বর বর্ণ।

ঌ

ঌ, ঌকার, নবম স্বর বর্ণ।

ঌ

ঌ, ঌকার, দশম স্বরবর্ণ।

এ

এ, একার, একাদশ স্বর বর্ণ; এই, নিকটবর্ত্তি বুদ্ধিস্থ। [এখান হইতে।
এঅবধি, অতঃপর, এই কাল যাবৎ,
এই, অগ্রস্থিত, সম্মুখবর্ত্তি। [নিমিত্ত।
এইকারণ, এই হেতু, এ জন্য, এ-
এক, প্রথম সংখ্যা; অদ্বিতীয়; মুখ্য; অন্য; কেবল।
একই, অনন্য, অভিন্ন, তুল্য, সমান।
এক এক, পৃথক২, ভিন্ন২, প্রত্যেক।
একক, অসহায়, একাকী, একলা।
এককর্ম্মকারক, তুল্য ব্যবসায়ী, সমান কর্ম্মা।
এককালীন, সমকালীন; এক সময়, একেবারে।
একগুঁয়া, অবাধ্য, অবশ, একরোখা।
একগুরু, সতীর্থ, এক গুরুর শিষ্য।
একঘরিয়া, জাতিভ্রষ্ট, অপপাত্রিত, অব্যবহার্য্য।
একচর, হিংস্র জন্তু বিশেষ, গণ্ডার।
একচালা, কুটীর; ক্ষুদ্র গৃহ
একচিত্ত, একান্তঃকরণ, অনন্যমনাঃ।
একচেটিয়া, একায়ত্ত, একাধীন।
একচ্ছায়াশ্রিত, সহলগ্নক, এক ছায়ায় জামীন।
একচ্ছাই, বারম্বার, পুনঃ২, সর্ব্বদা।
একটা, এক বস্তু, একমাত্র, একই।
একটী, একমাত্র, একবস্তু।
একটু, কিঞ্চিন্মাত্র, অত্যল্প, কিছু।
একটুকু, কিঞ্চিৎ, অত্যল্প। [যোগ।
একঢল, একাকার, ভেদ রহিত, একত্র
একঢাল, মিলিত, মিলান।
একতন্ত্রী, একাভিলাষী; এক ধর্ম্মী।
একতন্ত্রা, একপ্রভুক; একতন্ত্র যুক্ত; একমতাসনস্থ।
একতম, অনেকের মধ্যে এক। [এক।
একতর, দুয়ের মধ্যে এক; যে কোন
একতা, একত্ব, ঐক্য; মিলন, অনন্যতা। [এক স্বর।
একতান, একাগ্র, এক বিষয়াসক্তচিত্ত;
একতাল, সমস্থিতলয়; সমতাল, এক মিল। [ধ্যায়ী; একত্র পাঠী।
একতীর্থী, সতীর্থ; গুরুভাই; সহ-
একতুম্বী, তানপূরা, তাম্বুরা, বাদ্যযন্ত্র বিশেষ।
একত্র, একস্থানে, একসঙ্গে; মিলিত।
একদংষ্ট্র, গণেশ, লম্বোদর, হেরম্ব।
একদা, এককালে, একসময়ে, যুগপৎ।
একদিক্, একদেশ, একভাগ; সমদিক্।
একদৃক্, মহাদেব; কাক; কাণ।
একদেহ, বুধগ্রহ; একশরীর, তুল্যদেহ।
একধা, একপ্রকার; একবার।
একধুর, এক ভারবাহক গবাদি; এক-পিঠা গরু।
একনাম, স্বনামক; একসংজ্ঞা।
একপত্নী, পতিব্রতা, সতী, সাধ্বী।
একপদী, পন্থা, পথ।
একপরামর্শ, একমন্ত্রণা, ষড়যন্ত্র।
একপক্ষ, সহায়; সপক্ষ।
একপাটা, গাত্রবস্ত্রবিশেষ, উড়ানী।
একপাশ, একপার্শ্ব, একদিক্।
একপেট, একপরামর্শ; একোদর।
একপ্রকার, একাকার, সমান, অভিন্ন।
একপ্রভুত্ব, একমাত্রের কর্ত্তৃত্ব, একাধিপত্য। [রের গরু।
একবর্ষিকা, একহায়নীগো, একবৎস-
একবাগিয়া; অবাধ্য, একগুঁয়া, প্রৌঢ়িকারী।
একবার, সকৃৎ; একধা, এককাল।
একবিষয়ী, একবিষয়াসক্ত, একাভিলাষী।
একবীর, অতুল্যবীর; বৃক্ষবিশেষ।
একভক্ত ব্রত, রাত্রি ভোজন ত্যাগ-পূর্ব্বক দিবাভোজনের নিয়ম

একমূলা, শালপর্ণীবৃক্ষ, শালপাইন।
একযষ্টিকা, হারবিশেষ, একনরিহার।
একযোট, একসঙ্গ, সমভিব্যাহারী।
একযোনি, সোদর্য্য ভ্রাতা, সহোদর, একমূল।
একরূপ, একাকার, সদৃশ, সমান।
একরোখা, ক্রোধী, একগুঁয়া।
একলা, একাকী, অসহায়।
একলাই, উত্তরীয় বসন, প্রাবার, উড়নী, চাদর [এক বা দুই।
একলাদুকলা, একাকী, দ্বিতীয় রহিত,
একশফ, ঘোটক, একখুরে জন্তু।
একশৃঙ্গ, একশৃঙ্গযুক্ত পশু।
একষষ্টি, সংখ্যা বিশেষ, ৬১ একষট্টি
একসঙ্গি, সাথী, সমভিব্যাহারী, সঙ্গী, সংসৃষ্ট, সহবাসী।
একসূত্র, ডমরুবাদ্য, একসূত্র।
একহায়নী, একবর্ষীয়গাভী, এক বৎসরের গরু।
একহারা, কৃশশরীর, অদ্বয়, একমাত্র।
একা, এক, একাকী, একেল, অদ্বিতীয়।
একাকী, একলা, সহায়রহিত, একলা।
একাগ্র, অনন্যচিত্ত, একমনাঃ, অভিনিবিষ্ট, মনোযোগী।
একায়ত্ত, একপ্রভুক, একাধীন; একরাজাধীন।
একাগ্রতা, অনন্যচিত্ততা, অভিনিবেশ, প্রণিধান।
একাঙ্গ, একাবয়ব, এক শরীর।
একাতপত্র, সার্ব্বভৌম, মহারাজ চক্রবর্ত্তী, একচ্ছত্র।
একাত্মতা, অভেদ, এক স্বরূপতা।
একাত্ম, এক প্রাণ, একদেহ, অভিন্ন।
একাদশ, সংখ্যা বিশেষ, ১১ এগারো।
একাদশী, তিথি বিশেষ, চন্দ্রের একাদশকলা ক্রিয়ার দিন, হরিবাসর।
একাদিক্রম, আনুপূর্ব্বিক, ক্রমশঃ, ক্রমানুরূপ।
একাদোকা, একলাদুকলা, দুই এক, অসহায়।
একাধিপতি, এক প্রভু; সম্রাট, অধিরাজ।
একানিয়া, একক, অসমভিব্যাহারী।
একান্ত, নিতান্ত; অবশ্য; নির্জ্জন।
একান্তরা, এক দিন ব্যবধান, এক দিন অন্তর।
একান্ন, সহভোজী, সংসৃষ্ট; একাহারী; এক পঞ্চাশৎ সংখ্যা।
একান্ন বিংশতি, একোনবিংশতি, ১৯ উনিশ। [সদৃশ।
একাবয়ব, সমানাকৃতি, তুল্যাকার,
একাবলী, হার বিশেষ, এক যষ্টিকা, একনর হার
একাব্দ, এক বৎসর, এক বর্ষ।
একায়ন, একাগ্র, একবিষয়াসক্ত, অনন্যমনঃ। [অভেদ, এক সমুদ্র।
একার্ণব, একাকার, বর্ণভেদ হীন,
একার, এ অক্ষর, একাদশ স্বরবর্ণ।
একার্থ, তুল্যার্থ, সমান তাৎপর্য্য।
একাশ্রিত, অনন্যগতিক, কেবল একের শরণাপন্ন।
একাশ্রিত গুণ, এক বৃত্তি ধর্ম্ম, একত্ব।
একাহ, এক দিন, এক দিবস।
একাহিক, এক দিন সাধ্য, এক দিনে উৎপন্ন।
একাক্ষ, এক চক্ষু, কাণ, কাক।
একি, তুল্য, সমান, অভিন্ন; এক মাত্র, একি আশ্চর্য্য!।
একীয়, এক পক্ষ; সহায়, একের।
একুড়্যা, নিরল, নির্জ্জন।
একুন, মোট, সর্ব্বশুদ্ধ, সমুদয়।
একেএকে, ক্রমশঃ, ক্রমেং, পৃথক্২।
একেলা, একা, একাকী, অসহায়।
একেশ্বর, স্বাধীন, এক প্রভু।
একোদ্দিষ্ট, একের উদ্দেশে কৃত, সাম্বৎসরিক শ্রাদ্ধ বিশেষ।
একোপম, একের সদৃশ; তত্তুল্য,

তৎসদৃশ। [দানী।
এখন, এক্ষণে, সম্প্রতি, অধুনা, ই-
এখান, এ স্থান, এ স্থল, এই স্থান।
এজন্য, এই কারণ, এ নিমিত্ত, এই
হেতু। [গোড়া।
এটে, কদলীর মূল, কলা গাছের
এড়, বধির, কালা, শ্রবণেন্দ্রিয় হীন।
এড়ক, মেষ, ভেড়া, নেড়া।
এড়কা, মেষী, ভেড়ী। [বাঁচন।
এড়ন, জালক্ষেপণ; ত্যজন, ছাড়ান;
এড়মূক, শ্রবণ বাগিন্দ্রিয় হীন, হাবা-
কালা।
এড়াওন, পলায়ন, রক্ষা পাওন।
এড়াকানি, তাচ্ছীল্য, উপেক্ষা, আল-
স্য করণ।
এড়াটিয়া, আলসিয়া; অপরিষ্কৃত;
অকর্ম্মা; অধম; মন্দ।
এণ, হরিণ; মৃগ।
এত, এতাবৎ, ইয়ৎ সংখ্যক; অধিক।
এতজ্জন্য, এতজ্জনিত; এই কারণ;
এই হেতু।
এতৎ, পুরোবর্ত্তি, সম্মুখস্থ।
এতৎকাল, উপস্থিত কাল, এই কাল,
সম্প্রতি, এখন। [এই সময়ের।
এতৎকালীন, এই কালীন, আধুনিক,
এতত্তুল্য, ঈদৃশ, এইরূপ, এই প্রকার,
ইহার ন্যায়। [এইরূপ
এতৎসম, এতাদৃশ, ইহার সমান,
এতৎক্ষণে, এইক্ষণে, সম্প্রতি, অধুনা।
এতদতিরিক্ত, ইহা ব্যতীত, এ ছাড়া।
এতদনন্তর, ইহার পর, এতৎ পশ্চাৎ।
এতদন্তর, ইহার পর; এই অবসর;
এতদ্ভিন্ন। [ইস্তক।
এতদবধি, এই অবধি, এ পর্য্যন্ত, এই
এতদাদি, এতৎ প্রভৃতি, এমত২,
অন্য২।
এতদিতর, এতদ্ভিন্ন, এতদন্য, এ ছাড়া।
এতদীয়, এতৎ সম্বন্ধীয়, ইহার। [শ্রেষ্ঠ।
এতদুত্তম, ইহা হইতে উত্তম, ইহার

এতদ্গরিষ্ঠ, ইহা অপেক্ষা গুরুতর।
এতদ্ধেতুক, এই হেতুক, এই কারণ,
এ জন্য। [ইহার সদৃশ।
এতদ্বৎ, ঈদৃশ, এতৎ স্বরূপ, এমন,
এতদ্বিষয়, এই বিষয়; এই সম্পত্তি
বা বস্তু। [রেকে।
এতদ্ব্যতিরিক্ত, ইহা বিনা, এ ব্যতি-
এতদ্ভিন্ন, ইহা ব্যতীত; এতদ্ব্যতিরেক,
এ বিনা। [এ প্রকার।
এতন্ন্যায়, ইহার তুল্য, ইহার সমান,
এতন্মনাঃ, "এবম্প্রকারমনাঃ, এই-
প্রকার অন্তঃকরণ বিশিষ্ট।
এতন্মাত্র, এই মাত্র, এই কেবল,
ইহাই।
এতর্হি, এই কালে, এখন, এই সময়।
এতল্লোক, এই ব্যক্তি; এই লোক।
এতাদৃক্, এতাদৃশ, এতত্তুল্য, এতৎ
স্বরূপ, এই প্রকার। [মতে
এতাবতা, ইহাতে, এই প্রকারে, এ-
এতাবৎ, এতৎ পরিমাণ, ইয়ৎ, এই
পর্য্যন্ত। [এই।
এতাবন্মাত্র, এই মাত্র, ইহাই কেবল,
এতাবান্, এই মাত্র, ইহাই কেবল।
এতেক, এত, এতাবৎ; অপরিমিত।
এথা, এখানে, এইস্থানে অত্র।
এধঃ, ইন্ধন, কাষ্ঠ।
এধিত, বর্দ্ধিত, বৃদ্ধিপ্রাপ্ত।
এনস্, পাপ, অপরাধ, নিন্দা।
এনিমিত্ত, এই কারণ, এই হেতুক।
এপর্য্যন্ত, এই অবধি, এই কাল
যাবৎ।
এপ্রযুক্ত, এই কারণ, এনিমিত্ত।
এব, অবধারণ, বা নিশ্চয়ার্থ বোধক।
এবং, আর, সমুচ্চয়ার্থ, অপিচ, আর।
এবম্প্রকার, এবম্বিধ, ঈদৃশ, এই
প্রকার। [এ সময়।
এবার, এখন, এতৎপর্য্যায়, এ পালায়,
এবে, এবারে, এই বারে।
এমত, এরূপ এ প্রকার, এইরূপ।

এরণ্ড, বৃক্ষবিশেষ, ভেরেণ্ডাগাছ।
এরণ্ডা, পিপ্পলী, পিপুল।
এরূপ, ঈদৃশ, এই প্রকার, এমন।
এলঙ্ক, মৎস্য বিশেষ, রায়কড়া বা রায় খাঁড়া মাছ।
এলবিল, কুবের, যক্ষরাজ।
এলা, ফলবিশেষ, এলাচি, এলাইচ।
এলাপর্ণী, বৃক্ষ বিশেষ, কাঁটা আমিরুলী। [আলগা।
এলুয়া, অসংলগ্ন, শিথিল, খোলা।
এষণ, লৌহময় বাণ।
এহেতুক, এজন্য, এই কারণ।
এক্ষণে, এই সময়ে, এখনই।

ঐ

ঐ, ঐকার, দ্বাদশ স্বর বর্ণ, স্মরণার্থ, কিঞ্চিদ্দূরস্থ দৃশ্য পদার্থ।
ঐকমত্য, সম্মতি, একত, সমানত।
ঐকাগারিক, এক গার বাসী, তস্কর
ঐকাগ্র্য, স্থৈর্য্য, অভিনিবেশ, একাগ্রত।
ঐকান্তিক, নিতান্ত, একান্ত, গাঢ়, অত্যন্ত। [অন্তর জাত
ঐকাহিক, এক দিন নিষ্পন্ন, এক দিন
ঐক্য, একত, মিলন, একভাব
ঐচ্ছিক, ইচ্ছাপূর্ব্বক, স্বাধীন।
ঐণিক, মেষজন্তু, মেষশাবক।
ঐতিহ্য, পরম্পরোপদেশ, ইতিহ, ইতিকথা।
ঐন্দ্র, ইন্দ্রসম্বন্ধি, বাসিরাজ।
ঐন্দ্রজালিক, ইন্দ্রজাল কারক, মায়াকারক, বাজীকর। [মায়া, কুহক
ঐন্দ্রজালিকীবিদ্যা, ভোজবাজী।
ঐন্দ্রিয়ক, প্রত্যক্ষ, ইন্দ্রিয় গ্রাহ্য, ইন্দ্রিয় সম্বন্ধীয়। [শেষ
ঐন্দ্রী, শচী, ভগবতীর শক্তি বি-
ঐমত, ঐপ্রকার, তদ্রূপ, সেইরূপ।
ঐরাবণ, ঐরাবত হস্তী, ইন্দ্রের হাতী।
ঐরাবত, ইন্দ্র হস্তী, ইন্দ্রের হাতী।
ঐরাবতী, বিদ্যুৎ, ঐরাবত হস্তির ভার্য্যা।
ঐরি, অরি, শত্রু, বিপক্ষ।
ঐরেয়, মদ্য, সুরা, মদিরা।
ঐলবিল, কুবের, ধনেশ্বর।
ঐশানী, ঈশান কোণ।
ঐশিক, ঈশ্বর সম্বন্ধী, ঐশী, ঈশ্বরীয়।
ঐশ্বর্য্য, ঈশ্বর ধর্ম্ম; সম্পত্তি, মহিমা।
ঐহিক, ইহভব, ইহকালের। [ড়াদি।
ঐক্ষব, ইক্ষুবিকার, ইক্ষুসম্বন্ধী গু-

ও

ও, ওকার, ত্রয়োদশ স্বরবর্ণ; পুরোবর্ত্তি, উনি, সমুচ্চয়ার্থ, এবং।
ওয়াক, বমন, ছর্দ্দি।
ওআড়, বালিসের আবরণ বস্ত্র।
ওঁ, প্রণব, আদ্যবীজ।
ওঁচলা, অবস্কর, আবর্জন, জঞ্জাল।
ওঁছা, উচ্ছিষ্ট, ত্যক্ত; জঘন্য, হেয়।
ওকঃ, স্থান, আশ্রয়।
ওকড়, পাচন বিশেষ
ওকুন, কেশকীট, উকুন
ওকুণি, ওকুণ, কেশকীট, উকুণ।
ওগ, সাম্বোধনার্থ শব্দ
ওঘ, সমূহ, জলবেগ
ওঙ্কার, প্রণব, আদ্যবীজ
ওজন, বল সামর্থ্য তেজ।
ওঝা, ভূতচিকিৎসক, বিষবৈদ্য, সাপুড়ে।
ওঝালি, বিষবৈদ্যের কর্ম্ম, বিষচিকিৎসা কর্ম্ম
ওঠন, উত্থান, উপরে হওন, উঠন।
ওড়ঘোড়, বস্ত্রাদির দ্বারা বেষ্টন
ওড়িক, ধান্যবিশেষ, উড়িধান।
ওড্র, দেশবিশেষ, উড়িষ্যা।
ওত, আড়াল, ব্যবধান, অবকাশ।
ওতু, বিড়াল মার্জ্জার।
ওতপ্রোত, উৎপ্রোত; অক্রম যুক্ত, উল্টা পাল্টান।
ওথা, ওখানে, তত্র, তথায়।

ওদন, অন্ন, ভক্ত, ভাত। [সে স্থলে।
ও দিগে, ওখানে, তৎপক্ষে, তথায়,
ওদো, আর্দ্র, ভিজা, অনুপ।
ওপার, নদীর পরপার।
ওম্, প্রণব, ওঁকার।
ওর, দিক্ ; সীমা।
ওরমা, টাকনী, সিয়ানী, সেলাই।
ওরম্বা ; লম্পট ; নির্বোধ, হিতাহিত জ্ঞান শূন্য।
ওল, মূল বিশেষ, শূরণ।
ওলন, অবরোহণ ; ইষ্টকময় গৃহ নির্ম্মাতার পরিমাণ যন্ত্র বিশেষ।
ওলা, অবরোহণ ; লড্ডুক বিশেষ।
ওলাউঠা, বিসূচিকা রোগ, ভেদ বমন, নামাউঠা।
ওলান, নামান, অধঃক্ষেপণ।
ওস, হিম, শিশির।
ওষণ, কটু রস, ঝাল।
ওষধি, ফল পাকান্ত বৃক্ষাদি, ঔষধ।
ওষধীশ, চন্দ্র, শশধর, নিশাকর।
ওষাণ, উলটন, লাড়ন, নিস্তুষ করণার্থ উখলি ইত্যাদিতে ধান্যাদি নিক্ষেপণ। [উত্থাপন ; প্রজ্বলিত করণ।
ওক্ষাণ, উৎকণ, লাড়ন, উদ্দীপন,
ওষ্ঠ, উপরের ঠোঁট, বদনচ্ছদ। [ব্রণ।
ওষ্ঠ রোগ, মুখ রোগ বিশেষ, ওষ্ঠ-
ওষ্ঠাগত, ওষ্ঠ পর্য্যন্ত নির্গত, প্রাণ সংশয় ; প্রাণান্ত।
ওষ্ঠাধর, উভয় ওষ্ঠ।
ওষ্ঠ্য, ওষ্ঠের দ্বারা উচ্চার্য্য বর্ণ।
ওসার, প্রস্থ, চৌড়া, পরিসর।
ও স্থানে, তত্র, ওখানে, সে স্থলে।

ঔ

ঔ, ঔকার, চতুর্দ্দশ স্বরবর্ণ।
ঔখ্য, স্থালীপক্ব অন্নাদি। [ন্য।
ঔচিতী, ঔচিত্য, উপযুক্তত, যোগ্য-
ঔচিত্য, উপযুক্তত, কর্ত্তব্যত।
ঔচ্চ, ঊর্দ্ধতা, উচ্চতা, উন্নতি।
ঔডুম্বর, তাম্র, যজ্ঞডুম্বর কাষ্ঠ নির্ম্মিত পাত্র। [নতা।
ঔৎকট্য, উৎকটতা, দুঃসহ্যতা, কঠি-
ঔৎকর্ষ্য, উৎকর্ষতা, শ্রেষ্ঠতা, উত্তমতা। [ধ্রুব।
ঔত্তানপাদি, উত্তানপাদ রাজপুত্র
ঔৎপাতিক, উৎপাত বিশিষ্ট, উপদ্রবাশ্রিত, বিঘ্নকারক।
ঔৎসর্গিক, স্বাভাবিক ; সাধারণ, সামান্য ; অবিশেষ।
ঔৎসুক্য, উৎকণ্ঠা ; উৎসাহিতা ব্যাকুলতা ; ব্যগ্রত।
ঔদনিক, সূপকার, পাচক, রন্ধনকর্ত্তা
ঔদরিক, উদর মাত্র পূরক, পেটুক।
ঔদার্য্য, মহত্ত্ব, শ্রেষ্ঠত, সরলতা ; অকাপট্য, দাতৃত্ব।
ঔদাস্য, ঔদাসীন্য, বৈরাগ্য, অনুরাগাদি শূন্যতা, উপেক্ষা, তাচ্ছীল্য।
ঔদ্ধত্য, পরগুণানহিষ্ণুত ; ধৃষ্টতা, প্রগল্‌ভত, দৌরাত্ম্য, উৎপাত।
ঔদ্বাহিক, বৈবাহিক ধন, বিবাহকালে লব্ধ ধন, যৌতুকধন।
ঔপগ্রস্তিক, রাহুগ্রস্ত চন্দ্র সূর্য্য।
ঔপনায়িক, উপনয়ন সম্বন্ধীয়, যজ্ঞোপবীতকালে লব্ধ যৌতুক।
ঔপনিধিক, প্রীতিপূর্ব্বক ভোগার্থ অর্পিত দ্রব্য, নিক্ষিপ্ত ধন বিষয়ক।
ঔপম্য, দৃষ্টান্ত, সাদৃশ্য, তুল্যতা।
ঔপয়িক, ন্যায্য, উপযুক্ত, যোগ্য।
ঔপসর্গিক, উপসর্গ সম্বন্ধীয় ; সন্নিপাত রোগ বিশেষ।
ঔপাধিক, উপাধিকৃত ; ছলকৃত ; নিয়ম সম্বলিত, বৈশেষিক। [যুক্ত।
ঔপায়িক, উপায় সাধ্য, ন্যায্য, উপ-
ঔমীন, মসিনার ক্ষেত্র, তিসির ক্ষেত।
ঔরগ, সর্প সম্বন্ধীয়।
ঔরভ্র, কম্বল, ঊর্ণা নির্ম্মিত আসন।

ঔরস, ঔরস্য. স্বদেহজাত; সবর্ণা বিবাহিতা স্ত্রীর গর্ভে স্বয়ং উৎপাদিত পুত্র। [পুত্র।
ঔরস্য. স্বদেহজাত সন্তান, ঔরস
ঔর্দ্ধদেহিক, প্রেতক্রিয়া, অগ্নিসংস্কারাদি, অন্ত্যেষ্টি ক্রিয়াদি।
ঔর্ব্ব, বাড়বানল. জল মধ্যস্থ অগ্নি।
ঔলূক, পেচক সমূহ, পেঁচার ঝাঁক।
ঔল্বণ্য, আতিশয্য, আধিক্য; প্রাখর্য্য; চঞ্চলতা।
ঔশীর, খসখসিয়া; চামর দণ্ড।
ঔষণ. কটুরস ঝাল। [অগদ।
ঔষধ, রোগ নাশক দ্রব্য. ভেষজ.
ঔষধালয়, ঔষধ রক্ষণ গৃহ. ডাক্তরখানা. দাওয়াইখানা।
ঔষধীয়. ঔষধ বিষয়ক, ঔষধ সম্বন্ধীয়।
ঔষ্ট্রক, উষ্ট্র সমূহ, উটের পাল।
ঔষ্ণ্য, উষ্ণতা, উষ্মত্ব, তাপ; ঔৎসুক্য। [শৈত্য, শীতোষ্ণতা।
ঔষ্ণানৌষ্ণ. উষ্ণানুষ্ণতা, শৈত্য.
ঔষ্ম. উষ্ণতা, উষ্মতা, তাপ।
ঔক্ষক, বৃষ সমূহ, ষাঁড়ের পাল।

ক

ক, ককার, ব্যঞ্জনের আদ্য বর্ণ; জল; মস্তক; ব্রহ্মা। [কোথায়।
কই, মৎস্য বিশেষ, কৈ মাছ; কুত্র
কএক, কতিপয়, কিয়ৎ; কিঞ্চিৎ। [ক।
কএদ, অবরোধ; আসেধ, বন্ধ, আটক।
কএদী, অবরুদ্ধ; আসিদ্ধ, আটকান।
কংস, তাম্র ও রঙ্গে মিশ্রিত ধাতু, কাঁসা; মথুরা দেশের স্বনাম প্রসিদ্ধ রাজা; কংসরাজ।
কংসকার, কাংস্য বণিক্, কাঁসারি।
কংসজিৎ, বিষ্ণু, শ্রীকৃষ্ণ। [স্বামী।
কংস বণিক্, কাঁসারি, কাংস্য ব্যব-
কংসরাজ, মথুরা দেশের স্বনাম প্রসিদ্ধ রাজা।
কংসহা, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
কংসারি, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
কংসাসুর, কংস নামে প্রসিদ্ধ দানব।
কইলা, বৎস, বাছুর।
ককান, কাতর্য্যকরণ; অতিশয় রোদন।
ককানি, কাতর্য্য; রোদন শব্দ বিশেষ।
ককার, ক অক্ষর, ক বর্ণ।
ককুণ্ডল, চাতক পক্ষী।
ককুৎ, ষাঁড়ের ঝুঁটি, ধ্বজ।
ককুদ, রাজ চিহ্ন; পর্ব্বত শৃঙ্গ; প্রাধান্য; ষাঁড়ের ঝুঁটি।
ককুদ্মান, বৃষ, ষাঁড, পর্ব্বত।
ককুভ. দিক্, দেশ; অর্জ্জুন বৃক্ষ।
ককুভা. দিক্, রাগিণী বিশেষ।
কক্কক্, অব্যক্ত শব্দ পূর্ব্বক হাস্য।
কক্কোল, সুগন্ধি দ্রব্য, কাকলা।
কক্খটী. খড়ী, কঠিনী।
কখন, কোন কালে, কোন সময়ে।
কখন কখন কদাচিৎ, মধ্যে মধ্যে, সময়ে সময়ে। [সময়ে।
কখন্, কদ, কোন্ কালে. কোন্
কখাদি, কখ প্রভৃতি বর্ণমালা।
কখ্য, কক্ষ, হর্ম্ম্যাদি প্রকোষ্ঠ
কঙ্ক. আমিষপ্রিয়পক্ষী, বক, যুধিষ্ঠিরের নাম।
কঙ্কট, কবচ, বর্ম্ম, সাঁজোয়া।
কঙ্কণ, কাকন, হস্তাভরণ বিশেষ।
কঙ্কণী, কিঙ্কিণী, ক্ষুদ্র ঘণ্টিকা, ছোট ঘণ্টা।
কঙ্কত, কঙ্কতিকা, চিরুণী, কাঁকুই।
কঙ্কতিক, কেশ প্রসাধনার্থ কাষ্ঠাদি নির্ম্মিত দ্রব্য, চিরুণী. কাঁকুই।
কঙ্কতী. কাঁকই চিরুণী। [শর।
কঙ্কপত্র, বাণ বিশেষ, এক প্রকার
কঙ্কর, কর্কর, কাঁকর, কুলুত্থ। [দেশ।
কঙ্কাল, অস্থি, হাড়; কাঁকাল, কটি-
কঙ্কালমালা, অস্থিমালা, হাড়ের হার। [দেব।
কঙ্কালমালী, অস্থিমালাধারী. মহা-
কঙ্গাল, দরিদ্র, দীন, নির্ধন।

কঙ্গালপনা, দারিদ্র্য, নির্ধনতা।
কঙ্গালী, দরিদ্র, নির্ধন, দীন।
কঙ্গুনি, ধান্য বিশেষ, কাঁকুনি ধান।
কচ, কেশ, শিরোরুহ ; শুষ্কব্রণ ; বৃহ-
স্পতির পুত্র।
কচঙ্গন, বিক্রয় স্থান, পণ্যাজির, হাট।
কচটা, অবক্ষোদিত, মর্দ্দিত।
কচটান, অবক্ষোদন, মর্দ্দন।
কচড়া, স্থূল দীর্ঘ রজ্জু, কাছী, দড়া।
কচপ, তৃণ ; পত্র।
কচপক্ষ, কেশ সমূহ, কেশ পাশ।
কচপাশ, কেশপাশ, কেশ সমূহ।
কচর্‌কচর্‌, অব্যক্ত শব্দ; পক্ষির ধ্বনি।
কচহস্ত, কেশপাশ, কেশ সমূহ। [যষ্টি।
কচা, হস্তিনী; সন্ধি চ্যুতি; দণ্ড;
কচাটুর, পক্ষি বিশেষ ; ডাক পক্ষী।
কচান, মুঞ্জরিতহওন, মুঞ্জরান, গজান।
কচারি, ক্ষুর, নাপিত।
কচাল, বিবাদ, বাক্‌কলহ, ঝকড়া।
কচি, কোমল, নরম ; নবীন।
কচু; কচ্বী, স্বনাম প্রসিদ্ধ মূল বিশেষ।
কচুরি, পিষ্টক বিশেষ।
কচ্‌কচ্‌, অব্যক্ত শব্দ, অনুকরণ শব্দ।
কচ্‌কচানি, অব্যক্ত শব্দ, গোল।
কচ্‌লচিয়া, তৃণ বিশেষ ; অপক্ক।
কচ্‌কর্চা, ঝকড়া, বিবাদ ; কলহ।
কচ্চর, মলিন, কুৎসিত, কদর্য্য। [শব্দ।
কচ্চিৎ, প্রশ্নার্থ, জিজ্ঞাসা বোধক
কচ্ছ, কূল ; কাছাড় ; কাছা।
কচ্ছটিকা, কচ্ছ, কাছা।
কচ্ছপ, কূর্ম্ম, কমঠ ; কাছিম।
কচ্ছপিকা, রোগ বিশেষ।
কচ্ছপী, কূর্ম্মী, কমঠী।
কচ্ছা, কাছা, পরিধানের অপর অঞ্চ-
ল ; ঝিঁঝীপোকা।
কচ্ছু, রোগ বিশেষ, কণ্ডু; চুলকানি।
কচ্ছুর, কণ্ডু রোগ যুক্ত, খোসো-
রোগী।
কচ্ছূ, রোগ বিশেষ, খোস, পাঁচড়া।

কচ্ছোটিকা, কচ্ছ; কাছা, পরিধানের
অপরাঞ্চল। [দন।
কচ্‌টান, ছানন, চট্‌কান, অবক্ষো-
কচ্যান, মুকুলোদ্গম, মুঞ্জরান।
কচ্‌লা, প্রক্ষালিত, ধৌত।
কচ্‌লান, প্রক্ষালন, ধৌত করণ।
কচ্বী, কচু, কন্দ বিশেষ। [করণ।
কচহরী, কাছারী, বিচারাগার, ধর্ম্মাধি
কজ্জল, অঞ্জন, কাজল, আঁজন।
কজ্জলধ্বজ, দীপ, প্রদীপ।
কজ্জলরোচক, দীপাধার, পিলসুজ।
কজ্জলী, মৎস্য বিশেষ; মিশ্রিত রস
গন্ধক ; ঔষধ বিশেষ। [দাম।
কঞ্চটক, জলজ শাক বিশেষ, কাঁচড়া
কঞ্চড়, জলজ শাক বিশেষ, কাঁচড়া
দাম।
কঞ্চিকা, বেণুশাখা, কঞ্চী।
কঞ্চী, বাঁশের ডাল, বেণুশাখা।
কঞ্চু, সর্পত্বক্‌, সাপের খোলস।
কঞ্চুক, সর্পত্বক্‌, সাপের খোলস ; বর্ম্ম,
সাঁজোয়া ; চোলক, কাঁচলি।
কঞ্চুকাল, কাল সর্প, বিষধর.
কঞ্চুকী, মহল্লা, রক্ষক, অন্তঃপুরাধ্যক্ষ;
সর্প ; হিজড়া, নপুংসক। [রক্ষণী।
কঞ্চুলিকা, কাঁচলি, স্ত্রী লোকের অঙ্গ
কঞ্জ, পদ্ম ; কেশ ; ব্রহ্মা।
কঞ্জক, পক্ষি বিশেষ, ময়না পাখী।
কঞ্জর, ব্রহ্মা ; সূর্য্য ; উদর ; হস্তী।
কঞ্জল, পক্ষি বিশেষ, মদন পক্ষী,
ময়না পাখী।
কঞ্জার, ব্রহ্মা ; সূর্য্য ; উদর। [গাছ।
কঞ্জিক, ব্রাহ্মণ যষ্টিকা বৃক্ষ, বামনহাটী
কট, হস্তির গণ্ড স্থল, মাদুর ; তৃণ
রচিত রজ্জু; বড়্‌।
কটক, বলয় ; পর্ব্বতের মধ্য ভাগ ;
সৈন্যের ছাউনি; দেশ বিশেষ।
কটকী, পর্ব্বত, শৈল, পাহাড়।
কটকোল, নিষ্ঠীবন পাত্র, পিকদান।
কটখাদক, ভক্ষক ; জম্বুক, শৃগাল।

কটবেল, কপিত্থফল, বিল্বাকৃতি ফল বিশেষ। [কুড়ন।
কটভক্ষ, হাত দিয়া শস্য ছেদন;
কটা, রুক্ষ গৌরবর্ণ ; কটাসিয়া রঙ্গ ; কতিপয়, কতটা।
কটাৎ, কটাসিয়া; হঠাৎ, অকস্মাৎ।
কটায়ন, বীরণ, বেণার মূল, খসখসিয়া।
কটারি, নাগর, রসিক, কামী, দাত্র, দা।
কটাল, ম্লান, গ্লানিযুক্ত, শুষ্ক।
কটাসিয়া, কটা রং, রুক্ষ গৌরবর্ণ; রঙ্গ বিশেষ। [হঠাৎ, অকস্মাৎ।
কটাস্, অব্যক্ত শব্দ বিশেষ, সবলে,
কটাহ, তৈলাদি পাক পাত্র, কড়া; কচ্ছপের খোল।
কটাক্ষ, অপাঙ্গ দর্শন, ঈষদ্দৃষ্টি; আড় চকে দেখন। [অপাঙ্গদৃষ্টি।
কটাক্ষ নিক্ষেপ, ঈষদবলোকন করণ।
কটাক্ষপাত, দৃষ্টিপাত, ঈষদবলোকন, অপাঙ্গ নিক্ষেপ।
কটি, শরীরের মধ্য অবয়ব, শ্রোণি, কোমর, কাকালি। [রের আচ্ছাদন।
কটিত্র, কটি বসন, কটিবর্ম্ম, কোম-
কটিপ্রোথ, কটি দেশস্থ মাংস পিণ্ড, নিতম্ব ; পোঁদের পেলো।
কটিয়া, শক্ত, কঠিন ; কদর্য্য, মন্দ।
কটিশীর্ষক, কটিদেশ, কোমর; কাঁকালি। [কা, কোমরের ঘুঁঘুর।
কটিশৃঙ্খল, কটিসূত্র, ক্ষুদ্র ঘণ্টি-
কটিসূত্র, কটি ভূষণ বিশেষ, চন্দ্রহার।
কটী, শ্রোণি; কোমর ; পিঁপুল।
কটিতল, বক্রীকৃত খড়্গ, বাঁকা খাঁড়া।
কটীর, জঘন, নিতম্ব ; কটিদেশ।
কটু, তীব্র, ঝাল ; দুর্গন্ধ, কটু রসযুক্ত ; দূষণ, গ্লানি। [এই তিন।
কটুক, ত্রিকটু, শুঠ পিপুল, মরিচ
কটুকাটব্য, দুর্বাক্য, কটূক্তি, পরুষ ভাষণ, গালাগালি।
কটুকালাবু, কটুতুম্বী, তিত্ লাউ।
কটুকীটক, মশক, মশা।
কটুচ্ছদ, তগর বৃক্ষ, টগর ফুলের গাছ।
কটুতিক্ত, ভূনিম্ব, নিম গাছ।
কটুতিক্তা, কটুতুম্বী, তিত্ লাউ।
কটুতুম্বী, তিত্লাউ, তিক্ততুম্বী।
কটুত্রয়, ত্রিকটু, শুঁঠ পিপুল মরিচ।
কটুত্ব, তীব্রতা ; তিক্ততা; দৌর্গন্ধ্য।
কটুফল, পটোল।
কটুবীজ, পিপ্পলী, পিঁপুল।
কটুরব, ভেক, মণ্ডূক, বেঙ্গ। [সরিষা।
কটুস্নেহ, সর্ষপ, শ্বেত সর্ষা, রাই-
কটোরা, মৃণ্ময় পান পাত্র, মাটির বাটি, খড়খুরি। [রস।
কটোল, চাণ্ডাল, অন্ত্যাবসায়ী ; কটু-
কট্, অব্যক্ত শব্দ, হঠাৎ।
কট্কট্, অব্যক্ত শব্দ, পীড়াদ্যোতক শব্দ, কটকটানি। [যন্ত্রণা।
কট্কটানি পীড়াদ্যোতক শব্দ;
কট্কটিয়া, মুখর, শব্দায়মান, খড়খড়ানিয়া।
কট্কিনা কঠিনতা, শক্তাই।
কট্টার, কাটারি, ছোরা, ক্ষুদ্র খড়্গ।
কট্ফল, বৃক্ষ বিশেষ, ফল বিশেষ, কায়ফল।
কট্মটি, কঠিন, শক্ত, দুরূহ।
কট্বর, দধিসর, দধির মাথা।
কঠ, মুনি বিশেষ; কঠ নামে বেদের শাখা অধ্যায়ী; ঋগ্বেদ।
কঠর, কঠিন, শক্ত, কঠোর।
কঠশাখা, ঋগ্বেদের এক ভাগ।
কঠাহক, দাত্যূহ পক্ষী, দাঁড় বাক।
কঠিঞ্জর, তুলসী বৃক্ষ, তুলসী গাছ।
কঠিন, কর্কশ, শক্ত, দুরূহ ; দৃঢ় ; নিষ্ঠুর।
কঠিনতা, দৃঢ়তা, শক্তাই ; দুরূহতা।
কঠিন পৃষ্ঠক, কূর্ম্ম, কচ্ছপ, কাছিম।
কঠিনিকা, খড়ী, কঠিনী, বর্ণ লেখিকা।
কঠিনী, খড়ী, বর্ণলেখিকা।
কঠী, ব্রাহ্মণী।
কড়, কটক, কর ভূষণ।

কড়ক, করকচ্ লবণ, সৈন্ধব লবণ।
কড়কচ, করকচ্ লবণ, সামুদ্রিক লবণ।
কড়্কন, ক্ষত শুষ্ক হওন, মুসড়ান; অঙ্কুর, বীজোদ্ভেদ, গজান। [সুরা।
কড়ঙ্গ, মদ্য বিশেষ, এক প্রকার
কড়ঙ্গর, আগড়া, ভূষি। [ভাগ।
কড়ম্ব, শাকের ডাঁটা; কলম্ব; প্রান্ত-
কড়ম্বী, কলম্বী শাক।
কড়র', শক্ত; কর্কশ; দৃঢ়।
কড়া, কটক; কপর্দক, শৃঙ্খল; কটাহ; কটু; শক্ত।
কড়াকড়া, কৌড়ীং; শক্তং।
কড়াং, অব্যক্ত শব্দ; আয়াস।
কড়ানিয়া, শত পর্য্যন্ত কপর্দক গণনা, কাঁচা গণনা। [নিরূপণ।
কডার, পিঙ্গল বর্ণ; গ্রন্থক, কাল
কড়ি, কপর্দ্দক; আড় কাঠ, আড়া।
কড়িকাঠ, কড়িকাষ্ঠ, আড়কাঠা।
কড়িকান, শুকান, কড়কন, মুসড়ান।
কড়িকৃষ্টা, কৃপণ, অদাতা।
কড়িতুল, খড়্গ, অসি, খাঁড়া।
কড়িয়া, কনিষ্ঠাঙ্গুলী; ক্ষুদ্র, ছোট।
কড়িয়া রাঁড়ী, বাল বিধবা, শৈশবে স্বামি হীনা।
কড়িয়াল, ধনী, অর্থবান, আঢ্য।
কড়িয়ালী, বলগা, মুখস।
কড়ুয়া, কটু, তিক্ত, কুরস, তীব্র।
কড়ে, কনিষ্ঠ, ছোট, ক্ষুদ্র।
কড়্কড়, কঠিন দ্রব্যের শব্দ, অবস্বন।
কড়্কড়ি, শুষ্ক অম্লাদি।
কড়্মড়, কঠিন দ্রব্যের চর্ব্বণ শব্দ।
কড়্মড়িয়া, কঠিন, শক্ত; অত্যন্ত শুষ্ক।
কণ, অতিসূক্ষ্ম, ধান্যাংশ; কণিকা, খুদ; বনজীরা।
কণজীর, শ্বেতজীরক, শাদাজীরা।
কণভক্ষক, কণভোক্তা; ভারিটপক্ষী।
কণলাভ, জলের আবর্ত্ত, জলের ঘূর্ণা।
কণা', বিন্দু; ক্ষুদ্রাংশ; পিঁপুল।
কণাটীর, খঞ্জন পক্ষী।
কণাদ, বৈশেষিক দর্শন কর্ত্তা মুনি বিশেষ; স্বর্ণকার। [অল্প অংশ।
কণামাত্র, একবিন্দু, কিঞ্চিন্মাত্র, অ-
কণি, নখকোণ, কুনী।
কণিকা, লেশ, বিন্দু, ক্ষুদ্রাংশ; খুদ।
কণিত, আর্ত্তরব, পীড়িতের শব্দ।
কণিশ, শস্যমঞ্জরী, ধান্যাদির শীষ।
কণীয়স্, অত্যল্প; অতিসূক্ষ্ম।
কণুই, কফোণি, বাহুর অধোগ্রন্থি।
কণেরু, বেশ্যা, স্বৈরিণী। [শীতল।
কণ্কণিয়া, অতিশয় শীতল, তুষার বৎ
কণ্টক, কাঁটা; সূচ্যগ্র; ক্ষুদ্রশত্রু।
কণ্টককীট, শুঁয়া পোকা, কণ্টকান্বিত কীট বিশেষ। [গাছ।
কণ্টকদ্রুম, শাল্মলী বৃক্ষ, শিমুল
কণ্টকপ্রাবৃতা, ঘৃতকুমারী।
কণ্টকফল, পনসফল, কাঁটাল।
কণ্টকবৃন্তাকী, বার্ত্তাকী, বেগুন।
কণ্টকভুক্, উষ্ট্র, ক্রমেলক, উট।
কণ্টকাগার, সরট ন মে জন্তু বিশেষ।
কণ্টকারিকা, কণ্টকারী গাছ।
কণ্টকারী, কণ্টকারিকা বৃক্ষ।
কণ্টকাল, পনস, কাঁটাল।
কণ্টকাশন, উষ্ট্র, ক্রমেলক, উট।
কণ্টকিফল, পনস, কাঁটাল।
কণ্টকিল, বংশবিশেষ, বেউড় বাঁশ।
কণ্টকী, বার্ত্তাকু, বেগুন।
কণ্টকীদলা, কেতকী, কেয়া গাছ।
কণ্টকীদ্রুম, খরিদ বৃক্ষ।
কণ্টকীফল, পনস, কাঁটাল।
কণ্টল, বৃক্ষ বিশেষ, বাবলা গাছ।
কণ্টাফল, পনস বৃক্ষ, কাঁটাল গাছ।
কণ্টাহ্বয়, পদ্মের কন্দ, পদ্মের গেঁড়ো।
কণ্ঠ, গলদেশ, গলা, গ্রীবার পুরোভাগ।
কণ্ঠকুণিকা, বীণা, বাদ্যযন্ত্র বিশেষ।
কণ্ঠনীড়ক, চিল্ল, চিল।
কণ্ঠপাশ, গলবেষ্টক রজ্জু।

কণ্ঠভূষা, কণ্ঠাভরণ, গ্রৈবেয়ক, হার।
কণ্ঠমণি, গলদেশে ধারণীয় বস্ত্র।
কণ্ঠমালা, হারবিশেষ, কণ্ঠাভরণ ভেদ।
কণ্ঠা, গল দেশ, গলা ; মাছের কাণ-কুয়া। [মাত্রে স্থিত শ্বাস।
কণ্ঠাগত, শরীর ত্যাগে উদ্যত, কণ্ঠ-
কণ্ঠি, কণ্ঠাভরণ, কাষ্ঠমালা।
কণ্ঠিকা, কণ্ঠাভরণ, একনরি হার।
কণ্ঠীরব, সিংহ ; মত্তহস্তী ; কপোত।
কণ্ঠীরবী, বাসক বৃক্ষ।
কণ্ঠ্য, কণ্ঠাভিঘাতে উচ্চার্য্য, কণ্ঠ হইতে উচ্চারিত।
কণ্ঠ্যবর্ণ, কণ্ঠ হইতে উচ্চার্য্য বর্ণ উ ঊ ও ঔ, প ফ ব ভ ম।
কণ্ডন, কাঁড়ন, উদূখলাদি দ্বারা তুষ-লাদি পরিষ্কার করণ।
কণ্ডনী, উদূখল, উখলী।
কণ্ডার, কানাৎ, বস্ত্রাচ্ছাদন, তাঁবু।
কণ্ডু, কণ্ডূয়ন, চুলকানি, খোস
কণ্ডুয়, কণ্ডূয়ন, চুলকান, খোস।
কণ্ডূ, রোগ বিশেষ, চুলকান, খোস
কণ্ডূঘ্ন, কণ্ডূয়ন রোগ নাশক, শ্বেত সর্ষপ।
কণ্ডুতি, কণ্ডুয়, চুলকান, খোস।
কণ্ডুয়ন, রোগ বিশেষ, চুলকান, খোস। [ঘর্ষণকারী।
কণ্ডুয়মান, কণ্ডুয়নকারক, চুলকানিয়া
কণ্ডুয়িত, ঘর্ষিত, চুলকান।
কণ্ডুরা, বৃক্ষ বিশেষ, আলকুশী গাছ।
কণ্ডোঘ, শূককীট, শূয়া পোকা।
কণ্ডোল, নল বংশাদি রচিত ধান্য রক্ষণ পাত্র, ডোল, কুশূল।
কণ্ডোলক, ডোল, কুশূল, ধান্য স্থা-পন পাত্রবিশেষ।
কণ্ব, মুনি বিশেষ ; কলুষ, পাপ।
কত, কিয়ৎ, কতি ; পরিমাণ বা সংখ্যা জিজ্ঞাসা।
কতক, কতিপয়, কএক ; অসমগ্র, কিছু ; কতফল, নির্মলী।
কতকগুলি, কতিপয়, কিয়ৎ সংখ্যক।
কতকক্ষণ, কিয়ৎকাল, কিছু কাল, কিঞ্চিৎ সময়।
কতকফল, কতক বৃক্ষের ফল, নির্ম্মলী।
কতম, অনেকের মধ্যে কোন এক ব্যক্তি।
কতমাল, অগ্নি, অনল, বহ্নি।
কতর, দুইয়ের মধ্যে কোন্ এক ব্যক্তি।
কতরণ, মেষের লোমচ্ছেদন ; কর্ত্তন।
কতক্ষণ, কিয়ৎকাল, কত কাল।
কতি, কত, কিয়ৎ পরিমাণ বা সংখ্যা।
কতিপয়, কতকগুলি, কএক, কতেক।
কতেক, কতিপয়, কতকগুলি, কিয়ৎ সংখ্যক।
কত্কৎ, অনুতাপ, মনোদুঃখ ; খেদ।
কতৃণ, সুগন্ধি তৃণ বিশেষ, রামকর্পূর।
কত্তোয়, মদ্য, মদিরা, সুরা।
কথং, কিপ্রকারে ; কিরূপে, কেন।
কথক, বক্তা ; কথোপজীবী, পুরাণ-বক্তা, কিঞ্চিৎ। [সক।
কথঙ্কথিক, প্রষ্টা, প্রশ্নকর্ত্তা, জিজ্ঞা-
কথঙ্কথিকতা, প্রশ্ন, পৃচ্ছা, জিজ্ঞাসা।
কথন, কথা, কহন, বলন, উক্তি, বিব-রণ করণ। [কল্পনা।
কথা, বাক্য, উক্তি, প্রসঙ্গ ; প্রবন্ধ
কথাপ্রসঙ্গ, বচনবিকাশ ; জল্পক, বাতুল।
কথাপ্রাণ, নাটক বক্তা ; কথক।
কথাবার্ত্তা, কথোপকথন, আলাপ।
কথায় কথায়, প্রতিবাক্যে, প্রত্যেক বচনে।
কথাসচিব, মন্ত্রণাদাতা, মন্ত্রী।
কথিত, উক্ত, কহা, বলা।
কথিতব্য; বক্তব্য, কথ্য, কথনার্হ, বলিবার যোগ্য। [লাপ।
কথোপকথন, পরস্পর কথা কহা, আ-
কদ, মেঘ, বারিদ; অভ্র।
কদক, বিতান, চন্দ্রাতপ, চাঁদোয়া।

কদধ্বা, নিন্দিত পথ, কুৎসিত বর্ত্ম, কুপথ।
কদন, পাপ; যুদ্ধ; মর্দ্দন; মারণ।
কদন্ন, কুৎসিত অন্ন, অপরিষ্কৃত ভাত।
কদমা, মিষ্টান্ন বিশেষ।
কদম্ব, বৃক্ষ বিশেষ, নীপ, কদমগাছ।
কদম্বক, সমূহ, সঙ্ঘ; শাল; সর্ষপ।
কদর, কাঁটা বাবলা, ক্রকচ, করাত, ব্যাধি বিশেষ, কড়াজাম্বড়। [মন্দ
কদর্য্য, কুৎসিত, নিন্দিত, অপকৃষ্ট,
কদল, কদলী বৃক্ষ, রম্ভা, কলা।
কদলক, কদলী বৃক্ষ, রম্ভা, কলা।
কদলী, কলা, রম্ভা, মোচাগাছ।
কদক্ষর, কুৎসিত বর্ণ, অপকৃষ্ট অক্ষর।
কদক্ষি, কুৎসিত দৃষ্টি, টেরা
কদা, কোন্ সময়, কবে, কখন।
কদাকার, কুৎসিত আকৃতি, কুরূপ, কুশ্রী।
কদাকৃতি, কুরূপ, কুশ্রী।
কদাচ, কদাচিৎ, কদাচন, কখন।
কদাচন, কদাচিৎ কখন, কর্হিচিৎ।
কদাচার, দুর্ব্যবহার, অসদাচার, দুরাচার।
কদাচিৎ, কোনকালে, কখন, কদাচ।
কদাপি, কখনও, কোন এক সময়ে; মধ্যে মধ্যে।
কদুক্তি, দুর্বাক্য, অপভাষা, কটুকথা।
কদুষ্ণ, ঈষদুষ্ণ, অল্প তপ্ত, কদুষ্ণ।
কদুষ্ণ, ঈষদুষ্ণ, কবোষ্ণ, অল্প তপ্ত।
কদ্রথ, কুৎসিত রথ।
কদ্রু, পিঙ্গল বর্ণ; নাগমাতা।
কদ্রুপুত্র, নাগ, সর্প, ভুজঙ্গ।
কদ্রুসুত, নাগ, সর্প, ভুজঙ্গ। [কথক।
কদ্বদ, কুৎসিত বক্তা, দুর্বাক্, মন্দ-
কধী, কদাপি, কখন, কভু।
কনক, সুবর্ণ, স্বর্ণ, সোণা।
কনকচুর, ধান্য বিশেষ, খৈর ধান।
কনকদণ্ডক, রাজচ্ছত্র, রাজচিহ্ন।
কনকপল, পল পরিমাণ, সুবর্ণের ষোল মাষা।
কনকরম্ভা, কদলী বিশেষ, স্বর্ণকদলী।
কনকরস, হরিতাল।
কনকক্ষার, সোহাগা। [গিরি।
কনকাচল, সুমেরু পর্ব্বত; অস্ত-
কনকালুকা, স্বর্ণ কলস, সুবর্ণের ঘট।
কনকাহ্বয়, ধুস্তুর বৃক্ষ, ধুতুরা গাছ।
কনাৎ, কাণ্ডপট, তাঁবু, বস্ত্রের কানাৎ।
কনিষ্ঠ, অতিযুবা; পশ্চাজ্জাত, অনুজ, ছোট।
কনিষ্ঠা, ছোট অঙ্গুল, কড়ে আঙ্গুল।
কনী, কন্যা, দুহিতা, তনয়া।
কনীচি, গুঞ্জা, কুঁচ।
কনীনিকা, চক্ষুর তারা; কনিষ্ঠাঙ্গুল।
কনীনী, কনিষ্ঠাঙ্গুলি, কড়ে আঙ্গুল।
কনীয়ান, অতিযুবা, অনুজ, কনিষ্ঠ।
কন্থা, জীর্ণ বস্ত্র রচিত আচ্ছাদন, কাঁথা [সংশ্রম ত্যাগী।
কন্থাধারক, ভিক্ষুক, সন্ন্যাসী, সংসা-
কন্থাধারী, ভিক্ষুক, সন্ন্যাসী, সংসারাশ্রম ত্যাগী।
কন্থাশ্রিত, কন্থাচ্ছাদিত, কন্থাধারী।
কন্দ, মূল, শূরণ, মেঘ; শর্করা, মিষ্টান্ন।
কন্দট, শ্বেতোৎপল, শাদাশুঁদী।
কন্দবর্দ্ধন, মূল, শূরণ, ওল।
কন্দমূল, মূলক; মূল।
কন্দর, পর্ব্বতের গহ্বর, গুহা; আর্দ্রক।
কন্দরা, গুহা, পর্ব্বতের গহ্বর।
কন্দরাকর, পর্ব্বত, শৈল, পাহাড়।
কন্দরাল, পাকুড় গাছ; আখরোট বৃক্ষ।
কন্দরী, গুহা, পর্ব্বতের গহ্বর।
কন্দর্প, কামদেব, অনঙ্গ, মদন।
কন্দর্পকূপ, যোনি, ভগ।
কন্দর্পমুষল, লিঙ্গ, উপস্থ।
কন্দল, বিবাদ, কলহ, যুদ্ধ; কপাল।
কন্দলী, মৃগবিশেষ; কদলী; পদ্মবীজ।

কন্দশূরণ, ওল, মূলবিশেষ।
কন্দার্হ, ওল, মূলবিশেষ। [তাওয়া।
কন্দু, লৌহময় পাকপাত্র, কড়া;
কন্দুক, গেণ্ডুক, গেঁড়ু, খেলনা বিশেষ।
কন্দুপক্ব, জলসেক ব্যতিরেকে ভৃষ্ট-তণ্ডুলাদি, ভাজাচাউলাদি।
কন্দোট, নীলোৎপল, নীলপদ্ম।
কন্ধ, মেঘ, বারিদ, অভ্র।
কন্ধর, গ্রীবা, গলা, কাঁধ; মেঘ।
কন্ধরা, গ্রীবা, গলা, কাঁধ।
কন্ধি, গ্রীবা গলা, কাঁধ।
কন্যকা, কুমারী, কন্য, পুত্রী। [নীন।
কন্যকাজাত, অবিবাহিতা পুত্র; কা-
কন্যকাপতি, জামাতা, বিটপতি।
কন্যস, কনিষ্ঠভ্রাত, ছোটভাই।
কন্যসা, কনিষ্ঠাভগিনী, ছোটবইন।
কন্যা, কুমারী, পুত্রী, দুহিতা
কন্যাকা, কুমারী, পুত্রী, দুহিতা।
কন্যাকাল, কন্যার দশবর্ষ বয়ঃক্রম-কাল।
কন্যাকুব্জ, কান্যকুব্জদেশ, কনোজ।
কন্যাগত, কন্যানিষ্ঠ, কন্যারাশিতে প্রবিষ্ট, কন্যারাশিস্থ।
কন্যাপতি, জামাতা, বিটপতি।
কন্যারাশি, ষষ্ঠরাশি।
কন্যারাশীয়, কন্যারাশি সম্বন্ধী, আ-শ্বিনমাসীয়। [রণ, চাতুরী, ছদ্ম।
কপট, অযথার্থ ব্যবহার, ছল, প্রতা-
কপটবেশ, ছদ্মবেশ, মিথ্যাবেশ।
কপটবেশী, ছদ্মবেশী, অভিনেতা, প্রতারক। [বিশিষ্ট।
কপটিক, অযথার্থ ব্যবহারী, কাপট্য
কপটী, কপটকারী, ছদ্মবেশী, প্রতা-রক। [কড়ী।
কপর্দ্দ, মহাদেবের জটা, বরাটক,
কপর্দ্দক, বরাটক, কড়ী; মহাদেবের জটা।
কপর্দ্দী, শিব, মহাদেব।
কপাট, দ্বারের আবরণ; কবাট।
কপাল, ললাট, ভাল; অদৃষ্ট, ভাগ্য; মাথার খুলি।
কপালভৃৎ, শিব, মহাদেব, মহেশ্বর।
কপালিকা, দন্তরোগ বিশেষ।
কপালিনী, দুর্গা, ভগবতী, পার্ব্বতী।
কপালিয়া, ভাগ্যবান, পয়মন্ত, শুভা-দৃষ্ট। [জাতিবিশেষ।
কপালী, মহাদেব, শিব; স্বনামখ্যাত
কপালীয়, ভাগ্যবান, অদৃষ্টবন্ত, পয়-মন্ত। [বিশেষ।
কপি, বানর, মর্কট, যন্ত্রবিশেষ; শাক-
কপিকচ্ছু, বৃক্ষবিশেষ, আলকুশী।
কপিকন্দুক, শিরোস্থি; মাথার খুলি; কপাল। [যন্ত্রবিশেষ।
কপিকল, যন্ত্রবিশেষ, উপরি উত্থাপক
কপিচূড়া, আম্রাতক, আমড়া।
কপিচূত, আম্রাতক, আমড়া।
কপিঞ্জল, চাতক পক্ষী, চাতক পাখী।
কপিত্থ, বৃক্ষবিশেষ, কতবেল।
কপিত্থাস্য, বানর বিশেষ, একপ্রকার মর্কট।
কপিধ্বজ, অর্জ্জুন, মধ্যম পাণ্ডব।
কপিপ্রভু, রামচন্দ্র, রঘুনাথ।
কপিপ্রিয়, আম্রাতক, আমড়া, ক-পিত্থ, কতবেল। [অগ্নি।
কপিল, মুনিবিশেষ; পিঙ্গলবর্ণ;
কপিলদ্যুতি, সূর্য্য, দিবাকর, ভানু।
কপিলদ্রাক্ষ, আঙ্গুর বিশেষ।
কপিলধারা, স্বর্নদী, তীর্থবিশেষ।
কপিলা, কামধেনুবিশেষ, দিক্‌হ-স্তিনী; গন্ধদ্রব্যবিশেষ।
কপিলাশ্ব, ইন্দ্র, দেবরাজ। [বিশেষ।
কপিলোখা, রেণুকানামে গন্ধদ্রব্য
কপিলোহ, পিত্তল, পিতল। [বর্ণ।
কপিশ, শ্যামবর্ণ, কৃষ্ণপীত মিশ্রিত-
কপিশাপুত্র, পিশাচ, প্রেত।
কপিশী, মদিরা, মদ্য, সুরা।
কপীতন, আম্রাতক বৃক্ষ, আমড়া-গাছ।

কপীন, কৌপীন, গুহ্যদেশাচ্ছাদন, কপ্নী, অন্তর্বাসঃ।
কপীন্দ্র, হনূমান ; বানরের প্রধান।
কপুচ্ছল, দক্ষিণ শিখা।
কপুষ্ণক, বাম শিখা।
কপোত, পারাবত, গৃহকুক্কুট, পায়রা।
কপোতপালিকা, গৃহাদির প্রান্তে কাষ্ঠাদিরচিত পক্ষি বাসস্থান, পায়রার খোপ। [রার খোপ।
কপোতপালী, পক্ষি বাসস্থান ; পায়-
কপোতাভ, কপোতবর্ণ, পায়রার মত রঙ্গ। [শেষ।
কপোতারি, শ্যেনপক্ষী, পক্ষি বি-
কপোল, গণ্ডদেশ, গাল।
কপ্চান, কপ্টান, পাখির বুলি ধরণের উপক্রম ; কর্ত্তন, ছেদন।
কপ্টান, কপ্চান, পক্ষিদের কথা-কহনের উপক্রম।
কফ, শ্লেষ্ম, শরীরস্থ ধাতুবিশেষ।
কফকূর্চিক, লাল, থুথু, লাল, শিক্নি। [গ্রন্থি।
কফণি, কফোণি, কনুই, বাহুর নিম্নস্থ
কফবর্দ্ধন, শ্লেষ্ম। বৃদ্ধিকারক।
কফবিরোধি, শ্লেষ্মানাশক, মরিচ।
কফারি, শুণ্ঠী, শুঠ।
কফী, শ্লেষ্মযুক্ত, শ্লেষ্মণ, কফযুক্ত।
কফেলু, শ্লেষ্মণ, শ্লেষ্মাযুক্ত, কফযুক্ত।
কফোণি, ভুজমধ্যগ্রন্থি, কূর্পর, কনুই।
কব, কদা, কোন্ সময়, কখন।
কবক, কবল, গ্রাস।
কবচ, সন্নাহ, সাঁজোয়া ; মাদুলী।
কবচপত্র, ভূর্জ্জপত্র, বৃক্ষত্বক্ বিশেষ।
কবচী, সাঁজোয়াপর ; মাদুলীধারী।
কবটী, কপাট, দ্বারাবরোধক।
কবন্ধ, নির্ম্মস্তক দেহ, কন্ধকাটা ; দানব বিশেষ।
কবয়ী, মৎস্যবিশেষ, কইমাছ।
কবর, কেশপাশ ; অম্ল ; লবণ।
কবরকী, কারাবদ্ধ, অবরুদ্ধ, কএদী।
কবরী, কেশ বিন্যাস, চুলের খোপা।
কবল, গ্রাস ; মৎস্য বিশেষ।
কবলিত, গ্রাসিত, ভুক্ত।
কবলীকৃত, গ্রাসিত, গ্রাস করা।
কবা, ছল, চাতুরী, প্রতারণা।
কবাট, কপাট, দ্বারাবরোধক।
কবি, কাব্যকার ; পণ্ডিত ; ব্রহ্মা ; শুক্রাচার্য্য ; সূর্য্য।
কবিকা, খলীন, লাগাম, বল্গা।
কবিজ্যেষ্ঠ, বাল্মীকি মুনি, কাব্য-কর্ত্তার প্রধান।
কবিতা, কবিত্ব, পদ্য, শ্লোক।
কবিত্থ, কপিত্থ বৃক্ষ, কতবেল।
কবিয়, লাগাম, খলীন, বল্গা।
কবিরামায়ণ, বাল্মীকি মুনি, আদি কবি, রামায়ণ রচক।
কবিল, কর্ব্বুর বর্ণ ; কপোত বর্ণ।
কবূতর, কপোত, পারাবত, পায়রা।
কবে, কখন্, কোন্ সময়ে।
কবেল, উৎপল, কুবলয়, সুঁদাফুল।
কবোষ্ণ, ঈষদুষ্ণ, অল্প উষ্ণ। [কল।
কজ্জ, কপাট যোজক লোহাদি রচিত
কব্জী, হস্তের উপরি ভাগ, করপৃষ্ঠ।
কব্য, পিতৃশ্রাদ্ধ, পিতৃসম্প্রদানক দ্রব্য।
কভু, কখনো, কোন সময়ে।
কমঠ, কূর্ম্ম, কচ্ছপ, কাছিম।
কমঠী, কচ্ছপী।
কমণ্ডলু, যতির জলপাত্র, সন্ন্যাসিদের মৃত্তিকা কাষ্ঠাদিময় পাত্র। [হর।
কমন, কামুক ; অভিরূপ, রম্য, মনো-
কমনচ্ছদ, কঙ্ক পক্ষী, পক্ষি বিশেষ।
কমনীয়, মনোহর, রম্য, সুন্দর।
কমনে, কুত্র, কোথায়, কোন্ স্থানে।
কমন্ধ, কবন্ধ, নির্ম্মস্তক দেহ।
কমল, পদ্ম রাজীব ; জল।

কমলা, লক্ষ্মী, নাগরঙ্গী, নারাঙ্গী নেবু।
কমলাসন, ব্রহ্মা, বিরিঞ্চি।
কমলিনী, পদ্মিনী, নলিনী।
কমলোত্তর, কুসুম্ভ পুষ্প, কুসুম ফুল।
কমা, শোভা, কান্তি, দ্যুতি।
কমিতা, কামুক, কামী, স্ত্রী পরায়ণ।
কম্প, গাত্রাদি চালন; বেপথু; আন্দোলন, লড়ন।
কম্পজ্বর, কম্পনযুক্ত জ্বর, যে জ্বর গাত্র কম্প সহিত হয়।
কম্পন, স্পন্দন, কঁাপন, চলন, লড়ন।
কম্পবান্, সকম্প, কম্পিত, আন্দোলিত।
কম্পবার্য্য, পক্ষাঘাতী, অঙ্গাবশ।
কম্পমান, কম্পনযুক্ত, সকম্প।
কম্পাক, বায়ু, পবন, সমীরণ।
কম্পিত, কম্পনযুক্ত; আন্দোলিত, কম্পনান্বিত। [লিত।
কম্প্র, কম্পনযুক্ত, কম্পান্বিত, আন্দো-
কম্বর, চিত্র বর্ণ, কর্ব্বুর বর্ণ; পায়রা রং।
কম্বল, মেষাদি লোম রচিত আসন বিশেষ। [কণ্ঠ।
কম্বু, শঙ্খ, শম্বুক; শামুক; কঙ্কণ;
কম্বুগ্রীব, কম্বুর ন্যায় রেখাঙ্কিত গলদেশ। [ত্রয়যুক্ত গলা।
কম্বুগ্রীবা, কম্বুর ন্যায় আকৃতি রেখা-
কম্বোজ, শঙ্খ বিশেষ; হস্তি বিশেষ; দেশ বিশেষ।
কম্বু, উশীর; বীরণ মূল, বেণার মূল।
কম্র, কামুক, মৈথুনেচ্ছাবিশিষ্ট; কমনীয়।
কয়লা, অঙ্গার, অলাত, আঙ্গরা।
কর, হস্ত, হস্তি শুণ্ড; কিরণ; রাজস্ব।
করই, ভাণ্ডার, গোলা, দ্রব্যাগার।
করক, কমণ্ডলু; দাড়িমবৃক্ষ; রাজকর, পক্ষি বিশেষ।
করকচ, লবণ বিশেষ, সামুদ্রিক লবণ।
করকচি, কোমল, অপুষ্ট।
করকটিয়া, অপুষ্ট দশায় পক্ক, শক্ত।
করকণ্টক, নখর, নখ। [বংক্ষণ।
করকনা, কটিদেশ, উরু সন্ধি স্থান,
করকা, মেঘভব শিলা, বর্ষোপল; নারিকেলের মালা; কমণ্ডলু।
করকান্ত, নারিকেল।
করকোষ্ঠী, হস্তরেখা, শুভাশুভ দ্যোতক হস্ত চিহ্ন।
করগ্রহ, বিবাহ পাণিগ্রহণ, পরিণয়।
করঘর্ষণ, দধিমন্থন দণ্ড, ঘোলমন্থনী, হস্ত মর্দ্দন। [কেলের খোল।
করঙ্ক, মস্তক; শরীরের অস্থি; নারি-
করঙ্গ, জলপাত্র বিশেষ। [বিশেষ।
করচা, রাজকর লিপি, রাজস্বের নিয়ম
করঞ্জ, বৃক্ষ বিশেষ, করমচা।
করঞ্জক, করঞ্জ বৃক্ষ, করমচা।
করট, কাক, কুৎসিত জীবী; নাস্তিক; বাদ্য বিশেষ।
করটক, কাক, বায়স। [কষ্টে দুগ্ধ দেয়।
করটা, দুঃখদোহ্য, গবী, যে গাই-
করটী, হস্তা, কর্তা, দর্ব্বী।
করণ, সাধন; নির্ম্মাণ, ইন্দ্রিয়; জাতি বিশেষ, কায়স্থ।
করণক, পূর্ব্বক, দ্বারা, হেতুক।
করণত্রাণ, মস্তক, শিরঃ, মাথা।
করণার্হ, কর্ত্তব্য, করণোপযুক্ত।
করণীয়, কর্ত্তব্য, করণার্হ; কার্য্য।
করণ্ড, মৌচাক, বংশাদিরচিত ভাণ্ড বিশেষ; ঝাঁপি, পেটারি, টুকরী।
করণ্ডী, মৎস্য বিশেষ।
করতল, হস্ততল, হাতের তেলো।
করতাল, কাংস্য নির্ম্মিত বাদ্য যন্ত্র বিশেষ, খরতাল। [করতাল।
করতালী, করতল ধ্বনি, হাততালি;
করতোয়া, উত্তর দেশস্থ নদী বিশেষ।
করপত্র, করাত, ক্রকচ, আরা।
করপত্রবান্, তাল বৃক্ষ, তাল গাছ।
কর পত্রিকা, জল ক্রীড়া, জল বিহার।

করপল্লব, অঙ্গুলি, করশাখা; আঙ্গুল।
করপাত্র, জলক্রীড়া; অঞ্জলি, হস্তা-
ধার। [অসি।
করপাল, করবাল, খড়্গ, তরবারি,
করপালিকা, ক্ষুদ্র গদার ন্যায় হস্ত-
দণ্ড, যষ্টি। [বদ্ধাঞ্জলি।
করপুট, যোড় হস্তে প্রণাম করা;
করবাল, অসি, খড়্গ, তরবারি, খাঁড়া।
করবালিকা, করপালিকা, অসি, খড়্গ।
করবী, কবরী, কেশ বিন্যাস; করবীর
পুষ্প।
করবীর, বৃক্ষ বিশেষ, করবী ফুলগাছ।
করবীরক, অর্জ্জুন বৃক্ষ; করবীর
মূল; খড়্গ।
করভ, করি শাবক; উটের ছানা।
করভী, হস্তিনী; উষ্ট্রী।
করভীর, সিংহ, কেশরী।
কর ভূষণ, হস্তাভরণ, কঙ্কণ।
করম, কর্ম্ম, ক্রিয়া; প্রাক্তন, অদৃষ্ট।
করমণ্ডু; গুবাক বৃক্ষ, গুয়া গাছ।
করমরী, বন্দী; অবরুদ্ধ, কএদী।
করমর্দ্দ, হস্ত মর্দ্দন; বৃক্ষ বিশেষ;
করম্চা।
করমর্দ্দী, হস্তমর্দ্দনকারী; বৃক্ষবিশেষ,
করমচা। [মাল।
করমালা, করপর্ব্বরূপ মালা, জপ-
করমুক্ত, অস্ত্রবিশেষ, বরছী, ভাল।
করম্ব, মিশ্রিত; মিশান দ্রব্য, দধি-
মিশ্রিত শক্তু।
করম্বিত, মিশ্রিত, মিলিত; খচিত।
করম্ভ, দধি মিশ্রিত শক্তু।
কররুহ, নখ, নখর, করপল্লব। [তালি।
করর্দ্ধি, কর তালি, করতলের শব্দ, হাত
করলা, লম্বা উচ্ছে, তিক্ত ফল বিশেষ।
করশাখা, অঙ্গুলি, করপল্লব, আঙ্গুল।
করশীকর, হাতির শূণ্ড হইতে নির্গত
জল কণা।
করশূক, নখ, নখর, কররুহ।
করাটিয়া, করকচিয়া, অবৃদ্ধ, অপুষ্ট।
করাণ, জন্মান; চালান; লওয়ান।
করাণী, করগ্রাহক; লেখক।
করাত, ক্রকচ, কাষ্ঠ বিদারণ অস্ত্র।
করাতিয়া, ক্রকচ ব্যবহারী; অবর্দ্ধন-
শীল; খর্ব্ব। [কাষ্ঠ বিদারক।
করাতী, ক্রকচ ব্যবহারী, করাত দ্বারা
করামর্দ্দ, করমর্দ্দ বৃক্ষ, করমচা গাছ।
করায়িকা, বক, বলাকা; ছোট বক।
করারোট, অঙ্গুরীয়ক, অঙ্গুরী, আঙ্গুটী।
করাল, ঘোর, ভয়ানক, ভীষণ; দন্তুর;
মহৎ।
করালক, ভয়ানক; কৃষ্ণ তুলসী।
করালা, ভীষণী, ভয়ঙ্করী; মূলবিশেষ।
করিকুসুম্ভ, নাগকেশর চূর্ণ।
করিগর্জ্জিত, হস্তি গর্জ্জন, হস্তি বৃং-
হিত; হাতির শব্দ। [ছানা।
করিজ, হস্তি শাবক, করভ, হাতির
করিণী, হস্তিনী, করেণু।
করিদারক, সিংহ, কেশরী। [ছানা।
করিপোত, করি শাবক, করভ, হাতির
করিবন্ধ, হস্তি বন্ধন স্তম্ভ।
করিমাচল, সিংহ, কেশরী।
করিমুখ, গণেশ, বিনায়ক, গজানন।
করিশাবক, হস্তিশিশু, করভ, হাতির
ছানা।
করী, হস্তী, দন্তী, গজ, হাতী।
করীন্দ্র, প্রধান হস্তী; ঐরাবত হস্তী।
করীর, বংশাঙ্কুর, বাঁশের কোঁড়;
ঘট, কলস।
করীরা, চীরিকা কীট, ঝিঁঝি পোকা।
করীষ, শুষ্ক গোময়, ঘুঁটে।
করীষাগ্নি, শুষ্ক গোময়ের অগ্নি, ঘুঁ-
টের আগুন।
করুই, ভাণ্ডার, গোলা, দ্রব্যাগার।
করুণ, বৃক্ষবিশেষ, করুণা লেবুর গাছ।
করুণবিপ্রলম্ভ, শৃঙ্গার রস বিশেষ।
করুণমল্লী, নবমল্লিকা লতা। [গ্রহ।
করুণা, কৃপা, দয়া, অনুকম্পা, অনু-
করুণাকর, দয়ালু, কৃপাবান।

করুণানিধান, দয়াধার, কৃপান্বিত, সানুকম্প।
করুণান্বিত, সদয়, দয়াবান, সানুগত।
করুণাপর, দয়াপর, দয়ালু, কৃপালু।
করুণার্দ্র, দয়ার্দ্র, অতিশয় কৃপালু।
করুণী, পুষ্প বৃক্ষ বিশেষ, কোকনে ফুলের গাছ।
করুল, পক্ষীবিশেষ।
করেট, কররুহ, নখ, নখর।
করেটু, পক্ষিবিশেষ, দরকটিয়া পাখী।
করেণু, হস্তী, গজ; হস্তিনী।
করোট, মস্তকের অস্থি, মাথার খুলি।
করোটী, মস্তকের অস্থি, মাথার খুলি।
কর্ক, কুলীর, কাঁকড়া; দর্পণ, ঘট; অগ্নি।
কর্কট, কুলীর, কাঁকড়া, চতুর্থ রাশি।
কর্কটক, কুলীর, কাঁকড়া। [সর্প।
কর্কটি, কাঁকুড় ফল; শিমুল ফল;
কর্কটু, করাটু পক্ষী, করকটিয়া পাখী।
কর্কন্ধু, বদরী বৃক্ষ, কোলি বৃক্ষ, কুলগাছ। [দর্পণ।
কর্কর, কঠিন; কাঁকর, চূর্ণ পাষাণ খণ্ড;
কর্করান্ধুক, অন্ধকূপ, আঁধুয়া কুয়া।
কর্করাল, অলকা, চূর্ণকুন্তল, কেশবিন্যাস বিশেষ।
কর্করিয়া, কঙ্করযুক্ত, কুল্লুট মিশ্রিত।
কর্করী, স্বল্পজলপাত্র, ঝারী, গাড়ু।
কর্কেরেট, গলে হস্তদান, গালটিপি, অর্দ্ধচন্দ্র।
কর্কশ, কঠোর, নির্দয়; অমসৃণ; অকোমল, কঠিন, শক্ত।
কর্কশবাক্য, নিষ্ঠুর ভাষণ, পরুষবাক্য।
গঞ্জন, তুচ্ছ করণ, লাঞ্ছন, কুৎসিত কথন। [বাক্য।
গঞ্জনা, যাতনা, দুঃখ, গ্লানি সূচক
গঞ্জ, মদিরাগৃহ, সুরালয়, মদ্যভাণ্ড।
গঞ্জিকা, মদিরাগৃহ, মদের ঘর।
গঠন, নির্ম্মাণ, গড়ন ; রচন।
গঠিত, নির্ম্মিত, রচিত।
গড়, মৎস্যবিশেষ, গড়ই মাছ, দুর্গ, পরিখা ; ব্যবধান।

গড়ক, মৎস্যবিশেষ, গড়ুই মাছ।
গড়গড়ি, গর্জ্জন, মেঘ নিস্বন।
গড়ন, গঠন, নির্ম্মাণ; মূর্ত্তি, আকার।
গড়নিয়া, নির্ম্মাতা, রচক।
গড়নী, নির্ম্মাণ বেতন, গড়নের মূল্য।
গড়য়ন্ত, মেঘ, বারিদ, ঘন।
গড়লবণ, সম্বর দেশজাত লবণ, সামর লোণ নামে প্রসিদ্ধ লবণ।
গড়া, বস্ত্রবিশেষ, গজিকাপড়।
গড়ান, নির্ম্মাণ; গলান; ঢালন।
গড়ানিয়া, ক্রমনিম্ন, ঢালু, ঢেলা।
গড়ি, বৎস, বাছুর; অলস বা গড়িয়া পশু; তরঙ্গ, ঢেউ, মৌজ।
গড়িয়, অলস, অনুদ্যোগী, জড়।
গড়িয়ান, কাইত, ঢালু, হেলা।
গড়ু, গলগণ্ড; পৃষ্ঠগুড় নামে রোগবিশেষ, কুব্জ, কুঁজ; কিঙ্কুলুক, কেঁচো, শল্যাস্ত্র।
গড়ুর, কুব্জ, কুঁজ, উন্নতপৃষ্ঠ।
গড়ুল, কুব্জ, কুঁজ, উন্নতপৃষ্ঠ।
গড়ে, একত্রে, সমুদায়ে, সর্ব্বমিশ্রণে।
গড়ের, মেঘ, জলধর, ঘন।
গড়োখ, লবণবিশেষ, সামর লোণ।
গড়োল, গ্রাস, ভক্ষণার্থ পরিমিত অন্নের ডেলা।
গড়গড়ান, গর্জ্জন; গম্ভীর শব্দ।
গড়গড়ি, মেঘগর্জ্জন, বজ্রধ্বনি।
গড্ডলিকা, মেষযূথ, ভেড়ার পাল।
গড়বড়ি, গোলযোগ, গড়িবড়ি।
গড্ডুক, জলপাত্র বিশেষ, গাড়ু।
গণ, সমূহ, দল; স্বজাতি, স্বপক্ষ।
গণক, জ্যোতির্বেত্তা, দৈবজ্ঞ, জ্যোতিষিক, গণনাকারী।
গণকী, দৈবজ্ঞ পত্নী, দৈবজ্ঞী।
গণগোষ্ঠী, স্বগোত্র; পরিবার; সকুল্য।
গণচক্রক, ধার্ম্মিক দিগের মিলিত হইয়া ভোজন। [তিতা।
গণতা, সমূহত্ব, পক্ষপাত, পক্ষপা-
গণৎকার, জ্যোতিজ্ঞ, জ্যোতিষিক, দৈবজ্ঞ, গণক। [দীক্ষিত।
গণদীক্ষা, বহুযাজক, গণেশ মন্ত্রে
গণদেবতা, সংহত দেবতা বিশেষ; মিলিত বহুদেব।
গণদ্রব্য, সাধারণ দ্রব্য, দ্রব্য সমূহ।
গণন, সংখ্যাকরণ, গণা, ঠিকদেওয়া।
গণনা, সংখ্যা, গণা, ঠিকদেওয়া।
গণনাথ, গণপতি, গণেশ।
গণনায়ক, গণপতি, গণেশ।
গণনায়িকা, দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
গণনীয়, গণনার্হ, সংখ্যেয়, গণ্য, গণিবার উপযুক্ত, গণিতব্য।
গণপতি, গণেশ, হেরম্ব, গজানন।
গণপর্ব্বত, কৈলাশ পর্ব্বত।
গণপীঠক, বক্ষঃস্থল, উরঃ, হৃদয়।
গণবদ্ধ, গণ ক্রান্ত, দলভুক্ত, সম্প্রদায়।
গণরাত্র, রাত্রিসমূহ, অনেক নিশা।
গণরূপ, অর্কবৃক্ষ, আকন্দ গাছ।
গণা, গণন, সংখ্যাকরণ, গণিত।
গণাগণি, পরস্পর সংখ্যা করণ, পুনঃ২ গণন, গণিত; গণনেল
গণাগাথ, গণনাকর, সংখ্যা কর।
গণাগোষ্ঠী, সকুল্য, সগোত্র, পরিবারস্থ কেহ। [প্রধান, দলাধ্যক্ষ।
গণাগ্রণী, গণেশ, লম্বোদর, দলের
গণাচল, কৈলাশ পর্ব্বত
গণাধিপ, গণেশ, শিব, দলাধিপতি।
গণি, গণন, সংখ্যা।
গণিকা, বারাঙ্গনা, বেশ্যা, স্বৈরিণী, হস্তিনী, গণিয়ারি গাছ।
গণিকারিকা, গণিয়ারী গাছ, পুষ্পবৃক্ষবিশেষ। [গাছ।
গণিকারী, পুষ্পবৃক্ষবিশেষ, গণিয়ারী
গণিত, সংখ্যাত, গণন, কর, গণা; অঙ্কশাস্ত্র, গণনা বিদ্যা। [শ্রিত।
গণীভূত, স্বপক্ষ, দলাক্রান্ত, স্বপক্ষা-
গণেয়, গণনীয়, গণনার্হ।

গণেরু ; গণিকা, বেশ্যা ; হস্তিনী।
গণেরুক, কুট্টনী, কুটনী, দূতী।
গণেশ, শিবপুত্র, হেরম্ব, বিঘ্ননাশন।
গণেশকুসুম, রক্তকরবীর পুষ্প।
গণেশভূষণ, সিন্দূর, সিঁদুর।
গণোৎসাহ, গণ্ডক, গণ্ডার।
গণ্ড, কপোল, গাল ; গজকুম্ভ ; গণ্ডার ; বিস্ফোটক ; উত্তম, প্রধান।
গণ্ডকারী, খদিরবৃক্ষ, খয়ের গাছ।
গণ্ডকী, স্বনাম খ্যাতা নদী।
গণ্ডকূপ, পর্ব্বতের উচ্চস্থান, অধিত্যকা ভূমি।
গণ্ডগাত্র, ফলবিশেষ, আত।
গণ্ডগোল, অতিশয় কোলাহল, গোলযোগ। [গ্রাম।
গণ্ডগ্রাম, বহুজন বাসস্থান ; প্রশস্ত-
গণ্ডদূর্ব্বা, দূর্ব্বা বিশেষ, গাঁটিয়াদূর্ব্বা।
গণ্ডমালা, রোগ বিশেষ, গলগণ্ড, গরগণ্ড। [ঘোর নির্ব্বোধ।
গণ্ডমূর্খ, অতিশয় মূঢ়, নিতান্ত অজ্ঞ ;
গণ্ডশৈল, ভূমিকম্পাদির দ্বারা পর্ব্বত হইতে পতিত বৃহৎ প্রস্তর ; ক্ষুদ্রপর্ব্বত। [ভাগ।
গণ্ডস্থল, কপোল, গাল, চক্ষুর অধো-
গণ্ডা, সংখ্যাবিশেষ, চতুঃ কপর্দ্দক, চারিকড়া। [শত পর্য্যন্ত গণনা।
গণ্ডাকিয়া, অঙ্কবিদ্যা বিশেষ, গণ্ডার
গণ্ডাঙ্গ, গণ্ডার, খড়্গী।
গণ্ডার, খড়্গী, বন্যপশুবিশেষ।
গণ্ডি, বৃক্ষের মূল অবধি শাখাপর্য্যন্ত অংশ, গুঁড়ি। [স্থান।
গণ্ডী, মণ্ডল ; রেখাদিদ্বারা সীমাবদ্ধ
গণ্ডীর, সমষ্ঠিলা ফল, সমা।
গণ্ডু, উপধান, বালিশ।
গণ্ডূপদ, কিঞ্চুলুক, মহীলতা, কেঁচো।
গণ্ডূপদী, ক্ষুদ্রকিঞ্চুলুক, ছোটকেঁচো।
গণ্ডূষ, মুখপূরণ জল, প্রসৃতিপরিমিত জল, একক্রোষ ; হস্তি শুণ্ডাগ্র ভাগ।
গণ্ডোল, গুড় ; গ্রাস ; ভাতের ডেলা।
গণ্তি, গণনা, সংখ্যা।
গণ্য, গণনীয় ; গণনার্হ, সংখ্যা করিবার যোগ্য ; ধর্ত্তব্য।
গত, যাত ; অতীত ; মৃত।
গতকল্য, পূর্ব্বদিবস, গতদিন। [খাঁদা।
গতনাসিক, নাসিকা রহিত, নাসাহীন,
গতমদক, নির্ম্মদ হস্তী, যে হাতির গণ্ডস্থল হইতে মদজল ক্ষরে না।
গতাগত, যাতায়াত, গমনাগমন ; পক্ষির গতিবিশেষ।
গতাজী, পূর্ব্বকৃত ; পূর্ব্বজাত ; অতীত বিষয়ের অবশেষ।
গতাজু, অব্যবহার, অচলিত।
গতান, গছান, নিক্ষেপকরণ।
গতানুগতিক, অনুকারী, ধারাবাহিক ; লোক দৃষ্টান্তের অনুবর্ত্তী।
গতানুসূচনা, কৃতভাবনা, পূর্ব্বকৃত কর্ম্মের নিমিত্ত আক্ষেপ।
গতায়াত, গমনাগমন, যাওয়া আসা।
গতায়ুঃ, আয়ুঃশেষ, জীবনকালাবসান ; মুমূর্ষু।
গতার্ত্তব, বৃদ্ধা স্ত্রী ; বন্ধ্যা, বাঁঝা।
গতার্থ, অভিপ্রায় সিদ্ধি, চরিতার্থ ; সম্পন্ন, কৃতসূচক।
গতার্থতা, কৃতসূচকতা, সম্পন্নতা।
গতি, গমন, যাত্রা ; মার্গ, পথ ; দশা, জ্ঞান ; অভ্যুপায় ; চাল, চলন ; উপায় ; ধারা ; অবস্থা ; আশ্রয়।
গতিক, অবস্থা, রীতি ; অভিপ্রায় ; উপায়।
গতিক্রিয়া, বিলম্ব, সময়ক্ষেপ।
গতিবিধি, যাতায়াত, গমনাগমন।
গতিলা, নদীবিশেষ ; পরস্পর অভেদ।
গত্বর, গমনশীল, গমন বিশিষ্ট।
গদ, ব্যাধি, রোগ ; বিষ ; শ্রীকৃষ্ণের ভ্রাতার নাম ; ঘন।
গদয়িত্নু, কন্দর্প, মদন, কামদেব।
গদয়িত্নু, কামুক, লম্পট, লোচ্চা।
গদা, লৌহময় অস্ত্রবিশেষ, লোহার

মুদ্গার বা যষ্টি।
গদাগ্রজ, নন্দনন্দন, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
গদাগ্রণী, ক্ষয়রোগ, যক্ষ্মা বা ক্ষয়কাস।
গদাধর, বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।
গদাভৃৎ, শ্রীকৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।
গদাম্বর, মেঘ, ঘন, জলদ।
গদারাতি, ঔষধ, ভেষজ।
গদি, শয্যাবিশেষ, তুলাদি পূর্ণ স্থূল আস্তরণ; আসন।
গদিত, উক্ত, কথিত, ভাষিত।
গদিয়ান, শিতানবিশিষ্ট; ভাগ্যবান।
গদী, বিষ্ণু; গদাবিশিষ্ট; রোগযুক্ত।
গদ্গদ, অতি অস্পষ্টবক্তা; আহ্লাদে কি খেদে অব্যক্ত কথন; ভাবোক্তি।
গদ্গদধ্বনি, হর্ষ শোকাদিদ্বারা অস্পষ্ট শব্দ, অব্যক্ত শব্দ।
গদ্দি, পরিহাস, কৌতুক, ব্যঙ্গ, ঠাট্টা।
গদ্য, ছন্দোরহিত বাক্য, পাদকৃত বিচ্ছেদশূন্য রচনা।
গদ্যানক, অষ্ট চত্বারিংশৎ রক্তিকা পরিমাণ; চতুঃষষ্টি গুঞ্জাপরিমাণ।
গন্তব্য, গমনযোগ্য, চলিতব্য; সুগম।
গন্তা, গমনকর্ত্তা, যাত্রাকারী।
গন্তি, সংখ্যা, গণনা।
গন্তু, পথিক, পান্থ। [গমনকারিণী।
গন্ত্রী, বৃষবহনীয় শকট, গরুর গাড়ী,
গন্ত্রীরথ, শকট, গাড়ী।
গন্ধ, নাসিকা গ্রাহ্য পদার্থ; আমোদ, সৌরভ; ঘৃষ্টচন্দন, ঘষাচন্দন; ঘ্রাণ, কৃষ্ণঅগুরু; লেশ, সম্বন্ধ, কস্তুরী।
গন্ধক, উপধাতু বিশেষ, গন্ধপাষাণ।
গন্ধকারিকা, সৈরিন্ধ্রী; পরগৃহস্থা-স্বাধীনা শিল্পকরী।
গন্ধকালিকা, ব্যাসমাতা, মৎস্যগন্ধা।
গন্ধকাষ্ঠ, অগুরু কাষ্ঠ, চন্দন কাষ্ঠ; শম্বরচন্দন। [গাছ।
গন্ধকুসুমা, গণিকারী বৃক্ষ, গণেরী
গন্ধকেলিকা, কস্তুরী, মৃগমদ।
গন্ধচেলিকা, কস্তুরী, মৃগনাভি।
গন্ধজাত, তেজপত্র, তেজপাত।
গন্ধজ্ঞা, নাসিকা, নাসা, নাক।
গন্ধতূর্য্য, বাদ্যবিশেষ; রণতূর্য্য।
গন্ধধূলি, কস্তুরী, মৃগমদ, মৃগনাভি।
গন্ধন, উৎসাহ; প্রকাশন; সূচন; হিংসা।
গন্ধনকুল, গন্ধমূষিক, ছুছুন্দরী, ছুঁছা।
গন্ধনামা, রক্তুতুলসী, রাঙ্গাতুলসী।
গন্ধনালী, নাসিকা, নাসা, নাক।
গন্ধনিলয়া, নবমল্লিকা, পুষ্পবিশেষ।
গন্ধপাষাণ, গন্ধক, উপধাতু বিশেষ।
গন্ধপিশাচ, সুগন্ধি দ্রব্যবিশেষ, ধূপ।
গন্ধপুষ্প, চন্দন ও ফুল; বেতসবৃক্ষ; চালিতা গাছ।
গন্ধপুষ্পা, কেতকী পুষ্প, গণিকারী-বৃক্ষ, গণেরী গাছ।
গন্ধপ্রিয়, ঘ্রাণলুব্ধ, গন্ধগ্রাহী [বেল।
গন্ধফল, কপিথ, কতবেল; বিল্ব,
গন্ধবণিক, বর্ণসঙ্কর জাতিবিশেষ, গা-ন্ধিক, গন্ধবেণিয়া।
গন্ধবতী, পৃথিবী; বরুণপুরী, ব্যাস-মাতা; সুরা; বনমল্লিকা; মুরানামে গন্ধদ্রব্য।
গন্ধবধূ, শটী, চৌড়া নামে গন্ধদ্রব্য।
গন্ধবন্ধু, আম্র, চূত, আমগাছ, সহ-কার।
গন্ধবল্কল, সুগন্ধি ত্বক, দারুচিনি।
গন্ধবহ, বায়ু, পবন; গন্ধযুক্ত।
গন্ধবহা, নাসিকা, নাসা, নাক।
গন্ধবাহ, বায়ু, অনিল, বাত; মৃগবি-শেষ, কস্তুরী মৃগ।
গন্ধবাহা, নাসিকা, ঘ্রাণেন্দ্রিয়, নাক।
গন্ধবিহ্বল, গোধূম, গম।
গন্ধবীজা, মেথিকা, মেথী।
গন্ধবৃক্ষক, সালবৃক্ষ, সালগাছ।
গন্ধভদ্রা, লতাবিশেষ, গন্ধভাদালিয়া লতা, গাদাল।
গন্ধভাদালিয়া, গন্ধভদ্রা, লতা বিশেষ।
গন্ধমাতা, অবনি, পৃথিবী, পৃথ্বী।

গন্ধমাদন, পর্ব্বতবিশেষ, ইলাবৃত ও ভদ্রাশ্ব বর্ষের সীমা পর্ব্বত, ভ্রমর; বানর বিশেষ, গন্ধক।
গন্ধমাদনী, মদিরা, সুরা, মদ্য।
গন্ধমার, তিক্ত রস দ্রব্য বিশেষ।
গন্ধমার্জ্জার, খট্টাস, খাটাস।
গন্ধমালিনী, মুরানাম গন্ধদ্রব্য।
গন্ধমুণ্ড, লতাবিশেষ, গন্ধভাদালিয়া লতা, গাঁদাল।
গন্ধমূষিক, ছুছুন্দরী, ছুঁচা।
গন্ধমূষী, ছুছুন্দরী, ছুঁচা।
গন্ধমৃগ, খট্টাস, খাটাস।
গন্ধমৈথুন, বৃষ, ষণ্ড, ষাঁড়।
গন্ধমোদন, গন্ধক, উপধাতু বিশেষ।
গন্ধমোহিনী, চম্পক কলিকা, চাঁপা-ফুলের কুঁড়ি।   আটার ন্যায়।
গন্ধরস, সুগন্ধি, বৃক্ষনির্যাসবৎ,
গন্ধরস, উপধাতুবিশেষ, ফুলসম্ভ।
গন্ধরাজ, চন্দন, পুষ্পবিশেষ।
গন্ধর্ব্ব, স্বর্গগায়ক, যক্ষ, উপদেব বিশেষ, দেবযোনি বিশেষ
গন্ধর্ব্ববেদ, সংগীত বিদ্যা, গীতশাস্ত্র।
গন্ধর্ব্বহস্ত, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ
গন্ধলোলুপ, মক্ষিকা, মাছি।
গন্ধশালি, শালিধান্যবিশেষ। ছুঁচ।
গন্ধশুণ্ডিনী, গন্ধমূষিক, ছুছুন্দরী,
গন্ধশেখর, কস্তুরী, মৃগনাভি, মৃগমদ।
গন্ধসার, চন্দনবৃক্ষ, চন্দন।
গন্ধসোম, কুমুদপুষ্প, কহ্লার
গন্ধহারিকা, গন্ধহরণ কর্ত্রী, গন্ধনাশিনী; পরের গৃহে গিয়া কর্ম্মকারিণী শিল্পকরী।
গন্ধা, চম্পককলিকা, শটীবৃক্ষ, শালপর্ণী বৃক্ষ, শালপাটন; দুর্গন্ধ।
গন্ধাখু, গন্ধমূষিক, ছুছুন্দরী, ছুঁচা।
গন্ধাজীব, গন্ধবণিক্, গন্ধবানিয়া।
গন্ধান, বামদেওন; গন্ধকরণ।
গন্ধালী, লতাবিশেষ, গন্ধভাদালিয়া, লতা, গাঁদাল।
গন্ধাশ্মা, গন্ধক, উপধাতুবিশেষ।
গন্ধিক, গন্ধক, উপধাতুবিশেষ।
গন্ধিপর্ণ, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিম গাছ।
গন্ধী, গন্ধবিশিষ্ট, কীটবিশেষ, ছারপোকা; গাধুয়া পোকা।
গন্ধোতু, খট্টাস, খাটাস।
গন্ধোত্তমা, মদিরা; সুরা, মদ্য।
গন্ধ্য, ছারপোকা, গন্ধপোকা।
গপ্প, গল্প, উপকথা, অলীক বা কল্পিত আখ্যান, উপন্যাস।
গপ্পা, কল্পিত আখ্যান ভাষণ প্রিয়, গল্পকারী, বাবদূক।
গবড়ন, গর্ভপতন, পেট ফেলন, লেপন, অপরিষ্কৃত করণ।
গবড়ান, বিগড়ন, নষ্টকরণ।
গবয়, গলকম্বল শূন্য গোসদৃশ পশু, বনগো, চামরী।
গবয়ী, স্ত্রীজাতীয় গবয়, চমরী।
গবরাজ, বৃষ, ষণ্ড, ষাঁড়।
গবল, মহিষ শৃঙ্গ, বনমহিষ।
গবা, গো, নির্ব্বোধ, মূর্খ।
গবাচী, মৎস্যবিশেষ, পাঁকাল মাছ।
গবাদন, ঘাস, তৃণ, পাত্র।
গবাদনী, গোরুর ঘাসভক্ষণাধার, যাব দিবার গামলা বা মেচলা।
গবালূক, চমরী, বন্য গরু, গবয়।
গবাশন, গোভক্ষক, মুচী, চামার।
গবাক্ষ, জানালার জালী, ক্ষুদ্রঝরকা, বানর বিশেষ।
গবাক্ষী, গোডুম্বাফল, গোমুক্, রাখাল সস, শেওড়া।
গবী, স্ত্রী গো, ধেনু।
গবীশ্বর, গোরুর স্বামী, গোমী
গবেডু, ধান্যবিশেষ, গড়্গাড়ী ধান্।
গবেধুক, গৈরিক, রক্তবর্ণ মৃত্তিকা, গেরীমাটী।
গবেধুকা, তৃণধান্য বিশেষ, দেধান।
গবেরুক, মৃত্তিকাবিশেষ, গেরীমাটী।
গবেষণ, মার্গণ, সন্ধান, অন্বেষণ।

গবেষণা, অন্বেষণা, অনুসন্ধান।
গবেষিত, অন্বেষিত, অনুসন্ধানকরা, খোজা, ঢণ্ঢন করা।
গব, গর্ভিণী গো।
গব্য, গোসম্বন্ধি, দুগ্ধ গোময়াদি।
গব্যা, গোসমূহ; গোরোচনা; ক্রোশ।
গব্যুত, ক্রোশ, কোশ। [কোশ।
গব্যূতি, দ্বিসহস্রধনু; ক্রোশদয়, দুই
গভস্তি, কিরণ, রশ্মি, সূর্য্য।
গভস্তিমৎ, পাতালবিশেষ, তলাতল।
গভস্তিমান্, সূর্য্য, ভানু, দিবাকর।
গভস্তিহস্ত, দিনমণি, সূর্য্য, দিবাকর।
গভীর, নীচস্থান, নিম্ন, গম্ভীর, অগাধ।
গভীরতা, নিম্নতা, নিম্নদিকের পরিমাণ।
গভীরিকা, বৃহৎ ঢক্ক, বড় ঢাক।
গভোলিক, মসূর কলায়, মসূরীর-দাইল।
গম, গমন, পথ, গোধূম।
গমথ, পন্থ, পথিক, পান্থ
গমন, প্রয়াণ, যাত্রা, প্রস্থান, পাদবি-হরণ, ভ্রমণ, সঙ্গম। [বিধি।
গমনাগমন, গমাগম, যাতায়াত, গতি-
গমনার্হ, গম্য, গমন যোগ্য।
গমাগম, গতিবিধি, যাতায়াত।
গমী, গমনকর্ত্তা, গতিবিশিষ্ট।
গম্ভারী, গাম্ভারীবৃক্ষ, গামার গাছ।
গম্ভীর, গভীর, অগাধ, নিম্ন, জম্বীর, নেবু; পদ্ম, পঙ্কজ।
গম্ভীরবেদী, দুর্দ্ধর হস্তী, মত্ত দন্তী।
গম্য, প্রাপ্য, সম্ভাব্য, গমনযোগ্য।
গয়, অসুরবিশেষ; বানর বিশেষ।
গয়া, গয়রাজর্ষির পুরী, তীর্থবিশেষ।
গয়ার, থুথু; কণ্ঠগত শ্লেষ্মা।
গয়ালী, গয়াতীর্থ বাসী, গয়াতীর্থের পুরোহিত, ব্রহ্ম সৃষ্টব্রাহ্মণ।
গর, বিষ, গরল, বৎসনাম বিষ, উপ বিষ; রোগ।
গরগণ্ড, গলগণ্ড, গলদেশে মাংসপিণ্ড।
গরঘ্নী, মৎস্যবিশেষ, গরই মাছ।
গরজ, আবশ্যক, প্রয়োজন, কার্য্য।
গরণ; সেচন; নিগরণ। [কর্ত্তা।
গরদ, পট্টবস্ত্রবিশেষ; বিষ, বিষদান
গরব্রত, ময়ূর, শিখী, কলাপী।
গরভ, গর্ভ, কুক্ষি, উদর, পেট।
গরল, বিষ; সর্পবিষ, পরিমাণবিশেষ;
গরম, উষ্ণ, তপ্ত, উষ্মান্বিত, ক্রুদ্ধ।
তৃণপুলক; ঘাসের আটি, গল্লা।
গরলারি, মরকত মণি, পান্না।
গরলী, বিষাল; বিষধর, অহি।
গরাদিয়া, লৌহ বা কাষ্ঠ যষ্টি; কাষ্ঠ বৃতি, কাঠগড়া, বেড়া।
গরাধিকা, লাক্ষা, লা।
গরিমা, গুরুত্ব; দম্ভ, অহঙ্কার।
গরিষ্ঠ, অতিগুরু, গরীয়ান্।
গরীয়সী, গুরুতর, অতিশয় গুরু।
গরু, গো, গবী, নির্ব্বোধ; নিতান্ত-মূর্খ।
গরুড়, পক্ষিরাজ, গরুত্মান, বৈনতেয়।
গরুড়ধ্বজ, বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।
গরুড়াগ্রজ, অরুণ, সূর্য্যসারথি।
গরুড়াঙ্কিত, মরকত মণি, পান্না।
গরুড়াশ্ম, মরকত মণি, পান্না।
গরুড়াসন, গরুড়োপরিস্থ আসন।
গরুৎ, পক্ষ, পাখা, পালখ।
গরুত্মান্, গরুড়, খগেন্দ্র; পক্ষবান্, বিহঙ্গ, পক্ষী।
গর্গ, মুনিবিশেষ, ব্রহ্মার পুত্র।
গর্গর, মৎস্যবিশেষ, গাগর মাছ, ক্রোধে অস্থির।
গর্গরিয়, ক্রোধে উন্মত্ত, কোপান্বিত।
গর্গরী, মন্থনী, দধিমন্থন পাত্র; কলসী, ঘট, গাগরী।
গর্জ্জ, শব্দ, ধ্বনি, নাদ, রব। [মাছ।
গর্জ্জক, মৎস্যবিশেষ, গজাড় শাল
গর্জ্জন, শব্দ; কোপ; সক্রোধবাক্য; মেঘধ্বনি, সর্পধ্বনি।
গর্জ্জর, মূলবিশেষ, গাজর।
গর্জ্জাফল, যুদ্ধ; ভর্ৎসন; উত্তেজন।

গর্জ্জি, মেঘশব্দ, মেঘধ্বনি।
গর্জ্জিত, মেঘের শব্দ ; কৃতশব্দ ; শব্দ করণ। [দেশ।
গর্ত্ত, ভূমিরন্ধ্র, অবট, গাড়া ; ত্রিগর্ত্ত
গর্ত্তিকা, তন্তুশালা, তাঁৎ ঘর।
গর্দ্দভ, জন্তুবিশেষ, খর, রাসভ, গাধা।
গর্দ্দভিকা, ক্ষুদ্রগর্দ্দভী, ছোট গাধা ; ক্ষুদ্ররোগ বিশেষ।
গর্দ্দভী, গর্দ্দভ স্ত্রী, গাধী ; রোগ-বিশেষ, অপরাজিতা।
গর্দ্ধ, লিপ্সা, স্পৃহা, বাঞ্ছা।
গর্দ্ধন, লুব্ধ, লোলুপ ; লোভী।
গর্ব্ব, দর্প, অহঙ্কার, দম্ভ।
গর্ব্বাট, দ্বারপাল, দ্বারী, দ্বারবান।
গর্ব্বিত, দর্পিত, অহঙ্কার যুক্ত। [কূল ;
গর্ভ, ভ্রূণ ; অন্তরাপত্য ; মধ্য, নদীর
গর্ভক, দুইরাত্রি ; কেশমধ্যস্থিত মাল্য, খোপার মালা।
গর্ভচ্যুত, গর্ভ হইতে পতিত, অপূর্ণ কালজ, গর্ভস্রাব, পেটখসা।
গর্ভজ, গর্ভে জাত বালক ; গর্ভ হইতে উৎপন্ন।
গর্ভণ্ড, নাভি গুড়ক, নাভির গাঁড়।
গর্ভধারণ, গর্ভের গ্রহণ, নিষেক গ্রহণ।
গর্ভধারিণী, জননী, মাতা।
গর্ভপাকী, ষষ্টিকধান্য, ষেটেধান।
গর্ভপাত, গর্ভস্রাব, পেটখসা।
গর্ভবতী, অন্তরাপত্যা, গুর্ব্বিণী, গর্ভিণী, সসত্ত্বা, আপন্ন সত্ত্বা।
গর্ভশয্যা, গর্ভোৎপত্তি স্থান।
গর্ভস্রাব, গর্ভপাত, পেটখসা।
গর্ভাগার, গৃহমধ্য ভাগ ; শয়ন গৃহ ; বাসগৃহ ; প্রসব গৃহ, সূতিকাগার।
গর্ভাধান, গর্ভ নিমিত্ত সংস্কার বিশেষ, প্রথম সংস্কার, নিষেকক্রিয়া।
গর্ভাশয়, জরায়ু, গর্ভশয্যা।
গর্ভাষ্টম, গর্ভজনন মাসাবধি অষ্টম মাস বা অষ্টম বৎসর।
গর্ভিণী, গর্ভবতী, গুর্ব্বিণী, পোয়াতি ; ক্ষীরাই গাছ। [পরিচর্য্যা।
গর্ভিণ্যবেক্ষণ, কুমার ভৃত্যা ; গর্ভিণীর
গর্ভোপঘাতিনী, গর্ভপাতিনী গো, গাবডা ফেলা গাই। [গড়্গড়্।
গর্মুৎ, তৃণধান্য বিশেষ, ময়না ধান,
গর্মুটিকা, ধান্যবিশেষ, মাড়ুয়া ধান।
গর্হণ, কুৎসন, নিন্দন, গর্হা।
গর্হিত, নিন্দিত, কুৎসিত, জুগুপ্সিত।
গর্হ্য, অধম, নিন্দ্য, নিন্দনীয়।
গল, কণ্ঠ, গলা ; সর্জরস, ধুনা ; বাদ্য-বিশেষ ; গডকমৎস্য, গড়ুই মাছ।
গলকম্বল, গোরুর গলদেশস্থিত কম্বলাকৃতি মাংস, সাস্না।
গলগণ্ড, গরগণ্ড, গলদেশে মাংসপিণ্ড।
গলগ্রহ, স্বয়ং উৎপাদিত অপরিহার্য্য আপদ, ব্যঞ্জন বিশেষ, মৎস্য ঘন্ট।
গলতি, অশুদ্ধ ; দ্রব ; স্রবণ, ক্ষরণ।
গলদ, অশুদ্ধ, অপবিত্র।
গলন, দ্রবভবন, গলিয়া যাওন।
গলন্তিকা, স্বল্পবারি ধানিকা, ক্ষুদ্র জলপাত্র, ছোট কুঁজা।
গলব্রত, ময়ূর, শিখী, কলাপী।
গলভঙ্গ, স্বরভঙ্গ, কণ্ঠবন্ধ।
গলমেখলা, গলসূত্র, কণ্ঠাভরণবিশেষ।
গলশুণ্ডিকা, তালুমধ্যস্থ সূক্ষ্ম জিহ্বা, আলজিব।
গলস্তনী, ছাগী, অজা।
গলহস্ত, গলদেশে হস্তপ্রদান, গলা-ধাক্কা, গলাটিপী।
গলা, গলদেশ, কণ্ঠ ; গলিত, দ্রবীভূত।
গলাঙ্কুর, গলরোগ বিশেষ, গলদেশস্থ পীড়া।
গলাট, জীর্ণ, পচা, বিকৃত।
গলাটিপি, গলহস্ত, গলাধাক্কা।
গলাটিয়া, জীর্ণ, পচা ; গলা ; বিকৃত।
গলাধাক্কা, গলাটিপি, গলহস্ত।
গলানিয়া, দ্রবত্ব, গলন, দ্রবীভূত।
গলামিল, মৎস্যবিশেষ, চিঙ্গড়ীমাছ।
গলাভাঙ্গা, বদ্ধকণ্ঠ, স্বরভঙ্গী।

গলাসী, গবাদির গলবন্ধন রজ্জু।
গলি, দুষ্ট বৃষ, গড়িয়া গরু; অল্প-পরিসর পথ, ক্ষুদ্রপথ।
গলিত, পতিত, ভ্রষ্ট, চ্যুত; দ্রবীভূত।
গলেস্তনা, ছাগী, অজা।
গল্লু, মণিবিশেষ, রত্নবিশেষ।
গলগলিয়া, অতিশয় পক্ক ফলাদি; বাবদূক, বাচাল। [কথা।
গল্প, উপন্যাস, কল্পিত কথা, উপ-
গল্পীয়া, বাচাল, বহুভাষী, বাবদুক।
গল্ল, গণ্ড, গাল, কপোল। [বালিশ।
গল্লচাতুরী, উপধান বিশেষ, গাল-
গল্বর্ক, চষক, মদ্যপান পাত্র, সুরা-পাত্র; ইন্দ্রনীল মণি।
গল্লা, আটি, পুলা, গোছা।
গল্লান, আটিবন্ধন, গুচ্ছকরণ।
গসগসান, ক্রোধে উন্মত্ত হওন, উত্তপ্ত হওন, রাগান্বিত।
গহ, গহন, অতিশয় জঙ্গল, বড় বন।
গহন, দুর্গম, দুষ্প্রবেশ্য; নিবিড় বন, ঘন অরণ্য; গহ্বর।
গহনা, অলঙ্কার, ভূষণ, আভরণ।
গহর, গহের, গভীর, গর্ত্ত, দহ।
গহরী, বিলম্ব, গৌণ, ব্যাজ।
গহীন, গহীর, গম্ভীর, অতলস্পর্শ।
গহেরা, গভীর, গর্ত্ত; বিলম্ব।
গহ্বর, গর্ত্ত; গুহা; বন; নিকুঞ্জ, কুঞ্জ।
গহ্বরা, গুহা; গর্ত্ত।
গা, গাত্র, শরীর, দেহ।
গাইন, গায়ক, গাথিক। [অভিশাপ।
গাইল, গালি, কটূক্তি; কদুক্তি;
গাঈ, স্ত্রী গো, গরু, গবী, ধেনু।
গাওন, গানকরণ, গীত গাওন।
গাওনী, গায়কের বেতন।
গাং, নদ; গঙ্গা।
গাঁ, গ্রাম, বহুজন বসতি স্থান। [বস্তা।
গাঁইট, গ্রন্থি, গাঁটি, গিরা; মোট,
গাঁইটকাটা, চৌর বিশেষ, গ্রন্থিভেদি তস্কর।
গাঁইটছড়া, বরকন্যার বস্ত্রের গ্রন্থি।
গাঁজন, দ্রব দ্রব্যের বিকৃতি, ফেনা-উঠন।
গাঁজা, মাদক দ্রব্যবিশেষ, ত্বরিতানন্দ, গাঞ্জা। [খোর।
গাঁজিয়াল, গাঞ্জার ধূমপায়ী, গাঁজা-
গাঁটা, দ্রব্যবিশেষে বর্ত্তুলাকার বন্ধন, গাঁট্টা; গুপ্তশ্রবণ। [অপহরণ।
গাঁটাদেওন, বঞ্চনা করিয়া লওন;
গাঁঠরী, পুটলি; বস্তা।
গাঁঠলী, মন্ত্রপূর্ব্বক বিষবন্ধন।
গাঁতাল, শঠ, ধূর্ত্ত; জুয়া চোর।
গাঁথন, গ্রন্থন, যোড়ন, গঠন।
গাঁথনী, গ্রন্থন, গাঁথা।
গাকাঁটা, গাত্রে রোমোদ্ভেদ, লোমাঞ্চ।
গা খসা, গর্ভস্রাব, গর্ভপাত।
গাগরী, ক্ষুদ্র কলসী, গর্গরী, ঘট।
গাগী, শুকপক্ষি বিশেষ।
গাঙ্গ, গঙ্গাসম্ভূত, ভীষ্ম; কার্ত্তিকেয়।
গাঙ্গায়নি, ভীষ্ম; কার্ত্তিকেয়।
গাঙ্গেয়, স্বর্ণ; ধুস্তুর; মুস্ত; ভীষ্ম; কার্ত্তিকেয়; ইল্লীশমৎস্য।
গাছ, বৃক্ষ, তরু; সংখ্যাবাচক শব্দের পর স্বার্থে প্রযুজ্য প্রত্যয়।
গাছড়িয়া, গাছুয়া, বৃক্ষারোহী, বৃক্ষা-রোহণে নিপুণ।
গাছান, গজান, অঙ্কুরণ; বৃক্ষা-রোহণ, চড়ন। [রোহী।
গাছুয়া, নিয়ত বৃক্ষে নিবাসী; বৃক্ষা-
গাজন, চৈত্র সংক্রান্তিতে বাণরাজ কৃত পর্ব্ব, শিবের উৎসব।
গাজর, মূলবিশেষ, গর্জ্জর।
গাঞ্জা, মাদক দ্রব্যবিশেষ, ত্বরিতানন্দ।
গাড়, গর্ত্ত, গাড়, প্রোথন।
গাড়ন, পোতন, প্রোথিত করণ, মৃত্তি-কায় প্রবেশ করান।
গাড়র, গড্ডলিকা, মেষ, মেড়া, ভেড়া।
গাড়ল, মেষ, মেড়া, ভেড়া।
গাড়া, পোতা; গর্ত্ত; হ্রদ।

গাড়ী, শকট, রথ।
গাড়ীবান্‌, শকটাদি চালক, গাড়োয়ান। [গলগণ্ড।
গাড়, ভৃঙ্গার, ঝারী, গড়ুডুক, ; কুঁজ;
গাঢ় ঘন; অতিশয় দৃঢ়। [মুটা।
গাঢ়মুষ্টি, খড়্গ, কৃপাণ; দৃঢ়মুষ্টি, শক্ত-
গাঢ়া, গহ্বর, গর্ত্ত।
গাঢ়াবর্ত্তী, চতুরঙ্গ ক্রীড়া বিশেষ।
গাণপত্য, গণেশোপাসক; গণপতি সম্বন্ধী।
গাণিক্য, গণিকা সমূহ, বহুবেশ্যা।
গাণ্ডার, গণ্ডার, খড়্গী, বন্যজন্তুবিশেষ।
গাণ্ডীব, অর্জ্জুনের ধনু, কার্ম্মুক।
গাণ্ডীবী, অর্জ্জুন, দ্বিতীয় পাণ্ডব।
গাতা, গায়ক, গান কারক।
গাতু, কোকিল; ভ্রমর; গন্ধর্ব্ব; গায়ন।
গাতুয়, আলসিয়, অলস, জড়।
গাত্তোলন, গাত্রোত্থান, আসনাদি হইতে উঠন
গাত্র, কলেবর, বপুঃ, কায়, দেহ, মূর্ত্তি, তনু, অঙ্গ, শরীর, হস্তপাদাদি সমুদায় অবয়ব, গা। [য়ন
গাত্রকণ্ডূ, গাচুলানি, শরীরের কণ্ডূ-
গাত্রপাক, শিরঃকম্প, মাতাঘোর, গাত্রের ভ্রমি, গাঘোর।
গাত্রবেদনা, শরীরের ব্যথা, অঙ্গপীড়া।
গাত্রভঙ্গ, অঙ্গেরবিকৃতি। [গামছা।
গাত্রমার্জ্জনী, শরীর মার্জ্জনার্থ বস্ত্র,
গাথক, গায়ক, গানকারক।
গাথা, শ্লোক; গান; ছন্দ; পদ্য; সংস্কৃতের অন্যভাষা।
গাদ, মল, কাইট। [আঘাতন।
গাদন, দৃঢ়করণ; পোতন, ঠাসন,
গাদা, রাশি, স্তূপ; গর্দ্দভ, খর।
গাদী, রাশীকৃত, ঢিবী; গর্দ্দভী।
গাদীপতি, আড্ডাধারী, সন্ন্যাসী; সম্প্রদায়ের শ্রেষ্ঠ।
গাদুলস্য, অলস, অকর্ম্মণ্য।
গাধ, লিপ্সা, স্পৃহা, স্থান, স্থল।

গাধা, গর্দ্দভ, খর; নির্ব্বোধ।
গাধি, চন্দ্রবংশীয় কুশিক রাজপুত্র, বিশ্বামিত্র মুনির পিতা।
গাধিজ, বিশ্বামিত্র মুনি।
গাধিপুর, কান্যকুব্জদেশ, কনজ।
গাধিভূ, গাধেয়, বিশ্বামিত্র মুনি।
গান, গীত, গেয়।
গান্তু, গাথক, গায়ক।
গান্ত্রী, বৃষবাহ্যশকট, গরুরগাড়ী।
গান্দিনী, গঙ্গা; অক্রূর মাতা।
গান্দিনীসুত, ভীষ্ম, অক্রূর।
গান্ধর্ব্ব, গান; বিবাহ বিশেষ।
গান্ধর্ব্ববিদ্যা, সংগীতশাস্ত্র।
গান্ধর্ব্ববিবাহ, বরকন্যার পরস্পর-ইচ্ছায় পরিণয়। [রদেশ।
গান্ধার, স্বরবিশেষ; জম্বুদ্বীপস্থ উত্ত-
গান্ধাররাজ, শকুনি, দুর্য্যোধনমাতুল।
গান্ধারী, ধৃতরাষ্ট্রপত্নী, দুর্য্যোধনমাতা।
গান্ধারেয়, দুর্য্যোধন রাজা।
গান্ধিক, লেখক; সুগন্ধি দ্রব্য ব্যবহারী, গন্ধবণিক, গান্ধি পোকা।
গাপন, অস্বীকরণ, গোপন, ছাপন।
গাফুলান, দম্ভকরণ, অহঙ্কারে চলন।
গাফুলানী, দর্প, দম্ভ, অহঙ্কার।
গাবড়, গল্প, অনর্থক জল্পন;
গাবন, মৎস্যাদির লম্ফন; পুষ্করিণ্যাদি ঘোলাকরণ।
গাবান, লম্ফন, লাফন, ঘোলান; প্রকাশন, গুপ্তবাক্য প্রচারণ।
গাবানিয়া, ব্যাপক, ঠক, ধূর্ত্ত।
গাভা, পেট, গর্ভ, অন্তর।
গাভারী, গাভভার হওন; কফাদি-গ্রস্ত, গর্ভ সঞ্চার।
গাভী, গবী, স্ত্রীগো, ধেনু।
গামধুরাণ, মিষ্টদ্রব্য ভোজনে গাত্রবিকার জন্মান, বমন করণোদ্যোগ।
গামুক, গন্তা; গমনীয়, গম্য।
গামোড়ন, অলস ভঞ্জন; শরীরপ্রসারণ; জৃম্ভণ।

গামছা, গামোচা, গাত্রমার্জ্জনী।
গাম্ভীর্য্য, গম্ভীরতা, গভীরতা, ধীরতা।
গায়, বহির্দ্দেশ ; উপরে ; গাত্রে।
গায়ক, গানকর্ত্তা, গাথক, গায়ন।
গায়ত্রী, ষড়ক্ষর ছন্দোবিশেষ ; বেদমাতা ; ত্রিপদাদেবী ; খদিরবৃক্ষ।
গায়ন, গানোপজীবী, গায়ক, গাথক।
গারিত্র, ওদন, অন্ন, ভাত।
গারুড়, মরকত মণি ; গরুড় পুরাণ ; স্বর্ণ ; বিষমন্ত্র।
গারুড়িক, বিষবৈদ্য, সাপুড়ে।
গারুত্মত, মরকত মণি, পান্না।
গার্দ্ধ্য, লিপ্সা, স্পৃহা, বাঞ্ছা।
গার্হপত্য, যজ্ঞীয় অগ্নি বিশেষ ; গার্হস্থ্য, গৃহস্থ সম্বন্ধীয়।
গার্হস্থ্য, গৃহস্থধর্ম্ম, গৃহস্থ সম্বন্ধীয়।
গাল, গণ্ড, কপোল। [কলরব।
গালগল্প, গোপনে আন্দোলন, গল্প ;
গালন, ক্ষরণ, চোঁয়ান, গড়ান ; দ্রবকরণ, গলান। [লোধ গাছ।
গালব, মুনিবিশেষ ; লোধ্রবৃক্ষ,
গালা, লাক্ষা, লা।
গালি, শাপ, অভিসম্পাত ; কটুবাক্য, গালাগালি।
গালিত, দ্রবীকৃত, গলান। [প্রিয়।
গালুনিয়া, দুর্মুখ, কলহপ্রিয়, কুপ-
গালুয়া, বাচাল, গপ্পিয়া ; দাম্ভিক।
গালোড্য, পদ্মবীজ, পদ্মের বীচি।
গাহক, গাথক, গানকর্ত্তা।
গাহন, গীত, গান।
গিধর, গৃধ্র পক্ষী ; শৃগাল, শিবা।
গিধিনী, গৃধ্রী, শকুনী। [বিশেষ।
গিনা, মৃত্তিকা ; ধাতুময় ক্ষুদ্র পাত্র
গির, বাক্য, বাণী, কথা।
গিরা, গ্রন্থি, গাঁটি, গাঁইট।
গিরি, পর্ব্বত ; গেণ্ডুক, গেঁড়ু ; চক্ষুরোগবিশেষ ; সন্ন্যাসির পদ্ধতিবিশেষ ; নিগরণ, গেলা ; বালমূষিক।
গিরিকণ্টক, বজ্র, অশনি, বাজ।
গিরিকদলী, রম্ভাবিশেষ, পার্ব্বতীয় কদলী, পাহাড়িয়া কলা। [লতা।
গিরিকর্ণিকা, পৃথিবী ; অপরাজিতা-
গিরিকর্ণী, অপরাজিতা লতা।
গিরিকা, বালমূষিক, নেংটিয়া ইন্দুর।
গিরিকাণ, গিরি নামক রোগ বিশেষের দ্বারা এক চক্ষুহীন।
গিরিগুড়, গেণ্ডুক, গেঁড়ু, কন্দুকবিশেষ।
গিরিজ, অভ্রক ; শিলাজতু, শৈলজ ; গৈরিক, গিরিমাটি।
গিরিজা, পার্ব্বতী ; ক্ষুদ্রপাষাণবিশেষ ; পর্ব্বতস্থ কদলী। [শেষ।
গিরিজামল, অভ্রক, অভ্র, ধাতুবি-
গিরিজ্বর, বজ্র, অশনি, বাজ।
গিরিত, গিলিত, ভক্ষিত, ভুক্ত।
গিরিধাতু, গৈরিক, গিরিমাটি।
গিরিপ্রিয়, চামরীগো, বনগরু ; মৃগবিশেষ।
গিরিভূ, পার্ব্বতী; ক্ষুদ্রপাষাণবিশেষ।
গিরিমান, হস্তী, করী, গজ, দন্তী।
গিরিমৃৎ, রক্তবর্ণ মৃত্তিকা, গৈরিক, গেরিমাটি। [বিশেষ।
গিরিরেচন, শিউলিক, দুর্ব্বানির্যাস-
গিরিশ, শিব, মহাদেব, ত্রিলোচন।
গিরিশৃঙ্গ, পর্ব্বতশিখর ; গণেশ।
গিরিসার, মলয়পর্ব্বত ; লৌহ, লোহা।
গিরিসুতা, পার্ব্বতী, দুর্গা, ভগবতী।
গিরীন্দ্র, পর্ব্বত শ্রেষ্ঠ ; হিমালয়-পর্ব্বত ; সুমেরু শৈল।
গিরীশ, শিব ; মহাদেব ; হিমালয়।
গিলগ্রাহ, নক্র, কুম্ভীর, কুমীর। [গুণ।
গিলন, নিগিরণ, গেলা, গলাধঃক-
গিলি, গিলন, নিগিরণ ; ভক্ষণ।
গিলিত, গেলা ; ভক্ষিত, খাদিত।
গীঃ, সামবেদ বেত্তা, সামবেদজ্ঞ ; গায়ক, সংগীতকারী।
গীত, গান, গীতি, তালবাদ্যানুগত-

সুস্বর স্বর ; কবিতা।
গীতমোদী, কিন্নর, স্বর্গের গায়ক।
গীতা, গ্রন্থবিশেষ; ভগবদ্গীতা শিব-
গীতা গুরুগীতাদি।
গীতি, গান ; আর্য্যাচ্ছন্দোবিশেষ।
গীরথ, বৃহস্পতি, দেবগুরু, সুরাচার্য্য।
গীর্ণ, স্তুত ; কথিত, গিলিত।
গীর্ণি, গিলন ; ভক্ষণ ; স্তুতি।
গীর্দেবী, সরস্বতী, বাগ্দেবী।
গীর্ব্বাণ, দেবতা, সুর, অমর।
গীর্ব্বাণকুসুম, লবঙ্গ, লং। [ভাষা।
গীর্ব্বাণবাণী, সংস্কৃত বাক্য, শাস্ত্রীয়-
গীষ্পতি, সুরাচার্য্য, বৃহস্পতি, পণ্ডিত।
গু, মল, বিষ্ঠা, পুরীষ।
গুঁড়, চূর্ণ ; পিষ্ট, ধূলির ন্যায় কৃত।
গুঁড়ন, চূর্ণন, পেষণ, ধূলির ন্যায় করণ।
গুঁড়া, চূর্ণ ; অতিক্ষুদ্র অংশ।
গুঁড়ি, তণ্ডুলাদি চূর্ণ ; বৃক্ষস্তম্ভ,
ক্রমস্কন্ধ, গাছের গুঁড়ি।
গুগ্গুলু, বৃক্ষনির্য্যাস, সুগন্ধিদ্রব্য,
ধূপনীয় দ্রব্য বিশেষ।
গুচি, জাতি, স্তবক, ঝাড়।
গুচ্ছ, স্তবক, পুষ্পাদির থলুয়া ; তৃণা-
দির গোছা ; বত্রিশ নরহার, কলাপ,
ময়ূরের পাখ ; মুক্তাহার।
গুচ্ছক, স্তবক, পুষ্প মঞ্জ, গোছা।
গুচ্ছদন্তিকা, কদলী বৃক্ষ, কলা, মোচা।
গুচ্ছপত্র, তালবৃক্ষ, তাল গাছ।
গুচ্ছপুষ্প, সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিম গাছ।
গুচ্ছফলা, দ্রাক্ষা, আঙ্গুর বিশেষ ;
কদলী। [চব্বিশ নর হার।
গুচ্ছার্দ্ধ, চতুর্ব্বিংশতি যষ্টিক হার,
গুছন, একত্র করণ ; সঞ্চয়ন।
গুছান, একত্র করণ, সঞ্চয়ন।
গুছিয়েওন, পোষকতা করণ।
গুজগুজ, গোপনে আন্দোলন।
গুজরাট, গুর্জ্জর দেশ, দাক্ষিণাত্য
জনপদ বিশেষ।
গুজরাটী, গুর্জ্জর দেশীয়, গুজরাট
দেশের মনুষ্য বা দ্রব্য।
গুজরী, পাদাভরণ, স্ত্রী লোকের চরণা-
লঙ্কার বিশেষ। [কথোপকথন।
গুজগুজনী, গুপ্ত পরামর্শ, গোপনে
গুর্জ্জর, দেশবিশেষ, গুজরাট দেশ।
গুর্জ্জরী, রাগিণী বিশেষ।
গুঞ্জ, গুচ্ছ, পুষ্পস্তবক, গোছা, থলুয়া।
গুঞ্জকৃৎ, ভ্রমর, মধুকর, মধুপ।
গুঞ্জন, গুনগুন ধ্বনি, ভ্রমরাদির শব্দ।
গুঞ্জা, লতাবিশেষ ; কুঁচ ; রত্তিকা,
ত্রিযব পরিমাণ, চতুর্ধান্য পরি-
মাণ ; গোধূমদ্বয় পরিমাণ ; ঢাক,
কলধ্বনি ; মদিরা গৃহ।
গুঞ্জিকা, ত্রিযব পরিমাণ, গুঞ্জা, কুঁচ।
গুঞ্জিত, ভ্রমরাদির ধ্বনি, গুন গুন শব্দ।
গুটন, সূত্রাদি একত্র করণ, জড়ান।
গুটিক, অধিক, রাশি, স্তূপ।
গুটিকা, বটিকা, গুলি, বড়ি।
গুটিকাপাত, গুলিপাট, গুলি ফেলন।
গুটিপোকা, তন্তুকীট, গুঁটপোকা।
গুটী, কাটিজাত সূত্র, বটিকা, বড়ি,
বর্ত্তুল।
গুটিপাত, গুলিপাট, সুর্ত্তিখেলা।
গুঠন, একত্র হওন, মিলন।
গুড, ইক্ষুবিকার বিশেষ, খণ্ড, খাড়,
মধুর ; গোলা ; গ্রাস।
গুড়ক, গুড়দ্বারা পাক ঔষধ বিশেষ।
গুড়কর্দ্দা, রাগিণী বিশেষ।
গুড়চী, গুলঞ্চলতা, লতাবিশেষ।
গুড়তৃণ, ইক্ষু, আউক।
গুড়ত্বচ, জয়িত্রী, দারুচিনী, মশলা
বিশেষ।
গুড়দারু, ইক্ষু, আউক।
গুড়ন, জড়ান, একত্র করণ, আকুঞ্চন।
গুড়গুড়, গুল্ফ, পাদমূল।
গুড়ল, গৌড়ী মদিরা, গুড়দ্বারা
নির্ম্মিত সুরা ; মধুর।
গুড়শর্করা, গুড়বিকার বিশেষ, চিনি।
গুড়া, সিজগাছ ; চূর্ণ, গুঁড়া।

গুড়াকা, নিদ্রা ; তন্দ্রা ; ঘুম।
গুড়াকু, মোদক ; গুড়িয়া, গুড়াকু।
গুড়াকেশ, শিব, মহাদেব ; অর্জ্জুন, দ্বিতীয়পাণ্ডব।
গুড়ি, নম্র, নত, নুইয়া পড়া।
গুড়িকা, গুটিকা ; বৃহদ্বটিকা, বড়ী।
গুড়িয়া, মোদক, ময়রা ; গুড়ময়, মোয়া, লাড়ু।
গুড়ূচী, লতাবিশেষ, গুলঞ্চ লতা।
গুড়ের, গ্রাস ; গুড়পাক ; তামাক।
গুড়োদ্ভবা, শর্করা, চিনি।
গুড়গুড়িয়, খর্ব্ব, বামন।
গুড়গুড়ী, ধূমপান যন্ত্র ; তাম্রকূট পানার্থ যন্ত্র বিশেষ।
গুণ, সদ্বিদ্যা, বিনয়াদি ; ধনুরাকর্ষণ রজ্জু, জ্যা, ছিলা ; রজ্জু ; সত্ত্ব রজ স্তম ; শুক্ল কৃষ্ণ রক্ত পীতাদি, অপ্রধান, বিশেষণ। [করা যায়।
গুণক, পূরক অঙ্ক, যাহার দ্বারা পূরণ
গুণকথন, বর্ণন ; স্তব, প্রশংসা কথন।
গুণকার, লভ্যদায়ক, উপকারক ; পথ্য, হিতকর ; ভীমসেন।
গুণজনক, ফলজনক ; উপকারজনক।
গুণজ্ঞ, গুণবেত্তা, গুণগ্রাহক।
গুণদর্শন, গুণাবলোকন, গুণদেখা ; ফলোৎপত্তি ; উপকার।
গুণন, পূরণ, অঙ্ক বৃদ্ধি করণ।
গুণনিকা, নৃত্য, নাচ, শূন্যাঙ্ক ; মালা।
গুণনিধি, বহুগুণাধার, সদ্গুণান্বিত।
গুণপনা, নিপুণতা ; কৌশল ; শিল্পনৈপুণ্য ; গুণপ্রকাশ।
গুণবাদী, স্তাবক, গুণবক্তা, গুণকথক।
গুণবান্, গুণবিশিষ্ট, গুণযুক্ত ; পণ্ডিত ; বিজ্ঞ ; নিপুণ। [মাস্তুল।
গুণবৃক্ষক, নৌকার গুণবন্ধন স্তম্ভ,
গুণভ্রংশ, গুণনাশ, গুণধ্বংস।
গুণযোগ, গুণসম্পর্ক ; বিদ্যাভ্যাস।
গুণলয়নী, বস্ত্রনির্ম্মাণার্থ গৃহ, তাঁতঘর।
গুণসাগর, সকল গুণাধার, ব্রহ্মা।

গুণা, দূর্ব্বা ; লৌহাদির তার।
গুণাকর, গুণযুক্ত, গুণবিশিষ্ট ; বুদ্ধ।
গুণাগুণ, দোষাদোষ, গুণদোষ।
গুণিত, পূরিত, আহত ; পূরণ করা।
গুণী, গুণবিশিষ্ট, গুণশীল, সদ্গুণান্বিত, পণ্ডিত ; ধনুঃ।
গুণীভূত, অপ্রধানী ভূত ; অন্তঃপতিত, বিশেষণ স্বরূপ।
গুণীভূতব্যঙ্গ, কাব্য বিশেষ।
গুণেশ্বর, গুণপতি ; চিত্রকূট পর্ব্বত।
গুণোৎকর্ষ, গুণপ্রাধান্য ; গুণের সৌষ্ঠব ; সদ্গুণান্বিত।
গুণোৎকীর্ত্তন, গুণকথন, গুণগান, স্তব।
গুণগুণান, গুণ২ শব্দকরণ ; ভণ্ভণান।
গুণ্ড, লতাবিশেষ, কেশুরের লতা ; দস্যুবিশেষ, লম্পট, ম্লেচ্ছ, নির্লজ্জ ; অপহারক।
গুণ্ডক, মলিন, ময়লা ; ধূলি, গুঁড়া।
গুণ্ডকন্দ, কেশুর, জলজ মূলবিশেষ।
গুণ্ডা, গুঁড়া, চূর্ণ ; লম্পট।
গুণ্ডামি, লম্পটতা ; দুষ্টতা, দুরাত্মতা।
গুণ্ডিক, তণ্ডুলাদি চূর্ণ, গুঁড়া।
গুণ্ডিকা, গুঁড়া, চূর্ণ।
গুণ্ডিচা, শ্রীপুরুষোত্তম দেবের রথারোহণানন্তর বাসার্থ মণ্ডপ বিশেষ।
গুণ্ডিত, চূর্ণীকৃত, গুঁড়া করা ; মিশ্রিত।
গুতন, আঘাত, প্রহার, শৃঙ্গাঘাত।
গুৎস, স্তবক, গুচ্ছ, থোলো ; বত্রিশনর হার।
গুৎসক, স্তবক, গোছা ; গ্রন্থপরিচ্ছেদ।
গুৎসকপুষ্প, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিমগাছ
গুৎসার্দ্ধ, অর্দ্ধ স্তবক ; চব্বিশ নরহার।
গুদ, গুহ্যদেশ ; ভগ, যোনি।
গুদকীল, রোগবিশেষ, অর্শ রোগ।
গুদগ্রহ, রোগ বিশেষ, উদাবর্ত্ত রোগ।
গুদড়ী, কন্থা, সন্ন্যাসিদেরগাত্রাচ্ছাদন।
গুদাঙ্কুর, রোগবিশেষ, অর্শরোগ।
গুদাম, দ্রব্যাগার, গোলা।
গুদার, পারঘাট, খেয়া ঘাট।

গুদী, নৌকানির্ম্মাণ স্থান।
গুপ্তের, রক্ষক, পরিত্রাণ কর্ত্তা; পালক।
গুন, ছানা; থলিয়া, বোরা; রজ্জু, দড়ি।
গুন্দল, মর্দ্দল শব্দ, মাদোলের শব্দ।
গুন্দ্র, শরতৃণ, শরের গাছ।
গুন্দ্রা, ধান্যবিশেষ, দেধান।
গুপিল, রাজা, নৃপ, ভূপ।
গুপ্ত, বৃতরক্ষণ, রক্ষিত; গূঢ়, লুক্কায়িত।
গুপ্তগতি, চর, চার, দূত, বার্ত্তাবহ।
গুপ্তচর, গোপনীয় দূত, গূঢ়চার, বলদেব, বলরাম।
গুপ্তবেশ, ছদ্মবেশ, কপটবেশ।
গুপ্তা, গোপনে জার গামিনী, রক্ষিতা স্ত্রী।
গুপ্তি, গোপন; রক্ষণ, অবস্করস্থান; কারাগার; বোধ; পৃথিবীর গর্ত্ত; যম; নৌকা ছিদ্র।
গুফিত, গ্রথিত, গাঁথা।
গুবাক, বৃক্ষবিশেষ, সুপারি, গুয়া।
গুমট, গ্রীষ্ম, উত্তাপ, গর্ম্মী।
গুমটিয়া, দুর্গন্ধযুক্ত; ছাতাপড়া।
গুমর, অহঙ্কার; দম্ভ, মাৎসর্য্য; গৌন।
গুমরণ, গ্রীষ্মকরণ; উত্তাপন।
গুমসন, দুর্গন্ধন; গ্রীষ্ম হওন।
গুম্ফ, গ্রন্থন, গাথন, শ্মশ্রু, গোঁপ।
গুম্ফিত, গ্রথিত; গাঁথিত।
গয়, সুপারি, গুবাক।
গুরণ, উদ্যম, উঠান; ওঁচান।
গুর, শ্বেতবর্ণ, গৌরাঙ্গ, সুরূপ।
গুরু, মন্ত্রদাতা; পিত্রাদি; উপদেশক; মহান্; বৃহস্পতি, দ্বিমাত্র, দীর্ঘ; ভারী; অলঘু।
গুরুক্রম, পারম্পর্য্য উপদেশ; ইতিহ।
গুরুঘ্ন, গুরুহন্তা, গুরু ঘাতক; শ্বেতসর্ষপ। [হারী।
গুরুতল্পগ, বিমাতৃ গামী, বিমাতৃ-
গুরুতা, ভারিত্ব, ভার, গৌরব; মহত্ত্ব।
গুরুত্ব, গুরুতা, অলঘুতা, মহত্ত্ব।

গুরুদার, গুরুপত্নী, বেদাধ্যাপক অথবা মন্ত্রদাতার বনিতা।
গুরুপত্রা, তিন্তিড়ী বৃক্ষ, তেঁতুলগাছ।
গুরুপত্নী, আচার্য্যের বনিতা, গুরুদার।
গুরুপাক, দুষ্পচ, যে দ্রব্য খাইলে শীঘ্র পরিপাক হয় না।
গুরুপাপ, কঠিন কলুষ; মহাপাতক, অতিপাতক। [লোক।
গুরুপুত্র, আচার্য্যের সন্তান; মান্য-
গুরুবর্চ্চোঘ্ন, লিম্পাক, পাতিলেবু।
গুরুবাক্য, মান্যলোকের কথা; মন্ত্রদাতার আদেশ।
গুরুমন্ত্র, ইষ্টমন্ত্র, দীক্ষা লব্ধ মন্ত্র।
গুরুমর্দ্দল, বাদ্যবিশেষ, ঢিমেবাদ্য।
গুরুরত্ন, রত্ন বিশেষ, পুষ্পরাগ মণি।
গুরুলঘু, মান্যামান্য, প্রধান অপ্রধান; হ্রস্ব দীর্ঘ। [কীলক।
গুরুহ, গুরুহত্যাকারী; গুরুঘ্ন, নর
গুর্জর, গুর্জরাষ্ট্র দেশ, গুজরাট।
গুর্জ্জরী, রাগিণী বিশেষ। [মাতা।
গুর্ব্বঙ্গনা, গুরুপত্নী, বিমাতা, সপত্নী
গুর্ব্বিণী, গর্ভিণী, অন্তরাপত্যা, সসত্ত্বা।
গুর্ব্বী, গুরুপত্নী, গর্ভবতী, আপন্নসত্ত্বা।
গুল, ঐক্ষব, গুড়, বর্ত্তুল; অঙ্গার গুটিকা।
গুলক, প্রচুর, অনেক, যথেষ্ট। [শন।
গুলন, দ্রবীকরণ; একত্রীকরণ; প্রকা-
গুলল, পুষ্প বিশেষ; ব্যাধের ধনুঃ।
গুলি, সুর্য্যবৃক্ষ, সিজ গাছ; শব্দের পরে ব্যাপ্তে বা তাচ্ছীল্যার্থে প্রযুজ্য প্রত্যয়, বহুত্ব বোধক।
গুলি, সমূহ বোধক; বাটুল; বটিকা।
গুলিক, বহুত্ব বা সমূহ বোধক।
গুলিন, সমূহ বোধক, গুলি।
গুলিপাট, গুটিকা পাত, গুটিকা ক্ষেপ।
গুলিয়া, গোলাকার, বর্ত্তুলাকার।
গুলী, গুটিকা, বটিকা; বর্ত্তুল, বাটুল; ক্ষুদ্র অগ্রে গোল।
গুলুচ্ছ, গুচ্ছ, স্তবক, গোছা।

গুলুঞ্চ, গুচ্ছ, স্তবক, থলুয়া। [ধনুক।
গুল্‌তাই, গুলতি, গুলি ক্ষেপণার্থ
গুল্‌ফ, পাদগ্রন্থি, গোড়ালি, গুড়মুড়া।
গুল্ম, রোগ বিশেষ, প্লীহা, পীলা; সেনা সংখ্যা বিশেষ, সৈন্যের দল; অপ্রকাণ্ড বৃক্ষ, স্তম্ব, ঝাড়ি।
গুল্মমূল আর্দ্রক, আদা। [বীরুৎ।
গুল্মিনী, বিস্তৃত লতা, প্রসারিত।
গুল্মী, আমাশয়ী; এলোমেলো, লম্ববেশম, শিথিল, ঢিলা, গুল্মরোগ যুক্ত।
গুল্য, মধুর, স্বাদু।
গুহ, কার্তিকেয়, ঘোটক; নিষাদের অধিপতির নাম; কায়স্থের পদ্ধতি বিশেষ।
গুহা, পর্ব্বতাদির গহ্বর, গর্ত্ত; শাল-পর্ণী বৃক্ষ, শালপানি গাছ।
গুহাশয়, ব্যাঘ্র, সিংহ।
গুহিন, বন, ন, [illegible], অরণ্য।
গুহিল, ধন, বিত্ত, নিধি। [গোপ্ত।
গুহের, লৌহকার, লোহার, কামার;
গুহ্য, উপস্থ, লিঙ্গ; ভগ, রহস্য, গোপ্য, গোপনীয়, কমঠ, কচ্ছপ; দম্ভ, অহঙ্কার; বিষ্ণু। [অনুচর।
গুহ্যক, দেবযোনি বিশেষ, কুবেরের
গুহ্যকেশ্বর, কুবের, যক্ষরাজ।
গুহ্যগুরু, শিব, মহাদেব।
গুহ্যদীপক, খদ্যোত, জ্যোতিরিঙ্গণ, জোনাকি পোকা।
গুহ্যনিষ্যন্দ, মূত্র, মুত, প্রস্রাব।
গুহ্যপুষ্প, অশ্বত্থবৃক্ষ।
গুহ্যভাষিত, মন্ত্র; গুপ্তবাক্য।
গূ, বিষ্ঠা, মল, উচ্চার।
গূঢ়, গুহ্য, গুপ্ত; নির্জ্জন, রহঃ।
গূঢ়জ, গূঢ়োৎপন্ন পুত্র, গুপ্তজাত সন্তান; জারজ, গোলক।
গূঢ়নীড়, খঞ্জন পক্ষী, খঞ্জরীট।
গূঢ়পত্র, করবীর বৃক্ষ, করবীর গাছ।
গূঢ়পথ, অন্তঃকরণ, চিত্ত; গুপ্তপথ।
গূঢ়পাদ, সর্প, ভুজঙ্গ, অহি।

গূঢ়পুরুষ, চর; গুপ্তচর; লুক্কায়িত দূতবিশেষ।
গূঢ়বর্চ্চা, ভেক, মণ্ডূক, ব্যাঙ।
গূঢ়মার্গ, লুক্কায়িত পথ; গুপ্তপথ, সুড়ঙ্গ, সিঁদ।
গূঢ়মৈথুন, কাক, বায়স; গুপ্তসঙ্গম।
গূঢ়সাক্ষী, ফরিয়াদী গোপনে রাখিয়া আসামীর কথা যাহাকে শুনাইয়াছে এমত সাক্ষী।
গূঢ়াঙ্গ, কচ্ছপ, কূর্ম্ম, কমঠ।
গূঢ়াঙ্ঘ্রি, সর্প, অহি, ভুজঙ্গ। [গর্ব্বী।
গূঢ়াভিমানী, অব্যক্ত মানী, অস্পষ্ট
গূঢ়োৎপন্ন, দ্বাদশবিধ পুত্রমধ্যে পুত্র বিশেষ, অপ্রকাশে উৎপন্ন পুত্র; জারজ বিশেষ।
গূথ, গু, বিষ্ঠা, বিট্‌, মল।
গূথশকৃৎ, পক্ষিবিশেষ, গুয়েশালিক।
গূন, কৃতপুরীষোৎসর্গ; মলত্যাগ।
গূবাক, গুয়া, সুপারী।
গূয়, বিষ্ঠান্বিত, মললিপ্ত; মলগন্ধযুক্ত।
গূরণ, উদ্যম, ওঠান, উত্থাপন।
গূর্দ, ময়ূরচন্দ্রক, ময়ূর পুচ্ছের চক্র।
গৃঞ্জন, মূলবিশেষ, শালগম, গাজর; রশুন; বিষদিগ্ধ পশুর মাংস।
গৃধীর, পৃথুশৃগাল, বুড়ো শেয়াল।
গৃৎস, কন্দর্প, কামদেব, মদন।
গৃধু, কামদেব; অভিলাষুক; লুব্ধ।
গৃধ্নু, লুব্ধ, লোভী, সস্পৃহ।
গৃধ্নুতা, লোলুপতা, লোভ; আকাঙ্ক্ষা, লুব্ধতা।
গৃধ্র, পক্ষিবিশেষ, গৃধিনী, শকুনী।
গৃধ্ররাজ, জটায়ু পক্ষী।
গৃধ্রসী, বাতরোগ বিশেষ।
গৃষ্টি, সকৃৎ প্রসূতা গো, একবার-প্রসূতা গরু।
গৃহ, ইষ্টকাদি রচিত বাসস্থান; ঘর, গেহ, নিকেতন, আগার, ভবন।
গৃহকচ্ছপ, পেষণশিলা, পেষণী পট্ট।
গৃহকপোতক, পারাবত, পায়রা।

গৃহকর্ত্তা, চটক পক্ষী; গৃহনির্ম্মাতা; গৃহাধ্যক্ষ। [সন্ন্যাসী।
গৃহকারক, বর্ণসঙ্কর জাতিবিশেষ,
গৃহকারী, কীটবিশেষ, কুমিরকা-পোকা; গৃহনির্ম্মাতা।
গৃহগোধা, জেঠী, টিকটিকী।
গৃহগোধিকা, টিকটিকী, জেঠী।
গৃহগোলিক, জ্যেঠী, জেঠী, টিকটিকী।
গৃহচ্ছিদ্র, গৃহদোষ, কুলকলঙ্ক।
গৃহণী, কাঞ্জিক, কাঁজী, আমানী।
গৃহতটী, বীথি, পিঁড়া, দাওয়া।
গৃহনাশন, কপোত, পারাবত, ঘর-বিনাশ।
গৃহনীড, চটকপক্ষী, চড়া পাখী।
গৃহপতি, গৃহস্থ, গৃহী, লক্ষ্মী; ধর্ম্ম।
গৃহপোতক, বাস্তু, বাটী, বাড়ী।
গৃহবলিপ্রিয়, বকপক্ষী, ক্রৌঞ্চ।
গৃহবলিভুক, চটকপক্ষী, বকপক্ষী; বায়স, কাক।
গৃহবাজ, কপোত বিশেষ।
গৃহবাটিকা, গৃহের সমীপবর্ত্তি বন, ঘরের নিকটস্থ উদ্যান।
গৃহভূমি, বাস্তু, বাটী, বাড়ী। [কথন।
গৃহভেদী, গৃহচ্ছিদ্র প্রকাশক, গৃহদোষ
গৃহমণি, প্রদীপ, দীপ।
গৃহমাচিকা, চর্ম্মচটী, চামচিকা।
গৃহমৃগ, কুক্কুর, কুকুর।
গৃহমেধী, গৃহস্থ, গৃহী, গৃহপতি।
গৃহমেধিনী, গৃহস্থপত্নী; সাত্ত্বিকীবুদ্ধি।
গৃহযাপ্য, গৃহস্থ, গৃহী।
গৃহয়ালু, গ্রহীতা, গ্রাহক, গ্রহণশীল।
গৃহস্থ, দ্বিতীয়াশ্রমী, জ্যেষ্ঠাশ্রমী, গৃহী, সংসারী।
গৃহস্থূণ, গৃহস্তম্ভ, ঘরের খুঁটী।
গৃহাগত, অতিথি, অভ্যাগত।
গৃহাচ্ছাদক, গৃহদোষ গোপনকারক; গৃহচ্ছিদ্র আচ্ছাদক, গৃহপ্রতিপালক।
গৃহাধিপ, গৃহস্থ, গৃহী, গৃহপতি।
গৃহাবগ্রহিণী, দেহলী, হাতিনা, দাওয়া।

গৃহাম্ল, কাঞ্জিক, কাঁজী, আমানী।
গৃহায়নিক, গৃহবাসী; গৃহী, গৃহস্থ।
গৃহারাম, গৃহসমীপে কৃত্রিম বন, ঘরের নিকট উপবন।
গৃহালিকা, জ্যেঠী, জেঠী, টিকটিকী।
গৃহাশয়া, তাম্বুলী, পানের গাছ।
গৃহাশ্ম, পেষণশিলা, শিল।
গৃহিণী, ভার্য্যা, পত্নী, গৃহকর্ত্রী।
গৃহী, গৃহস্থ, গৃহাশ্রমী।
গৃহীত, স্বীকৃত, প্রাপ্ত; ধৃত; জ্ঞাত।
গৃহীতদিক্, পলায়িত, তিরোহিত, লুক্কায়িত।
গৃহোলিক, জ্যেঠী, টিকটিকী।
গৃহ্য, গৃহাসক্ত মৃগাদি; গৃহস্থের কর্ত্তব্য কর্ম্মোপদেশক শাস্ত্র।
গৃহ্যক, অস্বতন্ত্র, পরাধীন, গৃহাসক্ত-পক্ষি মৃগাদি।
গৃহ্যা, শাখাপুর, নগরনিকটস্থ গ্রাম।
গেঞ্জা, গাঞ্জা, গৃঞ্জন, মাদকদ্রব্যবিশেষ।
গেঞ্জিয়া, সূত্রনির্ম্মিত থৈলী, বর্ম্মা।
গেঞ্জিয়াল, গৃঞ্জনপায়ী, গাঁজাখোর।
গেটে, গ্রন্থিযুক্ত, গাঁইট দেওয়া।
গেন্দু, কন্দুক, গেঁডু, গেঁদ; ভাঁটা।
গেব্যা, সিন্দুকাদির খোঁপ, বাক্সের-কুঠরি। [উপযুক্ত।
গেয়, গানযোগ্য, সংগীত করণের-
গেরণ, ক্ষরণ, পতন, পড়ন।
গেরী, গৈরিক, রক্তবর্ণ মৃত্তিকা বিশেষ, গেরিমাটি।
গেলন, খাদন, ভক্ষণ, গলাধঃকরণ।
গেলা, ভক্ষিত, খাদিত।
গেলান, ভক্ষণকরান, খাওয়ান।
গেলুয়া, বাচাল, গল্পিয়া, বহুভাষী।
গেষ্ণু, গায়ন, নট; সামবেদগানকর্ত্তা।
গেহ, গৃহ, ভবন, ঘর।
গেহী, গৃহী, গৃহস্থ, গৃহাশ্রমী।
গেহেনর্দ্দী, কাপুরুষ, পিণ্ডীশূর, অক্ষম।
গেহেশূর, কাপুরুষ, অক্ষম।
গৈগাঁ, পল্লীগ্রাম, ক্ষুদ্র গ্রাম।

গৈরিক, রক্তবর্ণ মৃত্তিকা, গেরিমাটী।
গৈরেয়, শিলাজতু ; পর্ব্বত জাত।
গো, পশুবিশেষ, গরু ; স্বর্গ ; রশ্মি ; বজ্র ; চন্দ্র ; সূর্য্য ; চক্ষু, বাণ ; দিক্‌ ; বাক্য ; পৃথ্বী ; মাতা।
গোঁগা, বোবা, হাবা, বাক্যশক্তি হীন।
গোঁজ, কীলক, খোঁটা।
গোঁজা, কীলক ; তালি।
গোঁজামিলন, অসম্যক্‌ হিসাব।
গোঁড়, উচ্চনাভি ; মাংসপিণ্ড ; ফুলা।
গোঁড়া, স্তাবক, তোষামোদকারী, চাটুকার ; খোষামোদিয়।
গোঁড়াম, স্তাবকত, খোষামোদিকরণ।
গোঁফ, মোচ, ওষ্ঠের উপরিস্থ কেশ।
গোকণ্ঠক, গোক্ষুর বৃক্ষ, গোখ্‌রি।
গোকর্ণ, পরিমাণ বিশেষ, মৃগবিশেষ, অশ্বতর, খচ্চর ; সর্পবিশেষ, তীর্থবিশেষ।
গোকল, গোগ্রাস, গরুকে দত্ত ঘাস।
গোকিরাটী, সারিকা পক্ষী, সারী।
গোকিল, মুষল ; হল, লাঙ্গল।
গোকুল, গো সমূহ ; গোস্থান, মথুরার অন্তঃপাতি এক দেশ।
গোকৃত, গোবিট্‌, গোময়, গোবর।
গোখুর, গোক্ষুর, গোখরী।
গোগা, গোঙ্গা, বোবা, হাবা, বাক্যহীন।
গোগোষ্ঠ, গোস্থান, গোষ্ঠ, গোট্‌।
গোগৃষ্টি, সকৃৎপ্রসূতা গো, একবার-প্রসূতা গরু।
গোগ্রন্থি, গোস্থান, গোষ্ঠ ; শুষ্ক গোময়, করীষ, ঘুঁটিয়া।
গোঘ্ন, গোঘাতক, গোহত্যাকারী।
গোঘৃত, গব্যঘৃত, গাওয়া ঘি।
গোঙার, মূঢ় ; অবিবেচক ; নির্ব্বোধ।
গোঙ্গরান, মূকতাপ্রকাশন, বোবা।
গোচ, সুযোগ, সদুপায়।
গোচর ; ইন্দ্রিয়ের বিষয় ; সাক্ষাৎ, জ্ঞাতসার, প্রত্যক্ষ।
গোচা, খোবা, আটি, গুলা।
গোচান, শ্রেণি বন্ধন, শৃঙ্খলা করিয়া-রাখন, আটি বন্ধন। [রক্ষক।
গোচারক, গোপালক, রাখাল, গো-
গোচারণ, গোপালন, গোরু চরাই করণ। [আটিবাঁধা।
গোচাল, সুযোগান্বিত, কর্ম্মদক্ষ ;
গোছ, গোছা, স্তবক, আটি, পুলা ; সুযোগ, উপায়।
গোছা, স্তবক ; আটি, পুলা ; ধারা।
গোছান, শৃঙ্খলান্বিত করণ ; আটি-বন্ধন। [সম্পন্ন।
গোছাল, উপযুক্ত, পটু ; চতুর, কর্ম্মঠ,
গোজল, গোমূত্র, চোনা।
গোজ গরিক, মঙ্গল, কল্যাণ ; কণ্টকারী বৃক্ষ। [পাত।
গোট্‌, অখণ্ড, আস্ত, সমুদায়, জরির
গোটান, জড়ান, গুটন, একত্র করণ।
গোটাল, সমুদায়, অখণ্ডিত, অখিল।
গোট্‌, মেষাদির পাল ; গোষ্ঠ ; সভা, সমূহ ; কটিদেশের ভূষণ।
গোড, গোঁড়, উন্নত নাভি, নাভির-বর্দ্ধিত মাংস ; পাদমূল, গোড়মুড়া।
গোড়া, মূল, স্তম্ভ ; আদি, প্রথম।
গোড়াগোড়ি, আদ্যোপান্ত, প্রথমা-বধি শেষ পর্য্যন্ত। [হওন।
গোড়ান, নিকটে গমন, সমীপস্থ
গোড়ারী, গুলফ, পাদমূল, গোড়মুড়া।
গোডিম্ব, পক্ষি শাবক ; অপোগণ্ড, অতিশিশু।
গোডুম্ব, ফলবিশেষ, তরমুজ।
গোডুম্বা, গবাদনীফল, গোমুক্‌, ফুটী।
গোণী, ধান্যাদি বহনার্থ আধার-বিশেষ, গুন, থলিয়া।
গোণ্ড, নাভিতে বৃদ্ধ মাংস, গোঁড় ; অন্ত্যজ জাতি, পামর জাতি।
গোতম, ঋষি বিশেষ, গৌতম মুনি।
গোতমান্বয়, শাক্য মুনি।
গোতল্লজ, উত্তম গো, প্রশস্ত গরু।
গোত্র, কুল ; আদিপুরুষ ; বংশ,

সন্তান ; প্রবর ; পর্ব্বত। [নকুল্য।
গোত্রজ, গোত্রে উৎপন্ন, জ্ঞাতি,
গোত্রভিদ্, ইন্দ্র, শক্র, দেবরাজ।
গোত্রা, পৃথিবী ; গোসমূহ, গরুর পাল।
গোদ, শ্লীপদ রোগ, পাকুলা ; মস্তকের স্নেহ, মস্তিষ্ক, মগজ, মস্তকের ঘৃত ; গোদান কর্ত্তা।
গোদন্ত, হরিতাল। [পদ।
গোদা, শ্লীপদী, জলদোষে স্ফীত
গোদানী, স্ত্রীলোকের কপাল দেশে কৃষ্ণবর্ণ চিহ্ন, উল্কি ; স্ফীতপদ-বস্ত্রীলোক।
গোদাবরী, নদীবিশেষ। [কোদালি।
গোদারণ, লাঙ্গল, হল ; কুদ্দাল,
গোদোহন, গরুহইতে দুগ্ধ নিঃসারণ।
গোদোহনী, গোদোহনপাত্র, দুগ্ধের-ভাণ্ড, দুধের কেঁড়ে।
গোদ্রব, গোমূত্র, গো চোনা।
গোধন, গো সমূহ, গরুর পাল ; গো-স্বরূপ ধন।
গোধা, জন্তু বিশেষ, গোসাপ ; চর্ম্ম-পট্টিকা বিশেষ। [গোসাপ।
গোধি, ললাট, কপাট ; গোধিকা,
গোধিক, গোসাপ।
গোধুক্, গোদোগ্ধা, গোদোহনকর্ত্তা।
গোধূম, শস্যবিশেষ, গম।
গোধূমচূর্ণ, চূর্ণীকৃত গোধূম, ময়দা, আটা, সুজী।
গোধূলি, কাল বিশেষ, সূর্য্যাস্তকাল।
গোধেনু, দুগ্ধবতী গবী, দুগ্ধবিশিষ্টা-গরু।
গোনন্দী, সারস পক্ষিণী, সারসী।
গোনর্দ্দীয়, পতঞ্জলি মুনি।
গোনস, সর্পবিশেষ, বোড়াসাপ ; গোখুরা সাপ ; মণ্ডলী বোড়া।
গোনাড়গোষ্ঠী, সকল পরিবার ; পরিবারস্থ কেহ।
গোনাথ, অনড্বান, ষণ্ড, বৃষ, ষাঁড়।
গোনিষ্যন্দ, গোমূত্র, গরুর চোনা।

গোপ, জাতি বিশেষ, গোয়ালা, গোপাল ; আভীর।
গোপকন্যা, আভীর সুতা, গোয়ালিনী, গোয়ালার মায়ে।
গোপঘোণ্টা, বদরী সদৃশ সূক্ষ্ম ফল-বৃক্ষ, শেয়াকুল।
গোপতি, বৃষ ; শিব ; সূর্য্য ; রাজা।
গোপদল, গুবাক, সুপারী ; গোয়ালার পাল। [রক্ষণ।
গোপন, অপহ্নব, অপ্রকাশ, লুকান ;
গোপনীয়, গোপ্য, অপ্রকাশ্য, অব্যক্ত ; রক্ষণীয়। [গোয়ালিনী।
গোপবধূ, গোপস্ত্রী, গোপভার্য্যা,
গোপানসী, বড়ভী, গৃহাদির অগ্রভাগের উপরিস্থ বক্রকাষ্ঠ, মুদনী।
গোপায়িত, রক্ষিত ; লুক্কায়িত।
গোপাল, গোরক্ষক ; গোয়ালা ; রাখাল ; শ্রীকৃষ্ণ।
গোপালক, শ্রীকৃষ্ণ ; গোরক্ষক।
গোপালিকা, গোপপত্নী, গোপভার্য্যা ; কীট বিশেষ।
গোপাষ্টমী, কার্ত্তিক শুক্লাষ্টমী।
গোপিকা, গোপভার্য্যা, আভীরিণী ; রক্ষিত্রী। [শ্যামা লতা।
গোপিনী, গোপনারী, গোয়ালিনী ;
গোপী, গোপপত্নী ; রক্ষিকা ; প্রকৃতি।
গোপীথ, তীর্থস্থান ; রক্ষণ, পালন।
গোপীমাটী, মৃত্তিকা বিশেষ, তিলক-ধারণ মৃত্তিকা। [বানর।
গোপুচ্ছ, গোলাঙ্গুল, গরুর ল্যাজ ;
গোপুর, নগর দ্বার, সহরের ফটক ; দুর্গপুরদ্বার ; দরওয়াজা।
গোপুরীষ, গোময়, গোবর।
গোপেন্দ্র, বিষ্ণু, শ্রীকৃষ্ণ। [মুনি।
গোপেশ, নন্দঘোষ ; শ্রীকৃষ্ণ ; শাক্য-
গোপো, সপরিবার, সগোষ্ঠী।
গোপ্তা, রক্ষক, রক্ষাকর্ত্তা ; অপ্রকাশক, লুকানিয়া। [পুত্র।
গোপ্য, রক্ষণীয় ; গোপনীয় ; দাসী-

গোপ্যক, দাস, ভৃত্য, কিঙ্কর; রক্ষণীয়, পালনীয়।
গোপ্যাধি, বন্ধক বিশেষ, যে দ্রব্য কেবল প্রবোধার্থ মহাজনের নিকট রাখে ভোগার্থ নয়। [উত্তম গরু।
গোপ্রকাণ্ড, শ্রেষ্ঠ গো, প্রশস্ত গো,
গোবৎসাদী, বৃক, নেকড়িয়া বাঘ।
গোবন্দ, গোইন্দ্য, গোকুল বন।
গোবর, গোময়, গোবিষ্ঠা, গোবিট্‌, শ্রেষ্ঠ গো, উত্তম গরু।
গোবরাট, দ্বারের উর্দ্ধস্থিত পোরকাঠ।
গোবরাণ, বিবর্ণকরণ; লেপন, কদাকার করণ, অপরিষ্কার করণ।
গোবর্দ্ধন, বৃন্দাবনস্থ পর্ব্বত বিশেষ, স্বনামে বিখ্যাত পর্ব্বত।
গোবর্দ্ধনধারী, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
গোবশা, বন্ধ্যা গো, পাল গরু। [বাঘ
গোব্যাঘ্র, গোমাংসভক্ষক ব্যাঘ্র, নেকড়িয়া
গোবিট্‌, গোময়, গোবর। [স্মৃতি।
গোবিন্দ, শ্রীকৃষ্ণ, গবাধ্যক্ষ, বৃহ-
গোবিষ্ঠা, গোবিট্‌, গোময়, গোবর
গোবৃন্দ, গোসমূহ, গরুর পাল।
গোবৃন্দারক, শ্রেষ্ঠ গো, প্রশস্ত গরু।
গোভস, মণ্ডহাড়।
গোভদ্র, স্থূল মোটা; ভারী। [গরু।
গোমতল্লিকা, সুশীলা গো, উত্তম
গোমতী, স্বনাম খ্যাতা নদীবিশেষ, বৈদিক মন্ত্র বিশেষ।
গোমন্ত, পর্ব্বত বিশেষ, গোস্বামী।
গোময়, গোবিট্‌, গোবর, গোস্বরূপ।
গোময়ছত্র, করক, কোঁড়ক, ছাতা।
গোময়চ্ছত্রিকা, কোঁড়ক, ছাতা।
গোময়োত্থ, গোময়জাতকীট, গোবরিয়া পোকা।
গোমক্ষিকা, দংশ, ডাঁশ। [রক্ষক।
গোমান্‌, বহু গোস্বামী, অনেক গো
গোমায়ু, শৃগাল, শিয়াল, গন্ধর্ব্ব বিশেষ। [রক্ষক, শৃগাল।
গোমী, বহু গোপালক, অনেক গো-
গোমীন, মৎস্য বিশেষ।
গোমুখ, বাদ্যভাণ্ড; চৌরসুড়ঙ্গ; সিঁধ বিশেষ, গরুর মুখ, জপমালা গোপনার্থ বস্ত্রনির্ম্মিত যন্ত্র বিশেষ; কুম্ভীর; যক্ষ বিশেষ।
গোমুখী, হিমালয় পর্ব্বত হইতে গঙ্গা পতনের গোমুখাকার গুহা, রাঢ়দেশস্থ নদী বিশেষ। [শয় মূর্খ।
গোমূঢ়, গোরুর ন্যায় অবোধ, অতি-
গোমূত্র, গোপ্রস্রাব, চোনা।
গোমূত্রিক, তৃণবিশেষ; চিত্রকাব্য বিশেষ। [বিশেষ।
গোমেদ, পীতবর্ণ মণি বিশেষ; বিষ
গোমেধ, যজ্ঞ বিশেষ।
গোরণ, ওঠান, উত্তোলন, উত্থাপন।
গোরস, গোপ্রিয় তৃণবিশেষ, গন্ধখড়।
গোরস, গব্য, দুগ্ধ, দধি, তক্র।
গোরসজ, তক্র, ঘোল।
গোরা, গৌরবর্ণ, শ্বেত বর্ণ।
গোরিক, গোরাটি, শারিক, পক্ষী।
গোরু, গবী, গো, বৃষ।
গোরুত, ক্রোশদ্বয়, দুইক্রোশ।
গোরোচ, হরিতাল।
গোরোচন, স্বনামখ্যাত পীতবর্ণদ্রব্য, গোমস্তকস্থিত শুষ্ক পিত্ত।
গোর্দ্ধ, মস্তিষ্ক, মস্তকস্থিত ঘৃত, মজ্জা।
গোল, মণ্ডল, বর্ত্তুলাকার, জারজপুত্র, ভূগোল; খগোল; কলরব, কোলাহল।
গোলক, স্বামী অবিদ্যমানে জারজপুত্র, রাঁড়ের উপপতি জাত সন্তান; কলায়, মটর।
গোলা, ধান্যাদির আগার; বর্ত্তুলাকার লৌহ পিণ্ড; দুর্গা; গোদাবরী নদী; সখী। [পুচ্ছ।
গোলাঙ্গুল, বানর; কৃষ্ণবানর; গো-
গোলান, প্রকাশন, ব্যক্তকরণ, আবিল করণ।

গোলাম, দাস, কিঙ্কর, নিতান্ত অধীন ভৃত্য।
গোলাস, গোময় ছত্রিকা, কোঁড়ক, ছাতা। [বৈকুণ্ঠ।
গোলোক, শ্রীকৃষ্ণের স্থান ; নিত্যধাম,
গোশকৃৎ, গোবিষ্ঠা, গোময়, গোবর।
গোশাল, গোগৃহ, গোয়ালি ঘর।
গোশালা, গোগৃহ, গোয়ালি ঘর।
গোশীর্ষ, চন্দন; হরিচন্দন; গোমস্তক।
গোশৃঙ্গ, গোবিষাণ, গরুর শিং।
গোষক্কাব, গোষণ্ডুল, ডুষটা গরু।
গোষ্ঠ, গোস্থান, গোঠ, [illegible]থান।
গোষ্ঠাষ্টমী, কার্ত্তিক শুক্লাষ্টমী।
গোষ্ঠী, পোষ্যবর্গ, পরিবার ; কুল, জ্ঞাতি ; সভা। [পতি।
গোষ্ঠীপতি, পোষ্যবর্গ পালক ; সভ-
গোষ্পদ, গোসেবিত স্থান ; গোরুর খুর পরিমাণ।
গোস, উষাকাল, প্রত্যুষ।
গোসংখ্য, গোপ, গোপাল, গোয়ালা।
গোসঙ্গ, প্রত্যুষ, প্রাতঃকাল।
গোসদৃক্ষ, গবয়, চমরী, বনগো।
গোসন্দায়, গোদান কর্ত্তা, গোদাত।
গোসব, গোমেধ যজ্ঞ।
গোসম্ভবা, শ্বেতদূর্ব্বা, গোজাত।
গোসর্গ, প্রভাত, প্রত্যুষ, প্রাতঃকাল।
গোসর্প, গোধিকা, গোসাপ।
গোস্তন, গরুর বাঁট, হার বিশেষ, চৌত্রিশ নর হার।
গোস্তনী, দ্রাক্ষা, মৃদ্বীক, আঙ্গুর।
গোস্থান, গোষ্ঠ, গোঠ।
গোস্বামী, গোপতি, গোরক্ষক ; নিত্যানন্দ বংশীয় ব্রাহ্মণ।
গোহত্যা, গোবধ, গোহিংসা।
গোহরীতকী, বিল্ববৃক্ষ, বেল গাছ।
গোহাইল, গোশালা, গোগৃহ।
গোহালী, গোশালা গোগৃহ।
গোহিত, গোর হিত ; বিল্ববৃক্ষ।
গোহির, পাদমূল, গোড়মুড়া, গুল্ফ।
গোহ্য, গোপনীয়, অপ্রকাশ্য।
গোক্ষুর, বৃক্ষ বিশেষ, গোখুরি লতা ; গোরুর খুর।
গৌল্মিক, স্বর্ণকার, সেকরা।
গৌড, স্বনাম খ্যাত দেশ।
গৌড়ী, গুড়াদি কৃত সুরা, গুড়ের মদ ; রাগিণী বিশেষ ; কাব্যরীতি বিশেষ।
গৌণ, অপ্রধান, অধীনতা ; বিলম্ব।
গৌতম, মুনিবিশেষ, শতানন্দ মুনি।
গৌতমসম্ভবা, গোদাবরী নদী।
গৌতমী, দুর্গা ; রাক্ষসী বিশেষ ; গোদাবরী নদী ; গোরোচনা।
গৌত্তম, স্থাবর বিষ বিশেষ।
গৌর, শ্বেতবর্ণ, অরুণবর্ণ ; শ্রীচৈতন্য-দেব ; বিশুদ্ধ ; পদ্মকেশর ; কুঙ্কুম, স্বর্ণ ; শ্বেত সর্ষপ।
গৌরচন্দ্র, শ্রীচৈতন্যদেব।
গৌরজীরক, শুক্লজীরক, সাদা জীরা।
গৌরনিতাই, শ্রীচৈতন্যদেব ও নিত্যা-নন্দ প্রভু।
গৌরব, অভ্যুত্থান ; গুরুত্ব ; প্রভাব, সমাদর, সম্মান। [শিশ।
গৌরবিত মান্য ; সমাদৃত, অর্ঘ্য-
গৌরসর্ষপ, শ্বেতসর্ষপ, রাই সরিষা।
গৌরাঙ্গ, শ্রীচৈতন্যদেব ; শ্বেতবর্ণ ; সুন্দর।
গৌরাদ্রক স্থাবর বিষবিশেষ।
গৌরাস্য, কৃষ্ণ বানর, কাল বানর।
গৌরিকা, অষ্টম বর্ষীয়া কন্যা।
গৌরিল, শ্বেতসর্ষপ ; লৌহচূর্ণ।
গৌরী, পার্ব্বতী, অষ্টবর্ষীয়া কন্যা ; অজাতরজঃ কন্যা ; হরিদ্রা ; দারু-হরিদ্রা ; রাগিণীবিশেষ, মালব রাগ-পত্নী।
গৌরীজ, ধাতুবিশেষ, অভ্রক।
গৌরীপট্ট, পেনেট, গৌরীপাট, শিবলিঙ্গের নিম্নস্থ পট্ট।
গৌরীপাট, পেনেট, পানিপাট।
গৌরীপুত্র, কার্ত্তিকেয়, কুমার।

গৌরুতল্পিক, গুরুপত্নীগামী, বিমাতৃগ।
গৌল্য, মধুর, সুস্বাদু।
গৌশতিক, শত গোস্বামী; যাহার এক শত গরু আছে।
গৌষ্ঠীন, ভূতপূর্ব্ব গোস্থান, পূর্ব্বের গোঠ, অতীত কালের গোষ্ঠ।
গ্রথিত, কৃতগ্রন্থন, গাঁথা, গ্রন্থিত।
গ্রন্থ, শাস্ত্র, পুস্তক, সম্পর্ক; গাঁইট, ধন, অনুষ্টুপছন্দঃ শ্লোক; গ্রন্থক।
গ্রন্থক, নির্ম্মাণকর্ত্তা, লেখক।
গ্রন্থকর্ত্তা, গ্রন্থকারক, নিবন্ধ কারক, শাস্ত্রকর্ত্তা।
গ্রন্থকুটী, লেখ্যস্থান, চিত্রাধার।
গ্রন্থন, গুম্ফন; গ্রন্থিত করণ, গাঁথন, রচন, নির্ম্মাণ।
গ্রন্থি, বংশাদির সন্ধি; গাঁটি, গিরা; পর্ব্ব; বন্ধন, রোগবিশেষ।
গ্রন্থিক, দৈবজ্ঞ, গণক।
গ্রন্থিত, গ্রথিত, গাঁথা, রচিত।
গ্রন্থিপর্ণী, গণ্ডদূর্ব্বা, গেঁটে দূর্ব্বা।
গ্রন্থিফল, কপিথ বৃক্ষ, কতবেলের-গাছ।
গ্রন্থিমান্, অস্থিসংহার বৃক্ষ, হাড়-ভাঙ্গা, হাড জোড়া।
গ্রন্থিমূল, গৃঞ্জন, গাজর।
গ্রন্থিল, পিপ্পলীমূল, পিঁপুলের মূল, আর্দ্রক, আদা; গ্রন্থিযুক্ত।
গ্রন্থিলা, গণ্ডদূর্ব্বা, গেঁটে দূর্ব্বা।
গ্রন্থিহর, অমাত্য, মন্ত্রী, পরামর্শী।
গ্রন্থী, নানাবিধ পুস্তকধারী, বহু গ্রন্থ-বিশিষ্ট।
গ্রন্থীক, গ্রন্থবিশিষ্ট, পুস্তক যুক্ত।
গ্রস্ত, ভুক্ত, খাদিত; আচ্ছাদিত; লুপ্ত বর্ণপদ; অসম্পূর্ণ বাক্য। [অস্ত।
গ্রস্তাস্ত, চন্দ্রসূর্য্যাদির গ্রহণানন্তর
গ্রহ, সূর্য্যাদি নব; নির্ব্বন্ধ; রণোদ্যম, অধ্যবসায়, বোধ, জ্ঞান।
গ্রহকল্লোল, অষ্টম গ্রহ, রাহু।
গ্রহণ, স্বীকার; আদান; উপলব্ধি; উপরাগ, রাহুগ্রস্ত চন্দ্র সূর্য্য।
গ্রহণী, রোগবিশেষ, উদরভঙ্গ, অতিসার তুল্য; অগ্নির অধিষ্ঠান নাড়ী।
গ্রহণীরুজ্, গ্রহণী রোগ, উদরাময়
গ্রহণীহর, লবঙ্গ, লং।
গ্রহনায়ক, শনি; সূর্য্য।
গ্রহনেমি, চন্দ্র, বিধু, শশি।
গ্রহপতি, সূর্য্য, রবি, দিবাকর, অর্ক-বৃক্ষ, আকন্দ গাছ।
গ্রহপীড়া, গ্রহবৈগুণ্য, গ্রহপ্রযুক্তদুঃখ।
গ্রহপুষ, সূর্য্য, ভানু, রবি। [হোম।
গ্রহযাগ, গ্রহদিগের যজ্ঞ, নবগ্রহের-
গ্রহরাজ, সূর্য্য, চন্দ্র; বৃহস্পতি।
গ্রহাধার, ধ্রুবনক্ষত্র। [বিশেষ।
গ্রহাময়, ভূতাদি হইতে উৎপন্ন রোগ
গ্রহীত, গ্রহণ কর্ত্তা, গ্রাহক।
গ্রাবা, প্রস্তর, পর্ব্বত; মেঘ।
গ্রাম, বহুজন বসতি স্থান, হট্টাদি শূন্য বসতি; স্বর বিশেষ; সমূহ।
গ্রামকূট, শূদ্রজাতি।
গ্রামণী, প্রধান অধিপতি; মণ্ডল; নাপিত, বেশ্যা।
গ্রামতক্ষ, গেঁয়ে ছুতার।
গ্রামত, গ্রামসমূহ, বহুগ্রাম।
গ্রামমদ্গুরিকা, মৎস্যবিশেষ, শৃঙ্গি-মৎস্য, শিঙীমাছ; গ্রামযুদ্ধ।
গ্রামমুখ, আপণ, হট্ট, হাট, বাজার।
গ্রামমৃগ, কুক্কুর, কুকুর। [হিত।
গ্রামযাজক, গ্রামস্থ নানাবর্ণের পুরো-
গ্রামস্থ, গ্রামবাসী, গ্রাম্য।
গ্রামহাসক, ভগিনীপতি।
গ্রামাধান, মৃগয়া, শীকার।
গ্রামান্ত, গ্রামসমীপ; গ্রামের প্রান্ত।
গ্রামী, গ্রামবিশিষ্ট, গাঁইয়া, গ্রামস্থ।
গ্রামীণ, গ্রামোৎপন্ন; গ্রাম্য শূকর কুক্কুর; কাক।
গ্রামেয়া, গ্রাম্য নারী।
গ্রামেশ, গ্রামেশ্বর, গ্রামাধিপতি।

গ্রাম্য, গ্রামোৎপন্ন, গ্রামজাত ; ইতর, নীচ ; জঘন্য।
গ্রাম্যকর্কটী, কুষ্মাণ্ড, কুমুড়া।
গ্রাম্যধর্ম্ম, মৈথুন, রমণ, স্ত্রীসংসর্গ।
গ্রাম্যপশু, গ্রামজাত জন্তু, গোরু ছাগলাদি।
গ্রাম্যভাষা, ইতর কথা।
গ্রাম্যমৃগ, কুকুর, শ্বা।
গ্রাম্যশূকর, গ্রামোৎপন্ন বরাহ।
গ্রাম্যাশ্ব, গর্দ্দভ; গাধা।
গ্রাস, মুখপূরণ অন্নাদি, কবল, পিণ্ড।
গ্রাসাচ্ছাদন, অন্ন বস্ত্র, ভাত কাপড়।
গ্রাহ, গ্রহণ ; জলজন্তু বিশেষ ; হাঙ্গর; শিশুক, শুশুক।
গ্রাহক, হিংস্রপক্ষী ; ব্যালগ্রাহী, সাপুড়ে ; গ্রহণকারী ; ক্রেতা।
গ্রাহকতা, লোভ ; গ্রহণার্থ ঔৎসুক্য।
গ্রাহী, গ্রহণকর্ত্তা ; কপিত্থবৃক্ষ, কতবেল।
গ্রাহ্য, গ্রহণের যোগ্য ; মনোনীত।
গ্রীবা, ঘাড়, গলা, কন্ধর।
গ্রীবী, উষ্ট্র, উট ; উত্তম গ্রীবাযুক্ত।
গ্রীষ্ম, ঋতুবিশেষ ; নিদাঘ, উষ্ণ, উষ্ম-কাল, গরমি।
গ্রীষ্মজা, লবণীফল, লোণা।
গ্রীষ্মসুন্দরক, শাকবিশেষ, গিমাশাক।
গ্রীষ্মহাস, ইন্দ্রতুলক, আকাশ বুড়ির সূতা।
গ্রৈব, গ্রীবাভূষণ, গলার গলবন্ধ।
গ্রৈবেয়, কণ্ঠভূষণ, গলার আভরণ।
গ্লস্ত, ভক্ষিত, খাদিত।
গ্লহ, অক্ষক্রীড়ার পণ, বাজি।
গ্লানা, গ্লানিযুক্ত ; ক্ষীণ, কৃশ।
গ্লান, রোগকরণক ক্ষীণদেহ, রোগী।
গ্লানি, রোগ ; শ্রান্তি ; নিন্দা।
গ্লাস্নু, রোগদ্বারা ক্ষীণদেহ, রোগী, পীড়াযুক্ত।
গ্লেয়, গ্লানিযোগ্য ; রোগযুক্ত।
গ্লৌ, চন্দ্র, শশী ; বিষ্ণু ; কর্পূর।

ঘ

ঘ, ঘকার, ব্যঞ্জনের চতুর্থ বর্ণ।
ঘট, কলস, কুম্ভ ; গর্গরী ; কুম্ভরাশি ; দ্রোণপরিমাণ ; কুম্ভ পরিমাণ।
ঘটক, যোজক, যোজনাকারী ; দূত ; কোটনা ; বনস্পতি, পুষ্পবিনা যাহার ফল জন্মে। [দৌত্য ; কোটনামি।
ঘটকতা, যোজকতা, ঘটকালি ;
ঘটকালি, ঘটকতা, যোজকতা, মিলন।
ঘটদাসী, কুট্টনী, কুটনী, দূতী, যোজনকারিণী।
ঘটন, মিলন, যোজন ; প্রাপণ।
ঘটনা, যোজনা ; মেলন ; সংঘাতীকরণ; অকস্মাৎ প্রাপণ। [যোগ্য।
ঘটনীয়, যোজনীয়, সম্ভাব্য ; ঘটিবার
ঘটযোনি, অগস্ত্যমুনি।
ঘটরাজ, কুম্ভ, কলস।
ঘটা, সমারোহ ; আড়ম্বর ; সমূহ; সভা ; হস্তিদিগের যুদ্ধাদিতে একত্র মিলন। [পাল্কীর আবরণ বসন।
ঘটাটোপ, যানাদির আচ্ছাদন বস্ত্র,
ঘটান, উৎপাদন ; যোজকতা করণ, মিলান। [লাকার লাউ।
ঘটালাবু, কুম্ভতুম্বী, গোল লাউ, বর্ত্তু-
ঘটিক, নিতম্ব, জঘন, পশ্চাদ্ভাগ, পাছা।
ঘটিকা, মুহূর্ত্ত ; দণ্ড ; ঘড়ী ; পাদ, গুলফ।
ঘটিত, মিলিত, যোজিত ; সংযুক্ত, সংশ্লিষ্ট। [বিশেষ।
ঘটী, দণ্ড, ঘড়ী ; ক্ষুদ্র ঘট ; জলপাত্র
ঘটীযন্ত্র, কূপ হইতে জল তুলিবার নিমিত্ত রজ্জু সহিত ঘট, জলতোলার কল ; কালনির্ণায়ক যন্ত্র, ঘড়ী ; উদ্ঘাটন।
ঘটোৎকচ, রাক্ষস বিশেষ ; হিড়িম্বা-রাক্ষসীর পুত্র।
ঘটোৎকচান্তক, কর্ণরাজ।
ঘটোদ্ভব, কুম্ভযোনি, অগস্ত্যমুনি।

ঘট্ট, ঘাট, নদ্যাদিতে স্নানাদ্যর্থ প্রবেশ স্থান, তীর্থাবতার।
ঘট্টগা, নদী বিশেষ। [পাটুনি।
ঘট্টজীবী, বর্ণসঙ্কর জাতি বিশেষ,
ঘট্টনা, চালনা, আন্দোলন; ঘেঁটন; আবৃত্তি। [গুপ্ত ঘাট।
ঘট্টা, নদ্যাদির অবগাহনস্থান; ঘাট;
ঘট্টী, ক্ষুদ্রসোপান; ছোট ঘাট; গুপ্ত ঘাট।
ঘড়া, শ্রেষ্ঠকলস, বড়কলসী; জলপাত্র বিশেষ, পিত্তলময় কলস। [শেষ।
ঘড়িয়াল, ঘটীযন্ত্রবাদক, জলজন্তু বি-
ঘড়ী, ঘটীযন্ত্র, দণ্ডপলাদি নির্ণয় যন্ত্র, দিনাদি নিরূপণ যন্ত্র। [করণ।
ঘড়ঘড়ান, ঘোঙ্গরান, ঘড়ঘড় শব্দ-
ঘড়ঘড়িয়া, ব্যাঘ্রবিশেষ, নেকড়িয়া-বাঘ; গোবাঘা। [দিতে গলার শব্দ।
ঘড়ঘড়ী, অন্তকালীন কণ্ঠধ্বনি; কফা-
ঘণ্ট, মৎস্যশাকাদির ব্যঞ্জন বিশেষ।
ঘণ্টা, কাংস্যনির্ম্মিত বাদ্য বিশেষ; ঘড়ী; দণ্ডদ্বয়, মুহূর্ত্ত।
ঘণ্টাকর্ণ, শিবগণ বিশেষ, ঘেঁটু ঠাকুর।
ঘণ্টাপথ, গ্রামাদির প্রধান মার্গ, গ্রামের বড়পথ।
ঘণ্টাবীজ, জয়পাল, জয়পালের বীচী।
ঘণ্টারবা, বৃক্ষবিশেষ, ঝনঝনিয়া গাছ; বনশণ।
ঘণ্টালী, ঘণ্টাশ্রেণী; বৃক্ষবিশেষ।
ঘণ্টাশব্দ, কাংস্য, কাঁসা, ঘণ্টার ধ্বনি।
ঘণ্টিক, তালুর্দ্ধ ক্ষুদ্র জিহ্বা, আলজিব; ছোট ঘণ্টা।
ঘণ্টিনীবীজ, জয়পাল বীজ।
ঘণ্টী, ক্ষুদ্র ঘণ্টা।
ঘণ্টু, গজঘণ্টা; প্রতাপ।
ঘণ্টেশ্বর, দেবতা বিশেষ; মঙ্গলপুত্র।
ঘণ্ড, ভ্রমর, অলি, মধুকর।
ঘন, মেঘ; নিবিড়, গাঢ়, সান্দ্র; কাংস্যতালাদির বাদ্য; করতাল; লৌহমুদ্গর; মেঘ; মুস্তা; সজাতীয়-তিন অঙ্কের পূরণ।
ঘনকফ, করকা, বর্ষোপল, শিল।
ঘনকাল, বর্ষাঋতু, প্রাবৃটকাল।
ঘনগোলক, সংশ্লিষ্ট রজত সুবর্ণ, মিশ্রিত সোণা রূপা।
ঘনঘন, অনবরত, অবিরত; বারবার।
ঘনজ্বালা, মেঘদীপ্তি; বজ্রাগ্নি।
ঘনতান, সারঙ্গ পক্ষী।
ঘনতোয়, চাতকপক্ষী।
ঘননাভি, ধূম, ধূঁয়া।
ঘনপামর, ময়ূর, শিখী, কলাপী।
ঘনবল্লিকা, বিদ্যুৎ, সৌদামিনী, তড়িৎ।
ঘনবাত, নরক বিশেষ।
ঘনবান, কুলাগু, কুমড়া।
ঘনবাহন, শিব; ইন্দ্র; মেঘবাহন।
ঘনমূল, পূরণকরা সজাতীয় তিন অঙ্কের মূল অঙ্ক।
ঘনরস, জল; কর্পূর; সল্লকী নির্য্যাস।
ঘনশ্যাম, নিবিড় কৃষ্ণবর্ণ, মেঘতুল্য-শ্যামবর্ণ, শ্রীকৃষ্ণ। [জল।
ঘনসার, কর্পূর; দক্ষিণাবর্ত্ত পারদ;
ঘনস্বন, মেঘধ্বনি; শাকবিশেষ।
ঘনাকর, বর্ষাকাল, প্রাবৃট্কাল।
ঘনাঘন, ইন্দ্র; মাতুলমত্তহস্তী; বর্ষক মেঘ; নিরন্তর, কঠিন, হিংস্রক, গাঢ়।
ঘনাত্যয়, মেঘাপগম, শরৎকাল।
ঘনান, নিকট হওন, আসন্ন, কাছান।
ঘনায়ত, গাঢ়, আবর্ত্তিত।
ঘনাম্বু, খর্জ্জুর বৃক্ষ, খাজুর গাছ।
ঘনামল, বাস্তুকশাক, বেতো শাক।
ঘনাশ্রয়, আকাশ, গগণ, শূন্য।
ঘনিষ্ঠ, নিকটস্থ, অনুগত, আসন্ন।
ঘনী, মৎস্যাধারণার্থ বংশাদি নির্ম্মিত-যন্ত্র, ঘুনী।
ঘনুয়া, জার; কোটনা; দুষ্ট।
ঘনোদধি, নরক বিশেষ।
ঘনোপল, বর্ষোপল, করকা, শিল।
ঘবরণ, অবাক, স্তব্ধ; ব্যাকুল হওন।
ঘবরাণী, উদ্বেগ, ব্যাকুলতা; বিস্ময়।

ঘর, গৃহ, গেহ, ভবন। [গৃহকর্ম্ম।
ঘরকন্না, গার্হস্থ্যধর্ম্ম, সংসারধর্ম্ম,
ঘরট্ট, পেষণী, জাঁতা।
ঘরণী, গৃহিণী, ভার্য্যা।
ঘরসন্ধান, গৃহচ্ছিদ্রজ্ঞান, গৃহানুসন্ধান, গৃহেরভেদ জ্ঞাত হওয়া।
ঘরা, আধার; ছিদ্র, রন্ধ্র।
ঘরাঘরি, আপনা আপনি; প্রত্যেক-ঘর; স্বজন।
ঘরামী, গৃহনির্ম্মাতা, গৃহকারক।
ঘরুয়া, গৃহজাত, গৃহোৎপন্ন।
ঘর্ঘট, মৎস্যবিশেষ, ট্যাঙ্গরা মাছ।
ঘর্ঘর, গর্ব্বিত দ্বার, দ্বার, পেচক, পেচা, নদীবিশেষ, স্বরভেদ; ধ্বনি, শকটাদির অব্যক্ত শব্দ।
ঘর্ঘরক, ঘর্ঘরশব্দ; রথাদির গমনধ্বনি।
ঘর্ঘরা, ক্ষুদ্রঘণ্টিকা, ছোটঘণ্টা; বীণাবিশেষ।
ঘর্ঘরিকা, ক্ষুদ্র ঘণ্টা, বাদ্যবিশেষ, নদীবিশেষ, ভৃষ্ট ধান্য, খই।
ঘর্ঘুরিয়া, ভ্রমকীট, ঘুরঘুরিয়া পোকা।
ঘর্ম্ম, শ্রমবারি, অঙ্গজল, স্বেদ, ঘাম, আতপ, গ্রীষ্ম, উষ্ণ।
ঘর্ম্মবিচর্চ্চিকা, ঘর্ম্মজন্য ক্ষুদ্র ব্রণ, ঘামাচী। [ঘর্ম্মচর্চ্চা।
ঘর্ম্মবিচর্চ্চি, ঘর্ম্মজন্য ক্ষুদ্র ব্রণ,
ঘর্ম্মাম্বু, বর্ষাকাল, প্রাবৃট্কাল।
ঘর্ষণ, ঘসা, মার্জ্জন।
ঘর্ষণাল, শিলাপুত্র, লোড়া।
ঘর্ষণী, হরিদ্রা, হলুদ।
ঘষি, শুষ্কগোময় চূর্ণ, বিলঘুঁটে।
ঘসি, আহার, ভোজন, খাদন।
ঘস্মর, অদ্মর, ভক্ষক, খাদক।
ঘস্র, হিংস্র; দিন; কুঙ্কুম।
ঘা, আঘাত; ক্ষতচিহ্ন।
ঘাইট, অপরাধ, দোষ, কসুর।
ঘাঁটন, আলোড়ন; আবর্ত্তন, ছানন, চটকান।
ঘাঁটান, উত্তেজনা; রাগান; উটান।

ঘাঁটি, চৌকীদারের নির্জ্জনে বসতিস্থান, চোরা পথ; থানা।
ঘাঁটু, দেবতা বিশেষ, ঘণ্টাকর্ণ।
ঘাঁতন, কটুকথন, পরিহাস দ্বারা ভর্ৎসন; উত্থাপন।
ঘাগী, ভুক্তভোগী; পুনঃ২ দণ্ডিতা; দুষ্ট; চতুর, শঠ। [সরিষা; তুঁষ।
ঘাঘরা, পরিধেয়, বস্ত্রবিশেষ, রাই-
ঘাট, নদ্যাদির অবগাহনার্থ প্রবেশ স্থান, ঘট্ট, ঘাট। [শেষ।
ঘাটন, হ্রাস হওন, ঊন, অবসান,
ঘাটমারণ, বিনা করে দ্রব্য চালান।
ঘাটা, গ্রীবার পশ্চাদ্ভাগ, ঘাড়।
ঘাটান, আন্দোলন; হ্রস্বকরণ।
ঘাটি, অপরাধ, দোষ, পাপ।
ঘাড, গ্রীবার পশ্চাদ্ভাগ, মস্তকের পশ্চাৎ।
ঘাড়নাড়ন, শিরঃকম্পন, গ্রীবাহেলন দ্বারা সঙ্কেতে অঙ্গীকরণ। [করণ।
ঘাড়ান, মস্তক চালন পূর্ব্বক স্বীকার
ঘাত, প্রহার, আঘাত, অঙ্কপূরণ।
ঘাতক, হননকর্ত্তা, ধ্বংসকারক।
ঘাতন, হনন, বধ, মারণ।
ঘাতি, পক্ষিবন্ধন, প্রহরণ।
ঘাতিপক্ষী, শ্যেনপক্ষী, শিকরা।
ঘাতুক, হিংস্র, নাশক, ক্রূর।
ঘানি, তৈলযন্ত্র, সর্ষপাদি নিষ্পীড়নের কল।
ঘামন, স্বেদনির্গমন, ঘর্ম্মাক্ত হওন।
ঘামাচি, ঘর্ম্মচর্চ্চিকা, ঘর্ম্ম জন্য ব্রণ।
ঘার, সেচন, সেচা। [চৌরে।
ঘারেঘোরে, ইঙ্গিতে, সঙ্কেতে, ঠারে-
ঘালি, আঘাত প্রাপ্ত, নষ্ট, ক্ষত।
ঘাস, গবাদির ভোজনীয় তৃণ, যবস।
ঘাসি, ঘাসবিক্রয়ী, অগ্নি, বহ্নি।
ঘি, ঘৃত, হবি, আজ্য।
ঘিঞ্জি, নিবিড়, ঘন।
ঘিয়া, ঘৃতময়, ঘৃতাক্ত।
ঘিরণ, বেষ্টন, বেড়ন।

ঘুঁটি, কঙ্কর, লোষ্ট্র, ইষ্টকাদি খণ্ড ; পুরুষের স্তন বর্দ্ধন। [পায়রা।
ঘুঘু, পক্ষীবিশেষ, বনকপোত, বন-
ঘুঘুরা, যমকীট, ঘুরঘুরিয়া পোকা।
ঘুঙ্গুর, কটিদেশের অলঙ্কার বিশেষ, কট্যাভরণ, কাঞ্চী।
ঘুচন, মোচন, পরিহার, নষ্ট, ত্যাগ।
ঘুচান, মোচন, খোলন, নিবারণ।
ঘুট, চরণগ্রন্থি, গোড়মুড়া।
ঘুটমণ্ডল, গোলমাল, জঞ্জাল। [বটী।
ঘুটি, গুলফ, গোড়ারি, ইষ্টকাদি চূর্ণ;
ঘুটিকা, গুলফ, গোড়ালি।
ঘুড়ী, আকাশগামি ক্রীড়ন দ্রব্য বিশেষ ; অশ্বী, ঘোটকী।
ঘুণ, কাষ্ঠকীট, কাষ্ঠক্রিমি, ঘুণন, নিকট বর্ত্তি হওন।
ঘুণাক্ষর, ইঙ্গিত, সঙ্কেত, অযত্ন।
ঘুণী, মৎস্য যন্ত্রবিশেষ, আটল।
ঘুণঘুণান, ভেণভেণান, খাঁকান।
ঘুণ্ট, গুলফ, পাদগ্রন্থি, গোড়মুড়া।
ঘুণ্টেক, বনস্থ করীষ, বিল ঘুঁটে।
ঘুণ্টিকা, ক্ষুদ্রঘণ্টী ; কিঙ্কিণী, ঘুঙ্গুর।
ঘুণ্টী, কিঙ্কিণী, ক্ষুদ্রঘণ্টিকা, ঘুঙ্গুর।
ঘুণ্ড, ভ্রমর, মধুকর, অলি।
ঘুম, নিদ্রা, তন্দ্রা, শয়ন।
ঘুমন, নিদ্রাযাওন, স্বাপাবেশ।
ঘুমন্ত, নিদ্রিত, নিদ্রান্বিত, শয়ান।
ঘুরঘুরিয়া, ঘুঘুর, যমকীট, পোকাবিশেষ।
ঘুরণ, ঘূর্ণন, বিবর্ত্তন, ফিরণ, পরিভ্রমণ
ঘুরান, আবর্ত্তন, ফিরান।
ঘুর্ঘুর, কীটবিশেষ, যমকীট, ঘুরঘুরিয়া।
ঘুলঘুলারব, পারাবত বিশেষ, বনকপোত ; ঘুঘু।
ঘুলন, ঘমকরণ, আবর্ত্তন, আলোড়ন।
ঘুস, উৎকোচ, কার্য্য সিদ্ধির নিমিত্ত দেয় বস্তু।
ঘুষড়ন, প্রবেশন, গোপনে রাখন; বিলুপ্তকরণ।

ঘুষণ, কীলন, মুষ্ট্যাঘাত; জপন ; প্রচারণ।
ঘুষা, বদ্ধ মুষ্টি, কীল, মুটা।
ঘুষাণ, মুষ্ট্যাঘাত, কীলমারা।
ঘুষিত, শব্দিত, নিনাদিত।
ঘুষ্কান, প্রবেশন; ঘুষড়ন। [কারিণী।
ঘুঁস্কী, গুপ্তবেশ্যা, গোপনে উপপতি
ঘুষ্ট, শব্দিত ; নাদযুক্ত।
ঘুসৃণ, কুঙ্কুম।
ঘূক, উলূক, পেচক, পেচা।
ঘূকারি, কাক, বায়স।
ঘূকাবাস, শাকোটবৃক্ষ, শাওড়া গাছ।
ঘূর্ণ, ভ্রমি, ঘোরা ; গ্রাম্যসুন্দর শাক, গীমা শাক।
ঘূর্ণন, ভ্রমণ, চক্রাবর্ত্ত, ঘোর, ফিরণ।
ঘূর্ণা, ভ্রমি ; ঘোরা, শিরঃকম্পন, মাতাঘোরা।
ঘূর্ণায়মান, ভ্রাম্যমাণ, চক্রের ন্যায় ফেরণ, ঘুরিয়া বেড়ান।
ঘূর্ণি, ঘূর্ণন, ভ্রমি, ফেরা।
ঘূর্ণিত, ভ্রমিত, প্রচলায়িত, ঘুরা।
ঘূর্ণ্যমান, ভ্রাম্যমাণ, ভ্রমণ বিশিষ্ট।
ঘৃণা, করুণা, জুগুপ্সা ; অশ্রদ্ধা, অবজ্ঞা। [ন্দিত।
ঘৃণাকর, ঘৃণাস্পদ, জুগুপ্সিত, নি-
ঘৃণাবাস, কুষ্মাণ্ড ; ঘৃণাযুক্ত।
ঘৃণি, কিরণ ; সূর্য্য ; জল।
ঘৃত, পক্ব নবনীত, আজ্য, হবি।
ঘৃ[illegible]র, করঞ্জ বিশেষ, ঘিয়াকরমচা।
ঘৃতকুমারিকা, বৃক্ষবিশেষ, ঘৃতকুমারী।
ঘৃতকুমারী, স্বনাম খ্যাত গুল্ম।
ঘৃতদীধিতি, অগ্নি, বহ্নি, অনল।
ঘৃতপর্ণক, ফলবিশেষ, ঘি করমচা।
ঘৃতপূর, পিষ্টকবিশেষ, চন্দ্রপুলী।
ঘৃতাচী, অপ্সরা বিশেষ, এক জন প্রসিদ্ধ স্বর্গবেশ্যার নাম।
ঘৃতেলী, কীটবিশেষ, তৈলপায়িকা, আরশলা পোকা।
ঘৃতোদ, ঘৃত সমুদ্র, ঘৃতসাগর।

ঘৃষ্ট, ঘর্ষিত, পেষিত, ঘষা, পেষা।
ঘৃষ্টি, বরাহ, শূকর; চামর, আলু; ঘর্ষণ; স্পর্দ্ধা।
ঘৃষ্বী, শূকর, বরাহ।
ঘেঁচন, একত্রকরণ, জড়ান; ছেদন; কাটন। [উত্তোলন।
ঘেঁটন, স্পর্শকরণ; ক্রোধজন্মান;
ঘেঁটু, শিবগণ, ঘণ্টাকর্ণ, ঘণ্টেশ্বর।
ঘেঁষড়ন, পেষণ, ছিঁড়ন; ছিন্ন, রগড়ান। [কাকুক্তিকরণ।
ঘেঙ্গান, দরিদ্রের যাচন, কাতরদান,
ঘেঙ্কুলিক, ঘেঁটু, মূলবিশেষ।
ঘেটন, উদ্ঘাটন, ন্যূনতাকরণ, ক্ষরণ।
ঘেরণ, বেষ্টন, বেড়ন, আবরণ।
ঘেরা, বেষ্টিত, আবৃত।
ঘোঁটন, অন্বেষণ, ব্যক্তকরণ, বিতর্কণ; পেষণ, ঘোঁটা।
ঘোঁটন, লোড়া, পেষণদণ্ড।
ঘোঙ, বাদ্যযন্ত্র বিশেষ।
ঘোঙ্গর, কণ্ঠের বিকৃতধ্বনি, খাটি, ডোঙ্গা। [শব্দ।
ঘোঙ্গর, খাট, কণ্ঠধ্বনি, ডাঙ্গা পাথর
ঘোঙ্গ, মাদল, বাদ্যযন্ত্র বিশেষ।
ঘোটক, তুরঙ্গ, তুরগ, অশ্ব, ঘোড়া।
ঘোটকী, অশ্বী, বড়বা, তুরঙ্গী।
ঘোড়া, অশ্ব, ঘোটক, তুরঙ্গ।
ঘোড়াচড়া, অশ্বারোহী, তুরঙ্গারোহী, সাদী।
ঘোড়ারু, অশ্বারোহী।
ঘোণা, নাসা, নাক; অশ্বনাসিকা।
ঘোণী, শূকর, বরাহ, কোল।
ঘোণ্টা, বৃক্ষবিশেষ, শেয়াকুল; গুবাক বৃক্ষ, সুপারী।
ঘোপ, গুপ্তস্থান; ঝোপ, ক্রোড়।
ঘোপাস, ঝাড়বন, গুল্মবৃক্ষ।
ঘোমটা, অবগুণ্ঠন, মুখাচ্ছাদন।
ঘোর, ভয়ঙ্কর, ভয়ানক, বিকট, শিব; বিষ; অন্ধকার; অব্যক্ত, ঘোরাল; কঠিন, আশ্চর্য্য।

ঘোরতর, অতিশয় ভয়ানক।
ঘোরদর্শন, উলূক, পেচক, পেচা; ভয়ানক রূপ।
ঘোররাসন, শৃগাল, শিয়াল, জম্বুক।
ঘোরা, ভয়ানক; রাত্রি; ঘূর্ণন, ফিরা। [কঠিন।
ঘোরাল; অব্যক্ত, অস্পষ্ট, পেঁচাল;
ঘোল, মথিতদধি, তক্র; নদীর আওড়।
ঘোলা, কর্দ্দম যুক্ত; অনির্ম্মল, আবিল।
ঘোলান, আবিলকরণ, কলুষ করণ।
ঘোলানো, কাদাটিয়া, অনির্ম্মল, আবিল।
ঘোষ, অভীরপল্লী; গোপাল; ধ্বনি; কাংস্য, কাঁসা, ঘোষক, মশক, মশা, করঞ্জাদির পদাতি বিশেষ।
ঘোষণা, উচ্চৈঃ শব্দ, প্রচার, প্রকাশ।
ঘোষিত, ধ্বনিত; শব্দবিশিষ্ট, শব্দিত।
ঘোষয়িত্নু, ব্রাহ্মণ, কোকিল, বন্দী।
ঘোষা, মধুরিকা, মৌরী।
ঘ্নতা, উন্মাদন, পাগলামি।
ঘ্রাণ, নাসিকা; গন্ধগ্রহণ, আঘ্রাণ।
ঘ্রাণতর্পণ, সুগন্ধি, সৌরভ।
ঘ্রাণেন্দ্রিয়, নাসিকা, নাসা, নাক।
ঘ্রাত, গৃহীত গন্ধ পুষ্পাদি, ঘ্রাণ লওয়া, শোঁকা।
ঘ্রাতি, নাসিকা, নাসা, নাক।

ঙ

ঙ, ঙকার, ব্যঞ্জনের পঞ্চম বর্ণ, বিষয়স্পৃহা; ভৈরব।

চ

চ, চকার, ব্যঞ্জনের ষষ্ঠবর্ণ, সমাচ্চয়।
চই, মূলবিশেষ, চবিকা, চয়ের গাছ।
চক, ক্রয়বিক্রয় স্থান, বাজার, চতুঃশালার মধ্যস্থান।
চকিত, ভীত; চমৎকৃত, চমকান।

চকোর, পক্ষিবিশেষ, যে পক্ষী চন্দ্রিকা পান করে।
চকচক, স্বচ্ছতা, দীপ্তি, উজ্জ্বলতা।
চকমকান, উজ্জ্বলন, প্রকাশন, দীপ্তি।
চকমকিয়া, দীপ্তিমান, উজ্জ্বল।
চকমকী, অগ্নি উৎপাদক প্রস্তর ও লৌহ, অরণি।
চক্র, রথাঙ্গ, চাকা; রাষ্ট্র; কুমারের চাক; অস্ত্রবিশেষ; জলাবর্ত্ত; তগরপুষ্প; ব্যূহবিশেষ; তৈলযন্ত্র, ঘানি; মণ্ডল; চাতুরী। [লতা।
চক্রকুল্যা, চিত্রপর্ণীলতা, চাকুলিয়া-
চক্রগণ্ডু, বর্ত্তুলাকার উপধান, গোল বালিশ।
চক্রগুচ্ছ, অশোক বৃক্ষ।
চক্রজীবক, কুম্ভকার, কুমার।
চক্রদংষ্ট্র, শূকর, বরাহ।
চক্রধর, বিষ্ণু; সর্প।
চক্রনায়ক, ব্যাঘ্র, বাঘের নখ। [গাছ।
চক্রপরিব্যাধ, আরগ্বধ বৃক্ষ, শোঁদালি
চক্রপাণি, বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।
চক্রপাদ, রথ; হস্তী।
চক্রপুষ্করিণী, মণিকর্ণিকা।
চক্রফল, অস্ত্রবিশেষ।
চক্রবর্ত্তী, সার্ব্বভৌম, আসমুদ্রকরগ্রাহী, সম্রাট; বাস্তুকশাক, বেতোশাক।
চক্রবাক, পক্ষিবিশেষ, চকাচকি।
চক্রবাত, ভ্রমিবাত, ঘূর্ণ বাতাস।
চক্রবান্ধব, সূর্য্য, রবি, দিবাকর।
চক্রবাল, লোকালোক পর্ব্বত; মণ্ডলাকার; দিক্‌সমূহ।
চক্রবৃদ্ধি, বৃদ্ধির পুনর্বৃদ্ধি, সুদের সুদ।
চক্রব্যূহ, যুদ্ধার্থ মণ্ডলাকার সৈন্যরচনা।
চক্রভৃৎ, বিষ্ণু, নারায়ণ; চক্রধারী।
চক্রভেদিনী, রাত্রি, রজনী, নিশা।
চক্রমণ্ডলী, সর্পবিশেষ, অজগর সর্প, অজাগর সাপ।
চক্রমর্দ্দ, চক্রপর্ণী বৃক্ষ, চাকুন্দিয়া।
চক্রযান, চক্রযুক্ত বাহন, রথাদি।
চক্ররদ, শূকর, কোল, বরাহ।
চক্রাঙ্কী, হংসী, স্ত্রী হাঁস।
চক্রাঙ্গ, হংস; রথ। [ক্ষা শাক।
চক্রাঙ্গী, হংসী; হিলমোচিকা, হেলে-
চক্রাট, বিষবৈদ্য, সাপুড়ে; ধূর্ত্ত, শঠ।
চক্রাবর্ত্ত, ঘূর্ণন, ঘুরা, ফিরা।
চক্রিকা, জানু, হাঁটু, জঙ্ঘা।
চক্রী, বিষ্ণু; চক্রবাকপক্ষী, কুলাল, সর্প; সূচক; তৈলিক, কলু; কাক; গর্দ্দভ; চক্রবিশিষ্ট।
চক্রীবান্‌, গর্দ্দভ, গাধা; রাজাবিশেষ।
চক্রু, কর্ত্তা, ক্রিয়াকারক।
চক্‌ল, প্রদেশ; অধিকার, রাষ্ট্র।
চঙ্কুর, যান, রথ; বৃক্ষ। [ভ্রমণ।
চঙ্ক্রমণ, পুনঃ পুনর্ভ্রমণ, অতিশয়
চঙ্গ, শোভন সুন্দর; দক্ষ, পটু।
চঙ্গাই, স্বাস্থ্য, আরোগ্য।
চঙ্গারী, বংশাদিনির্ম্মিত পাত্রবিশেষ।
চঞ্চনিয়, শুষ্ক, নীরস; লঘু।
চঞ্চরী, ভ্রমরী, ভ্রমর স্ত্রী।
চঞ্চরীক, ভ্রমর, মধুকর, অলি।
চঞ্চল, অস্থির, চপল, তরল; বায়ু।
চঞ্চলা, অস্থিরা; লক্ষ্মী, বিদ্যুৎ; পিপ্পলী, পিপুল।
চঞ্চা, নলনির্ম্মিত আস্তরণ, চাঁচ।
চঞ্চু, পক্ষির ওষ্ঠ, পাখির ঠোঁট, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডা; মৃগ।
চঞ্চুক, পক্ষির ওষ্ঠ, পাখির ঠোঁট।
চঞ্চুভৃৎ, পক্ষী, বিহগ, খগ।
চট, শীঘ্র, শণ, থলিয়া।
চটক, পক্ষিবিশেষ, চড়া, আরোপিত সৌন্দর্য্য, কাল্পনিক শ্রী।
চটকা, চটকপত্নী, চড়ী; শ্যামাপক্ষী।
চটকিকা, চটকপক্ষী, চড়া।
চটন, বিদরণ, ফাটন; ক্রোধন।
চটাচটি, বিচ্ছেদ; অমিল, অনৈক্য

চটান, মাঠ ; ক্রোধজন্মান ; অমিলন।
চটাল, প্রসর, চৌড়া, পরিসরান্বিত।
চটিকাশিরঃ, ওষধি বিশেষ, পিপ্পলী মূল, পিপুলের মূল।
চটী, গুন ; খণ্ড ; গল্প ; উতর খানা।
চটু, প্রিয়বাক্য, প্রিয়ভাষণ, উদর ; ব্রতিদিগের আসন বিশেষ।
চটুল, চঞ্চল, চপল ; সুন্দর, মনোহর।
চটুলা, বিদ্যুৎ, চঞ্চলা।
চটুলোল, সুচঞ্চল, অতিশয় চঞ্চল।
চটকান, ম্রক্ষণ, মাখন, ছানন।
চটকান, ছানা, মর্দ্দিত।
চটচটিয়া, আঠাল ; চালাক।
চটপট, দ্রুত, শীঘ্র, ত্বরিত।
চড়, করতল, চপেট, চাপড়।
চড়ই, চটকপক্ষী, চড়া।
চড়ক, চৈত্রীসংক্রান্তি ক্রিয়া, গাজন।
চড়কন, বিস্ফোটকাদির বেদন, জ্বলন।
চড়কল, অতিশয় উজ্জ্বল ; ব্যথাকরণ।
চড়ন, আরোহণ, উঠন।
চড়া, দ্বীপ ; পুলিন ; চটকপক্ষী।
চড়াও, আক্রমণ ; আকর্ষণ ; গ্রহণ।
চড়াচড়ি, পরস্পর চপেটাঘাত করণ, পরস্পরে চড় মারা।
চড়ান, চপেটাঘাত করণ, চড়মারা, উঠান ; জ্যারোপণ ; বাড়ান।
চড়াশব্দ, উচ্চস্বর, ধমকবাক্য, রূঢ়-ধ্বনি। [দির ডাকন।
চড়চড়, বেদনার উদ্রেক ; স্ফোটক-
চণক, মুনিবিশেষ ; শস্যবিশেষ, চণা, বুট, ছোলা।
চণকাত্মজ, বাৎস্যায়ন মুনি।
চণকাম্লক, চণকলবণ।
চণ্ড, অত্যন্ত কোপন ; অতিশয়তীক্ষ্ণ, তিন্তিড়ীবৃক্ষ ; দৈত্যবিশেষ।
চণ্ডতা, উগ্রতা, ঔদ্ধত্য ; কোপ, ক্রোধ।
চণ্ডনায়িকা, দুর্গা ; অষ্ট নায়িকার অন্তর্গত নায়িকাবিশেষ।
চণ্ডবতী, দুর্গা, অষ্টনায়িকার অন্তর্গত নায়িকাবিশেষ।
চণ্ডা, অষ্টনায়িকার অন্তর্গত নায়িকা-বিশেষ ; চোরনামক গন্ধদ্রব্য।
চণ্ডাংশু, সূর্য্য, দিনকর ; খর কিরণ।
চণ্ডাতক, উত্তমা রমণীর অর্দ্ধ উরু পর্য্যন্ত বসন, বরাঙ্গনা বস্ত্র।
চণ্ডাল, বর্ণসঙ্কর জাতি বিশেষ, ব্রাহ্মণীর গর্ভে শূদ্রের ঔরসে জাত ; নিষাদ, চাঁড়াল, অতিনীচ, অন্ত্যজ।
চণ্ডালী, চণ্ডালভার্য্যা ; অত্যন্ত অধমা বা অস্পৃশ্যা স্ত্রী।
চণ্ডিকা, দুর্গা, ভগবতী, পার্ব্বতী।
চণ্ডী, দুর্গা, ভগবতী, গৌরী ; কোপনা স্ত্রী ; মার্কণ্ডেয় পুরাণান্তর্গত দেবী মাহাত্ম্য।
চণ্ডীকুসুম, রক্তকরবীর পুষ্প, রাঙ্গা করবী ফুল। [গৃহ।
চণ্ডীমণ্ডপ, ভগবতীর পূজালয় ; দেবী
চণ্ডু, উন্দুরু, ইন্দুর ; কপি, বানর।
চণ্ডুল, পক্ষি বিশেষ।
চতুঃশাল, পরস্পরাভিমুখ চারি গৃহ, চকমিলান ঘর।
চতুঃশালক, চকমিলান বাড়ী, পরস্পরাভিমুখ চারি ঘর।
চতুঃষষ্টি, চতুরধিক ষষ্টি ; চৌষট্টি।
চতুর, চারিসংখ্যা ; কার্য্যদক্ষ, নিপুণ, চালাক ; নিরালম্ব ; হস্তিশালা ; নেত্ররোগ বিশেষ।
চতুরঙ্গ, হস্তি অশ্ব রথ পদাতি রূপ চারি ভাগে বিভক্ত সেনা ; দ্যূত-ক্রীড়া বিশেষ, চৌপড় খেলা।
চতুরঙ্গিণী, চতুরঙ্গ সেনা, হস্তি অশ্ব রথ পদাতি রূপ সৈন্য। [পরিমাণ।
চতুরঙ্গুল, আরগ্বধ বৃক্ষ ; চারি অঙ্গুলি
চতুরতা, কৌশল, চালাকি ; ধূর্ত্ততা।
চতুরস্র, চতুষ্কোণ, চারিকোণা।
চতুরাজী, চতুরঙ্গ ক্রীড়ার অন্তর্গত ক্রীড়াবিশেষ।

চতুরানন, ব্রহ্মা, আত্মভূ, বিধাতা।
চতুরালি, চাতুর্য্য, চতুরতা, শঠতা, ধূর্ত্ততা ; চালাকি।
চতুর্গতি, কূর্ম্ম, কমঠ, কচ্ছপ।
চতুর্থ, চতুঃ সংখ্যার পূরক, চৌথা।
চতুর্থাংশ, চতুর্ভাগের এক ভাগ, তুরীয় অংশ, পাদ।
চতুর্থী, তিথি বিশেষ, চন্দ্রের চতুর্থ ও ঊনবিংশ কলার ক্রিয়া কাল।
চতুর্দন্ত, ঐরাবতহস্তী, ইন্দ্রের হাতী।
চতুর্দশ, চতুরধিক দশ, চৌদ্দ সংখ্যা।
চতুর্দ্দশী, তিথি বিশেষ, চন্দ্রের চতুর্দ্দশ ও ঊনত্রিংশ কলার ক্রিয়াকাল।
চতুর্দিক, চারি দিক্, চারি পার্শ্ব।
চতুর্দোল, শিবিকা, যানবিশেষ, ডুলি, চৌদোলা। [চৌদোলা।
চতুর্দোলা, শিবিকা, যানবিশেষ, ডুলী,
চতুর্দ্ধা, চতুঃপ্রকার, চারি প্রকার।
চতুর্বক্ত্র, ব্রহ্মা, চতুর্মুখ, বিধাতা।
চতুর্বর্গ, ধর্ম্ম অর্থ কাম মোক্ষ, পুরুষার্থ চতুষ্টয়।
চতুর্ব্বর্ণ, চারি রং ; চারি অক্ষর, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র এই চারি জাতি।
চতুর্বিদ্য, চতুর্বেদ বেত্তা, চতুর্বেদী।
চতুর্বিধ, চারি প্রকার, চতুষ্প্রকার, চতুর্ধা। [বেদ চতুষ্টয়।
চতুর্বেদ, ঋক যজুঃ সাম অথর্ব্ব এই
চতুর্বেদী, চারি বেদ বেত্তা।
চতুর্ভদ্র, প্রবল ধর্ম্ম অর্থ কাম মোক্ষ।
চতুর্ভুজ, বিষ্ণু, নারায়ণ ; কৃতার্থ।
চতুর্মুখ, ব্রহ্মা, ঔষধ বিশেষ। [কলি।
চতুর্যুগ, চারি যুগ, সত্য ত্রেতা, দ্বাপর
চতুষ্কী, মশহরী, মশকারি, মশারি।
চতুষ্টয়, চারি অবয়ব ; চারি ; কেন্দ্র।
চতুষ্পথ, একত্র মিলিত পথ চতুষ্টয়, চৌমাতা।
চতুষ্পদ, পশু, চারিচরণ বিশিষ্ট জন্তু।
চতুষ্পদী, পদ্য ছন্দ বিশেষ, চৌপদী।

চতুষ্পাটী, নদী, সরিৎ।
চতুষ্পাঠী, যে স্থলে চারি বেদের পাঠ হয়, চৌপাড়ী, টোল।
চতুষ্পাণি, বিষ্ণু, চতুর্ভুজ, শ্রীকৃষ্ণ।
চতুষ্পাদ, পশু, চারিপায়া জন্তু। [ত্রিশ।
চতুস্ত্রিংশৎ, চতুরধিক ত্রিংশৎ, চৌ-
চতুঃসম, চন্দন অগুরু কস্তুরী কুঙ্কুম মিলিত এই চারি গন্ধদ্রব্য।
চত্বর, অঙ্গন, উঠান, চাতাল, যাগস্থান, স্থণ্ডিল।
চত্বারিংশৎ, সংখ্যাবিশেষ, চল্লিশ।
চত্বাল, হোমকুণ্ড, ; দর্ভ, কুশ ; গর্ভ।
চদির, হস্তী ; চন্দ্র ; কর্পূর।
চনা, কলায় বিশেষ, ছোলা, বুট।
চন্দক, মৎস্যবিশেষ, চাঁদামাছ।
চন্দন, স্বনাম খ্যাত বৃক্ষ ; গন্ধসার ; সুগন্ধি কাষ্ঠ, বানর বিশেষ।
চন্দনপুষ্প, লবঙ্গ। [বিশেষ।
চন্দনশারিকা, চন্দনা পক্ষী, শুকপক্ষি
চন্দনসার, শ্রেষ্ঠ চন্দন।
চন্দনা, শারিকা বিশেষ, শুকপক্ষি বিশেষ, নদীবিশেষ।
চন্দনাদ্রি, মলয় পর্ব্বত, দক্ষিণাচল।
চন্দনী, নদীবিশেষ।
চন্দনীয়া, গোরোচনা, গন্ধদ্রব্যবিশেষ।
চন্দা, মাথট, চাঁদা, মাধুকরী বৃত্তি।
চন্দির, চন্দ্র, শশধর, হস্তী, হাতী।
চন্দ্র, শশাঙ্ক, চাঁদ, স্বর্ণ ; দ্বীপবিশেষ ; কর্পূর, কমনীয়।
চন্দ্রক, শ্বেতকিরণ, ময়ূরপুচ্ছের চাঁদ ; মৎস্যবিশেষ, চাঁদামাছ। [ভাগ।
চন্দ্রকলা, চন্দ্রের ষোল ভাগের এক
চন্দ্রকান্ত, শ্রীখণ্ড চন্দন ; মণিবিশেষ।
চন্দ্রকান্তা, রাত্রি, রজনী, নিশা, চন্দ্রের পত্নী, রোহিণী। [বিশিষ্ট।
চন্দ্রকী, ময়ূর, চাঁদযুক্ত ময়ূরপুচ্ছ
চন্দ্রগুপ্ত, রাজা বিশেষ ; চিত্রগুপ্ত।
চন্দ্রগোলিকা, জ্যোৎস্না, চন্দ্রের কিরণ, চন্দ্রিকা।

চন্দ্রচঞ্চলা, চন্দ্রকমৎস্য, চাঁদা মাছ।
চন্দ্রচূড়, চন্দ্রশেখর, শিব, মহাদেব।
চন্দ্রদারা, অশ্বিন্যাদি নক্ষত্র, চন্দ্রপত্নী।
চন্দ্রপুষ্পা, শ্বেতকণ্টকারী, সাদা কণ্টকারী।
চন্দ্রবংশ, চন্দ্রসন্তান; প্রসিদ্ধ রাজবংশ বিশেষ।
চন্দ্রবল্লরী, সোমলতা; ব্রহ্মীশাক।
চন্দ্রবিহঙ্গম, পক্ষিবিশেষ, বকপক্ষী।
চন্দ্রব্রত, চান্দ্রায়ণ; প্রায়শ্চিত্ত বিশেষ; ব্রতবিশেষ; রাজ্যপালন ব্রত।
চন্দ্রভাগা, কাশ্মীর দেশে প্রসিদ্ধ নদী বিশেষ।
চন্দ্রভূতি, রৌপ্য, রজত, রূপা।
চন্দ্রমণি, চন্দ্রকান্তমণি, মাণিক্যবিশেষ।
চন্দ্রমণ্ডল, চন্দ্রবিম্ব; চন্দ্রের পরিধি।
চন্দ্রমা, চন্দ্র, বিধু, নিশাকর।
চন্দ্রমৌলি, শিব, মহাদেব।
চন্দ্রলোহক, রূপ্য, রজত, রূপা।
চন্দ্রশালা, জ্যোৎস্না, অট্টালিকার উপরিস্থ গৃহ, বড়ভী, আলিন্দ।
চন্দ্রশেখর, শিব; মহেশ; পর্ব্বত বিশেষ।
চন্দ্রসংজ্ঞ, কর্পূর, ঘনসার।
চন্দ্রসম্ভবা, ক্ষুদ্রএলা, ছোট এলাচ।
চন্দ্রহাস, রৌপ্য, রজত, রূপা।
চন্দ্রা, এলাচ; বিতান, চাঁদোয়া; গুড়ুচী লতা।
চন্দ্রাতপ, আচ্ছাদন বিশেষ, বিতান, চাঁদোয়া; জ্যোৎস্না।
চন্দ্রাদিত্যকলঙ্ক, দৃঢ়কলঙ্ক, বহুকাল স্থায়ি দুর্নাম।
চন্দ্রাপীড়, শিব, শম্ভু, মহাদেব।
চন্দ্রাবলী, গোপীবিশেষ; রাধিকার সখীবিশেষ।
চন্দ্রাভাস, কৃত্রিম চন্দ্র; চন্দ্রের তুল্য।
চন্দ্রিকা, জ্যোৎস্না, চন্দ্রের কিরণ; চাঁদামাছ; চন্দ্রভাগানদী; মেথি।
চন্দ্রিকাম্বুজ, শ্বেতোৎপল, শুক্লপদ্ম।
চন্দ্রিকাদ্রাব, চন্দ্রকান্তমণি, মাণিক্যবিশেষ।
চন্দ্রিকাপায়ী, চকোরপক্ষী।
চন্দ্রিল, শিব; নাপিত; বাস্তুক শাক।
চন্দ্রোদয়, নিশাকরের প্রকাশ; চন্দ্রাতপ, চাঁদোয়া; ঔষধবিশেষ।
চন্দ্রোপল, চন্দ্রকান্তমণি; মাণিক্য বিশেষ।
চপট, চপেট, চড়, চাপড়, থাবড়া।
চপরাস, পদাতিকের চিহ্ন, মুদ্রাঙ্কিতচিহ্ন।
চপল, চঞ্চল, অস্থির, তরল, ক্ষণিক; পারা; প্রস্তর বিশেষ।
চপলা, লক্ষ্মী; বিদ্যুৎ; পুংশ্চলী; চঞ্চলা, অস্থিরা; পিপ্পলী।
চপেট, বিস্তৃতাঙ্গুলি করতল, প্রহস্ত, চড়, চাপড়।
চবিলা, রসিক, উল্লাসী; চালাক।
চমক, উজ্জ্বলতা, প্রভা, দীপ্তি; ভয়েটলা; চৈতন্য।
চমকন, কাঁপন; ডরন; চমৎকৃত হওন; ভৃষ্ট করণ।
[ভৃষ্টদ্রব্য।
চমকিত, কম্পিত; বিস্মিত; চমৎকৃত;
চমড়া, ত্বক্, চর্ম্ম, ছাল।
চমৎকার, বিস্ময়; আশ্চর্য্য, চিত্তবিস্তার; আপাংগাছ।
চমর, চামর, বালব্যজন, চমর নামে পশু বিশেষ।
চমরপুচ্ছ, চামর; বালব্যজন।
চমরী, চমর নামে গবী বিশেষ।
চমস, যজ্ঞ পাত্র বিশেষ; চামচা; পিষ্টক বিশেষ; লড্ডুক বিশেষ।
চমসী, কাষ্ঠ রচিত যজ্ঞপাত্র।
চমূ, সেনা, সৈন্য, লস্কর; ৭২৯ হস্তী, ৭২৯ রথ ২১৮৭ অশ্ব ৩৬৪৫ পদাতি এতৎ সমুদয়।
চমূরু, হরিণ বিশেষ।
চমকন, কম্পন; ডরন; চমৎকৃত হওন; ভৃষ্টকরণ।
চম্পক, পুষ্প বিশেষ, চাঁপাফুল; কদলী বিশেষ।

চম্পককলিকা, চম্পককোরক, চাঁপা ফুলের কুঁড়ি।
চম্পকরম্ভা, সুবর্ণ কদলী, স্বর্ণরম্ভা।
চম্পকালু, পনস, কণ্টকিফল, কাঁটাল।
চম্পকোষ, পনস, কণ্টকিফল, কাঁটাল।
চম্পট, প্রস্থান, পলায়ন; লুকান।
চম্পা, কর্ণপুরী; ভাগলপুর প্রদেশ; চম্পারণ্য, চম্পারন্।
চম্পাধিপ, চম্পারণ্য নামক দেশের অধিপতি, কর্ণরাজ।
চম্পাপুরী, চম্পানগরী, চম্পারন্।
চম্পালু, পনস, কণ্টকিফল, কাঁটাল।
চম্পূ, কাব্য বিশেষ, গদ্যপদ্যময় সংস্কৃত বাক্য।
চম্বেলি, পুষ্পবিশেষ। [রাশি।
চয়, সমূহ; বপ্র, প্রাচীর; পগার;
চয়ন, সংগ্রহকরণ; আহরণ; তোলন।
চর, গোপনে রাষ্ট্রাদির শুভাশুভ জ্ঞান নিমিত্ত নিযুক্ত পুরুষ; পরতত্ত্ব জ্ঞানার্থ ভ্রমণকারী, কপট বেশধারি দূত; চঞ্চল, অস্থাবর; জঙ্গম; খঞ্জন পক্ষী; কপর্দ্দক।
চরক, মুনিবিশেষ; বৈদ্যকগ্রন্থবিশেষ; গাজন ক্রিয়া; চার।
চরকা, সূত্র কর্ত্তন যন্ত্র, সূতা কাটিবার কল; আকর্ষণার্থ চক্র।
চরকী, ক্ষুদ্রচক্র; নাটাই; কর্পাস দলনের যন্ত্র; চরক পূজার ব্রতী। [যন্ত্র।
চরকীকল, চক্রাকৃতি যন্ত্রবিশেষ; ঘুরণ; চরকা; খঞ্জনপক্ষী।
চরণ, পদ, অংঘ্রি, পশু পক্ষির আহারার্থ ভ্রমণ, ভক্ষণ, শ্লোকের চতুর্থাংশ; চলন।
চরণগ্রন্থি, গুল্ফ, পায়ের গোড়মুড়া।
চরণদাসী, ভার্য্যা; পদানতা; পাদুকা. খড়ম। [শ্রয়।
চরণসেবা, উপাসনা, আরাধনা, শুচরণামৃত, চরণোদক, পাদোদক; গুরুতর ব্যক্তির পদ প্রক্ষালন জল।
চরণায়ুধ, কুক্কুট, কুকুড়া, ঘোরগ।
চরণোদক, পদ প্রক্ষালন জল, চরণামৃত, চরণ ধৌতকরা জল।
চরতা, ঘাসবিশেষ; একপ্রকার বিছুটী।
চরম, অন্ত, শেষ, অবসান; পশ্চিম।
চরমকাল, শেষকাল, অন্তিম সময়; প্রাণ বিয়োগের পূর্ব্বক্ষণ।
চরমক্ষ্মাভৃৎ, অস্তাচল, অস্তপর্ব্বত।
চরমাচল, অস্তপর্ব্বত, অস্তগিরি।
চরমাদ্রি, অস্তপর্ব্বত, অস্তাচল।
চরস, মাদক দ্রব্য বিশেষ; মাদক দ্রব্যের আটা। [ধূম পায়ী।
চরসী, চরস নামক মাদক দ্রব্যের
চরাই, পশু পক্ষির আহারার্থ ভ্রমণ, চরিয়া বেড়ান।
চরাচর, স্থাবর জঙ্গম, চলাচল, জগৎ।
চরাণ, পশুদিগকে মাঠে লইয়া তৃণাদি খাওয়ান; পশু পালন।
চরাণী, মাঠ, ময়দান, পশু চারণ স্থান।
চরি, পশু, চতুষ্পদ প্রাণী, জন্তু।
চরিত, চরিত্র, ব্যবহার, আচরণ; কৃত, ব্যবহৃত, অনুষ্ঠিত।
চরিতার্থ, প্রাপ্তপ্রয়োজন; কৃতকার্য্য, কৃতার্থ; প্রাপ্তাভীষ্ট।
চরিতার্থতা, কৃতার্থতা; প্রয়োজন সিদ্ধি; অভীষ্ট লাভ।
চরিতার্থী কৃত, কৃতার্থী কৃত, প্রাপিত প্রয়োজন, প্রাপ্তাভিলষিত।
চরিত্র, স্বভাব; আচরণ; ব্যবহার।
চরিষ্ণু, জঙ্গম, চলনশীল; অস্থাবর।
চরীত্র, আচরণ; স্বভাব; ব্যবহার; চলন; রীতি, প্রকৃতি।
চরু, যজ্ঞীয় পায়স; হব্যান্ন, হোমার্থ অনবস্রাবিত ঈষদুষ্ণ পক্ব অন্ন।
চরুব্রণ, পিষ্টক বিশেষ; চিতই পিঠা।
চর্চ্চরী, বাদ্যবিশেষ; গীতবিশেষ।
চর্চ্চা, দুর্গা; চিন্তা; বিচারণ; আলোচন, আন্দোলন, অনুশীলন।

চর্চ্চিকা, দুর্গা ; চর্চ্চা, আন্দোলন।
চর্চ্চিত, চন্দনাদি দ্বারা কৃত লেপন, লিপ্ত। [যোগ্য।
চর্ত্ত্য, বধ্য, হননীয়, প্রাণ দণ্ডের
চর্পট, বিস্তৃত ; বিপুল ; চপেট, চাপড়।
চর্ব্বণ, দন্তদ্বারা চূর্ণ বা পেষণ, চিবান।
চর্ব্বিত, কৃতচর্ব্বণ, ভক্ষিত, চিবানা।
চর্ব্বিত চর্ব্বণ, ভক্ষিত ভক্ষণ ; আম্রেড়ন; পুনঃ২ উক্তি ; বার২ আন্দোলন।
চর্ব্ব্য, দন্তদ্বারা পেষণের উপযুক্ত, সুন্দর রূপে চর্ব্বণীয়।
চর্ভট, আহ্লাদ, আনন্দ ; দর্প, দম্ভ।
চর্ভটী, হর্ষে ক্রীড়ার বাক্য ; আহ্লাদ।
চর্ভটি, আহ্লাদ ; আমোদ, অকাতরে ব্যয়োৎসব। [বিশেষ, ঢাল।
চর্ম্ম, ছাল, ত্বক, চাম, চামড়া ; অস্ত্র
চর্ম্মকষা, পশ্চিম দেশজাত গন্ধদ্রব্য বিশেষ, ওষধি বিশেষ।
চর্ম্মকার, বর্ণসঙ্কর জাতি বিশেষ, চামার, মুচি, পাদুকাকার।
চর্ম্মকারী, চর্ম্মকষা নামে ওষধিবিশেষ ; চামারনী, মুচিনী।
চর্ম্মচটক, নিশাচর পক্ষি বিশেষ, চামচিকা, গৃহ মাচিকা। [বিশেষ।
চর্ম্মচটিকা, চামচিকা, নিশাচর পক্ষি
চর্ম্মচটী, চর্ম্মচটক, চামচিকা, নিশাচর পক্ষিবিশেষ।
চর্ম্মচিত্রক, শ্বেতকুষ্ঠ, শ্বিত্র রোগ, ধবল রোগ। [শোণিত, রক্ত।
চর্ম্মজ, রোম, লোম, পশম ; রুধির,
চর্ম্মণ্বতী, বন্দেলখণ্ড দেশে বিখ্যাত চম্বল নদী।
চর্ম্মদণ্ড, কশা, চাবুক ; উপস্থ, লিঙ্গ।
চর্ম্মতরঙ্গ, ত্বক্‌সংকোচ ; ত্বক্‌রোগ বিশেষ।
চর্ম্মপত্রা, চর্ম্মচটী, চামচিকা।
চর্ম্মপাদুকা, উপানৎ, চামড়ার যুতা।
চর্ম্মপ্রসেবক, অগ্নি উদ্দীপ্ত করণার্থ যন্ত্র, জাঁতা, ভস্ত্রা।

চর্ম্মপ্রসেবিকা, অগ্নি উদ্দীপ্ত করণার্থ চর্ম্মনির্ম্মিতযন্ত্র, ভাড়ী, জাঁতা, ভস্ত্রা।
চর্ম্মভেদিকা, চর্ম্ম প্রভেদন অস্ত্র, পোড়নামক অস্ত্র।
চর্ম্মমুণ্ডা, দুর্গা, ভগবতী।
চর্ম্মকৃৎ, চর্ম্মকার, চামার, মুচি।
চর্ম্মার, চর্ম্মকার, চামার, মুচি।
চর্ম্মী, চর্ম্মধারী যোদ্ধা, ঢালী।
চর্য্য, আচরণীয় ; ব্যবহার্য্য।
চর্য্যা, আচরণ ; নিয়মাপরিত্যাগ ; অনুষ্ঠান ; ব্যবহার ; স্বভাব ; চরিত্র।
চর্ষণি, লোক, জন, ব্যক্তি।
চল, চঞ্চল, অস্থির, অস্থায়ি ; কম্পিত, কম্পান্বিত।
চলচঞ্চু, পক্ষিবিশেষ, চকোর পক্ষী।
চলৎ, গমনশীল ; অস্থায়ি, নশ্বর।
চলৎপূর্ণিমা, চন্দ্রক মৎস্য, চাঁদামাছ।
চলৎশক্তি, চলনের ক্ষমতা, গমন শক্তি।
চলদঙ্গ, মৎস্য বিশেষ, চেঙ্গমাছ।
চলদল, অশ্বত্থ বৃক্ষ, আশথ গাছ।
চলন, গমন, ভ্রমণ ; কম্পন ; আচার, ব্যবহার, ধারা ; প্রচার ; চরণ, পদ।
চলনার্হ, চলিবার যোগ্য, ব্যবহার্য্য ; গন্তব্য। [অধোবস্ত্র।
চলনী, বস্ত্রঘর্ঘরী, ঘাঘরা, স্ত্রীলোকের
চলপত্র, অশ্বত্থ বৃক্ষ, চলদল।
চলা, লক্ষ্মী ; চঞ্চলা ; চলিত ; বৃক্ষ বিশেষ। [স্থাবর জঙ্গম।
চলাচল, অস্থির, চঞ্চল ; কাক ;
চলাতঙ্ক, রোগবিশেষ, বাত রোগ।
চলান, চলিত করণ, প্রচারণ ; পথ দেখান ; বহান, সরান।
চলাবলা, গতিবিধি ; গমনাগমন, আনাগোনা।
চলি, গতি ; যাত্রা ; দৌড়।
চলিত, কম্পিত ; গত ; প্রচার, চলন।
চলিষ্ণু, গমনশীল ; অস্থায়ি, চলচলিয়া, গমনোদ্যত।

চলু, গণ্ডুষ, প্রভৃতি।
চুলক, প্রভৃতি, গণ্ডুষ; ভাণ্ডবিশেষ।
চলকন, উথলন; ঝলকন।
চলকান, উথলিত, উত্তোলিত।
চলতি, ক্রিয়া ব্যবহার, চলন, প্রচার।
চষক, পানপাত্র, পিয়ালা; সুরাপাত্র; মধু; মদ্যবিশেষ।
চষণ, কর্ষণ, ভূমি বিদারণ।
চষতি, ভক্ষণ; বধ, হত্য, মারণ।
চষা, কৃষ্ট, বিদারিত ভূমি।
চষাণি, কর্ষাণি; কৃষিকর্ম্মের বেতন।
চষাল, যজ্ঞার্থ যূপের উপরিস্থ কাষ্ঠ বিশেষ; কৃষ্যভূমি।
চষি, লাঙ্গলিয়া, কর্ষক। [ভূমি।
চহলা, কর্দ্দম, কাদা; বৃষ্টিদ্বারা আর্দ্র
চক্ষণ, মদ্যপান রোচক ভক্ষ্য দ্রব্য; শুদ্ধি সামগ্রী; কথন।
চক্ষাঃ, বৃহস্পতি; উপাধ্যায়, শিক্ষক।
চক্ষাচক্ষি, মুখামুখি, নয়নে নয়ন সংমিলন। [মেষ শৃঙ্গী বৃক্ষ।
চক্ষুঃ, দর্শনেন্দ্রিয়, নয়ন, নেত্র, দৃষ্টি;
চক্ষুঃশ্রবাঃ, সর্প, ভুজঙ্গ, ভুজঙ্গম।
চক্ষুর্গোচর, দৃষ্টির বিষয়, প্রত্যক্ষ, দৃষ্টিপথবর্ত্তী।
চক্ষুষ্য, চক্ষুর হিত; প্রিয়দর্শন; রসাঞ্জন; শোভাঞ্জন বৃক্ষ।
চক্ষুষ্যা, সুভগা; সুন্দরী; কলায় বিশেষ। [পত্র।
চা, স্পৃহা, বাঞ্ছা, ইচ্ছা; বৃক্ষবিশেষের
চাইট, গবাদির পদাঘাত। [বাঞ্ছা।
চাউনি, দৃষ্টি, অবলোকন, দর্শন,
চাউল, তণ্ডুল; নিস্তুষ পরিষ্কৃত ধান্য।
চাওন, যাচ্ঞা, প্রার্থন, মাঙ্গন; বাঞ্ছন।
চাই, লোষ্ট্র, ডেলা।
চাঁচ, আসন বিশেষ; আবরণ বিশেষ।
চাঁচন, ছোলন, সুক্ষ্ম করণ, পরিষ্কার-করণ। [স্থাপিত স্বর্ণাদি খণ্ড।
চাঁচনি, পরীক্ষা করিবার নিমিত্ত
চাঁচর, কোঁকড়া চুল; উত্তম কেশ।
চাঁচী, দুগ্ধ বা অন্নাদির পাত্র লগ্ন গাঢ় অংশ।
চাঁদ, চন্দ্র, নিশাকর, শশাঙ্ক।
চাঁদনী, চন্দ্রাতপ, চাঁদোয়া; বারাণ্ডা।
চাঁদা, মাথট, মাধুকরী বৃত্তি।
চাঁদী, স্বচ্ছ রৌপ্য; মস্তকের উপরিভাগ, মাথার টিকি।
চাঁদোয়া, চন্দ্রাতপ; চাঁদনী, পাইল।
চাঁপা, চম্পক পুষ্প; অলঙ্কারবিশেষ।
চাক, চক্র, মণ্ডল; মৌচাক।
চাকন, আস্বাদন; স্বাদপরীক্ষণ।
চাকভ্রমি, চক্রবৎ ভ্রমণ, ঘূর্ণন, চরকির ন্যায় ঘুরণ। [ফলাদির খণ্ড।
চাকলা, প্রদেশ, অঞ্চল, অধিকার;
চাকশূল, ওষধি বিশেষ।
চাকা, চক্র, নেমি, মণ্ডল; মৌচাক।
চাকী, চক্রাকার বস্তু; টেকুয়ার অগ্রভাগস্থিত গোলাকার বস্তু।
চাকচক্য, দীপ্তি, উজ্জ্বলতা, স্বচ্ছভাব।
চাক্তী, চক্রাকার; টিকলী।
চাগন, উত্থান, লড়ান; ভারগ্রহণপূর্ব্বক বহন। [পূর্ব্বক উত্তোলন।
চাগান, উঠান, লড়ান, ভারগ্রহণ-
চাঙ্গা, সুস্থ, নীরোগ; সবল।
চাঙ্গারী, বংশ রচিত পাত্রবিশেষ।
চাচকী, অস্থির, চঞ্চল, চপল; ফুলান।
চাচা, পিতৃব্য, খুড়া।
চাচাতো, পিতৃব্য সম্বন্ধী, খুড়াতো।
চাচী, পিতৃব্য পত্নী, খুড়ী।
চাঞ্চল্য, চঞ্চলতা, চাপল্য, অস্থিরতা, উদ্বেগ, ক্রতভাব।
চাট, চোর, মাদক দ্রব্যের রোচনার্থ খাদ্য দ্রব্য। [লেহন।
চাটন, জিহ্বাদ্বারা রস্বাস্বাদন; অব-
চাটি, জন্তুর পশ্চাদ্দিকে পদাঘাত, লাথি। [বান কলা।
চাটিম, লেহ্য; কদলী বিশেষ, মর্ত্ত-

চাটু, প্রিয়বাক্য, খোশামুদিয়া কথা; মিষ্টবচন; স্তব। [স্তাবক।
চাটুকার, প্রিয়ভাষী; খোশামুদিয়া;
চাটুপটু, ভণ্ড, প্রতারক, ভাঁড়।
চাটুয়া, তল; করতল; পদতল।
চাটূক্তি, প্রিয়কথা, স্তুতিবাক্য; সেবা, উপাসনা।
চাটে, সমূলে; সর্ব্বতোভাবে।
চাড়, প্রয়োজন, আবশ্যক; ত্বরা।
চাড়া, ঊর্দ্ধ; উচ্চস্বর; জ্যা টানন।
চাড়ী, উত্তোলন যষ্টি, লগী; দণ্ড-বিশেষ।
চাণ, মৎস্যের জলচিহ্ন। [ক্ষেত্র।
চাণকীন, ছোলাউৎপন্ন হইবার যোগ্য
চাণক্য, মুনিবিশেষ; নীতিগ্রন্থবিশেষ।
চাণূর, কংসরাজের যোদ্ধাবিশেষ।
চাণূরসূদন, শ্রীকৃষ্ণ; চাণূর নামক-দৈত্যের নিহন্তা। [শ্বপচ।
চাণ্ডাল, বর্ণসঙ্কর জাতিবিশেষ; চণ্ডাল,
চাণ্ডালী, চণ্ডাল পত্নী; চণ্ডালী।
চাতক, পক্ষিবিশেষ, স্বনাম খ্যাত-পক্ষী।
চাতকানন্দ, বর্ষাকাল, জলদাগমকাল।
চাতর, দুষ্টলোকের সম্প্রদায়, দুশ্চরিত্রের চক্র।
চাতাল, বেষ্টিত স্থান; ছাত।
চাতুর, গাল বালিশ; নেত্রগোচর; প্রিয়ভাষী।
চাতুরাশ্রম্য, ব্রহ্মচর্য্য গার্হস্থ্য বানপ্রস্থ ভিক্ষু এই চারি আশ্রমের ধর্ম্ম।
চাতুরিক, সারথি, রথের প্রাজক, কোচ মেন।
চাতুরী, দাক্ষ্য, নৈপুণ্য, কৌশল, চতুরতা; ছল, শঠতা, মায়া।
চাতুর্বর্ণ্য, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র-এই চারি জাতি, চারি বর্ণের ধর্ম্ম।
চাতুর্বিদ্য, চতুর্বেদ বেত্তা, চারি বেদে বিদ্বান।
চাত্বাল, গর্ত্ত, গহ্বর, খাত।

চান্দনী, চন্দ্রের কিরণ, জ্যোৎস্না; বারাণ্ডা; চন্দ্রাতপ।
চান্দ্র, চন্দ্রসম্বন্ধীয়, চান্দ্রমাস; চন্দ্র-কান্ত মণি; চান্দ্রায়ণ নামে প্রায়শ্চিত্ত বিশেষ।
চান্দ্রক, শুণ্ঠী, শুঁঠ, শুষ্ক আর্দ্রকবিশেষ।
চান্দ্রভাগা, চন্দ্রভাগা নদী।
চান্দ্রমাস, চন্দ্রসম্বন্ধীয় মাস।
চান্দ্রায়ণ, ব্রত বিশেষ, ইন্দুব্রত, এক-প্রকার প্রায়শ্চিত্ত। [কণ্টকারী।
চান্দ্রী, জ্যোৎস্না, চন্দ্রিকা; শ্বেত-
চাপ, ধনু, কোদণ্ড; মৃত্তিকাখণ্ড; ভার।
চাপ ঃ, চপেট, করতল, থাবড়।
চাপড়ান, চপেটাঘাতকরণ, থাবড়ান।
চাপন, ভার দেওন, যাঁতন, দাবন, টিপন; অঙ্কন।
চাপল, অনবস্থিত; চঞ্চলতা।
চাপল্য, চপলতা, চাঞ্চল্য, অস্থৈর্য্য।
চাপা, ঢাকন, ছপ্পর, জাঁত।
চাপান, অবরোহণ, নৌকা হইতে-নামন; স্থাপন।
চাপুয়, আবর্ত্তিত, ঘন, গাঢ়।
চাপ্টা, প্রশস্ত; অগভীর।
চাপ্টালি, থাবড়িয়া বৈমন, উপবে-শন বিশেষ। [দ্বারা পেষণ।
চাবন, উপরি আক্রমণ; চর্ব্বণ, দন্ত-
চাবনি, দৃষ্টি, কটাক্ষ, অপাঙ্গপাত।
চাবান, দন্তদ্বারা পেষণ, চর্ব্বণ; দর্শন।
চাবী, তালার কাঠী, ছোড়ান, কুঁজি।
চাম, চর্ম্ম, ত্বক্, ছাল।
চামচ, চমস, দর্ব্বী, থাজাকা। [শেষ।
চামচিকা, চর্ম্মচটী, রাত্রিচর পক্ষি বি-
চামড়, পরস্পর বদ্ধ, আঠাল; চিটা।
চামড়মাংস, দৃঢ় মাংস, শক্তমাংস; কাঠিন্য।
চামড়া, চর্ম্ম; ত্বক, ছাল।
চামড়ী, শুষ্ককাষ্ঠ; নীরস; মরামাংস।
চামৎকার্য্য, আশ্চর্য্যতা, বিচিত্রতা, অদ্ভুতত্ব।

চামর, চমরী নামক মৃগবিশেষের পুচ্ছ লোম নির্ম্মিত ব্যজন, চৌরী।
চামরপুষ্প, গুবাক ; কাশ ; আম্র ; কেতক।
চামরী, চামর, মৃগবিশেষের পুচ্ছ নির্ম্মিত ব্যজন ; ঘোটক।
চামসা, শুষ্ক চর্ম্মবৎ ; দুর্গন্ধি।
চামাটী, ক্ষুর ঘর্ষণার্থ চর্ম্ম, চামাতী।
চামাতী, নাপিতের ক্ষুর ঘর্ষণার্থ ক্ষুদ্র চর্ম্ম খণ্ড, চামাটী।
চামার, বর্ণসঙ্কর জাতি বিশেষ, চর্ম্মকার, পাদুকা নির্ম্মাতা, মুচী।
চামীকর, স্বর্ণ, সুবর্ণ, কাঞ্চন ; ধুস্তুর।
চামুটী, নাপিতের ক্ষুর ঘর্ষণার্থ ক্ষুদ্রচর্ম্মখণ্ড, চামাতী।
চামুণ্ডা, দুর্গা, ভগবতী।
চাম্পিলা, নদী বিশেষ।
চাম্পেয়, চম্পক পুষ্প, চাপা ফুল ; নাগকেশর। [পাবড়ি।
চাম্পেয়ক, কিঞ্জল্ক, কেশর, ফুলের-
চাম্য, ভক্ষ্য, ভক্ষণার্থ দ্রব্য।
চামসা, দুর্গন্ধ, শুষ্ক চর্ম্মবৎ।
চার, চর, গূঢ় পুরুষ ; পিয়াল বৃক্ষ ; গতি, কারাগার।
চারণ, নট বিশেষ, নর্ত্তক ; ভণ্ডশাস্ত্রপাঠক, পশুদিগের আহার দানার্থ মাঠে লইয়া যাওন, বীজ প্রোথন।
চারভট, বীর, যোদ্ধা ; মল্ল।
চারবায়ু, গ্রীষ্ম কালীন বাতাস।
চারা, ক্ষুদ্রবৃক্ষ ; বীজোৎপন্ন ; উপায়।
চারি, চতুঃসংখ্যা ; চতুষ্টয়।
চারিত্র, চরিত্র, স্বভাব, রীতি, প্রকৃতি।
চারিপায়ী, পল্যঙ্ক, খট্টা, খাট।
চারী, কারক, কর্ত্তা ; নিযুক্ত।
চারু, সুন্দর, মনোহর ; সুদৃশ্য।
চারুগর্ভ, শ্রীকৃষ্ণের একপুত্রের নাম।
চারুগুপ্ত, শ্রীকৃষ্ণের এক পুত্রের নাম।
চারুনালক, রক্তপদ্ম, কোকনদ।
চারুফলা, দ্রাক্ষা, আঙ্গুর, কিস্‌মিস।
চারুলোচন, হরিণ, মৃগ, এণ।
চারুশিলা, মণি, রত্ন বিশেষ।
চার্চ্চিক্য, চন্দনাদি দ্বারা দেহবিলেপন।
চার্ব্বঙ্গী, মনোহর শরীরা নারী, স্বরূপা।
চার্ব্বাক, তার্কিকবিশেষ, লোকায়তিক ; নাস্তিক বিশেষ। [শোভনা।
চার্ব্বী কুবেরের পত্নী ; জ্যোৎস্না ; বুদ্ধি ;
চার্ম্ম, চর্ম্মাচ্ছাদিত রথ ; চর্ম্মাবৃত, চামড়া ঢাকা। [হার ; তণ্ডুল।
চাল, গৃহাচ্ছাদন ; ছাদ ; রীতি ; ব্যব-
চালক চালন কর্ত্তা, হস্তি বিশেষ।
চালকী, তণ্ডুল বিক্রয় ; তণ্ডুল প্রস্তুতকরণ পুরঃসর বিক্রয় ব্যবসা।
চালন, স্থানান্তরে নয়ন, নবান ; প্রেরণ, ঝাড়ন। [পাত্র, বহুচ্ছিদ্রা।
চালনী, ছাঁকনী, শস্যাদি চালন-
চালাক, চতুর, নিপুণ, দক্ষ।
চালান, নিযোজন, প্রেরণ, পাঠান।
চালি, চলন ; ব্যবহার, তণ্ডুল।
চালু, তণ্ডুল, চাউল, চাল।
চাষ, স্বর্ণচাতক, সোণাচড়া ; কৃষিকর্ম্ম।
চাষণ, কৃষিকরণ, লাঙ্গল দ্বারা ভূমিকর্ষণ অথবা বিদারণ।
চাষা, কৃষিজীবী, কৃষক ; অসভ্য।
চাষাড়িয়া, অসভ্য, অজ্ঞ, অনাড়ী।
চাস, পক্ষিবিশেষ ; ইক্ষু, আউক।
চাহন, ভিক্ষাকরণ, যাচ্ঞা ; বাঞ্ছন ; ভালবাসন ; মানন।
চাক্ষুষ, প্রত্যক্ষ বিশেষ ; চক্ষুরিন্দ্রিয় জন্য জ্ঞান, সাক্ষাৎকার। [রাগন।
চিঁড়ন, চটন, ফাটন ; খিটখিটান ;
চিক, বংশনির্ম্মিত আবরণ বিশেষ ; কণ্ঠাভরণবিশেষ।
চিকণ, চিক্কণ ; স্নিগ্ধ ; মসৃণ ; সুশ্রী।
চিকন, কেশ বিন্যাস ; লাবণ্যোদয়।
চিকান, কেশ বিন্যাস, বেশ প্রসাধন।

চিকাশ, প্রকাশ; মেঘ নির্ম্মোচন।
চিকিৎসক, চিকিৎসা কর্ত্তা; পীড়া-প্রতীকারক, বৈদ্য, ভিষক্।
চিকিৎসা, রোগ প্রতীকার, পীড়ার প্রতিক্রিয়া; ব্যাধির অপনয়নচেষ্টা।
চিকিৎসিত, কৃতপ্রতীকার; প্রতিকৃত; চিকিৎসা করা।
চিকিৎস্য, চিকিৎসনীয়, প্রতীকার্য্য।
চিকিন, নত নাসিক, খাঁদা।
চিকিল, পঙ্ক, কর্দ্দম, কাদা।
চিকীর্ষা, করিবার ইচ্ছা, করণের মানস।
চিকীর্ষু, করিতে অভিলাষী, করণেচ্ছুক, করণেচ্ছা বিশিষ্ট।
চিকুর, কেশ, কুন্তল, মূর্দ্ধজ, চুল; সর্প, পর্ব্বত, পক্ষিবিশেষ।
চিকুরপক্ষ, কেশকলাপ, কচসমূহ।
চিকুরপাশ, কেশ সমূহ, কেশ সমুদয়।
চিকুর, কেশ, কুন্তল, চুল। [পক্ষী।
চিকোর, পক্ষিবিশেষ, চিকুরনামক
চিক্ক, ছুছুন্দরী, ছুঁচা, গন্ধমূষিক।
চিক্কণ, স্নিগ্ধ, চিকণ; গুবাক।
চিক্কণা, উত্তম গো; গুবাক্।
চিক্কণী, গুবাক্, সুপারী, গুয়া।
চিক্কা, ছুছুন্দরী, ছুঁচা; গুবাক্, গুয়া।
চিক্কুড়, বজ্র, বাজ, ঝন্ঝনা; বিদ্যুৎ।
চিঙ্গট, মৎস্যবিশেষ, গলদা চিঙ্গড়ী।
চিঙ্গটী, মৎস্যবিশেষ, ঘুষা চিঙ্গড়ী।
চিঙ্গড়, চিঙ্গটমৎস্য, চিঙ্গড়ী মাছ।
চিঙ্গড়া, চিঙ্গড়ী মাছ, ইচলা মাছ।
চিঙ্গড়ী, মৎস্যবিশেষ, ইচলা মাছ, ঘুষা মাছ।
চিচিণ্ড, ফলবিশেষ, চিচিঙ্গা।
চিঞ্চা, তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুল গাছ।
চিট, মর্চ্চা, ময়লা; ছাতাপড়া।
চিটা, আঠাল।
চিটী, পত্র, লিপি, লেখ্য।
চিট্যা, আঠাল। [ক্রোধ, রাগ।
চিড়, ফাটা, বিদারণ চিহ্ন; উষ্মা,
চিড়ন, ক্রুদ্ধ হওন, রাগন; চটন, ফাটন; খিটখিটান।
চিড়া, চিপিটক, পৃথুক।
চিড়িয়া, পক্ষি, বিহঙ্গ, পাখী।
চিড়িয়াখানা. পশু পক্ষ্যালয়।
চিত, ব্যাপ্ত, আচ্ছন্ন; উত্তান।
চিতন, উত্তান শয়ন, চিৎ হইয়া শয়ন।
চিতা, শবদাহাধার, চুল্লী, চুলা, শ্মশান।
চিতি, সমূহ; ইষ্টকাদির পাঁজা, শব দাহাধার, শ্মশান। [অন্তঃকরণ।
চিৎ, জ্ঞান, সম্বিৎ; বুদ্ধি; মনঃ,
চিৎকার, চেঁচানি, উচ্চৈঃশব্দ, উচ্চরব।
চিত্ত, অনুসন্ধানাত্মিকা অন্তঃকরণ বৃত্তি; মন, হৃদয়।
চিত্তপ্রসন্নতা, হর্ষ, আহ্লাদ; পরিতোষ। [ণের কথা।
চিত্তবাদ, মনোগত বাক্য, অন্তঃকর-
চিত্তবাধ, মনোভঙ্গ; সুহৃদ্ভেদ; অনৈক্য, অপ্রীতি। [রোগ।
চিত্তবিপ্লব, উন্মাদ, বাতুলতা, বায়ু-
চিত্তবিভ্রম, উন্মাদ, বাতুলতা।
চিত্তসমুন্নতি, মান; সম্ভ্রম।
চিত্তান্তর, অসৌহার্দ্দ্য, মনোমালিন্য, মনোভঙ্গ, চিত্তভঙ্গ।
চিত্তোন্নতি, গর্ব্ব, অভিমান, অহঙ্কার।
চিৎপাত, উত্তান পতন; চিৎ হইয়া পড়ন।
চিত্য, চিতা, শবদাহাধার; অগ্নি।
চিত্যা, চিতা, শবদাহাধার; শ্মশান।
চিত্র, ছবি, পট, আলেখ্য; আশ্চর্য্য, অদ্ভুত; বিস্ময়, মনোহর; নানাবর্ণ।
চিত্রক, তিলক; ব্যাঘ্র; চিতাবাঘ।
চিত্রকণ্ঠ, কপোত, পারাবত, পায়রা।
চিত্রকম্বল, দুলিচা, গালিচা, কম্বল বিশেষ।
চিত্রকর, বর্ণসঙ্কর জাতিবিশেষ, পটুয়া।
চিত্রকর্ম্মা, আশ্চর্য্যকর্ম্মা, চিত্রকার।
চিত্রকার, চিত্রকর; পটুয়া, বর্ণসঙ্কর জাতিবিশেষ।

চিত্রকূট, পর্ব্বত বিশেষ; বন্দেল খণ্ড দেশে প্রসিদ্ধ কামতা পাহাড়।
চিত্রকৃৎ, চিত্রকর, পটুয়া; আশ্চর্য্যকারী।
চিত্রগন্ধ, হরিতাল।
চিত্রগুপ্ত, যমের লেখক, যমের অমাত্য।
চিত্রজল্পা, বাক্যবিশেষ, ভঙ্গিযুক্ত কথা, কৌতুকাবহ বাক্য। [ছাল।
চিত্রত্বক্, ভূর্জ্জপত্র, বৃক্ষবিশেষের
চিত্রপক্ষ, তিত্তিরি পক্ষী।
চিত্রপাদা, সারিকা পক্ষী।
চিত্রপিচ্ছক, ময়ূর, কলাপী, কেকী।
চিত্রপুঙ্খ, শর, বাণ, কাণ্ড।
চিত্রফল, মৎস্য বিশেষ, চিতল মাছ।
চিত্রবদাল, মৎস্য বিশেষ, পাঠীন মৎস্য।
চিত্রবিচিত্র, নানাবর্ণ; বহুরঙ্গ; অদ্ভুত, আশ্চর্য্য। [কর।
চিত্রভানু, অগ্নি, অনল; সূর্য্য, দিবা-
চিত্রমেখল, ময়ূর, শিখণ্ডী, শিখী।
চিত্ররথ, গন্ধর্ব্ব বিশেষ; সূর্য্য।
চিত্রল, কর্ব্বুরবর্ণ; কর্ব্বুরবর্ণ বিশিষ্ট।
চিত্রলেখা, অপ্সরা বিশেষ; বিখ্যাত গ্রন্থকারিণী।
চিত্রহস্ত, উত্তান হস্ত, চিৎ হাত।
চিত্রা, শ্রীকৃষ্ণের সখীবিশেষ; চতুর্দ্দশ নক্ষত্র। [রাঙচিতা।
চিত্রাঙ্গ, হিঙ্গুল; হরিতাল; সর্প;
চিত্রাঙ্গদ, চন্দ্রবংশীয় রাজাবিশেষ।
চিত্রাঙ্গী, মঞ্জিষ্ঠা লতা; কর্ণজলৌকা, কাণকোটারী।
চিত্রিণী, পদ্মিনী প্রভৃতি চারি প্রকার স্ত্রী মধ্যে এক স্ত্রী; চমৎকারিণী।
চিত্রিত, বিচিত্র; কৃতচিত্র, চিত্রান্বিত; চিত্রার্পিত, নানাবর্ণীকৃত।
চিত্রোক্তি, আকাশ বাণী, অলক্ষ্যবাক্য; আশ্চর্য্য কথন।
চিদাত্মা, জ্ঞানময় আত্মা, জ্ঞানস্বরূপ পরমাত্মা।

চিদাভাস, জ্ঞান; জ্ঞানের প্রকাশ।
চিদ্রূপ, মনোহর; স্ফূর্ত্তিমান; জ্ঞানময়, জ্ঞানস্বরূপ।
চিনন, জানন, অবগত; পরিচয়।
চিনা, নিদর্শন, চিহ্ন; পরিচিত, আলাপিত; শিষ্যবিশেষ।
চিনান, পরিচয় করিয়া দেওন, জানাইয়া দেওন; দর্শান। [আত্মীয়তা।
চিনাপরিচয়, আলাপ, সদ্ভাব;
চিনি, শর্করা, গুড়বিকার বিশেষ।
চিন্তক, চিন্তাকারী, ভাবক, ঠাহরনিয়া।
চিন্তন, ঠাহরণ, ভাবনা করিয়া দেখন; আশংসন, ধ্যানযোগে অবলোকন।
চিন্তা, চিন্তন, ধ্যান; ভাবনা, উদ্বেগ, উৎকণ্ঠা; বিষাদ, কাতর্য্য; ভয়, ত্রাস। [যোগে অবলোকন।
চিন্তান, চিন্তা করিয়া দেখন; ধ্যান-
চিন্তাবেশ্ম, মন্ত্রণাগৃহ, পরামর্শ করিবার ঘর।
চিন্তামণি, শুভচিন্তক; ব্রহ্মা; বুদ্ধবিশেষ; মণিবিশেষ।
চিঞ্চিড়ী, তিন্তিড়ী, তেঁতুল।
চিন্তিত, কৃতচিন্তন; ভাবিত; ভাবনাযুক্ত, চিন্তান্বিত। [কণ্ঠা।
চিন্তিতি, চিন্তা, ভাবনা, উদ্বেগ, উৎ-
চিন্তিয়া, চিন্তা, ভাবনা; ঠাহরণ।
চিন্ন, শস্য বিশেষ, চিনা।
চিপন, নিঃসারণ, নিঙ্গড়ন; দলন।
চিপিট, ভক্ষ্য দ্রব্যবিশেষ, চিঁড়া।
চিপিটক, চিপিট, চিঁড়া, ভক্ষ্য দ্রব্যবিশেষ। [করণ।
চিবণ, চর্ব্বণ, দন্তদ্বারা পেষণ বা চূর্ণ-
চিবা, চর্ব্বিতাবশিষ্ট।
চিবি, চিবুক, ওষ্ঠের অধোভাগ, দাড়ি, থুঁতি। [বিশেষ।
চিবিট, চিপিট, চিড়া, ভক্ষ্য দ্রব্য
চিবুক, ওষ্ঠের অধোভাগ; থুঁতি, দাড়ি; মুচুকুন্দ বৃক্ষ।
চিমটন, অঙ্গুলি বা নখদ্বয়ের দ্বারা

পীড়ন, খামচান।
চিমট, অঙ্গার তোলক লৌহনির্ম্মিত যন্ত্র; সন্দংশ, সাঁড়াশী; খেঁচা, মোচনা।
চিমড়ন, লিপ্তহওন; কোঁকড়ন, শুষ্ক হওন। [হইয়া যাওন।
চিমড়ান, শুষ্ক হওন, শুকান, নীরস
চিমি, শুকপক্ষী, তোত বা টিয়াপাখী।
চিয়ন, নিদ্রাভঙ্গ, জাগরণ; জাগ্রৎ, নিদ্রোত্থান। [জাগান।
চিয়ান, জাগরিত করণ, চেতান,
চির, বহুকাল; অনাদিকাল; সনাতন।
চিরকারী, বিলম্ব করিয়া কর্ম্মকর্ত্তা, অলস, দীর্ঘসূত্রী।
চিরকাল, দীর্ঘকাল, অনেক দিন; সদা, সর্ব্ব সময়।
চিরকালিক, বহুকালীয়, পুরাতন, বহুদিনব্যাপী; চিরন্তু।
চিরকালীন, সনাতন, বহুকালীয়, পুরাতন। [অলস।
চিরক্রিয়, বিলম্বে কর্ম্মকর্ত্তা, দীর্ঘসূত্র,
চিরজীবী, বহুকাল জীবন বিশিষ্ট, দীর্ঘজীবী; বিষ্ণু, কাক; মার্কণ্ডেয়-মুনি- অশ্বত্থামা- বলি- ব্যাস- হনূমান- বিভীষণ- কৃপ- পরশুরাম।
চিরঞ্জীব, দীর্ঘজীবী, বহুকাল জীবন বিশিষ্ট।
চিরণ, বিদারণ, ফাড়ন; আঁচড়ন।
চিরণী, কঙ্কতিক, কাঁকই, কেশপ্রসাধন।
চিরণ্টী, স্ববাসিনী, পিতৃগৃহে স্থিতা বিবাহিতা অথবা অবিবাহিতা কন্যা।
চিরতা, বৃক্ষবিশেষ, ভূনিম্ব, চিরতিক্ত।
চিরন্ত, চিরকালোৎপন্ন; বহুকালীন, পুরাতন। [কালোৎপন্ন।
চিরন্তন, পুরাতন, বহুকালীন; চির-
চিরমেহী, গর্দ্দভ, রাসভ, খর, গাধা।
চিরল্লণ, চিল্ল, চিল্লপক্ষী।
চিররাত্র, দীর্ঘকাল, বহুকাল, অনেক-দিন।
চিরসূতা, চিরপ্রসূতাগবী, কেলেনগাই।
চিরস্থায়ী, বহুকাল স্থিতিশীল, বহু-কাল ব্যাপী, দীর্ঘকাল স্থায়ী।
চিরাৎ, দীর্ঘকাল, বহুকাল, গরুড়।
চিরায়ু, দেবতা; চিরজীবী, দীর্ঘজীবী।
চিরু, বাহুসন্ধি, স্কন্ধের নিম্নদেশ।
চিল, চিল্ল, পক্ষি বিশেষ, আতায়ী পাখী।
চিলম, কলিকা, তাঁমাকুর আধার।
চিলমচি, ডাবর, হস্তাদি ক্ষালনার্থ পাত্রবিশেষ।
চিলমীলিক, জ্যোতিরিঙ্গণ, খদ্যোত, জোনাকি পোকা; বিদ্যুৎ।
চিলা, ছাদের উপরিস্থ গৃহ, চিলেঘর।
চিল্ল, চিল্লপক্ষী, আতায়ী পাখী, ক্লিন্ননেত্র, কুন্নাক্ষ।
চিল্লাভ, হঠাৎ চৌর, হাতছেঁচড়, গ্রন্থিভেদী, গাঁইটকাটা।
চিহী, ঘোটকের শব্দ, অশ্বরব, হ্রেষ।
চিহ্ন, দাগ, চিনা, অঙ্ক, লক্ষ্ম, লক্ষণ, পতাকা। [দাগ।
চিহ্নিত, চিহ্নযুক্ত, অঙ্কিত, নিদর্শন,
চীৎকার, উচ্চরব, উচ্চশব্দ, চেঁচান।
চীন, দেশবিশেষ, চীনাদেশ; বস্ত্র-বিশেষ; মৃগবিশেষ; পতাকা।
চীনক, ধান্য বিশেষ, চীনা ধান।
চীনকর্পূর, কর্পূর বিশেষ।
চীনজ, লৌহবিশেষ, তীক্ষ্ণলোহা।
চীনপিষ্ট, সিন্দুর; সীসা, ধাতুবিশেষ।
চীবর, ভিক্ষুদিগের বস্ত্র; কৌপীন।
চীর, জীর্ণ বস্ত্র খণ্ড, পুরাতন নেকড়া, গাছের ছাল, বস্ত্রবিশেষ।
চীরুক, ফলবিশেষ; চেঁউর।
চীর্ণ, অনুষ্ঠিত; বিদীর্ণ, ফাটা।
চীর্ণপর্ণ, নিম্ববৃক্ষ, নিমগাছ; খর্জ্জুর-বৃক্ষ, খেজুর গাছ।
চুঅন, ক্ষরণ; গলন; নিঃসরণ।
চুঁঅন, দগ্ধহওন, খরিয়া যাওন।
চুঁকন, শানন, তীক্ষ্ণকরণ।

চুক, ভ্রম, ভুল, ত্রুটি; অম্লশাক বিশেষ।
চুকন, ভুলন, ভ্রমে পড়ন; ত্রুটিকরণ।
চুকান, নিষ্পাদন; মিটান।
চুক্কার, সিংহনাদ, সিংহধ্বনি।
চুক্‌চুক, চুক্‌চুকিয়া, স্নিগ্ধ।
চুক্তি, নিয়ম; সমাধা; নিষ্পত্তি।
চুক্র, অম্ল দ্রব্যবিশেষ, অম্লশাক, অম্লরস।
চুক্রক, শাক বিশেষ, চুকাপালং।
চুঙ্গী, নলী; খোল, ঘরা।
চুচি, স্তন, কুচ; স্তনাগ্র, চুচুক।
চুচুক, কুচাগ্র, স্তনাগ্র, চুচি।
চুচুক,, কুচাগ্র, স্তনাগ্র, স্তনের বোঁটা।
চুচু, ছুছুন্দরী, গন্ধমূষিক, ছুঁচা।
চুঞ্চুরী, তিন্তিড়ী দ্যুত; কাঁইবীচির খেলা।
চুটকিয়া, ক্ষুদ্র, তুচ্ছ, সামান্য।
চুটকী, স্ত্রীলোকের পদাঙ্গুলির অলঙ্কার বিশেষ।
চুটন, মারণ; বিদারণ; ফাড়ন;
চুড়ী, নির্মাণময় ভুজ ভূষণ; স্ত্রীলোকের হস্তাভরণ বিশেষ। [মুক্তা।
চুণী, ক্ষুদ্র রক্তবর্ণ রত্নবিশেষ; লাল-
চুণ্টী, কূপ, কূয়া, কূপের সমীপবর্ত্তি ক্ষুদ্র জলাশয়। [দেশ।
চুত, গুহ্যদ্বার; চুতর, স্ত্রী চিহ্ন, গুহ্য-
চুতি, গুহ্যদ্বার; গুহ্যদেশ।
চুনন, বাছন, নির্বাচন; কোঁকড়ন।
চুন্দী, কুট্টিনী, পুরুষান্তর যোজনকারিণী।
চুপ, নীরব, মৌন; গোপন।
চুপড়ী, ক্ষুদ্র করণ্ডিকা; ঝুড়ী, টুকরী।
চুপন, অস্ত্রদ্বারা মারণ, অস্ত্রাঘাতকরণ।
চুপসন, ভিজন, আর্দ্রীভাব হওন।
চুবন, জলমগ্ন করণ, ডুবান, বুড়ান।
চুব্র, মুখ, বদন, আস্যদেশ।
চুমন, চুম্বন, চুমা খাওন, চুম দেওন।
চুমা, চুম্বন, দন্তাদিদ্বারা ওষ্ঠাদিস্পর্শ।

চুমুক, পেয় দ্রব্যাধারে মুখ সংযোগপূর্ব্বক স্তোকেং পান।
চুমুরী, নারিকেলের খোল।
চুমকী, জলপাত্র বিশেষ, ক্ষুদ্রঘটী।
চুমকুড়ী, ওষ্ঠদ্বয়ের মিলন ধ্বনি।
চুম্বক, লৌহ বিশেষ, প্রস্তর বিশেষ, লৌহাকর্ষক; চুম্বনপর, ধূর্ত্ত, লম্পট; সংক্ষেপ, সংক্ষিপ্তার্থ।
চুম্বন, মুখে মুখসংযোগ, চুমা।
চুয়াচন্দন, সুগন্ধি চন্দনবিশেষ।
চুয়াড়, পর্ব্বতীয় জাতিবিশেষ, পাহাড়িয়া লোক।
চুয়ান, ক্ষরিত, যন্ত্রদ্বারা নিঃসারিত।
চুবট, শুষ্ক তাম্রকূটে নির্ম্মিত নল।
চুরা, চৌর্য্য, তাস্কর্য্য; চুরি। [হরণ।
চুরি, চৌর্য্য, তাস্কর্য্য, স্তেয়, অপ-
চুল, কেশ, কুন্তল, শিরোরুহ।
চুলা, চুল্লী, উনান, আখা।
চুলুক, প্রসৃতি, গণ্ডূষ; ভাণ্ডবিশেষ, পাঁক, কর্দ্দম, কাদা।
চুলুম্পা, ছাগী, অজা।
চুলকনা, গাত্রকণ্ডূ, চুলকনি, কণ্ডুয়া।
চুলকনি, গাত্রকণ্ডূ, কণ্ডুয়া।
চুলকান, কণ্ডুয়ন, খুজলান।
চুলকানী, কণ্ডুয়া, কণ্ডূ।
চুলকী, বক্রকুন্তল, কোঁকড়া কেশ।
চুলবলিয়া, চঞ্চল, অস্থির, চপল।
চুল্লকী, শিশুমার; কুম্ভীর বিশেষ।
চুল্লি, পাকার্থ অগ্নিস্থান, চুলা, আখা, উনান; চিতা, শ্মশান।
চুল্লী; চুলা, উনান; চিতা, দাহস্থান।
চুস্ত, ফলাদির অসার ভাগ, কাঁঠালের ভুতি।
চুচুক, স্তনাগ্র, কুচাগ্র, চুঁচি।
চূড়া, ময়ূর শিখা, শিরোমধ্যস্থ শিখা; অগ্রভাগ; শৃঙ্গ; দশবিধ সংস্কারান্তর্গত সংস্কার বিশেষ। [সংস্কার।
চূড়াকরণ, দশসংস্কারের অন্তর্গত এক
চূড়ান্ত, সিদ্ধান্ত; শেষ নিষ্পত্তি।

চূড়াবান, চূড়াবিশিষ্ট, শিরোরত্নান্বিত।
চূড়ামণি, শিরোরত্ন; অলঙ্কার বিশেষ; প্রধান, শ্রেষ্ঠ, অতিমান্য।
চূড়াল, শিরোরত্ন যুক্ত; মস্তক, শিরঃ।
চূড়িয়া, উড়নী; উত্তরীয় বসন; পাছুড়ী।
চূড়ী, হস্তাভরণ বিশেষ, হস্তালঙ্কার।
চুণ, চূর্ণ, ক্ষারবিশেষ, প্রস্তর বা ঝিনুকাদি ভস্ম।
চুণকাম, চূর্ণদ্বারা গৃহ লেপন।
চুণারী, চূর্ণ প্রস্তুত কারক, বর্ণসঙ্কর-জাতি বিশেষ।
চুত, আম্রবৃক্ষ, আম গাছ; গুহ্যদ্বার।
চুর, চুর্ণ, গুঁড়া, খণ্ডং কৃত।
চুরচুরিয়া, পরিপূর্ণ, উপচান; মত্ত।
চূর্ণ, পেষণ দ্বারা জাতধূলি; গুঁড়া; ফাঁকি; অবক্ষোদ; ক্ষারবিশেষ, চুণ।
চূর্ণক, গদ্যবিশেষ, শ্লোকের টীকা; গদ্য দ্বারা স্বমত প্রতি পাদন; সক্তু, ছাতু।
চূর্ণকার, চুণারী, বর্ণসঙ্করজাতিবিশেষ।
চূর্ণকুন্তল, অলক, জুলপি, কেশবিন্যাস বিশেষ।
চূর্ণখণ্ড, কর্কর, কাঁকর; ঘুঁটি। [খণ্ডন।
চূর্ণন, গুঁড়ন, গুঁড়াকরণ; নিষ্পেষণ;
চূর্ণি, কপর্দ্দক, কড়ি।
চূর্ণিকা, সক্তু, ছাতু।
চূর্ণী, নদীবিশেষ; কপর্দ্দক, কড়ি।
চূলিক, ঘৃতভৃষ্টগোধূম পিষ্টক; লুচী।
চূষণ, জিহ্বাদ্বারা রসাকর্ষণ; রসপান।
চূষা, চূষিত, আকৃষ্ট রস; কক্ষ্যা, কাছদড়ী।
চূষী, ক্ষুদ্র লাটিম; বালকের খেলনা।
চূষ্য, চূষিবার উপযুক্ত; চূষণে সুস্বাদু, খাদ্য দ্রব্য বিশেষ।
চেঁচান, চীৎকার করণ, ফুকরণ।
চেঙ্গড়া, অপ্রবীণ; অর্ব্বাচীন, ছোকরা; বংশরচিত পাত্র বিশেষ।
চেঙ্গড়ামি, অপ্রবীণতা, বালকত্ব, অর্ব্বাচীনতা, অজ্ঞতা।

চেঙ্গা, সুস্থ; নীরোগ; সবল।
চেঙ্গারী, বংশাদি রচিত পাত্রবিশেষ।
চেট, দাস; ক্ষুদ্র ভৃত্য; নাটকাদিতে নর্ম্ম সুহৃদ।
চেটক, দাস; ভৃত্য; উপনায়কবিশেষ।
চেটাই, আসন বিশেষ, খর্জ্জুর বা তালপত্র নির্ম্মিত দীর্ঘ আসন।
চেটাল, প্রশস্ত, পরিসরান্বিত, ওসারল, চৌড়া।
চেটিকা, দাসী; নাটকাদিতে নর্ম্মসখী।
চেটী, চেড়ী, দাসী, কর্ম্মকরী।
চেটুয়া, বয়স্থা, যুবতী, তরুণী।
চেটো, তরুণ, যুবা; কর পৃষ্ঠ।
চেড়ান, ক্ষেপান, জ্বালান।
চেড়ী, দাসী, চেটী; কর্ম্মকরী।
চেতঃ চিত্ত, অন্তঃকরণ, মনঃ, বুদ্ধি।
চেতন, আত্মা; প্রাণী, জীব; বুদ্ধি, অনুভব, বোধ।
চেতনা, জীব; বুদ্ধি, বোধ, চৈতন্য, জ্ঞান; পরামর্শ; সান, সাড়, জ্ঞানের উদ্রেক।
চেতান, বুঝান, জানান; জাগান; প্রবৃত্তি জন্মান। [র্থক।
চেৎ, যদি, যদ্যপি; পাছে, সন্দেহা-
চেদি, দেশ বিশেষ, চৈদ্য দেশ।
চেদিরাজ, শিশুপাল, চন্দ্রবংশীয়রাজা বিশেষ।
চেরণ, ফাড়ন, বিদারণ।
চেরা, ফাড়া; বিদারিত; ছিন্ন, ছেঁড়া।
চেল, বস্ত্র, বসন, কাপড়; অধম।
চেলনা, বস্ত্রবিশেষ, বসন ভেদ।
চেলা, সন্ন্যাসি প্রভৃতির পালক পুত্র; শিষ্য; কুচা, খণ্ড।
চেলান, কাষ্ঠ খণ্ড করণ, কাঠ কাটন।
চেলি, পট্টবস্ত্রবিশেষ, কৌশেয়বসন।
চেলিকা, পট্টবস্ত্র বিশেষ, চেলির-কাপড়। [ল ধুয়ানি জল।
চেলুনী, তণ্ডুল প্রক্ষালনোদক, চাউ-
চেষ্টক, যত্নকারী, চেষ্টাকর্ত্তা।

চেষ্টন, যত্ন করণ; অন্বেষণ; কায়িক ব্যাপার করণ। [শ্রম; অন্বেষণ।
চেষ্টা, কায়িক ব্যাপার, যত্ন, উদযোগ,
চেষ্টান্বিত, যত্নবান, চেষ্টাযুক্ত, সচেষ্ট।
চেষ্টিত, গতি, চেষ্টা; চেষ্টাযুক্ত, সচেষ্ট. উদ্যোগী।
চৈ, মরিচবিশেষ, চবিক।
চৈতন্য, কাহারমতে ভগবানের অবতার বিশেষ; চেতনা, জ্ঞান; জীব, জীবাত্মা; নিদ্রাভঙ্গ।
চৈত্য, দেবায়তন, গ্রামের পূজ্যবৃক্ষ।
চৈত্যদ্রু, অশ্বত্থ বৃক্ষ; পূজ্য বৃক্ষ।
চৈত্র, বসন্তের প্রথম মাস, মধুমাস।
চৈত্ররথ, চিত্ররথ গন্ধর্ব্ব কর্ত্তৃক নির্ম্মিত কুবেরের উপবন বিশেষ।
চৈদ্য, শিশুপাল. দমঘোষ পুত্র।
চোআন. ক্ষরণ, গলাওন, বকযন্ত্রে-নিঃসারণ। [চালা ঘর।
চোআরি, মণ্ডপ, গৃহবিশেষ, চারি-
চোআলি, ওষ্ঠদ্বয়ের দুইপ্রান্ত, সৃক্কণি।
চোওন, ক্ষরণ, নিঃসারণ; শ্রমন।
চোঁআন, অতিশয় ভর্জ্জন, খরাণ, অঙ্গারতুল্য করিয়া ভাজা, পোড়ান।
চোঁকান, চোখান, শানান, তীক্ষ্ণকরণ।
চোঁকাল, চোখাল, শানিত, সুধার; ধারাল, খরধারবিশিষ্ট, তীক্ষ্ণ।
চোঁচ, আঁশ, ছালের অন্তরস্থ ভাগ।
চোঁচা, বীজ চয়ন; দ্রুত ধাবন।
চোঁচাল, আঁশাল।
চোঁয়ান, ভৃষ্টকরণ, খরান, পোড়ান।
চোক, চক্ষু, দশ সের, চারিপণ।
চোকা, তীব্র, তেজাল, খর।
চোকান, তীক্ষ্ণকরণ; মিটান, নিষ্পত্তি।
চোখাল, তীক্ষ্ণ, শানিত; খরধারবিশিষ্ট, সুধার, চতুর।
চোঙ্গা, নল, নলী, সচ্ছিদ্র বংশখণ্ড।
চোচ, তেজপাত; তালফল, কদলীফল।
চোচক, বল্কল, বৃক্ষত্বক্, গাছের-ছাল, বাকল।

চোট, আঘাত, ঘা, ক্ষত, ঠোকর।
চোটা, কুসীদ, এক প্রকার সুদ।
চোটান, ঠোকরাণ, ঘাতন, বিদারণ।
চোলি, শাটী, শাড়ী।
চোড়, দেশবিশেষ।
চোণা, গবাদির প্রস্রাব; গোমূত্র।
চোণান, মূত্র নিঃসারণ, প্রস্রবণ।
চোদনা, বিধি, প্রেরণা।
চোদ্য, প্রেরণ যোগ্য; অদ্ভুত, প্রশ্ন।
চোনন, বাছন, নির্ব্বাচন।
চোপ. অস্ত্রাঘাত, শস্ত্রপ্রহার; আঘাত চিহ্ন। [আঘাত করণ।
চোপান. অস্ত্রপ্রহরণ, অস্ত্রদ্বারা
চোপসন, ভিজন, আর্দ্র হওন।
চোব, ছাল, ত্বক।
চোয়ালি, সৃক্কণির অস্থি, কসের দন্ত।
চোর, স্তেয়কর্ত্তা, পরদ্রব্যাপহারী, তস্কর, মলিম্লুচ, চৌর।
চোরকাঁটা, চোরপুষ্পা; ক্ষুদ্রকন্টান্বিত ঘাস বিশেষ। [ঘুলি।
চোরছিদ্র; উঁকিমারণ; ছিদ্র, ফাটল,
চোরপুষ্পী, চোরকাঁটা, ভাঁটুই কাটা।
চোরা, অপহৃত, গুপ্ত, অপ্রকাশ।
চোরাও, তাস্কর্য্য, অপহার, চুরি।
চোরাগর্ত্ত, আবৃতগর্ত্ত, গুপ্তখাত।
চোরাঘাত, অকস্মাৎ আঘাত, হঠাৎ-প্রহার আচমকা প্রহার।
চোরাবালি, দলদলীয়া স্থান।
চোরিকা, চৌর্য্য, তাস্কর্য্য, চুরি।
চোল, কঞ্চুলিকা, নিচোল, কাঁচুলি।
চোলক, বাণবার, কবচ, সাঁজোয়া; বল্কল, বাকল, ছাল। [ড়ান।
চোষণ, চুষণ, মুখদ্বারা রসাকর্ষণ, নিঙ্-
চোহাড়, পাহাড়িয়া অন্ত্যজ, ইতর।
চোহালি, ওষ্ঠপ্রান্তভাগের অস্থি, চোয়ালির হাড়। [মনোজ্ঞ।
চোক্ষ, গীত; শুচি; দক্ষ; তীক্ষ্ণ;
চৌ. চতুঃসংখ্যা, চারি।
চৌক, নেত্র; চারি পণ, দশ সের।

চৌকনী, জাগ্রৎ থাকা, সাবধানতা; মনোযোগ। [সমান; চতুর, দক্ষ।
চৌকস্ত, চতুষ্কোণ; অনিম্ন ভূমি,
চৌকা, চারিকোণা; পাকস্থালী
চৌকাঠ, দ্বারের চারি কাঠ শিলা।
চৌকালা, পোনাবিশেষ।
চৌকি, খুরসী; থানা, পহরা, রক্ষা।
চৌকিয়া, প্রহরী, রক্ষক; গণ্ডক।
চৌটা, চতুর্থ, চারির পূরণ; পোয়া।
চৌঠী, চৌথ, চতুর্থাংশ, পোয়া।
চৌড়াই, পরিসর, ওসার।
চৌথ, চতুর্থভাগ, পোয়া।
চৌদোল, যানবিশেষ, চতুর্দোলা।
চৌধুরী, উপাধিবিশেষ; শ্রেষ্ঠপদবী।
চৌপল, চারিকোণা; কাঁচ পাত্র।
চৌপাটী, চতুষ্পাঠী, চৌবাড়ী, টোল।
চৌপাড়, পার্ষ্টি, পাশা, অক্ষ, দ্যূত।
চৌপায়, চতুষ্পদ, পশু; খট্টা।
চৌপালা, চতুর্দোল বিশেষ।
চৌপিঠা, দক্ষ, চতুর, নিপুণ।
চৌবাচ্চ, চতুষ্কোণখাত, কুণ্ড।
চৌবাড়ী, চতুষ্পাঠী, টোল।
চৌর, তস্কর, অপহারক, সিঁধাল।
চৌরস, সমান, সমভূমি।
চৌরিকা, চৌর্য্য, তাস্কর্য্য, অপহরণ।
চৌরী, চৌর্য্য, চৌরধর্ম্ম, তাস্কর্য্য, স্তেয়; গৃহবিশেষ, চৌচালা ঘর।
চৌর্য্য, চোরের ধর্ম্ম, তাস্কর্য্য, স্তেয়।
চৌক্ষ, মনোজ্ঞ, মনোহর।
চ্যুত, ক্ষরিত; পদভ্রষ্ট, পতিত।
চ্যুতি, ক্ষরণ, গলন; ভ্রষ্ট হওন।
চ্যুপ, মুখ, বদন, আস্য।

ছ

ছ, ব্যঞ্জনের সপ্তম বর্ণ, চবর্গের দ্বিতীয় বর্ণ; তরল; নির্ম্মল, ষট্‌সংখ্যা।
ছই, নৌকার ছাত।
ছক, পাশকাদির কোষ্ঠ; শতরঞ্চের ঘর।
ছকড়া, সামান্য শকট, গাড়ী।
ছগ, ছাগ, অজ, ছাগল।
ছগণ, করীষ, ঘুঁটে; বিলঘুঁটে।
ছগল, নীলবস্ত্র; ছাগ, ছাগল, অজ।
ছগলী, ছাগমাতা, ছাগী, পাঠী।
ছটা, দীপ্তি, শোভা।
ছটাক, সেরের ষোড়শাংশ, পওয়ার চতুর্থাংশ, পাঁচ তোলা।
ছটাফল, গুবাক্ বৃক্ষ, শুপারী গাছ।
ছটাভা, বিদ্যুৎ, সৌদামিনী, তড়িৎ।
ছট্‌কন, নিঃসরণ, বহির্ভূত হওন, পলায়ন, দূরে পতন। [গমন।
ছটকান, পলায়ন, নিঃসারণ; বহি-
ছট্‌ফটান, লুণ্ঠন, গাত্রাদি দাহে ব্যা-কুল হওন, ধড়ফড়ান। [আঁচড়।
ছড়, শস্ত্র বিশেষ, বড়শা; ক্ষত চিহ্ন;
ছড়ন, চিহ্ন হওন; পরিকৃত করণ; জন্তুর চর্ম্ম উত্তোলন।
ছড়া, ভাষাপদ্য; মালা; নারিকেলাদি ফলের গুচ্ছ; পরিস্কৃত দ্রব্য; ছিটা।
ছড়ান, বিস্তৃতকরণ, বিছান; বীজাদি ক্ষেপণ, ইতস্ততঃবিক্ষেপণ; ছিটান।
ছড়ানিয়া, অপব্যয়ী, উড়ানিয়া।
ছড়ী, ক্ষুদ্র যষ্টি; শরু লাঠী; কশা, বালকদিগের রোগবিশেষ।
ছত্র, রৌদ্র বৃষ্টি বারণার্থ আবরণ বিশেষ; আতপত্র, ছাতা; ছাতারিয়া বিষ, ছাতনাবিষ; খরবিষ, কাঠবিষ।
ছত্রক, মৎস্যরঙ্গ পক্ষী, মাছরাঙ্গা পাখী, ঈশ্বর গৃহবিশেষ; রাঙ্গা কুলে খাড়ার গাছ।
ছত্রধর, ছত্রধারী, ছায়াকর, ছাতিধরা।
ছত্রধার, ছত্রধারী, ছায়াকর, ছাতিধরা।
ছত্রধারী, ছায়াকর, ছত্রধারণ কর্ত্তা।
ছত্রপত্র, ভূর্জবৃক্ষ; মানকচু; সপ্তপর্ণ বৃক্ষ, ছাতিমগাছ।
ছত্রভঙ্গ, বৈধব্য; স্বাতন্ত্র্য; নৃপনাশ, অরাজক, অকর্ত্তৃত্ব, যূথভঙ্গ। [মঞ্জিষ্ঠা
ছত্রা, মৌরী; ধন্যা; কোঁড়ক ছাতা;

ছত্রাধন্যা, ধন্যাক, ধন্যা। [ত্রিকা।
ছত্রিকা, কোঁড়ক ছাতা; গোময়চ্ছ-
ছত্রী, ছত্রবিশিষ্ট; নাপিত। [গৃহ।
ছত্বর, ঘর, গৃহ; কুঞ্জ, লতাচ্ছাদিত
ছদ, পত্র, পাতা; পক্ষ; গাঁঠিয়াল গাছ, তমাল বৃক্ষ। [পাত।
ছদন, পত্র; পক্ষ; আচ্ছাদন; তেজ-
ছদি, গৃহাচ্ছাদন, পটল, চাল, ছাদ।
ছদ্ম, ব্যাজ, কপট, অপদেশ; স্বরূপ-চ্ছাদন, অন্যবেশ।
ছদ্মতাপস, ছল তপস্বী, ভণ্ডতপস্বী।
ছদ্মবেশ, আকার গোপন, বেশান্তর, অন্যরূপ।
ছদ্মবেশী, কপটবেশধারী, ছলবেশী, আকার গোপন কর্ত্তা।
ছন্দ, অভিপ্রায়; অভিলাষ; পদ্য; বেদ; শ্লোক মিলন; স্বৈরাচার, যথেষ্টাচরণ; কাব্য।
ছন্দকপাতন, ছলতপস্বী, ভণ্ডতাপস।
ছন্দস, পদ্য, বেদ; শ্লোকের মিল।
ছন্দোগ, সামগ, সামবেদী, সামবেদ বেত্তা।
ছন্দোগপরিশিষ্ট, কাত্যায়ন মুনি কৃত সামবেদি কর্ম্মবোধক গোভিল সূত্রা-দির পরিশেষ শাস্ত্র, সামবেদ সম্মত শাস্ত্র বিশেষ। [নির্জনস্থান।
ছন্ন, আচ্ছাদিত; নষ্ট; উন্মত্ত, রহঃ,
ছপ্পর, আচ্ছাদন, ছাদ, চাল, ছাপরা।
ছবি, প্রতিমূর্ত্তি, চিত্র; শোভা, দীপ্তি।
ছমণ্ড, মৃত পিতৃক বালক, পিতৃহীন, ছেমড়া ছেলিয়া; বন্ধুহীন।
ছয়, ষট্ সংখ্যা।
ছর্দ্দ, বমন, উদ্গার, বমি, ন্যক্কার।
ছর্দ্দন, অলম্বুষ রাক্ষস; নিম্ববৃক্ষ, নিমগাছ; মদনবৃক্ষ, ময়নাগাছ।
ছর্দ্দাপনিকা, কর্কটী, কাঁকড়া।
ছর্দ্দি, রোগবিশেষ, বাঁতি; ঠাণ্ডী; বমি, উদ্গার।
ছর্দ্দিকা, বমন, ছর্দ্দি ন্যাকার; রোগ-বিশেষ। [এলাইচ।
ছর্দ্দিকারিপু, ক্ষুদ্র এলাইচ; গুজরাটী
ছর্দ্দিঘ্ন, নিম্ববৃক্ষ, নিমগাছ।
ছল, ব্যাজ; স্খলিত, কপট; শাঠ্য, প্রতারণা; চাতুরী; দোষ।
ছলগ্রাহক, ছলান্বেষী, প্রতারণাদ্বারা লভ্যকারী, ধূর্ত্ত, শঠ, প্রতারক।
ছলন, প্রতারণ, ঠকান, চাতুরীকরণ।
ছলী, প্রতারক, ধূর্ত্ত, চতুর, ঠক।
ছলছল, সজল, জলপূর্ণ।
ছল্লি, ত্বক্, ছাল, চর্ম্ম, চামড়া; পুষ্প বিশেষ। [বিশেষ।
ছল্লী, সন্তান; বল্কল, বাকল, কুসুম
ছা, শাবক, শিশু, বাচ্চা।
ছাই, ভস্ম, খাক্, পাঁশ।
ছাইট, জলের ছিটা, জল নিক্ষেপ; কোড়া। [স্থান।
ছাউনি, শিবির, সৈন্যের আবাস
ছাওন, তৃণাদির দ্বারা গৃহের উপরি-ভাগ আচ্ছাদন, ছাওয়া।
ছাওবাল, ছাওয়াল, বালক, শিশু।
ছাওয়াল, শিশু, বালক; পুত্র, সন্তান
ছাওলামি, বালকতা, ছেলেমি।
ছাঁকন, বস্ত্রাদিদ্বারা দ্রব দ্রব্যের নিঃ-সারণ; জালদ্বারা পুষ্করিণীর মৎস্য উত্তোলন; পরিষ্কার করণ, নির্ম্মল করণ। [চালুনী, জালী।
ছাঁকনি, পরিষ্কার করণ দ্রব্য, ঝাঁঝরি,
ছাঁকা, নির্ম্মল, পরিষ্কার শুদ্ধ, খাঁটী।
ছাঁচ, প্রতিলিপি; প্রতিমূর্ত্তি, প্রতি-মূর্ত্তি করিবার যন্ত্র।
ছাঁচি, পরচত্তী, অলিন্দ; শুদ্ধ।
ছাঁটন, কর্ত্তন, ছেদন, অগ্রাহ্য করণ।
ছাঁদ, ছন্দঃ; সুরূপ; সজলদুগ্ধ।
ছাঁদন, বন্ধন, ছাঁদা, বাঁধা।
ছাগ, পশুবিশেষ, ছাগল, অজ।
ছাগণ, করীষাগ্নি, ঘুঁটের আগুন।
ছাগবাহন, অগ্নি, বহ্নি, আগুন।
ছাগভোজী, ছাগভক্ষক, ছাগমাংস-

শী; বৃক; নেকড়িয়া বাঘ।
ছাগরথ, অগ্নি, অনল, বহ্নি।
ছাগল, ছাগ, অজ, পাঁটা।
ছাগলক, মৎস্যবিশেষ; ছাগল, অজ।
ছাগলগোত্রিয়া, গম্যাগম্য বিবেচনা হীন। [বকরী, পাঁটী।
ছাগিকা, ছাগী, ছাগমাতা, অজা,
ছাগী, ছাগমাতা, পাঁটী। [নিক্ষেপ।
ছাট, পালকুড়ি, পর্ণকুঁচি; জলের
ছাটন, কর্ত্তন, কাটন, ছেদন। [স্খলন।
ছাড়ন, বিবর্জন, ত্যাগ; ক্ষমাকরণ;
ছাড়া, ত্যাগকরা, ত্যক্ত; বিন, ভিন্ন।
ছাড়ান, মোচন, মোক্ষণ; খসান, ত্বক্ নির্মোচন।
ছাত, ছিন্ন; দুর্ব্বল; চাল, ছাদ।
ছাতা, ছত্র, আতপত্র, ছাতী।
ছাতি, আতপত্র; ছত্র; বুক; সাহস।
ছাতু, সক্তু, যবাদি চূর্ণ।
ছাত্র, শিষ্য, অন্তেবাসী, পড়ুয়া।
ছাত্রদর্শন, শিষ্যাবলোকন; হৈয়ঙ্গবীন, সদ্যোজাত ঘৃত।
ছাদ, পটল, ছাত, চাল; আবরণ।
ছাদন, ছদন, আচ্ছাদন; অন্তর্দ্ধান, গোপন; পত্র। [আবৃত, ঢাকা।
ছাদিত, ছিন্ন, কাটা; আচ্ছাদিত,
ছানন, মিশ্রণ, একত্রীকরণ, চটকান, মাখন। [আমীক্ষা।
ছানা, শাবক; শিশু; দুগ্ধবিকার,
ছানী, চক্ষুরোগ বিশেষ, ফুলী।
ছান্দস, বেদাধ্যেতা; বেদবেত্তা; বেদের অধ্যাপক।
ছান্দোগ্য, সামবেদের উপনিষৎ।
ছাপ, মুদ্রা; চিহ্ন; ছাপা।
ছাপন, বস্ত্রাঙ্কন; মুদ্রাঙ্কন; লুকান, গোপন; উত্থলন।
ছাপর, ছপ্পর, আচ্ছাদন, ছত্রী।
ছাপা, মুদ্রাঙ্কিত; চিহ্ন.অঙ্ক; গোপন, অপ্রকাশ।
ছাপান, মুদ্রাঙ্কন করণ; বস্ত্রাদি চিত্রকরণ; লুকান, গোপন। [শিশু।
ছাপী, লুক্কায়িত, গোপিত, অপ্রকা-
ছাবাল, বালক, শিশু; সন্তান।
ছায়া, রৌদ্র শূন্য, রৌদ্রের অভাব স্থান, অনাতপ; প্রতিবিম্ব; সূর্য্যপত্নী; পালন; উৎকোচ; কান্তি; উত্তম শোভা; পঁক্তি; কাত্যায়নী, অন্ধকার। [বরদার, ছাতিধরা।
ছায়াকর, অনাতপ; ছত্রধার, ছাতা
ছায়াটিয়া, ছায়ান্বিত, অনাতপ।
ছায়াতনয়, ছায়াত্মজ, শনি, শনৈশ্চর।
ছায়াতরু, স্থিরচ্ছায়বৃক্ষ, সদা ছায়াকর গাছ। [ভাগ।
ছায়াপথ, দেবপথ; আকাশ, নভো-
ছায়াপদ, ছায়ার পরিমাণদ্বারা বেলার নিরূপণ। [পরিচারক।
ছায়াবৎ, ছায়ার তুল্য সদা অনুগত,
ছায়াভৃৎ, চন্দ্র, বিধু, শশী।
ছায়ামণ্ডপ, চন্দ্রাতপ যুক্ত স্থান, চাঁদোয়া দেওয়া স্থান।
ছায়ামিত্র, ছত্র, আতপত্র, ছাতী।
ছায়ামৃগধর, চন্দ্র, শশী, শশাঙ্ক।
ছায়াসুত, শনৈশ্চর, শনি, সপ্তম গ্রহ।
ছার, ভস্ম; অধম; হেয়।
ছারখার, ভস্মসাৎ, সর্ব্বনাশ; উচ্ছিন্ন প্রচ্ছিন্ন। [কুণ।
ছারপোকা, খট্টামল, গন্ধকীট, মৎ-
ছাল, ত্বক্; চর্ম্ম; বল্কল, বাকল।
ছালন, ব্যঞ্জন; কাশন্দি।
ছালন', চান্দনী, চাঁদনী; স্ত্রী পাদাভরণ বিশেষ।
ছালা, গুণ, থলিয়া, চট।
ছালিয়া, বালক, শিশু; সন্তান।
ছি, গর্হা, নিন্দা, হেয়বোধক শব্দ।
ছিঁক্, ক্ষুৎ, হাঁচি।
ছিঁচকা, শিক, গজ।
ছিঁকল, শৃঙ্খল, শিকলি; জিঞ্জির।
ছিকলন, যোড়ান, একত্র বন্ধন, সংযোগ করণ।

ছিক্কা, ক্ষুত, হাঁচি, ছিঁক্‌।
ছিট, বিচিত্র বস্ত্র; অবশিষ্ট।
ছিটন, ছড়ান, বিকিরণ, ক্ষেপণ।
ছিটা, বিন্দু, কণা।
ছিট্‌কা, সিকা, ফাঁসী, ফাদ; ক্ষুদ্র।
ছিট্‌কান, প্রক্ষেপণ, ছড়ান, ঠিকরাণ।
ছিত, ছিন্ন, ছেদিত, কাটা।
ছিত্তি, ছেদ, ভেদ, কাটা; বৃক্ষবিশেষ।
ছিত্বর, ছেদন দ্রব্য; ধূর্ত্ত; বৈরী।
ছিদক, বজ্র, অশনি, বাজ।
ছিদি, কুঠার, কুড়াল।
ছিদির, অগ্নি; রজ্জু; করবাল; পরশু।
ছিদুর, ছেদন দ্রব্য, ধূর্ত্ত, শঠ; বৈরী, শত্রু।
ছিদ্‌, ছেদনকর্ত্তা, ছিন্নকারী।
ছিদ্র, ছেঁদা, বিবর, রন্ধ্র, বিল। [পুল।
ছিদ্রবৈদেহী, গজপিপ্পলী, গজপি-
ছিদ্রানুসন্ধান, দোষানুসন্ধান।
ছিদ্রান্ত, নল, খাগড়া। [ছেঁদা করা।
ছিদ্রিত, কৃতচ্ছিদ্র, বেধিত, বিদ্ধ,
ছিনন, বলদ্বারা গ্রহণ; হরণ।
ছিনাল, ভ্রষ্টা, স্বৈরিণী, কুলটা, গণিকা।
ছিনালপনা, গণিকার ভাব, বেশ্যার কর্ম্ম।
ছিনালী, বেশ্যাদিগের চাতুরী।
ছিন্ন, ছেদনকরা, ছেঁড়া, কাটা, খণ্ডিত, ছেদিত।
ছিন্নবেশিকা, লতাবিশেষ, আকনাদী লতা, নিম্নমুখী লতা। [ছিটকান।
ছিন্নভিন্ন, ছারখার; উচ্ছিন্ন; ছড়ান,
ছিন্নমস্তা, দেবীবিশেষ; মস্তক হীনা।
ছিন্নরুহা, লতাবিশেষ, গুড়ুচী গুলঞ্চ।
ছিন্না, ছেঁড়া, গুড়ুচী; বেশ্যা, পুংশ্চলী।
ছিপ, বড়সির সূত্র বদ্ধ বাঁশ, মৎস্য ধারণ যন্ত্র।
ছিপন, গোপন, লুকান, দাবন।
ছিপী, গুঁজী, ছিদ্ররোধক কাষ্ঠ।
ছিম, বর্ব্বটী, শিম্বী, শিম। [হীন।
ছিমড়া, ছিমড়ী, শুঁঠী; অনাথ, পিতৃ-
ছিলকা, বল্কল, বাকল, ছাল।
ছিলন, খোসা তোলন, ত্বক্‌নির্মোচন।
ছিলা, জ্যা, ধনুকের গুণ।
ছিলিম, কলিকা; হুক্কা, হুক্‌, ডাবা।
ছুঁচ, সূচি, সূঁই, সোনাফ্কি।
ছুঁচা, গন্ধমূষিক, ছুছুন্দরী।
ছুঁচাল, সূক্ষ্মাগ্র, সূচ্যগ্র।
ছুঁয়ন, স্পর্শন, হস্তাদি যোগকরণ।
ছুকরী, বয়স্থা কন্যা, নবযৌবনা।
ছুচিপাতন, বিরলে দর্শন, উকিমারণ, আড়ি পাতন।
ছুছুন্দরী, ছুঁছা, গন্ধমূষিক।
ছুট, ত্যাগ, বর্জ্জন, রহিত।
ছুটন, পলায়ন, দ্রুতগমন, শীঘ্রগমন।
ছুটান, শীঘ্র গমনকরাণ; ছাড়ান।
ছুটালিয়া, ক্ষুদ্র; সামান্য; লঘু।
ছুটী, বিদায়, বিরাম, ছাড়ানি, উদ্ধার।
ছুড়ন, প্রক্ষেপণ, ছাড়ন, ত্যাগকরণ।
ছুতল, ঠক, খল, প্রতারক।
ছুতা, ব্যাজ, ছল; উপলক্ষ; ওজোর।
ছুৎ, মারী, মরক।
ছুপ, ক্ষুপ; স্পর্শন; চপল; যুদ্ধ।
ছুপন, চাপন; ধারণ, আক্রমণ।
ছুরা, সুধা; চূর্ণ, গুঁড়া। [কৃপাণিকা।
ছুরিকা, ছুরী, অস্ত্রবিশেষ, অসিপুত্রী,
ছুরিত, খচিত; জড়িত; ছিন্ন।
ছুরী, অস্ত্রবিশেষ, ছুরিকা, অসিপুত্রী।
ছুলী, রোগ বিশেষ, কচ্ছু।
ছুহারা, খর্জ্জুর বিশেষ।
ছেঁই, ঘৃণা বা অবজ্ঞা বোধক শব্দ, অপমান, বা হেয়তা বাচক।
ছেঁক, অন্তর, বিরাম, বিচ্ছেদ, নিবৃত্তি।
ছেঁক্‌চি, ঈষৎ ভৃষ্ট।
ছেঁচন, সেচন, অভিষেক, ক্ষালন।
ছেঁচ্‌ড়া, নির্লজ্জ, অনপত্রপ; বেহায়া, দুষ্ট।
ছেচ্‌ড়ামি, দুষ্টতা; নীচতা; শঠতা।
ছেঁদা, ছিদ্র, রন্ধ্র, গর্ত্ত। [তাপন।
ছেক, গৃহাসক্ত পক্ষি মৃগ, অগ্নিদ্বারা

ছেকোক্তি, বক্রোক্তি, পরিহাস, ব্যঙ্গ।
ছেদ, ছেদন ; খণ্ড, বিভাগ।
ছেদন, অস্ত্রদ্বারা দ্বিধাকরণ ; কর্ত্তন, ভেদন, কাটন।
ছেদি, ছেদন কর্ত্তা, ছেদক।
ছেদিত, ছিন্ন, ছেঁড়া, কাটা। [আমিক্ষা
ছেনা, শাবক, বৎস ; দুগ্ধবিকার,
ছেপ, নিষ্ঠীবন, থুথু, থুক।
ছেমণ্ড, পিতৃহীন, ছেমড়া।
ছেলিয়া, বালক, শিশু ; ছেলে।
ছেলিয়াম, বালকত্ব, শিশুবৎ ব্যবহার।
ছেলী, মৃগের গাত্রচিহ্ন। [চিহ্নিত।
ছেলীগড়া, চিত্রিত, বিচিত্র, নানাবর্ণ,
ছোঁঅন, স্পর্শন, গ্রহণ, সংযুক্ত করণ।
ছোঁচান, জলশৌচ করণ।
ছোকরা, কিঞ্চিদ্বয়ঃস্থ বালক ; শিশু।
ছোট, ক্ষুদ্র, লঘু, খাট, অল্প ; কনিষ্ঠ ; তুচ্ছ, নীচ।
ছোটন, দ্রুতগমন, শীঘ্রগতি, দৌড়ান।
ছোট মা, কনিষ্ঠমাতা, বিমাতা ; লক্ষ্মী সম্পত্তি।
ছোটিকা, তর্জ্জনী ও অঙ্গুষ্ঠ অঙ্গুলির ধ্বনি।
ছোটী, কৈবর্ত্ত, দাস, ধীবর।
ছোড়ন, ছোরণ, পরিত্যাগ, বর্জ্জন।
ছোড়ান্, তালার, কাঠী, কুঞ্চিকা।
ছোপ, বস্ত্রাদিতে চিহ্ন, দাগ, অঙ্ক।
ছোপান, বস্ত্রাঙ্কন, চিহ্নকরণ।
ছোবড়া, নারিকেলাদির ছাল, ছোল, খোষা, ছিলকা।
ছোরা, ছুরিকা, যমধার, ছুরী।
ছোল, ত্বক, বল্কল, ছাল।
ছোলঙ্গ, নিম্বুবিশেষ, মাতুলুঙ্গ নেবু, টাবা লেবু।
ছোলন, ত্বচাদির উত্তোলন, ছাল-তোলন, ছালছাড়ান।
ছোলা, চণক, ত্বক নির্ম্মুক্ত।
ছ্য, তুচ্ছবাক্য, হেয়জ্ঞান, সামান্য শব্দ।

জ

জ, জকার, ব্যঞ্জনের অষ্টম অক্ষর, চবর্গের তৃতীয় বর্ণ।
জকুট, বার্ত্তাকু পুষ্প, বেগুন ফুল ; মলয়পর্ব্বত ; কুক্কুর।
জগচ্চক্ষু, সূর্য্য, রবি, ভানু, দিবাকর।
জগতী, ব্রহ্মাণ্ড, জন ; ছন্দোবিশেষ।
জগৎ, বিশ্ব, ব্রহ্মাণ্ড ; বায়ু ; জঙ্গম।
জগৎকর্ত্তা, ব্রহ্মা, বিধাতা, সৃষ্টিকর্ত্তা।
জগৎপ্রাণ, বায়ু, অনিল, বাত।
জগৎসাক্ষী, সূর্য্য, দিনমণি, ভাস্কর।
জগদম্বা, জগতের জননী, দুর্গা।
জগদাধার, বায়ু ; জগতের আশ্রয়।
জগদীশ, জগতের কর্ত্তা, জগতের-প্রভু ; বিষ্ণু, নারায়ণ, শ্রীকৃষ্ণ।
জগদ্গৌরী, মনসাদেবী, বিষহরী।
জগদ্যোনি, জগতের উৎপাদক, শিব ; বিষ্ণু ; ব্রহ্মা ; পৃথিবী।
জগদ্বল, বায়ু, পবন, বাতাস।
জগদ্বহা, পৃথিবী, পৃথ্বী, ধরণী, ধরা।
জগদ্বিনাশ, যুগান্ত, প্রলয়।
জগন্নাথ, জগতের স্বামী, বিষ্ণু, পুরুষোত্তম ক্ষেত্র।
জগন্নু, অগ্নি, অনল, বহ্নি ; জন্তু।
জগর, কবচ, বর্ম্ম, সাঁজোয়া।
জগল, সুরাকল্ক, মেয়া, মদের গোড়া ; ময়নাগাছ ; ধূর্ত্ত ; গোময়।
জগত, স্থান, ভূমি।
জগ্ধ, ভুক্ত, ভক্ষিত, খাদিত।
জগ্ধি, ভোজন, ভক্ষণ, অশন, অদন।
জঘন, স্ত্রীলোকের কটির অগ্রভাগ, কটি ; উরুস্থল, বংক্ষণ।
জঘন্য, চরম, গর্হিত, অধম, নীচ, মেহন ; শূদ্র।
জঘন্যজ, শূদ্র ; কনিষ্ঠ।
জঘ্নু, হন্তা, হননকর্ত্তা, বধকারী।
জঙ্গম, অস্থাবর, গতিশক্তি বিশিষ্ট,

চরিষ্ণু, চলনশীল।
জঙ্গমকুটী, ছত্র, আতপত্র, ছাতী।
জঙ্গল, নির্বারিদেশ ; নির্জন স্থান ; ক্ষুদ্র২ বৃক্ষাকীর্ণ স্থান, বন, অরণ্য।
জঙ্গলাট, পতিত ; বনময়, বন্য।
জঙ্গলিয়া, বন্য ; অরণ্যোদ্ভব।
জঙ্গলী, বন্য, আরণ্য।
জঙ্গাল, রোধবিশেষ, আলি, জাঙ্গাল, পঙ্কার, পগার, সেতু।
জঙ্গুল, বিষ, হলাহল, গরল।
জঙ্ঘা, গুলফের ঊর্দ্ধ জানুর অধোভাগ, প্রসৃত, জাঙ। [গামী।
জঙ্ঘাকরিক, ধাবক, দ্রুতগামী, শীঘ্র-
জঙ্ঘাল, অতিবেগবান্, শীঘ্রগামী, অতিজব ; হরিণ, কুরঙ্গ।
জঙ্ঘিয়া, জানু ; আচ্ছাদক বস্ত্র।
জঞ্জপূক, পুনঃপুন জপকর্ত্তা, সর্ব্বদা জাপক।
জঞ্জাল, অবস্কর, আবর্জনা, ওঁচলা ; উৎপাত, ঝন্‌ঝাট। [ঝন্‌ঝাটিকা।
জঞ্জালিয়া, ওঁচলাযুক্ত ; উৎপাতীয় ;
জট, সংহত কেশ, জটা।
জটলা, জনতা, লোকসমূহ।
জটা, লগ্নকেশ, সংহতকেশ ; শটা ; জটামাংসী নামে ওষধি বিশেষ ; আলকুশী।
জটাজুট, জটাসমূহ, সংহত বহু কেশ।
জটাজ্বাল, প্রদীপ, দীপ।
জটাটঙ্ক, শিব, মহেশ, মহাদেব, শূলপাণি, পিনাক ধৃক্।
জটাটীর, শিব, মহাদেব, ত্রিলোচন।
জটাধর, মহাদেব ; জটাযুক্ত ; অভিধান ভঙ্গকার।
জটাবল্লী, রুদ্রজটা ; গন্ধমাংসী নামে ওষধি বিশেষ। [দ্রব্য বিশেষ।
জটামাংসী, ওষধি বিশেষ, সুগন্ধি
জটায়ুঃ, স্বনাম খ্যাত পক্ষি বিশেষ ; সম্পাতি পক্ষির অনুজ ; দশরথ রাজার সখা ; গুগগুলু।

জটাল, জটাযুক্ত ; বট ; গুগগুলু।
জটি, পাকুড়গাছ ; জটা ; সমূহ, সকল।
জটিয়া, জটিল, জটাধারী, জটাবিশিষ্ট। [কেশরী।
জটিল, জটাযুক্ত, জটিয়া, সিংহ,
জটিলা, রাধিকার শ্বশ্রূ ; জটামাংসী ; পিপ্পলী ; বচ।
জটী, পর্কটীবৃক্ষ, পাকুড় গাছ, জটাবিশিষ্ট ; জটামাংসী। [বিশেষ।
জটুল, জড়ুক, জরুড়, শরীরের চিহ্ন
জঠর, উদর, পেট ; বদ্ধ, কঠিন।
জঠরনুৎ, আরগ্বধ বৃক্ষ, সোঁদালি গাছ।
জঠরাগ্নি, উদরানল, ক্ষুধা বুভুক্ষা।
জঠরানল, উদরাগ্নি ; বুভুক্ষা, ক্ষুধা।
জঠরাময়, জলোদর রোগ, জলোদরী।
জড়, মূক ; মূঢ়, অপ্রজ্ঞ ; হিমগ্রস্ত, মূল, গোড়া।
জড়ক্রিয়, দীর্ঘসূত্রী, অলস, চিরক্রিয়।
জড়তা, জাড্য, স্তৈমিত্য, অপাটব ; বিরহদুঃখেতে জীবনমাত্রস্থিতি।
জড়া, শূকশিম্বী, শূয়াশিম ; ভূমি আমলকী।
জড়াও, খচিত, মণ্ডিত, সংলগ্ন।
জড়ান, বেষ্টন, ঘেরণ ; মোড়ান ; বাঁধন।
জড়িত, বেষ্টিত, আবৃত ; আকীর্ণ ; ব্যাপ্ত ; সঙ্কুচিত ; ঘন, অস্পষ্ট।
জড়িবট্টী, ঔষধ, ভেষজ, মূলবটী, শিকড় বড়ী।
জড়িমা, জড়তা ; মূঢ়তা ; অবসন্নতা।
জড়ীভূত, ঘনীভূত ; অবশ ; জমাট।
জড়ুল, দেহ স্থিত তিলক, জরুড়।
জড়জড়িয়া, আঠাল, আঠাবৎ, আর্দ্র।
জতু, বৃক্ষনির্যাস বিশেষ, জৌ ; লাক্ষা ; লা ; অলক্ত, যাব।
জতুক, হিঙ্গু, হিং ; লাক্ষা, লা ; দেহস্থিত তিল, জরুড।
জতুকা, জনী নাম গন্ধদ্রব্য বিশেষ ;

চর্ম্মচটিকা, চামচিকা ; লতা বিশেষ ; জৌ, লা।
জতুনী, চর্ম্মচটিকা, চামচিকা।
জতুপুত্রক, পাশগুটিকা, পাশার ঘুঁটী।
জতুমণি, ক্ষুদ্র রোগবিশেষ, জড়ুল।
জতুরস, অলক্তক, আল্তা, লাক্ষা, লা।
জত্রু, স্কন্ধসন্ধি, পাখুরা, কাঁধের জোড়।
জত্বশ্মক, শিলাজতু।
জন, লোক, ব্যক্তি ; মহর্লোক হইতে ঊর্দ্ধ লোক, পামর।
জনক, পিতা, জন্মদাতা, উৎপাদক ; রাজাবিশেষ, মিথিলাধিপতি।
জনকতনয়া, সীতা, বৈদেহী, মৈথিলী।
জনকনন্দিনী, সীতা, জানকী, মৈথিলী।
জনকসুতা, সীতা, বৈদেহী, মৈথিলী।
জনকাত্মজা, সীতা, জানকী, বৈদেহী।
জনকারী, অলক্তক, লাক্ষা, লা, জৌ।
জনঙ্গম, চাণ্ডাল, অন্ত্যাবসায়ী, চাঁড়াল।
জনতা, লোকসমূহ, জনচয়, সংঘট্ট।
জনন, বংশ, জন্ম, উৎপত্তি।
জননী, অম্বা, মাতা ; দয়া ; চর্ম্মচটিকা, মঞ্জিষ্ঠা ; জটামাংসী। [লোক।
জনপদ, দেশ, জনস্থান, বসতিস্থান,
জনপ্রবাদ, লোকাপবাদ, বিগান, বচনীয়তা, নিন্দা।
জনপ্রিয়, লোকানুমত, জনবল্লভ ; ধন্যাক, ধন্যা, শোভাঞ্জন বৃক্ষ।
জনবাদ, লোকাপবাদ, বিগান, অখ্যাতি, নিন্দা, বচনীয়তা।
জনমানব, কোন লোক, কোন মনুষ্য।
জনমেজয়, পরীক্ষিত রাজপুত্র, পারীক্ষিত ; পুরুরাজ পুত্র।
জনয়িতা, পিতা, তাত, জনক।
জনয়িত্রী, মাতা, জননী।
জনরব, লোকবাদ, জনবাদ, জনশ্রুতি ; গল্প, খ্যাতি।
জনলোক, মহর্লোকোপরি ভুবন, ধার্ম্মিক লোকের আবাস বিশেষ।
জনশ্রুতি, সত্য কিম্বা অসত্য লোকাপবাদ, কিম্বদন্তী, জনরব।
জনস্থান, দণ্ডকারণ্য ; দণ্ডকারণ্যসমীপ বর্ত্তি স্থান বিশেষ।
জন, উৎপত্তি, উদ্ভব, জনন।
জনান্ত, দেশ ; প্রদেশ, জেলা, চাকলা।
জনান্তিক, অপ্রকাশ, গোপন।
জনার্দ্দন, বিষ্ণু, নারায়ণ, হরি।
জনাশন, বৃক, নেকড়িয়া বাঘ।
জনাশ্রয়, মণ্ডপ ; গৃহ, গেহ।
জনি, উৎপত্তি, জন্ম, নারী ; গন্ধদ্রব্য বিশেষ।
জনিকা, স্নুষা, পুত্রবধূ ; জননকর্ত্রী।
জনিত, উৎপাদিত ; জাত ; প্রযুক্ত।
জনিতা, পিতা, তাত, জনক।
জনিত্রী, মাতা, জননী, মা।
জনিমা, জন্ম, উৎপত্তি, উদ্ভব।
জনী, সীমন্তিনী ; বধূ ; উৎপত্তি, লাক্ষা ; জটামাংসী।
জনু, জন্ম, উৎপত্তি, উদ্ভব, জনন।
জনেষ্টা, হরিদ্রা ; জাতিপুষ্প ; জতুক, জৌ, লাক্ষা, লা।
জনোদাহরণ, যশঃ, কীর্ত্তি, খ্যাতি।
জনৌ, জনরক্ষক, লোকপালক।
জন্তু, প্রাণী, জীবী, শরীরী।
জন্তুকম্বু, কৃমিশঙ্খ, শামূক, শম্বুক।
জন্তুকা, নাড়ীহিঙ্গু, নাড়ীহিং ; লাক্ষা, লা, জৌ। [দাড়িম্ব।
জন্তুঘ্ন, বিড়ঙ্গ ; হিঙ্গু, হিং, বীজপূর,
জন্তুনাশন, হিঙ্গু, হিং।
জন্তুফল, উডুম্বর, যজ্ঞডুম্বুর।
জন্তুলা, কাশতৃণ, কেশে।
জন্ম, আদ্যক্ষণ সম্বন্ধ ; উৎপত্তি, জনু, জনন, উদ্ভব।
জন্মকীল, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
জন্মগত, জন্মসম্বন্ধীয় ; স্বাভাবিক।
জন্মদ, পিতা, জন্মদাতা, জনক, তাত।
জন্মফের, মূর্ত্ত্যন্তর, পুনর্জন্ম।
জন্মবর্ত্ম, যোনি, ভগ, অপত্য পথ।
জন্মশোধ, জীবধর্ম্ম সমাপন ; মরণ ;

জননাভাব।

জন্মান, জন্মদেওন, জন্মপ্রাপণ, উৎপাদন, সৃজন, উৎপন্ন করণ।

জন্মান্তর, অন্যজন্ম, ভবান্তর; দেহান্তর। [বধির দৃষ্টিহীন।

জন্মান্ধ, আজন্ম নয়ন বিহীন, জন্মা-

জন্মাষ্টমী, শ্রীকৃষ্ণের জন্মতিথি, শ্রাবণের অথবা ভাদ্রের কৃষ্ণাষ্টমী।

জন্মী, প্রাণী, জীবী, শরীরী।

জন্মেজয়- জনমেজয়, পরীক্ষিত রাজপুত্র, পারীক্ষিত।

জন্য, উৎপাদ্য; হেতু, কারণ; জনক; হট্ট, পরীবাদ; সংগ্রাম।

জন্যা, মাতৃ বয়স্যা; প্রীতি।

জন্যু, জন্তু, প্রাণী, শরীরী; অগ্নি, অনল, বহ্নি, বিধাতা।

জন্যে, কারণ, হেতু, নিমিত্ত।

জপ, পুনঃ২ কথন; মন্ত্রোচ্চারণ; দেবনাম স্মরণ।

জপগুটী, জপমালা, জপসংখ্যা অবধারণ নিমিত্ত ক্ষুদ্র বটিকাদি।

জপন, দেবনামোচ্চারণ, মন্ত্রউচ্চারণ, জপকরণ, স্মরণ করণ।

জপপরায়ণ, জপাসক্ত, জাপক, জপনশীল, জপবিশিষ্ট।

জপবটী, জপমালা, জপগুটী, করমালা।

জপা, জবাবৃক্ষ, জবাফুলের গাছ; জপিত, জপন।

জব, বেগ, বেগবৎ; শীঘ্রতা।

জবন, বেগ; বেগযুক্ত অশ্ব; বেগবিশিষ্ট; দেশবিশেষ; মুনিবিশেষ; ঘোটক; ম্লেচ্ছজাতি বিশেষ, মুসলমান।

জবনাল, ফলবিশেষ, জনার, মক্কা।

জবনিকা, ব্যবধায়ক বস্ত্র, কানাৎ, তিরস্করিণী, যবনিকা।

জবনী, অপটী, বস্ত্র বেষ্টন, কানাৎ; ওষধী বিশেষ, জোয়ান।

জবস, ঘাস, তৃণ। [পুষ্পী।

জবা, পুষ্পবিশেষ, জপাফুল, রক্ত-

জবাদি, সুগন্ধি দ্রব্যবিশেষ।

জবাধিক, বেগাধিক ঘোটক; অতিশয় বেগযুক্ত, প্রবল বেগবান্।

জবাপুষ্প, রক্তবর্ণ পুষ্পবিশেষ; ওড্রপুষ্প, ওড়ফুল।

জবী, বেগযুক্ত, বেগবান; উষ্ট্র, উট; ঘোটক, ঘোড়া।

জমক, প্রাগল্‌ভ্য, আড়ম্বর, দ্বন্দ্ব, যুগ্ম।

জমজ, যমজ, যুগল, যুগ্ম, যোড়া।

জমদগ্নি, যমদগ্নিমুনি, ভৃগুবংশোদ্ভব ঋচীকমুনি পুত্র, পরশুরাম পিতা।

জমন, অদন, ভোজন, ভক্ষণ, অশন, খাদন।

জম্পতী, দম্পতী, জায়াপতী, স্ত্রীস্বামী।

জম্বাল, পঙ্ক, কর্দ্দম; শৈবাল, শেওলা; কেতক বৃক্ষ।

জম্বালিনী, নদী, সরিৎ, তটিনী, হ্রদিনী।

জম্বির, জম্বীর, ফলবিশেষ, জামির, লেবু।

জম্বীর, ফলবিশেষ, জামীর লেবু।

জম্বু, জম্বুফল, জাম্বব, জাম।

জম্বুক, শৃগাল; বরুণ; বৃক্ষবিশেষ, গোলাপ জাম; নীচ।

জম্বুদ্বীপ, পৃথিবীর সপ্তদ্বীপের অন্তর্গত দ্বীপবিশেষ, ভারতবর্ষ।

জম্বুবনজ, শ্বেতজবাপুষ্প, শাদাজবা।

জম্বুল, জম্বুবৃক্ষ, জামগাছ; কেতকবৃক্ষ।

জম্বূ, বৃক্ষবিশেষ, জামগাছ। [বৃক্ষ।

জম্বল, জম্বুবৃক্ষ, জামগাছ; কেতক-

জম্বলমালিকা, কন্যাবরের মুখচন্দ্রিকা।

জম্ভ, দৈত্যবিশেষ, দম্ভ; জম্বীর, লেবু; ভক্ষণ; অংশ; হনু; তূণ।

জম্ভক, জম্বীর, জামির, লেবু।

জম্ভকা, জৃম্ভা, হাই।

জম্ভন, মৈথুন, সঙ্গম, রতিক্রিয়া।

জম্ভভেদী, ইন্দ্র, শক্র, দেবরাজ, সুরপতি।

জম্ভর, জম্বীর, জামীর, লেবু।
জম্ভল, জম্বীর, জামির, লেবু; বৃক্ষ-দেব বিশেষ।
জম্ভলা, রাক্ষসীবিশেষ।
জম্ভা, জৃম্ভা, হাই।
জম্ভারি, অগ্নি, বহ্নি, বজ্র, ইন্দ্র।
জম্ভী, জম্বীর, জামির, লেবু।
জয়, শক্রপরাঙ্মুখী করণ, পরাভব-করা, বিজয়। [ধ্বনি, জয়শব্দ।
জয়কোলাহল, পাশকবিশেষ; জয়-
জয়ঢক্ক, বাদ্যবিশেষ, জয়ঢাক।
জয়ন্ত্রী জয়িন্ত্রী, জাতিপুষ্প।
জয়দত্ত, ইন্দ্রের পুত্র, ইন্দ্রসুত।
জয়ন, জয়; শক্রর পরাভব করণ।
জয়নী, ইন্দ্রের কন্যা, ইন্দ্রসুতা।
জয়ন্ত, ইন্দ্রপুত্র, পাকশাসনি, ঐন্দ্রি; শিব, চন্দ্র; ভীম।
জয়ন্তিকা, হরিদ্রা, হলুদ।
জয়ন্তী, গোরা; ইন্দ্রপুত্রী; পতাকা, বৃক্ষবিশেষ; যোগবিশেষ।
জয়পত্র, অশ্বমেধীয় যজ্ঞীয়ঘোটকের-কপালে বদ্ধলিপি, বিবাদ বিষয়ে-জয়বোধক লিপি, ডিক্রি।
জয়পাল, বিধি, বিষ্ণু; ভূপাল, বৃক্ষ-বিশেষ; যোগবিশেষ।
জয়পুত্রক, পাশকবিশেষ।
জয়বাহিনী, শচী, ইন্দ্রাণী, ইন্দ্রপত্নী।
জয়মঙ্গল, রাজবাহ্য হস্তী; জ্বরনাশক ওষধিবিশেষ, ব্রতবিশেষ।
জয়া, দুর্গা; জয়ন্ত বৃক্ষ; তিথিবিশেষ, তৃতীয়াষ্টমী ত্রয়োদশী; হরীতকী; দুর্গার সখী; নীলদূর্বা, পতাকা বিশেষ।
জয়িত্রী, জয়কারিণী জতি ফলের ছাল।
জয়িনী, জয়কারিণী, পরাভবকর্ত্রী।
জয়ী, জয়যুক্ত, বিজয়ী, জেতা।
জয্য, জয়শক্ত; জয়করণযোগ্য; জয়-বিশিষ্ট। [বস্থা।
জর, বার্দ্ধক্য, বুড়ামি, জীর্ণতা, বৃদ্ধা-
জরণ, হিঙ্গু, হিং; কুষ্ঠওষধি, কুড়; জীর্ণ, বৃদ্ধ; জীরক, জীরা; কৃষ্ণ জীরক, কেলেজীরা।
জরণা, কৃষ্ণজীরক, কেলেজীরা।
জরতী, বৃদ্ধা, প্রাচীনা, বুড়ী।
জরৎ, বৃদ্ধ, প্রাচীন; পুরাতন; জীর্ণ।
জরৎকারু, মুনিবিশেষ; মনসাদেবী।
জরৎকারুপ্রিয়া, মনসাদেবী, বিষহরী।
জরদ্গব, জীর্ণবৃষ, বৃদ্ধবলীবর্দ্দ, বৃদ্ধোক্ষ।
জরন, বৃদ্ধ, জীর্ণ, প্রাচীন, বুড়া।
জরন্ত, মহিষ; বৃদ্ধ।
জরা, অধিক বয়ঃক্রম দ্বারা শরীরের শ্লথমাংস পক্ব কেশাদি; বৃদ্ধাবস্থা, শেষাবস্থা, জীর্ণতা; ক্ষারিকা বৃক্ষ, ক্ষীরাই, রাক্ষসীবিশেষ।
জরাণ, জীর্ণকরণ, পাককরা।
জরাতুর, জীর্ণ, জরারোগগ্রস্ত।
জরাভীরু, জরাভয়শীল, জরাভয়বি-শিষ্ট; কামদেব।
জরায়ুঃ, গর্ভবেষ্টন চর্ম্ম, আঁওল, গর্ভাশয়; অগ্নিজার বৃক্ষ।
জরায়ুজ, গর্ভাশয়জাত, মনুষ্য গবাদি।
জরাসন্ধ, চন্দ্রবংশীয় রাজা বিশেষ, বৃহদ্রথ রাজপুত্র। [সেন।
জরাসন্ধজিৎ, ভীম, বৃকোদর, ভীম-
জরী, বৃদ্ধ, জীর্ণ, প্রাচীন।
জরু, ভার্য্যা, স্ত্রী, পত্নী, দার।
জরূথ, মাংস, পল, পিশিত।
জর্জ্জর, জরাতুর, জীর্ণ; শৈলজ নামে-ওষধি বিশেষ।
জর্জ্জরীক, বহুচ্ছিদ্র দ্রব্য, ঝাঁঝরা, জীর্ণ, জরাতুর।
জর্ণ, চন্দ্র, বৃক্ষ, জীর্ণ।
জর্ত্তিল, বনজাত তিল, বনতিল।
জর্ত্তু, ভগ, যোনি, হস্তী, হাতী।
জর্ত্তিল, অরণ্যতিল, বনতিল।
জল, পঞ্চভূতের অন্তর্গত ভূতবিশেষ, অপ, বারি, সলিল, জড়, হিতাহিত-বিবেক বিহীন।

জলই, নৌকাবদ্ধ লৌহ ; গজাল, প্রেক। [কুম্ভীর, কুমীর।
জলকণ্টক, পানীফল, শৃঙ্গাড়া ; নক্র,
জলকপি, শিশুমার, শুশুক।
জলকরঙ্ক, নারিকেল ফল ; পদ্মপুষ্প ; বারিজ, শঙ্খ, শাঁখ ; মেঘ।
জলকষ্ট, জলাভাব ; অল্প জল।
জলকাক, পক্ষিবিশেষ, পানিকৌড়ি।
জলকাঙ্ক্ষ, হস্তী, করী, দন্তী, হাতী।
জলকাঙ্ক্ষী, জলাভিলাষী ; হস্তী।
জলকান্তার, বরুণ, জলাধিষ্ঠাতৃ দেব।
জলকিরাট, হিংস্রজলজন্তু, গ্রাহ, নক্র, হাঙ্গর কুম্ভীর প্রভৃতি।
জলকুক্কুটী, গঙ্গাচিল্লা, গাংচিল।
জলকুক্কুভ, জলচর পক্ষি বিশেষ, কোড়াপাখি।
জলকুন্তল, শৈবাল, শেওলা।
জলকূপী, কূপ, গর্ত্ত ; পুষ্করিণী।
জলকূর্ম্ম, শিশুমার, শুশুক।
জলকেশ, শৈবাল, শেওলা।
জলক্রীড়া, নদ্যাদিতে সখিদের সহিত জলনিঃক্ষেপ রূপ খেলা। [জোল।
জলগণ্ড, জলপ্লাবিত স্থান, ডুবা স্থান,
জলগুল্ম, জলের ঘূর্ণা, জলাবর্ত্ত ; কূর্ম্ম, কচ্ছপ। [মার্যা, শ্বপচ।
জলঙ্গম, চাণ্ডাল, চাঁড়াল, অন্ত্যাব-
জলচর, জলচারী ; মৎস্য ; জলজন্তু।
জলচারী, মৎস্য ; জলজন্তু।
জলছত্র, প্রপা ; জলটুঙ্গী ; পথিকদিগের জলদান স্থান।
জলজ, পদ্ম ; শঙ্খ ; মৎস্য ; জলজাত।
জলজন্তু, জলজাত প্রাণী, জলচর।
জলজন্তুক, জলৌকা, জোঁক।
জলজন্ম, পদ্ম ; পঙ্কজ ; শঙ্খ। [জাম।
জলজম্বুকা, ক্ষুদ্রজম্ব ; ভুঁইজাম, বন-
জলজিহ্ব, নক্র, কুম্ভীর, কুমীর।
•জলডিম্ব, শম্বুক, শামুক।
জলতরঙ্গ, ঊর্ম্মি, বীচি, ঢেউ।

জলতাপিক, ইল্লীশমৎস্য, ইলীশমাছ ; কাকচী মৎস্য।
জলতাপী, ইল্লীশমৎস্য, ইলীশমাছ।
জলত্রা, ছত্র, আতপত্র, ছাতী।
জলদ, মেঘ, জলধর ; জলদান কর্ত্তা ; মুস্তক, মুতা।
জলদাগম, বর্ষাকাল, প্রাবৃটকাল।
জলদাশন, বৃক্ষ বিশেষ, শালবৃক্ষ, শাল গাছ।
জলদোষ, জলবিকার জন্য পীড়া ; কোষবৃদ্ধি রোগ। [ধারী।
জলধর, মেঘ ; মুস্তক, সমুদ্র ; জল-
জলধি, সমুদ্র, সাগর ; দশশঙ্কু সঙ্খ্যা, শতলক্ষ কোটি।
জলধিগ, সরিৎ, নদী, তটিনী, হ্রদিনী।
জলধিজা, লক্ষ্মী, কমলা, রমা।
জলনকুল, জলজন্তুবিশেষ, ধাড়িয়া, উদ্‌বিড়াল, জলমার্জ্জার।
জলনিধি, সমুদ্র, বারিধি, সাগর।
জলনির্গম, প্রাচীর ও গৃহের ভিত্তি ইত্যাদিতে জলনিঃসারণ পথ, দেব গৃহ প্রাকারাদিতে জলনিঃসারণ দ্বার।
জলনীলী, শৈবাল, শেওলা।
জলন্ধর, অসুর বিশেষ।
জলপতি, বরুণ ; সমুদ্র।
জলপথ, নৌকাদিতে গমন ; জলনির্গমের বর্ত্ম, পয়নাল, নর্দ্দমা।
জলপান, অন্ন ব্যতিরিক্ত ভোজন ; জলাহার। [পোত।
জলপারাবত, পক্ষিবিশেষ, জল ক-
জলপিত্ত, অগ্নি, বহ্নি, অনল।
জলপৃষ্ঠজা, শৈবাল, শেওলা।
জলপ্রায়, জলবহুল স্থান, জলময় দেশ, জলা, অনূপ দেশ।
জলপ্রিয়, চাতকপক্ষী ; মৎস্য।
জলপুর, জলনকুল, উদ্‌বিড়াল।
জলফল, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।

জলবঙ্ক, মৎস্য, মীন, মাছ।
জলবন্ধ, জলমধ্যগত স্রোতের ভেদকারক দারু শিলাদি। [বসন্ত।
জলবরণ্ট, জলব্রণ, জলবসন্ত, পানী-
জলবল্কল, কুম্ভিকা, পানা। [ফল।
জলবল্লী, শৃঙ্গাটক, শিঙ্গাড়া পানী
জলবায়স, মদ্গুপক্ষী, পানিকৌড়ী, জলকাক। [মিনী।
জলবালিক, বিদ্যুৎ, তড়িৎ, সৌদা-
জলবাহ, মেঘ, জলদ, জলধর।
জলবিড়াল, জলমার্জ্জার, উদবিড়াল।
জলবিম্ব, কর্কট, কাঁকড়া, অর্দ্ধচন্দ্র, চাতর জল।
জলবিষুব, তুলাসংক্রান্তি।
জলবুদ্বুদ, জলবিম্ব, জলকণা।
জলবৃশ্চিক, চিঙ্গট মৎস্য, চিংড়ী মাছ [জলজন্তু।
জলব্যাল, অলগর্দ্দ সর্প, জলকন্যা-
জলব্রাহ্মী, হিঞ্চেমোচী, হিঞ্চে শাক।
জলভরণীয়, জলপূর্ণ নৌকাদি, যাহাতে জল উঠে।
জলভৃৎ, মেঘ, নীরদ, বারিধর।
জলমদ্গু, মৎস্যরঙ্গ পক্ষী, মাছরাঙ্গা পাখী। [মহুআ।
জলমধূক, মধূক বৃক্ষ বিশেষ, জল-
জলমসি, মেঘ, বারিদ, ঘন।
জলমক্ষিকা, বারিকৃমি, জলের পোকা।
জলমানুষ, জলজাত মনুষ্য; ভূ জল উভয়চারী জন্তুবিশেষ।
জলমার্গ, প্রণালী, নর্দ্দমা, পয়নালা।
জলমার্জ্জার, জলবিড়াল, উদবিড়াল, ধাড়িয়া।
জলমুক্, মেঘ, জলধর, বারিদ।
জলমূর্ত্তিকা, করকা, বর্ষোপল, শিল।
জলমোদ, উশীর, বীরণমূল, বেণার-মূল। [ফোআরা।
জলযন্ত্র, জলোত্তোলনের কল, জলের
জলযন্ত্রগৃহ, জলমধ্য কৃত গৃহ, জল-টুঙ্গি, ফোআরার ঘর।

জলযোগ, অন্নভিন্ন কিঞ্চিৎ আহার, জলপান।
জলরঙ্ক, ক্রৌঞ্চপক্ষী, বকপক্ষী।
জলরঙ্কু, দাত্যূহপক্ষী, পানিকৌড়ী।
জলরঙ্গ, বকপক্ষী, ক্রৌঞ্চপক্ষী।
জলরণ্ড, জলাবর্ত্ত, জলের ঘূর্ণা, জলকণা, সর্প, ভুজঙ্গম।
জলরস, লবণ, লুণ।
জলরুহ, পদ্ম, কমল, পঙ্কজ।
জললতা, তরঙ্গ, বীচি, ঢেউ।
জলশয়ন, জলশায়ী, বিষ্ণু, নারায়ণ।
জলশুক্তি, শম্বুক, শামুক, জলসাপী, কৃমিশুক্তি, ক্ষুদ্রশুক্তিকা, ক্ষুদ্রশম্বুক, ছোট শামুক।
জলশূক, শৈবাল, শেওলা।
জলশূকর, কুম্ভীর, নক্র, কুমীর।
জলসত্র, জলদান স্থান, জলছত্র।
জলসর্পিণী, জলৌকা, জোঁক।
জলসূচি, কঙ্কত্রোট মৎস্য, পানফল, জলৌকা, জোঁক।
জলস্থা, গণ্ডদূর্ব্বা, গেঁটে দূর্ব্বা।
জলহ, স্বল্পজলযন্ত্র গৃহ।
জলহর, পুষ্করিণী, খাত, জলাশয়।
জলহর্ত্তা, নক্র, কুম্ভীর, কুমীর।
জলহাস, সমুদ্র ফেন।
জলা, জলপ্লাবিত স্থান, জলময় ভূমি।
জলাকর, নৌকাবন্ধ লৌহ, জলাই, জলস্থান।
জলাকা, জলৌকা, জোঁক।
জলাখু, জলনকুল, উদবিড়াল।
জলাঞ্চল, বারিনির্গম, শৈবাল, শেওলা। [বিসর্জ্জন।
জলাঞ্জলি, তর্পণ; করপুটে গৃহীত জল,
জলাটনী, জলৌকা, জোঁক।
জলাম্বিকা, জলৌকা, জোঁক।
জলাধার, জলাশয়, পুষ্করিণী, জলপাত্র। [নক্ষত্র।
জলাধিদৈবত, বরুণ; পূর্ব্বাষাঢ়া-
জলাবর্ত্ত, জলগুল্ম, জলের ঘূর্ণা।

জলাম্বু, গর্ভপুষ্প, জরায়ু ফুল, রজঃ।
জলায়ুকা, জলৌকা, জোঁক।
জলার্দ্র, আর্দ্রবস্ত্র, ক্লিন্ন বসন, ভিজা কাপড়। [সমুদ্র।
জলার্ণব, বর্ষাকাল, প্রাবৃটকাল, জল
জলালুক, পদ্মকন্দ, পদ্মের গেঁড়ু।
জলালুক, জলোকা, জোঁক।
জলাশয়, জলাধার, পুষ্করিণী, সমুদ্র, উশীর, বেনার মূল, পানীয় ফল।
জলাষ্ঠীল, পুষ্করিণী, তড়াগ
জলাহ্বয়, উৎপল, কহ্লার, হেল নামক পুষ্প।
জলিক, জলৌক, জোঁক
জলাবী, মিষ্টান্ন বিশেষ
জলুক, জলৌক, জোঁক।
জলুণ, জলন, জলজন্তু, বিশেষ আশ্যাদ জল।
জলেচর, জলচর পক্ষী, হংস প্রভৃতি
জলেজা, পদ্ম, পঙ্কজ, কমল
জলেন্দ্র, বরুণ, সমুদ্র
জলেন্ধন, বাড়বাগ্নি, বড়বানল।
জলেশয়, মৎস্য, মীন, মাছ
জলেশ্বর, জলাধিপতি, বরুণ, সমুদ্র।
জলোকা, জলোকা, জোঁক।
জলোচ্ছ্বাস, পরিপূর্ণ জলাশয় হইতে সমধিক জলের বহন, মোহানা।
জলোদর, রোগবিশেষ, জলোদরী রোগ।
জলোরগী, জলৌক, জোঁক।
জলজল, উজ্জ্বল, চকচক।
জলজলাট, চাকচক্য, উজ্জ্বলত, শোভা, দীপ্তি।
জল্প, বিজিগীষুর কথা, পরমত খণ্ডন পূর্ব্বক স্বমত ব্যবস্থাপন, কথা; গল্প।
জল্পন, কথন, উক্তি করণ, কহন।
জল্পাক, বহু কুৎসিত ভাষী, বাবদূক; বাচাল, বাচাট।
জল্পিত, উক্ত, কথিত, কথন।
জম্বুরি, বজ্র, বাজ, অশনি।
জহক, কাল, সময়; ত্যাগকর্ত্তা।
জহানক, প্রলয়, ধ্বংস, নাশ।
জহ্নু, বিষ্ণু, রাজর্ষি বিশেষ, চন্দ্রবংশোদ্ভব কুরুরাজপুত্র। [গঙ্গা।
জহ্নুতনয়া, গঙ্গা, ভাগীরথী, ত্রিপথগা।
জক্ষণ, ভক্ষণ, অশন, অদন, ভোজন।
জক্ষ্ম, মহ রোগবিশেষ, ক্ষয় রোগ, যক্ষ্মাকাশ। [জায়া, মাত।
জা, স্বামির ভ্রাতৃপত্নী, স্বামির ভ্রাতৃ
জাওর, উদ্গার্য্য পুনশ্চর্ব্বণ, উদ্গার করিয়া পুনর্ব্বার চিবান।
জাংলা, সমবেত, ঘট, গর্দ্দ, দম্ভ।
জাঁকার, কোলাহল, গণ্ডগোল, ভীতিপ্রাপ্ত শব্দ, মহাকলরব। [ঘটানতে
জাঁকাল, সমারোহ বিশিষ্ট, দৃশ্যমনো জ্ঞ
জাঁতা, চাপন, চাপ, জাঁত কল
জাঁতন, দৃঢ়ধারণ, চাপন, আঁটন
জাঁত পেষণ যন্ত্রবিশেষ, ভস্ত্র, অগ্নি প্রজ্বলনার্থ যন্ত্রবিশেষ।
জাঠা, গুবাক ছেদনার্থ অস্ত্রবিশেষ
জাগন, নিদ্রাভঙ্গ, জাগরণ।
জাগরিয়, প্রহরী, জাগরূক।
জাগর, জাগরণ, জাগন নিদ্রাভঙ্গ, কবচ, যোদ্ধাদের অঙ্গরক্ষ।
জাগরণ, নিদ্রাভাব, জাগ জাগর্য্য।
জাগরিত, জাগ্রৎ, নিদ্রোত্থিত।
জাগরিত, জাগরী, জাগরণবিশিষ্ট।
জাগরী, জাগরিত, জাগরূক।
জাগরূক, জাগরণশীল, জাগরণকর্তা।
জাগর্ত্তি, জাগরণ, অনিদ্রা।
জাগান, নিদ্রাভঙ্গকরণ, ঘুমভাঙ্গান।
জাগৃবি, অগ্নি, অনল, বহ্নি।
জাগ্রৎ, জাগরণবিশিষ্ট, নিদ্রোত্থিত, সচকিত।
জাগ্রিযা, জাগরণ; নিদ্রাভঙ্গ।
জাঘনী, উরু, জঙ্ঘা, জাং, উরুদেশ।
জাঙ্গল, স্থলজ পশুবিশেষ; নির্জ্জলদেশ; জঙ্গল দেশোদ্ভব।
জাঙ্গলি, ব্যালগ্রাহী, সাপুড়ে।

জাঙ্গাল, আলি, সেতু, বাঁধ।

জাঙ্ঘী, জঙ্ঘা, জাং, উরুস্থল।

জাঙ্গুল, বিষ, কালকূট; জালিনীফল।

জাঙ্গুলি, বিষবৈদ্য; ওঝা, বিষচিকিৎসক। [ধাবকাদি।

জাঙ্ঘিক, উষ্ট্র, উট, জঙ্ঘাজীবী,

জাচন, আলোচন, অনুসন্ধান। [মান।

জাজ্বল্যমান, দেদীপ্যমান; প্রকাশ্য-

জাড়, হিম; শৈত্য।

জাড্‌, হিম; শীতকাল। [বেঙ্গ।

জাড়িবেঙ্গ, ভেকবিশেষ, আসাপ-

জাড্য, জড়ত্ব, স্থূলভাব, অবসন্নতা, অলসতা, মূঢ়ত, মৌর্খ্য।

জাড্যারি, জম্বীর, জাম্বীর, লেবু।

জাত, উৎপন্ন; ব্যক্ত, সহ।

জাতক, জাতবালকের শুভাশুভ নির্ণয়ক গ্রন্থ; জন্ম; ভিক্ষু।

জাতকর্ম্ম, দশবিধ সংস্কারের অন্তর্গত সংস্কার বিশেষ। [চিতার গাছ।

জাতবেদা, অগ্নি, অনল; চিত্রক বৃক্ষ,

জাতরূপ, স্বর্ণ, ধুস্তুর, উৎপন্ন রূপ।

জাতান্ধ, জন্মান্ধ, জন্মাবধি দৃষ্টিহীন।

জাতাপত্য, প্রসূত স্ত্রী, যে স্ত্রী পুত্র বা কন্যা প্রসব করিয়াছে।

জাতি, গোত্র, কুল, জন্ম, আমলকী, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্র, মনুষ্যত্ব গোত্বাদি, পুষ্প বিশেষ।

জাতিকোশ, জাতীফল, জায়ফল।

জাতিধাওরা, বলাৎকার, বলদ্বারা পরস্ত্রী হরণ। [নকুলের শত্রুতা।

জাতিবৈর, স্বাভাবিক শত্রুতা, মূষিক

জাতিভ্রংশ, জাতিপাত, জাতিবিনাশ, অব্যবহার্য্যতা।

জাতিভ্রংশকর, নববিধ পাপের অন্তর্গত পাপবিশেষ। [হার্য্য করা।

জাতিমারা, জাতিনষ্ট করা, অব্যব-

জাতিসার, জাতীফল, জায়ফল।

জাতিস্মর, পূর্ব্বজন্মের বৃত্তান্ত স্মারক।

জাতী, পুষ্প বিশেষ; জাতীফুল, চমেলী; মালতী।

জাতীকোশ, জাতীফল, জায়ফল।

জাতীপত্রী, জাতীফলের ত্বক, জৈত্রী।

জাতীফল, ফলবিশেষ, জায়ফল।

জাতীয়, জাতি সম্পর্কীয়, জাতিসম্বন্ধীয়। [নিন্দার্থ।

জাতু, কদাচিৎ, কখন, সম্ভাবিতার্থ;

জাতুক, হিঙ্গু, হিং।

জাতুধান, রাক্ষস, নিশাচর, রাত্রিচর।

জাতুষ, জতুবিকার, জতুনির্ম্মিত।

জাতেষ্টি, পুত্রজননানন্তর যাগ।

জাতোক্ষ, দম্যভাবপ্রাপ্ত বলীবর্দ্দ, বয়স্থ বৃষ।

জাত্য, কুলীন; শ্রেষ্ঠ, প্রধান।

জাত্যন্ধ, জন্মান্ধ, জন্মাবধি দৃষ্টিহীন।

জাদু, কুহক, মায়া, ভেলকী।

জান, কুহকী, দৈবজ্ঞ, সর্ব্বজ্ঞ; প্রাণ।

জানকী, সীতা, জনকসুতা, বৈদেহী।

জানত, জ্ঞানানুসারে, জ্ঞাতসারে।

জানন, অবগত হওন, জ্ঞাত হওন, বিদিত হওয়া।

জানপদ, জন; দেশ, পরগণা, চাকলা।

জানবর, জন্তু, প্রাণী।

জানা[illegible]ৎ, জানিত, জ্ঞাত, বিদিত, পরিচিত। [করান।

জানান, জ্ঞাপন, জ্ঞাতকরান, বিদিত

জানানি, জ্ঞাপনের সম্বন্ধীয়, সমাচার, সংবাদ।

জানামি, সর্ব্বজ্ঞতা, গণকতা, কুহক।

জানু, উরু জঙ্ঘার মধ্যভাগ, হাঁটু, উরুপর্ব্ব।

জাপ, জপ, দেবনামোচ্চারণ, মন্ত্রস্মরণ।

জাপক, জপকর্ত্তা, সর্ব্বদা মন্ত্রোচ্চারণ কারী।

জাপন, নিরসন, নির্ব্বর্ত্তন।

জাপটান, দৃঢ়ধারণ, আলিঙ্গন, আঁকড়ন।

জাবনিক, ম্লেচ্ছসম্বন্ধীয়, ম্লেচ্ছদেশীয়; জবনদেশজাত।

জাবান, জীবিত করিয়া রাখন, মৎস্যাদি ধারণপূর্ব্বক জলে রাখন।
জাবাল, ছাগোপজীবী, অজাজীব; মুনিবিশেষ।
জাবালি, মুনিবিশেষ; ভুজঙ্গশিশু, শলই; জাওয়ালি, ধান্যাদির বীজ।
জামদগ্ন্য, জমদগ্নি মুনিপুত্র, পরশুরাম।
জামাতা, কন্যার পতি, জামাই।
জামি, স্বসা, ভগিনী, কুলস্ত্রী।
জামীর, জম্বীর, লেবু।
জামেয়, ভগিনীপুত্র, ভাগিনেয়।
জামুড়, ব্রণকিণ, হস্ত পদাদিতে কঠিন মাংসরূপ রোগ, কড়া। [রাজ।
জাম্বব, জম্বুফল, জাম; সুবর্ণ; ঋক্ষ-
জাম্ববতী, শ্রীকৃষ্ণপত্নী, জাম্বুবানের কন্যা। [জাম্বুবান্।
জাম্ববান্, ঋক্ষরাজ, বানর বিশেষ,
জাম্বুবান্, ঋক্ষরাজ, বানর বিশেষ।
জাম্বুনদ, সুবর্ণ, স্বর্ণ, ধুস্তূর।
জার, লেখা, বিবরণ।
জায়া, ভার্য্যা, বনিতা, পত্নী।
জায়াজীব, নট; চারণ, বেশ্যাপতি।
জায়ানুজীবী, নট; বেশ্যাপতি; দুস্থ; দরিদ্র; বকপক্ষী।
জায়াপতী, ভার্য্যাপতী, দম্পতী, স্ত্রীপুরুষ, মাগ ভাতার।
জায়ু, ঔষধ, ভেষজ।
জার, উপপতি, গুপ্তপতি, যিড়গ।
জারক, জীর্ণকারক, পাচক।
জারজ, উপপতিজাত সন্তান, বিজন্মা।
জারণ, জারাণ, জীর্ণকরণ, ক্ষয়করণ, পচান।
জারণী, স্থূলজীরক, মোটা জীরা।
জারাশঙ্ক, ভ্রষ্টাসন্দেহ, উপপতির আশঙ্কা।
জারী, ওষধীবিশেষ, জাড়ী; প্রচার।
জাল, সূত্রাদি নির্ম্মিত মৎস্য ধারণোপায়; কূটযন্ত্র, বাগুরা, পাশ; গবাক্ষ; অস্ফুটকলিকা কুষ্মাণ্ডাদি ক্ষুদ্রফল; দম্ভ; সমূহ; ইন্দ্রজাল, কুহক; কৃত্রিম; কদম্ববৃক্ষ।
জালক, অস্ফুটকলিকা কুষ্মাণ্ডাদি ক্ষুদ্রফল, জাল; সমূহ, গবাক্ষ।
জালকারক, মর্কটক, মাকড়সা; জালকর্ত্তা।
জালকিনী, মেষী, মেড়ী, ভেড়ী।
জালগর্দ্দভ, রোগবিশেষ।
জালগোণিকা, দধিমন্থন ভাণ্ডবিশেষ।
জালন- জ্বালন, উদ্দীপন; পোড়ান, জ্বালাইবার কাষ্ঠাদি।
জালন্ধর, ত্রিগর্ত্তদেশ; ত্রিগর্ত্তদেশস্থ।
জালপাদ, হংস, হাঁস, মরাল।
জালপ্রায়া, অঙ্গরক্ষিণী; লোহার সাঁজোয়া। [বৃহৎ পাত্র।
জালা, অলিঞ্জর, জলাদি রক্ষণার্থ
জালান, জ্বালন, দাহন, উত্তাপন।
জালি, অস্ফুট কলিকা কুষ্মাণ্ডাদি ফল; ছিদ্র।
জালিক, মর্কটক, মাকড়সা; কৈবর্ত্ত, ব্যাধ, জালোপজীবী।
জালিকা, বস্ত্র বিশেষ; জলৌকা, জোঁক; বিধবা।
জালিনী, চিত্রশালা, চিত্রগৃহ।
জালিয়া, ধীবর, কৈবর্ত্ত, দাস।
জালী, ঝিঙ্গা; পটোল; ঝালর; ঝর্ঝরী; ছানী। [জাল্‌জালিয়া।
জালীপড়, ঝালরের ন্যায় সচ্ছিদ্র,
জাল্‌তি, জাল, মুখস, মুখবন্ধনী।
জাল্ম, পামর; ক্রূর; অসমীক্ষ্যকারী; মূর্খ, অবিবেক।
জাহক, ঘোঙ্গ, ঘোঘ; মার্জ্জার; খট্টাশ; বিলেশয় জন্তুবিশেষ।
জাহ্নবী, গঙ্গা, ত্রিপথগা, সুরধুনী।
জিআন, জীবন দানকরণ, প্রাণরক্ষাকরা। [ব্যবসায়ী।
জিউলি, মাছুয়া, মৎস্যধারক, মৎস্য-
জিওন, জীবন, প্রাণরক্ষাকরণ।

জিওল, বৃক্ষ বিশেষ; কচ্ছপাদি; মদ্গুরাদি মৎস্য।
জিগত্নু, প্রাণবায়ু।
জিগমিষা, গমনেচ্ছা, গমনবাঞ্ছা।
জিগীষা, জয়েচ্ছা; পরাভব করণেচ্ছা।
জিঘৎসা, ক্ষুধা, ভোজনেচ্ছা, বুভুক্ষা।
জিঘৎসু, ভোজনেচ্ছুক; হিংসক, মারাত্মক। [স্পৃহা।
জিঘাংসা, হননেচ্ছা, বধচেষ্টা, নাশ-
জিঘাংসু, বধকরণেচ্ছু, হিংসেচ্ছাবিশিষ্ট, বধোদ্যত, শত্রু।
জিঘ্র, ঘ্রাণকর্ত্তা, গন্ধগ্রাহী।
জিঙ্গিনী, বৃক্ষবিশেষ, ঝিঙ্গিনী, ঝিঙ্গী, ঝিঙ্গা।
জিঙ্গী, মঞ্জিষ্ঠা। [কহন।
জিজ্ঞাসন, প্রশ্নকরণ; জ্ঞাপন, কথ-
জিজ্ঞাসা, প্রশ্ন; মনোগত ভাবকথন, জানিবার ইচ্ছা।
জিজ্ঞাসিত, পৃষ্ট, কৃতপ্রশ্ন।
জিজ্ঞাসু, প্রশ্নকারী, জিজ্ঞাসক, জানিতে ইচ্ছুক।
জিত, প্রাপ্তপরাজয়, পরাভূত, পরিভূত, ভগ্ন, পরাজিত, পরাজয়ী।
জিতকাশী, জয়যুক্ত, জয়বিশিষ্ট, জিতাহব। [প্রাপণ।
জিতন, জয়করণ, জিনন, উৎকর্ষ-
জিতনিয়া, জয়ী, জয়প্রাপ্ত, জেতা।
জিতশত্রু, কৃতশত্রু পরাজয়, বিজয়ী।
জিতামিত্র, বিষ্ণু, নারায়ণ; কৃত শত্রু পরাজয়।
জিতারি, জিতশত্রু; বুদ্ধবিশেষ।
জিতাহার, আহার জয়করা; আহার ত্যাগী।
জিতাক্ষর, অক্ষর জয়করা, দৃষ্টিমাত্রে অক্ষর বোধ করিয়া পাঠক্ষম।
জিতেন্দ্রিয়, বশীকৃত ইন্দ্রিয়, শান্ত।
জিত্বর, জেতা, জয়কারী, জয়ী।
জিন, বুদ্ধ; বিষ্ণু; অতিবৃদ্ধ; জেতা।
জিনন, জয়করণ, জিতন; দমন।
জিনযোনি, মৃগ, হরিণ, এণ।
জিয়ল, মৎস্যবিশেষ; কচ্ছপ; বৃক্ষবিশেষ।
জিরণ, বিশ্রমণ, বিশ্রাম, ক্লেশনিবারণ।
জিল, তীক্ষ্নস্বর, উচ্চস্বর; তানপুরা বেহালাদি যন্ত্রের তার, গুণ।
জিষ্ণু, বিষ্ণু, ইন্দ্র; অর্জুন; জয়শীল, জেতা।
জিহ্ম, কুটিল; মন্দ; বক্র; তগরবৃক্ষ, টগর ফুলের গাছ।
জিহ্মগ, সর্প, অহি; মন্দগ, মন্দগতি।
জিহ্মমোহন, ভেক, বর্ষাভূ, ব্যাঙ।
জিহ্মশল্য, খদির, খয়ের।
জিহ্ব, জিহ্বা; তগরমূল।
জিহ্বল, লুব্ধ, লোলুপ, লোভ।
জিহ্বা, রসজ্ঞানেন্দ্রিয়, জিব, রসনা।
জিহ্বানির্লেখন, জিহ্বামার্জন, জিবআঁচড়ান, জিহ্বামার্জন দ্রব্য।
জিহ্বাপ, কুক্কুর, ব্যাঘ্র; বিড়াল; ভল্লুক।
জিহ্বামল, কলুক, জিহ্বাস্থিত মল।
জিহ্বারদ, পক্ষী, বিহঙ্গ, বিহগ।
জিহ্বালিহ্, কুক্কুর, কুকুর।
জিহ্বাশল্য, খদির বৃক্ষ, খয়ের গাছ।
জিহ্বাস্বাদ, লেহন, চাটন।
জীঅন, বাঁচান, জীবদান, প্রাণরক্ষা।
জীন, বৃদ্ধ, প্রাচীন, জীর্ণ।
জীব, প্রাণ; প্রাণধারণ, প্রাণী, বৃত্তি; বৃক্ষ বিশেষ; বৃহস্পতি, ক্ষেত্রজ্ঞ, আত্মা। [সাপুড়ে।
জীবক, সেবক; জীবী; ব্যালগ্রাহী,
জীবজীব, জীবঞ্জীব পক্ষী; চকোরপক্ষী; বৃক্ষবিশেষ।
জীবৎ, জীবন্ত, বর্ত্তমান।
জীবত্তোকা, জীবৎপুত্রিকা।
জীবৎপতি, সধবা, জীবিত পতি।
জীবৎপিতৃক, বিদ্যমান পিতৃক, যাহার পিতা বর্ত্তমান। [মান।
জীবৎমান, জীবিত, জীবদ্দশাস্থ, বর্ত্ত-

জীবথু, প্রাণ ; কূর্ম্ম ; ময়ূর ; মেঘ, ধার্ম্মিক ; চিরায়ুঃ।
জীবদ, ভিষক্‌, বৈদ্য ; জীবনদাতা।
জীবদাত্রী, ঋদ্ধি, সম্পত্তি ; বিভব, প্রাণদান কর্ত্রী।
জীবধন, গবাদি জঙ্গমধন।
জীবন, প্রাণধারণ ; প্রাণ, বৃত্তি, জল, মজ্জা।
জীবনক, অন্ন, ভক্ত, ভাত।
জীবনমৃত, জীবদ্দশাতে মৃতকল্প।
জীবনযোনি, যন্ত্রবিশেষ, শরীরে প্রাণ সঞ্চার কারণ কোন যন্ত্র।
জীবনাঘাত, বিষ, কালকূট, প্রাণে আঘাত। [প্রাণাবশেষ।
জীবনাবশিষ্ট, মৃতকল্প, মৃতপ্রায়,
জীবনাবাস, বরুণ, জলাধিপ।
জীবনিকা, হরীতকী।
জীবনীয়, জল, পানীয়, জীবনের হিতকারক। [বৃত্তি।
জীবনোপায়, উপজীবিকা, আজীব,
জীবনৌষধ, যে ঔষধে ম্রিয়মাণ লোকেও বাঁচে, জীবনরক্ষাকারী, জীবনোপায়, উপজীবিক, বৃক্ষ।
জীবন্ত, জীবৎ, জীবিত, বর্ত্তমান, আয়ুর্বিশিষ্ট, ঔষধ, প্রাণ।
জীবন্তিক, বৃক্ষোপরি জাতবৃক্ষ, পরগাছা ; গুড়ুচী, হরীতকী।
জীবন্তী, লতাবিশেষ, জীবই, জয়ন্তী, জীবিতাস্ত্রী।
জীবন্মুক্ত, জীবদ্দশায় ব্রহ্ম সাক্ষাৎকারে মোক্ষ প্রাপ্ত। [কল্প।
জীবন্মৃত, জীবদ্দশায় মৃতপ্রায়, মৃত-
জীবপুত্রক, ইঙ্গুদী বৃক্ষ, বৃক্ষবিশেষ, জীয়াপুতা।
জীবপ্রিয়া, হরীতকী।
জীবমন্দির, শরীর, দেহ, তনু।
জীবলোক, মনুষ্যাদি, প্রাণিসমূহস্থান।
জীবসাধন, ধান্য, শালি, ধান ; জীবনের কারণ।
জীবস্থান, মর্ম্ম, মস্তিষ্ক ; প্রাণসঞ্চারস্থান। [জীবিত।
জীবা, মৌর্ব্বী, ধনুর ছিলা ; ভূমি ;
জীবাতু, অন্ন ; জীবিত, জীবনৌষধ।
জীবাত্মা, দেহী, জীব, প্রাণী, শরীরবর্ত্তি চৈতন্য। [প্রাণ রক্ষণ।
জীবাধান, প্রাণ সংস্থান, জীবনদান,
জীবাধার, জীবনস্থান, ক্ষেত্র, দেহ।
জীবান্তক, প্রাণিহিংসক, জীবনার্থপক্ষিঘাতক, শাকুনিক, ব্যাধ।
জীবিকা, জীবনোপায়, আজীব, বৃত্তি, উপার্জ্জন। [বর্ত্তমান।
জীবিত, প্রাণ, জীবন, জীবনযুক্ত,
জীবিতকাল, আয়ুঃ, জীবনের নিরূপিত সময়।
জীবিতেশ, প্রাণনাথ, যম, চন্দ্র ; সূর্য্য, প্রাণের ঈশ্বর।
জীবী, প্রাণি, অসুধারী, জন্তু।
জীমূত, পর্ব্বত, মেঘ, মুস্তা, ইন্দ্র, দেবতাড় বৃক্ষ। [পাহাড়।
জীমূতকূট, পর্ব্বত, শৈল, গিরি,
জীমূতবাহন, ইন্দ্র ; মেঘবাহন, ধর্ম্মরত্ন নামক স্মৃতি গ্রন্থের সংগ্রহ কর্ত্তা।
জীমূতবাহী, ধূম, ধূয়া।
জীয়ন্ত, জীবন্ত, জীবৎ, জীবদ্দশায় স্থিত, বর্ত্তমান।
জীয়ান, জীবদান করণ, বাঁচন, রক্ষণ।
জীর, বণিক্‌দ্রব্য বিশেষ, জীরা, খড়্গ।
জীরক, বণিক্‌দ্রব্য বিশেষ, জীরা।
জীরা, ক্ষুদ্রবীজ বিশেষ, বণিক্ দ্রব্যবিশেষ, জীরক।
জীর্ণ, শৈলজ, জীরক, বৃদ্ধ ; পুরাতন।
জীর্ণঘর, গবাদির প্রথম কোষ্ঠ।
জীর্ণপর্ণ, কদম্ববৃক্ষ, পুরাতন পত্র।
জীর্ণবজ্র, রত্নবিশেষ, বৈক্রান্তমণি।
জীর্ণবস্ত্র, পুরাতন বস্ত্র, পটচ্চর।
জীর্ণা, স্থূলজীরক, মোটা জীরা ; অতিবৃদ্ধা, গলিত প্রায়া। [ক্ষয়।
জীর্ণি, জীর্ণতা, বৃদ্ধাবস্থা ; অন্নপাক ;

জুআ, দ্যূতক্রীড়া, পাশাখেলা।
জুআর, বন্যা; উথলিত জল।
জুআরিয়া, বন্যাপ্লাবিত, বন্যাযুক্ত।
জুআরী, দ্যূতকারী, পাশাক্রীড়ক।
জুগুপ্সন, কুৎসা, নিন্দা, গ্লানি, ভর্ৎসন।
জুগুপ্সা, নিন্দা, কুৎসা, গ্লানি।
জুগুপ্সিত নিন্দিত, গর্হিত; ঘৃণিত।
জুঙ্গ, দুরন্ত; সাহসী, নির্লজ্জ।
জুজু, ভয় প্রদর্শক মূর্ত্তি বিশেষ, কল্পিত ভূত।
জুটক, জটা, লগ্নকচ, জড়িত কেশ।
জুটিকা, শিখা, ঝুঁটী টিকা।
জুড়, ছায়া, অনাতপ স্থান।
জুড়ন, মিলন; স্নিগ্ধহওন, বিশ্রামকরণ, শীতল করণ।
জুড়ান, আরাম করণ, বিশ্রাম.
জুতন, চর্ম্মপাদুকার দ্বারা প্রহার, জুতা মারণ।
জুতল, সুগঠন, সুন্দর, সুশ্রী।
জুতা, চর্ম্মপাদুকা, উপানৎ।
জুৎ, সৌন্দর্য্য, শ্রী; সুগঠন, শোভা।
জুফা, ভেষজ বিশেষ, ওষধীভেদ।
জুবড়ন, ডুবন, মগ্নকরণ, ভিজান।
জুভু, ছল, প্রতারণা, ফাঁকী।
জুল, বিলাসপ্রকাশ; উকিমারণ, ঈষদ্দৃষ্টিকরণ; গোপনে দর্শন।
জুলী, ক্ষুদ্রখাত, নাল, প্রণালী।
জুষক, যূষ, ঝোল।
জুষ্ট, উচ্ছিষ্ট; সেবিত।
জুষ্য, সেব্য, সেবনীয়।
জুহুবান, কঠিন হৃদয়; অগ্নি; বৃক্ষ।
জুহূ, পলাশকাষ্ঠ নির্ম্মিত অর্দ্ধচন্দ্রাকৃতি যজ্ঞপাত্র বিশেষ।
জূ, আকাশ; সরস্বতী; পিশাচী; ব্যজন; ত্বরাগমন।
জূট, শিবজটা; কেশবন্ধ, জটা।
জূটক, কেশবন্ধ, জটা, জড়িত কেশ।
জূতিকা, কর্পূর বিশেষ।
জূর্ণাখ্যা, তৃণবিশেষ, উলূখড়।
জূর্ণাহ্বয়, দেবধান্য, দেধান। [জ্বর।
জূর্ণি, বেগ; সূর্য্য, দেহ; ব্রহ্মা,
জূর্ত্তি, জ্বররোগ।
জূষ, মুদ্গাদির ক্বাথ রস, ঝোল।
জূষণ, বৃক্ষবিশেষ, ধাইফুল।
জৃম্ভ, মুখাদির বিকাশ, হাই, জৃম্ভণ।
জৃম্ভণ, মুখাদির বিকাশ, জৃম্ভা, হাই।
জৃম্ভা, মুখাদির বিকাশ, হাই।
জৃম্ভিত, বিচেষ্টিত; প্রবৃদ্ধ; জৃম্ভা, হাই, স্ফুটিত।
জেঠ, পিতার জ্যেষ্ঠভ্রাতা, জ্যেষ্ঠতাত।
জেঠাই, জ্যেষ্ঠপিতৃব্য পত্নী। [গরিমা।
জেঠামি, বালকের গুরুবক্তৃতা, আত্ম-
জেঠী, গৃহগোধিকা, টিকটিকী।
জেতা, জয়শীল, জিষ্ণু, জিত্বর, জয়ী।
জেতান, জয়ীকরান, জয়প্রদান।
জেন্তাক, স্বেদ বিশেষ, ঘর্ম্ম বিশেষ।
জেমন, ভোজন, অশন, ভক্ষণ।
জেয়, জেতব্য, পরাভবণীয়।
জৈত্র, ঔষধ; পারদ; জয়বিশিষ্ট।
জৈত্ররথ, জয়শীল, জেতা, জয়যুক্ত।
জৈত্রী, জয়ন্তীবৃক্ষ; সুগন্ধি মসলা-বিশেষ। [বৌদ্ধ ধর্ম্মাক্রান্ত।
জৈন, জিনোপাসক, জিনমতাবলম্বী,
জৈপাল, জয়পালবৃক্ষ।
জৈবাতৃক, চন্দ্র; কর্পূর; ভেষজ; দীর্ঘায়ু; কৃশ।
জৈমিনি, মুনিবিশেষ, বেদব্যাস শিষ্য, উত্তর মীমাংসা কর্ত্তা।
জৈহ্ম্য, জিহ্মতা, কুটিলতা, বক্রতা।
জোঁক, জলৌকা, রক্তপা।
জোঁকন, পরিমাণ করণ, তৌল করণ, মাপন, তুলনা করণ।
জোঙ্গক, অগুরু, সুগন্ধি চন্দন।
জোঙ্গট, গর্ভিণীর অভিলাষ, সাদ।
জোটিঙ্গ, মহাদেব; মহাব্রতী।
জোন-জন, বেতনগ্রাহী মজুর, সামান্য কর্ম্মকারক; কৃষক।
জোনাক, জ্যোতির্যুক্তকীট, খদ্যোত,

জ্যোতিরিঙ্গণ।
জোনাকী, জ্যোতির্যুক্ত কীট, জ্যো-তিরিঙ্গণ, খদ্যোত।
জোন্তালা, দেবধান্য, দেধান।
জোল, ক্ষুদ্রখাত; পয়নালা, খানা।
জোলী, বিল, খানা, নালী।
জোষ, সুখ, আনন্দ, আহ্লাদ।
জোষম, তুষ্ণী; সুখ; অক্লেশ।
জোষা, যোষিৎ, স্ত্রী, নারী।
জোষিতা, স্ত্রী, নারী, অবলা।
জ্যো, লাক্ষা, লা।
জ্ঞ, বুধ, পণ্ডিত; ব্রহ্মা; মহীসুত, মঙ্গল।
জ্ঞপিত, জ্ঞ'পিত, জ্ঞাপনকরা, জানান।
জ্ঞপ্তি, বুদ্ধি, জ্ঞান, বোধ।
জ্ঞাত, কৃতজ্ঞান, জানা, বিদিত, প্র-তীত, অবগত।
জ্ঞাতব্য, জ্ঞানীয়, জ্ঞেয়, অবগন্তব্য, বোধ্য, জানিবার যোগ্য। [অবগত।
জ্ঞাতসার, বিদিত তাৎপর্য্য, সুগোচর,
জ্ঞাতসিদ্ধান্ত, শাস্ত্রতত্ত্বজ্ঞ, শাস্ত্রের যথার্থ মর্ম্মবেত্তা। [বিদিত, অবগত।
জ্ঞাতা, জ্ঞানশীল, বোদ্ধা, জ্ঞানপ্রাপ্ত,
জ্ঞাতি, সপিণ্ড, সহোদরাদি, দায়াদ, সগোত্র, বান্ধব।
জ্ঞাতিত্ব, জ্ঞাতির ধর্ম্ম, জ্ঞাতিদ্বেষ।
জ্ঞাতেয়, জ্ঞাতিভাব, জ্ঞাতিত্ব।
জ্ঞাতৃতা, নৈপুণ্য, বুদ্ধি, জ্ঞান।
জ্ঞান, বোধ; বুদ্ধি; চৈতন্য।
জ্ঞানতঃ, জ্ঞানানুসারে, জ্ঞানপূর্ব্বক, বুদ্ধিপূর্ব্বক, জানতঃ।
জ্ঞানদর্পণ, জ্ঞানপ্রকাশক।
জ্ঞানবান্, জ্ঞানী, পণ্ডিত, প্রাজ্ঞ, বিচক্ষণ, সুধীর। [প্রাজ্ঞ।
জ্ঞানী, বোদ্ধা, জ্ঞানযুক্ত, বুদ্ধিমান,
জ্ঞানেন্দ্রিয়, বুদ্ধীন্দ্রিয়, মনঃ-নেত্র-শ্রোত্র-ঘ্রাণ-জিহ্বা-ত্বক্।
জ্ঞাপন, বোধন, জানান, বিদিতকরণ।
জ্ঞাপ্তি, জ্ঞাপন, জ্ঞাতকরণ, জানান।
জ্ঞেয়, বোধগম্য, জ্ঞাতব্য।

জ্যা, ধনুর্গুণ, ধনুকের ছিলা, মৌর্ব্বী।
জ্যানি, জীর্ণতা; হানি; তটিনী, নদী।
জ্যায়ান, অগ্রজ, জ্যেষ্ঠ; প্রধান; অতিবৃদ্ধ, বর্ষীয়ান। [বড়।
জ্যেষ্ঠ, শ্রেষ্ঠ, অগ্রজ; অধিক বয়স্ক,
জ্যেষ্ঠতাত, পিতৃব্যের অগ্রজ, জেঠা; পিতার জ্যেষ্ঠ সহোদর।
জ্যেষ্ঠত্ব, অগ্রজত্ব, শ্রেষ্ঠত্ব।
জ্যেষ্ঠবর্ণ, ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র। [শালী।
জ্যেষ্ঠশ্বশ্রূ, পত্নীর জ্যেষ্ঠা ভগিনী, বড়
জ্যেষ্ঠা, অষ্টাদশ নক্ষত্র; গৃহগোধিকা, মধ্যমাঙ্গুলি; গঙ্গা; ধীরাদি নায়িকা বিশেষ।
জ্যেষ্ঠাম্বু, তণ্ডুলাম্বু, চেলুনি জল।
জ্যেষ্ঠাশ্রমী, গৃহস্থ, গৃহী।
জ্যেঠী, গৃহগোধা, জ্যেঠী, টিকটিকী।
জৈষ্ঠ, মাসবিশেষ, বৎসরের দ্বিতীয়-মাস।
জৈষ্ঠী, জৈষ্ঠমাসের পূর্ণিমা।
জ্যোতিঃ, নক্ষত্র; প্রকাশ; দীপ্তি, অগ্নি; সূর্য্য; মেথিকা।
জ্যোতিরিঙ্গ, জ্যোতিরিঙ্গণ, জোনা-কি পোকা, খদ্যোত।
জ্যোতিরিঙ্গণ, জোনাকি পোকা, খদ্যোত। [শাস্ত্রজ্ঞ।
জ্যোতির্বেত্তা, গণক; জ্যোতিঃ-
জ্যোতিশ্চক্র, চন্দ্র সূর্য্যাদিগ্রহ নক্ষত্র মণ্ডল, রাশিচক্র।
জ্যোতিষ, বেদাঙ্গ শাস্ত্রবিশেষ, গ্রহ-নাদি গণন শাস্ত্র।
জ্যোতির্ষিক, জ্যৌতিষিক, জ্যোতিঃ-শাস্ত্রবেত্তা, গণক। [দৈবজ্ঞ, গণক।
জ্যোতিষী, তারা; জ্যোতিষ শাস্ত্রজ্ঞ,
জ্যোতিষ্ক, চিত্রকবৃক্ষ, চিতার গাছ; মেথিকা বীজ, গণিকারিকা বৃক্ষ, গণেরী গাছ। [লতাবিশেষ।
জ্যোতিষ্কা, চন্দ্রসূর্য্যগ্রহনক্ষত্রতারকা,
জ্যোতিষ্টোম, যজ্ঞবিশেষ।
জ্যোতিষ্মতী, লতাবিশেষ, লতাফট-

করী লতা, রাত্রি, রজনী।
জ্যোৎস্না, চন্দ্রজ্যোতিঃ, চাঁদনী, চন্দ্রিকা, কৌমুদী।
জ্যোৎস্নাপ্রিয়, চকোরপক্ষী, চাতক।
জ্যোৎস্নাবৃক্ষ, দীপাধার, পিলসুজ।
জ্যোৎস্নী, ঝিঙ্গা; চন্দ্রিকাযুক্তা রাত্রি।
জ্যৌতিষিক, দৈবজ্ঞ, জ্যোতিঃশাস্ত্রবেত্তা, গণক। [লোকময়।
জ্যৌৎস্ন, দীপ্ত, জ্যোৎস্নাযুক্ত, আ-
জ্যৌৎস্নিকা, জ্যোৎস্নান্বিতা নিশা, চন্দ্রিকাযুক্তা রাত্রি।
জ্যৌৎস্নী, পূর্ণিমাযুক্তা রাত্রি।
জ্বর, রোগবিশেষ; তাপ; জ্বরণ।
জ্বরঘ্ন, জ্বরনাশক; গুড়ুচী; বাস্তুক।
জ্বরহন্ত্রী, জ্বরনাশক; মঞ্জিষ্ঠা।
জ্বরাগ্নি, জ্বররূপাগ্নি, জ্বরের নিমিত্ত গাত্রদাহ।
জ্বরাস্তক, ঔষধ বিশেষ, জ্বরনাশক, নেপাল নিম্ব, আরগ্বধ বৃক্ষ। [শুট।
জ্বরাপহা, জ্বরনাশক; বিল্বপত্র, বেল-
জ্বরিত, জ্বরযুক্ত, জ্বরী।
জ্বরী, জ্বর রোগাক্রান্ত।
জ্বলকা, অগ্নিশিখা, জ্বালা।
জ্বলন, অগ্নি, দহন; উদ্দীপন; কাতর হওন; চিত্রকবৃক্ষ।
জ্বলনাশ্মা, সূর্য্যকান্ত মণি।
জ্বলনী, পীড়া, ব্যথা; দাহ। [যোগ্য।
জ্বলনীয়, দাহ্য, দহনীয়, পুড়িবার
জ্বলন্ত, প্রজ্বলিত; দাহযুক্ত।
জ্বলা, দাহ; উত্তাপজন্য পীড়া।
জ্বলাতন, ক্লিস্ট, সন্তাপিত, বিরক্ত।
জ্বলান, ক্লেশ দেওন, জ্বলাতন করণ।
জ্বলিত, দগ্ধ; উজ্জ্বল, দীপ্ত।
জ্বাল, অগ্নিশিখা; দীপ্তিবিশিষ্ট।
জ্বালা, অগ্নিশিখা; দাহ, তাপ।
জ্বালাগর্দ্দভক, রোগবিশেষ।
জ্বালাজিহ্ব, অগ্নি, বহ্নি, অনল।
জ্বালাতন, জ্বালান; সন্তাপিত করণ; পোড়ান; নির্পীড়ন।
জ্বালামুখী, পীঠস্থান বিশেষ।
জ্বালিত, দগ্ধ; প্রজ্বলিত; পীড়িত।

ঝ

ঝ, ঝকার, ব্যঞ্জনের নবম বর্ণ, চবর্গের চতুর্থ বর্ণ; ঝঞ্ঝাবাত; জলবর্ষণ।
ঝকড়ন, বিবাদকরণ, কলহ।
ঝকড়া, কলহ, বিবাদ, কোন্দল, বাক্-যুদ্ধ। [লিয়া।
ঝকড়াটিয়া, বিবাদী, কলহকারী, কুন্দ-
ঝক্, দীপ্তি, চমক; বৃথা কথা।
ঝক্‌ঝক্, দীপ্তি, চাকচিক্য, উজ্জ্বলতা।
ঝকমারী, ত্রুটি, অপরাধ; অনুতাপ, খেদ। [যন্ত্রের গুণ।
ঝঙ্কার, ভ্রমরাদির শব্দ, গুঞ্জন; বেহালা
ঝঞ্ঝন, অব্যক্ত শব্দ, অস্ফুট ধ্বনি; পীড়াদ্যোতক শব্দ। [ঘের শব্দ।
ঝঞ্ঝনা, বিদ্যুৎ, বজ্র, বাজ, মে-
ঝঞ্ঝা, ধ্বনিবিশেষ; জলকণ বর্ষণ, ঝড়। [দুঃখ, যন্ত্রণা।
ঝঞ্ঝাট, ব্যস্ততা; লেঠা; ক্লেশ,
ঝঞ্ঝানিল, ঝঞ্ঝাবাত, বর্ষাকাল-জাত বায়ু, ঝড়।
ঝট, শীঘ্র, ঝটিতি, ত্বরায়।
ঝটাপট, উভয়ে ধারণ পূর্ব্বক যুদ্ধ, জড়াজড়ি।
ঝটিতি, দ্রুত, শীঘ্র, ত্বরিত, অহ্নায়।
ঝটকন, বেগে পতন; কাটন, শির-শ্ছেদন।
ঝটিকা, বাত্যা, ঝড়, প্রচণ্ডবায়ু, ঝড়ি।
ঝড়কন, ভর্ৎসন, তিরস্কার, ধনকান।
ঝড়ি, বাত্যা, ঝটিকা, ঝড়।
ঝড়ুয়া, ঝড়ে পতিত দ্রব্য; বায়ুজন্য।
ঝণ্ডা, পতাকা, ধ্বজা। [ধ্বনি।
ঝনৎকার, অনুকরণশব্দ, কঙ্কণাদির
ঝন্‌কাট, দ্বারের কপালি, চৌকাট।
ঝম্প, সম্পাত পতন, লম্ফ, লাফান।
ঝম্পারু, বানর, কপি, শাখামৃগ।
ঝম্পাশী, মৎস্যরঙ্গ পক্ষী, মাছরাঙ্গা।

ঝম্পী, বানর, মর্কট, কপি। [ঝরণা।
ঝর, নির্ঝর, পর্ব্বতাবতীর্ণ জলপ্রবাহ,
ঝরকা, গবাক্ষ, জানালা।
ঝরণ, ক্ষরণ, চ্যুতহওন, গলন।
ঝরণা, পর্ব্বত হইতে চ্যুতজল প্রবাহ, শৈলনিঃসৃত জল, নির্ঝর।
ঝরণী, চাঁকনি।
ঝরাণ, চোআন, ক্ষরিত করান ; রসা-কর্ষণ ; চালন, ঝাড়ন।
ঝঝর, বাদ্যবিশেষ ; চর্ম্মপুটাচ্ছাদিত কাষ্ঠস্থান, করড় ; কলিযুগ ; নদ বি-শেষ ; জলাদির পতন শব্দ।
ঝঝরক, কলিযুগ।
ঝর্ঝরা, বেশ্যা, বারাঙ্গনা, কুলটা।
ঝর্ঝরী, ঝর্ঝরবাদ্য ; বাদ্যবিশেষ।
ঝর্ঝরীক, শরীর ; দেশ ; চিত্র।
ঝলজ্ঝালা, হস্তির কর্ণাস্ফালন, হাতির কাণ লাড়ন।
ঝলরী, হুড়ুক্কবাদ্য, ঝর্ঝরবাদ্য।
ঝলা, কন্যা, দুহিতা, সুতা। [তজ্জঃ।
ঝল্ক, তরঙ্গপাত, ঢেউ উঠা, অগ্নির
ঝল্কন, জলউঠন ; লাফিয়া পড়ন।
ঝলঝল, দীপ্তিমান, উজ্জ্বল ; লম্ফন।
ঝল্ল, বর্ণসঙ্কর জাতিবিশেষ ; ভাঁড়, ঝাল জাতি। [তাল।
ঝল্লক, কাংস্যনির্ম্মিত করতাল, খর-
ঝল্লকণ্ঠ, পারাবত, কপোত, পায়রা।
ঝল্লরী, হুডুক্ক, ঝর্ঝরীবাদ্য।
ঝল্লিকা, উদ্বর্ত্তন পট, উদ্বর্ত্তন মল।
ঝল্লোল, তর্কুলামক, টেকুয়ার বাঁটুল।
ঝলসন, অর্দ্ধদগ্ধ, আধপোড়া।
ঝষ, মৎস্য ; তাপ ; বন ; মীনরাশি।
ঝষকেতন, কন্দর্প, মদন, কামদেব।
ঝষাঙ্ক, অনিরুদ্ধ, উষাপতি।
ঝষাশন, শিশুমার, শুশুক।
ঝষোদরী, ব্যাসমাতা, মৎস্যগন্ধা।
ঝাইল, পাইন ; পুষ্করিণীর জলো-ত্তোলন স্থান।
ঝাঁই, অতিশয়দগ্ধ, চোঁয়া, খরপোড়া।
ঝাঁক, ঝুণ্ড, সংঘ, সমূহ, দল।
ঝাঁকন, আক্রমণ, হেলান, লড়ান ; অনুযোগ করণ।
ঝাঁটন, সম্মার্জ্জন, পরিষ্কার করণ।
ঝাঁটা, সম্মার্জ্জনী, খাঙ্গরা।
ঝাঁটি, আবর্জ্জনা, ওঁচলা, জঞ্জাল।
ঝাঁপ, ঝম্প, লম্ফন ; বংশাদি নির্ম্মিত গৃহাচ্ছাদন, আগড়, বেড়া। [ঢাকন।
ঝাঁপন, লম্ফপ্রদান ; আচ্ছাদন,
ঝাঁপী, বেত্রাদি নির্ম্মিত আধার, পেঁটরা, পেটক।
ঝাঁঝর, বহুচ্ছিদ্রযুক্ত ; কাঁসোর।
ঝাঁঝরা, বহুচ্ছিদ্র স্থিত, ছিদ্রযুক্ত।
ঝাঁঝরী, ঝাঁঝর, বহুচ্ছিদ্রযুক্ত দর্ব্বী ; জলসেচন পাত্র।
ঝাঙ্কিত, চরণালঙ্কার বিশেষ, পায়-জোর। [মার্জ্জন ; শীঘ্র।
ঝাট, নিকুঞ্জ ; কান্তার ; ব্রণাদির
ঝাড়, স্ফাটিকাদি নির্ম্মিত আলোক-ধার ; গুচ্ছ, স্তবক।
ঝাড়ন, মন্ত্রদ্বারা রোগাদির নিবারণ ; সম্মার্জ্জন ; নির্ধূলিকরণ, নির্ম্মলকরণ।
ঝাড়া, মলত্যাগ ; বিষ্ঠা ; পরিষ্কার, সম্মার্জ্জিত। [চ্ছন্ন।
ঝাড়াল, গুল্মযুক্ত, গোছাল ; পরি-
ঝাড়ী, ক্ষুদ্রবন, জঙ্গল, গুল্ম।
ঝাড়ীপথ, বনপথ, ক্ষুদ্রজঙ্গল।
ঝাড়ু, সম্মার্জ্জনী, খাঙ্গরা।
ঝাপসা, দৃষ্টির অন্যথা ; অল্পদৃষ্টি, অস্পষ্ট দর্শন, ছানীপড়া।
ঝাবু, বৃক্ষবিশেষ, ঝাউগাছ।
ঝাবুক, বৃক্ষবিশেষ, ঝাউগাছ।
ঝাব্ব, স্তবক, থোপ, গুচ্ছ।
ঝামক, দগ্ধইষ্টক, ঝামা।
ঝামর, তর্কুশাণ, টেকুয়ার শাণ।
ঝামরণ, কম্পন, কাঁপা ; ক্ষরণ।
ঝামরাণ, দ্রবণ, ক্ষরণ, আওরান।
ঝামা, অত্যন্ত দগ্ধ ইষ্টক।
ঝারী, জলপাত্রবিশেষ, গড়ডুক, গাড়ু।

ঝার্ঝর, বাদক বিশেষ, ঝর্ঝরি বাদ্য-কর্ত্তা, করতাল বাদক।
ঝার্ঝরিক, ঝর্ঝরবাদ্যকর্ত্তা।
ঝাল, তীব্ররস, তটু, তীক্ষ্ণ।
ঝালন, ভগ্নধাতু পাত্রাদির ছিদ্র রোধ করণ ; অলঙ্কারাদির সংযোগে গঠন, পাইন দেওয়া।
ঝাল্লর, জালী ; থট্টা চন্দ্রাতপাদির বেষ্টনবস্ত্র ; স্ত্রী পাদাঙ্গুলীর ভূষণ বিশেষ।
ঝালি, ব্যঞ্জনবিশেষ; ঝারি ; ঝালুয়া।
ঝালুয়া, তীক্ষ্ণ, তীব্র, কটুরস।
ঝিঁকা, হেঁচকা, ঠেলন।
ঝিঙ্গাক, ফলবিশেষ, ঝিঙ্গে।
ঝিঞঝিম, দাবাগ্নি, বনাগ্নি। [ঝড়া।
ঝিঞঝী, ঝিল্লী, ঝিঁঝীপোকা, উচ্চি-
ঝিণ্টী, পুষ্পবৃক্ষ বিশেষ, ঝাঁটী ফুল।
ঝিনুক, শুক্তি, শম্বুক। [হওন, ঢুলন।
ঝিমন, নিদ্রাকর্ষণ, নিদ্রায় কাতর
ঝিরিকা, ঝিল্লী, ঝিঁঝী পোকা।
ঝিল, জলগণ্ড ; জলাশয় বিশেষ।
ঝিল্লি, বাদ্যবিশেষ।
ঝিল্লী, কীট বিশেষ, ঝিঁঝিপোকা ; উদ্বর্ত্তন অংশুক ; স্থালী লগ্ন দগ্ধান্ন।
ঝিল্লীকণ্ঠ, গৃহ কপোত, পায়রা।
ঝী, দুহিতা, কন্যা।
ঝুঁটী, শিখা, চূড়া, টিকী।
ঝুঠা, মিথ্যা, অলীক; উচ্ছিষ্ট।
ঝুড়ন, কর্ত্তন, ছাঁটন, কাটন। [করণ্ড।
ঝুড়ী, বংশাদি রচিত পাত্র ; চুপড়ী,
ঝুণ্ট, স্তম্ব, অপ্রকাণ্ড বৃক্ষ।
ঝুণ্ড, যূথ, সমূহ, ব্যূহ। [কেল।
ঝুনা, পরিপক্ক নারিকেল ; শুষ্ক নারি-
ঝুপড়ী, ক্ষুদ্রগৃহ ; কুটীর, কুঁড়িয়া।
ঝুমকা, কর্ণাভরণ বিশেষ।
ঝুমঝুমী, খেলনা বিশেষ, নাটিম।
ঝুমরি, রাগিণী বিশেষ ; গীতবিশেষ।
ঝুমুর, কবিতা, গীতবিশেষ।
ঝুরী, ঘৃতপক্ক খাদ্য দ্রব্যবিশেষ।
ঝুলন, ঝোলন, দোলন ; শ্রীকৃষ্ণের উৎসব বিশেষ, হিন্দোলযাত্রা।
ঝুলী, থলে, বস্নী ; ভিক্ষুকের স্কন্ধস্থিত তণ্ডুলাধার।
ঝোড়, গুবাক বৃক্ষ, শুপারির গাছ ;
ঝোপ, ক্ষুদ্রবন, গুল্ম।
ঝোর, পর্ব্বতের জলপ্রবাহ, ঝরণা।
ঝোল, জূষ, ব্যঞ্জনের রস। [লম্বমান।
ঝোলা, দোলন ; লটকান, লম্বিত ;

ঞ

ঞ, ঞকার, ব্যঞ্জনের দশম বর্ণ, চ-বর্গের পঞ্চম বর্ণ।
ঞি, প্রত্যয় বিশেষ ; ধাতুর অনুবন্ধ বিশেষ, প্রেরণার্থ বোধক।

ট

ট, টকার, ব্যঞ্জনের একাদশ বর্ণ, ট-বর্গের প্রথম বর্ণ।
টক, অম্লরস, খাটা।
টকটক, রক্তবর্ণ, শোণিতাক্ত, লালরং।
টকুয়া, অম্লরস যুক্ত।
টকো, অম্লরস যুক্ত।
টক্কদেশীয়, বাস্তুকশাক, বেতোশাক।
টক্কর, আঘাত, ঠোকর।
টগর, পুষ্পবিশেষ, তগর পুষ্প।
টঙ্ক, কোপ ; কোষ ; অসি ; পরিমাণ-বিশেষ, জঙ্ঘা, দর্প, খনিত্র, খড্গ।
টঙ্কক, রজতমুদ্রা, টাকা।
টঙ্ককপতি, রূপ্যাধ্যক্ষ, টঙ্ককশালা-নিযুক্ত, টাকশালের অধ্যক্ষ।
টঙ্ককশালা, রজতমুদ্রাগৃহ, টাকশাল।
টঙ্কণ, স্বর্ণপাচক ক্ষারবিশেষ ; সো-হাগা। [টাকা।
টঙ্কা, জঙ্ঘা, উরুদেশ ; রৌপ্যমুদ্রা,
টঙ্কার, বিস্ময় ; প্রসিদ্ধ ; জ্যাশব্দ, ধনুর্গুণ ধ্বনি। [গ্রহ।
টঙ্কারিয়া, অকর্ষণী ; আঁকুশী ; অঙ্গ-
টঙ্কিত, শঙ্কিত ; কোপিত।

টঙ্গ, খনিত্র, খন্তা; খড়্গ বিশেষ, টাঙ্গী; জঙ্ঘা, সোহাগা, চারি মাষা পরিমাণ।
টঙ্গণ, সোহাগা।
টঙ্কিনী, লতাবিশেষ, আকনাদি লত।
টট্টনী, জ্যেষ্ঠী, জ্যেঠী, টিকটিকী।
টট্টরী, মৃষাবাদ, মিথ্যাবাক্য; পটহ বাদ্য, ঢাকের বাদ্য।
টট্টর, ভেরীশব্দ, ঢেঁডাড়া ধ্বনি।
টণ্ডাই, বিবাদ, কলহ, ঝকড়া।
টনক, কঠিন, শক্ত, দৃঢ়; হঠাৎ স্মরণ।
টপকান, উল্লঙ্ঘন, লম্ফন, ডিঙ্গন।
টপ্পা, গীতবিশেষ, চুম্বক গান।
টলন, বিপ্লব, চঞ্চল হওন, স্খলন; হেলন, লড়া।
টস্কা, মড়কা, টুস্কুক, ঠুনকা, ক্ষয়।
টহল, ভিক্ষার্থে গান করত পর্য্যটন, ভ্রমণ।
টহলন, গাইতেং পর্য্যটন।
টহলান, ভ্রমণ করাণ, ছলে কাল হরণ।
টাঁকন, সিয়ান, সেলাই করণ।
টাঁকা, সিয়ানি, সেলাই।
টাক, কীট বিশেষ, ইন্দ্রলুপ্ত কীট কেশনাশক কৃমি।
টাকন, অগ্রসূচন; সূচিদ্বারা ছিন্নবস্ত্র যোড়ন; সিয়াঁন, সিলাই করণ।
টাকপড়া, কেশহীন, কীটদ্বারা কেশ-নাশ হওয়া।
টাকরা, তালু, জিহ্বার ঊর্দ্ধদেশ।
টাকশাল, টঙ্কালয়, মুদ্রালয়।
টাকা, রৌপ্যমুদ্রা, টঙ্কা, তঙ্কা।
টাকুর, পট্টসূত্রাদি বেষ্টন যন্ত্র, পাট কাটা যন্ত্র, নাটাই।
টাঙ্গ, কুদ্দাল; খনিত্র; ক্ষারবিশেষ; সোহাগা। [বিশেষ।
টাঙ্গন, পর্ব্বতীয় অশ্ববিশেষ, অস্ত্র-
টাঙ্গান, লম্বিতকরণ, দোলন, ঝুলান।
টাঙ্গী, কুঠার, পরশু, খনিত্র, খন্তা।
টাট, তাম্রাদি নির্ম্মিত পাত্র বিশেষ, পূজার্থ তাম্রময় পাত্র।
টাটি, বংশাদি নির্ম্মিত আচ্ছাদন, ঝাঁপ, আগড়, বেড়া; মলত্যাগের স্থান।
টাটী, পাত্রবিশেষ, কটোর।
টাটু, ক্ষুদ্রাকার অশ্ব, পশ্চিমদেশজাত ঘোটক বিশেষ।
টান, আকর্ষণ; জলস্রোতঃ, অ-প্রাপ্তি; দুর্ম্মূল্য, রুক্ষ্ম।
টানন, আকর্ষণ, খেচন।
টানা, আকৃষ্ট, আকর্ষণ করা, সূত্রাদি লম্বিত করা।
টানিত, আকৃষ্ট, কৃতাকর্ষণ।
টাপু, দ্বীপ; পুলিন, চড়া। [হরণ।
টাল, ব্যাজ, বিলম্ব, ছল দ্বারা কাল
টালন, বিলম্বন, কালযাপন, হেলন।
টালু, ছলে কাল হরণ; বিলম্ব করণ।
টালি, বৃহৎ ইষ্টক বিশেষ, ছল।
টিকন, স্থিতি হওন, থাকন, রহন।
টিকা, কপাল ভূষণবিশেষ, অঙ্গারাদি দ্বারা অগ্নি জনন দ্রব্য, গুল, বসন্ত রোগ জন্য হস্তে সূচ্যাদি দ্বারা ক্ষত করণ। [ধামসা।
টিকারা, বাদ্যবিশেষ, দুন্দুভি বাদ্য,
টিকী, চূড়া, শিখা। [জ্যেঠী।
টিকটিকা, গৃহগোধিকা, জ্যেষ্ঠী,
টিকলী, ক্ষুদ্রং খণ্ড, ফালী।
টিটিভক, টিট্টিভপক্ষী, টিড্ডি।
টিটির, টিট্টিভপক্ষী।
টিটকার, উচ্চধ্বনি, অবজ্ঞা, নিন্দা, ভর্ৎসনা।
টিপ, কপালস্থ তিলক, ফোঁটা।
টিপন, দৃঢ়ধারণ, চাপন।
টিপনী, টিপ্পনী, টীকা; সূক্ষ্মবৃষ্টি-পাত; চাপন।
টিপা, চাপাচিহ্ন, খাঁজ, টেপা।
টিপ্পনী, টীকা, গ্রন্থাদির অর্থ বিবরণ।
টীকা, বিবরণ গ্রন্থ, অর্থ নিরূপণ, টিপ্পনী।

টীপ, কপালচিহ্ন, ফোঁটা; টিপী, ঘুণ্ডী।
টুটী, কণ্ঠ, গলা, গলার নলি।
টুক, খণ্ড, টুকরা, কুটি।
টুকরী, বংশাদি রচিত পাত্র, ঝুড়ী।
টুকুর, টুকি, খণ্ড, কণা, লেশ।
টুঙ্গী, পারাবতের গৃহ, পায়রার খোপ।
টুট, ন্যূনতা, ত্রুটি।
টুটন, অতিন্যূন হওন, ঘাটন, হ্রাস-হওন, ভগ্ন হওন। [নীচ, ক্রূর।
টুটুনি, পক্ষিবিশেষ, টুন্টুনি পাখী।
টুপী, মস্তকাবরণ বস্ত্র, টোপ, তাজ।
টুসুক, টুনকা, মজা।
টেটা, লৌহময় অস্ত্রবিশেষ, কোঁচ।
টেটারি, কাংস্যবণিক্, কাঁসারি।
টেড়ন, বক্রহওন, বাকন।
টেড়া, বক্র, বাঁক, আড়, হেলা।
টেড়াদৃষ্টি, বক্রদৃষ্টি, ঈষদ্দৃষ্টি, আড়-চক্ষু।
টেনা, ডোর বস্ত্র, টেনা, কানী, নেকড়া।
টেপা, অঞ্চল, প্রান্তভাগ।
টের, প্রান্ত; পাশ, শেষ, ঈষদুপ-লব্ধি; সন্ধান, জ্ঞান।
টেরক, বক্রচক্ষু, বলির, টেরা।
টোটল, কুৎসাবাদী, নিন্দক।
টোকর, আঘাত, চোট, টক্কর, উঁচট।
টোকরা, টুকরী, ঝুড়ী, চুপড়ী।
টোকা, কাটা, সূচদ্বার সিঁয়ান; প্রতিকথার উত্তর; অল্প সঙ্কেত।
টোকরা, নলাদি রচিত পাত্র, ঝুড়ী, চুপড়ী।
টোকরী, পাত্রবিশেষ, ঝুড়ী, চুবড়ী।
টোপ, মৎস্যের আহার, চার; মস্ত-কাচ্ছাদন বস্ত্র, টুপী।
টোপবৎ, বিম্বাকার, স্ফীত।
টোপর, মুকুট, মস্তকাবরণ বস্ত্র।
টোপান, স্তোকেং ক্ষরণ, চ্যুত হওন।
টোপী, মস্তকাচ্ছাদন, টুপী।
টোল, চতুষ্পাঠী, পাঠশালা, চৌবাড়ী।
টোলা, পল্লী, পাড়া, বাসস্থান।

ঠ

ঠ, ঠকার, টবর্গের দ্বিতীয় বর্ণ, ব্যঞ্জ-নের দ্বাদশ বর্ণ; শিব; মহাধ্বনি, অতিশয় শব্দ; চন্দ্রমণ্ডল; শূন্য।
ঠক, খল, দুষ্ট, কপেজপ, প্রতারক।
ঠকন, অপ্রস্তুত হওন; প্রবঞ্চিত বা প্রতারিত হওন। [প্রবঞ্চন।
ঠকান, অপ্রতিভ করণ, প্রতারণ,
ঠকামি, পরনিন্দা করণ, পরগ্লানি; কপেজপন, প্রতারণা।
ঠক্কুর, দেবতা, ঠাকুর। [ব্যক্ত শব্দ।
ঠকঠকী, বিপদ্, দায়; ঝন্ঝাট, অ
ঠগ, দুষ্ট, খল; প্রতারক, ধূর্ত্ত।
ঠট্ট, ব্যঙ্গ, উপহাস, বিদ্রূপ।
ঠন্, অনুকরণ শব্দ, ঠন্ঠন্, ঠন্ঠনা।
ঠন্‌ন, অব্যক্ত শব্দ; রিক্ততা বোধক।
ঠন্‌নান, অব্যক্ত শব্দ, অপ্রতুলতা বোধক।
ঠণ্ডা, শীতল, স্নিগ্ধ।
ঠণ্ডী, কফ, শ্লেষ্মা।
ঠমক, হাবভাব, ছেনালি, প্রাগলভ্য।
ঠাওরণ, অনুমান করণ; চিন্তন, স্থির করণ; বিবেচন।
ঠাই, স্থান, নিকট, সমীপ।
ঠাকুর, ঠক্কুর, দেবতা, গুরু; মান্য-ব্যক্তি; ব্রাহ্মণ।
ঠাকুরঘর, দেবগৃহ, দেবমন্দির।
ঠাকুরঝী, শ্বশুরকন্যা; গুরুকন্যা।
ঠাকুরণ, ঠাকুরাণী, দেবী, গুরুমাতা।
ঠাকুরবাটী, দেবগৃহ, দেবালয়।
ঠাকুরবাড়ী, দেবমন্দির, দেবালয়।
ঠাকুরাণী, দেবী; গুরুপত্নী; ব্রাহ্মণী, শ্বশুর স্ত্রী; মান্যা স্ত্রী।
ঠাকুরালী, কর্তৃত্ব; মান্যতা।
ঠাট, ভঙ্গি; ছাঁচ; পত্তন, কাঠাম।
ঠাট্টা, পরিহাস, বিদ্রূপ, উপহাস,

ব্যঙ্গ, কৌতুক, রহস্যালাপ।
ঠাণ্ডা, শীতল, স্নিগ্ধ; নম্র; স্থির।
ঠাণ্ডী, ছর্দ্দী, কফ, শ্লেষ্মা।
ঠাম, ভঙ্গি; মনোহর, চারু, সুদৃশ্য।
ঠার, ইঙ্গিত, সঙ্কেত, ইশারা।
ঠারণ, চক্ষুর্ভঙ্গিদ্বারা জ্ঞাপন, সঙ্কেতে জানান, ইঙ্গিত করণ। [চাপন।
ঠাসন, মর্দ্দন, সঙ্কীর্ণতা করণ; গাদন,
ঠাহর, অনুমান, চিন্ত, বিবেচনা।
ঠাহরাণ, অনুমান করণ, চিন্তা করণ, বিবেচনা করিয়া দেখন, স্মরণ করা।
ঠিক, নিশ্চিত, স্থির, যথার্থ, প্রকৃত।
ঠিকরী, খোলা, খাপরা।
ঠিকা, কর্ম্মের আনুমানিক বেতন; দৈনন্দিন বেতন ভোগী। [দর্শন।
ঠিকান, নিশ্চিত স্থান, বসতির নি-
ঠিলি, ক্ষুদ্রকলসী, ছোট ঘট, গাগরী।
ঠুটা, নুলা, হস্তহীন; ছিন্নবৃক্ষ।
ঠুকন, ঠোকন, প্রহরণ, আঘাত করণ, মারণ। [মারণ, ঠোকরাণ
ঠুকরণ, চঞ্চুদ্বারা আঘাত করণ, ঠোঁট
ঠুলী, চক্ষুরোধক দ্রব্য, চক্ষুর আবরক, দৃষ্টি বিঘাতক।
ঠেঁটা, দুষ্ট, অবাধ্য, একগুঁয়ে।
ঠেঁটী, বিধবার পরিধেয় বস্ত্র।
ঠেক, অবলম্বন, আটক, ব্যাঘাত, প্রতিবন্ধক, বৃহৎ আধার বিশেষ।
ঠেকন, অবলম্বন; স্পর্শন, লাগন, ব্যাঘাত; বিপদ, দায়পড়ন।
ঠেকন, অবলম্বন, ঠেস্, ঠেকুয়া।
ঠেকান, স্পর্শন করান, লাগান; অপ্রতিভ করান।
ঠেকার, গর্ব্ব, অহঙ্কার, দর্প, গরিমা।
ঠেকাল, দুরূহ, কঠিন, ঝঞ্ঝাটিয়া।
ঠেকুয়া, অবলম্বন, ঠেস; একঘরিয়া।
ঠেঙ্গ, পাদ, চরণ, অঙ্ঘ্রি, পা।
*ঠেঙ্গা, যষ্টি, লাঠী, দণ্ড।
ঠেঙ্গান, যষ্টিদ্বারা প্রহার করণ।
ঠেঙ্গুয়া, পদ, পা, চরণ।
ঠেড়, বৃদ্ধ, বুড়া, প্রাচীন।
ঠেলন, হেলন, অন্যান্যসরণ; নিঃসরণ; দূরীকরণ, চালান; খেদান।
ঠেস, অবলম্বন, আশ্রয়; আলম্ব।
ঠেসন, সঙ্কীর্ণকরণ; হেলন, ঝোঁকন
ঠেসান, অবলম্বন, আশ্রয়করণ, হেলান।
ঠোঁট, ওষ্ঠ, চঞ্চু।
ঠোঁটকাটা, ধূর্ত; প্রগল্ভ, দুষ্ট
ঠোকর, আঘাত, উঁচোট।
ঠোকরান, চঞ্চু দ্বারা আঘাত করণ, কঠারাদির আঘাত, মারণ
ঠোসা, স্ফোটক, ফোস্কা।
ঠৌর, স্থৈর্য্য; চৈতন্য, নিশ্চয়।

ড

ড, ডকার, ব্যঞ্জনের ত্রয়োদশ বর্ণ, টবর্গের তৃতীয় বর্ণ, শিব, শব্দ, ত্রাস, বাড়বাগ্নি।
ডগর, ঢক্কা বিশেষ, ডমরু, দগড়।
ডগ, বৃক্ষাগ্র, আগ, অগ্রভাগ
ডগাগ্র, সূচ্যগ্রন্যায়, সূক্ষ্মাগ্রভাগ, আগাল।
ডগির, বড়, উচ্চ, বৃহৎ।
ডঙ্ক, বাদ্যবিশেষ, দুন্দুভি; ঢিকার, কাঁসার বাদ্য।
ডম্বরী, ফলবিশেষ, ডম্বারীফল।
ডম, ডোম, বর্ণসঙ্করজাতি বিশেষ।
ডমর, ভয়ে পলায়ন, ভয়প্রযুক্ত প্রস্থান; পরচক্রাদিভয়, অস্ত্রকলহ
ডমরু, বাদ্যবিশেষ, কপালিযোগিদের বাদ্য; দগড়, চমৎকার, আশ্চর্য্য।
ডমরুমধ্য, দুইদ্বীপের সংযোগকারি সূক্ষ্মভূমি; সুঁড়ীপথ।
ডম্ফ, বাদ্যবিশেষ, খঞ্জরীর আকার একপ্রকার বাদ্য যন্ত্র।
ডয়ন, নভোগতি, আকাশপথে গমন, উড্ডীয়মান হওন।

ডর, ভয়, ত্রাস, শঙ্কা। [করণ।
ডরণ, ভয়পাওন, ত্রাসিত হওন, শঙ্কা
ডরুক, ভীত, ত্রাসান্বিত, ভয়শীল।
ডরালু, ত্রাসান্বিত, ভয়যুক্ত, ভীত।
ডলন, মর্দ্দন ; পেষণ, ঘর্ষণ।
ডলন, পেষণ যন্ত্র, লোডা।
ডল্লক, বংশাদি নির্ম্মিত পাত্র, ডালা।
ডহর, নৌকার খোল, গর্ভাব, অতিশয় নিম্ন স্থান। [ডেঁকল।
ডহু, বৃক্ষ বিশেষ, ডহুয়া, মাদার,
ডহুয়া, বৃক্ষ বিশেষ, ডেঁকল গাছ।
ড, ডাকিনী, কালিকাগণবিশেষ।
ডাইন, দক্ষিণ, অপসব্য। [বিনী।
ডাইনী, ডাকিনী, কুহকিনী, মায়-
ডাঁটা, বৃন্ত, কাণ্ড, দণ্ড।
ডাঁটাল, বৃক্ষযুক্ত, কাণ্ডান্বিত, শক্ত।
ডাঁড়, দাঁড়, নোকা বাহন দণ্ড, বটিয়া।
ডাঁড়কাক, দাঁড়কাক, কাকবিশেষ।
ডাঁড়, মেরুদণ্ড, পৃষ্ঠের দাঁড়া, রীতি, চরিত্র, দণ্ডায়মান।
ডাঁড়ান-দাঁড়ান, দণ্ডায়মান হওন।
ডাঁড়ী-দাঁড়ী, নোকাদণ্ডবাহক, লিপির বিচ্ছেদ চিহ্ন।
ডাঁড়ুকা, নিগড়, লোহশৃঙ্খল, বেড়ী।
ডাঁশ, দংশ মক্ষিক, উদ্দংশ, মশকবিশেষ।
ডাক, আহ্বান ; শব্দ, চীৎকার, হাঁক ; পত্রাদি শীঘ্র প্রেরণের উপায়।
ডাকন, আহ্বানকরণ, হাঁকন, চেঁচান, শব্দকরণ।
ডাকা, ডাকাইত, দস্যু, সাহসী চোর।
ডাকাতী, দস্যুবৃত্তি ; চৌর্য্যবৃত্তি।
ডাকাবুকা, দস্যুর ন্যায় সাহসী, ভরসান্বিত।
ডাকিনী, কালীর গণ বিশেষ, ডাইন ; কুহকিনী, ভূতিনী।
ডাঙ্গা, নির্জলস্থান, উচ্চ স্থান ; স্থল।
ডাড়-দাড়, দন্ত, হুল, নখ, কণ্টক।
ডাড়-দাড়া, কর্কটাদির পদ ; কাঁকড়ার পা, কণ্টক ; হুল।
ডাড়াল-দাড়াল, করাতের ন্যায় দন্তবিশিষ্ট, কণ্টকান্বিত।
ডাণ্ডা-দাণ্ডা, ক্রীড়ার্থ দণ্ড বিশেষ, ভিত্তির উপরি প্রোথিত ক্ষুদ্র দণ্ড।
ডাণ্ডী, যষ্টি, স্তম্ভ, বাঁট, খুঁটী, নৌকার পাইল দণ্ড।
ডাব, কোমলনারিকল, জলপূর্ণ অপক্ক নারিকেল। [পাত্র।
ডাবর, তৈজসপাত্রবিশেষ ; নিষ্ঠীবন-
ডাবরা, ক্ষুদ্রকলস, ছোট ঠিলি।
ডাবু, ক্ষুদ্রকলস, ডাবরী।
ডামর, শিবোক্ত শাস্ত্রবিশেষ, পরচক্রাদিভয় ; অস্ত্রকলহ ; চমৎকার।
ডাল, শাখা, বৃক্ষাঙ্গ। [চিনী।
ডালচিনি, মিষ্টত্বক বিশেষ, দারু-
ডালন, কর্ত্তন, ছাটন, শাখাচ্ছেদন।
ডালা, ডল্লক, বংশ নির্ম্মিত পাত্রবিশেষ।
ডালি, উপঢৌকন, ভেট, সওগাদ।
ডালিম, দাড়িমফল, দালিম্ব।
ডাহল, দেশবিশেষ, ত্রিপুরা দেশ।
ডাহুক, দাত্যূহ পক্ষী, ডাকপাখী, পানিকৌড়া।
ডিঙ্গন, উল্লঙ্ঘন, উৎপ্লবন, অতিক্রমণ করণ। [সেবক।
ডিঙ্গর, ডেগর, ধূর্ত্ত, খল, দুষ্ট,
ডিঙ্গ, নৌকা, তরি, পোত।
ডিঙ্গাচালক, নাবিক, কর্ণধার, কাণ্ডার, পোত বাহক।
ডিঙ্গী, ক্ষুদ্রনৌকা, দ্রোণী।
ডিণ্ডিম, বাদ্যবিশেষ, ডেঙ্গরীবাদ্য ; কৃষ্ণপাকফল, পানীআমলা, পেনেল।
ডিণ্ডির, সমুদ্রফেণ, সমুদ্রের ফেণা।
ডিণ্ডিরমোদক, গৃঞ্জন, গাজর।
ডিবা, পাত্রবিশেষ, কৌটা।
ডিম, নাটকের রূপকবিশেষ, ডিম্ব, অণ্ড। [ধ্বনি, প্লীহ।
ডিম্ব, অণ্ড, ডিম ; ফুস্ফুস ; ভয় ; ভয়-

ডিম্বজ, অণ্ডজ, ডিম্বজাত, পক্ষ্যাদি।
ডিম্বাহব, নৃপতি রহিত যুদ্ধ, রাজা-শূন্য সংগ্রাম।　[বৃক্ষ।
ডিম্বিকা, কামুকী; জলবিম্ব, শোণক-
ডিম্ভ, শিশু, বালক; মূর্খ, অজ্ঞ।
ডিম্ভক, বালক, শিশু। [চক্রবিশেষ।
ডিম্ভচক্র, মনুষ্যের শুভাশুভ নির্ণায়ক
ডিম্ভা, অতিশিশু, অতিশয় বালক।
ডীন, পক্ষির গতি, উড়ন; আগম-শাস্ত্রবিশেষ।　[বিশেষ।
ডীনডীনক, পক্ষিদিগের গতিক্রিয়া-
ডীনাবডীন, পক্ষির গতি বিশেষ, অধঃকুৎসিত গমন।
ডুকরণ, মনস্তাপ পূর্ব্বক ক্রন্দন, অত্যন্ত খেদজনক ক্রন্দন।
ডুঙ্গী, দ্রোণী; ক্ষুদ্রতরি বিশেষ।
ডুণ্ডু, ডুণ্ডুভ সর্প, ঢোঁড়াসাপ।
ডুণ্ডুল, ক্ষুদ্রপেচক, ছোটপেচা।
ডুব, জলে নিমগ্ন হওন, অবগাহন।
ডুবন, নিমজ্জন, অবগাহন, বুড়ন।
ডুবরী, মজ্জনকারী, যে অধিক ক্ষণ জলে নিমগ্ন হইয়া থাকিতে পারে, ডুবারু, নিমজ্জক।
ডুবান, জলনিমগ্ন করা, বুড়ান।
ডুবারী, নিমজ্জক, অধিক ক্ষণ ডুবিয়া থাকিতে সক্ষম।
ডুবারু, নিমজ্জক, ডুবরী।
ডুবিত, মগ্ন; অবগাহিত।
ডুম্বর, উদুম্বর বৃক্ষ, ডুম্বর।
ডুরী, রজ্জু, দড়ী, গুণ।
ডুলি, শিবিকা, দুলি; কমঠী; কচ্ছপী।
ডুলিকা, খঞ্জনাকার পক্ষি বিশেষ।
ডুলী, চিল্লীশাক; ক্ষুদ্রশিবিকা।
ডেগ, বৃহৎ পাকপাত্র বিশেষ।
ডেঙ্গর, মৎকুণ, উকুণ, কেশকীট।
ডেঙ্গুয়া, রণ্ডাশ্রমী, স্ত্রী পুত্রাদি বিহীন ব্যক্তি; শাকবিশেষ।
ডেড়, অর্দ্ধাধিক এক, সার্দ্ধৈক।
ডেড়ী, দরিদ্রতা; অস্বাস্থ্য, পীড়া।
ডেনা, পক্ষ, পাখা।
ডেলা, লোষ্ট্র, ঢিল।
ডোঙ্গা, তালবৃক্ষ নির্ম্মিত ক্ষুদ্রতরি; দ্রোণী।　[জলাশয়, পল্লল।
ডোবা, জলনিমগ্ন হওন; গর্ত্ত; ক্ষুদ্র-
ডোম, বর্ণসঙ্করজাতি বিশেষ, ডম।
ডোর, হস্তাদি বন্ধন সূত্র, রজ্জু, গুণ, দড়ী।　[দড়ী।
ডোরক, হস্তাদি বন্ধন সূত্র; রজ্জু,
ডোরডী, বৃহতী বৃক্ষ, ব্যাকুল গাছ।
ডোরা, রেখা চিহ্ন, দীর্ঘাকৃতি রেখা।
ডোরী, রজ্জু, দড়ী, রশী, গুণ।
ডোল, ধান্যাদি রক্ষণ পাত্র, নলাদি নির্ম্মিত পাত্র।
ডোলী, ডুলা, ক্ষুদ্র শিবিকা, যান-বিশেষ।　[মূর্ত্তি।
ডৌল, প্রকার, রূপ, ধারা; ঢপ;

ঢ

ঢ, ঢকার, ব্যঞ্জনের চতুর্দ্দশবর্ণ, ট-বর্গের চতুর্থ বর্ণ; ঢক্কা, কুক্কুর; ধ্বনি।
ঢক, পরিমাণ বস্তু, বাট্‌খারা।
ঢক্ক, দেশবিশেষ, ঢাকা।
ঢক্কা, বাদ্যবিশেষ, ঢাক, পটহ।
ঢঙ্গ, খল, শঠ; ছদ্ম, ছল; বেশ।
ঢনা, কৃশ; শুষ্ক; ম্লান।
ঢপ, মূর্ত্তি; ধাবা, প্রকার; চালি, চলন; গান বিশেষ। [নিম্ন স্থল।
ঢল, পর্ব্বতাদি হইতে নির্গত জল;
ঢলন, ম্লান হওন, শুষ্ক হওন; অব-সাদ, অবসন্নতা; গড়ান।
ঢলনাব, পর্ব্বতীয় জলাগম।
ঢলান, নিন্দিত কর্ম্ম প্রকাশ করণ, কুকর্ম্ম প্রচারণ।　[আলগা।
ঢল্ক, শিথিল, অদৃঢ়, অশক্ত, ঢিলা,
ঢল্কন, ম্লান বা শুষ্ক হওন; অস্ত গমন, শিথিল হওন, গড়াওন।

ঢলঢলিয়া, উজ্জ্বল ; কোমল ; চঞ্চল।
ঢসন, নিঃসরণ ; ভগ্নহওন ; গলন ; পতন।
ঢাক, ঢক্কা, পটহ ; বৃহদাকার বাদ্য-যন্ত্র বিশেষ। [গোপন।
ঢাকন, আচ্ছাদন, আবৃত করণ,
ঢাকনা, আচ্ছাদন পাত্র, আবরণ।
ঢাকনী, আচ্ছাদনপাত্র, আবরণ।
ঢাকা, আচ্ছাদিত, আবৃত, পূর্ব্বাঞ্চলীয় দেশ বিশেষ।
ঢাকাঘোড়া, আবৃত, আচ্ছাদিত।
ঢাকী, ঢক্কাবাদক, ঢাক বাজানিয়া।
ঢাকুনী, আবরণ পাত্র, আবরণ দ্রব্য, আচ্ছাদন, সরপোষ।
ঢাণ্ডা, লোকসমূহ, ম্রিয়মান, ক্লেশ।
ঢামরা, হংসী, হংসের স্ত্রী।
ঢাল, ফলক ; চর্ম্ম ; নিম্নস্থান, গড়ান।
ঢালন, অধঃক্ষেপণ ; নির্গত করণ।
ঢালী, ঢালবিশিষ্ট, চর্ম্মী, ফলকধারী।
ঢালু, নিম্নস্থান, গড়ানিয়া।
ঢিপন, প্রহার করণ, আঘাত, মারণ ; মুষ্ট্যাঘাত।
ঢিপী, উচ্চস্থান, স্তূপ ; রাশি।
ঢিবী, রাশি ; উচ্চস্থান, স্তূপ।
ঢিল, লোষ্ট্র, ঢিলা, ঢেলা।
ঢিলা, শিথিল, দীর্ঘসূত্রী ; অশক্ত, অদৃঢ়, আল্গা ; লোষ্ট্র, ঢেলা।
ঢিলান, লোষ্ট্রাদি ক্ষেপণ, ঢেল-মারণ। [ঘুষড়ন।
ঢুকন, অন্তঃপ্রবেশন, অন্তর্গত করণ,
ঢুকান, প্রবেশ করান, অন্তর্গত করণ, সাঁধাইয়া দেওন। [ঢোঁড়ন।
ঢুণ্ঢন, অন্বেষণ, অনুসন্ধান, খোজন,
ঢুণ্ঢি, গণেশ, হেরম্ব, গণপতি।
ঢুণ্ঢুভ, ডুণ্ডুভ সর্প, ঢোঁড়াসাপ।
ঢুলন, নিদ্রায় অবসন্ন হওন, ঝিমন।
ঢুলান, দোলন, কম্পিত করণ, নড়ান, দোলান ; বহন। [আঘাত।
ঢুষ, মেষাদির মস্তকাঘাত ; মস্তকের
ঢুষণ, শৃঙ্গাদি দ্বারা আঘাতন ; মস্তকাঘাত।
ঢুষণা, অলস ; অকর্ম্মণ্য।
ঢেউ, তরঙ্গ, বীচি, হিল্লোল।
ঢেঁকী, তণ্ডুলাদি কর্ত্তনের যন্ত্র, চাউল কাঁড়িবার বৃহৎ কাষ্ঠ যন্ত্র।
ঢেঁটা, শঠ, দুষ্ট, খল, ধূর্ত্ত।
ঢেঁড়, ঘোষণ, প্রচারণ ; বাদ্যবিশেষ।
ঢেঁড়ী, কর্ণালঙ্কার বিশেষ ; বাদ্য-বিশেষ।
ঢেঁশ, আঘাত, ধাক্কা ; বিদ্রূপ, দোষ-সূচক দৃষ্টান্ত। [ঠেলন।
ঢেকান, ধাক্কা মারণ ; নির্গত করণ ;
ঢেকুর, উদ্গার, হিক্কা।
ঢেঙ্গা, দীর্ঘ, লম্বা, আয়ত।
ঢেমন, জারজ, ভ্রষ্ট ; দুষ্ট, ধূর্ত্ত।
ঢেমনা, জার, উপপতি ; ভ্রষ্ট, দুষ্ট, সর্পবিশেষ।
ঢেমনী, জারা, উপপত্নী, নায়িকা।
ঢের, বিস্তর, যথেষ্ট, অনেক।
ঢেরা, সূত্র নির্ম্মাণের যন্ত্র, পাট কাট-নের যন্ত্র বিশেষ।
ঢোওন, ভারবহন ; ভ্রমণ।
ঢোঁড়ন, অন্বেষণ, অনুসন্ধান, খুঁজন।
ঢোঁড়া, ডুণ্ডুভসর্প, জলসর্প।
ঢোক, গলাধঃকরণ, গিলন ; গল-দেশের নীচে নয়ন। [বেশন।
ঢোকন, অন্তর্গত করণ, ঢুকান, প্র-
ঢোল, বাদ্যবিশেষ।
ঢোলন, নিদ্রায় অবসন্ন হওন, ঝিমন, ঢুলন।
ঢোলান, দোদুল্যমান, দোলান, ঝুলা ; কাঁপন, নড়ান।
ঢোলী, ঢোলবাদ্য বাদক, ঢোল-বাজানিয়া।

ণ

ণ, ণকার, ব্যঞ্জনের পঞ্চদশ বর্ণ, ট-বর্গের পঞ্চম বর্ণ ; জ্ঞান ; নিশ্চয়।

ত

ত, ব্যঞ্জনের ষোড়শ বর্ণ, তবর্গের প্রথমাক্ষর; চৌর; অমৃত; পুচ্ছ; ক্রোড়।

তকিত, তঙ্কিত; অন্বেষণ, তত্ত্ব।

তক, পর্য্যন্ত, অবধি, সীমা।

তক্তা, কাষ্ঠ ফলক; বিশেষ দীর্ঘ প্রস্থান্বিত বস্তু।

তক্তি, বিশেষ দীর্ঘ প্রস্থবিশিষ্ট দ্রব্য।

তক্র, চতুর্থাংশ জলযুক্ত দুগ্ধ বিকার, ঘোল।

তখন, সেইকালে, তৎক্ষণে, তবে।

তখনি, সেই সময়েতেই, তৎক্ষণাৎ, সেই কালেই।

তখ্‌ত, সিংহাসন, রাজাসন।

তগর, পুষ্প বৃক্ষবিশেষ, তগরফুল।

তঙ্কা, রৌপ্যমুদ্র, টাকা, রূপা, ধন।

তল্লাসী, তত্ত্ব, অনুসন্ধান, অন্বেষণ।

তচ্চিন্তা, তাহার চিন্তা; সেই ভাবনা।

তচ্ছম, থামন, শান্তি, নিবৃত্তি, উপশম। [শম করণ।

তচ্ছমকরণ, থামান, শান্তিকরণ, উপ-

তচ্ছায়া, তাহার ছায়া; তত্তুল্য।

তচ্ছিদ্র, তাহার রন্ধ্র, সেই ছিদ্র।

তচ্ছেষ, তাহার অন্ত, তদন্ত।

তচ্ছ্রবণ, তাহা শুনা।

তজ্জ, তদুদ্ভব, তাহা হইতে জাত।

তঞ্চ, গণত; প্রবঞ্চন, প্রতারণা।

তঞ্চক, প্রবঞ্চক, প্রতারক, ছলনিয়া।

তঞ্চকতা, প্রবঞ্চনা, ছল, কাপট্য।

তট, তড়, কূল, নদীতীর, ধার, কিনারা।

তটস্থ, তীরস্থ; অপক্ষপাতী, অগণাক্রান্ত; ব্যস্ত; চমৎকৃত।

তটাক, তড়াগ, বৃহৎ জলাশয়।

তটিনী, নদী, দেবখাত, অকৃত্রিম জলাশয়।

তটী, তীর, তট, নদীকূল, কিনারা।

তড়, তট; কিনারা।

তড়তড়, অব্যক্ত শব্দ; বৃষ্টিপতন শব্দ।

তড়পন, আস্ফালন, উল্লম্ফন।

তড়া, তট, কূল, তীর।

তড়াকা, আঘাত; তটভাগ।

তড়াগ, সরোবর; বৃহৎ পুষ্করিণী, দীর্ঘিকা, দীঘী।

তড়িৎ, বিদ্যুৎ, সৌদামিনী।

তডিত্বান্‌, মেঘ, জলধর, বারিদ।

তণ্ডক, খঞ্জনপক্ষী; পরিষ্কার, নির্ম্মল।

তণ্ডুল, চাউল, চালু, চাল।

তণ্ডুলাম্বু, তণ্ডুলোদক, চেলুনি জল।

তণ্ডুলী, যবতিক্তা লতা; শশা গাছ।

তণ্ডুলীয়, পত্র শাক বিশেষ, চাঁপানটিয়া শাক।

তণ্ডুলেরু, বেণুবংশ, নেউড় বাঁশ।

তত, বিস্তৃত, ব্যাপ্ত; তাবৎ, সে সকল; বীণাদি বাদ্য; এতাবৎ।

ততঃ, তাহাহইতে, তদনন্তর, তৎপরে।

ততদিন, তাবদ্দিবস, তৎপরিমিত দিন, সেই পর্য্যন্ত।

ততপত্রী, কদলীবৃক্ষ, কলাগাছ।

তত্তি, তৎপরিমাণ, ততগুণি, বহুল, আবলী, শ্রেণী, সমূহ।

তৎ, বুদ্ধিস্থ বাচক; সেই, তিনি, তাহা।

তৎকরণক, তাহার দ্বারা, তাহাতে।

তৎকর্ত্তৃক, তাহা কর্ত্তৃক, তাহাহইতে।

তৎকর্ম্ম, সে কর্ম্ম, সেই কার্য্য।

তৎকাল, বর্ত্তমান কাল; সেইকাল।

তৎকালধী, উপস্থিতবুদ্ধি, উৎপন্নমতি।

তৎকালিক, সেইসময়ের, তদানীন্তন।

তৎকালে, সেইকালে, সেই সময়ে।

তৎকালোৎপন্ন, সেই সময়ে জাত।

তৎকৃত, তাহা কর্ত্তৃক রচিত।

তৎক্রমে, সেই ক্রমে, তদনুসারে।

তৎপর, উদ্যুক্ত, অনলস, নিপুণ, আসক্ত; তদনন্তর।

তৎপরায়ণ, তদাসক্ত, তদনুরক্ত।

তৎপরে, তদনন্তর, তাহার পরে।

তৎপার্শ্বে, তাহার নিকট, তাহার পাশে।
তৎপৃষ্ঠে, তাহার উপরে।
তৎপোষণ, তৎপ্রতিপালন।
তৎপ্রকার, সেই প্রকার, তদ্রূপ।
তৎফল, তাহার ফল; বদরী ফল, কুল।
তত্ত্ব, মূলব্যবস্থা; সূক্ষ্মবোধ; ধর্ম্ম, স্বরূপ; ব্রহ্মভাব; যাথার্থ্য; অনুসন্ধান, উদ্দেশ, অন্বেষণ।
তত্ত্বকারক; পণ্ডিত, যথার্থ বিতর্কক; সন্ধান কারক, অন্বেষ্টা।
তত্ত্বজ্ঞান; ব্রহ্মজ্ঞান, পরমার্থজ্ঞান, অধ্যাত্মবিদ্যা।
তত্ত্ববাদী, যথার্থবক্তা; সত্যভাষী; ব্রহ্মবাদী, অভেদকথক। [চার গ্রহণ।
তত্ত্ববার্ত্তা; অনুসন্ধান, অন্বেষণ, সম -
তত্ত্বানুসন্ধান, যাথার্থ্য অন্বেষণ, বিশেষ বৃত্তান্ত সন্ধান। [ভাবক।
তত্ত্বাবধারক, রক্ষণাবেক্ষণ কর্ত্তা, তদ্বি.
তত্ত্বাবধারণ, রক্ষণাবেক্ষণ, অধ্যক্ষতা।
তত্র, সেস্থানে, সেখানে।
তত্রত্য, তৎস্থানীয়, সেখানকার।
তত্রভবতী, মান্য, পূজ্যা।
তত্রভবান্, পূজ্য, মান্য, শ্লাঘ্য।
তত্রাপি, অন্যথা সূচকশব্দ, তথাপি; সেখানেও।
তৎক্ষন, সেই সময়, তখন।
তৎক্ষণাৎ, তখনই, অবিলম্বে।
তৎক্ষণে, সেইকালে, তদ্দণ্ডে।
তথা, সেই প্রকার, তেমনি, পূর্ব্ববৎ; অপর।
তথাচ, তথাপি, তত্রাপি, তবু।
তথাত্ব, তাদৃগ্ভাব, তৎপ্রকারত্ব।
তথাপি, তবু, তত্রাপি, তথাচ।
তথায়, সেইস্থানে, সেখানে।
তথাস্তু, এমনি হউক, তাহাই হউক।
তথৈব, তেমনি, সেই প্রকার; যেমন তেমন।
তথ্য, নিশ্চয়, যাথার্থ্য, তত্ত্ব।
তদকরণ, তাহা না করা।
তদনন্তর, তাহার পর, পরে।
তদনুযায়ী, তদনুরূপ, সেইমত।
তদনুরূপ, সেইরূপ, সেই প্রকার, তত্তুল্য।
তদনুসার, সেইমত, তদনুরূপ।
তদন্ত, শেষ, সীমা, নির্য্যাস; অনুসন্ধান, তত্ত্ব।
তদন্তঃ, তাহার মধ্য, তদভ্যন্তর।
তদন্তঃপাতী, তন্মধ্যপাতী, তাহার অভ্যন্তরবর্ত্তী। [তন্মধ্য।
তদন্তর, তদ্ভিন্ন, তাহা ব্যতিরেক;
তদবধি, সেই অবধি, তখন হইতে।
তদবস্থ, সেই প্রকার, এক দশাপন্ন।
তদভ্যন্তর, তাহার মধ্য, তন্মধ্য।
তদভ্যাস, সেই সংস্কার।
তদা, সেই কাল, তৎসময়।
তদাদি, সেই অবধি, তৎপ্রভৃতি।
তদাদিতদন্ত, আদ্যোপান্ত, পূর্ব্বাপর।
তদানীং, সেইসময়, তখন, সেইকালে।
তদানীন্তন, তৎকালের, সেইসময়ের।
তদারম্ভ, আরম্ভ, উদ্যোগ।
তদারম্ভ, তাহার প্রারম্ভ, তদুপক্রম।
তদুপরি, তাহার উপরে।
তদেব, অনন্য, সেই, তাহাই।
তদ্দণ্ডে, তৎক্ষণাৎ, অবিলম্বে।
তদ্দিন, সেইদিন; দিনমধ্য; প্রতিদিন।
তদ্ধন, কৃপণ, ব্যয়কুণ্ঠ।
তদ্ধনজীবন, তাহাই প্রাণতুল্য।
তদ্ধিত, ব্যাকরণের প্রকরণ বিশেষ।
তদ্বৎ, সেইরূপ, তৎ সদৃশ, তাহার ন্যায়।
তদ্রূপ, সেইরূপ, সেই প্রকার।
তধী, সেইক্ষণে, তদা, তৎক্ষণাৎ।
তনখা, বেতন, মাসিক।
তনয়, পুত্র, সন্তান, আত্মজ, সুত।
তনয়া, পুত্রী, কন্যা, সুতা, দুহিতা।
তনিষ্ঠ, ক্ষীণ, অতিসূক্ষ্ম; অল্পতা; সঙ্কীর্ণতা, সঙ্কোচ।
তনীয়ান্, সূক্ষ্মতর; অল্প, ক্ষুদ্র।

তনু, শরীর, দেহ ; অল্প ; সূক্ষ্ম, সরু, ক্ষীণ।
তনুকূপ, লোমকূপ, রোমচ্ছিদ্র।
তনুজ, শরীরজাত, পুত্র, আত্মজ।
তনুজা, কন্যা, পুত্রী, তনয়া।
তনুত্র, কবচ, বর্ম্ম, সাঁজোয়া।
তনুভস্ত্র, নাসিকা, নাস, নাক।
তনুরস, স্বেদ, ঘর্ম্ম।
তনুরুহ, লোম, রোম, পক্ষির পালখ।
তনুল, বিস্তৃত ; প্রসারিত।
তনুসঞ্চারিণী, বালিকা স্ত্রী, বালা বধূ।
তনুক্ষীর, আম্রাতক, আমড়া।
তনূ, শরীর, দেহ।
তনূকূপ, লোমকূপ, রোমচ্ছিদ্র।
তনূজ, সন্তান, পুত্র, তনয়।
তনূজা, সন্ততি, পুত্রী ; কন্যা।
তনূত্রাণ, শরীররক্ষক, বর্ম্ম, সাঁজোয়া।
তনূনপ, ঘৃত, হবিঃ, আজ্য।
তনূনপাৎ, অগ্নি, বহ্নি, অনল।
তনূরুহ, লোম, রোম।
তন্তু, রজ্জু ; সূত্র, সূতা ; তন্ত্র, তাঁত।
তন্তুকাষ্ঠ, তুলী ; তাঁতের কাঠ।
তন্তুকী, নাড়ী, শিরা, ধমনী।
তন্তুকীট, কোষকারকৃমি, গুটিপোকা।
তন্তুন, জলজন্তুবিশেষ, গ্রাহ, হাঙ্গর।
তন্তুনির্য্যাস, তাল, তালফল।
তন্তুপর্ব্ব, শ্রাবণী পূর্ণিমা।
তন্তুবাপ, তন্তুবায়, তাঁতি।
তন্তুবায়, জাতিবিশেষ, তাঁতি ; মর্কটক কীট, লূতা, মাকড়সা।
তন্তুবিগ্রহা, কদলী, রম্ভা, কলা।
তন্তুর, মৃণাল, ডাঁটা।
তন্তুশালা, তন্তুবপন গৃহ, তাঁত ঘর।
তন্তুসন্তত, সূত্রবিস্তৃত ; সেলাই করা কাপড়। [শেষ, অতিকৃশ।
তন্তুসার, গুবাকফল ; সূত্রমাত্রাব-
তন্ত্র, বস্ত্র নির্ম্মাণ যন্ত্রবিশেষ, তাঁত, শিবোক্ত গ্রন্থবিশেষ ; চিকিৎসকেরদের মন্ত্র ; অধীন।

তন্ত্রক, নূতন বসন, নব বস্ত্র।
তন্ত্রতা, পক্ষপাত, গণতা, অঙ্গাঙ্গি ; অনেক ক্রিয়ার একত্র অনুষ্ঠান।
তন্দ্রা, ঈষৎনিদ্রা, আলস্য।
তন্দ্রালু, ক্লান্ত, নিদ্রাতুর ; আলসিয়া।
তন্দ্রি, নিদ্রা, আলস্য, ঘুম।
তন্ত্রী, বীণা, বাদ্য যন্ত্রবিশেষ ; তন্ত্রশাস্ত্র বেত্তা, তাঁত, বীণাদি যন্ত্রের গুণ, নিদ্রা।
তন্ন, তাহা নয়, সে নয়।
তন্নতন্ন, তাহা নয় তাহা নয় ; খণ্ড খণ্ড।
তন্নাম, সেই নাম ; তাহার সংজ্ঞা।
তন্নিমিত্ত, তদর্থ, তদ্ধেতু, তজ্জন্য।
তন্নিষ্ঠ, তত্রস্থ, তদ্বর্ত্তী।
তন্মাত্র, তাহাই কেবল, সেইমাত্র।
তন্বী, ক্ষীণা, কৃশাঙ্গী ; সুন্দরী।
তপ, গ্রীষ্ম, গুমট কাল।
তপঃ, তপস্যা, ব্রত, নিয়ম।
তপঃকর, মৎস্যবিশেষ, তপ্সামাছ।
তপঃক্লেশ, তপস্যার কষ্ট।
তপঃক্লেশসহ, শান্ত, সহিষ্ণু। [শেষ।
তপন, সূর্য্য ; গ্রীষ্ম ; দাহ ; নরক বি-
তপনতনয়া, শমীবৃক্ষ ; যমুনা।
তপনমণি, সূর্য্যকান্তমণি।
তপনাত্মজা, গোদাবরী নদী ; যমুনা।
তপনীয়, উত্তাপনীয় ; স্বর্ণ, কাঞ্চন।
তপনেষ্ট, তাম্র, তাঁবা।
তপস, চন্দ্র, পক্ষী।
তপস, তপঃ, উপবাসাদি ; চন্দ্রায়ণাদি ব্রত ; পুণ্য, ধর্ম্ম।
তপস্তক্ষ, ইন্দ্র, দেবরাজ।
তপস্বিনী, তপস্যাকারিণী, ধর্ম্মনিষ্ঠা।
তপস্বী, তপস্যাকর্ত্তা, ঋষি, মুনি।
তপস্য, কুন্দপুষ্প ; ফাল্গুন মাস ; অর্জ্জুন।
তপস্যা, পুণ্যোদ্দেশে ক্লেশজনক কর্ম্ম, ঈশ্বরারাধনা, ব্রতানুষ্ঠান।
তপস্যাগত, ঈশ্বরারাধনায় প্রবিষ্ট, তপস্যান্বিত।

তপস্যামৎস্য, মৎস্য বিশেষ, তপ্সে-
মাছ। [কাল।
তপাঃ, মাঘমাস; শিশির কাল; গ্রীষ্ম-
তপাত্যয়, বর্ষাকাল, প্রাবৃটকাল।
তপাস, অন্বেষণ, অনুসন্ধান।
তপিত, তপ্ত, উষ্ণ, উত্তাপান্বিত।
তপু, অগ্নি, অনল; সূর্য্য, দিবাকর।
তপোধন, তপস্বী, মুনি, ঋষি।
তপ্ত, উষ্ণ, সন্তাপযুক্ত; খেদান্বিত।
তপ্তকুম্ভ, নরক বিশেষ। [শেষ।
তপ্তকৃচ্ছ্র, ব্রতবিশেষ, প্রায়শ্চিত্ত বি-
তপ্তবালুক, নরকবিশেষ।
তপ্তরূপক, রৌপ্য, রজত, রূপা।
তপ্তসুরাকুণ্ড, নরক বিশেষ।
তব, তোমার।
তবিষ, স্বর্গ, সুরপুরী; সমুদ্র, সাগর।
তবিষী, নদী; ইন্দ্রকন্যা, শক্তি।
তবীষ, স্বর্গ; সমুদ্র, স্বর্ণ।
তবীষী, ইন্দ্রকন্যা। [লেও।
তবু, তথাপি; এবমপি; তদ্রূপ হই-
তবে, সেই জন্যে, তদা, পরে।
তম, অন্ধকার; তমোগুণ, অহঙ্কার;
তমালবৃক্ষ, বিশেষণ শব্দের পরে
অনেকের মধ্যে একের উৎকর্ষার্থক।
তমঃ, প্রকৃতির গুণবিশেষ, তমোগুণ,
অন্ধকার; শোক, পাপ; অহঙ্কার।
তমত, তৃষিত, পিপাসিত; বাঞ্ছিত।
তমপ্রভ নরক বিশেষ।
তমন, কূপ, কূয়া; অন্ধকার।
তমসা, নদী বিশেষ। [কার।
তমস্ততি, অন্ধকার সমূহ, ঘোর অন্ধ-
তমস্বিনী, রাত্রি, রজনী, নিশা, হরিদ্রা।
তমা, রাত্রি, রজনী, তমালবৃক্ষ।
তমাক, তমাকু, তাম্রকূট, কলঞ্জ, ধূম-
পান যোগ্য পত্র বিশেষ।
তমাল, বৃক্ষবিশেষ, বাঁশের ছাল;
তিলক, খড়্গ।
তমালক, তেজপাত; তমালবৃক্ষ।
তমি, রাত্রি, নিশা, বিভাবরী।

তমিস্র, তিমির, অন্ধকার; ক্রোধ।
তমিস্রা, অন্ধকার রাত্রি, কৃষ্ণপক্ষীয়-
নিশা।
তমিস্রাপক্ষ, কৃষ্ণপক্ষ, অসিতপক্ষ।
তমী, রাত্রি, নিশা, রজনী; হরিদ্রা।
তমোগুণ, মোহ ক্রোধাদির কারণগুণ।
তমোগুণী, অহঙ্কারান্বিত, দর্পী।
তমোঘ্ন, অগ্নি, সূর্য্য; চন্দ্র; কেশব,
শম্ভু। [নাকি পোকা।
তমোজ্যোতিঃ, জ্যোতিরিঙ্গণ, জো-
তমোনুৎ, অগ্নি; সূর্য্য; চন্দ্র; দীপ।
তমোনুদ, সূর্য্য, রবি, দিনকর।
তমোপহ, অন্ধকার নাশক, সূর্য্য,
চন্দ্র; অগ্নি; দীপ; বুদ্ধি।
তমোবিকার, রোগ, পীড়া।
তমোমণি, খদ্যোত, জ্যোতিরিঙ্গণ,
জোনাকি পোকা।
তমোলিপ্তী, দেশবিশেষ, তমোলুক্।
তমোহর, চন্দ্র, নিশাকর; সূর্য্য।
তম্পা, গো, গোরু।
তম্বু, বস্ত্রগৃহ, শিবির, কানাৎ, তাঁবু।
তম্বুর, বাদ্যযন্ত্রবিশেষ, তানপূর, ত্রি-
গুণ যুক্ত বীণ।
তর, তরণ, পারহওন; অগ্নি; বৃক্ষ,
বিশেষণ শব্দের পরে প্রযুক্ত হইলে
দুইয়ের মধ্যে একের উৎকর্ষ বুঝায়।
তরকারী, ব্যঞ্জনের যোগ্য ফলমূলাদি,
আনাজ।
তরঙ্গ, লহর, ঊর্ম্মি, বীচি, ঢেউ।
তরঙ্গিণী, নদী, হ্রদিনী, ধুনী।
তরজা, চরকের সময়ে শিবের গান।
তরণ, উদ্ধরণ, পার গমন, সন্তরণ,
ভেলা; স্বর্গ।
তরণি, তরি, নৌকা; ভেলা; সূর্য্য;
কিরণ; আকন্দ বৃক্ষ।
তরণিপেটক, কাষ্ঠাম্বুবাহিনী, জল-
তোলা কেঠো।
তরণিরত্ন, মাণিক্য, মণি, সূর্য্যক, ত্ডমণি।
তরণিসুত, যম; শনি; কর্ণ।

তরণিসুতা, যমুনা, কালিন্দী নদী।
তরণী, নৌকা. তরি; ঘৃতকুমারী।
তরণ্ড, দেশবিশেষ; বড়িশীর সূত্রবন্ধন কাষ্ঠাদি; নৌকা।
তরণ্ডপাদা, নৌকা, তরণী, ভেলা।
তরণ্ডী, নৌকা, তরি, তরণী।
তরন্ত, ভেক, সমুদ্র, সাগর।
তরন্তী, নৌকা, তরণী, তরী। [কড়ী।
তরপণ্য, পার হইবার মূল্য, পারাণি-
তরবার, তরবারি, তলোয়ার, অসি, খড়্গ, করবাল। [খাঁড়া।
তরবারি, করবাল, তলোয়ার; খড়্গ,
তরমুজ, ফলবিশেষ, তরমুজ ফল।
তরল, চঞ্চল; দ্রবীভূত, পাতলা; হার, হার মধ্যস্থ মণি; দীপ্তিযুক্ত; উপপতি।
তরললোচনা, চঞ্চলনয়না নারী।
তরলা, যবাগূ, যাউ; সুরা, মদিরা, মধুমক্ষিকা, মৌমাছি।
তরলিত, চাঞ্চল্যান্বিত, চলিত, আন্দোলিত; দ্রবীভূত।
তরশ্ব, উত্তরশ্ব, গত অথবা আগামি দিনের পূর্ব্ব দিন।
তরস, মাংস, পল।
তরস্, বেগ, শীঘ্রগতি; বল।
তরস্ত, এস্ত, ব্যস্ত; চঞ্চল, দ্রুতগামী।
তরস্থান, ঘট্ট, ঘাট।
তরস্বান্, মহাবলবন্ত; বেগান্বিত।
তরস্বী, বেগযুক্ত; বলবান্, সমর্থ।
তরক্ষু ব্যাঘ্রবিশেষ, নেকড়িয়া বাঘ।
তরাণ, উদ্ধরণ, বাঁচান, পারকরণ।
তরান্ধু, নৌকাবিশেষ, ভড়, হোড়।
তরাস, ত্রাস, শঙ্কা, ভয়।
তরি, নৌকা, তরি, তরণী।
তরিকা, নৌকা, তরণী, তরি। [তাড়ি।
তরিতা, গৃঞ্জন, গাঁজা; অহিফেণ;
তরী, নৌকা; দ্রোণী, ডোঙ্গা; গদা।
তরীষ, ভেলা, সমুদ্র; সমর্থ; স্বর্গ; ব্যবসায়।

তরীষী, ইন্দ্রকন্যা।
তরু, বৃক্ষ, দ্রুম, গাছ।
তরুজীবন, বৃক্ষমূল, গাছের শিকড়।
তরুণ, নবীন, নূতন; যুবা।
তরুণজ্বর, সপ্তাহাবধি জ্বর, নবজ্বর।
তরুণদধি, পঞ্চদিনাতীত দধি, পাঁচ দিনের বাসি দধি।
তরুণী, যুবতী, ষোড়শবর্ষীয়া স্ত্রী।
তরুতূলিকা, বাতুলিপক্ষী, বাদুড়।
তরুনখ, কণ্টক, কাঁটা।
তরুমূল, বৃক্ষমূল, গাছের শিকড়।
তরুমৃগ, বানর, শাখামৃগ, মর্কট।
তরুরাগ, নূতনপল্লব, কিশলয়, নবীন পত্র, কচিপাতা।
তরুরাজ, তালবৃক্ষ, তালগাছ।
তরুশায়ী, পক্ষী, বিহঙ্গম।
তরুসার, কর্পূর, সুগন্ধি দ্রব্যবিশেষ।
তরূট, উৎপলকন্দ, হেলা নামক পুষ্পের গেড়ো, সুঁদী।
তরে, জন্যে, নিমিত্তে।
তর্ক, বিতর্ক, ঊহ, বুদ্ধিদ্বারা বিবেচনা; ন্যায়শাস্ত্র; আকাঙ্ক্ষা।
তর্কক, যাচক; আকাঙ্ক্ষী, তর্ককারক।
তর্কবিদ্যা, ন্যায়বিদ্যা, আন্বিক্ষিকী।
তর্কশাস্ত্র, ন্যায়শাস্ত্র।
তর্কারী, জয়ন্তী বৃক্ষ।
তর্কিত, বিবেচিত; আলোচিত; শঙ্কিত। [বেত্তা; বিবেচক।
তর্কী, তর্ককারক, নৈয়ায়িক, ন্যায়-
তর্কু, সূত্রনির্ম্মাণ যন্ত্র, টেকো।
তর্কুট, সূত্র কর্ত্তন, কাটনাকাটা।
তর্কুটী, টেকো, সূত্রনির্ম্মাণ যন্ত্র।
তর্কুপিণ্ড, তর্কুস্থিত মৃত্তিকা পিণ্ড, টেকোর বাঁটুল।
তর্কুশাণ, টেকোর শাণ।
তর্জ্জন, ভর্ৎসন, তাড়ন; গর্জ্জন, ক্রোধেতে ঝঙ্কার করণ।
তর্জ্জনী, অঙ্গুষ্ঠের সমীপাঙ্গুলী।
তর্জ্জিত, ভর্ৎসিত; তাড়িত।

তর্ণ, বৎস, বাছুর ; শাবক ; শিশু।
তর্ণক, সদ্যোজাত বৎস, কোমলে বাছুর।
তর্ণি, সূর্য্য, রবি, ভানু।
তর্তরিয়া, চঞ্চল, অস্থির, অধীর।
তর্ত্তরীক, নৌকা ; পারগ, পারগামী।
তর্দ্দু, দারুহস্ত, কাঠের হাতা।
তর্পণ, তোষণ, প্রীণন ; জলাঞ্জলি ; পুত্রাদিকর্ত্তৃক পিত্রুদ্দেশে জলদান।
তর্পণেচ্ছু, তর্পণাকাঙ্ক্ষী ; ভীষ্ম, শান্তনব।
তর্ষট, বৎসর, বর্ষ, হায়ন।
তর্ষ, অভিলাষ ; তৃষ্ণা ; সমুদ্র ; তরণী।
তর্ষণ, তৃষা, পিপাসা, তৃষ্ণা।
তর্ষিত, তৃষিত, পিপাসিত, তৃষ্ণান্বিত।
তর্স, ফাঁক ; দূরে, অন্তরে।
তর্ক্ষু, তরক্ষু, নেকড়িয়া বাঘ, ভেড়িয়া।
তল, অধোভাগ, নিম্ন, তলা, নীচ ; গর্ত্ত ; কানন ; তালবৃক্ষ ; মূল ; গোড়া ; চপেট, হস্ততল, থাবড়া।
তলক, পুষ্করিণী, দীর্ঘিকা, তালাও।
তলপেট নাভির অধোভাগ, উদরের নিম্নদেশ। [ঘাত।
তলপ্রহার, চপেট, চাপড় ; চপেটা-
তলবার, করবাল, খড়্গ, অসি।
তলসার, ঘোটকের ভোজনপাত্র ; ঘোড়ার বক্ষঃস্থল বন্ধনের দড়ী।
তলস্পর্শ, অগভীর ; চটান।
তলহৃদয়, পদতলের মধ্যস্থান, পাএর চেটো। [গোসাপ।
তলা, অধোভাগ, নিম্নস্থল ; গোধা,
তলাগুচি, সাহায্য, উপকার, আনুকূল্য, সপক্ষতা। [মাদুর।
তলাচী, নলনির্ম্মিত কট, নলের-
তলাতল, রসাতল, পাতাল বিশেষ।
তলান, তলস্পর্শ করণ ; নিমজ্জন ; ডুবন, বুড়ন। [খাত।
তলাব, তালাও পুষ্করিণী, সরোবর ;
তলাবাঁধা, গোড়াবাঁধান, আলবাল ; গাছের মূলে জল দিবার নিমিত্ত বাঁধান স্থল।
তলিত, ভৃষ্ট মাংস ; দগ্ধ মাংস।
তলিন, শয্যা ; বিরল ; দুর্ব্বল ; অল্প ; নির্ম্মল। [বিতানক, চাঁদোয়া।
তলিম, কুট্টিম, সৌধময় গৃহ ; শয্যা ;
তলী, অধঃস্থ, নিম্নস্থ।
তলুন, বায়ু, পবন ; যুবা, তরুণ।
তলুনী, তরুণী, যুবতী।
তলুবা, বৃহৎস্থালী ; বড়হাঁড়ি, তলো।
তলে, অধতে, নীচে।
তলেক্ষণ, শূকর, বরাহ।
তলোদরী, ভার্য্যা, স্ত্রী।
তলোদা, নদী, জলাশয়।
তল্ক, অরণ্য, বন, বিপিন, কানন।
তল্প, শয্যা ; অট্টালিকা ; দার।
তল্পকীট, কীটবিশেষ, ছারপোকা।
তল্পন, হাতির পৃষ্ঠ দেশ।
তল্পী, মোট, গাঁঠরি, পলিন্দা, বস্তা।
তল্ল, বিল, গর্ত্ত, জলাধার বিশেষ, পুষ্করিণী, তালাও।
তল্লজ, প্রশস্ত, উৎকৃষ্ট, উত্তম।
তল্লা, তরুণী, যুবতী।
তল্‌শোষ, তল্‌শুষি উনুই, জলকর।
তশলা, হুড়কা ; বহুগুণ।
তষ্ট, সূত্রধর, ছুতার ; বিশ্বকর্ম্মা ; আদিত্য বিশেষ। [মত্তা।
তষ্টি, আগ্রহাতিশয় ; ঠেঁটামি ; কঠি-
তষ্টিয়া, ঠেঁটা, কঠিন ; নিষ্ঠ।
তসর, পট্টবস্ত্র বিশেষ ; সূত্রবেষ্টন, সূতায় ঘেরা।
তসিল, ঢেঁকী আদির গোঁজ ; যন্ত্রণা ; রাজস্ব আদায়। [হারী।
তস্কর, চোর, অপহর্ত্তা, পরদ্রব্যাপ-
তস্করী, কোপনা নারী, ক্রোধযুক্তা-স্ত্রী ; চৌর্য্য, অপহার।
তস্য, তাহার, তৎসম্বন্ধীয়।
তক্ষক, অষ্ট নাগমধ্যে নাগবিশেষ, সূত্রধর, ছুতার ; বিশ্বকর্ম্মা।

তক্ষণ, পরিষ্করণ, চাঁচন, পাতলা করণ
তক্ষশিলা, দেশবিশেষ।
তক্ষা, সূত্রধর, ছুতার; বিশ্বকর্ম্মা।
তা, ডিম্ব হইতে ছা তোলা; অণ্ডের উষ্ণতা করণ।
তাই, করতালী; সেই, তদবস্থ।
তাউত, শুশ্রূষা; প্রতীকার চেষ্টা; চিকিৎসা।
তাও, কোপ; কাপড়ের ভাঁজ।
তাওন, উত্তাপন, উদ্দীপ্ত করণ; কোপান, রাগান।
তাওআন, উত্তাপন, উদ্দীপ্ত করণ।
তাওয়া, পাত্রবিশেষ, বহুগুণা; ভস্ত্রা, জাঁতা।
তাঁইত, চর্ম্মরজ্জু, চর্ম্মবন্ধনী, তন্ত্রী।
তাঁইস, উত্তেজনা করণ; বিরক্ত করণ।
তাঁত, বস্ত্র বপন যন্ত্র, তন্ত্র, কাপড় বুনানের কল; বীণাদির তন্ত্র।
তাঁতি, জাতিবিশেষ, তন্তুবায়; বস্ত্রনির্ম্মাতা।
তাঁবা, ধাতুবিশেষ, তাম্র, রক্তবর্ণ ধাতু।
তাক, লক্ষ্য; দৃষ্টিপাত; অবলোকন।
তাকন, আলোচন; দর্শন, সন্ধানকরণ।
তাকান, অবলোকন, দর্শন; লক্ষ্যকরণ।
তাক, মঞ্চ, মাচ, ভারা।
তাগা, হস্ত বন্ধন সূত্রবিশেষ।
তাচ্ছল্য, হেলা, অবজ্ঞা, অশ্রদ্ধা।
তাজগী, নবীনতা, সরসভাব। [বৎ।
তাজা, টাটকা, অম্লান, রসাল; জী-
তাজী, ক্ষুদ্র অশ্ববিশেষ; জাতিবিশেষ।
তাটঙ্ক, কাণতড়কা, অলঙ্কার বিশেষ।
তাটস্থ্য, উদাসীনতা; তাচ্ছল্য; নিকটস্থতা, নৈকট্য। [আটি।
তাড়, হস্তালঙ্কার বিশেষ; মুষ্টি, মুঠা;
তাড়কা, রাক্ষসীবিশেষ।
তাড়ঙ্ক, কর্ণভূষণ, কাণতড়কা, অলঙ্কার বিশেষ।
তাড়ন, প্রহার, আঘাত; মারণ; ধমকান, খেদান।
তাড়নী, অশ্বতাড়ন যষ্টি, কশা, ঘোড়ার চাবুক।
তাড়পত্র, কর্ণ ভূষণ, কাণতড়কা, কর্ণালঙ্কার বিশেষ। [জ্বালা।
তাড়স, স্ফোটকাদির বেদনা, ব্যথা;
তাড়স্য, জ্বলনী, পীড়া, যাতনা।
তাড়া, অনুযোগ, নিগ্রহ; ভয়প্রদর্শন; ধমক; রাশি, বাণ্ডিল বাঁধা।
তাড়ান, দূরীকরণ, অপসরণ, খেদান।
তাড়ি, বৃক্ষ বিশেষ, তাড়িয়াত গাছ; মাদক দ্রব্য বিশেষ, তালরস।
তাড়ী, মদিরা বিশেষ; বৃক্ষ বিশেষ, তাড়িয়াত গাছ।
তাড়ু, কাষ্ঠ নির্ম্মিত হাতা, উখড়ি।
তাড্যমান, পীড্যমান; দূরীকৃত; তাড়নাযুক্ত, পটহাদি।
তাণ্ডব, নৃত্য, নটন, নাচ।
তাণ্ডবতালিক, নন্দী, শিবের দ্বারী, শিবদূত বিশেষ।
তাণ্ডবপ্রিয়, শিব, মহাদেব।
তাণ্ডি, নৃত্যশাস্ত্র, নাট্যবিদ্যা।
তাত, পিতা, জনক, আর্য্য, মান্য, পূজ্য; অনুগ্রাহ্য; উষ্ণতা।
তাতগু, ক্ষুদ্রতাত, পিতৃব্য, খুড়া।
তাততুল্য, পিতৃসম, জ্যেষ্ঠভ্রাত্রাদি।
তাতন, খঞ্জনপক্ষী, উত্তাপন। [রস।
তাতরস, ইক্ষুরস; উত্তপ্ত খর্জ্জূরাদি
তাতাল, উত্তপ্ত; উষ্ণ; রোগ, পাক।
তাতালিয়া, রোষান্বিত, রাগাল, রাগী; খিটখিটিয়া।
তাতি, পুত্র, সুত, আত্মজ। [লীন।
তাৎকালিক, তৎকালোৎপন্ন, তৎকা-
তাৎপর্য্য, অভিপ্রায়, অর্থ, মর্ম্ম।
তাদবস্থ্য তদ্রূপতা, সেই প্রকারে স্থিতি, সেইভাব। [জন।
তাদর্থ্য, সমানাভিপ্রায়; তৎপ্রয়ো-
তাদাত্ম্য, তৎস্বরূপ; অভেদ সম্বন্ধ।
তাদৃক, তাদৃশ, সেইপ্রকার, তদ্রূপ।
তাদৃশ, তদ্রূপ, সেইপ্রকার।

তাদৃশী, তদ্রূপ, সেই প্রকার; তেমন।
তাদৃক্ষ, তেমন, সেপ্রকার, তদ্রূপ।
তান, বিস্তার; জ্ঞানবিষয়; গানাঙ্গ-বিশেষ, রাগ, স্বর।
তানপূরা, বীণাকার বাদ্য যন্ত্র বিশেষ।
তানব, তনুতা, ক্ষীণতা, কৃশতা।
তানা, টানাসূত্র, বুনাটের তন্তু।
তানুর, জলের আবর্ত্ত, জলের ঘর্ণা।
তান্ত, শ্রান্ত, ক্লান্ত।
তান্ত্রিক, তন্ত্রশাস্ত্রবেত্তা; শাস্ত্রতত্ত্বজ্ঞ; জ্ঞাতসিদ্ধান্ত, সুপণ্ডিত। [পীড়া।
তাপ, সন্তাপ, উষ্ণতা; জ্বালা; মনঃ-
তাপক, জ্বর, তাপকর্ত্তা।
তাপত্য, অর্জ্জুন, ধনঞ্জয়।
তাপন, তপ্তকরণ, তাতান, জ্বলান, শোকযুক্ত হওন; পীড়ন, সূর্য্য; সূর্য্যকান্তমণি, কামবাণ।
তাপস, তপস্বী, যোগী, তমালপত্র, তেজপাত; বকপক্ষী।
তাপসতরু, ইঙ্গুদীবৃক্ষ।
তাপসদ্রুম, ইঙ্গুদী বৃক্ষ।
তাপসপ্রিয়, প্রিয়াল বৃক্ষ, পিয়াল-গাছ। [মিস।
তাপসপ্রিয়া, দ্রাক্ষা, আঙ্গুর, কিস-
তাপহরী, ভক্ষ্যদ্রব্য বিশেষ, তাহরী।
তাপান, উত্তপ্তকরণ, জ্বলান, পীড়ন, কোপান।
তাপিঞ্ছ, বৃক্ষবিশেষ, তামাল গাছ।
তাপিঞ্জ, বৃক্ষবিশেষ, তমাল গাছ।
তাপি, তাপিনী নদী; যমুনা নদী।
তাবকীন, ত্বদীয়, তোমার, ত্বৎসম্বন্ধীয়
তাবৎ, সাকল্য; সকল; অবধি; অব-ধারণ; প্রশংসা; পক্ষান্তর।
তাবর, ধনুর্গুণ, ধনুকের ছিলা।
তাবিষ, স্বর্গ, সুরলোক; সমুদ্র, সাগর।
তাবিষী, ইন্দ্রকন্যা; নদী; পৃথিবী।
তাবীষ, স্বর্গ; সমুদ্র; কাঞ্চন।
তাবীষী, চন্দ্রকন্যা।
তাবুরি, বৃষরাশি।
তাম, ভীষণ, ভয়ানক; দোষ।
তামর, তোয়, জল; ঘৃত, আজ্য।
তামরস, পদ্ম; সারস; স্বর্ণ; তাম্র।
তামলিপ্ত, দেশবিশেষ, তমোলুক।
তামলিপ্তী, দেশবিশেষ, তমোলুক।
তামলী, বর্ণসঙ্কর জাতি বিশেষ, তাম্বলী। [জড়; দুষ্ট, খল; সর্প।
তামস, তামসিক, তমোগুণযুক্ত; মূঢ়,
তামসিক, তামস, তমোগুণের কার্য্য, ধর্ম্মের অনুদ্দেশে কৃত।
তামসী, নিশা, রাত্রি; দুর্গা; জটা-মাংসী; তমোগুণে কৃতা।
তামা, তাম্র, ধাতুবিশেষ।
তামাক, তাম্রকূট, ধূমপান যোগ্য পত্র বিশেষ। [বিশেষ।
তামাকু, তাম্রকূট, ধূমপানযোগ্য পত্র
তামিস্র, অন্ধকারময় নরক।
তাম্বু, শিবির, বস্ত্রগৃহ, তাঁবু, কানাৎ।
তাম্বূল, পর্ণ, পান। [বাটা।
তাম্বূলকরঙ্ক, তাম্বূল পাত্র, পানের
তাম্বূলদ, তাম্বূল দাতা। [করঙ্ক।
তাম্বূলপাত্র, পানের বাটা, তাম্বূল-
তাম্বূলবল্লী, তাম্বূলী, পানের লতা।
তাম্বূলরাগ, মসূর, মসূরি কলাই।
তাম্র, ধাতুদ্রব্য বিশেষ, তামা; কুষ্ঠ-রোগবিশেষ।
তাম্রক, ধাতুবিশেষ, তামা।
তাম্রকর্ণী, পশ্চিম দিকের হস্তিনী।
তাম্রকার, বর্ণসঙ্কর জাতি বিশেষ, কাঁসারী।
তাম্রকূট, তামাক, ধূম পান যোগ্য পত্রবিশেষ। [পোকা।
তাম্রক্রিমি, ইন্দ্রগোপকীট, টাক-
তাম্রচূড়, কুক্কুট, কুকুড়া।
তাম্রপট্ট, তাম্রনির্ম্মিত লেখন ফলক, তাঁবার চাদোর।
তাম্রপত্র, তাম্রনির্ম্মিত পত্র; তাঁবার তক্তা। [শেষ।
তাম্রপর্ণী, নদী বিশেষ; দীর্ঘিকা বি-

তাম্রপল্লব, অশোক বৃক্ষ।
তাম্রপুষ্প, রক্তকাঞ্চন, ভূমিচম্পক।
তাম্রফলক, তাঁবার চাদর, তাম্র নির্ম্মিত পট্ট।
তাম্রবর্ণ, তাম্রের তুল্য রঙ্গ ; তৃণবিশেষ।
তাম্রবল্লী, লতাবিশেষ, মঞ্জিষ্ঠা।
তাম্রবৃক্ষ, রক্তচন্দন ; কুলত্থ।
তাম্রশিখী, কুক্কুট, কুকুড়া।
তাম্রসার, রক্তচন্দন। [রক্তচন্দন।
তাম্রসারক, রক্তখদির, রাঙ্গাখয়ের ;
তাম্রাকু, উপদ্বীপ বিশেষ।
তাম্রাভ, রক্তচন্দন।
তাম্রার্দ্ধ, কাংস্য, কাঁসা।
তাম্রাক্ষ, কোকিল, পিক।
তাম্রিক, কাংস্যকার, কাঁসারী ; তাম্রনির্ম্মিত পয়সা।
তাম্রিকা, গুঞ্জা, কুঁচ ; বাদ্য বিশেষ।
তাম্রী, বাদ্যবিশেষ।
তায়িক, দেশবিশেষ, তার্জ্জিক দেশ।
তার, রৌপ্য ; বানরবিশেষ ; মুক্তা ; প্রণব ; তরণ ; উচ্চৈঃস্বর ; বীণাদির তাঁত ; স্বর্ণাদির গুণা।
তারক, ত্রাণকর্ত্তা ; কর্ণধার ; নক্ষত্র ; চক্ষুর পুত্তলিকা ; ভেলক ; দৈত্যবিশেষ।
তারকজিৎ, কার্ত্তিকেয়, কুমার।
তারকনাথ, মহাদেবের পীঠবিশেষ।
তারকব্রহ্ম, ষড়ক্ষর মন্ত্রবিশেষ ; ত্রাণকর্ত্তা।
তারকষ, গুণা নির্ম্মায়ক।
তারক, তারা, নক্ষত্র।
তারকারি, কার্ত্তিকেয়, ষড়ানন।
তারকিত, তারকাযুক্ত, নক্ষত্রান্বিত।
তারকিনী, রাত্রি, রজনী। [ভেলা।
তারণ, উদ্ধারণ, পারকরণ ; পারকারক ;
তারণি, নৌকা, তরি, তরণী।
তারতম্য, ন্যূনাধিক্য, ইতরবিশেষ।
তারপুষ্প, কুন্দপুষ্প, কুঁদফুল।
তারবিমলা, ধাতুবিশেষ।

তারল্য, তরলতা, অগাঢ়তা ; চাঞ্চল্য।
তারশুদ্ধিকর, সীসক, সীসা।
তারা, নক্ষত্র ; নেত্রের মণি ; বলির ভার্য্যা ; দ্বিতীয়া মহা বিদ্যা।
তারাপতি, শিব ; বৃহস্পতি ; বালী ; সুগ্রীব ; চন্দ্র।
তারাপথ, আকাশ, গগন, নভোমণ্ডল।
তারাপীড়, চন্দ্র, বিধু ; নিশাচর।
তারাভূষা, রাত্রি, রজনী, নিশা।
তারাভ্র, কর্পূর। [শেষ।
তারামণ্ডল, নক্ষত্রমণ্ডল ; দেবগৃহ বি-
তারিকা, তালরস, তাড়ী। [কর্ত্রী।
তারিণী, দ্বিতীয়া মহাবিদ্যা ; উদ্ধার
তারী, তারময়, তারে নির্ম্মিত।
তারুণ্য, যৌবন, যুবত্ব ; যৌবনাবস্থা।
তারেয়, বালিপুত্র, অঙ্গদ।
তার্কিক, তর্কশাস্ত্রবেত্তা, নৈয়ায়িক, ন্যায়বেত্তা।
তার্ক্ষ, কশ্যপ মুনি।
তার্ক্ষ্য, গরুড ; অরুণ ; সর্প ; অশ্ব।
তার্ক্ষ্যধ্বজ, বিষ্ণু, নারায়ণ।
তার্ক্ষ্যনায়ক, গরুড়পক্ষী।
তাল, বৃক্ষবিশেষ ; গানের পরিমাণ, করদ্বয়ের শব্দ ; বিস্তৃত করতল।
তালক, হরিতাল ; হুড়কা, দ্বাররোধযন্ত্র, তালা।
তালকাভ, হরিতবর্ণ।
তালকী, তালের সুরা, তাড়ী।
তালধ্বজ, বলরাম, বলদেব, হলধর।
তালধ্বজা, পুরীবিশেষ।
তালপত্র, কর্ণভূষা, কাণতড়কা ; অলঙ্কার বিশেষ।
তালপত্রিকা, মুষলী লতা, তালমূলী।
তালপ্রলম্ব, তালজটা। [পাখা।
তালবৃন্ত, তালপত্র নির্ম্মিত ব্যজন,
তালবৃন্তক, ব্যজন, পাখা।
তালবেচনক, নট, নর্ত্তক।
তালব্য, তালু সংযোগে উচ্চারিত, তালুজাত।

তালভৃৎ, বলদেব, বলরাম।
তাললক্ষ্মা, বলদেব, বলরাম।
তালশাঁস; অপক্ক তালফলের শস্য।
তালা, দ্বারাদি বন্ধন যন্ত্র; অট্টালিকার থাক্, শব্দগ্রহণসামর্থ্য।
তালাখ্যা, মুরানাম গন্ধ দ্রব্যবিশেষ।
তালাঙ্ক, বলদেব, বলরাম; মহাপুরুষের লক্ষণাক্রান্ত।
তালান্ত, গানের ছেদ; স্বরের শেষ।
তালাবচর, নট, নর্ত্তক।
তালি, করতলের ধ্বনি, করশব্দ; পুরাতন বস্ত্রাদি নূতন বস্ত্রযোগে সিলাই।
তালিক, প্রসারিতাঙ্গুলি, করতল, চপেট, চাপড়।
তালিকা, চপেট, চাপড, লতাবিশেষ; নির্ঘণ্টপত্র, ফর্দ্দ।
তালিশ, পর্ব্বত, গিরি, শৈল।
তালী, করদ্বয়ের শব্দ, কুঞ্চিকাবিশেষ, তালা; তাড়ী।
তালু, তেলুয়, টাকরা, কাকুদ।
তালুক, তেলুয, টাকরা।
তালুজিহ্ব, কুম্ভীর, নক্র, কুমীর।
তালুয়া, টাকরা, ব্রহ্মতালু; করতল; পদতল।
তালূর, আবর্ত্ত, জলের ঘূর্ণা।
তাস, ক্রীড়ানিমিত্ত চিত্রিত ক্ষুদ্রপট।
তাসন, মার্জ্জন, ঝাড়ন।
তিউড়ী, চুল্লী, আখা, উনান।
তিক্ত, কটু, তিত, তীব্ররস।
তিক্তক, পটোল; চিরতিক্ত, চিরতা, কাল খএর।
তিক্ততণ্ডুলা, পিপ্পলী, পিঁপুল।
তিক্তধাতু, পিত্ত।
তিক্তপত্র, কর্কোটক, কাকরোল।
তিক্তপর্ব্বা, দূর্ব্বা; হিলমোচী, হেলেঞ্চা; যষ্টিমধু।
তিক্তভদ্রক, পটোল। [নালতে।
তিক্তশাক, খদিরবৃক্ষ; নালশাক,
তিগ্ম, তীক্ষ্ণ, উগ্র, খর; কটু; সুধার, আগাল; ঝালরস।
তিগ্মাংশু, সূর্য্য, রবি, ভানু।
তিজিল, চন্দ্র; রাক্ষস।
তিজেল, ক্ষুদ্র স্থালী বিশেষ, ব্যঞ্জন পাকার্থ হাঁড়ি।
তিতউ, চালনী।
তিতন, আর্দ্রকরণ, ভিজান, চিড়ান।
তিতান, ভিজান, আর্দ্রকরণ, চিড়ান।
তিতিভ, ইন্দ্র গোপকীট, টাকপোকা।
তিতিক্ষা, ক্ষান্তি, ক্ষমা, দ্বন্দ্ব সহিষ্ণুতা, বিবেক; খেদ।
তিতিক্ষিত, ক্ষান্ত, সহিষ্ণু।
তিতিক্ষু, সহিষ্ণু, ক্ষমাশীল, ক্ষান্ত।
তিত্তির, তিত্তিরি পক্ষী, টিটির পাখী।
তিথ, অগ্নি; কাম; কাল। [ক্রিয়া।
তিথি, প্রতিপদাদি পঞ্চদশ, চন্দ্র কলা
তিথিপ্রণী, চন্দ্র, নিশাকর, শশধর।
তিথিক্ষয়, অমাবস্যা, কুহূ।
তিথী, চন্দ্রকলার ক্রিয়াকাল, প্রতিপদাদি পঞ্চদশ।
তিন, ত্রি সংখ্যা। [সে।
তিনি, বুদ্ধিস্থ ব্যক্তি; পরোক্ষ ব্যক্তি,
তিনিশ, বৃক্ষবিশেষ, তিনিশগাছ।
তিন্তিড়িক, তেঁতুল, চিঞ্চা, বৃক্ষাম্ল।
তিন্তিড়ী, চিঞ্চ, তেঁতুল, অম্লরস।
তিন্তিড়ীদ্যূত, চুক্কুরা, কাঁইবীচিরখেলা।
তিন্তিলী, তিন্তিড়ী, তেঁতুল। [পরিমাণ।
তিন্দুক, বৃক্ষবিশেষ, গাবগাছ; কর্ষ-
তিমি, শত যোজন বিস্তৃত মৎস্য, বৃহদ মৎস্য বিশেষ।
তিমিকোষ, সমুদ্র, জলধি।
তিমিঙ্গিল, অতিবৃহদমৎস্য বিশেষ।
তিমিঙ্গিলগিল, মহামৎস্যবিশেষ।
তিমিত, নিশ্চল, আর্দ্র, ভিজা, ক্লিন্ন।
তিমির, অন্ধকার; অজ্ঞান।
তিমিররিপু, সূর্য্য, ভানু, দিবাকর।
তিমী, তিমি মৎস্য, বৃহদাকার মৎস্য।
তিয়র, বর্ণসঙ্কর জাতি বিশেষ।

তিরশ্চী, পশু পক্ষী স্ত্রী, মাদা পশু বা পক্ষী।
তিরস্, অন্তর্দ্ধান; তিরস্কার, ভর্ৎসন।
তিরস্করিণী, ব্যবধায়ক পট, কানাৎ, যবনিকা, পর্দা।
তিরস্কার, ভর্ৎসন, গ্লানি, নিন্দা; অপমান, অনাদর। [ভর্ৎসিত।
তিরস্কৃত, অনাদৃত, প্রাপ্ত তিরস্কার,
তিরস্ক্রিয়া, ভর্ৎসনা; অনাদর।
তিরিটি, ইক্ষুগ্রন্থি, আকুর গাঁইট।
তিরোধান, অন্তর্ধান, লুকান, আচ্ছাদন, ঢাকন; ব্যবধান।
তিরোহিত, লুক্কায়িত, অন্তর্হিত, আচ্ছাদিত, আবৃত, ঢাকা।
তির্য্যক্, বক্র, কুটিল, পক্ষী।
তির্য্যক্‌স্রোতা, পশুপক্ষ্যাদি।
তির্য্যগ্‌যান, কুলীর, কাঁকড়া।
তির্য্যগ্‌যোনি, পশু পক্ষ্যাদি।
তির্য্যঙ্, বিহঙ্গাদি, পশু।
তির্য্যঞ্চী, পশু পক্ষ্যাদির স্ত্রী।
তিল, শস্য বিশেষ; গাত্র চিহ্ন; অত্যল্প ক্ষণ, নিমেষ।
তিলক, ফোঁটা, শ্রেষ্ঠ, প্রধান। [গুড়া।
তিলকট, তিলরজঃ, তিলচূর্ণ, তিলের
তিলকাল, অত্যল্প কাল, একনিমেষ।
তিলকালক, শরীরস্থ তিল, তিলযুক্ত।
তিলকাশ্রয়, ললাট, কপাল।
তিলকিট্ট, তিলের মল, তিলের খলি, পিণ্যাক।
তিলকী, তিলকযুক্ত, তিলকান্বিত।
তিলকুটা, তিলচূর্ণ মিশ্রিত মিষ্টান্ন বিশেষ।
তিলচূর্ণ, চূর্ণীকৃত তিল; তিলকল্ক।
তিলতণ্ডুলক, তিলমিশ্রিত তণ্ডুল, তিল যাউ; আলিঙ্গন। [তৈল।
তিলতৈল, তিলজন্য স্নেহ, তিলের
তিলধেনু, তিল নির্ম্মিত ধেনু।
তিলপর্ণ, চন্দন, তিল গাছের পাতা।
তিলপর্ণিকা, রক্তচন্দন।
তিলপিচ্ছট, তিলপিষ্টক, তিলকুটা।
তিলরস, তিলতৈল, তিলজন্য স্নেহ।
তিলস্নেহ, তিলতৈল, তিলের তৈল।
তিলাপত্যা, কৃষ্ণজীরক, কেলেজীরা।
তিলি, তৈলকব, কলু।
তিলিৎস, সর্পবিশেষ, গোনস সর্প।
তিলিয়া, তিলযুক্ত, তিলেপড়া।
তিলেতাল, অল্পবিষয়ে বহু সাধন; বহ্বারম্ভ, লঘুকার্য্যে গুরুতর আয়োজন।
তিলোত্তমা, স্বর্গবেশ্যা বিশেষ।
তিলোদন, কৃশর, তিলদুগ্ধ যুক্তান্ন, তিলমিশ্রিতান্ন, তিলযাউ।
তিল্য, তিলক্ষেত্র, তিলের ভূমি।
তিষ্ঠদ্গু, সন্ধ্যাসময়, সায়ংকাল।
তিষ্ঠন, স্থিতিকরণ, থাকন, রহন; ঠেকন, থামন, বাসকরণ।
তিষ্ঠ, স্থায়িত্ব, স্থিরতা।
তিষ্য, পুষ্যা নক্ষত্র; কলিযুগ।
তিষ্যক, পৌষমাস।
তিষ্যপুষ্পা, আমলকী, ধাত্রী।
তিহ, ব্যাধি, ধনুঃ, সদ্ভাব, ধান্য।
তীবর, সমুদ্র; ব্যাধ; বর্ণসঙ্কর জাতি বিশেষ, তীয়র, কৈবর্ত্ত। [স্ত্রী।
তীবরী, ব্যাধপত্নী, কৈবর্ত্তী, তীয়রের
তীব্র, তীক্ষ্ণ, কটু, ঝাল, উগ্র; সুধার; উচ্চৈঃস্বর; ব্যগ্র, অতিশয়; অত্যুগ্র রস।
তীব্রগন্ধা, যবানী, যোয়ান্। [বেদনা।
তীব্রবেদনা, মহা যাতনা, অতিশয়
তীব্রা, তুলসী; নদীবিশেষ, গণ্ডদূর্ব্বা, গেঁটেদূর্ব্বা। [কৈবর্ত্ত।
তীয়র, বর্ণসঙ্কর জাতি বিশেষ, ধীবর;
তীর, নদীকূল, তট, বাণ, ত্রপু, রাঙ্গ।
তীরগত, শীঘ্রগামী; তটস্থিত।
তীরতরু, তীরস্থ বৃক্ষ; তটস্থিত গাছ।
তীরভুক্তি, দেশবিশেষ; ত্রিহোত।
তীরিত, কর্ম্মসমাপ্তি; সিদ্ধ।
তীর্ণ, উত্তীর্ণ; অভিভূত।

তীর্থ, পুণ্যক্ষেত্র; ঘাট; শাস্ত্র; উপায়।
তীর্থকারী, তীর্থগামী, পুণ্যস্থানে ভ্রমণ কর্ত্তা।
তীর্থবাক, কেশ, কচ, চুল।
তীর্থরাজী, কাশী, বারাণসী।
তীর্থসেবী, বকপক্ষী, পুণ্যক্ষেত্রে বসতিকারী।
তীক্ষ্ণ, খর; উগ্র; উষ্ণ; লৌহ; যুদ্ধ, মরণ; শস্ত্র; শীঘ্র, নিরালস্য; সুবুদ্ধি; প্রজ্ঞ, নিপুণ, ব্যগ্র; আত্মঘাতী, রাগ, ত্বরা।
তীক্ষ্ণকণ্টক, ধুস্তূর, ধুতুরা।
তীক্ষ্ণকন্দ, পলাণ্ডু, পেয়াজ।
তীক্ষ্ণকর্ম্ম, সূক্ষ্মকর্ম্মা, নিপুণ, পারক।
তীক্ষ্ণগন্ধক, শোভাঞ্জন, শজিনা।
তীক্ষ্ণতণ্ডুল, পিপ্পলী, পিঁপুল।
তীক্ষ্ণতৈল, সুহীবৃক্ষের ক্ষীর, মনসাসিজের রস।
তীক্ষ্ণদংষ্ট্র, ব্যাঘ্র, শার্দ্দূল, বাঘ।
তীক্ষ্ণপুষ্প, লবঙ্গ।
তীক্ষ্ণপুষ্পা, কেতকী।
তীক্ষ্ণসারা, শিংশপাবৃক্ষ।
তীক্ষ্ণা, উগ্রা, বচা, লতাবিশেষ।
তীক্ষ্ণাগ্নি, উগ্রানল, শীঘ্রপাক। [পাৎ।
তীক্ষ্ণায়স, লৌহবিশেষ, তীখ, ইশ্-
তু, অবধারণার্থ; ভেদার্থ।
তুক্, পরের অনিষ্ট নিমিত্ত মন্ত্রৌষধ করণ, পরহিংসার্থ মন্ত্রপাঠ।
তক্ক, বাণবিশেষ; শ্লোকের শেষভাগ।
তুখড়, দক্ষ; পারগ, বলবান।
তুগা, বংশলোচন।
তুঙ্গ, উন্নত, উচ্চ; প্রধান; উর্দ্ধ, উগ্র।
তুঙ্গক, পুন্নাগ বৃক্ষ।
তুঙ্গভদ্র, মদোৎকট হস্তী, মত্তহস্তী।
তুঙ্গভদ্রা, দক্ষিণ দেশে প্রসিদ্ধ নদীবিশেষ।
তুঙ্গশেখর, পর্ব্বত, শৈল।
তুঙ্গী, হরিদ্রা, হলুদ।
তুঙ্গীপতি, চন্দ্র, বিধু, ইন্দু।
তুঙ্গীশ, শিব; কৃষ্ণ; সূর্য্য।
তুচ্ছ, অল্প; অবজ্ঞাত, হেয়, পুলাকজ, শস্যরহিত ধান; ভুসি, নীচ, হীন, অধম; ক্ষুদ্র।
তুচ্ছজ্ঞান, তুচ্ছতাচ্ছল্য, হেয়জ্ঞান, অনাদর, অমান্যতা করণ।
তুচ্ছত, অবজ্ঞা; হেয়তা; নীচত্ব।
তুচ্ছদ্রু, এরণ্ড বৃক্ষ, ভেরণ্ডা গাছ।
তুড়কী, ঝম্প; উল্লম্ফ; অনাচার, দক্ষ, পারগ। [করণ, খণ্ডন।
তুড়ন, ভৎর্সন, দোষদেওন, তিরস্কার
তুড়ী, অঙ্গুলির ধ্বনি, অঙ্গুলিস্ফোটন।
তূণ, বাণ রক্ষার্থ চর্ম্মকোষ।
তুণ্ড, মুখ, বদন, আস্য; ওষ্ঠাধর।
তুণ্ডকেরী, বিম্বিকা, তেলাকুচা।
তুণ্ডি, মুখ; চঞ্চু; নাভি।
তুণ্ডিত, বড়নাভি, বৃহন্নাভিযুক্ত।
তুতন, স্তবন, ফুসলান, ভুলন।
তুতিয়, তুথক, বণিক্ দ্রব্য বিশেষ।
তুৎ, বৃক্ষ বিশেষ, তুঁৎ গাছ।
তুথ, অঞ্জনবিশেষ, তুঁতিয়।
তুথক, অঞ্জনবিশেষ, বণিক্ দ্রব্য বিশেষ; তুতিয়া।
তুৎপোকা, কীটবিশেষ, গুটিপোকা।
তুন, নন্দীবৃক্ষ, তুঁদগাছ।
তুন্দ, উদর, পেট।
তুন্দকূপী, নাভি; নাভিকূপ।
তুন্দপরিমৃজ, অলস, আলস্য, অকর্ম্মা।
তুন্দি, উদর, নাভি; গন্ধর্ব্ববিশেষ।
তুন্দিক, বিশাল জঠর, স্থূলোদর, পেটাল, ভুঁড়িওয়ালা।
তুন্দিল, বিশালজঠর, স্থূলোদর, পেটাল, ভুঁড়িযুক্ত।
তুন্ন, নন্দীবৃক্ষ তুঁদগাছ; ব্যথিত।
তুন্নবায়, সূচিকর্ম্মকারী, দরজী।
তুবড়ন, শুষ্ক হওন, কোকড়ন।
তুবড়ী, আগ্নিক্রীড়াসাধন; বারুদ পূর্ণ গোলা। [শ্মশ্রু হীন।
তুবর, কষায়রস, কষায়রস যুক্ত, কষা;

তুমড়ী, সাপড়িয়ার বাঁশী।
তুমুল, অতিশয়; ঘোরতর; গণ্ডগোল।
তুম্ব, অলাবু, লাউ।
তুম্বকা, ঢক্কা বিশেষ।
তুম্বী, অলাবু, লাউ।
তুম্বুরী, কুক্কুরী, স্ত্রী কুক্কুর।
তুম্বুরু, গন্ধর্ব্ব বিশেষ, স্বর্গগায়ক।
তুরগ, তুরঙ্গ, অশ্ব, ঘোটক; মন, অন্তঃকরণ।
তুরগগন্ধা, অশ্বগন্ধা বৃক্ষ।
তুরগী, অশ্বারোহ, ঘোড়াচড়া; ঘোটকী; অশ্বগন্ধা গাছ। [অন্তঃকরণ।
তুরঙ্গ, ঘোটক, অশ্ব, ঘোড়া; চিত্ত,
তুরঙ্গদ্বেষিণী, মহিষী, লুলাপী।
তুরঙ্গবক্ত্র, কিন্নর, গন্ধর্ব্ব বিশেষ।
তুরঙ্গবদন, কিন্নর, গন্ধর্ব্ব বিশেষ।
তুরঙ্গম, অশ্ব, ঘোটক, বাজি।
তুরঙ্গসাদী, তুরঙ্গারূঢ়, অশ্বারোহী।
তুরঙ্গী, ঘোটকী, মাদী ঘোড়া; অশ্বগন্ধা বৃক্ষ। [করণ অস্ত্র।
তুরপন, বুমা, ভমরী, কাষ্ঠাদি ছিদ্র
তুরপান, ছিদ্রকরণ, বিঁধন।
তুরায়ণ, পরায়ণ, তদ্গত, নিবিষ্ট।
তুরাসাহ, ইন্দ্র, সুরপতি।
তুরী, তন্তুবায়ের বস্ত্রবপনার্থ উপকরণ বিশেষ, মাকু; তন্তুকাষ্ঠ।
তুরীয়, চতুর্থ; চারি; ব্রহ্ম।
তুরীয়বর্ণ, শূদ্র, অবর বর্ণ।
তুরুম, পাদ বন্ধনী, নিগড়, বেড়ী।
তুরুষ্ক, দেশবিশেষ, তুরকীদেশ; গন্ধদ্রব্য বিশেষ, শিলারস।
তুর্ব্বসু, যযাতিরাজপুত্র।
তুল, পরিমাণ দণ্ড, দাঁড়ীপাল্লা; তৌল করা; গোল। [লিখনাধার।
তুলট, হরিতালাক্ত কাগজ; বর্ত্তিত
তুলন, পরিমাণ করণ; সাদৃশ্য করণ; উত্তোলন, উঠান।
তুলনা, দৃষ্টান্ত, সাদৃশ্য, উপমা।
তুলসী, বৃক্ষবিশেষ, বহুমঞ্জরী।
তুলা, পরিমাণ দণ্ড, নিক্তী; সপ্তমরাশি; সাদৃশ্য; উপমা; ঐক্যতা, কার্পাস। [দণ্ডের অগ্রভাগ।
তুলাকোটি, নূপুর, নেপুর; পরিমাণ
তুলাকোষ, তুলা পরীক্ষা।
তুলাধর, তুলা রাশি; বণিক।
তুলাপুরুষদান, মহাদান বিশেষ, আপন দেহ পরিমাণে তৈজসাদি দান।
তুলাবীজ, গুঞ্জা, কুঁচ। [তুরী, মাকু।
তুলি, বর্ত্তি, চিত্রকরের উপকরণ;
তুলিনী, শাল্মলিবৃক্ষ, শিমুল গাছ।
তুলিফলা শাল্মলিবৃক্ষ শিমুল গাছ।
তুলী, চিত্রলেখনী, তুলিকা; তুরী, মাকু।
তুল্য, সমান, সদৃশ, অভেদ, একার্থ।
তুল্যজ্ঞান, সমানবোধ, অভেদজ্ঞান।
তুল্যতন্ত্র, একপ্রকার, একধর্ম্মা, ঐক্য।
তুল্যানুতুল্য, অবিকল সমান, সদৃশ, অনুরূপ, একাকার, অভেদ।
তুল্যানুমান, সমানবোধ; অনুরূপজ্ঞান; একানুভব।
তুষ, ধান্যাদির ত্বক্, খোসা।
তুষগ্রহ, অগ্নি, অনল, বহ্নি।
তুষণ, হর্ষণ, তুষ্টকরণ।
তুষসার, অনল, অগ্নি, বহ্নি।
তুষানল, তুষাগ্নি, তুষযুক্ত বহ্নি; তুঁষের আগুন।
তুষার, নীহার, হিম; বরফ; শীতল।
তুষিত, দেবগণবিশেষ।
তুষ্ট, সন্তোষ প্রাপ্ত, আহ্লাদিত, আপ্যায়িত, তৃপ্ত; হর্ষযুক্ত।
তুষ্টি, সন্তোষ; আহ্লাদ; তৃপ্তি।
তুষ্টিমান্, সন্তোষান্বিত, তৃপ্ত, আপ্যায়িত, হর্ষিত, আহ্লাদিত।
তুস, তুঁষ, ধান্যত্বক, ধানের খোসা
তুস্ত, ধুলি, রজঃ, ধুলা।
তুহিন, হিম, তুষার; শীতল, জ্যোৎস্না।
তুহিনাংশুতৈল, কর্পূরতৈল।
তূণ, বাণ রাখিবার পাত্র, বাণাধার, নীর, ইষুধি।

তুণক, ছন্দোবিশেষ।
তুণব, সঙ্কুচিত, কুণ্ঠিত। [পাত্র।
তুণীর, তুণ, বাণাধার, বাণ রাখিবার
তুতক, তুথ, তুঁতিয়া।
তুর, বাদ্য, বাজানা।
তুরী, ধুস্তুরবৃক্ষ; ধুতুরাগাছ; ক্ষুদ্রভেরী।
তুর্ণ, শীঘ্র, দ্রুত, ত্বরিত।
তুর্ণি, মল; ত্বরা, বেগ; শ্লোক; মন।
তুর্য্য, বাদ্যবিশেষ, ভোড়ঙ্গ; চতুর্থ।
তুর্য্যখণ্ড, বাদ্যবিশেষ, দ্রগড়বাদ্য।
তুল, কার্পাসাদির তুলা; পলাশ গাছ, আকাশ; নিক্তী।
তুলক, কার্পাসাদির তুলা, পলাশগাছ।
তুলকার্ম্মুক, তুলা স্ফোটনার্থ ধনু, তুল-ফোড়া ধনু, ধুনখরা।
তুলনালিকা, পিঞ্জিকা, তুলার পাঁইজ।
তুলনালী, পিঞ্জিকা, তুলার পাঁইজ।
তুলবৃক্ষ, শাল্মলীবৃক্ষ, শিমুল গাছ।
তুলশর্করা, কার্পাসের বীজ, কাপাস বীচি।
তুলসেচন, সূত্রকর্ত্তন, কাটনাকাটা।
তুলা, বাজোদ্ধৃত কার্পাস, কার্পাসী।
তুলি, চিত্রকরের উপকরণ, বর্ত্তি।
তুলিকা, তুলি, চিত্রকরের বর্ত্তি।
তুলিফলা, শাল্মলিবৃক্ষ, শিমুলগাছ।
তুলী, বর্ত্তি, চিত্রকরের উপকরণ।
তুষ, তুষ্টি, হর্ষ, আনন্দ।
তুষ্ণীং, মৌন, নীরব, নিঃশব্দ।
তুষ্ণীংশীল, নীরব, মৌনী, ধীর, গম্ভীর।
তুষ্ণীক, নীরব, মৌনী।
তুষ্ণীকা, নীরব, নিঃশব্দ, মৌন।
তুস্ত, ধূলি, ধূলা, জটা; পাপ; সূক্ষ্ম।
তুথ, ফল বিশেষ, জাতীফল।
তৃণ, ঘাস, খড়; পত্রাদি, চিনাখড।
তৃণকুটী, তৃণাচ্ছাদিত গৃহ, খড়োঘর।
তৃণকেতু, বংশ, বাঁশ।
তৃণগোধা, কৃকলাস, কাঁকলাস; তৃণ-জলৌকা, চিনেজোঁক।
তৃণগ্রাহী, নীলমণি; মণিবিশেষ, কা-ফুরদানা; তৃণগ্রাহক।
তৃণজন্তু, তৃণভক্ষক, পশ্বাদি।
তৃণত্ব, তৃণের ভাব; ধনুঃ।
তৃণদ্রুম, গুবাক নারিকেলাদি বৃক্ষ।
তৃণধান্য, ধান্যবিশেষ, উড়িধান।
তৃণধ্বজ বংশ, বাঁশ।
তৃণপূলী, চক্কা, চাঁচ।
তৃণবীজ, শ্যামাকদূর্ব্বা; শ্যামাঘাস।
তৃণমৎকুণ, প্রতিভূ, লগ্নক, জামিন্।
তৃণরাজ, তাল বৃক্ষ; নারিকেলাদি-বৃক্ষ।
তৃণশূন্য, মল্লিকা; কেতকী।
তৃণষটপদ, বরোল, বোল্‌তা।
তৃণসারা, কদলী, রম্ভা।
তৃণসিংহ, কুঠার, পরশু, কুড়ালি।
তৃণাগ্নি, খড়ের আগুন।
তৃণাঢ্য, পর্ব্বত তৃণ।
তৃণোদ্ভব, নীবার, উড়িধান্য।
তৃণৌকঃ, তৃণনির্ম্মিত ঘর, খড়ুয়া ঘর।
তৃণ্য, তৃণসমূহ।
তৃতীয়, তিনের পূরণ।
তৃতীয়া, তিথিবিশেষ।
তৃতীয়াপ্রকৃতি, নপুংসক, ক্লীব।
তৃপৎ, চন্দ্র, নিশাকর; ছত্র, ছাতি।
তৃপলা, লতাবিশেষ, ত্রিফলা।
তৃপ্ত, পরিতোষান্বিত, সন্তুষ্ট, হর্ষিত, আপ্যায়িত।
তৃপ্তি, ক্ষুন্নিবৃত্তি; পরিতোষ, আহ্লাদ।
তৃপ্র, ঘৃত, আজ্য, হবি।
তৃফু, সর্পজাতি।
তৃষা, তৃষ্ণা, পিপাসা; ইচ্ছা, বাঞ্ছা।
তৃষাহ, জল, পয়ঃ, সলিল।
তৃষিত, তৃষ্ণাযুক্ত, পিপাসিত।
তৃষ্ণক, পিপাসু; ইচ্ছুক, কামুক; লুব্ধ।
তৃষ্ণাক্ষয়, শান্তি; তৃপ্তি, পিপাসা-নিবৃত্তি।
তেওড়ন, খাঁকন, বক্রইওন।
তেঁই, সেই নিমিত্তে, তজ্জন্য।
তেঁতল, তিন্তিড়ী, বৃক্ষাম্ল।

তেকালা, অস্ত্রবিশেষ, টেঁটা, ত্রিশূল।
তেজঃ দীপ্তি ; তাপ ; প্রতাপ ; প্রা-
খর্য্য, উগ্রতা ; বেগ ; বল ; রেতঃ,
বীর্য্য ; সত্ত্বরতা ; পরাক্রম ; তীব্রতা ,
প্রভাব ; অগ্নি।
তেজঃফল, বৃক্ষবিশেষ, তেজফল।
তেজন, তীক্ষ্ণ করণ ; ঘর্ষণ ; বংশ।
তেজনক, শর, ইষু, বাণ।
তেজপত্র, পত্রবিশেষ, তেজপাত।
তেজস্কর, তেজোবৃদ্ধিকারক, তেজাল।
তেজস্বী, প্রতাপান্বিত ; প্রভাবশালী ;
লঘুতার অসহিষ্ণু ; বলবান্ ; তেজাল ;
দীপ্তিমন্ত।
তেজাল, তেজস্বী ; তেজস্কর, দীপ্তি-
মান্ ; লঘুতার অসহিষ্ণু ; তীব্র।
তেজিত, শানিত, মার্জ্জিত, তীক্ষ্ণকর।
তেজীয়ান্, তেজোযুক্ত ; সাহসবন্ত।
তেজোবতী, গজপিপ্পলী, গজপিঁপুল।
তেজোরূপ, নিরাকার ব্রহ্ম।
তেড়া, বক্র, কুটিল ; টেরচা।
তেতান, আর্দ্রকরণ, ভিজান।
তেতালা, উপর্য্যুপরি নির্ম্মিত ত্রি-
শ্রেণি গৃহ, তিন তালা ঘর।
তেপান্তর, প্রান্তর ; দুর্গম মাঠ ;
বিস্তীর্ণ ক্ষেত্র ; জলশূন্য স্থান।
তেবন, কেলিকানন, ক্রীড়ারণ্য।
তেমত, সেইমত, সেইপ্রকার, তেমন।
তেমন, আর্দ্রীকরণ ; ব্যঞ্জন ; সেই
প্রকার, তথাবিধ, তদ্রূপ। [কারে।
তেমনি, তাদৃশ, তদনুরূপ, সেই প্র-
তেল-তৈল, সর্ষপাদি জন্য স্নেহ ;
বীর্য্যাধান।
তের, ত্রয়োদশ সংখ্যা। [আসুর্লা।
তেলচাটা, তৈলপায়ী, তেলাপোকা,
তেলা, চিক্কণ, স্নিগ্ধ ; পিচ্ছল।
তেলাঙ্গা, জাতিবিশেষ, তৈলঙ্গ দে-
শীয় ব্যক্তি বা বস্তু ; পিপীলিকা-
বশেষ।

তেলাটিয়া, তৈলাক্ত, তৈলমিশ্রিত।
তেলী, বর্ণসঙ্করজাতিবিশেষ ; তৈলিক।
তৈজস, পিত্তলাদি ধাতুতে নির্ম্মিত
পাত্রাদি, ধাতুময় পাত্র ; ঘৃত।
তৈজসাবর্ত্তনী, তৈজস গলান ক্ষুদ্র-
ভাণ্ড, মুচী ভাঁড়।
তৈত্তির, পক্ষিবিশেষ, তিত্তিরি পক্ষী।
তৈত্তিরীয়, যজুর্বেদীয় শাখাবিশেষে
বিদ্বান্, যজুর্বেদজ্ঞ।
তৈত্তিরীয়ক, যজুর্বেদবেত্তা।
তৈল, তিলাদিজন্য স্নেহ, তেল।
তৈলকার, বর্ণসঙ্কর জাতিবিশেষ, কলু।
তৈলকিট্ট, তৈলমল, তেলের কাইট ;
পিণ্যাক, খলি।
তৈলঙ্গ, দেশবিশেষ ; তদ্দেশীয়জাতি।
তৈলচৌরিকা, তৈলপায়ী, তেলা-
পোকা, আসুর্লা।
তৈলপর্ণিক, হরিচন্দন ; চন্দনবিশেষ।
তৈলপর্ণী, চন্দন বিশেষ।
তৈলপা, তৈলপায়িকা, কীটবিশেষ,
তেলাপোকা, আসুর্লা।
তৈলপায়িকা, তেলা পোকা, আসুর্লা।
তৈলপায়ী, তেলা পোকা, আসুর্লা।
তৈলফল, ইঙ্গুদীফল ; যে ফলে তৈল
জন্মে।
তৈলমালী, বর্ত্তি, দশি, শলিতা।
তৈলাকর, তিল সর্ষপাদি। [আসুর্লা।
তৈলাম্বুকা, তৈলপায়ী, তেলাপোকা,
তৈলিক, তৈলকার, তেলি ; বর্ণসঙ্কর-
জাতিবিশেষ, কলু। [ঘানীঘর।
তৈলিকশালা, তৈলযন্ত্রগৃহ, কলুর ঘর,
তৈলী, তিলক্ষেত্র, তিলের ঘর।
তৈষ, পৌষমাস। [পৌর্ণমাসী।
তৈষী, পুষ্যানক্ষত্রযুক্ত পূর্ণিমা, পৌষী-
তৈক্ষ্ণ্য, তীক্ষ্ণতা, তীব্রতা।
তোক, সন্ততি, পুত্র কন্যা।
তোক্ম, কর্ণমল, কাণের খইল ; অপক্ক-
যব ; হরিদ্বর্ণ।

তোটক, দ্বাদশাক্ষর ছন্দোবিশেষ।
তোড, জলের তেজঃ, জলবেগ; প্রবলতা। [নিন্দন।
তোড়ন, খণ্ডন, ভাঙ্গন; তিরস্করণ,
তোড়নী, নদীর ভগ্ন তীর। [বালা।
তোড়ল, স্থূলাকার বলয়, মোটা-
তোড়, থলিয়া, বগ্লী; পরছতী।
তোড়ানী, কাঞ্জী, আমানী।
তোতলা, অস্ফুটবাক্, অস্পষ্টকথক।
তোত্র, গো তাড়ন দণ্ড, পাঁচনী বাড়ি।
তোদ, ব্যথা, বেদনা।
তোপড়া, পুলিন্দা।
তোবড়ন, কোঁকড়ন, শুকন।
তোমর, অস্ত্রবিশেষ, শর্ব্বলা, শাবল।
তোমরধর, অগ্নি, অনল, হুতাশন।
তোয়, জল, সলিল, বারি।
তোয়কাম, জলাভিলাষী; জল বেতস।
তোয়কৃচ্ছ্র, জল মাত্র পান রূপ ব্রতবিশেষ।
তোয়ডিম্ব, ঘনোপল, করক, শিল।
তোয়দ, মেঘ, বারিদ, ঘৃত, মুস্তক।
তোয়ধি, জলধি, সমুদ্র, সাগর।
তোয়ধিপ্রিয়, লবঙ্গ। [বিশেষ।
তোয়পিপ্পলী, কাঁচড়া; জলজ শাক-
তোয়প্রসাদন, কতক ফল, নির্ম্মলফল।
তোয়বল্লী, কারবেল্ল, করলা, উচ্ছে।
তোয়শুক্তিকা, জলশুক্তি, ঝিণুক।
তোয়সূচক, ভেক, বর্ষাভূ, বেঙ্গ।
তোরণ, বহির্দ্বার, বাহ্যদ্বার; চাঁদনী, বারাণ্ডা। [আশী রত্তি।
তোল, পরিমাণ বিশেষ, একতোলা,
তোলক, তোলা, অশীতি রত্তিকা, আশী রত্তি। [উদ্গিরণ।
তোলন, উত্থাপন, উঠান, উৎপাতন,
তোলা, তোলক, অশীতি রত্তি পরিমাণ। [বস্ত্র।
তোলাকাপড়, অসাধারণ ব্যবহার্য্য
তোষ, তৃপ্তি, হর্ষ, আনন্দ, আহ্লাদ।
তোষণ, হর্ষকরণ, আনন্দ করণ।

তৌতাতিক, গ্রন্থ বিশেষ।
তৌতিক, মুক্তা; শুক্তি, ঝিণুক।
তৌর্য্য, মুরজাদি বাদ্য শব্দ।
তৌর্য্যত্রিক, নৃত্যগীত বাদ্যএতৎত্রয়।
তৌল, পরিমাণক্রিয়া; মাপন, ওজন, সমতা করণ।
তৌলিক, চিত্রকর, পটুয়া।
তৌষার, তুষার জল, হিম জল।
তৌক্ষিক, ধনুরাশি।
ত্যক্ত, কৃতত্যাগ, উজ্ঝিত, বিবর্জ্জিত; বিরক্ত, বিক্ষিপ্তচিত্ত, দেক।
ত্যজন, ত্যাগ, পরিহার, বর্জন, ছাড়ন।
ত্যাগ, বর্জন, উৎসর্গ, পরিহার, মোচন।
ত্যাগী, দাতা; বিরক্ত, মহাবল।
ত্যাজ্য, ত্যাগযোগ্য, বর্জনীয়; পরিত্যাগের উপযুক্ত, পরিহার্য্য।
ত্রঙ্গ, পুরবিশেষ।
ত্রপা, ব্রীড়া, লজ্জা; ভ্রষ্টা, কুলটা; বংশ, কুল; কীর্ত্তি।
ত্রপাক, ম্লেচ্ছ বিশেষ।
ত্রপারণ্ডা, বেশ্যা, বারাঙ্গনা, কুলটা।
ত্রপিত, ত্রপান্বিত, লজ্জিত, ব্রীড়িত, লজ্জাযুক্ত। [ব্রীড়ান্বিত।
ত্রপিষ্ঠ, অত্যন্ত লজ্জিত, অতিশয়
ত্রপীয়ান, অতিশয় লজ্জাশীল, লজ্জিত।
ত্রপু, সীসক, সীসা; রঙ্গ, রাং।
ত্রপুল, রঙ্গ, রাঙ; সীসক, সীসা।
ত্রপুস, রঙ্গ, রাং, সীসক, সীসা।
ত্রপুস, রঙ্গ, রাং; সীসক, সীসা।
ত্রপুসী, লতাবিশেষ, সসা, ক্ষীরা।
ত্রপ্স্য, অঘন দধি, পাতলা দই।
ত্রয়, তিন, ত্রিসংখ্যা স্বরূপ।
ত্রয়ী, ঋক যজুঃ সাম এই তিন বেদ; পুরন্ধ্রী, গৃহিণী।
ত্রয়ীতনু, সূর্য্য, ভাস্কর, রবি।
ত্রয়ীধর্ম্ম, বেদোক্ত কর্ম্ম।
ত্রয়ীমুখ, ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র।
ত্রয়োদশ, সংখ্যাবিশেষ, তের সংখ্যা; তের সংখ্যার পূরণ।

ত্রয়োদশী, তিথি বিশেষ, চন্দ্রের ত্রয়োদশ কলার ক্রিয়া কাল।
ত্রস, বন, অরণ্য; জঙ্গম, অস্থাবর।
ত্রসরেণু, ত্রিশ পরমাণু পরিমাণ; অণু পরিমাণ; জালান্তর্গত সূর্য্যকিরণে লক্ষ্য সূক্ষ্ম ধূলি কণা।
ত্রস্ত, ভীত, ত্বরান্বিত, শীঘ্র, ব্যস্ত।
ত্রস্নু, ত্রাসযুক্ত, ভয়ান্বিত, ভয়শীল।
ত্রাণ, রক্ষণ; উদ্ধারণ, তরণ; মুক্তি, মোক্ষ, রক্ষক, রক্ষিতা।
ত্রাণ, লতা বিশেষ, ত্রায়মাণা লতা।
ত্রাত, রক্ষিত, উদ্ধৃত, পরিত্রাণ-প্রাপ্ত, প্রাপ্ত রক্ষণ।
ত্রাতা, রক্ষাকর্ত্তা, ত্রাণকর্ত্তা, রক্ষক।
ত্রায়মাণ, রক্ষ্যমাণ, প্রাপ্ত রক্ষণ।
ত্রায়মাণা, বলা নামে প্রসিদ্ধা লতা।
ত্রাস, ভয়, শঙ্কা, ডর।
ত্রাসদায়ী, ভয়দাতা, শঙ্কাদায়ক, ভয়-প্রদর্শক, ভয়প্রদ।
ত্রাসিত, ভয়ান্বিত, শঙ্কিত, ভয়প্রাপ্ত।
ত্রাসী, শঙ্কান্বিত, ভয়যুক্ত, ভীত।
ত্রাহি, রক্ষা করহ, বাঁচাও, ত্রাণ কর।
ত্রি, তিন, সংখ্যাত্রয়। [স্ত্রী।
ত্রিংশ, ত্রিশ সংখ্যার পূরণ, ত্রিশের
ত্রিংশৎ, সংখ্যা বিশেষ, ত্রিশ।
ত্রিংশৎপত্র, কুমুদ, কহ্লার, হেলা।
ত্রিক, তিন, সংখ্যাত্রয়, ত্রিপথ স্থান, তেমাথা রাস্তা।
ত্রিককুৎ, পর্ব্বতবিশেষ, ত্রিকূটপর্ব্বত।
ত্রিকচ্ছ, বস্ত্রধারণ নিয়ম; বিধিমত বস্ত্র ধারণ।
ত্রিকট, গোক্ষুর, গোক্ষুরী লতা।
ত্রিকটু, মিশ্রিত মরীচ পিপুল শুঁঠ।
ত্রিকণ্ট, পত্রগুপ্তবৃক্ষ, তেকাঁটা সিজ।
ত্রিকা, কূপের উপরিস্থ কাষ্ঠ বিশেষ।
ত্রিকাল, ভূত ভবিষ্যৎ বর্ত্তমান কাল।
ত্রিকালজ্ঞ, বুদ্ধ, সর্ব্বজ্ঞ, ত্রিকাল-বেত্তা, কালত্রয়ের অবস্থা জ্ঞাতা।
ত্রিকালদর্শী, ঋষি, মুনি; ভূত ভবিষ্যৎ বর্ত্তমান কালের বিষয় জ্ঞাতা।
ত্রিকুল, পিতৃ মাতৃ শ্বশুর বংশ।
ত্রিকূট, সিন্ধু লবণ, সামুদ্র লবণ, কর-কচ লোণ; পর্ব্বত বিশেষ।
ত্রিকোণ, তিন কোণ, ত্রিকোণ বিশিষ্ট স্থান; যোনি, ভগ।
ত্রিখ, রঙ্গ, রাং; সীসক, সীসা।
ত্রিখট্টী, খট্টাত্রয়, তিন খানা খাট।
ত্রিগণ, ত্রিবর্গ, ধর্ম্ম অর্থ কাম এই তিন
ত্রিগর্ত্ত, দেশ বিশেষ, লাহোর দেশের এক ভাগ। [স্ত্রী।
ত্রিগর্ত্তা, ঘুঘুরিক, ঘুঘুরা; কামুকী-
ত্রিগুণ, সত্ত্ব রজঃ তমঃ, তিনবার; ত্রিসংখ্যা দ্বারা গুণিত।
ত্রিগুণাতীত, ব্রহ্ম, পরমপুরুষ।
ত্রিজগৎ, ত্রিভুবন, স্বর্গ মর্ত্ত্য পাতাল।
ত্রিণ, তৃণ, ঘাস।
ত্রিণত, ধনুক, কার্ম্মুক।
ত্রিণাচিকেত, যজুর্ব্বেদের এক ভাগ।
ত্রিতয়, তিনের পূরণ, তিন সংখ্যা।
ত্রিদণ্ড, সন্ন্যাসাশ্রম, যত্যাশ্রম। [বীত।
ত্রিদণ্ডী, ত্রিদণ্ডধারী, যতি; যজ্ঞোপ-
ত্রিদশ, দেবতা, সুর, অমর।
ত্রিদশদীর্ঘিক, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
ত্রিদশমঞ্জরী, তুলসী, বহুমঞ্জরী।
ত্রিদশাবাস, স্বর্গ, সুরপুরী।
ত্রিদশায়ুধ, বজ্র, অশনি; বাজ।
ত্রিদশারি, অসুর, দনুজ, দানব।
ত্রিদশালয়, স্বর্গ; সুমেরু পর্ব্বত।
ত্রিদশাহার, অমৃত, সুধা।
ত্রিদিনস্পৃক, ত্র্যহস্পর্শ, এক তিথির তিন দিনে স্পর্শ।
ত্রিদিব, স্বর্গ, আকাশ।
ত্রিদিবা, নদীবিশেষ।
ত্রিদিবেশ, দেবতা, অমর; ইন্দ্র
ত্রিদৃক, শিব, মহাদেব।
ত্রিদোষ, বাত পিত্ত শ্লেষ্ম বিকার।
ত্রিদোষজ, ত্রিদোষ জনিত রোগ; সন্নিপাত রোগ।

ত্রিধা, তিনপ্রকার, তিনবার।
ত্রিধাতু, ধাতুত্রয়; গণেশ, হেরম্ব, লম্বোদর
ত্রিধামা, বিষ্ণু; শিব; অগ্নি; মৃত্যু।
ত্রিনয়ন, শিব, শম্ভু, মহাদেব।
ত্রিনেত্র, শিব, শম্ভু, মহাদেব।
ত্রিনেত্রচূড়ামণি, চন্দ্র, শশধর।
ত্রিপতাক, রেখাত্রয়ান্বিত কপাল।
ত্রিপত্র, যার তিন পত্র আছে, বিল্বপত্রাদি; কুশ বিশেষ।
ত্রিপথ, ত্রিমার্গ; তেমাতা পথ।
ত্রিপথগা, গঙ্গা, ভাগীরথী।
ত্রিপদিকা, ধাতু নির্ম্মিত ত্রিপদযুক্ত শঙ্খাধার, তেপায়া।
ত্রিপদী, তেপায়া; অর্ঘ্যপাত্রের আধার; ছন্দোবিশেষ।
ত্রিপণ, পলাশবৃক্ষ।
ত্রিপাদ, বিষ্ণু, নারায়ণ।
ত্রিপিষ্টপ, স্বর্গ, দেবলোক।
ত্রিপিষ্টপসৎ, দেবতা, সুর, বিবুধ।
ত্রিপুট, তীর; গোক্ষুরীলতা।
ত্রিপুটা, মল্লিকা; এলাচী।
ত্রিপুটী, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডা গাছ।
ত্রিপুণ্ড্র, তিনরেখাযুক্ত তিলক, কপালস্থ রেখাত্রয়। [অসুরবিশেষ।
ত্রিপুর, ময়দানব নির্ম্মিত পুরত্রয়;
ত্রিপুরদহন, ত্রিপুরান্তক, মহাদেব, শিব, ত্রিপুরারি।
ত্রিপুরান্তক, শিব, মহাদেব, শম্ভু।
ত্রিপুরারি, শিব, মহাদেব, শম্ভু।
ত্রিপুরী, দেশবিশেষ, ত্রিপুরা, ত্রিহোত।
ত্রিফলা, আমলকী-হরীতকী-বহেড়া।
ত্রিবর্গ, ধর্ম্ম অর্থ কাম; ত্রিফলা, ত্রিকটু; উৎপত্তি স্থিতি ধ্বংস; সত্ত্ব রজঃ তমঃ।
ত্রিবলি, নাভির উপরিস্থ বলিত্রয়।
ত্রিবলীক, পায়ু, গুহ্যদ্বার।
ত্রিবিক্রম, বামনাবতার, বিষ্ণু।
ত্রিবিধ, তিনপ্রকার, তিনধারা, ত্রিধা।
ত্রিবিষ্টপ, স্বর্গ, সুরলোক।
ত্রিবৃৎ, লতাবিশেষ; তেউড়ী।
ত্রিবৃৎকরণ, ক্ষিত্যপ্‌তেজের একত্রীকরণ। [শাক, হিংচে।
ত্রিবৃৎপর্ণী, হিলমোচিকা, হেলেঞ্চা-
ত্রিবেণী, স্থানবিশেষ, গঙ্গা যমুনা সরস্বতীর বিয়োগ স্থান।
ত্রিভঙ্গ, শ্রীকৃষ্ণ, তিন অঙ্গ ভঙ্গি; মূর্ত্তিবিশেষ। [মর্ত্ত্য পাতাল।
ত্রিভুবন, ত্রিলোক, ত্রৈলোক্য, স্বর্গ
ত্রিমধু, ঋগ্বেদের এক ভাগ; বেদজ্ঞবিশেষ; ঘৃত মধু চিনি।
ত্রিমার্গী, ত্রিপথ; তেমাতা রাস্তা।
ত্রিমুকুট, ত্রিকূট পর্ব্বত।
ত্রিমূর্ত্তি, ব্রহ্মা বিষ্ণু শিব।
ত্রিযষ্টি, ক্ষেত্রপর্পটী, ক্ষেতপাপড়া।
ত্রিযামক, পাপ, কলুষ; অঘ।
ত্রিযামা, রাত্রি; হরিদ্রা; যমুনা নদী।
ত্রিযোনি, লোভাদি জনিত বিবাদ; যোনিত্রয়।
ত্রিরেখ, শঙ্খ, শাঁখ।
ত্রিলোক, ত্রিভুবন, স্বর্গ মর্ত্ত্য পাতাল।
ত্রিলোকী, ভূর্লোক ভুবর্লোক স্বর্লোক; ত্রিভুবন, ত্রিজগৎ।
ত্রিলোকেশ, সূর্য্য, ভানু, রবি।
ত্রিলোচন, মহাদেব, শিব।
ত্রিলোচনা, দুর্গা, ভগবতী।
ত্রিলৌহ, সুবর্ণ রজত তাম্র এই তিন।
ত্রিশঙ্কু, রাজাবিশেষ।
ত্রিশঙ্কুজ, হরিশ্চন্দ্ররাজা।
ত্রিশঙ্কুযাজী, বিশ্বামিত্র, গাধিসুত।
ত্রিশাখপত্র, বিল্ববৃক্ষ, শ্রীফলবৃক্ষ।
ত্রিশিখ, কিরীট; ত্রিশূল; রাক্ষসবিশেষ।
ত্রিশিরা, কুবের; রাক্ষসবিশেষ।
ত্রিশীর্ষক, ত্রিশূল, শিবাস্ত্র, তেকাল।
ত্রিশূল, অস্ত্রবিশেষ, শিবের অস্ত্র।
ত্রিশূলী, শিব, মহাদেব, মহেশ।
ত্রিশৃঙ্গ, ত্রিকূটপর্ব্বত; ত্রিকোণ।

ত্রিশৃঙ্গী, রোহিত মৎস্য, রুইমাছ।
ত্রিসন্ধি, পুষ্পবিশেষ।
ত্রিসন্ধ্যা, পূর্ব্বাহ্ন মধ্যাহ্ন অপরাহ্ন।
ত্রিসবন, ত্রিকাল, পূর্ব্বাহ্ন মধ্যাহ্ন অপরাহ্ন।
ত্রিসর, কৃশর, তিল নিশ্রিতান্ন, তিল-যাউ। [বিশেষ।
ত্রিস্রোতা, গঙ্গা, ভাগীরথী; নদী-
ত্রিহল্য, তিনবার কৃষ্ট ভূমি।
ত্রিহায়নী, তিনবৎসরের গোরু।
ত্রুটি, ক্ষতি, নাশ, অপচয়, ন্যূনতা, টুট; আজ্ঞা লঙ্ঘন; প্রতিজ্ঞার অন্যথা; ভ্রম; অপরাধ, সংশয়, কালের পরিমাণ বিশেষ।
ত্রুটিবীজ, কচ্বী, কচু। [শেষ।
ত্রেতা, দ্বিতীয় যুগ, যজ্ঞীয় অগ্নি বি-
ত্রেধা, ত্রিধা, তিন প্রকার। [মিলন।
ত্রৈগুণ্য, ত্রিগুণের ধর্ম্ম; ত্রিগুণের
ত্রৈধ, ত্রিধা, তিন প্রকার।
ত্রৈবিদ্য, ত্রিবেদজ্ঞ, বেদত্রয় বেত্তা।
ত্রৈবিধ্য, প্রকার ত্রয়, তিন প্রকার।
ত্রৈরাশিক, অঙ্ক প্রকরণ বিশেষ।
ত্রৈলোক্য, ত্রিভুবন; ত্রিলোকী; ব্রহ্মাণ্ড। [সম্বিদ।
ত্রৈলোক্যবিজয়া, ভঙ্গা, ভাং; সিদ্ধি
ত্রোটকী, রাগিণীবিশেষ।
ত্রোটি, চঞ্চু, ওষ্ঠ, ঠোঁট; কট ফল, মৎস্যবিশেষ।
ত্রোটিহস্ত, পক্ষী, বিহঙ্গম।
ত্রোটী, চঞ্চু, ওষ্ঠ, ঠোঁট। [বাড়ী।
ত্রোত্র, গবাদি তাড়ন দণ্ড, পাঁচনী
ত্র্যধ্বগা, গঙ্গা, ত্রিপথগা, সুরধুনী।
ত্র্যবান্তর, মাঠ, প্রান্তর, তেপান্তর।
ত্র্যম্বক, শিব, মহাদেব, ত্রিলোচন।
ত্র্যম্বকসখ, কুবের, যক্ষরাজ, ধনাধিপ।
ত্র্যহস্পর্শ, এক দিনে তিন তিথির সংযোগ।
ত্র্যক্ষর, প্রণব, ওঁকার; তিন অক্ষর।
ত্র্যাহিক, তৃতীয় দিবসে উৎপাদ্য, দুই দিবসান্তে ভাবি রোগাদি।
ত্ব, ভিন্ন, অন্য।
ত্বং, তুমি। [বাকল।
ত্বক্, স্পর্শেন্দ্রিয়; চর্ম্ম; ছাল, বল্কল,
ত্বককণ্ডুর, ব্রণ, স্ফোটক, ফোড়া।
ত্বক্ছেদ, যাবনিক সংস্কার বিশেষ, উপস্থের চর্ম্ম কাটন।
ত্বকপত্র, তেজপত্র। [রোগ।
ত্বকপুষ্প, রোমাঞ্চ, লোমাঞ্চ; ছুলী-
ত্বক্সার, বংশ, বাঁশ; তেজপাত; শোণ বৃক্ষ।
ত্বকক্ষীরা, বংশরোচনা, বংশলোচন।
ত্বগঙ্কুর, রোমাঞ্চ, লোমাঞ্চ, পুলক।
ত্বগাক্ষীরী, বংশ রোচনা, বংশলোচন।
ত্বগজ, রোম, লোম, রুধির, শো-ণিত, রক্ত।
ত্বগ্দোষ, কোঠরোগ, দুশ্চর্ম্ম; অ-প্রাবৃত মেঢ্র। [দারুচিনি।
ত্বচ, চর্ম্ম, বল্কল, ছাল, বৃক্ষবিশেষ;
ত্বচা, চর্ম্ম, ছাল, বল্কল, বাকল।
ত্বচিসার, বংশ, বাঁশ, তাল; নারি-কেল; গুবাক। [এলাচি।
ত্বচিসুগন্ধা, ক্ষুদ্র এলাচী, গুজরাটী-
ত্বজ্জ্ঞান, স্পর্শজ্ঞান, ত্বগিন্দ্রিয় জন্য প্রত্যক্ষ। [যোগ্য।
ত্বজ্জ্ঞেয়, স্পার্শনীয়, স্পর্শ প্রত্যক্ষের
ত্বঞ্চ, প্রবঞ্চনা, প্রতারণা, ছলনা।
ত্বৎ, ভিন্ন, পৃথক্, তোমা হইতে।
ত্বদীয়, তোমারই, ভবৎসম্বন্ধীয়।
ত্বরা, বেগ, শীঘ্র, দ্রুত।
ত্বরায়, শীঘ্র, ক্ষিপ্র, ত্বরিত। [আশু।
ত্বরিত, সত্বর, বেগযুক্ত; শীঘ্র, দ্রুত,
ত্বষ্ট, তনূকৃত, পরিষ্কৃত, চাঁচা ছোলা।
ত্বষ্টা, আদিত্য বিশেষ; বিশ্বকর্ম্মা; বর্ণ সঙ্কর জাতি বিশেষ, সূত্রধার, ছুতার। [বোধ
ত্বাচপ্রত্যক্ষ, স্পর্শজ্ঞান, স্পর্শ জন্য-
ত্বাষ্ট্র, বৃত্র নামা অসুর।
ত্বাষ্ট্রী, চিত্রানক্ষত্র; সংজ্ঞা নাম্নী

সূর্য্যপত্নী; রথিকা, ক্ষুদ্র রথ।
ত্বিষা, দীপ্তি, শোভা, রশ্মি।
ত্বিষাম্পতি, সূর্য্য, রবি, ভানু।
ত্বিষি, কিরণ, রশ্মি, তেজঃ, প্রভা।
ত্বিষ্, শোভা, প্রভা; বাক্য; ব্যবসায়; জিগীষা।
ৎসরু, খড়্গ মুষ্টি, খড়্গের মুটা।

থ

থ, থকার, ব্যঞ্জনের সপ্তদশ বর্ণ, ত-বর্গের দ্বিতীয় বর্ণ; রক্ষণ; মঙ্গল; ধ্বংস; পর্ব্বত; ভয়, রক্ষক, ব্যাধি-বিশেষ; ভয়চিহ্ন, ভক্ষণ।
থই, তলস্পর্শ; ইষ্টকময় গৃহাদি নির্ম্মাতা, রাজ।
থইপনা, রাজের কর্ম্ম।
থকা, গুচ্ছ, স্তবক, গোছা।
থমকান, থামন, বিস্ময়ান্বিত হওন, ভয় পাওন।
থর, শ্রেণী, পংক্তি।
থরথর, কম্পান্বিত, কম্পিত।
থরথরানি, কঁপনি, কম্পন।
থলিয়া, গুণ, ছালা; বস্তা।
থলী, বগ্লী; গুণ; থলিয়া।
থলুয়া, গুচ্ছ, স্তবক।
থল্থলিয়া, লোলিত, ঝুল্ঝুলিয়া।
থল্যাৎ, অপহৃত দ্রব্য রক্ষক।
থাই, নদীর তলা; তলস্পর্শ; শ্রেণী; মাচা; মত; পক্ষ।
থাক, ছেদ, শ্রেণী, রহন, তিষ্ঠন।
থাকন, স্থিতি করণ, তিষ্ঠন, রহন, টিকন; বাস করণ।
থান, থান; সমগ্র।
থানা, আড্ডা, চৌকীস্থান; দস্যু বা রক্ষকাদির মিলন স্থান।
থাপড়, চাপড়, করতল, থাবা, চড়।
থাবড়ান, চ্যাপটা করণ; দলন।
থাবা, করতল, চড়, পূর্ণ মুষ্টি।
থাম, স্তম্ভ, খুঁটি।
থামন, উপশম, শান্ত হওন; মিটন; থিতন।
থাল, ধাতুময় ভোজন পাত্র বিশেষ।
থালী, স্থালী, হাঁড়ী; তৈলাধার পাত্র বিশেষ, বাসন।
থাসন, ছানন, ঠাসন, মর্দ্দন।
থিতন, চঞ্চল দ্রব দ্রব্যের স্থিরী করণ।
থু, থুক, থুথু, ছেপ, পিক্, নিষ্ঠীবন; ঘৃণা বাচক।
থুওন, রাখন, স্থাপন, অর্পণ।
থুক, নিষ্ঠীবন, থুথু; ঘৃণাবাচক।
থুকন, নিষ্ঠীবন, থুথু ফেলন।
থুতনী, চিবুক, ওষ্ঠের অধোভাগ।
থুতি, মুখ; চিবুক, দাড়ি।
থুৎকার, নিষ্ঠীবন ত্যাগানুকরণ; থুথু ফেলন। [পড়ন।
থুবড়ন, অধোমুখে পতন, মত হইয়া
থুবড়া, অধিক বয়স পর্য্যন্ত অকৃত-বিবাহ।
থুবা, গুচ্ছ, স্তবক, ঝাম্পা।
থুরণ, কুঁচন, কুচি২ করিয়া কাটন।
থেতলান, দলন; নিষ্পীড়ন; পদ-দ্বারা মর্দ্দন।
থৈথৈ, বাদ্যানুকরণ শব্দ বিশেষ।
থৈলী, থলিয়া, বগ্লী, বোরা, গুণ।
থোওন, রক্ষণ, রাখন, স্থাপন।
থোক, একত্র, সমুদয়, রাশি; পিণ্ড; একুন, গুচ্ছ।
থোড, ফলিত কদলী বৃক্ষের গর্ভ, কলা গাছের মধ্য দেশ। [করণ।
থোড়ন, সম্বরণ; শান্ত হওন; খণ্ড
থোড়া, কিঞ্চিৎ, অল্প।
থোড়াল, মোটা; বিকশনোদ্যত।
থোপা, থোপ্না, থোবা, ঝাম্পা, গোচ্ছা।
থোপনা, গুচ্ছ; আনন, আস্য, মুখ।

দ

দ, দকার, ব্যঞ্জনের অষ্টাদশ বর্ণ, ত-

বর্গের তৃতীয় অক্ষর; ভার্য্যা; অচল; দাতা।
দই, দধি, দুগ্ধ বিকার বিশেষ।
দংশ, কীটবিশেষ, দাঁশ, ডাঁশ; বর্ম্ম, খণ্ডন, দোষ; মর্ম্ম; সর্পক্ষত, দন্ত।
দংশক, কীটবিশেষ, দাঁশ, দন্তাঘাতকারী।
দংশন, দন্তাঘাত করণ, কামড়ান; হুল ফুটান, বর্ম্ম, সাঁজোয়া।
দংশভীরু, মহিষ, কাশর।
দংশিত, দষ্ট, দন্তাদি দ্বারা খণ্ডিত, বর্ম্মিত, সাঁজোয়া পরা।
দংশী, ক্ষুদ্রদংশ, ছোট ডাঁশ।
দংষ্ট্র, দন্ত, রদন; হুল; দাঢ়।
দংষ্ট্রা, বিশাল দন্ত, বড় দাঁত, দাঢা, বৃহদ্দন্ত।
দংষ্ট্রী, বৃহদ্দন্তবিশিষ্ট, দাঁতাল; কামড়ানিয়; হিংস্রক শূকর সর্পাদি।
দক, জল, সলিল, বারি।
দগ্ধ, ভস্মীকৃত, প্লুষ্ট, পোড়া; জ্বলিত, অগ্নিহত; ভাজা।
দগ্ধকাক, দ্রোণকাক, দাঁড়কাক।
দগ্ধন, দাহন, পোড়ান; জ্বলাতন করণ।
দগ্ধরথ, চিত্ররথ নামক গন্ধর্ব্ববিশেষ।
দগ্ধরুহ, বৃক্ষ বিশেষ, দগ্ধাবৃক্ষ, কুরুহ গাছ। [গাছ।
দগ্ধা, অমঙ্গল্য তিথি বিশেষ, কুরুহ-
দগ্ধিকা, দগ্ধ অন্ন, পোড়া ভাত; ভৃষ্ট ধান্য; বৃক্ষ বিশেষ, কুরুহ গাছ।
দগ্ধেষ্টকা, ঝামক, ঝামা, খরপোড়া ইট।
দড়, দৃঢ়, শক্ত, কঠিন।
দড়া, দীর্ঘ স্থূল রজ্জু, কাছী।
দড়ী, রজ্জু, রশ্মি, গুণ।
দণ্ড, ষষ্টি পল পরিমিত কাল; ঘড়ী; লগুড়, যষ্টি; দমন, নিগ্রহ, শাসন; ঊর্দ্ধ স্থিতি; সন্ন্যাস ধর্ম্ম।
দণ্ডক, শ্লোকবিশেষ, ছন্দোভেদ।
দণ্ডকা, জনস্থান; দণ্ডকারণ্য।
দণ্ডকাক, দ্রোণকাক, দাঁড় কাক।
দণ্ডঢক্কা, বাদ্যবিশেষ, দামামা, নাগরা।
দণ্ডতাম্রী, বাদ্যবিশেষ, তাম্রীবাদ্য।
দণ্ডদাতা, শাসনকর্ত্তা, শাস্তা, রাজা; বিচারক।
দণ্ডধর, যম; রাজা; যষ্টিধারী।
দণ্ডধার, রাজা, ভূপতি; যম, প্রেতাধিপ; লগুড়ধারক।
দণ্ডধারী, রাজা, যম; যষ্টিধারী।
দণ্ডনায়ক, সেনানী, সেনাপতি, চতুরঙ্গ বলাধ্যক্ষ; দণ্ডদাতা। [দণ্ডব্যবস্থা।
দণ্ডনীতি, অর্থশাস্ত্র; নীতিশাস্ত্র;
দণ্ডপাংশুল, দ্বারপাল, দ্বারী, দ্বারবান।
দণ্ডপাণি, যম; কাশীস্থ শিবগণবিশেষ; যষ্টিহস্ত।
দণ্ডপারুষ্য, তাড়নাদি, অষ্টাদশ বিবাদের অন্তর্গত বিবাদ বিশেষ।
দণ্ডপাল, দ্বারপাল, দ্বারবান, মৎস্যবিশেষ, দাঁড়িকা মাছ।
দণ্ডপালক, শকলমৎস্য, শোল মাছ।
দণ্ডবৎ, দণ্ডের ন্যায় পতিত হইয়া প্রণাম; নমস্কার।
দণ্ডবাদী, দ্বারপাল, দ্বারী, দ্বারবান্।
দণ্ডবালধি, হস্তী, দন্তী, হাতী।
দণ্ডবাসী, দ্বারপাল; একগ্রামাধিকৃত জন। [মওয়া খুঁটী।
দণ্ডবিষ্কম্ভ, দধিমন্থন স্তম্ভ, ঘোল
দণ্ডবৃক্ষক, সুহীবৃক্ষ, সিজগাছ।
দণ্ডভৃৎ, দণ্ডধারী; কুম্ভকার, কুমার।
দণ্ডযাত্রা, দিগ্বিজয়; যুদ্ধযাত্রা; বরযাত্রা।
দণ্ডযাম, যম; অগস্ত্যমুনি।
দণ্ডহস্ত, তগরপুষ্প; যম।
দণ্ডাদণ্ডি, পরস্পর দণ্ড লইয়া রণ করা, লাঠালাঠি।
দণ্ডান, উত্তিষ্ঠন, দাঁড়ান।
দণ্ডায়মান, উত্থান, উঠন, দাঁড়ান।
দণ্ডার, বাহন, মত্তহস্তী; কুলাল চক্র, কুমারের চাক।

দণ্ডাশ্রম, সন্ন্যাসধর্ম্ম ; দণ্ডির আশ্রম ; যত্যাচার। [দণ্ডী।
দণ্ডাশ্রমী, সংসারত্যাগী ; সন্ন্যাসী,
দণ্ডাহত, তক্র, ঘোল ; দণ্ডের দ্বারা বিনষ্ট ; যষ্টিদ্বারা আঘাতিত।
দণ্ডিক, দণ্ডধারী, ছড়ি বরদার, লাঠী-বরদার ; মৎস্যবিশেষ, ডানিকণামাছ।
দণ্ডিকা, হারবিশেষ ; রজ্জু, দড়ী।
দণ্ডিত, কৃতদণ্ড, দণ্ডপ্রাপ্ত, শাসিত, সাধিত।
দণ্ডী, চতুর্থাশ্রমী, যতি, সন্ন্যাসী, জিনবিশেষ ; বৃক্ষবিশেষ।
দণ্ডোৎপল, বৃক্ষবিশেষ।
দণ্ড্য, দণ্ডনীয়, দণ্ডার্হ, শাসনীয়।
দৎ, দন্ত, রদন, দাঁত।
দত্ত, কৃতদান, বিসৃষ্ট, যাহা দানকরা গিয়াছে ; দান ; রাজাবিশেষ ; ভগবানের অবতার বিশেষ, দত্তাত্রেয় ; উপাধিবিশেষ।
দত্তকপুত্র, দ্বাদশবিধ পুত্রের অন্তর্গত পুত্রবিশেষ, পিতৃ মাতৃ কর্ত্তৃক দত্ত, পোষ্যপুত্র।
দত্তা, বিবাহিতা, পাত্রসাৎ কৃতা।
দত্তাত্মা, স্বয়ংদত্ত পুত্র, যে অন্যের পুত্র হইবার নিমিত্ত স্বয়ং আপনাকে দান করে।
দত্তাপ্রদানিক, অষ্টাদশ বিবাদের অন্তর্গত বিবাদ বিশেষ ; দান করিয়া প্রত্যাদান।
দত্তি, দান, বিতরণ, স্বার্থ পরিত্যাগ।
দত্তেয়, ইন্দ্র, দেবরাজ।
দদন, দান, বিতরণ।
দদ্রু, রোগবিশেষ, কর্চ্ছূরোগ, দাদু।
দদ্রুক, রোগবিশেষ, দাদু, কর্চ্ছূরোগ।
দদ্রুণ, দদ্রুরোগী, দেদুয়া।
দদ্রুরোগী, দদ্রুরোগবিশিষ্ট, দেদুয়া।
দদ্রু, কর্চ্ছূরোগ, দাদু।
দদ্রুণ, দদ্রুরোগ বিশিষ্ট, দেদুয়া।
দধি, দুগ্ধবিকার, দই।
দধিকূর্চ্চিকা, পয়োবিকার বিশেষ, ছানা। [দণ্ড।
দধিচার, দধিমন্থন দণ্ড ; ঘোল মওয়া
দধিজ, নবনীত, ননী।
দধিত্থ, কপিত্থ, কতবেল।
দধিপুষ্পিকা, অপরাজিতা পুষ্প।
দধিফল, কপিত্থবৃক্ষ ; কথবেল।
দধিমণ্ড, মস্তু, মাত্।
দধিমণ্ডোদ, দধিসমুদ্র।
দধিমুখ, বানরবিশেষ।
দধিশোণ, বানর, কপি, শাখামৃগ।
দধিসক্তব, দধি দ্বারা উপসিক্ত সক্তু দই ছাতু।
দধিসার, নবনীত, ননী, মাখম।
দধিস্নেহ, দধিসর, দধির সর।
দধিস্বেদ, তক্র, ঘোল।
দধীচি, মুনিবিশেষ।
দধীচ্যস্থি, হীরক, হীরা, বজ্র।
দধ, যম, ধর্ম্মরাজ, তপনতনয়।
দধ্যাকর, দধিসমুদ্র।
দধ্যুদ, দধিসমুদ্র।
দনু, কশ্যপমুনিপত্নী, দানবদের মাতা।
দনুজ, অসুর, দানব, দৈত্য।
দনুজদ্বিষ, দেবতা, সুর, অমর।
দনুসূনু, অসুর, দৈত্য, দানব।
দন্ত, দাঁত, রদন, দশন, পর্ব্বত শৃঙ্গ।
দন্তক, পর্ব্বত শৃঙ্গ, নাগদন্ত।
দন্তকর্ষণ, জম্বীর, জাম্বীর, লেবু।
দন্তকাষ্ঠ, দন্তধাবন কাষ্ঠ, দাঁতন।
দন্তচ্ছদ, ওষ্ঠ, ঠোঁট।
দন্তচ্ছদোপমা, বিম্বফল, তেলাকুঁচা।
দন্তজ, দন্তজন্য, দংশন, কামড়ান।
দন্তধাবন, দন্তশুদ্ধি, দন্তমাজন।
দন্তপত্র, কুণ্ডল, কর্ণালঙ্কার বিশেষ।
দন্তপত্রক, কুন্দপুষ্প, কুঁদফুল।
দন্তপুষ্প, কতকফল, নির্ম্মলফল।
দন্তফল, কতকফল, নির্ম্মল ফল।
দন্তফলা, পিপ্পলী, পিপুল।
দন্তবস্ত্র, ওষ্ঠ, ঠোঁট।

দন্তবাসাঃ, ওষ্ঠ, ঠোঁট।
দন্তবীজক, দাড়িম্ব, দালিম।
দন্তমল, দন্তলগ্নক্লেদ, পুষ্পিকা।
দন্তমূল, দাঁতের শিকড়, দাঁতের গোড়া।
দন্তমূলিক', বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ।
দন্তশঠ, কপিত্থ, কতবেল; জম্বীর বিশেষ; কর্ম্মরঙ্গক, কামরাঙ্গা; অম্ল।
দন্তশর্কর, দন্তগত মল, দাঁতের মলা।
দন্তশাণ, নিশ্চক্রণ, মিষি, মাজন।
দন্তশির, দন্তাধার, দাঁতের মাড়ি।
দন্তহর্ষ, দন্তরোগ বিশেষ। [তাড়ন।
দন্তাঘাত, দশনাঘাত, দন্ত দ্বারা
দন্তাবল, হস্তী, করী, গজ, হাতী।
দন্তায়ুধ, শূকর, বরাহ।
দন্তার্ব্বুদ, দন্তরোগ বিশেষ।
দন্তালিকা, বলগা, প্রগ্রহ, লাগাম
দন্তিক, বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ।
দন্তিনী, হস্তিনী, করেণু; বৃক্ষবিশেষ।
দন্তী, হস্তী, করী, গজ, বৃক্ষবিশেষ।
দন্তীবীজ, জয়পাল, জয়পালের বীচি।
দন্তুর, উন্নত দন্ত, দেঁতো, দাঁতাল, বৃহৎ দন্ত বিশিষ্ট। [দন্তুর।
দন্ত্য, দন্তসংযোগে উচ্চার্য্য, দন্তো-
দন্দশূক, সর্প; রাক্ষস, নিশাচর।
দপট, দর্প, অহঙ্কার, গর্ব্ব। [প্রকরণ।
দফা, শেষ, অবসান; পরিচ্ছেদ,
দব, বন, অরণ্য; বনাগ্নি, দাবানল।
দবথু, পরিতাপ; চক্ষুরাদি দাহ।
দবন, মর্দ্দন, দলন; দমন।
দবাগ্নি, দাবানল, বনাগ্নি।
দবান, দমন; গোপন করণ।
দবিষ্ঠ, সুদূর; অত্যন্ত দূরবর্ত্তী, অতিশয় দূরস্থ।
দবীয়ান, দূরতর, অতিশয় দূরবর্ত্তী।
দবকন, চমকন; আতঙ্কান্বিত হওন।
দবকান, গোপন; লুক্কায়িত করণ।
দভ্র, কিঞ্চিৎ, অল্প; সমুদ্র, সাগর।

দম, শান্তি, দণ্ড, শাসন; ইন্দ্রিয় নিগ্রহ।
দমক, দমনকারী, শাসনকর্ত্তা।
দমঘোষ, চন্দ্রবংশীয় রাজাবিশেষ।
দমঘোষসুত, শিশুপাল।
দমথু, দণ্ড; শাসন, দমন, নিগ্রহ।
দমন, বশীকরণ, শাসন, আটকান; নিগ্রহ করণ; তাড়ন; পুষ্প বিশেষ, দোনা ফুল
দমনক, বৃক্ষবিশেষ, দোনা গাছ।
দমনী, বৃক্ষ বিশেষ, দমন কারিকা।
দমনীয়, দণ্ডার্হ, দম্য, দমনের যোগ্য।
দময়ন্তী, নলরাজপত্নী।
দমিত, দান্ত; নিগৃহীত; শাসিত।
দমী, দমন বিশিষ্ট জিতেন্দ্রিয়।
দমুনা, অগ্নি, শুক্রাচার্য্য।
দম, নিশ্বাস; প্রতারণা, প্রবোচনা,
দমকল, যন্ত্র বিশেষ।
দমকলী, জলপ্রক্ষেপণার্থ ক্ষুদ্র কলবিশেষ। [ক্রমণ।
দমকান, চাপন, দাবন, বলদ্বারা আ-
দম্পতী, জায়াপতী, স্ত্রী পুরুষ।
দম্ভ, অহঙ্কার, গর্ব্ব, কপট; দুষ্টতা।
দম্ভোলি, বজ্র, অশনি, বাজ।
দম্য, দমনার্হ, দমনের যোগ্য; প্রাপ্ত দমন কাল; বৎসতর, অনড্বান্, বৃষ।
দয়, দয়া, করুণা, অনুকম্পা।
দয়া, পর দুঃখ হরণের ইচ্ছা; কৃপা, স্নেহ, করুণা, অনুগ্রহ।
দয়াবান্, দয়ালু, সদয়, করুণান্বিত।
দয়াময়, দয়াস্বরূপ, সাক্ষাৎ করুণাবতার।
দয়াল-দয়ালু, কৃপাবান্, করুণান্বিত।
দয়ালু, কৃপাবান্, দয়াশীল, দয়াযুক্ত।
দয়িত, প্রিয়; পতি, স্বামী।
দয়িতা, প্রিয়া; ভার্য্যা, স্ত্রী।
দর, ঈষদর্থ, অল্পার্থ; শঙ্কা; ভয়; গর্ত্ত, পর্ব্বতের গহ্বর; মূল্য, কিম্মৎ।

দরকণ্টিকা, বৃক্ষবিশেষ, শতাবরী।
দরণ, পচন; গলন; পল্কন, বিগড়ন।
দরণি, নদীর কূলভঙ্গ, ভাঙ্গন।
দরদ. হিঙ্গুল; দেশবিশেষ; ভয়, ম্লেচ্ছজাতি বিশেষ।
দরদ, ভয়; পর্ব্বতের অতট, ম্লেচ্ছ-জাতি; হৃদয়; তীব্র, বেদনা, ব্যথা।
দরমা, নলনির্ম্মিত আসনবিশেষ, চাঁচ্।
দরা, জীর্ণ; পচা; গলিত।
দরি, পর্ব্বতের গুহা, কন্দর।
দরিত, ভীত, ত্রাসিত, শঙ্কিত।
দরিদ্র, নির্ধন, নিঃস্ব, দুর্গত, দুঃখী।
দরিদ্রতা, নিধনতা, নিঃস্বতা, দৈন্য।
দরিদ্রায়ক, দীন, দুঃখী, দরিদ্র।
দরিদ্রিত, দীন, দুঃখী, নিঃস্ব।
দরী, পর্ব্বতের গুহা, গহ্বর, কন্দর, নব্য, আধুনিক।
দরোদর, পাশক, পাশা।
দর্দ্দর, পর্ব্বত, গিরি; ঈষদ্ভগ্ন ভাজন, ভাঙ্গা পাত্র।
দর্দ্দরাত্র, ব্যঞ্জন বিশেষ।
দর্দ্দরীক, বাদ্য বিশেষ, মেঘ, ভেক।
দর্দ্দুর, ভেক; মেঘ, বাদ্য; পর্ব্বত-বিশেষ, রাক্ষস।
দর্দ্দুরা, চণ্ডিকা, দুর্গা।
দর্দ্দু, দদ্রুরোগ, দাউদ।
দর্প, অহঙ্কার, গর্ব্ব, আটোপ, আত্ম-শ্লাঘা; উচ্ছৃঙ্খলত্ব; উষ্মা।
দর্পক, কামদেব, মদন, কন্দর্প।
দর্পণ, রূপ দর্শনাধার, আদর্শ, মুকুর, আর্শি। [জ্বাল, গর্ব্বিত।
দর্পিত, অহঙ্কারান্বিত, দাম্ভিক, উচ্ছৃ-
দর্পী, গর্ব্বী, অহঙ্কারী, দাম্ভিক।
দর্ব্ব, রাক্ষস; দন্দশূক; হিংস্রপ্রাণ
দর্ব্বরীক, ইন্দ্র; বায়ু; বাদ্যবিশেষ।
দর্ব্বি, ব্যঞ্জনাদি দারক, হাতা, খজাকা।
দর্ব্বিকা, খজাকা, হাতা, ব্যঞ্জনাদি দারক পাত্রবিশেষ।
দর্ব্বী, খজাকা, হাতা, ব্যঞ্জনাদি দারক পাত্রবিশেষ। [নির্ম্মাতা।
দর্ব্বীকর, সর্প, অহি, ভুজঙ্গ, হাতা-
দর্ভ, কুশ, কাশতৃণ, কেশে।
ধাতা, ব্রহ্মা ; বিধাতা ; ধারক ; পালক।
ধাতু, শরীরধারক কফ বাত পিত্ত ; তাম্র পিত্তলাদি ; মাংস রক্ত রসপ্রভৃতি ; অন্ন, নাড়ী ; ক্রিয়াবাচক শব্দ।
ধাতুঘ্ন, কাঞ্জিক, কাঁজি, আমানী।
ধাতুচালা, শুক্রক্ষরণ, মেহপীড়া।
ধাতুনরম, কফ, শ্লেষ্মা।
ধাতুপ, শরীরস্থ প্রথম ধাতু ; অন্নরস।
ধাতুপুষ্টি, শরীরের রসবৃদ্ধি ; শরীরের সরলতা ; মাংসবৃদ্ধি।
ধাতুপুষ্পী, পুষ্পবিশেষ, ধাইফুল।
ধাতুপোষক, শরীরের পুষ্টিকর, সুপথ্য। [দ্রব্য পরীক্ষক।
ধাতুবেদী, ধাতুবিদ্যা বেত্তা ; ধাতু-
ধাতুভেদ, রসবিকার, ধাতুবিশেষ।
ধাতুভৃৎ, পর্ব্বত, নগ, ধাতুপোষক।
ধাতুময়, তৈজস ; ধাতুস্বরূপ।
ধাতুমারিণী, সর্জ্জিকা, সোহাগা।
ধাতুরাজ, রেত, শুক্র, বীর্য্য।

ধাতুসাম্য, স্বস্থতা; আরোগ্য; উগ্রতার শৈথিল্য।
ধাতুক্ষয়, তেজোহ্রাস; নাড়ী ক্ষয়।
ধাতৃপুত্র, সনৎকুমার; ব্রহ্মার সন্তান।
ধাতৃপুষ্পিকা, ধাতকীপুষ্প, ধাইফুল।
ধাত্র, ভাজন, পাত্র, আধার।
ধাত্রিকা, আমলকী।
ধাত্রী, প্রসবকর্ত্রী; মাতা; উপমাতা; দাই; পৃথিবী; আমলকী।
ধাত্রীপত্র, আমলকী পত্র। [নর্ত্তক।
ধাত্রীপুত্র, উপমাতার সন্তান; নট,
ধাত্রীফল, আমলকী।
ধাত্রেয়িকা, উপমাতা, ধাত্রী, দাই।
ধাত্রেয়ী, দাই, উপমাতা, ধাত্রী।
ধান, ধান্য, সতুষ তণ্ডুল; ধনিয়া; ভৃষ্ট যব।
ধানক, ধন্যাক, ধনিয়া।
ধানাচূর্ণ, ভৃষ্টযব চূর্ণ, সক্তু, ছাতু।
ধানী, অপরিষ্কৃত তণ্ডুল, সতুষ তণ্ডুল-আধার, পত্র; পীলুবৃক্ষ।
ধানুষ্ক, ধনুর্দ্ধর, তীরান্দাজ।
ধানুষ্কী, ধনুর্দ্ধারী, তীরান্দাজ।
ধানুষ্য, বংশ, বাঁশ।
ধানেয়ক, ধন্যাক, ধনিয়া।
ধাক্কা, এলাইচ; ক্লেশ, পরিশ্রম; ভ্রম।
ধান্য, সতুষ তণ্ডুল, ধান্।
ধান্যক, ধন্যাক, ধনিয়া।
ধান্যকোষ্ঠক, ধান্যরক্ষার্থ গৃহ, গোলা।
ধান্যচমস, চিপিটক, চিঁড়া।
ধান্যধেনু, দানার্থ ধান্য নির্ম্মিত ধেনু।
ধান্যবর্দ্ধন, বার্দ্ধুষ্য, ধানের বাড়ী।
ধান্যবীজ, বীজধান; ধনিয়া।
ধান্যবীর, মাষ, মাষকলাই।
ধান্যমায়, ধান্যবিক্রয়ী, ধান্যবিক্রেতা।
ধান্যরাজ, যব।
ধান্যরাশি, ধান্যের কুড়, ধানের গাদা।
ধান্যশালী, ধান্য বপন যোগ্য ভূমি, শস্যময়; ধান্যবিশিষ্ট।
ধান্যশীর্ষক, ধান্যমঞ্জরী, ধানের শীষ।
ধান্যাচল, দানার্থ ধান্যনির্ম্মিত পর্ব্বত।
ধান্যাদি, যবাদি শস্য।
ধান্যাম্ল, কাঞ্জিক, কাঁজি।
ধান্যারি, মূষিক, উন্দুর।
ধান্যোত্তম, শালিধান্য।
ধাপ, সোপানের প্রত্যেক পদ নিঃক্ষেপের স্থান। [গামী
ধাবক, ধাবনকর্ত্তা, দৌড়ানিয়া, দ্রুতধাবড়িয়া, দ্রুতগামী, শীঘ্রগামী।
ধাবন, বেগে গমন, দৌড়ন।
ধাবনিকা, কণ্টকারী।
ধাবমান, দ্রুতগামী, শীঘ্রযায়ী।
ধাবিত, গত; শীঘ্রগত; মার্জ্জিত
ধাম, গৃহ, বসতি স্থান; দেশ; প্রভা, দীপ্তি, রশ্মি।
ধামক, মাষক পরিমাণ, এক মাষা
ধামনিধি, সূর্য্য, রবি, দিবাকর।
ধামনী, ধমনী, নাড়ী, শিরা। [ডঙ্কা।
ধামসা, বাদ্যবিশেষ, টিকারা, নাগরা,
ধামা, বেত্র নির্ম্মিত পাত্রবিশেষ।
ধামার্গব, অপামার্গবৃক্ষ, আপাংগাছ।
ধায়, ধারণকর্ত্তা।
ধায়া, পোষণকর্ত্তা; ধারণ কর্ত্তা।
ধায্য, পুরোহিত, ঋত্বিক্।
ধায্যা, যজ্ঞার্থ অগ্নি প্রজ্বালন মন্ত্র।
ধার, দেনা, ঋণ; জলধারা; তীর, তট, কিনারা; অস্ত্রের সূক্ষ্ম ভাগ, প্রান্তর্য্য; তীক্ষ্ণতা।
ধারক, ধারণ কর্ত্তা; ঋণী, ধারুয়া।
ধারণ, গ্রহণ, অবলম্বন; রাখন; পরিধান করণ; ঋণ গ্রহণ।
ধারণা, বুদ্ধি; ন্যায্য পথে স্থিতি; মনঃস্থিরতা; ধরণ, ধরা।
ধারণাবান্, মেধাবী, স্মরণ শক্তি বিশিষ্ট, স্থিরমতি।
ধারণী, নাড়ী; শ্রেণী, পংক্তি। [ধার্য্য।
ধারণীয়, ধর্ত্তব্য, ধরিবার যোগ্য,
ধারয়িত্রী, পৃথিবী, পৃথ্বী।
ধারযুক্ত, সুশাণিত, তীক্ষ্ণ; ঋণযুক্ত।

ধারা, রীতি, ব্যবহার ; আচরণ ; প্রকার, প্রণালী, প্রকরণ , জলবিন্দু ।
ধারাকদম্ব, কদম্ববিশেষ, কেলিকদম ।
ধারাঙ্কুর, জলকণা, জলবিন্দু, শীকর , ঘনোপল, করক', শিল ।
ধারাঙ্গ, তীর্থ ; খড়্গ । [মত্তহস্তী ।
ধারাট, চাতক পক্ষী ; মেঘ ; অশ্ব ;
ধারাধর, জলধর ; মেঘ, খড়্গ, খাঁড়া ।
ধারাবনি, বায়ু, অনিল, বাতাস ।
ধারাবাহন, নিত্যপ্রবাহের ন্যায় চলন ।
ধারাবাহিক, নিত্যচলিত, ক্রমানুযায়ী ।
ধারাবিষ, অসি, খড়্গ, খাঁড়া ।
ধারাল, সুশাণিত, তীক্ষ্ণ ; প্রখর ।
ধারাসম্পাত, মহাবৃষ্টি, অতিশয় বর্ষা ।
ধারাস্নুহী, তেকাঁটা সিজ, নেড়াসিজ ।
ধারিণী, পৃথিবী ; শাল্মলীবৃক্ষ ।
ধারী, ধারবিশিষ্ট, ঋণী ; গৃহাদির প্রান্ত ভাগ ; নদ্যাদির তট, কিনারা, কূল ।
ধারু, পানকর্ত্তা ।
ধারে, তীরে , কিনারায ; ঋণে ।
ধার্ত্তরাষ্ট্র, ধৃতরাষ্ট্র রাজার পুত্র, দুর্য্যোধন , হংস, গেঁড়িহাঁস , এক প্রকার সর্প বিশেষ ।
ধার্ম্মিক, পুণ্যাত্মা, ধর্ম্মশীল । [ধারণ ।
ধার্য্য, ধরণীয়, ; গ্রাহ্য ; নিশ্চয়, অব-
ধাসন্, পর্ব্বত, নগ, গিরি ।
ধিক, নির্ভৎসন, নিন্দা, তিরস্কার , কুৎসিতার্থ বাক্য ।
ধিক্কার, ধিক, অবহেলন, তুচ্ছীকরণ, অবজ্ঞা, নিন্দা ।
ধিক্কৃত, নির্ভৎসিত, নিন্দিত, তিরস্কৃত, অবজ্ঞাত ।
ধিকক্রিয়া, নিন্দা, কুৎসা, গর্হ ।
ধিগ্বণ, বর্ণসঙ্কর জাতি বিশেষ, এক প্রকার চর্ম্মকার । [শান্ত ।
ধিমা, মৃদু, অমন্দর ; ধীর , সাবধান ,
ধিমায়, ধীরে ; মৃদুভাবে ।
ধিষণ, বৃহস্পতি, দেবগুরু ।
ধিষণা, বুদ্ধি, জ্ঞান, মতি ।
ধিষ্ণ্য, স্থান ; গৃহ ; নক্ষত্র ; অগ্নি , শক্তি ; শুক্রাচার্য্য ।
ধী, মতি, বুদ্ধি, জ্ঞান ।
ধীত, পীত, কৃতপান ।
ধীতি, পিপাসা, তৃষ্ণা ।
ধীদা, দুহিতা, কন্যা ; বুদ্ধি, মনীষা ।
ধীন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয়, মনঃ, চক্ষুঃ কর্ণ ত্বক জিহ্বা নাসিকা এই পঞ্চ ।
ধীবর, মৎস্য ধারী, কৈবর্ত্ত, জালজীবী, জালিয়া । [কৈবর্ত্তী ।
ধীবরী, ধীবর পত্নী, জালজীবির স্ত্রী,
ধীবা, ধীবর, কৈবর্ত্ত, জালজীবী ।
ধীমতী, বুদ্ধি মতী স্ত্রী ।
ধীমান্, বুদ্ধিমান্, সুবুদ্ধি , বৃহস্পতি ।
ধীর, ধৈর্য্যান্বিত, পণ্ডিত ; প্রজ্ঞ ; অচঞ্চল, সুস্থির, শান্ত ; স্থিরমনাঃ, বিনীত, শিষ্ট ।
ধীরতা, ধীরস্বভাব, শিষ্টতা, প্রজ্ঞতা ।
ধীরত্ব, ধীরতা, ধৈর্য্য, শান্ত স্বভাব ।
ধীরস্কন্ধ, মহিষ, লুলাপ ।
ধীরা, শিষ্টা, বিনীতা , মনাবস্থায মধ্যম প্রগলভা নায়িকা । [য়িকা ।
ধীরাধীরা', মনাবস্থায় প্রগলভা না-
ধীরে, ধৈর্য্যরূপে, স্থিরতা সহকারে ।
ধীলটি, দুহিতা, কন্যা ।
ধীশক্তি, বুদ্ধি সামর্থ্য, জ্ঞান শক্তি ।
ধীসখ, বুদ্ধিজীবী ; মন্ত্রী, অমাত্য ।
ধু, কম্পন, কাঁপা । [ক্ষার করণ ।
ধুওন, ধৌতকরণ, প্রক্ষালন, পরি-
ধুকন, হাঁপান, ঘনং নিশ্বাস পাতন ।
ধুত, কম্পিত ; ত্যক্ত ।
ধুতি, পুরুষের পরিধেয় বস্ত্র বিশেষ ।
ধুনখার', তুলা পরিষ্কারক যন্ত্র বিশেষ । [দানার্থ পাত্র ।
ধুনচি, তুলা পরিষ্কারক যন্ত্র ; ধুনা
ধুনন, তুলাস্ফোটন, তুলাফোড়া ।
ধুনী, নদী, তরঙ্গিণী, স্রোতস্বতী ।
ধুনীনাথ, সমুদ্র, সাগর ।
ধুক্ষ, প্রার্থর্য্য ; শ্রম ।

ধুন্ধুমার, গণ্ডগোল, কোলাহল।
ধুন্ধী, ব্যগ্র; পরিশ্রমী; প্রকাণ্ড।
ধুপী, রজক, ধোবা।
ধুবকা, ধ্রুবকা, ধুয়া।
ধুবন, অগ্নি, অনল, বহ্নি।
ধুমড়ী, বৈষ্ণবী; লম্পটী, উপস্ত্রী।
ধুমড়ীমারা, লম্পট, উপস্ত্রী পোষক।
ধুম্, গোলযোগ, উৎপাত; ঘটা, সমারোহ। [ঘটা, সমারোহ।
ধুম্ধাম, গোলযোগ, কোলাহল,
ধুম্বুল, মৃদঙ্গের শব্দ, খোল বাজান।
ধুয়া, গীতের ধ্রুবপদ, ধ্রুবকা।
ধুরন্ধর, ধুরীণ, ভারবাহক; রথ লাঙ্গলাদি বাহক।
ধুরা, ভার, বোঝা।
ধুরীণ, ভারবাহক; প্রধান, শ্রেষ্ঠ।
ধুরীয়, অনড্বান, বৃষ, ষাঁড়।
ধুর্, যানাদির অগ্রভাগ; ভার; চিন্তা।
ধুর্য্য, ধুরন্ধর, ভারবাহী; প্রধান, শ্রেষ্ঠ।
ধূক, বায়ু, ধূর্ত্ত; কাল।
ধূত, কম্পিত; ভৎর্সিত, নিন্দিত; ত্যক্ত; তর্কিত। [শেষ।
ধূনক, ধূনা, সালরস, বৃক্ষনির্য্যাস বি-
ধুনচী, ধূনা প্রজ্বালন পাত্র।
ধূনন, কম্পন, কাঁপন।
ধুনি, কম্পন, কাঁপন।
ধূপ, গন্ধদ্রব্যবিশেষ, সর্জ্জরস; রৌদ্র।
ধূপন, শালবৃক্ষ নির্য্যাস, ধুনা।
ধূপবৃক্ষ, সরল বৃক্ষ।
ধূপায়িত, ধূপদ্বারা সুগন্ধীকৃত; সন্তপ্ত, পথশ্রান্ত।
ধূপার্হ, ধূপযোগ্য; কৃষ্ণাগুরু।
ধূপিত, সন্তাপিত; পথশ্রান্ত; ধূপদ্বারা সুগন্ধীকৃত।
ধূম, আর্দ্র কাষ্ঠ সংযোগে অগ্নি হইতে নিঃসৃত পরমাণুপুঞ্জ; ধূঁয়া।
ধূমকেতন, অগ্নি, অনল; কেতুগ্রহ।
ধূমকেতু, অগ্নি; উৎপাত চিহ্ন বিশেষ; শিখাবন্ত ধূমাভ নক্ষত্র।
ধূমতাল, ধূমপুঞ্জ; স্তম্ভিত ধূম।
ধূমধ্বজ, অগ্নি, অনল, বহ্নি।
ধূমপান, তাম্বাকুর ধূমসেবন। [শেষ।
ধূমপ্রভা, ধূমান্ধকার নামে নরক বি-
ধূমমহিষী, কুজ্ঝটী, কুয়াসা।
ধূমযোনি, মেঘ; বারিদ।
ধূমল, কৃষ্ণলোহিত বর্ণ।
ধূমসংহতি, ধূমসমূহ, ধূমরাশি।
ধূমাভ, ধূম্রবর্ণ, ধূয়ার রং।
ধূমাবর্তা, মহাবিদ্যা বিশেষ।
ধূমিকা, কুজ্ঝটিকা, কুয়াসা।
ধূম্যা, ধূমসমূহ, ধূমরাশি।
ধূম্যাট, পক্ষিবিশেষ, ফিঙ্গাপাখী।
ধূম্র, কৃষ্ণরক্ত মিশ্রিত বর্ণ, কৃষ্ণলোহিত বর্ণ, বেগনি রঙ।
ধূম্রক, উষ্ট্র, উট।
ধূম্রবর্ণ, কৃষ্ণলোহিত বর্ণ যুক্ত।
ধূম্রলোচন, কপোত; শুম্ভ নিশুম্ভের সেনাপতি।
ধূম্রিকা, শিংশপা বৃক্ষ।
ধূর্জটি, মহাদেব, শিব।
ধূর্ত্ত, দ্যূতকারী; বঞ্চক, প্রতারক, শঠ, খল, লৌহের মরিচা।
ধূর্ত্তক, শৃগাল, শিয়াল।
ধূর্ত্তকৃৎ, বঞ্চনাকারক; ধুস্তুর, ধুতুর।
ধূর্ত্তজন্তু, মানুষ, মনুষ্য। [শ্রেষ্ঠ।
ধূর্ব্বর, ভারবাহী, ধুরন্ধর; প্রধান,
ধূর্ব্বী, রথাগ্রভাগ, যানমুখ।
ধূলক, বিষ, হালাহল। [রেণু।
ধূলি, ধূলী, শুষ্ক মৃত্তিকা চূর্ণ, পাংশু,
ধূলি, ধূলা, রেণু, শুষ্ক মৃত্তিকা চূর্ণ।
ধূলিকা, ধূলি, ধূলা; কুজ্ঝটিকা, কুয়াসা।
ধূলিকেদার, ক্ষেত্র, ক্ষেত।
ধূলিগুচ্ছক, ফল্গু চূর্ণ, ফাউক্।
ধূলিধ্বজ, পবন, বায়ু, বাতাস।
ধূলিপুষ্পিকা, কেতকীপুষ্প, কেয়াফুল।
ধূলীপটল, উড্ডীয়মান ধূলি সমূহ।
ধূসর, ঈষৎ পাণ্ডু বর্ণ; ধূলা প্রভৃতি;

উট ; গর্দ্দভ।
ধূসরিত, ঈষৎ পাণ্ডুবর্ণ বিশিষ্ট।
ধূসরী, কিন্নরী বিশেষ।
ধসা, গাত্র বস্ত্র বিশেষ।
ধুস্তুর, ধুতুরা গাছ।
ধৃত, ধারণ বিশিষ্ট, ধরা, স্থিত, গৃহীত।
ধৃতরাষ্ট্র, শান্তনুপুত্র, কুরু বংশজাত রাজা বিশেষ।
ধৃতরাষ্ট্রী, হংসী ; হংসপত্নী।
ধৃতি, ধৈর্য্য ; মনঃস্থৈর্য্য, ধারণ, যোগ বিশেষ। [র্য্যাবলম্বী।
ধৃতিমান্, স্থির চিত্ত, স্থির মনাঃ, ধৈ-
ধৃস্বন, ধর্ম্ম ; বিপ্র ; সমুদ্র ; আকাশ, মেধাবী ; বিষ্ণু।
ধৃষু, দক্ষ ; সংঘাত ; প্রগল্ভ।
ধৃষ্ট, নির্লজ্জ ; প্রগল্ভ। [চারিণী।
ধৃষ্টা, প্রগল্ভা, অসতী, ভ্রষ্ট, ব্যভি-
ধৃষ্ণক্, নির্লজ্জ ; প্রগল্ভ।
ধৃষ্ণি, কিরণ, রশ্মি, দীপ্তি।
ধৃষ্ণু, প্রগল্ভ, নির্লজ্জ।
ধেঁড়ি, স্ত্রী লোকের কর্ণালঙ্কার বিশেষ।
ধেড়িয়া, জলমার্জ্জার, উদ্বিড়াল।
ধেন, সমুদ্র ; নদ।
ধেনা, নদী, স্রোতস্বতী।
ধেনিকা, ধন্যাক, ধন্যা।
ধেনু, সবৎসা গো ; নবপ্রসূতা গাভী।
ধেনুক, অসুর বিশেষ।
ধেনুকসূদন, শ্রীকৃষ্ণ, নারায়ণ।
ধেনুকা, হস্তিনী ; গাভী।
ধেয়ান-ধ্যান, চিন্তন, ভাবনা।
ধৈনুক, ধেনু সমূহ, বহু গাভী।
ধৈবত, সপ্ত স্বরান্তর্গত ষষ্ঠ স্বর, অশ্ব রবের তুল্য স্বর। [সহিষ্ণুতা।
ধৈর্য্য, স্থিরতা ; অচাঞ্চল্য ; ক্ষমা ;
ধৈর্য্যবৃত্তি, ধীর ; ধৈর্য্যশীল।
ধৈর্য্যশালী, স্থিরতাবিশিষ্ট, ধীর, শান্ত।
ধোওন, ধৌত করণ, প্রক্ষালন।
ধোঁকন, ভ্রান্তি প্রকাশ করণ ; সন্দেহ প্রকাশন ; ভ্রম ; সংশয়।
ধোঁকা, ভ্রম ; সংশয়, সন্দেহ।
ধোড়, সর্প বিশেষ, ধোড়া সাপ।
ধোপ, ক্ষালিত ; শুভ্র ; বস্ত্র মলাপহরণ।
ধোপা, রজক, বস্ত্র ক্ষালক।
ধোপান, ক্ষালিত, ধৌত।
ধোপানী, রজকী, রজক স্ত্রী।
ধোপাল, কাচাল, ধৌত, ক্ষালিত।
ধোয়া, ধৌতকরা, পরিষ্কৃত, প্রক্ষালিত। [মৃত্তিকা।
ধোয়াট, নদ্যাগত মৃত্তিকা ; ধৌত
ধোয়ানি, ধৌত করণার্থ ; ধৌত করা জল ; মল, শিটা।
ধোরণ, সর্ব্ববাহন, হস্তি অশ্ব রথ দোলাদি ; অশ্বের প্রথম গতি।
ধোসা, গাত্র বস্ত্র বিশেষ।
ধৌত, প্রক্ষালিত, পরিষ্কৃত, ধোয়া।
ধৌতকট, সূত্র রচিত ভাণ্ড, ভাণ্ড বিশেষ, ধোকড়া ভাঁড়।
ধৌতশিল, স্ফটিক ; স্ফটিকময়।
ধৌমক, দেশ বিশেষ।
ধ্মাকার, লৌহকার, লোহার।
ধ্মাঙ্ক্ষ, কাক, মৎস্য ভক্ষক পক্ষী ; তক্ষকনাগ ; ভিক্ষুক।
ধ্মাঙ্ক্ষপুষ্ট, কোকিল ; পিক।
ধ্মাঙ্ক্ষারাতি, পেচক, পেঁচা।
ধ্মাযন, পরিমাণ ; আলোক ; ধ্যান।
ধ্যাত, চিন্তিত, ভাবিত।
ধ্যাতা, চিন্তক, চিন্তাকারী।
ধ্যান, চিন্তন, ভাবন ; যোগ।
ধ্যানযোগ, ব্রহ্মচিন্তা, ঈশ্বরে মনোনিবেশ ; মনেং ভাবনা।
ধ্যানী, ধ্যানকারী, ধ্যানবান্, যোগী।
ধ্যামন্, পরিণাম, ; চিন্তা, ভাবনা।
ধ্যেয়, চিন্তনীয়, ধ্যাতব্য।
ধ্রাজি, বাতালি, ঘূরণ বাতাস।
ধ্রাড়ি, পুষ্পচয়, পুষ্প সমূহ।
ধ্রুব, নিশ্চিত ; আকাশ ; নিত্য, শাশ্বত ; বিষ্ণু ; শিব ; বসু বিশেষ ; যোগ বিশেষ ; গণ বিশেষ ; নক্ষত্র

বিশেষ; গানের পুনর্ব্বার অবলম্বন পদ, ধুয়া। [রণ পদ।
ধ্রুবকা, ধ্রুবপদ, ধুয়া, গানের অবধা-
ধ্রুবলোক, স্বর্গ বিশেষ।
ধ্রুবা, সাধ্বী স্ত্রী, গীত বিশেষ, ধুয়া।
ধ্বংস, নাশ, ভ্রংশ, হনন।
ধ্বংসক, নাশকর্ত্তা, বিনাশক, হিংসক।
ধ্বংসন, বিনাশন, নষ্ট করণ।
ধ্বজ, পতাকা, ধ্বজা; পুরুষ চিহ্ন; তপস্বির হস্ত ধৃত শূলী।
ধ্বজদ্রুম, তালবৃক্ষ।
ধ্বজপ্রহরণ, বায়ু, বাত, অনিল।
ধ্বজবান্, পতাকাধারী।
ধ্বজভঙ্গ, ক্লীবত্বজনক রোগ বিশেষ, পুরুষত্ব হীন।
ধ্বজা, পতাকা, কেতু, নিশান।
ধ্বজিনী, সৈন্য; উন্নত চিহ্ন বৃক্ষাদি।
ধ্বজী, ব্রাহ্মণ, পর্ব্বত, রথ; সর্প; ঘোটক; ময়ূর; নৌকাবাহন দণ্ড বিশেষ, লগী।
ধ্বজোত্থান, শক্রোত্থান, ইন্দ্রোৎসব।
ধ্বন, ধ্বনি, শব্দ, রব।
ধ্বনমোদী, ভ্রমর, অলি, ষটপদ।
ধ্বনিগ্রহ, শ্রোত্র, কর্ণ; শব্দজ্ঞান।
ধ্বনিত, শব্দিত; কৃতশব্দ।
ধ্বনিনালা, বীণা, বেণু। [বিকৃতি।
ধ্বনিবিকার, শোক ভয়াদি দ্বারা শব্দ
ধ্বস্ত, হত; নষ্ট; ভ্রষ্ট, চ্যুত।
ধ্বান, শব্দ, ধ্বনি।
ধ্বান্ত, অন্ধকার, তমঃ।
ধ্বান্তবিত্ত, খদ্যোত, জোনাকিপোকা।
ধ্বান্তারি, সূর্য্য, ভানু; চন্দ্র। [পোকা।
ধ্বান্তোন্মেষ, খদ্যোত, জোনাকি

ন

ন, তবর্গের প্রথম অক্ষর, ব্যঞ্জনের বিংশ বর্ণ; নহে; নিষেধ।
নংশুক, নাশক, বিনাশকর্ত্তা।
নংষ্টা, নাশাশ্রয়, নাশশীল, নশ্বর।
নঃক্ষুদ্র, ক্ষুদ্রনাসিক, যাহার নাসিকা অতিক্ষুদ্র।
নকার, অস্বীকার, না বলা; ন বর্ণমাত্র।
নকী, পিত্তল নির্ম্মিত পাত্র বিশেষ, বহু গুণা, বৌখনা।
নকুট, নাসিকা, নাসা, নাক।
নকুল, জন্তু বিশেষ, নেউল, বেজী।
নকুলী, নকুল ভার্য্যা; কুক্কুটী; কুঙ্কুম।
নকুলীশ, ভৈরববিশেষ।
নক্ত, রাত্রি, নিশা, রজনী, যামিনী।
নক্তক, কর্পট, কাপড়; ছিন্নবস্ত্র, ন্যাকড়া। [পেঁচা
নক্তচারী, রাত্রিচর; বিড়াল, পেচক,
নক্তঞ্চর, রাক্ষস; চোর; পেচক।
নক্তব্রত, দিবা ভোজন না করিয়া রাত্রি ভোজন।
নক্তমাল, করঞ্জ বৃক্ষ, করমচা।
নক্তমুখা, রাত্রি, রজনী, নিশা।
নক্তা, কলিকারী বৃক্ষ, ঈশলাঙ্গলা, বিষলাঙ্গলা।
নক্র, কুম্ভীর, কুমীর; ঝাঁপকাঠ; নাসিকা। [হাঙ্গর।
নক্ররাজ, জলজন্তু বিশেষ, গ্রাহ,
নক্রা, নাসিকা, নাসা, নাক।
নখ, নখর, অঙ্গুলী কণ্টক, কররুহ।
নখকুট্ট, নাপিত, ক্ষৌরকারী।
নখনা, কুক্কুটের নখ।
নখবৃক্ষ, নীলবৃক্ষ, নীলগাছ।
নখর, নখ, অঙ্গুলী কণ্টক।
নখরঞ্জনী, নখ চ্ছেদনাস্ত্র, নরুণ।
নখরায়ুধ, সিংহ; ব্যাঘ্র; কুক্কুট।
নখরাহ্ব, করবীর বৃক্ষ।
নখশঙ্খ, ক্ষুদ্রশঙ্খ, ছোটশাক।
নখশূল, অঙ্গুলির রোগ বিশেষ, নখকুনি। [সিংহ; কুক্কুট।
নখায়ুধ, তীক্ষ্ণ নখবিশিষ্ট জন্তু, ব্যাঘ্র;
নখালি, নখ শ্রেণী; ক্ষুদ্রশঙ্খ।
নখাশী, পেচক, পেঁচা, নখ ভক্ষক জীব।

নখী, বিদারণ ক্ষম নখ বিশিষ্ট পশু; গন্ধদ্রব্য বিশেষ।
নগ, বৃক্ষ; পর্ব্বত; অচল।
নগজ, হস্তী, করী; পর্ব্বতজাত জন্তু।
নগজা, দুর্গা, পার্ব্বতী; ক্ষুদ্র প্রস্তর বিশেষ।
নগণা, লতাবিশেষ, নয়াফট্‌কী। [হেয়।
নগণ্য, অগণনীয়; তুচ্ছ, অবজ্ঞেয়,
নগনন্দিনী, পার্ব্বতী, দুর্গা, ভবানী।
নগপতি, হিমালয় পর্ব্বত; চন্দ্র।
নগভিৎ, পাষাণ ভেদক; ইন্দ্র; বজ্র।
নগভূ, ক্ষুদ্র পাষাণ বিশেষ, ছোট পাতর; পর্ব্বতোৎপন্ন।
নগর, বহু প্রাসাদময় ও বহু জনাকীর্ণ স্থান, শহর।
নগরঘাত, হস্তী, গজ, হাতী।
নগরপাল, কোটাল, নগর রক্ষক।
নগরবাসী, নগরস্থ, নগরীয়।
নগরী, বহু প্রাসাদময় পুরী, শহর।
নগরীয়, নগরনিবাসী, নগরস্থ, নাগর্য্য, নগরোৎপন্ন।
নগরীবক, কাক, বায়স।
নগরোত্থা, নগরমুস্তা, নাগরমুতা।
নগরৌষধি, কদলী, রম্ভা, কলা।
নগাটন, বানর, কপি, মর্কট, শাখামৃগ। [পর্ব্বত।
নগাধিপ, পর্ব্বত শ্রেষ্ঠ, হিমালয়
নগাশ্রয়, পর্ব্বতবাসী, লতাবিশেষ।
নগী, নৌকাচালন দণ্ড, ধ্বজী।
নগৌকা, পর্ব্বতবাসী; পক্ষী; সিংহ, কেশরী; বায়স, কাক।
নগ্‌গি, মূত্র, প্রস্রাব।
নগ্ন, বিবস্ত্র, নেঙ্গটা, দিগম্বর, সন্ন্যাসী বিশেষ।
নগ্নক, প্রতিভূ, জামীন।
নগ্না, নগ্নিকা, বিবস্ত্রা নারী।
নগ্নাট, বিবস্ত্র, নগ্ন, দিগম্বর। [বস্ত্রা।
নগ্নিকা, অপ্রাপ্ত রজস্কা কুমারী; বি-
নচেৎ, যদি না হয়; নতুবা।
নট, নর্ত্তক, শৈলূষ, নেটুয়া; ঘনীভূত; হিংসা; বৃক্ষ বিশেষ।
নটন, নৃত্য, নর্ত্তন, নাচকরা।
নটনারায়ণ, রাগবিশেষ।
নটবর, শ্রেষ্ঠ নর্ত্তক; লম্পট, চতুর।
নটভূষণ, হরিতাল।
নটমণ্ডল, হরিতাল।
নটসংজ্ঞক, নর্ত্তক; গোদন্তী হরিতাল।
নটান্তিকা, লজ্জা, ত্রপা।
নটিয়া, নর্ত্তক, ভণ্ড; শাকবিশেষ।
নটী, নর্ত্তকী; নটপত্নী; বেশ্যা।
নটেশ্বর, মহাদেব, শিব।
নট্যালয়, বেশ্যালয়, গণিকা গৃহ।
নড, নল, তৃণবিশেষ; জাতিবিশেষ।
নডকীয়, নলময় দেশ, তৃণময় স্থান।
নডন, স্থানান্তরে চলন; দোলন, কম্পন, হেলন।
নডভ, কান্ত, ললিত, মনোহর।
নড়ী, যষ্টি, লাঠী, লকুট।
নড়্বল, নলযুক্ত দেশ।
নপ্তৃ, পৌত্র, দৌহিত্র, নাতি।
নত, বক্রীভূত; নম্র, নোয়া।
নতনাসিক, অল্পনাসিকা যুক্ত, খাঁদা।
নতা, ছল, ব্যাজ, ওজোর।
নতাঙ্গী, নারী, কামিনী।
নতি, নমস্কার, প্রণাম; নম্রতা।
নতু, নহি, নিষেধ, অভাব।
নতুবা, নচেৎ, যদি না হয়; অথবা।
নথ, নাসিকাভরণ বিশেষ।
নদ, পুংবাচক শাতাবচ্ছিন্ন জল প্রবাহ, জলাশয়, স্রোতোজল।
নদনু, মেঘ; সিংহ।
নদী, স্রোতস্বতী, সরিৎ, ধুনী।
নদীকদম্ব, নদীসমূহ।
নদীকান্ত, সমুদ্র; হিজ্জল বৃক্ষ, হিজল গাছ।
নদীকান্তা, জম্বুবৃক্ষ, জামগাছ।
নদীকূল, নদীর উভয় পার্শ্ব।
নদীজ, অর্জুনবৃক্ষ; নদীজাত।

নদীতরস্থান, ঘট্ট, ঘাট।
নদীন, সমুদ্র ; বরুণ।
নদীবঙ্ক, বঙ্কুর, বাঁক্।
নদীমাতৃক, নদীজলে পালিত দেশ।
নদ্ধ, বদ্ধ, বাঁধা; উদ্ধৃত্ত।
নদ্ধ্রী, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ী।
নন, না, নয়।
ননদ, ননন্দা, পতির ভগিনী।
ননন্দা, ভর্ত্তৃ ভগিনা, ননদ।
ননী, নবনীত, মাখন।
ননু, প্রশ্ন, পৃচ্ছ ; আমন্ত্রণ, সম্বোধন
ননুচ, বিরোধোক্তি।
নন্দ, বিষ্ণু ; শ্রীকৃষ্ণের পালক পিতা ; আনন্দ, হর্ষ।
নন্দক, বিষ্ণুখড়্গ ; হর্ষক ; কুলপালক ; শ্রীকৃষ্ণের পালক পিতা ; আনন্দ।
নন্দকি, পিপ্পলী, পিঁপুল।
নন্দকী, বিষ্ণু, নারায়ণ।
নন্দঘোষ, শ্রীকৃষ্ণের পালক পিতা
নন্দথু, হর্ষ, আহ্লাদ, আনন্দ।
নন্দন, পুত্র ; ইন্দ্রের উপবন ; হর্ষজনক।
নন্দনজ, হরিচন্দন ; হর্ষজাত।
নন্দনন্দন, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
নন্দনন্দিনী, দুর্গা, ভগবতী।
নন্দনা, দুহিতা, কন্যা।
নন্দন্ত, পুত্র ; রাজা ; মিত্র।
নন্দপাল, বরুণ, জলাধিপতি।
নন্দপুত্রী, পার্ব্বতী, দুর্গা।
নন্দয়ন্ত, আনন্দজনক, হর্ষকারক।
নন্দা, অলিঞ্জর, জালা ; নাদা ; তিথি বিশেষ ; সম্পত্তি ; পার্ব্বতী।
নন্দাত্মজ, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
নন্দি, হর্ষ, আনন্দ, আহ্লাদ।
নন্দিক, বৃক্ষবিশেষ ; আনন্দ ; আহ্লাদ। [তিথি ; আনন্দ।
নন্দিকা, ইন্দ্রের ক্রীড়া স্থান ; ষষ্ঠী
নন্দিকেশ্বর, শিব দ্বারপাল, নন্দী।
নন্দিঘোষ, অর্জুন রথ; মঙ্গলঘোষণা।
নন্দিনী, কন্যা, পুত্রী ; উমা ; গঙ্গা, বশিষ্ঠ ধেনু, রেণুকা।
নন্দিনীতনয়, ব্যাড়িমুনি, এক জন অভিধান কারক। [হ্লাদ জনক।
নন্দিবর্দ্ধন, শিব ; পুত্র ; মিত্র ; আ-
নন্দী, শিবের অনুচর ; বৃক্ষবিশেষ।
নন্দীমুখী, তন্দ্রা।
নন্দীশ্বর, মহাদেব, শিব। [রিণী।
নন্দীসরঃ, ইন্দ্র সরোবর, ইন্দ্রের পুষ্ক-
নপুংসক, ক্লীব, ছিন্নমুষ্ক, হিজড়া।
নপ্তৃ, পুত্র বা কন্যার পুত্র, নাতি, পৌত্র, দৌহিত্র।
নপ্ত্রী, পৌত্রী ; দৌহিত্রী ; নাতিনী।
নব, নূতন, আধুনিক ; সংখ্যাবিশেষ, একোন দশ, ৯ নয়, স্তব।
নবনায়িকা, নববধূ, নবোঢ়, নূতন বিবাহিতা স্ত্রী।
নবকালিকা, নবীন, নূতন।
নবগ্রহ, সূর্য্যাদি ৯ গ্রহ।
নবচ্ছাত্র, প্রথম অধ্যয়নে প্রবৃত্ত, নবীন বিদ্যার্থী, নূতন পড়ুয়া।
নবতি, সংখ্যা বিশেষ, ৯০ নব্বই।
নবতিকা, তুলিকা, তুলী।
নবতী, নব্বই, ৯০ সংখ্যা।
নবদণ্ড, রাজচ্ছত্র বিশেষ।
নবদল, নূতন পত্র, নবীন পত্র; পদ্মের কেশর সমীপস্থ পত্র।
নবদীধিতি, মঙ্গলগ্রহ ; নূতন কিরণ।
নবদুর্গা, নবপত্রিকা ; ভগবতী।
নবদোলা, চতুর্দ্দোলা ; নূতন শিবিকা, নূতন ডুলী।
নবদ্বার, নব ছিদ্র ; নয় রন্ধ্র।
নবধা, নব প্রকার, নয় বার।
নবনত্তা, প্রসব দিবসাবধি নবম দিবস।
নবনী, নবনীত, ননী, মাখন।
নবনীতক, ঘৃত, হবি; আজ্য। [ণ্ডিত।
নবপাঠক, নূতন পাঠকর্ত্তা ; নব্য প-
নবপ্রসূতা, যে স্ত্রী নূতন প্রসব করিয়াছে, অচির প্রসূতা।

নবকালিকা, নব্য; যে স্ত্রীর নূতন রজোযোগ হইয়াছে।
নববধূ, নূতন বিবাহিতা স্ত্রী, নবোঢ়া, অচির বিবাহিতা।
নববরিকা, নবীনা ভার্য্যা, নূতন বিবাহিতা স্ত্রী। [বৃক্ষ বিশেষ।
নববল্লভ, নবীনকান্ত, নূতন প্রিয়;
নববস্ত্র, নবীন বসন, নূতন কাপড়।
নবম, নব সংখ্যার পূরণ, নয়শ্রী।
নবমালিক, নবমল্লিকা পুষ্প, নেয়ালি অথবা নেয়ার ফুল।
নবমী, তিথি বিশেষ, চন্দ্রের নবম কলার ক্রিয়া কাল।
নবযৌবন, অচির প্রাপ্ত যৌবন; নবীন যৌবন।
নবযৌবনা, যুবতী, তরুণী।
নবরঙ্গকুল, প্রধান কুল, নবধা মেল বন্ধ কুল।
নবরত্ন, মুক্তাদি নবপ্রকার মণি; বিক্রমাদিত্য রাজসভাস্থ নব পণ্ডিত।
নবরাত্র, আশ্বিন মাসের শুক্ল প্রতিপদাদি নবমী পর্য্যন্ত নবদিন কর্ত্তব্য ব্রত বিশেষ।
নবরাত্রিক, নব দিন কর্ত্তব্য ব্রত।
নবশাক, নয় প্রকার বর্ণসঙ্কর জাতিবিশেষ। [বিশেষ, নব শাক।
নবশায়ক, নবপ্রকার গোপাদি জাতি
নবসূতিকা, ধেনু; নূতন প্রসবা গো; অচির প্রসূতা।
নবাঙ্গা, কর্কট শৃঙ্গী, কাঁকড়ার দাড়া; পাচন বিশেষ।
নবাম্বার, নূতন বস্ত্র, নূতন কাপড়।
নবান্ন, নূতন ধান্যাদি, নূতনান্ন।
নবার্চ্চি, মঙ্গল গ্রহ; নূতন শিখা।
নবাহ, নব দিবস, নয় দিন।
নবিকা, নবশব্দ যুক্তা।
নবীন, নব্য, নূতন, আধুনিক।
নবোঢ়া, নূতন বিবাহিতা স্ত্রী।
নবোদ্ধৃত, নবনীত, ননী, মাখন।

নব্বই, নবতি, ৯০ সংখ্যা।
নব্য, নূতন, নবীন।
নভঃ, আকাশ, গগণ; শ্রাবণ মাস।
নভঃক্রান্তী, সিংহ, মৃগেন্দ্র।
নভঃপ্রাণ, পবন, বায়ু, বাতাস।
নভঃসৎ, দেবতা, অমর।
নভঃসরিৎ, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
নভঃস্থিত, নরকবিশেষ; আকাশস্থিত।
নভশ্চমস, চন্দ্র; নিশাকর, ইন্দ্রজাল।
নভশ্চর, পক্ষী; বিদ্যাধর; মেঘ; বায়ু
নভশ্চক্ষু, সূর্য্য, রবি।
নভস, আকাশ, গগণ।
নভসঙ্গম, পক্ষী, বিহগ
নভস্, শ্রাবণ মাস; অন্তরীক্ষ, আকাশ; মেঘ; বর্ষা।
নভস্য, ভাদ্রমাস।
নভস্বান্, বায়ু, অনিল, বাতাস।
নভাক, তমঃ, অন্ধকার।
নভোগজ, মেঘ, বারিদ, ঘন।
নভোগতি, আকাশ গমন।
নভোদ্বীপ, মেঘ, অভ্র।
নভোনদী, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
নভোমণি, সূর্য্য, ভানু, দিবাকর।
নভোম্বুপ, চাতকপক্ষী।
নভোরজস্, অন্ধকার, তমঃ, তিমির।
নভোরেণু, কুজ্ঝটিকা, কুয়াসা।
নভোলয়, ধূম, ধুঁয়া।
নভ্রাজ, মেঘ, জলধর।
নমঃ, প্রণাম, নমস্কার।
নমত, প্রভু; ধূম; নট।
নমন, অধোগমন, ঝোঁকন, বিনীত হওন; নমস্কার করণ।
নমস, অনুকূল, সহায়।
নমসিত, পূজিত, অর্চ্চিত; নমস্কৃত।
নমস্, নতি, প্রণাম, নমস্কার।
নমস্কার, প্রণাম, নতি করণ; করশিরঃ সংযোগ।
নমস্য, পূজ্য, নমস্কার যোগ্য; প্রণম্য।
নমস্যা, পূজ্যা, পূজনীয়া।

নমস্যিত, পূজিত, অর্চিত; বন্দিত।
নমিত, জাতনমস্কার; প্রহ্বীভূত, নত।
নমুচি, কামদেব, মদন, কন্দর্প; দৈত্য বিশেষ।
নমুচিদ্বিট্, দেবরাজ, ইন্দ্র, শক্র।
নমুচিসূদন, ইন্দ্র, দেবরাজ।
নমেরু, রুদ্রাক্ষ, মাল। বিশেষ।
নমোশূদ্র, চণ্ডাল, অন্ত্যাবশায়ী
নম্য, বর্ক্র ভূত, নম্র, নোয়া।
নম্র, প্রহ্বীভূত, কৃতপ্রণাম; বিনীত, নত, বর্ক্রীভূত।
নম্রতা, মৃদুতা, বিনীত ভাব।
নয়, দ্যূত বিশেষ, ন্যায্য; নীতি, নিষেধ, নব সংখ্যা।
নয়ন, চক্ষুঃ, অক্ষি; প্রাপণ; প্রাপ্তি।
নয়নোৎসব, চক্ষুর প্রীত; প্রদীপ, দীপ। [কটাক্ষ
নয়নোপান্ত, অপাঙ্গ, চক্ষুর প্রান্ত,
নয়বিশারদ, নীতিশাস্ত্রজ্ঞ, নীতিবেত্তা।
নয়, নূতন, নবীন; আধুনিক।
নর, মানব, মনুষ্য, মানুষ, পুংজাতি; র মকর্পূর নামে তৃণ বিশেষ।
নরক, কষ্টজনক স্থান, পাপভোগ স্থল, নিরয়, দৈত্য বিশেষ।
নরককুণ্ড, যাতনা ভোগ স্থান, ক্লেশকর গর্ত্ত, পাপিদিগের বাস স্থান।
নরকজিৎ, বিষ্ণু নারায়ণ, শ্রীকৃষ্ণ।
নরকদেবতা, নিরয় দেবী, অলক্ষ্মী।
নরকস্থা, বৈতরণী নদী, কষ্টজনক স্থানে অবস্থিত।
নরকান্তক, বিষ্ণু, শ্রীকৃষ্ণ। [রোগ।
নরকাময়, প্রেত, পিশাচ; নিরয়ের
নরকী, নরকভোগী; পামর। [কারী।
নরকীলক, গুরুঘ্ন, গুরুহা, গুরু হত্যা-
নরগ্রাম, নবনক্ষত্র বিশেষ।
নরঙ্গ, বরণ্ডক, নারাঙ্গালেবু; উপস্থ।
নরদেব, রাজা, নৃপতি; ব্রাহ্মণ, বিপ্র।
নরনারায়ণ, দুই জন ঋষি বিশেষ, শ্রীকৃষ্ণার্জ্জুন।
নরপতি, রাজা; নৃপতি, নরেন্দ্র।
নরপ্রিয়, মনুষ্যের প্রিয়বস্তু, নীলবৃক্ষ।
নরবাহন, কুবের, যক্ষরাজ।
নরবিষ্বণ, রাক্ষস, নিশাচর। [পত্তি।
নরভূ, ভারতবর্ষ; মানবগণের উৎ-
নরমা, শীতল, স্নিগ্ধ, আদ্র
নরমান, কোমল করণ; আর্দ্রীকরণ ভিজান। [মালা।
নরমাল, মনুষ্যের মুণ্ডে নির্ম্মিত-
নরমী, কোমলত্ব; মৃদুভাব, শীতলত্ব।
নরমেধ, যজ্ঞবিশেষ; যে যজ্ঞে মনুষ্য বধ করিয়া আহুতি দেয়।
নরলোক, মর্ত্ত্যলোক, পৃথিবী।
নরসিংহ, নৃসিংহ অবতার, বিষ্ণু নরশ্রেষ্ঠ।
নরসুন্দর, নাপিত, ক্ষৌরকর্ম্মকারী।
নরহরি, নৃসিংহাবতার, বিষ্ণু।
নরাঙ্কিত, পর সম্বন্ধ সিদ্ধ, হঠাৎ নিশ্চিত, মনুষ্য চিহ্ন।
নরাধিপ, রাজা, নৃপতি।
নরান্তক, রাক্ষস, কৌণপ।
নরায়ণ, শ্রীকৃষ্ণ, বিষ্ণু, নারায়ণ।
নরী, নারী, স্ত্রী।
নরুণ, নখরঞ্জনী, নখ চ্ছেদনাস্ত্র।
নরেন্দ্র, নরেশ্বর, বহু দেশাধিপতি, রাজা, বিষবৈদ্য।
নর্কুটক, নাসিকা, নাসা, নাক।
নর্ত্তক, নৃত্যকারী; নট, চারণ।
নর্ত্তকী, নৃত্যকারিণী, নটী।
নর্ত্তন, নৃত্য, নাচ; অঙ্গ ভঙ্গি।
নর্দ্দটক, ছন্দোবিশেষ। [গর্ত্ত।
নর্দ্দমা, পয়নালা প্রণালী; ক্লেদাধার,
নর্ম্ম, কৌতুক, লীলা, ক্রীড়া।
নর্ম্মকীল, কান্ত, পতি, স্বামী।
নর্ম্মট, সূর্য্য, দিবাকর; খর্পর, খাপরা।
নর্ম্মঠ, কৌতুকরত; লম্পট; কামুক,

উপপতি, স্তনাগ্র।
নর্ম্মদা, নদীবিশেষ।
নল, তৃণ বিশেষ; পঙ্ক, নৈষধরাজ।
নলক, অস্থি বিশেষ, নাসিকাভরণ বিশেষ।
নলকিনী, জঙ্ঘা, জানু, হাঁটু
নলকীল, জানু, জঙ্ঘা, হাঁটু
নলকূবর, কুবের পুত্র।
নলদ, পুষ্পরস, মকরন্দ, উশীর, খীরণমূল, বেণার মূল, খসখসে।
নলদম্বু, নিম্ববৃক্ষ, নিমগাছ
নলদ, জটামাংসী।
নলপট্টিকা, তলাচী, চাঁচ, দরম
নলাঙ্গ, নল, ভুজাস্ত, নলী।
নলিকা, নাড়ী, নলী, নির, সুগন্ধি দ্রব্য বিশেষ।
নলিত, শাক বিশেষ, নালিত শাক।
নলিন, পদ্ম, জল, মানস পক্ষী, কৃষ্ণপাক ফল, পেনেলা।
নলিনী, পদ্ম, পদ্ম লতা পদ্মিনী, পদ্ম যুক্ত দেশ।
নলিনীরুহ, মৃণাল, পদ্মের ডাট।
নলিনেশয, বিষ্ণু, শ্রীকৃষ্ণ
নলিয়াধনু, নলযুক্ত ধনুক বিশেষ।
নলিষ, ব্যাধ, নিষাদ, পাখিমার।
নলী, চোঙ্গা।
নল্বন, চমকন, উজ্জ্বলন, ঝকঝকন।
নল্ব, চতুঃশত হস্ত পরিমিত দেশ, চারি শত হস্ত মিত স্থান।
নশ্যৎপ্রসূতিকা, মৃত বৎসা, মড়াঞ্চে
নশ্বর, নাশ্য, ধ্বংস যোগ্য, অস্থায়ী, অনিত্য। [চিত, ভ্রষ্ট, দষ্ট, শঠ।
নষ্ট, ধ্বস্ত, পলায়িত, মৃত, অপ-
নষ্টচন্দ্র, ভাদ্রমাসীয় উভয় পক্ষের চতুর্থীতে উদিত চন্দ্র
নষ্টচেতাঃ, মূঢ়, ভ্রষ্টচিত্ত; মুগ্ধ।
নষ্টচেষ্টতা, শোকাদি দ্বারা শরীরের স্পন্দ নাশ; চেষ্টা শূন্যত্ব।
নষ্টত্ব, ভ্রষ্টতা, দুষ্টতা, শঠতা।
নষ্টা, ভ্রষ্টা, দুষ্টা, ব্যভিচারিণী, কুলটা। [ঠেঁটামি।
নষ্টামি, ভ্রষ্টতা, শঠতা, দুষ্টতা,
নষ্টেন্দুকলা কুহূ, অমাবস্যা।
নস, নাসিকা, নাক, ঘ্রাণেন্দ্রিয়
নস্ত, নাসিকা, নাক; নস্য।
নস্তিত, নাসানিহিত রজ্জু বলীবর্দ্দ, নাক ফোড়া বলদ। নাস
নস্য, নাসিকাতে দেয় তাম্রকূট চূর্ণ
নস্য, নাসিক, নাক।
নহি, নিষেধ, অভাব [বিশেষ।
নহুষ, চন্দ্রবংশীয় রাজা বিশেষ, সর্প
নহুষ রাজ, যযাতি রাজা।
নক্ষত্র, তারা, তারক, অশ্বিন্যাদি ২৭।
নক্ষত্রনেমি, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
নক্ষত্রপ, নক্ষত্র পতি, চন্দ্র
নক্ষত্রমালা, নক্ষত্র সমূহ, সপ্তবিংশতি নক্ষত্র চক্র।
নক্ষত্রলোক, তারামণ্ডল, আকাশ
নক্ষত্রেশ, চন্দ্র, কর্পূর।
না, নহি, অভাব, নিষেধ, নৌকা।
নাই অভাব, নিষেধ, নাভি, নাপিত। [দাঁড়ী।
নাইয়, রজক, নাবিক, নৌকাবাহী,
নাওন, স্নানকরণ, অবগাহন।
নাগ, উপপতি, জার। [ভ্রষ্টা।
নাগচূর্ণী, পরপুরুষাভিলাষিণী, জারা,
নাগরী, উপপতি বিশিষ্টা স্ত্রী, ভ্রষ্টা
নাক, নাসিকা, স্বর্গ, আকাশ
নাকড়া, নাসিকার রোগ বিশেষ
নাকনাথ, ইন্দ্র, দেবরাজ
নাকনায়ক, ইন্দ্র, দেবরাজ।
নাকি, সন্দেহার্থ, জিজ্ঞাসার্থ, নাসিকা দ্বারা উচ্চারিত।
নাকী, খনা, দেবতা। [বিশেষ।
নাকু, বল্মীক, উই, পর্ব্বত, মুনি
নাকুরা, উন্নত নাসিকা যুক্ত।
নাগ, রঙ্গ, রাং, সীসক, সীসা, করণ বিশেষ, সর্প, হস্তী, নাগকেশর পুষ্প।

নাগকিঞ্জল, নাগকেশর পুষ্প।
নাগকুমারিকা, গুড়ুচী; গুলঞ্চ; মঞ্জিষ্ঠা।
নাগকূপ, আগ্নেয়জল, জ্বালামুখী।
নাগগর্ভ, সিন্দূর।
নাগদন্ত, গজদন্ত, হাতির দাঁত; গৃহের মধ্যবর্ত্তি ভিত্তিস্থ দাণ্ডা।
নাগদন্তক, গৃহের ভিত্তিতে প্রোথিত দাণ্ডা, তাক।
নাগদন্তিকা, বৃশ্চিকা লতা, বিছুটী।
নাগদন্তী, বেশ্যা, হাতিশুণ্ডা লতা।
নাগপাশ, অস্ত্র বিশেষ।
নাগপুষ্প, পুন্নাগ বৃক্ষ; নাগকেশর; চম্পক, চাঁপা।
নাগফল, পটোল।
নাগবন্ধু, অশ্বত্থবৃক্ষ।
নাগবল, ভীমসেন, হস্তিতুল্য বলবান্।
নাগবলা, গোরক্ষ চাউলিয়া, গুলশকরী।
নাগবল্লী, তাম্বলী লতা, পানের গাছ।
নাগবারিক, গরুড়, বৈনতেয়।
নাগমল্ল, ঐরাবত হস্তী।
নাগমাতা, মনসাদেবী, বিষহরী।
নাগযষ্টি, পুষ্করিণী মধ্যে প্রোথিত কাষ্ঠবিশেষ, রইকাঠ।
নাগর, নগর সম্বন্ধীয়, নগর জাত; বিদগ্ধ; লম্পট, চতুর।
নাগরক্ত, সিন্দূর, সিঁদূর; নাগর শোণিত।
নাগরঘন, নাগরমুস্তা, নাগরমুতা।
নাগরঙ্গ, বৃক্ষ বিশেষ, নারঙ্গী নেবু।
নাগরদোলা, দোলনা বিশেষ।
নাগরাজ, শেষ, অনন্ত।
নাগরালি, বিদগ্ধতা, লম্পটতা; চতুরতা।
নাগরাহ্ব, শুণ্ঠী, শুঁঠ।
নাগরী, স্নুহীবৃক্ষ, সিজের গাছ; নাগর পত্নী; অক্ষর বিশেষ।
নাগরেণু, সিন্দূর, সিঁদূর।
নাগরেয়ক, নগর সম্বন্ধীয়।
নাগলোক, পাতাল, রসাতল।
নাগসম্ভব, সিন্দূর, সিঁদূর।
নাগা, নিকটস্থ; উদাসীন, সন্ন্যাসী।
নাগাঙ্গনা, হস্তিনী।
নাগাধিপ, অনন্ত; শেষ, বাসুকি।
নাগান্তক, গরুড়, খগেন্দ্র।
নাগাহ্ব, হস্তিনাপুর, দিল্লী।
নাগী, নাগপত্নী, সর্পিণী।
নাচ, নৃত্য, নর্ত্তন, অঙ্গভঙ্গি
নাচন, নর্ত্তন, নৃত্য করণ, হাব ভাব প্রকাশ পূর্ব্বক অঙ্গ ভঙ্গি করণ।
নাচা, নৃত্য, নর্ত্তন, অঙ্গভঙ্গি করণ
নাচানী, নর্ত্তনের বেতন; নৃত্য সম্বন্ধীয়, নর্ত্তকী।
নাচানীয়া, নৃত্যকারক, নর্ত্তক, নট।
নাচিকেতু, অগ্নি, অনল, বহ্নি।
নাচ, গুপ্তদ্বার, খটকী, খিড়কী
নাট, নৃত্য; দেশবিশেষ; কর্ণাট।
নাটক, গদ্য পদ্যময় কাব্য বিশেষ
নাটন, নর্ত্তন, নৃত্য, নাচ করণ
নাটা, লতা বিশেষ; ঘর্ম্মা।
নাটাই সূত্র সঙ্কলন যন্ত্র।
নাটান, সূত্র সঙ্কলন, সূতা জড়ান, দুর্ব্বল হওন।
নাটিকা, গদ্য পদ্যময় কাব্যবিশেষ।
নাটিম, খেলন দ্রব্য, ঝুমঝুমী, লাঠিম।
নাটুয়, নৃত্যকারী, নর্ত্তক।
নাটেয়, নটীসুত; বেশ্যাপুত্র।
নাট্য, নৃত্য গীত বাদ্য; তৌর্য্যত্রিক।
নাট্যপ্রিয়, শিব, মহাদেব, মহেশ
নাট্যশালা, প্রাসাদদ্বার সমীপস্থ গৃহ, নাটমন্দির, নাচঘর।
নাড়ন, স্থানান্তরে নয়ন, স্থানান্তর করণ
নাড়া, ছেদিত ধান্যের অবশিষ্ট মূল; বিচালী, স্থানান্তর করা।
নাড়ি, নাড়ী, শিরা, ধাতু।
নাড়িক, কালশাক, কালকাশন্দে।
নাড়িকা, ষট্‌ক্ষণ, ঘড়ী, ঘটিকা।
নাড়িন্ধম, স্বর্ণকার, সোণার, সেকরা।
নাড়ী, ধমনী; উদরস্থ শিরা, হস্তের

প্রধান শির। বৃন্ত, ডাঁটা, দণ্ড।
নাড়ীক, শাক বিশেষ, নালিতা শাক।
নাড়ীচ, শাক বিশেষ, নালিতা শাক।
নাড়ীচরণ, পক্ষী, বিহঙ্গম।
নাড়ীজঙ্ঘ, ব যম, কাক, মুনিবিশেষ।
নাড়ীটেপা, নাড়ীধর, বৈদ্য।
নাড়ীনক্ষত্র, জন্মনক্ষত্র
নাড়ীন্ধম, বর্ণসঙ্কর জাতি বিশেষ, স্বর্ণকার, সেকরা
নাড়ীব্রণ, সর্ব্বদা গলৎ ব্রণ, নালীঘা।
নাড়ীমরা, অক্ষুধা, পেটমরা, অল্পা-হারী।
নাড়ীশাক, পাটশাক, নালিত শাক।
নাণক, মুদ্রা চিহ্নিত নিষ্কাদি, মোহর
নাতি, পুত্রের বা কন্যার সন্তান, পৌত্র, দৌহিত্র
নাত্র বিচিত্র, প্রজ্ঞ, শিব।
নাথ, স্বামী, প্রভু, কর্ত্তা, প্রতিপা-লক, নাসিকা ছিদ্রগত রজ্জু, নাক-ফোড়া দড়ী মহিত
নাথবান্, পরাধীন, সস্বামিক প্রভুর
নাথহরি পশু, চতুষ্পদ জন্তু।
নাদী, পদপ্রহার, পদাঘাত। মল
নাদ, ধ্বনি, শব্দ, গর্জ্জন, গবাদির
নাদন, রবকরণ, গর্জ্জন, ডাকন, পশ্বাদির মলত্যাগ।
নাদনা, মুদ্গর বিশেষ, বৃহৎ যষ্টি।
নাদবিন্দু, বিন্দুযুক্ত অর্দ্ধচন্দ্র। মলা।
নাদা, বৃহৎ মৃত্তিকাপাত্র বিশেষ, গা-
নাদিত, শব্দিত, ক্বণিত, ধ্বনিত।
নাদী, অশ্বাদির মল।
নাদুনী, নৌকা বিশেষ।
নাদেয়, সৈন্ধব লবণ, কাশতৃণ। জাত
নাদেয়ী, জলবেতস, ভূমিজম্বু, ভূমি-
নানা, অনেক; বিবিধ, মাতামহ।
নানাত্মা, আত্মভেদ, পৃথক্ আত্মা।
নানাধ্বনি, অশেষ প্রকার শব্দ; বেণু বীণাদির শব্দ।
নানান অনেকপ্রকার, বিবিধ, ভিন্নং।
নানাবর্ণ, বহুবিধ বর্ণ, বিচিত্র রং।
নানাবিধ, অনেক প্রকার, বিবিধ।
নানামত, ভিন্নং মত।
নানারূপ, অনেক প্রকার, বিবিধ, বহুবিধ। [জন।
নানার্থ, বহুবিধ অর্থ, অশেষ প্রয়ো
নানাস্থানী, অস্থির, ছিন্ন ভিন্ন।
নানী, মাতামহী, দিদী।
নানাচ্ছেয় অনর্ত্তব্য, অনরণীয়।
নান্দ্র, স্তোত্র, স্তব, স্তুতি।
নান্দী, নাটকাদিতে মঙ্গলার্থে দেব দ্বিজাদির আশীর্ব্বাদ যুক্ত স্তবাদি।
নান্দীমুখ, বৃদ্ধিশ্রাদ্ধ ভোজি পিতৃগণ, আভ্যুদয়িক শ্রাদ্ধ।
নাপিত, বর্ণসঙ্কর জাতি বিশেষ ক্ষুরী, ক্ষৌরকর্ম্মকারী।
নাবন, অধোগমন, উত্তরণ, ওলন
নাবাকার, নৌকাকৃতি, নৌকার গঠন।
নাবান, নিম্নারণ, অবরোহণ, উলান
নাবাল, অধঃস্থ, তলস্থ নিম্ন, নীচ
নাবি, উপান্ত ক্রমের পশ্চাৎ।
নাবিক, কর্ণধার, মাঝি, কাণ্ডারী।
নাবোতে, অধস্তে, নীচে, নিম্নে, তলে
নাব্য, নৌকাগম্য, নব্য নস্য।
নাভি, উদরের মধ্য স্থান, চক্রমধ্য, উদরাবর্ত্ত, নাই।
নাভিকণ্টক, আবর্ত্ত, গোড়।
নাভিগুড়ক, স্ফীতনাভি, গোঁড়।
নাভিজ ব্রহ্ম, প্রজাপতি।
নাভিজন্মা, ব্রহ্ম, প্রজাপতি।
নাভিনাল, নাভিসম্বন্ধিনী, নাড়ী।
নাভিবর্ষ, ভারতবর্ষ, হিন্দুস্থান।
নাভিভূ, ব্রহ্ম, প্রজাপতি।
নাভী, উদর বর্ত্ত, নাই।
নাভ্য, নাভী সম্বন্ধীয়।
নাম, অভিধান, আখ্যা, সংজ্ঞা, কীর্ত্তি, সম্ভাবনা, প্রকাশ্য।
নামকরণ, সংস্কার বিশেষ। [বিশেষ।
নামতা, একাদি অঙ্কের পূরণ; গণিত

নামদ্বাদশী, ব্রত বিশেষ।
নামধর, বিখ্যাত, নামলব্ধ।
নামধারী, আখ্যাত, নাম প্রাপ্ত।
নামধেয়, আখ্যা, সংজ্ঞা, নাম।
নামনা, বটবৃক্ষের জটা।
নামলব্ধ, বিখ্যাত স্বনাম প্রসিদ্ধ
নামশেষ, নষ্ট, মৃত, ধ্বংস।
নামাউঠা, অতিসার, ওলা উঠা।
নামান, অধোগমন, অবরোহণ, উত্তরণ, ওলন, বিরেচন, ভেদ
নামাপরাধ, সাধুর নিন্দাদিরূপ পাপ।
নামাবলী, দেবনামে অঙ্কিত উত্তরীয় বস্ত্র; নাম শ্রেণী।
নামাশ্রয়, দেবনাম মাবলম্বন
নামো, অধোভাগ, তল, নীচ।
নামোতে, অধতে, নীচে, তলে।
নায়, নীতি, প্রাপ্রণ, শিক্ষ দেখন
নায়ক, প্রদর্শক, নেতা, শ্রেষ্ঠ, অগ্রগামী, প্রধান; অধ্যক্ষ, প্রেমাভিলাষী পুরুষ।
নায়কাধিপ, নরেন্দ্র, নৃপতি, রাজা।
নায়কীয়, নায়ক সম্বন্ধীয়।
নায়িকা, কামিনী, প্রেমাসক্তা, সখী; ভবতীর শক্তি বিশেষ, উপদেবী বিশেষ।
নার, নর সমূহ, বহু মনুষ্য। প্রাণী
নারক, নরক; নরক সম্বন্ধীয়; নরকস্থ
নারকী, নরকভোগী, পাপী, দুরাচার
নারঙ্গ, ফলবৃক্ষ বিশেষ।
নারদ, দেবর্ষি, মুনিবিশেষ।
নার, জল, সলিল, পয়ঃ।
নারাঙ্গী, জম্বীর বিশেষ, নেবু।
নারাচ, লৌহময় বাণ বিশেষ।
নারাচী, লৌহতুলা, নিক্তি
নারায়ণ, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
নারায়ণতৈল, ঔষধপক্ব তৈল বিশেষ।
নারায়ণপ্রিয়, শিব, মহেশ, মহাদেব।
নারায়ণী, নারায়ণের পত্নী, লক্ষ্মী; দুর্গা; গঙ্গা; মুদ্গলমুনি পত্নী।

নারিকেল, আপন নামে প্রসিদ্ধ ফল বিশেষ, ডাব, দোমালা, ঝুনা ইত্যাদি তদ্ভেদ।
নারী, নরধর্ম্মাক্রান্ত স্ত্রী, অবলা, যোষিৎ, যোষা, মহিলা।
নারীকেল, স্বনাম প্রসিদ্ধ ফল বিশেষ, নারিকেল।
নারীচ, শাক বিশেষ, নালিতা শাক
নারীতরঙ্গক, বিঙ্গ, জার, উপপতি।
নারীদূষণ, স্ত্রীলোকদিগের মদ্য পান কুসংসর্গাদি ছয় দোষ।
নারীধর্ম্ম, স্ত্রীলোকের পতিসেবারূপ ধর্ম্ম, পতিব্রতাধর্ম্ম, রজস্বলতা, ঋতু
নারীষ্ট, মল্লিকাবৃক্ষ।
নাল, উৎপল প্রভৃতির ডাঁটা, নল ন্যায় কৃত্রিম বস্তু, শিরা, অশ্বের ক্ষুরবদ্ধ লৌহ
নালবংশ, নলতৃণ, খাগড়া।
নালা, নাল, ডাঁট, খাল, ক্ষুদ্রনদী জলনিঃসরণ মার্গ পয়নাল।
নালি, নাড়ী, শিরা, বন্দুকাদির ক্ষত
নালিক, মহিষ, লুলাপ।
নালিজঙ্ঘ, দ্রোণকাক, দাঁড়কাক
নালিত, শাক বিশেষ, পাটশাক।
নালী, শাকের কাণ্ডক, ডাঁটা, নাড়ী, নলতুল্য, চোঙ্গা, পুষ্প বিশেষ, ভেলা, সুঁদী।
নালীকিনী, নলিনী, পদ্ম সমূহ
নাশ, ক্ষয়, ধ্বংস, লয়; নিধন, অদর্শন, ক্ষতি।
নাশন, ধ্বংস করণ, হনন, মারণ
নাশনীয়, নাশ্য, ধ্বংসনীয়, অনিত্য
নাশিত, ধ্বংসিত, হত, উচ্ছেদিত।
নাশী, নাশ বিশিষ্ট; নষ্টকারক।
নাশ্য, নষ্ট করিবার যোগ্য, বিনশ্বর, বিনাশশীল, অনিত্য। যাচে
নাষ্টিক, য ব্যক্তি ধনাদি হারাই-
নাস, তাম্রকুট চূর্ণ, নস্য।
নাসত্য, অশ্বিনীকুমার।

নাস. নাসিকা, নাক; রোগবিশেষ, নাসিকা দ্বারের উপরি জাত মাংস।
নাসাদারু, দ্বারের ঊর্দ্ধ স্থিত কাষ্ঠ, চৌকাঠের কপালি।
নাসিক্ষম, যে ব্যক্তি নাসিকা দ্বারা শব্দ করে।
নাসিকন্ধয়, যে নাসিকা দ্বারা পান [করে।
নাসিকা, ঘ্রাণেন্দ্রিয়, নাক, নাসা।
নাসিকামল, নাসাস্থিত ক্লেদ, শিকনি।
নাসিক্য, নাসিকা, নাস, নাক।
নাসীর, অগ্রসর, অগ্রগামী; নায়কের অগ্রে অভিসারিকা সেনা।
নাস্তি, নহি, অবিদ্যমান; অভাব।
নাস্তিক, অনীশ্বর বাদী; যে বেদকে প্রমাণ বলিয়া না মানে; পাষণ্ড, লোকায়তিক, চার্ব্বাক।
নাস্তিকতা, কর্ম্মফলাদি কিছুই নাই এতাদৃশ জ্ঞান; পাষণ্ডতা। [বোধ
নাস্তিক্য, ঈশ্বর না মানা, ঈশ্বরাভাব
নাস্তিদ, আম্রবৃক্ষ, আমগাছ।
নাহ, বন্ধন, বাঁধ।
নাহল, ম্লেচ্ছজাতি বিশেষ।
নাহি, ন, নয়, নহি।
নাক্ষত্র, নক্ষত্রসম্বন্ধীয়।
নাক্ষত্রিক, নক্ষত্র সম্বন্ধীয়; নক্ষত্র গণনা দ্বারা কৃত মাসাদি।
নাক্ষত্রিকী, নক্ষত্রদশা। [য়ার্থ।
নি, উপসর্গ বিশেষ, নিষেধার্থ, নিশ্চ-
নিংড়ন, আর্দ্র বস্ত্রাদি হইতে জল নিঃসারণ; নিষ্পীড়ন, আকর্ষণ।
নিংড়ান, নিষ্পীড়ন, নিঃসারণ।
নিংড়ানিয়া, জল নিঃসারণ কারক, শোষক, আকর্ষক।
নিঃ, নির্ণয়; নিষেধ।
নিঃকাসিত, বহিষ্কৃত, দূরীকৃত।
নিঃপ্রভ, নিষ্প্রভ, প্রভাহীন, দীপ্তি রহিত। [অবাক্।
নিঃশব্দ, নীরব, মৌনী, বাক্য রহিত,
নিঃশলাক, রহঃ, নির্জ্জন, গোপন।
নিঃশল্যা, বৃক্ষ বিশেষ, দন্তীবৃক্ষ।
নিঃশেষ, সম্পূর্ণ, সমাপ্ত; শেষ রহিত।
নিঃশেষিত, শেষকরা, ক্ষয়িত; ক্ষীণ।
নিঃশোধিত, সম্পূর্ণ শোধিত; মার্জ্জিত। [ঠের সিঁড়ী।
নিঃশ্রয়ণী, কাষ্ঠঘটিত সোপান; কা-
নিশ্রয়িণী, কাষ্ঠ ঘটিত সোপান, কেঠো সিঁড়ী। [সিঁড়ী।
নিঃশ্রেণী, ঐ ময় সোপান, কাষ্ঠের
নিঃশ্রেয়স, কুশল, শুভ; অনুভাব; ভক্তি, মোক্ষ, মুক্তি।
নিঃষম, নিন্দা, গর্হা, জগুপ্সা, শোক।
নিঃসঙ্গ, সঙ্গচ্যুত; মিলন রহিত।
নিঃসন্দেহ, অসংশয়, নিশ্চয়, ধ্রুব।
নিঃসন্ধি, দৃঢ়; সন্ধি রহিত, অখণ্ড, শ্লেষ, সুরচিত।
নিঃসম্পর্ক, অসম্বন্ধ, উদাসীন।
নিঃসম্পাত, নিশীথ, অর্দ্ধরাত্র।
নিঃসরণ, বহির্গমন, নির্গমন; ক্ষরণ, ঝরণ, গলিয়া পড়ন।
নিঃসাধ্বস, নির্ভয়, শঙ্কাহীন।
নিঃসান, বেদনা, টন্‌টনান।
নিঃসার, সারহীন, অসার, তেজো রহিত, রসহীন। [নিংড়ান।
নিঃসারণ বহিষ্করণ, নির্গত করণ,
নিঃসারা, কদলীবৃক্ষ, সার রহিত।
নিঃসারিত, নিষ্কাসিত, বহিষ্কৃত, দূরীকৃত; আকর্ষিত, নিংড়ান।
নিঃসৃত, ক্ষরিত, ঝরিত; নির্গত।
নিঃস্কন্ধ, কবন্ধ, স্কন্ধহীন, স্কন্ধকাটা।
নিঃস্নেহ, স্নেহশূন্য; নির্দ্দয়।
নিঃস্পৃহ, অনিচ্ছুক, ইচ্ছাহীন।
নিঃস্যন্দ, নির্গত, চ্যুত, ক্ষরিত।
নিঃস্রব দ্রবীভূত স্বর্ণাদির একত্র মিশ্রণ।
নিঃস্রাব, ভাতের, মণ্ড, মাড়।
নিঃস্ব, দরিদ্র, নির্ধন, অকিঞ্চন।
নিঃস্বত্ব, স্বত্ব পরিত্যাগ; অধিকার রাহিত্য; স্বত্বহীন।

নিঃস্বত্বক, স্বত্ব রহিত, অনধিকারী।
নিঃক্ষোভ, ক্ষোভ রহিত; নির্ভয়।
নিকট, সমীপ, অদূর, অভ্যর্ণ।
নিকটানিকটি, অদূর, কাছাকাছি।
নিকটে, সমীপে, অদূরে, কাছে।
নিকড়িয়া, নির্ধন, নিঃস্ব, অর্থহীন।
নিকন, গোময়াদি দ্বারা লেপন, গৃহা-দির সংস্কার করণ।
নিকন্দিয়া, স্কন্ধহীন, কবন্ধ।
নিকর, সমূহ; রাশি; নিধি।
নিকষ, শাণ; কষ্টিপাতর।
নিকষা, রাক্ষসমাতা; নিকট, অন্তিক।
নিকষাত্মজ, রাবণ; রাক্ষস।
নিকাম, যথেষ্ট, যথেপ্সিত; ইষ্ট, শুভ।
নিকায়, লক্ষ্য; নিবাস; পরমাত্মা।
নিকায্য, গৃহ, আলয়, নিবাস স্থান।
নিকার, অপকার; ধিক্কার, নিন্দ, অনাদর।
নিকারণ, মারণ, বধ করণ।
নিকাশ, হিসাব; পরিশোধ; শেষ।
নিকী, উৎকুণ, ডেঙ্গরের বীজ।
নিকুঞ্চক, পরিমাণ বিশেষ, কুডবের এক পোয়া, বৃক্ষ বিশেষ।
নিকুঞ্জ, গুল্মযুক্ত স্থান, নিবিড় বন, লতাচ্ছাদিত স্থান; ক্রীডাস্থান, কুঞ্জ।
নিকুম্ভ, কুম্ভকর্ণপুত্র; দন্তিকা নামে বৃক্ষ বিশেষ।
নিকুরম্ব, সমূহ, সাকল্য; অধিক, বহু।
নিকৃত, প্রত্যাখ্যাত; বঞ্চিত; খল, শঠ, ধূর্ত্ত, দুষ্ট; অধম; প্রতারিত, পদচ্যুত।
নিকৃতি, ভর্ৎসন, নিন্দা; খলতা, ধূর্ত্ততা, ধনরাহিত্য।
নিকৃত্রিম, অকল্পিত, প্রকৃত, যথার্থ।
নিকৃষ্ট, অধম, অবজ্ঞাত, তুচ্ছ, মন্দ।
নিকেত, গৃহ, আলয়, নিকেতন।
নিকেতন, গৃহ, আলয়, আগার।
নিক্তী, লৌহতুলা, পরিমাপক ক্ষুদ্র যন্ত্র বিশেষ।
নিক্কণ, বীণাদির শব্দ।
নিখনন, খোঁড়ন; শব পোঁতন।
নিখরচা, বিনাব্যয়ে, বিনামূল্যে।
নিখর্ব্ব, দশখর্ব্ব সংখ্যা; দশ সহস্র কোটি; খাট, বাঁউনিয়া, বামন।
নিখাট্টু, নিষ্কর্ম্মা; অলস, আলসিয়া।
নিখাত, গর্ত্ত; পরিখা; প্রোথিত।
নিখাদ, নিষাদ নামক স্বর, রাগবিশেষ, হস্তির শব্দ তুল্য স্বর। [অখিল।
নিখিল, সমস্ত, সমগ্র, সমুদায়, সকল.
নিখী, কেশকীট বিশেষ।
নিখুত, নির্দোষ, দোষ হীন।
নিগড়, লৌহ নির্ম্মিত পাদবন্ধনী, শৃঙ্খল, বেড়ী।
নিগড়িত, বদ্ধ, বাঁধা। [ধুঁয়া।
নিগণ, হোমের ধূম, যজ্ঞার্থ অগ্নির
নিগদ, কথন, ভাষণ। [ভাষিত।
নিগদিত, কথিত, উক্ত, উল্লেখিত,
নিগম, শাস্ত্র বিশেষ; বেদশাখা; নগর গ্রামাদি; হাটের পথ; বাণিজ্য; নিশ্চয়।
নিগর, ভোজন, অশন, আহার।
নিগরণ, ভোজন, অশন, অদন, ভক্ষণ, গিলন।
নিগাদ, কথন, ভাষণ। [গলা।
নিগাল, ঘোটকের গলদেশ, ঘোড়ার
নিগালবান্, অশ্ব, ঘোটক।
নিগু, মনঃ; মল; মূল; মনোহর; চিত্রকর্ম্ম।
নিগূঢ়, দুর্জ্জেয়, অপ্রকাশ্য, গুপ্ত, লুক্কায়িত; বনমুদ্গ।
নিগ্রহ, তাড়না, প্রহার; যন্ত্রণা, ক্লেশ; বন্ধন, ইন্দ্রিয়াদি দমন; শাসন।
নিগ্রহান্বিত, ক্লেশিত, যন্ত্রণা যুক্ত; শাসিত, নিগৃহীত।
নিগ্রাহ, যন্ত্রণা, ক্লেশ, নিপীড়ন।
নিগ্রাহক, নিগ্রহ কর্ত্তা, ক্লেশদায়ক, শাস্তিকারক, দণ্ডকারক।
নিঘস, আহার, ভক্ষণ, ভোজন।

নিঘাতি, লৌহময় দণ্ড ; লৌহ যষ্টি।
নিঘুষ্ট, শব্দিত, কৃতরব, ধ্বনিত।
নিঘৃণ, ঘৃণা শূন্য ; ঘৃণা রহিত।
নিঘৃষ্ব, পশুর খুর ; বায়ু ; পথ ; বরাহ ; গর্দ্দভ। [গুণিত।
নিঘ্ন, অধীন, বশীভূত, শিষ্ট, আয়ত্ত,
নিঙ্গড়ন, নিষ্পীডন, নিঃসারণ, আকর্ষণ। [ডন।
নিঙ্গড়ান, রস নিঃসারণ, জল নিষ্পী-
নিঙ্গলন, গিলন, গ্রাসকরণ, অদন।
নিচয়, সংঘ, গণ, সমূহ ; নিশ্চয়।
নিচিত, পূরিত, ব্যাপ্ত, আকীর্ণ।
নিচু, ফল বিশেষ ; কেবল, তন্মাত্র।
নিচুল, হিজ্জলবৃক্ষ, হিজোল গাছ, বেতস লতা।
নিচোল, পাছুড়ী, উত্তরীয় বস্ত্র, উত্তরচ্ছদ।
নিচোলক, বারবাণ, কঞ্চুক, সৈন্যদিগের যুদ্ধার্থ অঙ্গাবরণ।
নিচ্চোড়, কৃপণ ; অধম, অন্ত্যজ।
নিচ্ছবি, তীরভুক্তি দেশ, ত্রিহোত।
নিচ্ছিবি, বর্ণসঙ্কর জাতিবিশেষ।
নিচ্ছেদ্য, অভেদনীয়, অভেদ্য।
নিচ্ছিদ্র, ছিদ্রহ ন, রন্ধ্রশূন্য, সর্ব্বাঙ্গ সম্পূর্ণ ; নির্দোষ।
নিছু, নিরবচ্ছিন্ন, কেবল, তন্মাত্র।
নিছুড়িয়া, নিঃসহায়, অনাথ।
নিজ, স্বীয়, স্বকীয়, আত্মীয়।
নিজঞ্জাল, নির্ব্বিবাদ, নিরাপদ, নিশ্চিন্ত।
নিজতন্ত্র, স্বাধীন, স্বতন্ত্র।
নিজমতাবলম্বী, আত্ম মতাবলম্বী, স্বীয় মতানুযায়ী, একগুঁয়া।
নিজস্ব, স্বকীয় ; আপনার অসাধারণ স্বত্বাস্পদ।
নিজা, স্বীয়া, স্বকীয়া।
নিজে, স্বয়ং, আপনি।
নিঝুম, নিঃশব্দ ; নির্বাত ; নিঃস্পন্দ।
নিটি, নিশ্চিত ; সত্য ; খাঁটী।

নিটুট, সম্পূর্ণ ; নির্দোষ ; সকলাঙ্গ সম্পন্ন। [হীন।
নিটোল, সম্পূর্ণ ; সমান, উচ্চনীচতা
নিঠুর, নিষ্ঠুর, ক্রূর ; কঠিন, কৃপাহীন।
নিড়ন, তৃণোৎপাটন, ধান্যাদির ক্ষেত্র পরিষ্কার করণ।
নিড়ানী, নিড়নাস্ত্র, ফোড়।
নিডীন, পক্ষির গতি বিশেষ, আস্তে উড়ন। [লাই।
নিণ্ডিকা, কলায় বিশেষ, তেওড়া ক-
নিতম্ব, স্ত্রীলোকের কটির পশ্চাদ্ভাগ, পাছা ; পর্ব্বতের কুক্ষীকৃত দেশ।
নিতম্বিনী, প্রশস্ত, নিতম্ব বিশিষ্টা স্ত্রী ; অবলা।
নিতরাং, সুতরাং, কাযেং ; অগত্যা।
নিতল, পাতাল বিশেষ, পাতালের এক ভাগ।
নিতান্ত, একান্ত ; অবশ্য, অতিশয়।
নিত্য, জন্ম মৃত্যু রহিত, সনাতন, সতত, অনবরত, প্রতিদিন, সদা, সর্ব্বদা ; স্থির, নিশ্চিত।
নিত্যকর্ম্ম, অহরহঃ কর্ত্তব্য কর্ম্ম, আবশ্যক ক্রিয়া।
নিত্যক্রিয়া, প্রতিদিনের কর্ত্তব্য কর্ম্ম, প্রাত্যহিক ব্যাপার।
নিত্যগতি, বায়ু, অনিল, বাতাস।
নিত্যদা, সর্ব্বদা, সদা, প্রত্যহ।
নিত্যদান, প্রতিদিন কর্ত্তব্য দান।
নিত্যযৌবনা, স্থিরযৌবনা, চির যৌবনা, দ্রৌপদী ; কুন্তী।
নিত্যশঃ, অনবরত ; সর্ব্বদা, প্রত্যহ।
নিত্যা, পার্ব্বতী ; মনসাদেব ; শক্তি বিশেষ।
নিত্যানন্দ, যাহার সর্ব্বদা আনন্দ ; গোস্বামি বংশের আদি পুরুষ।
নিথর, নিঃশব্দ ; নিঃস্পন্দ ; স্থির, ধীর।
নিদ, বিষ ; নিদ্রা।
নিদক্ষ, মনুষ্য, মনুজ, মানব।
নিদয়, নির্দয়, নিষ্ঠুর, অকরুণ, কঠিন।

নিদর্শন, দৃষ্টান্ত, উদাহরণ ; চিহ্ন।
নিদর্শনী, প্রকাশক ; পরিজ্ঞান চিহ্ন।
নিদাঘ, গ্রীষ্মকাল ; উষ্ণ ; ঘর্ম্ম।
নিদাঘকর, সূর্য্য, দিবাকর।
নিদান, মূল কারণ, আদি কারণ, রোগের মূলানুসন্ধান ; গ্রন্থ বিশেষ, অন্ত, অবসান।
নিদানীভূত, কারণীভূত, মূলীভূত।
নিদারুণ, কঠিন ; অসহ্য ; দুঃসহ ; ভয়ানক ; নির্দ্দয়।
নিদালী, নিদ্রাকর্ষক মন্ত্র বিশেষ।
নিদিগ্ধ, বিলেপিত, লেপা মোছা।
নিদিগ্ধা, এলাইচ।
নিদিধ্যাসন, পুনঃ২ স্মরণ, পরমার্থ চিন্তা বিশেষ। [জিত।
নিদিষ্ট, আজ্ঞাপিত, কথিত, নিযো-
নিদেশ, আজ্ঞা, আদেশ, অনুমতি, নিয়োগ ; কথা।
নিদেশিনী, দিক্, দিশা।
নিদেষ্টা, আজ্ঞা কারক, আদেশকর্ত্তা।
নিদ্রা, মেধ্যা নাড়ীতে মনঃ সংযোগ, স্বপন, সম্বেশ, ঘুম।
নিদ্রাকর্ষণ, নিদ্রাগম, নিদ্রার আবির্ভাব, ঝিমনি, ঢুলন। [শীল।
নিদ্রাটিয়া, নিদ্রালু ; ঘুমনিয়া, নিদ্রা-
নিদ্রাণ, নিদ্রান্বিত, শয়িত।
নিদ্রাবৃক্ষ, অন্ধকার, তিমির, তমঃ
নিদ্রাবেশ, নিদ্রার উপক্রম, নিদ্রাবস্থা।
নিদ্রাভঙ্গ, প্রবোধন, জাগরণ, নিদ্রা ত্যাগ।
নিদ্রালু, নিদ্রাশীল, নিদ্রাযুক্ত।
নিদ্রাসংজনন, শ্লেষ্মা, কফ।
নিদ্রিত, নিদ্রান্বিত, শয়িত, সুপ্ত।
নিধন, মরণ, ধ্বংস ; নাশ, অদর্শন, অন্তর্ধান।
নিধান, নিধি, মণ্যাদি ; আধার, পাত্র।
নিধার, অশ্রুণী, প্রাখর্য্য রহিত, নিস্তেজঃ, অতীক্ষ্ণ ; ভোঁতা।
নিধি, ... অস্বামিক ধন ; ভাণ্ডার ; আধার ; সমুদ্র।
নিধিনাথ, কুবের, ধনাধিপ।
নিধুত, বিনষ্ট, উচ্ছন্ন, ছিন্নভিন্ন।
নিধুবন, মৈথুন, স্ত্রী সংসর্গ ; ক্রীড়া
নিধ্যান, দর্শন, অবলোকন, দেখন।
নিধ্বান, শব্দ, ধ্বনি, রব।
নিনদ, শব্দ, রব, ধ্বনি।
নিনাদ, শব্দ, রব, গর্জ্জন। [কারী।
নিন্দক, পরদোষানুসন্ধানকর্ত্তা, নিন্দা-
নিন্দতল, নিন্দিত হস্ত, কুৎসিত হস্ত।
নিন্দন, জুগুপ্সাকরণ, কুৎসন, দোষানুসন্ধান, গর্হাকরণ।
নিন্দা, কুৎসা, গর্হা ; অপবাদ, দুর্নাম।
নিন্দিত, অবক্ষিপ্ত, জুগুপ্সিত, গর্হিত, কুৎসিত, অধম, অনুচিত।
নিন্দু, মৃতবৎসা, মড়াঞ্চে।
নিপ, কলস ; কদম্ব বৃক্ষ।
নিপট, সম্যক্‌প্রকার, বস্তুতঃ, কেবল
নিপঠ, পাঠ, পড়া, অধ্যয়ন।
নিপতন, অধঃপতন ; নষ্ট হওন, নিহত হওন।
নিপত্যা, যুদ্ধভূমি, রণক্ষেত্র।
নিপাঠ, পঠন, অধ্যয়ন, পড়ন।
নিপাত, নাশ, নিধন, অধঃ পতন
নিপাতন, অধোনয়ন, বিনা সূত্রে পদ সিদ্ধকরণ ; ধ্বংসকরণ।
নিপাতিত, অধঃক্ষিপ্ত, বিনাশিত।
নিপান, কূপ পুষ্করিণী ইত্যাদির নিকটে গবাদির জলপানার্থ বিরচিত জলাধার।
নিপুণ, কার্য্যক্ষম, অভিজ্ঞ, পটু, যোগ্য, প্রবীণ, পারগ। [যোগ্যতা।
নিপুণতা, কার্য্যদক্ষতা, অভিজ্ঞতা,
নিবড়ন, সমাপ্তকরণ, সংপূর্ণকরণ।
নিবড়ান, সমাপন, নিষ্পাদন, শেষকরণ। [নিয়মিত।
নিবদ্ধ, প্রণীত, রচিত ; স্থিরীকৃত,
নিবন, নির্ব্বাপণ, নির্ব্বাণকরণ ; অপনয়ন।

নিবন্ধ, গ্রন্থসন্দর্ভ; স্থিরবৃত্তি; রোগ বিশেষ।

নিবন্ধন, হেতু, কারণ, নিমিত্ত; বীণা প্রভৃতির ঊর্দ্ধভাগ; বন্ধন; রচনা-করণ। [গ্রন্থক র।

নিবন্ধা, রচনা কর্ত্তা, সংগ্রহকারক,

নিবন্ধিত, বদ্ধ, সংগৃহীত। [শ্রাদ্ধ।

নিবপন, মৃত পিত্রাদির উদ্দেশে দান,

নিবরা, কুমারী, অবিবাহিতা।

নিবর্ত্ত, বিরত, ক্ষান্ত, নিষেধ, বারণ।

নিবর্ত্তন, বিরাম; ক্ষান্তকরণ; অ.ট-কান; দমন, অবসৃত হওন।

নিবহণ, মারণ, হনন, বধকরণ।

নিবসতি, গৃহ; বসতি স্থান।

নিবসথ, গ্রাম, বাসস্থান।

নিবসন, গৃহ, বাসকরণ, বস্ত্র।

নিবহ, সমূহ, সকল, সপ্তবায়ুর অন্ত-র্গত বায়ু বিশেষ। [শেষকরণ।

নিবাড়ন, নিষ্পত্তি করণ, সমাপন,

নিবাত, অবাত, বাতশূন্য, আশ্রয়, নিবাস; শস্ত্রদ্বারা অভেদ্য বর্ম্ম।

নিবাতকবচ, দৈত্য বিশেষ, হিরণ্য-কশিপুর পৌত্র। [মিটান।

নিবান, নির্ব্বাণ, তেজো হ্রাসন;

নিবানিয়া, নির্ব্বাণকারক, নাশক।

নিবাপ, মৃতপিত্রাদির উদ্দেশে দান, শ্রাদ্ধ, পিণ্ডদান।

নিবারণ, নিষেধ, বারণ, মানা।

নিবারণীয়, নিবারণের যোগ্য, নিষেধ্য।

নিবারিত, নিষিদ্ধ, কৃতনিবারণ।

নিবার্য্য, নিষেধ করিবার যোগ্য, নিবারণীয়।

নিবাস, গৃহ, বসতিস্থান।

নিবাসী, নিবাস বিশিষ্ট, বসতিকারী, বাসিন্দা। [অগম্য।

নিবিড়, নিরবকাশ, ঘন, অবিরল;

নিবিরীষ, ঘন, নিবিড়, নিরবকাশ।

নিবিষ্ট, আবিষ্ট, প্রবিষ্ট, সংলগ্ন, মনঃ সংযোগান্বিত, নিয়ত প্রবৃত্ত।

নিবীত, উড়নী, প্রাবার, আচ্ছাদন বস্ত্র; কণ্ঠলম্বিত বস্ত্রাদি।

নিবৃত, আচ্ছাদন বস্ত্র, উড়নী; পরি-বেষ্টিত, ঘেরিত।

নিবৃত্ত, নিবৃত্তি বিশিষ্ট, বিরত, ক্ষান্ত।

নিবৃত্তাত্মা, বিষ্ণু, নারায়ণ।

নিবৃত্তি, উপরম, বিরতি, ক্ষান্তি, অ-প্রবৃত্তি। [র্পণ, অর্পণ।

নিবেদন, আবেদন, বিজ্ঞাপন; সম-

নিবেদিত, কৃতনিবেদন, আবেদিত, জ্ঞাপিত; সমর্পিত।

নিবেশ, মনোযোগ, অর্পণ, প্রবেশ; বিন্যাস, গৃহ, বিবাহ।

নিবেশন, গৃহ, নগর; প্রবেশ।

নিবেশনীয়, প্রবেশার্হ; যোজনীয়।

নিভ, তুল্য, সদৃশ, সমান।

নিভাঁজ, অমিশ্রিত, অকৃত্রিম, খাঁটী।

নিভালন, দর্শন অবলোকন, ঈক্ষণ।

নিভূত, অতীত, ভূতকাল।

নিভৃত, নির্জ্জন, গুপ্ত, বিরল, প্রচ্ছন্ন, লুক্কায়িত, বিনীত।

নিম, বৃক্ষ বিশেষ, নিম্ব।

নিমগ্ন, জলমধ্যগত, ডুবা, কৃতমজ্জন।

নিমজ্জথু, শয়ন, স্বপ্ন; মগ্ন।

নিমজ্জন, স্নান, অবগাহন, জলমধ্যে প্রবেশ করণ, ডুবন, ডুবা।

নিমন্ত্রণ, আমন্ত্রণ, আহ্বান।

নিময়, বিনিময়, পরিবর্ত্ত, বদল।

নিমি, ইক্ষ্বাকু রাজপুত্র।

নিমিত্ত, কারণ, হেতু; প্রয়োজন, চিহ্ন, লক্ষণ। [চুম্বন।

নিমিত্তক, হেতু, কারণ; প্রয়োজন;

নিমিত্তকৃৎ, কাক, বায়স। [দৈবজ্ঞ।

নিমিত্তজ্ঞ, কারণজ্ঞাতা, হেতুজ্ঞ;

নিমিত্তবিৎ, দৈবজ্ঞ, গণক; গ্রহবিপ্র।

নিমিষ, নিমেষ, চক্ষু নিমীলন কাল, অতিসূক্ষ্ম কাল; চক্ষুর পলক; বিষ্ণু।

নিমীলন, মুদ্রিতকরণ, বোজন; মরণ।

নিমীলিকা, ব্যাজ, কাপট্য, ছল;

নির্মীলন, মুদ্রিত করণ, মুদন।
নিমুড়িয়া, অনাথ, অভিভাবক হীন।
নিমেষ, চক্ষুর পাতার স্পন্দন কাল, পলক; অতি সূক্ষ্ম কাল; মুদ্রিত-করণ।
নিমেষকৃৎ, বিদ্যুৎ, চপলা।
নিমেষরুক্, খদ্যোত, জোনাকি-পোকা। [গম্ভীর
নিম্ন, অধঃ, নীচ, নাবাল; গভীর,
নিম্নগ, অধোগামী, নীচগামী।
নিম্নগা, নীচগামিনী, নদী, তরঙ্গিনী।
নিম্ব, পিচুমর্দ্দ, বৃক্ষবিশেষ, নিম।
নিম্বক, পিচুমর্দ্দ বৃক্ষ, নিমগাছ।
নিম্বু, জম্বীর, নারাঙ্গী লেবু। [গাছ।
নিম্বুক, বৃক্ষ বিশেষ, কাগজীনেবুর
নিয়ত, সংযত, নিয়ম বিশিষ্ট; নিত্য; সর্ব্বদা; নির্ণীত, নির্দিষ্ট, স্থিরীকৃত।
নিয়তি, নিয়ম; দৈব, বিধি; ভাগ্য, অদৃষ্ট, বিধাতা।
নিয়তী, দুর্গা, ভগবতী।
নিয়তেন্দ্রিয়, জিতেন্দ্রিয়, ইন্দ্রিয়দমন শীল; সংযত শরীর।
নিয়ন্তা, শাস্তা, শাসনকর্ত্তা; প্রভু; নিয়ামক; সারথি।
নিয়ন্ত্রিত, বদ্ধ, অবাধ, অনর্গল।
নিয়ম, ব্রত; নিশ্চয়; প্রকার, ধারা; নির্ণয়, নিরূপণ, স্বীকার, প্রতিজ্ঞা, কর্ত্তব্য কর্ম্ম, অনুক্রম। [ধারান্বিত।
নিয়মশালী, নিয়মযুক্ত, রীত্যনুযায়ী,
নিয়মান্বিত, নিয়ম বিশিষ্ট, ধারান্বিত, নিয়মিত। [বাঁধা।
নিয়মিত, নিয়মবদ্ধ, নিরূপিত, ধারা-
নিয়ামক, নিয়মকর্ত্তা, নিয়ন্তা; পোত-বাহক, কর্ণধার, নাবিক।
নিযুক্ত, নিয়োগ বিশিষ্ট, নিযোজিত, আজ্ঞাপ্রাপ্ত, অবধারিত।
নিযুত, সংখ্যা বিশেষ, দশ লক্ষ।
নিযুদ্ধ, বাহুযুদ্ধ, মল্লযুদ্ধ।
নিযোক্তা, নিয়োগ কর্ত্তা, নিযোজক, আজ্ঞাদায়ক, প্রেরক।
নিয়োগ, আজ্ঞা, নিযোজন, অনুমতি; অবধারণ।
নিয়োগী, নিয়োগ বিশিষ্ট, নিযুক্ত, আজ্ঞাপ্রাপ্ত, ব্যাপৃত।
নিয়োগ্য, প্রভু, কর্ত্তা, নিয়োগকারক
নিযোজন, নিযুক্ত করণ, প্রেরণ, আদেশন।
নিযোজ্য, প্রেষ্য, কিঙ্কর, দাস।
নিযোদ্ধা, কুক্কুট; বাহুযুদ্ধকারী, মল্ল।
নিরংশ, অংশ রহিত ভাগ শূন্য, অনধিকারী।
নিরঙ্কুশ, বাধাশূন্য, অনিবার্য্য, স্বতন্ত্র।
নিরঞ্জন, নির্ম্মল, নিষ্কলঙ্ক; তেজোময়, বিসর্জ্জন, ত্যাগ।
নিরঞ্জনা, পূর্ণিমা তিথি; নির্ম্মলা।
নিরত, অতিশয় অনুরক্ত, আসক্ত।
নিরন্তর, নিবিড়, ঘন, অনবকাশ; অনবরত, অবিচ্ছেদ, সর্ব্বদা।
নিরন্তরাভ্যাস, স্বাধ্যায়, বেদাধ্যয়ন; সর্ব্বদা আবৃত্তিকরণ। [নিরেট।
নিরন্তরাল, অবিচ্ছেদ; নিরবকাশ,
নিরন্বয়, সন্ততি শূন্য; অপ্রামাণ্য; অর্থহীন; অসম্বন্ধ। [হীন।
নিরপত্য, নিঃসন্তান, পুত্র কন্যা বি-
নিরপত্রপ, নির্লজ্জ, লজ্জাহীন।
নিরপায়, রক্ষা; নির্ব্বিঘ্ন; অনুদ্বেগ।
নিরপায়ী, নিত্য; নির্ব্বিঘ্ন।
নিরপেক্ষ, স্বাধীন, অনপেক্ষ।
নিরব, নিঃশব্দ, মৌনী, অবাক্।
নিরবগ্রহ, স্বাধীন, স্বতন্ত্র; বৃষ্টি প্রতিবন্ধকাভাব। [অন্যসম্বন্ধ হীন।
নিরবচ্ছিন্ন, শুদ্ধ, কেবল, তন্মাত্র,
নিরবদ্য, অতুচ্ছ; অনিন্দনীয়, উৎকৃষ্ট, উত্তম; সাঙ্গ।
নিরবধি, নিরন্তর, সর্ব্বদা; অসীম।
নিরবয়ব, অবয়ব হীন, নিরঙ্গ, নিরাকার।
নিরবলম্বন, নিরাশ্রয়, অসহায়।

নিরবসর, অনবকাশ ; ব্যস্ত, ব্যাপৃত।
নিরবহালিকা, প্রাচীর, ভিত্তি, দেও-
য়াল।
নিরয়, নরক, দুঃখভোগ স্থান। [র্গল।
নিরর্গল, অবাধ, অপ্রতিবন্ধক, অন-
নিরর্থক, ব্যর্থ, অপ্রয়োজন, অনর্থক,
বিফল, মিথ্যা। [নাভাব।
নিরশন, অনশন, অনাহার, ভোজ-
নিরস, রসহীন, রসাভাব, শুষ্ক।
নিরসন, প্রত্যাখ্যান, নিরাকরণ, খ-
ণ্ডন ; বধ ; নিষ্ঠীবন, থুথু, বিবর্জ্জন।
নিরস্ত, প্রত্যাখ্যাত, নিরাকৃত, ক্ষান্ত,
নিবৃত্ত ; ত্যক্ত বাণাদি।
নিরস্তকারী, ক্ষান্তকারক, নিবর্ত্তক।
নিরহ-নিরীহ, শান্ত, অবিবাদী, ধীর।
নিরক্ষদেশ, দেশবিশেষ।
নিরাকরণ, নিবারণ, প্রত্যাখ্যান,
খণ্ডন, বহিষ্করণ।
নিরাকরিষ্ণু, নিরাকরণশীল, প্রত্যা-
খ্যাতা, দূরীকর্ত্তা, খণ্ডনকর্ত্তা।
নিরাকাঙ্ক্ষ, নিস্পৃহ, সন্তুষ্ট, শান্ত।
নিরাকার, আকার রহিত, অশরীর ;
পরমেশ্বর, ব্রহ্ম। [বারিত।
নিরাকৃত, প্রত্যাখ্যাত, দূরীকৃত, নি-
নিরাকৃতি, অমূর্ত্তি, আকৃতি শূন্য,
বহিষ্করণ, প্রত্যাখ্যান।
নিরাচার, অনাচার, আচার শূন্য।
নিরাট, দৃঢ়, শক্ত ; অচ্ছিদ্র ; অক্ষত।
নিরাতঙ্ক, নিঃশঙ্ক, নির্ভাবনা, নির্ভয়।
নিরাতপা, রাত্রি, নিশা, রজনী ; আ-
তপ শূন্য। [শূন্যস্থিত।
নিরাধার, আধার শূন্য ; অনাশ্রয় ;
নিরাধারা, অনবরত ; আধার শূন্য।
নিরাপদ, অনাপদ, নির্ব্বিঘ্ন।
নিরাপদীয়, নির্ব্বিঘ্ন, আপদ শূন্য।
নিরাবাধ, যাহার বাধ হইতে পারে না।
নিরাময়, রোগরহিত, অগদ, নীরোগ।
নিরামালু, কপিথ, কতবেল।
নিরালম্ব, অবলম্বন শূন্য, অনাশ্রয়।
নিরালয়, উদাসীন ; আলয় রহিত।
নিরালা, নিভৃত, নির্জ্জন, বিরল, রহঃ।
নিরাশ, আশা শূন্য, হতাশ।
নিরাসক, প্রত্যাখ্যান কর্ত্তা, বহি-
ষ্কারক, খেদানিয়া।
নিরাসন, আসন শূন্য, উপবেশন
স্থান হীন ; খণ্ডন। [জনাভাব।
নিরাহার, অভোজন, অনশন, ভো-
নিরিন্দ্রিয়, ইন্দ্রিয় শূন্য, অন্ধ পঙ্গু
প্রভৃতি। [নাস্তিক।
নিরীশ, লাঙ্গলের ফাল ; ঈশ শূন্য ;
নিরীশ্বর, ঈশ্বরাভাব বাদী, নাস্তিক।
নিরীহ, স্থির, শান্ত, ধীর, শিষ্ট।
নিরীক্ষণ, অবলোকন, দর্শন, দেখন।
নিরীক্ষিত, দৃষ্ট, অবলোকিত, দেখা।
নিরুক্ত, বেদাঙ্গ বিশেষ, পদভঞ্জন
ব্যাকরণ। [ত্তর রহিত, অবাক।
নিরুত্তর, প্রতিবাক্যে অসমর্থ, প্রত্যু-
নিরুত্তাপ, উত্তাপ শূন্য, সন্তাপ র
হিত ; স্নিগ্ধ, শীতল।
নিরুদ্ধ, বেষ্টিত, কৃতাবরোধ, রুদ্ধ।
নিরুদ্যোগ, উদ্যম হীন, উদ্যোগা-
ভাব বিশিষ্ট। [হীন।
নিরুপদ্রব, উৎপাত রহিত, দৌরাত্ম
নিরুপধি, উপাধি হীন, অব্যাজ, অ-
চ্ছল, অকপট, নির্ম্মল, শুদ্ধ।
নিরুপম, অতুল, উপমাশূন্য, অনুপম।
নিরুপেক্ষ, উপেক্ষা শূন্য, যাহার উ-
পেক্ষা নাই। [য়ের কারণ।
নিরূপক, নিয়ামক, নিশ্চায়ক, নির্ণ-
নিরূপণ, নির্ণয় করণ, বিতর্কণ, স্থির-
করণ, অবধারণ।
নিরূপিত, কৃত নিরূপণ ; নিযুক্ত, নি-
র্ণীত, স্থিরীকৃত
নিরেট, ছিদ্র শূন্য ; দৃঢ়, শক্ত।
নিরোধ, বেষ্টন ; অবরোধ ; নাশ,
নিগ্রহ।
নিরোদ্ধব্য, রক্ষণীয়, পালনীয় ; রোধ
করিবার যোগ্য।

নির্ঋতি, অলক্ষ্মী; দিক্‌পাল বিশেষ; নিরুপদ্রব।
নির্ঋথ, সামবেদ
নির্গ, দেশ, জনপদ
নির্গত, নিঃসৃত, বহিঃপ্রাপ্ত, নিষ্ক্রান্ত।
নির্গন্ধ, গন্ধ শূন্য, গন্ধহীন। [গাছ।
নির্গন্ধপুষ্পা, শাল্মলিবৃক্ষ, শিমুল-
নির্গম, বহির্গমন, নিঃসরণ।
নির্গমন, বহির্গমন নিঃসরণ; প্রস্থান করণ।
নির্গলন, দ্রবকরণ, গলান।
নির্গুণ, সত্ত্ব রজ তমো গুণ হীন; বিদ্যাদি শূন্য। [শিউলী।
নির্গুণ্ডী, নীলশেফালিকা পুষ্প, নীল
নির্গূঢ়, বৃক্ষকোটর, গাছের খোড়ল।
নির্গ্রন্থ, নগ্নক, দরিদ্র, মূর্খ, মুনি; দ্যূতদায়ী। [অপরিচ্ছদ।
নির্গ্রন্থক, সন্ন্যাসি বিশেষ, নিষ্ফল,
নির্গ্রন্থন, মারণ, হনন, বধকরণ।
নির্গ্রন্থিক, নিপুণ, পটু; হীন, জঘন্য।
নির্ঘট, বহুজনযুক্ত সঙ্কীর্ণ হাট; কর-শূন্য হাট, ঘটশূন্য।
নির্ঘণ্ট, গ্রন্থের সূচীপত্র।
নির্ঘাত, বাতাসের অভিহত হইয়া যে শব্দ হয়, মহাশব্দ।
নির্ঘোষ, শব্দ, ধ্বনি, কোলাহল।
নির্জন, নিভৃত, রহঃ, জনশূন্য স্থান।
নির্জয়, অজয, সর্ব্বাঙ্গজয়।
নির্জর, অমর, দেবতা; অজর, শক্ত।
নির্জল, জলশূন্য, মরুভূমি।
নির্জিত, প্রাপ্ত পরাজয়, পরাজিত, পরাভূত, বশীভূত।
নির্জিতেন্দ্রিয়, যতি, সর্ব্ব প্রকারে ইন্দ্রিয় দমন কারী।
নির্জীব, জীবাত্মরহিত; প্রাণ শূন্য; দুর্ব্বল, শ্রান্ত।
নির্ঝর, পর্ব্বত হইতে অবতীর্ণ জল-প্রবাহ, পাহাড়ের ঝরণা, উনুই।
নির্ঝরিণী, নদী, স্রোতস্বতী।
নির্ঝরী, ঝোরণা, পর্ব্বত; জলাকর যুক্ত স্থান।
নির্ণয়, নিশ্চয়, অবধারণ, স্থিরকরণ।
নির্ণয়ন, নিশ্চয় করণ, স্থির করণ।
নির্ণায়ক, নিশ্চয়কারক, নিষ্পাদক, নিষ্পত্তিকারক।
নির্ণিক্ত, পরিষ্কৃত, অপনীত মল, শোধিত, ক্ষালিত। [কৃত।
নির্ণীত, কৃতনিশ্চয, স্থিরীকৃত, নিশ্চয়ী
নির্ণেজক, রজক, ধোপা। [কর্ত্তা।
নির্ণেতা, নিশ্চয়কারক, অবধারণ
নির্দয়, নিষ্ঠুর, কঠিন, দয়াশূন্য।
নির্দয়তা, নিষ্ঠুরত, দয়াশূন্যতা।
নির্দ্দর, নির্ভয়, সার, কঠিন।
নির্দ্দহন, ভল্ল তরু, ভেলা; অগ্নিশূন্য।
নির্দ্দহনী, মূর্ব্বালতা।
নির্দ্দায, দায়রহিত; অনাপদ।
নির্দ্দিষ্ট, নিরূপিত, স্থিরীকৃত, নিশ্চিত।
নির্দ্দেশ, নিরূপণ, আজ্ঞা, আদেশ, বর্ণনা, কথন, নির্ণয়। [কথন।
নির্দ্দেশন, নির্ণয় করণ; প্রমাণ সাধন
নির্দ্দোষ, দোষরহিত, অপরাধ শূন্য।
নির্দোষতা, দোষাভাব, অনপরাধ।
নির্ধন, ধনশূন্য, দরিদ্র।
নির্ধর্ম্ম, ধর্ম্ম রহিত, অধার্ম্মিক।
নির্ধার, নিশ্চয়; শুদ্ধ, ঋণমুক্ত, ভোতা।
নির্ধারণ, নির্ণয়করণ, স্থিরকরণ।
নির্ধারিত, কৃতনিশ্চয়, নির্ণীত, নিরূপিত। [যোগ্য।
নির্ধার্য্য, নিশ্চিত, স্থির করিবার
নির্ধূত, বহিষ্কৃত; পরিত্যক্ত, বিবর্জিত।
নির্ধৌত, প্রক্ষালিত; ধোয়া।
নির্নিক্ত, ধৌত, প্রক্ষালিত।
নির্নিষ্ঠ, অস্থির, চঞ্চল।
নির্বংশ, নিঃসন্তান, বংশহীন।
নির্ব্বচন, নিশ্চয় কথন; বর্ণন।
নির্ব্বন্ধ, অভিনিবেশ; অভিলষিত প্রাপ্তি বিষয়ে বারং যত্ন; আগ্রহ,

জ্জেদ, আখুটি।
নির্ব্বন্ধী, অতিশয় অভিপ্রায় কারী, অত্যন্ত চেষ্টক, আগ্রহকারা।
নির্ব্বপণ, পিত্রাদির উদ্দেশে দান, ত্যাগ।
নির্ব্বর্ণন, দর্শন, অবলোকন।
নির্ব্বহ, বন্যজল, অপ্রবাহ
নির্ব্বহণ, নিষ্ঠা, ক্ষেপণ, যাপন।
নির্ব্বাচন, বাছন, চুনন, নির্দ্দিষ্টকরণ।
নির্ব্বাণ, অস্তগমন, অন্তর্দ্ধান, মোক্ষ; লয, মৃত; নিবৃত্তি, বিশ্রাম; হস্তির অবগাহন।
নির্ব্বাত, বায়ুরহিত স্থান, নিঝুম।
নির্ব্বাদ, অপবাদ, নিন্দা, অবজ্ঞা, বাতাভাব। [বধ।
নির্ব্বাপণ, দান, ত্যাগ; প্রাণনাশ,
নির্ব্বার্য্য, নিঃশঙ্ক; দুর্বৃত্ত; দুঃসাহস।
নির্ব্বাস, বহিষ্করণ, দূরীকরণ।
নির্ব্বাসন, দূরীকরণ, নগরাদি হইতে বহিষ্কৃত করণ। [কার্য্য সাধন।
নির্ব্বাহ, নিষ্পত্তি, সমাপ্তি, কার্য্যক,
নির্ব্বাহক, নিষ্পত্তিকারক, প্রতিপালক, সম্পাদক।
নির্ব্বাহাচল, বৃত্তিব্যাঘাত, অনিবৃত্তি।
নির্ব্বিকার, বিকার শূন্য; ঘৃণাহীন।
নির্ব্বিঘ্ন, অবাধ; অক্লেশ, অনুদ্বেগ।
নির্ব্বিন্ন, কাতর; দুঃখী। [হীন।
নির্ব্বিবাদ, বিবাদ শূন্য, আপত্তি-
নির্ব্বিষা, তৃণবিশেষ, নির্ব্বিষী।
নির্ব্বিষ্ট, বিবাহিত; দীক্ষিত।
নির্ব্বীর, বীরশূন্য, শূরহীন। [স্ত্রী।
নির্ব্বীরা, অবীরা, পতি পুত্র বিহীনা
নির্বৃত, স্বস্থ; কুশলী, নিশ্চিন্ত।
নির্বৃতি, সুখ, শান্তি, কুশল, কর্ম্মসিদ্ধি; মুক্তি; মৃত্যু।
নির্বৃত্ত, নিষ্পন্ন, সমাপ্ত, সিদ্ধ।
নির্বৃত্তি, সিদ্ধি, নিষ্পত্তি, নিষ্পাদন।
নির্ব্বেদ, আপনার অবজ্ঞা, স্বাবমানন।
নির্ব্বেশ, বেতন, ভৃতি, ভোগ; বিবাহ।
নির্ব্বেষ্টন, বেষ্টন রহিত, অঘের।
নির্ব্বোধ, অজ্ঞান, অবোধ, বুদ্ধিহীন।
নির্ব্যথন, ছিদ্র; ব্যথাভাব, নিশ্চয় পীড়ন। [সমাপ্ত, সম্পূর্ণ।
নির্ব্যূঢ়, বিবর্জ্জিত, ত্যক্ত; শেষ,
নির্ভট, দৃঢ়, কঠিন, শক্ত। [ভরসা।
নির্ভয়, ভয় রহিত, নিঃশঙ্ক, সাহস,
নির্ভর, অতিশয়; অবলম্বন, তন্মাত্রাশ্রয়; ভার, আশ্বাস, আশা, ভরসা।
নির্ভর্ৎসন, নিন্দা, তিরস্কার, কুৎসন।
নির্ভর্ৎসিত, নিন্দিত, তিরস্কৃত, ধিক্কৃত। [ভাগ্য।
নির্ভাগ্য, ভাগ্যরহিত, দুরদৃষ্ট, মন্দ-
নির্ভাজন, অধিকারচ্যুত, পদচ্যুত।
নির্ভুল, শুদ্ধ; অশুদ্ধিহীন; ভ্রমরহিত।
নির্মদ, মত্ততা শূন্য, গর্ব্বহীন।
নির্মন্থ্যদারু, অরণি, অগ্নির উৎপাদক কাষ্ঠ। [কৃপাহীন।
নির্ম্মম, মমতাহীন, নিঃস্নেহ, নির্দ্দয়,
নির্ম্মমতা, স্নেহরাহিত্য, দয়াশূন্যতা, নিস্নেহতা।
নির্ম্মর্য্যাদ, মান্যতাহীন, অনাদরকারী, মর্য্যাদা শূন্য; অসম্ভ্রমকারী।
নির্ম্মল, মল রহিত, স্বচ্ছ, পরিষ্কৃত, শুদ্ধ।
নির্ম্মলতা, শুদ্ধতা, পরিচ্ছন্নতা।
নির্ম্মলোপল, স্ফটিক। [করণ
নির্ম্মাণ, গঠন, রচন, গাঁথন, সৃষ্টি-
নির্ম্মাতা, নির্ম্মাণকারক; শিল্পকারী; গঠক; নির্ম্মাপক; রচক। [গাঁথক।
নির্ম্মাপক, নির্ম্মাণ কর্ত্তা, রচক;
নির্ম্মাপণ, নির্ম্মাণ করাণ, গাঁথন, গঠন নিষ্পাদন।
নির্ম্মায়ক, নির্ম্মাণকর্ত্তা, নির্ম্মাণক।
নির্ম্মাল্য, দেবোচ্ছিষ্ট দ্রব্য, নিবেদিত পুষ্পাদি।
নির্ম্মিত, গঠিত, রচিত, কৃতনির্ম্মাণ।
নির্ম্মুক্ত, অবদ্ধ; ত্যক্ত; খোলা; মুক্তকঞ্চুক, খোলস ছাড়া।

নির্ম্মুট, করশূন্য হাট; বৃক্ষ; পুষ্প রহিত বৃক্ষ; সূর্য্য; খর্পর। [জ্ঞান।
প্রসূন, কুসুম, পুষ্প; ফল।
প্রসূনেষু, কামদেব, কন্দর্প, মদন।
প্রসৃত, দুই পল; আকুঞ্চিত হস্ত, অর্দ্ধাঞ্জলি; প্রসারিত; বিনীত; বেগিত; গত; নিযুক্ত।
প্রসৃতা, জঙ্ঘা, জাং।
প্রসৃতি, আকুঞ্চিত করতল, অর্দ্ধাঞ্জলি, এক কোষ।
প্রসেক, সেচন; চ্যুতি, ক্ষরণ। [বন।
প্রসেদিকা, ক্ষুদ্র আরাম, ক্ষুদ্র উপ-
প্রসেদিবান্, প্রসন্ন, অনুগ্রহান্বিত।
প্রসেবক, বীণার প্রান্তস্থ বক্র কাষ্ঠ; বীণাস্থিত অলাবু ফল।
প্রস্কন্দন, বিরেক, রেচন।
প্রস্কন্ন, ঋষিবিশেষ; পতিত। [শিলা।
প্রস্তর, পাষাণ, পাতর, উপল, অশ্মা,
প্রস্তাব, অবসর; প্রসঙ্গ; প্রকরণ; বৃত্তান্ত; কথানুষ্ঠান।
প্রস্তাবনা, আরম্ভ; বাক্যানুষ্ঠান।
প্রস্তাবিত, কথিত, উল্লেখিত, কৃতপ্রসঙ্গ। [বিরচিত শয়নীয়।
প্রস্তার, তৃণবন, তৃণাটবী; পল্লবাদি-
প্রস্তার্য্যর্ম্ম, নেত্ররোগ বিশেষ।
প্রস্তির, পল্লবাদি রচিত শয্যা।
প্রস্তীত, সংহত; স্বনিত, শব্দিত।
প্রস্তুত, প্রকরণ প্রাপ্ত, প্রাকরণিক, প্রাসঙ্গিক; নিষ্পন্ন; উপস্থিত; প্রতিপন্ন; উদযুক্ত; উদ্যত।
প্রস্থ, পরিমাণ বিশেষ, আঢ়ক চতুর্থাংশ, দ্বিশরাব পরিমাণ; পর্ব্বতের এক দেশ; পর্ব্বতীয় ভূমি; বিস্তার, পরিসর। [বিশেষ, লেবু।
প্রস্থপুষ্প, স্বল্প পত্র তুলসী; জম্বীর-
প্রস্থান, অভিনির্যাণ; প্রয়াণ, গমন।
প্রস্থানবিঘ্ন, গমন ব্যাঘাত, গমনের বাধা।
প্রস্থাপন, প্রেরণ, প্রেষণ, পাঠান।
প্রস্থাপিত, প্রেষিত, প্রেরিত; প্রকৃষ্টরূপে স্থাপিত।
প্রস্থিত, প্রযাত, যাত, চলিত।
প্রস্ফুট, ব্যক্ত, প্রকাশ; প্রফুল্ল।
প্রস্ফুটিত, প্রফুল্লিত, প্রকাশিত, বিকশিত। [বিকশন; পাচন।
প্রস্ফোটন, সূর্প, কুলা; তাড়ন;
প্রস্রবণ, প্রকৃষ্ট রূপে ক্ষরণ; চুয়ান, পর্ব্বতের নির্ঝর; ঘর্ম্ম।
প্রস্রাব, মূত্র, মূত।
প্রস্বান, উচ্চৈঃশব্দ, মহাধ্বনি।
প্রস্বেদ, অতিশয় ঘর্ম্ম, অতিশয় ঘাম।
প্রহত, প্রকৃষ্টরূপে হিংসিত; বিনষ্ট।
প্রহনন, মারণ, হিংসন, ঘাতন।
প্রহনেমি, চন্দ্র, বিধু, শশী। [যাম।
প্রহর, দিবসের অষ্ট ভাগের এক ভাগ,
প্রহরণ, অস্ত্র; যুদ্ধ; প্রহার।
প্রহরী, যামিক, কোটাল, চৌকীদার।
প্রহর্ত্তা, প্রহারকারী, আঘাত কর্ত্তা; ঘাতক, হিংসক।

প্রহর্ষ, অতিশয় আহ্লাদ, উল্লাস।
প্রহর্ষণ, হর্ষবিশিষ্ট; হর্ষকারক।
প্রহর্ষণী, হরিদ্রা, হলুদ, ত্রয়োদশাক্ষর ছন্দোবিশেষ।
প্রহসন, প্রহাস; পরিহাস, আক্ষেপ।
প্রহস্ত, বিস্তৃত অঙ্গুলি পাণি, চপেট, চাপড়; রাবণের সেনাপতি বিশেষ।
প্রহার, আঘাত, মারণ।
প্রহারণ, ঘাতন, মারণ।
প্রহারী, আঘাতী, মারণকারী।
প্রহাস, শিব; নট, সোমতীর্থ; অট্টহাস, উচ্চহাস্য।
প্রহাসী প্রকৃষ্টহাসক, ভাঁড়; বিদূষক।
প্রহি, কূপ, কূপা।
প্রহিত, ক্ষিপ্ত; নিরস্ত; প্রেরিত।
প্রহীণ, পরিত্যক্ত, পরিত্যজ্য।
প্রহৃত, প্রহার প্রাপ্ত; আঘাতিত।
প্রহৃষ্ট, সন্তুষ্ট, উল্লাসিত, আনন্দিত।
প্রহেণক, পিষ্টক বিশেষ।
প্রহেলিকা, দুর্বিজ্ঞানার্থ প্রশ্ন, কূটার্থ ভাষিত কথা, দুরূহ বাক্য, হেঁয়ালি।
প্রহ্রাদ, দেব বিশেষ, হিরণ্যকশিপুর পুত্র।
প্রহ্লত্তি, প্রীতি, তৃপ্তি, তুষ্টি। [শব্দ।
প্রহ্লাদ, হিরণ্যকশিপু পুত্র; প্রমোদ,
প্রহ্ব, নম্র; নত; আসক্ত, অনুরক্ত।
প্রক্ষালন, ধাবন, ধৌতকরণ; মার্জ্জন।
প্রক্ষালিত, ধৌত, ধোয়া, মার্জ্জিত, মাজা। [ক্ষেপণ, ফেলা।
প্রক্ষেপ, ঔষধাদিতে ক্ষেপণীয় দ্রব্য;
প্রক্ষেপণ, প্রকৃষ্টরূপে ফেলিয়া দেওন; নিক্ষেপণ; দূরে ফেলন।
প্রক্ষ্বেড়ন, নারাচ, লৌহময় বাণ বিশেষ।
প্রাংশু, ঊর্দ্ধ, উচ্চ। [মায়া নর্ত্তক।
প্রাকম্বিক, ষিদ্গা, লম্পট, কামুক;
প্রাকাম্য, শিবের অষ্ট প্রকার ঐশ্বর্য্যের অন্তর্গত ঐশ্বর্য্য বিশেষ; যথেষ্টতা, প্রাচুর্য্য।
প্রাকার, ইষ্টকাদি রচিত বেষ্টন, বপ্র, প্রাচীর; ঘের, বেড়। [যথার্থ।
প্রাকৃত, নীচ, অন্ত্যজ, ভাষাবিশেষ;
প্রাকৃতজ্বর, বর্ষা শরদ্বসন্ত ঋতুতে ক্রমে বাত পিত্ত কফ জ্বর।
প্রাকৃতদোষ, বর্ষা শরদ্বসন্ত ঋতুতে কুপিত বাত পিত্ত কফ।
প্রাকৃতপ্রলয়, প্রকৃতির লয়, প্রকৃতির নাশ, মহা প্রলয়।
প্রাকৃতমানুষ, সামান্য মনুষ্য।
প্রাকৃতমিত্র, স্বদেশ ব্যবহিত দেশাবস্থিত রাজাদি। [রাজাদি।
প্রাকৃতশত্রু, এক বিষয়াভিনিবেশি
প্রাকৃতিক, প্রকৃতিবিকার; প্রকৃতিসম্বন্ধী। [আদৌ।
প্রাক্, পূর্ব্বদিক্, পূর্ব্বদেশ, পূর্ব্বকাল,
প্রাক্কাল, পূর্ব্বকাল, পূর্ব্ব সময়।
প্রাক্তন, প্রাগ্ভব, পূর্ব্বকালীন; ভাগ্য, কপাল, অদৃষ্ট। [কার্য্য।
প্রাক্তনকর্ম্ম, ভাগ্য, অদৃষ্ট, পুরাকৃত
প্রাক্ফল, পনস, কাটাল।
প্রাক্ফল্গুনী, পূর্ব্বফল্গুনী নক্ষত্র।
প্রাক্ফল্গুনীভব, বৃহস্পতি; পূর্ব্বফল্গুনী নক্ষত্রে জাত।
প্রাক্ফাল্গুন, বৃহস্পতি, দেবগুরু।
প্রাখর্য্য, প্রখরত্ব, তীক্ষ্ণত্ব, ধার।
প্রাগভাব, অভাব বিশেষ, বিনশ্যাভাবত্ব; সম্ভাবনা। [ঔদ্ধত্য।
প্রাগল্ভ্য, প্রগল্ভতা, ব্যাপকতা;
প্রাগুদীচী, পূর্ব্বোত্তর দিক্, ঈশানকোণ। [রাজপুর।
প্রাগজ্যোতিষ, কামরূপদেশ; নরক-
প্রাগ্বংশ, পূর্ব্বকুল, পূর্ব্বপুরুষ।
প্রাগ্বৎ পূর্ব্ববৎ, পূর্ব্বের ন্যায়।
প্রাগ্ভাব, পর্ব্বতাগ্রভাগ; পূর্ব্বাবস্থা।
প্রাগ্রহর, শ্রেষ্ঠ, উত্তম, প্রধান।
প্রাগ্রাট, অঘন দধি, পাতলা দধি।
প্রাগ্র্য, শ্রেষ্ঠ, প্রধান, বর।
প্রাঘাত, যুদ্ধ, রণ, সমর।

প্রাঘার, ঘৃতাদি ক্ষরণ; শেচ্যাভন।
প্রাঘুণ, অতিথি, অভ্যাগত।
প্রাঘুণিক, অতিথি, অভ্যাগত।
প্রাঙ্, পূর্ব্বদিক্, পূর্ব্বদেশ, পূর্ব্বকাল।
প্রাঙ্গ, বাদ্যবিশেষ, পণববাদ্য।
প্রাঙ্গন, গৃহভূমি, অঙ্গিনা, উঠান, অজির, চত্বর; পণববাদ্য।
প্রাঙ্ন্যায়, চতুর্বা উত্তরান্তর্গত উত্তর বিশেষ; পূর্ব্ববৎ, পূর্ব্বের ন্যায়।
প্রাঙ্মুখ, পূর্ব্বমুখ, পূর্ব্বাস্য।
প্রাচিকা, বনমক্ষিক, ডাঁশ, দংশকীট।
প্রাচী, পূর্ব্বদিক্, সূর্য্যোদয় দিক্।
প্রাচীন, পূর্ব্বদিক্ বা পূর্ব্বদেশে বা পূর্ব্বকালে জাত; প্রাচীর, আবেষ্টক; পুরাতন, পূর্ব্বকালীন, বৃদ্ধ।
প্রাচীনগাথ, ঐতিহ্য, পুরাতন কথা।
প্রাচীনপনস, বিল্ব, বেল, শ্রীফল।
প্রাচীনবর্হি, ইন্দ্র; রাজাবিশেষ।
প্রাচীনা, বনতিক্তিকা লতা, আকনাদি, প্রাগ্জাত; বৃদ্ধ, স্থবির; পূর্ব্বকালীন।
প্রাচীনাবীত, বামকর বহিষ্কৃত করিয় দক্ষিণ স্কন্ধার্পিত যজ্ঞসূত্র।
প্রাচীনামলক, পানিয়ামলক, পানী আমলা।
প্রাচীপতি, ইন্দ্র, শক্র, সুরপতি।
প্রাচীর, প্রান্ততোদ্গতি, পাঁচাল, ভিত্তি, দেওয়াল।
প্রাচুর্য্য, বাহুল্য, প্রচুরতা, বহুত্ব।
প্রাচ্য, শরাবতী নদীর পূর্ব্ব দক্ষিণ দেশ; পূর্ব্বদেশীয়।
প্রাজক, সারথি; রথবাহক।
প্রাজন, তোদন, পাচনী বাড়ি, অশ্বাদি তাড়ন দণ্ড।
প্রাজাপত্য, দ্বাদশ হ সাধ্য ব্রত বিশেষ; রোহিণীনক্ষত্র, প্রয়াগ, কায় নামক বিবাহ, যাগবিশেষ।
প্রাজাপত্য, প্রব্রজ্যা আশ্রমে প্রবেশার্থ সর্ব্বস্ব দক্ষিণা দিয়া যজ্ঞকরণ।
প্রাজিতা, সারথি; প্রকৃষ্ট গন্তা।
প্রাজ্ঞ, বিদ্বান্, পণ্ডিত; দক্ষ, নিপুণ; রাজশুক। [মান্য।
প্রাজ্ঞমানী, পণ্ডিতাভিমানী, পণ্ডিত-
প্রাজ্ঞা, বুদ্ধিমতী, ধীমতী; বিদুষী, পণ্ডিতা; নিপুণা।
প্রাজ্ঞী, স্বয়ংজ্ঞাত্রী; পণ্ডিতপত্নী;
প্রাজ্য, প্রচুর, যথেষ্ট, বহু, অধিক।
প্রাঞ্জল, সরল, ঋজু, সোজা।
প্রাঞ্জলি, সংযুক্ত করদ্বয়, অঞ্জলিপুট।
প্রাট্, পৃচ্ছাকারক, প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক। [দর্শক, বিচারক।
প্রাড্বিবাক, ব্যবহার দ্রষ্টা, জজ্, অক্ষ-
প্রাণ, হৃদিস্থ বায়ু; জীব; অনিল; নিশ্বাস; বল।
প্রাণক, সত্ত্বজাতীয়; প্রাণিমাত্র।
প্রাণগ্রহণ, প্রাণনাশন, প্রাণহরণ।
প্রাণঘাতক, প্রাণনাশক, প্রাণহারী, প্রাণহন্তা। [ত্যাগ, মৃত্যু, মরণ।
প্রাণত্যাগ, জীবন বিসর্জ্জন; জীবন-
প্রাণথ, বায়ু; বলবান; প্রজাপতি; তীর্থ। [প্রাণদাতা।
প্রাণদ, জল; রক্ত; জীবক বৃক্ষ;
প্রাণদণ্ড, বধদণ্ড, প্রাণ নাশক দণ্ড।
প্রাণদা, ঋদ্ধিবৃক্ষ, হরীতকী; প্রাণদাত্রী।
প্রাণন, জীবন, প্রাণ; গলদেশ, গলা।
প্রাণনাথ, পতি, স্বামী, প্রভু।
প্রাণন্ত, বায়ু, অনিল; রসাঞ্জন।
প্রাণন্ত, ক্ষুধা, ক্ষুত, হাঁচী; হিক্কা।
প্রাণপণ, প্রাণউৎসর্গ, প্রাণান্ত প্রাণত্যাগ পর্য্যন্ত পণ।
প্রাণপ্রতিম, প্রাণতুল্য প্রিয়তম।
প্রাণপ্রতিষ্ঠা, প্রতিমাদিতে দেবত্ব-করণ; জীবসংস্থান।
প্রাণপ্রদা, ঋদ্ধিনামক ওষধি; জীবদাত্রী, প্রাণদায়িনী। [প্রিয়তর।
প্রাণপ্রিয়, প্রিয়তম, প্রাণতুল্য-
প্রাণবস্তু, সজীব, জীবিত বস্তু।

প্রাণবিয়োগ, মৃত্যু, মরণ, দেহত্যাগ।
প্রাণভাস্বান্, সমুদ্র, সাগর, জলধি।
প্রাণময়কোষ, কর্ম্মেন্দ্রিয়সহিত প্রাণাদি পঞ্চক।
প্রাণসংযম, প্রাণায়াম, ন্যাস।
প্রাণসম, শরীর, দেহ, তনু।
প্রাণসম, প্রাণতুল্য, প্রাণসদৃশ।
প্রাণসমা, পত্নী, স্ত্রী, দার। [কারী।
প্রাণহন্তা, প্রাণনাশক, জীবন হত্যা-
প্রাণহা, প্রাণঘাতক, প্রাণহিংসক।
প্রাণহারক, প্রাণনাশক, প্রাণহন্তা।
প্রাণহিংসা, প্রাণনাশ, প্রাণধ্বংস।
প্রাণা, পক্ষিণী বিশেষ।
প্রাণাধার, শরীর, দেহ, তনু।
প্রাণাধিক, প্রাণ অপেক্ষা অধিক-স্নেহ পাত্র।
প্রাণাধিনাথ, পতি, স্বামী।
প্রাণান্ত, প্রাণাবসান, প্রাণশেষ; মরণ।
প্রাণায়াম, যোগাঙ্গবিশেষ, ন্যাস-বিশেষ।
প্রাণিদ্যূত, পণপূর্ব্বক মেষকুক্কুটাদির-যুদ্ধ, পণ প্রতিজ্ঞাকরণক প্রাণিদ্বারা-সংগ্রাম, সমাহ্বয়, সাহ্বয়।
প্রাণিহিতা, পাদুকা; লোক হিত কারিণী।
প্রাণী, প্রাণবিশিষ্ট; মনুষ্যাদি; সচেতন জন্তু, শরীরী, দেহী, জীবী।
প্রাণীত্য, ঋণ, ধার, কর্জ্জ।
প্রাণেশ, পতি, স্বামী, প্রাণের ঈশ্বর।
প্রাণেশা, ভার্য্যা, পত্নী।
প্রাতঃ, প্রভাত, প্রগে, সূর্য্যোদয়াবধি ত্রিমুহূর্ত্তকাল। [কর্ম্ম।
প্রাতঃকর্ম্ম, প্রাতঃকালের কর্ত্তব্য
প্রাতঃকাল, সূর্য্যোদয়ের পর ছয় দণ্ড; প্রভাত।
প্রাতঃকৃত্য, প্রভাতের কর্ত্তব্য কর্ম্ম।
প্রাতঃসন্ধ্যা, প্রাতঃকালীন সন্ধ্যা, প্রাতঃকাল কর্ত্তব্য বৈদিক তান্ত্রিকোপাসনা।
প্রাতঃস্নান, প্রভাতে কর্ত্তব্য অবগাহন।
প্রাতরাশ, প্রাতঃকালীন ভোজন, কল্যবর্ত্ত, প্রাতর্ভোজন। [গাতব্য।
প্রাতর্গেয়, স্তুতিপাঠক; প্রভাতে
প্রাতর্ভোক্তা, কাক; প্রভাতে ভোজন কর্ত্তা।
প্রাতিকা, জবা। [শক্রতা।
প্রাতিকূল্য, বৈপরীত্য; বিপক্ষতা,
প্রাতিপদিক, অগ্নি, অনল; নাম, সংজ্ঞা। [লগ্নকস্থ।
প্রাতিভাব্য, প্রতিভূত্ব, জামিনী,
প্রাতিলোম্য, বৈপরীত্য, ব্যতিক্রম।
প্রাতিস্বিক, অসাধারণ, বিশেষ।
প্রাতিহার, মায়াকার, বাজীকর।
প্রাতীপ, প্রতীপরাজার পুত্র, শান্তনুরাজ।
প্রাত্যয়িক, বিশ্বাস বিষয়ক, বিশ্বাস্য।
প্রাথমকল্পিক, যে ব্যক্তি প্রথম বেদাধ্যয়ন আরম্ভ করিয়াছে।
প্রাথমিক, প্রাথম্য, প্রথমভাব; অগ্রিম, আদিম।
প্রাথম্য, প্রথমের ভাব, প্রথমতা।
প্রাদুঃ, প্রকাশ্য, স্ফুট; আবির্ভূত; সম্ভাব্য। [মহিমা।
প্রাদুর্ভাব, আবির্ভাব; উদয়, প্রকাশ।
প্রাদুর্ভূত, প্রকাশিত, ব্যক্ত।
প্রাদেশ, তর্জ্জনী সহিত বিস্তৃত অঙ্গুষ্ঠ; বিতস্তি, বিঘত।
প্রাদেশন, দান, অর্পণ। [লীন।
প্রাদোষ, প্রদোষ সম্বন্ধী, সায়ংকা-
প্রাধান্য, প্রধানত্ব, শ্রেষ্ঠত্ব।
প্রাধ্ব, দূরপথ, রথ, অনুকূল; নম্র।
প্রান্ত, অন্তভাগ, শেষ সীমা।
প্রান্ততঃ, প্রান্তভাগে, শেষভাগে।
প্রান্তর, দূরশূন্য পথ, দুর্গম পথ; ছায়া জলাদি রহিত পথ; বিপিন; কোটর।
প্রান্তশূন্য, দূর শূন্য পথ; ছায়াদি রহিত পথ।

প্রাপণ, প্রাপ্তি; পাওন; মিলান, ঘটান। [ক্রেতা।
প্রাপণিক, পণ্যবিক্রয়ী, দ্রব্যাদি বি-
প্রাপণীয়, প্রাপ্য, প্রাপ্তব্য।
প্রাপেয়, গন্ধর্ব্বগণ বিশেষ।
প্রাপ্ত, লব্ধ; আসাদিত; মিলিত; প্রস্থাপিত; প্রণিহিত।
প্রাপ্তপঞ্চত্ব, মৃত, গত, প্রেত।
প্রাপ্তব্য, প্রাপ্য, পাইবার যোগ্য।
প্রাপ্তব্যবহার, বয়ঃপ্রাপ্ত, বালগ।
প্রাপ্তভাব, লব্ধ সত্তাদি।
প্রাপ্তযৌবন, পূর্ণ ষোড়শ বর্ষ বয়স্ক, যুবা। [বান্।
প্রাপ্তরূপ, পণ্ডিত; মনোজ্ঞ; রূপ-
প্রাপ্তি, পাওয়া; লাভ; অধিগম; উদয়; ধনাদি বৃদ্ধি; অণিমাদি অষ্ট ঐশ্বর্য্যের অন্তর্গত ঐশ্বর্য্য বিশেষ, উপস্বত্ব।
প্রাপ্য, প্রাপ্তব্য; সমাসাদ্য, প্রাপণীয়।
প্রাফুল্ল্য, হর্ষ, আহ্লাদ, বিকাশ, প্রফুল্লতা।
প্রাবট, যব, শস্য বিশেষ।
প্রাবর, প্রাচীর, ভিত্তি; বেষ্টন।
প্রাবরণ, উত্তরীয় বস্ত্র, প্রচ্ছাদন, সংব্যান, উত্তরীয়ক, প্রকৃষ্ট আবরণ, আচ্ছাদন, আড়াল।
প্রাবর্ত্তক, প্রবৃত্তিজনক, নিয়োগকারক।
প্রাবল্য, প্রবলতা, সামর্থ্য, বিক্রম।
প্রাবার, উত্তরাসঙ্গ, উত্তরীয় বস্ত্র।
প্রাবারকীট, কীটবিশেষ।
প্রাবৃট্, বর্ষাকাল, শ্রাবণ ভাদ্র মাস।
প্রাবৃড়ত্যয়, শরৎকাল।
প্রাবৃত, প্রকৃষ্ট আবরণ, উপরিস্থ বস্ত্র; আচ্ছাদিত, ঘেরা।
প্রাবৃতি, প্রাচীর, পাঁচীল, দেওয়াল।
প্রাবৃষা, মেঘাগম, বর্ষাকাল।
প্রাবৃষায়ণী, কপিকচ্ছু লতা, আলকুশী।
প্রাবৃষিক, ময়ূর, বর্ষাকাল জাত।
প্রাবৃষেণ্য, কদম্ববৃক্ষ; কুটজ বৃক্ষ; বর্ষাকাল জাত।
প্রাবৃষেণ্যা, রক্তপুনর্নবা।
প্রাবৃষ্য, বৈদূর্য্যমণি; বর্ষাকালভব।
প্রাবোধিক, উষঃকাল, উষা সময়।
প্রাভব, শ্রেষ্ঠত্ব, প্রধানত্ব।
প্রাভাকর, মীমাংসক বিশেষ।
প্রাভৃত, উপহার, উপঢৌকন, ভেট, সওগাত।
প্রামাণিক, মর্য্যাদার্হ; শাস্ত্রজ্ঞ; পরিচ্ছেদক, প্রমাণকর্ত্তা, প্রমাণ লব্ধ।
প্রামাণ্য, প্রমাণ করণত্ব, প্রমাণ সিদ্ধ, গ্রাহ্যত্ব।
প্রামাদ্য, অনবধানতা, অমনোযোগ।
প্রামীত্য, ঋণ, ধার; মৃতত্ব।
প্রায়, বাহুল্যার্থ; তুল্যার্থ; কিঞ্চিন্ন্যূন সকল; মরণ; অনাহার মৃত্যু।
প্রায়ঃ, কিঞ্চিন্ন্যূন সমস্ত, বাহুল্যরূপ। [রূপ।
প্রায়শঃ, কিঞ্চিন্ন্যূন সমস্ত; বাহুল্য-
প্রায়শ্চিত্ত, পাপক্ষয় মাত্র সাধন কর্ম্ম, পাপ নাশন কার্য্য।
প্রায়িক, বাহুল্য; কিঞ্চিন্ন্যূন সর্ব্বত্র।
প্রায্যক্ষৈষী, ঘোটক, অশ্ব, তুরগ।
প্রায়োজ্য, প্রয়োজনার্হ, প্রয়োজনযোগ্য।
প্রায়োপবিষ্ট, প্রায়োপবেশবিশিষ্ট, মৃত্যুপর্য্যন্ত অভোজনে উপবিষ্ট।
প্রায়োপবেশ, সন্ন্যাস পূর্ব্বক অনশন স্থিতি।
প্রারব্ধ, শরীর আরম্ভক অদৃষ্টবিশেষ, অনুষ্ঠিত, আরম্ভ করা।
প্রারব্ধি, গজবন্ধন রজ্জু। [ষ্ঠান।
প্রারম্ভ, প্রকৃষ্ট আরম্ভ, উপক্রম, অনু-
প্রার্থক, যাচক, প্রার্থনাকারী; ইচ্ছুক।
প্রার্থন, যাচন, বাঞ্ছন।
প্রার্থনা, যাচ্ঞা, অর্থনা।
প্রার্থনীয়, প্রার্থনার বিষয়, যাচনীয়।
প্রার্থিত, যাচিত, শত্রুসংরুদ্ধ; অভিহিত, হত।

প্রালব্ধ, অদৃষ্ট, কপাল, প্রাক্তন।
প্রালম্ব, কণ্ঠাবধি ঋজু ভাবে লম্বমান মাল্য। [সুবর্ণ হার।
প্রালম্বিকা, স্বর্ণ রচিত হার বিশেষ,
প্রালেয়, হিম, শিশির; তুষার, বরফ।
প্রালেয়াংশু, চন্দ্র, শশী, শীতাংশু।
প্রাশন, প্রকৃষ্ট ভোজন; আহার।
প্রাশস্ত্য, প্রশস্ততা, উত্তমতা; বিস্তারত্ব, পরিসর, চৌড়াই।
প্রাশিত, ভক্ষিত, খাদিত।
প্রাশী, ভক্ষণকারী, ভোক্তা, খাদক।
প্রাশ্নিক, প্রশ্নকর্ত্তা, জিজ্ঞাসক; সভ্য।
প্রাস, কুন্তাস্ত্র, কোঁচ।
প্রাসক, প্রাস অস্ত্র, কুন্ত, কোঁচ; পাশক, পাশা।
প্রাসঙ্গ, যুগ, যোআলি।
প্রাসঙ্গ্য, যোআলি বাহক বৃষ।
প্রাসাদ, দেবগৃহ; রাজগৃহ; বৃহৎ অট্টালিকা। [পোত।
প্রাসাদকুক্কুট, পারাবত, পায়রা, ক-
প্রাসিক, প্রাসাস্ত্রধারী, কোঁচধারী; প্রাসপ্রহারী।
প্রাহ, নৃত্যোপদেশ, নাচ শিক্ষা।
প্রাহ্ন, পূর্ব্বাহ্ন, দিবার পূর্ব্ব ভাগ।
প্রাহ্নে, পূর্ব্বাহ্নে, দিবসের প্রথমভাগে। [কালীন।
প্রাহ্নেতন, পূর্ব্বাহ্ন সম্বন্ধীয়, পূর্ব্বাহ্ন-
প্রিয়, হৃদ্য, স্নেহপাত্র; ভর্ত্তা; স্বামী; মৃগবিশেষ; ঋদ্ধি নামে ঔষধ।
প্রিয়ক, চিত্রমৃগ; প্রিয়ঙ্গুবৃক্ষ; কুঙ্কুম।
প্রিয়ঙ্কর, প্রিয়কারক; প্রীতিভাজন।
প্রিয়ঙ্করী, বৃহজ্জীবন্তী বৃক্ষ; শ্বেতকণ্টকারি; অশ্বগন্ধা বৃক্ষ।
প্রিয়ঙ্গু, সুগন্ধিবৃক্ষবিশেষ, রাজিকা, রাইসর্ষা; পিপ্পলী, পিঁপুল।
প্রিয়জন, হৃদ্যলোক; স্নেহপাত্র।
প্রিয়তর, অত্যন্ত হৃদ্য, অতিশয় প্রিয়; ময়ূরপুচ্ছ; বৃক্ষ।

প্রিয়তা, হৃদ্যতা, হার্দ্দ্য; স্নেহ; প্রেম।
প্রিয়তোষণ, রতিবন্ধবিশেষ; প্রিয়ের তুষ্টি করণ। [হার্দ্দ্য, স্নিগ্ধতা।
প্রিয়ত্ব, প্রিয়তা, প্রেম, স্নেহ, প্রণয়,
প্রিয়দর্শন, মনোজ্ঞ দর্শন, চক্ষুষ্য; শুকপক্ষী; ক্ষীরিকা বৃক্ষ।
প্রিয়পাত্র, স্নেহভাজন, প্রিয়।
প্রিয়প্রায়, প্রিয়বাক্য, চাটুবচন।
প্রিয়প্রেপ্সু, ইষ্টার্থে উদ্যুক্ত; প্রিয়ার্থ উৎসুক।
প্রিয়ম্বর্ণী, প্রিয়ঙ্গু বৃক্ষ।
প্রিয়বাদী, মনোজ্ঞবক্তা, চারু কথক।
প্রিয়ব্রত, স্বায়ম্ভুব মনুপুত্র।
প্রিয়মধু, বলরাম, বলদেব।
প্রিয়ম্বদ, প্রিয়ভাষী, মিষ্টবাদী; খেচর; গন্ধর্ব্ববিশেষ।
প্রিয়সখ, প্রিয়বন্ধু; খদির।
প্রিয়সত্য, সুনৃতবাক্য, সত্য অথচ প্রিয়বাক্য। [বৃক্ষ।
প্রিয়সন্দেশ, প্রিয় সংবাদ; চম্পক-
প্রিয়সালক, বৃক্ষ বিশেষ, পিয়াসালগাছ। [মল্লিকা; মদিরা।
প্রিয়া, নারী; ভার্য্যা; এলাইচ;
প্রিয়াম্বু, আম্রবৃক্ষ, আম্র; হৃদ্য জল, স্নিগ্ধ জল।
প্রিয়াল, বৃক্ষবিশেষ, পিয়াল।
প্রিয়ালা, দ্রাক্ষা, কিস্‌মিস।
প্রিয়োদিত, চাটুবাক্য, প্রিয়বাক্যের বিষয়।
প্রীণ, পুরাতন; প্রীত।
প্রীণন, তৃপ্তিকরণ, তর্পণ।
প্রীত, প্রীতিযুক্ত, তৃপ্ত; প্রমুদিত।
প্রীতি, তৃপ্তি, প্রমোদ, হর্ষ, আমোদ, আনন্দ, প্রেম, প্রণয়।
প্রীতিজুষা, অনিরুদ্ধ পত্নী, উষা।
প্রীতিদ, ভণ্ড, ভাঁড়, বিদূষক; হর্ষদাতা।
প্রীতিদত্ত, প্রীতিপূর্ব্বক দেওয়া বস্তু।

প্রীতিভোজ্য, প্রীতি পূর্ব্বক ভক্ষণীয় অন্নাদি।
প্রীতিমান্, স্নেহান্বিত; প্রণয়ী।
প্লুষ্ট, দগ্ধ, পোড়া।
প্লুষ, ঋতু; দিবাকর।
প্লুষা, জলবিন্দু, জল কণা।
প্রেক, কীলক, শঙ্কু, গজাল।
প্রেঙ্খৎ, চলনবিশিষ্ট; সংসক্তি বিশিষ্ট; দোলন। [নৃত্য।
প্রেঙ্খা, দোলা; পর্য্যটন; অশ্বগতি;
প্রেঙ্খিত, কম্পিত, দোলিত।
প্রেঙ্খোলন, দোলা, ঝোলা।
প্রেঙ্খোলিত, দোলিত, তরলিত, দুলিত, ধুত, চলিত, কম্পিত, আন্দোলিত। [মৃত; পিশাচ।
প্রেত, নরকস্থ প্রাণী; ভূত বিশেষ;
প্রেতকার্য্য, প্রেতকর্ম্ম, মৃত ব্যক্তির দাহাদি সপিণ্ডীকরণান্ত কর্ম্ম।
প্রেতগৃহ, শ্মশান, শবদাহ স্থান।
প্রেততর্পণ, মরণাবধি সপিণ্ডী করণ পর্য্যন্ত প্রেত শব্দোল্লেখে জল দান।
প্রেতনদী, বৈতরণী নদী। [বিশেষ।
প্রেতপটহ, মরণকালে বাদনীয় বাদ্য-
প্রেতপতি, যম, কাল, মৃত্যু।
প্রেতপিণ্ড, মরণাবধি সপিণ্ডীকরণ পর্য্যন্ত প্রেত সম্প্রদানক পিণ্ড।
প্রেতপুর, যমালয়, যমপুরী।
প্রেতবন, শ্মশান, শবদাহ স্থান।
প্রেতবাহিত, ভূতাবিষ্ট, ভূতে পাওয়া।
প্রেতরাক্ষসী, তুলসী বৃক্ষ।
প্রেতশিলা, পিণ্ডদানার্থ গয়াস্থিত প্রস্তর বিশেষ।
প্রেতশৌচ, মৃত ব্যক্তির সংস্কারাদি।
প্রেতা, প্রেতভাবাপন্না, মৃতা।
প্রেত্য, লোকান্তর, পরকাল, অমুত্র।
প্রেম, সৌহৃদ্য; স্নেহ, প্রিয়তা, হার্দ্দ, প্রণয়, প্রীতি।
প্রেমপাতন, রোদন, নেত্রজল।
প্রেমভাজন, প্রণয়াধার, প্রিয়, স্নিগ্ধ।
প্রেমালিঙ্গন, স্নেহ পূর্ব্বক পরিষঙ্গ, নায়ক নায়িকার আলিঙ্গন বিশেষ।
প্রেমাস্পদ, স্নেহভাজন, প্রণয়স্থান।
প্রেমী, প্রেমযুক্ত, স্নেহবিশিষ্ট।
প্রেয়সী, প্রিয়তমা নারী, দয়িতা, কান্তা, বল্লভা, প্রিয়া। [প্রিয়।
প্রেয়ান্, পতি, দয়িত, কান্ত, বল্লভ,
প্রেরণ, প্রেষণ, পাঠান।
প্রেরণা, চোদনা, বিধি।
প্রেরয়িতা, প্রেরক, প্রেরণকর্ত্তা।
প্রেরিত, প্রেষিত, নিয়োজিত।
প্রেত্বরী, নদী, সরিৎ, তটিনী।
প্রেত্বা, সমুদ্র, জলধি, সাগর।
প্রেষ, প্রেরণ, পীড়া।
প্রেষণ, প্রেরণ, পাঠান। [শিষ্ট।
প্রেষিত, প্রেরিত, প্রস্থাপিত; প্রতি-
প্রেষ্ঠ, অতিশয় প্রিয়, অত্যন্ত স্নেহপাত্র। [জাং।
প্রেষ্ঠা, প্রেয়সী, প্রিয়তমা স্ত্রী; জঙ্ঘা,
প্রেষ্য, দাস, ভৃত্য; প্রেরণীয়।
প্রেক্ষণ, চক্ষুঃ; দর্শন, অবলোকন।
প্রেক্ষণকূট, চক্ষুর্গোলক; নেত্র রোগ।
প্রেক্ষা, প্রজ্ঞা; দর্শন, শাখা।
প্রৈষ, ক্লেশ; মর্দ্দন; উন্মাদ; প্রেরণ।
প্রৈষ্য, দাস, ভৃত্য, প্রেরণীয়।
প্রোক্ত, কথিত, প্রকর্ষে উক্ত।
প্রোঞ্ছন, প্রবর্জন; লোপন; মোছ, পোঁছা।
প্রোজ্জাসন, মারণ, হনন।
প্রোজ্ঝিত, ত্যক্ত, বর্জ্জিত।
প্রোণ্ঠ, পীগদান, নিষ্ঠীবন পাত্র।
প্রোত, বস্ত্র; খচিত, গুম্ফিত।
প্রোতোৎসাদন, বস্ত্রকুট্টিম; ছত্র।
প্রোৎফুল্ল, বিকসিত, প্রকাশিত।
প্রোৎসাহ, প্রকৃষ্ট উৎসাহ; অতিশয় যত্ন, অধ্যবসায়।
প্রোৎসাহক, প্রবর্ত্তক; উৎসাহ যুক্ত।
প্রোথ, অশ্বনাসিকা; স্ত্রীগর্ত্ত; গর্ত্ত;

ভয়ানক, ভীষণ; পথিস্থ, বর্ত্মস্থ।
প্রোথিত, নিখাত, পোঁতা, গাড়া।
প্রোষ, সন্তাপ, ক্লেশ, দুঃখ।
প্রোষিত, প্রবাসগত, বিদেশস্থ।
প্রোষিতপতিকা, বিদেশস্থ পতিকা।
প্রোষিতভর্ত্তৃকা, বিদেশস্থ পতিকা।
প্রোষ্ঠ, প্রোষ্ঠী মৎস্য, পুঁটীমাছ।
প্রোষ্ঠপদ, ভাদ্র মাস।
প্রোষ্ঠপদী, ভাদ্রী পূর্ণিমা। [শফরী।
প্রোষ্ঠী, মৎস্য বিশেষ, পুঁটীমাছ,
প্রোহ, হস্তি চরণ; পর্ব্ব; নিপুণ; তর্ক।
প্রোক্ষণ, যজ্ঞার্থ পশু হনন; সেচন।
প্রোক্ষণীয়, জলসেক দ্বারা সংস্কার্য্য।
প্রোক্ষিত, সিক্ত, যজ্ঞার্থ মন্ত্র দ্বারা সংস্কৃত মাংসাদি।
প্রৌঢ়, বর্দ্ধিত, প্রবৃদ্ধ, প্রগল্ভ; নিপুণ; যুবা; বিবাহিত।
প্রৌঢ়পাদ, আসনে আরোপিত পাদতল, আসনোপরি পাদতল দ্বয় সংযোগ পূর্ব্বক উপবেশন কর্ত্তা।
প্রৌঢ়া, নায়িকা বিশেষ, ত্রিংশৎ বৎসরাবধি পঞ্চান্ন বৎসর বয়স্কা।
প্রৌঢ়ি, সামর্থ্য; উৎসাহ; প্রগল্ভতা; উদ্যম, উদযোগ, অধ্যবসায়।
প্রৌণ, নিপুণ, পটু।
প্রৌষ্ঠপদ, ভাদ্রমাস।
প্লব, ভেলা; ভেক; মেষ; বানর; চণ্ডাল; কৈবর্ত্তী মুস্তক, কেউটেমুতা; প্লুতগতি; ক্রম নিম্ন ভূমি; গড়ান ভূমি; জল কাক, পানীকোড়ী; পর্কটী বৃক্ষ, পাকুড়; শব্দ; শত্রু; পলব, পোলো; জলকুক্কুট, জলচর পক্ষী। [ভেক; প্লক্ষবৃক্ষ।
প্লবক, খড়্গধারী নর্ত্তক; চণ্ডাল;
প্লবগ, বানর; ভেক; সূর্য্যসারথি; **প্লবপক্ষী**; শিরীষ বৃক্ষ।
প্লবগতি, ভেক, মণ্ডূক।
প্লবঙ্গ, বানর; মৃগ; প্লক্ষবৃক্ষ।
প্লবঙ্গম, ভেক; বানর; প্লুতগতিযুক্ত।
প্লবন, ক্রমনিম্নভূমি, ঢালু।
প্লক্ষ, বৃক্ষ বিশেষ, পাকুড়, দ্বীপ বিশেষ, অশ্বত্থ বৃক্ষ। [শেষ।
প্লক্ষদ্বীপ, সপ্তদ্বীপান্তর্গত দ্বীপ বি-
প্লাবন, দ্রবদ্রব্যের ঊর্দ্ধ প্রাপণ, উথলন; বন্যা, বহুতর জল সংযোগ।
প্লাবিত, জলাদি মগ্ন স্থান, জলময়স্থান।
প্লাক্ষ, প্লক্ষ বৃক্ষের ফল, পাকুড় ফল।
প্লিহা, প্লীহরোগ, পিলা।
প্লীহঘ্ন, বৃক্ষবিশেষ, রোহড়া গাছ।
প্লীহা, রোগবিশেষ, বামপার্শ্বস্থ মাংস খণ্ড, পিলা; গুল্ম। [নাশক।
প্লীহারি, অশ্বত্থ বৃক্ষ; পিলা রোগ-
প্লুত, অশ্বগতি বিশেষ; ত্বরা হেতুক ঝম্পগতি, সলম্ফ গতি; ত্রিমাত্র বর্ণ।
প্লুষ, দহন, ভস্মীকরণ।
প্লুষ্ট, দগ্ধ, পোড়া।
প্লুষ্টি, অগ্নি, স্নেহ; গৃহদাহ।
প্লোষ, দাহ, দগ্ধ, পোড়া।
প্সা, ভক্ষণ, অশন, ভোজন।
প্সাত, ভক্ষিত, খাদিত।
প্সান, ভোজন, ভক্ষণ, অশন।

ফ

ফ, ফকার, ব্যঞ্জনের দ্বাবিংশবর্ণ, পবর্গের দ্বিতীয় অক্ষর; রুক্ষউক্তি; ফুৎকার; নিষ্ফল ভাষণ, ঝঞ্ঝাবাত; স্ফুট, ব্যক্ত।
ফকন, হারণ, ফাঁকি পড়ন, বঞ্চিত হওন, প্রতারিত হওন।
ফকান, হারাণ; প্রতারণ; ভুলান।
ফক্কক, ব্যর্থ, নিরর্থ, বিফল, মিথ্যা।
ফক্কা, পূর্ব্বপক্ষ; বিতণ্ডা; মিথ্যা; ফাকি।
ফক্কিকা, অসদ্ব্যবহার, ফাঁকি; দেশ্য, পূর্ব্বপক্ষ; মিথ্যা।

ফক্কা, দীন, নির্ধন, দরিদ্র; শূন্য, রিক্ত।
ফঙ্গ, অফল, নিরর্থক, মিথ্যা।
ফঙ্গবানি, অসার; অশক্ত, অদৃঢ়।
ফঙ্গমানী, মিথ্যা, অসার, অপ্রকৃত, অশক্ত। [হাটী।
ফঞ্জিকা, ব্রাহ্মণযষ্টিকা বৃক্ষ, বামন-
ফঞ্জিপত্রিকা, আখুপর্ণীবৃক্ষ, ইঁদুর-কাণী।
ফঞ্জী, ভার্গীলতা, ভাদালিয়া।
ফট, ফণা, সর্পের মস্তক।
ফটা, ফণা; দম্ভ, কিতব। [বিশেষ।
ফটিক, স্ফটিক, প্রস্তর বিশেষ. কাঁচ-
ফট্, অনুকরণ শব্দ, অব্যক্তধ্বনি।
ফট্কা, চিত্রিত; দাগ; ত্যক্ত।
ফট্কিরী, বণিকদ্রব্যবিশেষ।
ফড়, দ্যূতক্রীড়া স্থান।
ফড়কি, ক্ষুদ্রশাখা, পল্লব।
ফড়িঙ্গ, পতঙ্গ, ঝিল্লিকা।
ফড়িঙ্গা, ঝিল্লিকা, পতঙ্গ। [পারী।
ফড়িয়া, ক্রয় পূর্ব্বক বিক্রয়কারী, ব্য-
ফড়্ফড়ানি, প্রাগল্ভ্য, ধৃষ্টতা।
ফণ, সর্পের বিস্তৃত মস্তক, ফণা।
ফণকর, সর্প, ভুজঙ্গ।
ফণধর, সর্প, ভুজঙ্গ, অহি।
ফণধরধর, শিব, মহাদেব।
ফণবান্, সর্প, ভুজঙ্গ, অহি।
ফণভৃৎ, সর্প, বিষধর, অহি।
ফণা, সর্পের বিস্তৃত মস্তক।
ফণাকর, সর্প, অহি, ফণী।
ফণাধর, সর্প, ভুজগ, ভুজঙ্গ।
ফণাবান্, সর্প, ভুজগ, ভুজঙ্গ।
ফণাভর, সর্প, ভুজঙ্গ, অহি। [শেষ।
ফণিকেশর, নাগকেশর, পুষ্পবৃক্ষ বি-
ফণিখেল, ভারতীপক্ষী, ভারই।
ফণিচক্র, বিবাহাদি কর্ম্মে শুভাশুভ জ্ঞানার্থ সপ্তবিংশতি নক্ষত্র ঘটিত সর্পাকার ত্রিনাড়িক চক্র।
ফণিজ্ঝক, ক্ষুদ্র পত্র তুলসী; জম্বীর বিশেষ; সামন্য জম্বীর।
ফণিপ্রিয়, বায়ু, অনিল, বাতাস।
ফণিফেণ, অহিফেণ, আফিং।
ফণিবল্লী, নাগবল্লী, লতাবিশেষ।
ফণিহন্ত্রী, গন্ধনাকুলী, গন্ধগোকুলা।
ফণী, সর্প, সর্পিণী নামক ওষধি।
ফণীশ্বর, অনন্ত, শেষ, বাসুকি।
ফণ্ড, জঠর, উদর, পেট।
ফৎকারী, পক্ষিমাত্র, সকল পক্ষী।
ফন্দী, ছল, ছুত; প্রতারণা, প্রবঞ্চনা।
ফর, ফলক; তক্তা; ঢাল।
ফরসা, নির্ম্মল, স্বচ্ছ; শেষ; নিষ্পন্ন।
ফর্ফরণ, চঞ্চল, লাফিয়া বেড়ান; দন্ত করণ। [লাফিয়া বেড়ান।
ফর্ফরাণ, প্রাগল্ভ্যাচরণ, ধৃষ্টতাকরণ,
ফর্ফরীকা, পাদুকা, জুতা।
ফল, লাভ; শস্য; হেতুকৃত; জাতীফল; ত্রিফলা; বাণাগ্র; ফাল; মুষ্ক, অণ্ডকোষ; কুটজ বৃক্ষ; ইষ্টসিদ্ধি; অভিপ্রায়। [পট্টক, তক্তা।
ফলক, চর্ম্ম, ঢাল, অস্থিখণ্ড, কাষ্ঠাদি
ফলকপাণি, চর্ম্মী, ঢালী।
ফলকী, মৎস্য বিশেষ, ফলুই মাছ; ফলক যুক্ত; ঢালী।
ফলকৃষ্ণ, পানীয়ামলক, পেনেলা।
ফলকেশর, নারিকেল বৃক্ষ।
ফলকোষক, মুষ্ক, অণ্ডকোষ, বৃষণ।
ফলগ্রহি, যথা সময়ে ফলধর বৃক্ষ।
ফলগ্রাহী, বৃক্ষ, ফল গ্রহণকর্ত্তা।
ফলচমস, দধি মিশ্রিত বট ত্বক চূর্ণ।
ফলচোরক, চোরক নামে গন্ধদ্রব্য।
ফলতঃ, বস্তুতঃ, বাস্তবিক, অর্থাৎ।
ফলত্রয়, ত্রিফলা; শুণ্ঠী--পিপ্পলী--মরীচ। [মরীচ।
ফলত্রিক, ত্রিফলা, শুণ্ঠী--পিপ্পলী-
ফলদ, বৃক্ষ; ফলদাতা, অভীষ্টপ্রদ; সফল। [জনন।
ফলন, উৎপাদন, ইষ্টসাধন, ফল-
ফলবন্ত, ফলবান, ফলযুক্ত।

ফলপাক, করমর্দ্দক, পানীয়ামলক, পেনেলা।
ফলপাকান্ত, ওষধি, ধান্য কদল্যাদি।
ফলপুষ্পা, পিণ্ডখর্জ্জুরী, পিণ্ডীখাজুর।
ফলপূর, বীজপূর, দাড়িম্ব। [ফলিত।
ফলবান্, ফলযুক্ত, ফলিন, ফলী,
ফলবৃক্ষক, পনস বৃক্ষ, কাঁটাল।
ফলভূমি, কর্ম্মফলভোগ স্থান।
ফলমুখ, শস্যোৎপন্নের কাল, ফল জননে উন্মুখ। [জুর।
ফলমুদ্গরিকা, পিণ্ডখর্জ্জুর, পিণ্ডী খা-
ফললক্ষণা, প্রয়োজনবতী লক্ষণা।
ফলশাড়ব, দাড়িম্ব, দালিম।
ফলশৈশির, বদরীবৃক্ষ, কুলগাছ।
ফলশ্রুতি, কর্ম্ম ফল শ্রবণ, ফলপ্রশংসা।
ফলশ্রেষ্ঠ, আম্রবৃক্ষ, আঁবগাছ।
ফলস, পনস বৃক্ষ, কাঁটাল গাছ।
ফলস্নেহ, বৃক্ষবিশেষ, আখোটগাছ।
ফলহারী, কালী; ফলহরণকর্ত্তা।
ফলা, সংযুক্ত অক্ষর; বাণাদির অগ্রস্থিত লৌহ।
ফলাঙ্গ, দ্রুতগতি, লাফিয়া যাওন।
ফলাট, শিল; গোযোনি।
ফলাঢ্যা, কাষ্ঠকদলী; ফলযুক্তা।
ফলাদন, শুকপক্ষী; ফলভক্ষক।
ফলাধ্যক্ষ, রাজাদন বৃক্ষ; ফলের অধিকারী। [উজ্জ্বল করণ।
ফলান, ফলোৎপাদন, ফল জন্মান;
ফলান্ত, বংশ, বাঁশ। [গোপন।
ফলাপলাপ, যথার্থের অপহ্নব; অর্থ
ফলাফল, লাভালাভ, হিতাহিত।
ফলাশন, শুকপক্ষী; ফলভক্ষক।
ফলাহার, ফলভোজন; অন্নাতিরিক্ত আহার।
ফলি, মৎস্যবিশেষ, ফলুই মাছ।
ফলিত, ফলবিশিষ্ট, ফলজাত; বৃক্ষ; শৈলেয় নামে গন্ধদ্রব্যবিশেষ।
ফলিতার্থ, নিষ্কৃষ্টার্থ, অর্থাৎ।
ফলিন, ফলবান্, পনস, ফলবিশিষ্টবৃক্ষ।
ফলিনী, প্রিয়ঙ্গুবৃক্ষ, অগ্নিশিখা বৃক্ষ।
ফলী, ফলযুক্ত; প্রিয়ঙ্গুবৃক্ষ; ফলুইমৎস্য। [ফল গ্রহণ কর্ত্তা।
ফলেগ্রহি, যথা সময়ে ফলধর বৃক্ষ;
ফলেন্দ্র, বৃহজ্জম্বু, রাজজম্বু, বড় জাম।
ফলেরুহা, বৃক্ষবিশেষ, পাটলিবৃক্ষ।
ফলোত্তমা, কাকলীদ্রাক্ষা।
ফলোৎপতি, আম্রবৃক্ষ, আঁবগাছ।
ফলোৎপত্তি, ফলজন্মান; লাভ।
ফলোদয়, লাভ; ফলোৎপত্তি; স্বুরালয়, হর্ম্ম।
ফল্ক, প্রসারিত অঙ্গ, বিস্তারিত দেহ।
ফল্গু, অসার, নিরর্থক, গয়াস্থ নদীবিশেষ, কাকডুমুর গাছ, চূর্ণবিশেষ, ফাগু; মিথ্যা বাক্য; বসন্তঋতু।
ফল্গুদা, গয়ানদী।
ফল্গুন, অর্জ্জুন; ফাল্গুন মাস।
ফল্গুনাল, ফাল্গুন মাস, ফাগুন।
ফল্গুনী, নক্ষত্রবিশেষ, পূর্ব্বফল্গুনী -উত্তর ফল্গুনী; কাকডুমুর।
ফল্গুৎসব, ফলগু করণক শ্রীকৃষ্ণের উৎসব; দোলযাত্রা।
ফল্য, কুসুম, পুষ্প, ফুল।
ফল্লকী, মৎস্যবিশেষ, ফলুই মাছ।
ফল্লফল, সূর্পবাত, কুলার বাতাস।
ফষ্টি, পরিহাস, কৌতুক, তামাসা।
ফষ্টিয়া, ভণ্ড, পরিহাসক, গপ্পিয়।
ফস্কা, অশক্ত, শ্লথ, আলগা, ঢিলা; পাণ্ডুর বর্ণ।
ফা, সম্ভাগ; নিষ্ফল কথন।
ফাও, পরিমাণের কিঞ্চিৎ অধিক; অতিরেক; উদ্বৃত্ত; উপরি।
ফাঁড়, প্রস্থ, বিস্তার; উদর।
ফাঁড়া, রিষ্টি, আপদ, বিপদ, বিভ্রাট।
ফাঁদ, পক্ষ্যাদি ধারণ যন্ত্র, ফাঁশ, পাশ, জাল। [লাফন।
ফাঁদন, পত্তন; আরম্ভণ; বিস্তারকরণ;

ফাঁদনী, কৌশল, উপায়; অনুষ্ঠান; বিস্তার।
ফাঁপ, স্ফীত, উন্নত; ফোস্কা।
ফাঁপন, স্ফীত হওন, ফুলন, বাড়ন।
ফাঁপা, অসার, স্ফীত, ফুলা।
ফাঁপান, স্ফীত করণ, ফুলান।
ফাঁপানী, স্ফীতভাব, ফুলা।
ফাঁস, ফাঁদ, পাশ, জাল।
ফাঁসা, ছিদ্র; ফাঁক; ফাইট।
ফাঁসী, উদ্বন্ধন, ফাঁশ, পাশ।
ফাক, বিস্তার; ছিদ্র।
ফাক কর, অন্তর কর, দূর কর, পৃথক্ কর।
ফাকড়া, প্রবঞ্চনা, ছল, ব্যাজ; ক্ষুদ্র-শাখা।
ফাকা, প্রসার; অনাহার; চূর্ণদ্রব্য।
ফাকী, প্রতারণা, কৌশল, মিথ্যা; চূর্ণ; পূর্ব্বপক্ষ।
ফাগু, ফল্গু, রক্তবর্ণ চূর্ণবিশেষ।
ফাটকী, স্ফটিক; স্ফটিকময়।
ফাটন, বিদারণ, ভাঙ্গন, স্ফুটন।
ফাটল, ছিদ্র, রন্ধ্র, ফাঁক।
ফাটান, বিদীর্ণ করণ, বিদারণ।
ফাড়ন, বিদারণ, চিরণ, খণ্ডন।
ফাণি, গুড়, দধিশক্তু।
ফাণিত, অর্দ্ধ আবর্ত্তিত ইক্ষু রস; ফেণীবাতাসা; খাঁড়।
ফান্ট, অনায়াসকৃত; কষায় বিশেষ।
ফাতনা, ছিপের সূত্রসংলগ্ন শোলা।
ফাতা, ফাতনা, মৎস্য ধারণ উপায়; শোলা; ছিপের শর।
ফাল, হলোপকরণ, লাঙ্গলস্থ ভূমি-বিদারক লৌহ।
ফালপড়ন, চয়ণ, ভূমি বিদারণ।
ফালপাড়ন, লম্ফন, কুর্দন।
ফালা, জম্বীর বীজ; ফালী, খণ্ড; কুঁচি।
ফাল্গুন, বৎসরের একাদশ মাস, তপস্য, ফাগুন, গুড়াকেশ, নদীজ-বৃক্ষ। [কনিষ্ঠ।
ফাল্গুনানুজ, বসন্তকাল, অর্জ্জুনের
ফাল্গুনিক, ফাল্গুনমাস, তপস্য।
ফাল্গুনী, ফাল্গুনমাসের পূর্ণিমা; পূর্ব্ব-ফল্গুনী-উত্তরফল্গুনী নক্ষত্র।
ফাল্লা, ছিদ্র, বিদারিত, ফাড়া।
ফাসা, ছিদ্র, ফাঁক।
ফি, পাপ, নিষ্ফল বাক্য, কোপ।
ফিক, পার্শ্ব, পাশ। [ঠেস।
ফিকন, নতিদ্বার, অবলম্বন, ঠেকুয়া,
ফিকা, পাণ্ডুবর্ণ; অনুজ্জ্বল, ম্লান।
ফিঙ্কি, স্ফুলিঙ্গ, অগ্নিকণা।
ফিঙ্গল, পক্ষিবিশেষ, ফিঙ্গাপাখি; লোষ্ট্র দি ত্যাগকরণার্থ রজ্জু।
ফিঙ্গ, পক্ষিবিশেষ, ফিঙ্গা পাখী।
ফিচাল, ধূর্ত্ত, শঠ, দুষ্ট।
ফিরণ, ঘূর্ণন, ঘোরা; প্রত্যাবর্ত্তন; পুনরাহ্বান।
ফিরঙ্গিয়া, ভ্রমণকর্ত্তা, পর্য্যটক।
ফিরৎ, পুনরাবৃত্ত, পুনরাগত; পুনর্দত্ত।
ফিরতী, প্রতিদান, ফিরিয়া দেওয়া।
ফিরাণ, ঘুরাণ; প্রত্যাবর্ত্তন, পুনরাবর্ত্তন।
ফিরে, পুনশ্চ, আরবার, পুনরায়।
ফিসফিসনি, সূক্ষ্ম দৃষ্টিপাত; কর্ণেজপ। [ফুৎকার।
ফু, তুচ্ছবাক্য; উপেক্ষা বোধক পদ,
ফুকন, ফুৎকার দেওন, উড়ান।
ফুঁড়ন, বেধন, ভেদন।
ফুপান, ফোঁপান; শিশ দেওন।
ফুক, পক্ষী, বিহগ।
ফুকন, ফুৎকার করণ; ফু দেওন।
ফুকর, ছিদ্র, রন্ধ্র, ছেঁদা।
ফুকরাণ, আহ্বান, ডাকন, হাঁকন।
ফুট, সর্পফণা; ছিদ্র; ভগ্ন। [শর।
ফুটন, ছিদ্র করণ; স্ফুট করণ, প্রকা-
ফুটা, সরন্ধ্র, সচ্ছিদ্র। [প্রকাশন।
ফুটান, ছিদ্র করণ; বিকসিত করণ,
ফুটি, ফলবিশেষ, পক কাঁকুড়।
ফুৎ, অনুকরণ শব্দ; তুচ্ছ ভাষণ।
ফুৎকর, অগ্নি, অনল, বহ্নি।

ফুৎকরণ, ফু দেওন, ফু কন।
ফুৎকার, ফুঁৎকরণ, ফুঁ দেওন, ফুঁ।
ফুৎকৃতি, ফুৎকার, ফুঁ।
ফুযান, ধুঁয়ান, ব্যয়করণ, উড়ান।
ফুরণ, কর্ম্মনির্দ্ধারণ; অকুলন; শেষ-হওন।
ফুরাণ, শেষ হওন; নির্দ্ধারিত।
ফুল, পুষ্প, কুসুম।
ফুলখড়ী, শ্বেতবর্ণ খটিকা, চাখড়ী।
ফুল গন্ধক, চূর্ণ গন্ধক।
ফুলন, স্ফীত হওন, ফাঁপন।
ফুলফুলিয়া, পরিষ্কৃত, সুশ্রী।
ফুলরী, বটক বিশেষ, বড়া।
ফুলা, স্ফীত, ফাঁপা।
ফুলান, স্ফীত করণ; পুষ্পোৎপাদন।
ফুলী, ছানী, চক্ষের ফুল।
ফুল্কা, মৎস্যের গলদেশস্থ অবয়ব-বিশেষ, কান্‌কুয়া।
ফুল্‌তি, ফলন, ফল জন্মান।
ফুল্ল, বিকসিত; পুষ্প, ফুল।
ফুল্লদাম, ছন্দোবিশেষ।
ফুল্লফাল, সূর্পবাত, কুলার বাতাস।
ফুল্ললোচন, মৃগবিশেষ; প্রফুল্ল নেত্র যুক্ত।
ফুল্লরীক, দেশ, সর্প। [সিতকমল।
ফুল্লারবিন্দ, প্রস্ফুটিত, পদ্ম; বিক-
ফুল্লি, বিকাশ, প্রকাশ; ফুটন।
ফুক্কি, নিঃশব্দ মরুৎক্রিয়া, বাতকর্ম্ম।
ফুস্কুড়ী, ক্ষুদ্র ব্রণ।
ফুস্‌ফুস, নিঃশব্দকথন, গোপনভাষণ।
ফুসলান, পরামর্শ দেওন; ভুলান।
ফুসি, নির্ধন, দরিদ্র, নিস্ব; তুচ্ছ।
ফুস্ফুস, কোষ্ঠ বিশেষ, ফ্যাপ্‌ড়া, ফুলকা, কাপাসে।
ফেঁকড়ী, অঙ্কুর; ক্ষুদ্রশাখা।
ফেঁপড়া, স্ফীত, ফুলন্ত।
ফেকুড়, ক্ষুদ্র শাখা; অঙ্কুর।
ফেটী, সূত্রসমূহ; লুটী।
ফেণ, ফেনা, তরল দ্রব্যের উপরে উত্থিত বুদ্বুদ আকার বস্তু, ডিণ্ডীর।
ফেণিল, ফেণা যুক্ত, ফেণাবিশিষ্ট।
ফেণী, মিষ্টান্ন বিশেষ, গুড় বিকার-বিশেষ; বড়বাতাসা।
ফেৎকারিণী, তন্ত্রবিশেষ।
ফেৎকারীয, শিবোক্ত তন্ত্র বিশেষ।
ফেন, ফেণা, ডিণ্ডীর, সমুদ্র কফ।
ফেনক, ফেনা; পিষ্টক বিশেষ।
ফেনকা, জলপক্ক তণ্ডুল চূর্ণ, মণ্ড।
ফেনবাহী, বস্ত্র, বসন, কাপড়।
ফেনল, ফেনাবান্‌, ফেনিল, ফেণা-যুক্ত।
ফেনাগ্র, বুদ্বুদ, জলবিম্ব।
ফেনাশনি, ইন্দ্র, শক্র, দেবরাজ।
ফেনিকা, পক্কান্নবিশেষ, খাজা।
ফেনিল, কোলি ফল, কুল, সফেন, ফেনাযুক্ত; বৃক্ষ।
ফের, শৃগাল; পুনশ্চ; পরিবর্ত্তন।
ফেরণ, ঘূর্ণন, আবর্ত্তন, পুনরাগমন।
ফেরণ্ড, শৃগাল, শিবা, শিয়াল।
ফেরত, প্রতিদত্ত; পুনঃপ্রাপ্ত।
ফেরতা, পুনরাগতি, প্রত্যাবর্ত্তন।
ফেরফার, বিপর্য্যয়, ব্যুৎক্রম, উল্‌টা-পাল্‌টা।
ফেরব, শৃগাল; রাক্ষস; ধূর্ত্ত; হিংস্র।
ফেরা, ঘূর্ণন, পুনরাবৃত্তি; ব্যতিক্রম; পরিমাণ পাত্র বিশেষ।
ফেরু, শৃগাল, জম্বুক, শিয়াল।
ফেল, ভুক্তাবশিষ্ট, উচ্ছিষ্ট, এঁটো।
ফেলক, উচ্ছিষ্ট, ভুক্তাবশিষ্ট, এঁটো।
ফেলন, ক্ষেপণ, দূরীকরণ, ত্যাগকরণ।
ফেলা, ভুক্তাবশেষ; উচ্ছিষ্ট; নি-ক্ষিপ্ত, ছাড়া।
ফেলি, উচ্ছিষ্ট, ভুক্তাবশিষ্ট।
ফোঁটা, তিলক, টীকা।
ফোঁড়ন, বিন্ধন, ছিদ্র করণ।
ফোঁপন, মনস্তাপ করণ; হাঁপন।
ফোঁপরা, ফাঁপা, সচ্ছিদ্র।
ফোঁপল, নারিকেল মধ্যগত শস্য।

ফোড়, তৃণাদি উত্তোলনীয় অস্ত্র; ছেঁদা।
ফোড়া, বিস্ফোটক, ব্রণ বিশেষ।
ফোলন, স্ফীত হওন; বর্দ্ধন।
ফোলান, স্ফীতকরণ, বাড়ান; কোপন।
ফোস্কা, অগ্নিদাহ জন্য ক্ষত, জলযুক্ত ব্রণ।
ফৌত, মৃত্যু, মরণ, নিধন।
ফৌতিক, আগন্তুক লাভ, অস্বামিক বস্তু।

ব

ব, বকার, ব্যঞ্জনের ত্রয়োবিংশ অক্ষর, পবর্গের তৃতীয়বর্ণ; তুল্যার্থ; ব্যঞ্জনের ঊনত্রিংশ বর্ণ, অন্তস্থ বর্ণের চতুর্থ; বরুণ।
বউ, বধূ, স্ত্রী; স্নুষা, পুত্রবধূ।
বউনি, ক্রয়বিক্রয় আরম্ভ। [স্পার্শ।
বউভাত, নব বিবাহিতা কন্যার পাক-
বংশ, পুত্রপৌত্রাদি, সন্তান; গোত্র, কুল, অন্বয়, অন্ববায়; বৃক্ষ বিশেষ, বাঁশ; পৃষ্ঠের অবয়ব, পিঠের দাঁড়া; বাদ্যভাণ্ড বিশেষ, বাঁশী; ইক্ষু; শালবৃক্ষ।
বংশক, মৎস্যবিশেষ, বাঁশপাতা মাছ; ইক্ষুবিশেষ; অগুরু।
বংশকফ, আকাশে উড্ডীয়মান সূত্র, আকাশ বুড়ীর সূতা।
বংশকর, কুলরক্ষক, গোত্রস্থাপক।
বংশকর্প্পূররোচনা, বংশরোচনা, বংশলোচন; বংশপর্ব্ব স্থিত ওষধি-বিশেষ।
বংশজ, বেণুযব; বাঁশের চাউল; সদ্বংশ জাত; সৎকুলে উৎপন্ন।
বংশজনক, পূর্ব্বপুরুষ, আদিপুরুষ।
বংশজা, বংশরোচনা, বংশলোচন।
বংশতণ্ডুল, বেণুযব, বাঁশের চাউল।
বংশধর, কুলরক্ষক; সন্তান।
বংশধান্য, বেণুযব, বাঁশের চাউল।
বংশনালিকা, বংশী, বাঁশী।
বংশনেত্র, ইক্ষুমূল; আউকের গোড়া।
বংশপত্র, নল; বংশদল, বাঁশের পাতা।
বংশপত্রক, হরিতাল; ক্ষুদ্রমৎস্য বিশেষ, বাঁশপাতামাছ; নল; শ্বেতইক্ষু।
বংশপূরক, ইক্ষু মূল, আউকের গোড়া।
বংশরোচনা, বংশপর্ব্বস্থিত শ্বেত বর্ণ-ওষধি বিশেষ, বংশলোচন।
বংশলোচন, বংশরোচনা, বংশপর্ব্ব-স্থিত শ্বেতবর্ণ ওষধি বিশেষ।
বংশলোচনা, বাঁশের পর্ব্বস্থিত শ্বেত-বর্ণ ওষধি বিশেষ।
বংশশলাকা, বীণামূল; বংশনির্ম্মিত-শলাকা, বাঁশের শলা।
বংশক্ষীরী, বংশরোচনা, বংশলোচন।
বংশাগ্র, বংশাঙ্কুর, বাঁশের কোঁড়া; বাঁশের আগা। [কোঁড়।
বংশাঙ্কুর, বংশের অঙ্কুর, বাঁশের-
বংশানুচরিত, বংশের চরিত্র বর্ণন, পূর্ব্বপুরুষের ইতিবৃত্ত। [নামাবলি।
বংশাবলি, বংশশ্রেণী, পূর্ব্বপুরুষের-
বংশিক, অগুরু, গন্ধদ্রব্যবিশেষ।
বংশিকা, অগুরু, গন্ধদ্রব্য বিশেষ, বংশী, বাঁশী, মুরলী।
বংশী, মুরলী, বাঁশী, বেণু।
বংশীধর, মুরলী ধারী; শ্রীকৃষ্ণ।
বংশীয়, গোত্রজ, বংশজাত, কুলজ।
বংশ্য, বংশজাত, কুলোৎপন্ন, গোত্রজ।
বক, পক্ষিবিশেষ, ক্রৌঞ্চপক্ষী; পুষ্প-বৃক্ষবিশেষ, মণিপুষ্প, বকফুল; কুবের, রাক্ষসবিশেষ; যন্ত্র বিশেষ; অসুরবিশেষ; বকাসুর।
বকচিঞ্চিকা, মৎস্যবিশেষ।
বকজিৎ, ভীমসেন, শ্রীকৃষ্ণ।
বকন, নিরর্থক বাক্যব্যয়করণ, অনর্থক ভাষণ, জল্পন; তর্জ্জন।
বকনা, অল্পবয়স্কা স্ত্রীগবী।

বকনি, জল্পনা, বৃথাকথন, মিথ্যা-ভাষণ; তর্জ্জন।
বকনিসূদন, ভীমসেন; শ্রীকৃষ্ণ।
বকপুষ্প, পুষ্পবিশেষ বকফুল।
বকবৃত্তি, বকতুল্য বর্ত্তন বিশিষ্ট, শঠ, ধূর্ত্ত।
বকবৈরী, ভীমসেন; শ্রীকৃষ্ণ।
বকব্রতী, মিথ্যাবিনীত, ভণ্ডব্রতী, ভণ্ড তপস্বী।
বকরা, ছাগ, ছাগল।
বকরী, ছাগী, স্ত্রী ছাগ। [মৎস্য।
বকাচী, মৎস্যবিশেষ, বকচিঞ্চিকা-
বকাণ্ডপ্রত্যাশ, বৃথাশ্বাস, মিথ্যা-আশা। [কহান।
বকান, মিথ্যা বাক্য বলান, বৃথা কথা-
বকারি, শ্রীকৃষ্ণ; ভীম। [কারক।
বকুয়া, বাবদূক, মিথ্যাভাষী, গল্প-
বকুল, পুষ্পবৃক্ষবিশেষ, মধুপুষ্প।
বকূল, বকুলবৃক্ষ, বকুলগাছ। [শারী।
বকেরুকা, বলাকা, বকশ্রেণী, বকের-
বকোট, বক, ক্রৌঞ্চপক্ষী।
বক্তব্য, বচনার্হ, কথনযোগ্য; বচন; নিন্দনীয়, কুৎসিত।
বক্তা, বাগ্মী; সুস্ফুট কথক; বহুভাষী, বাচাল; পণ্ডিত।
বক্ত্র, মুখ, আনন, আস্য; তগরমূল।
বক্ত্রখুর, দন্ত, দশন, রদন, দাঁত।
বক্ত্রজ, ব্রাহ্মণ; মুখজাত।
বক্ত্রতাল, মুখবাদ্য, গালবাদ্য।
বক্ত্রপট্ট, অশ্বের ভোজন পাত্র, তোবড়া। [মুখগন্ধ।
বক্ত্রবাস, নাগরঙ্গ, নারাঙ্গী লেবু;
বক্ত্রভেদী, তিক্তরস; মুখভেদক।
বক্ত্রশোধন, মুখশুদ্ধিকরণ।
বক্ত্রশোধী, জম্বীর, লেবু; মুখশোধক।
বক্ত্রাসব, অধরমধু, মুখামৃত।
বকবকন, বহুজল্পন, বাচালতাকরণ; কপোতধ্বনি, পারাবতের রব।

বক্র, অনৃজু, বাঁকা; প্রতিকূল; নদী-বঙ্ক, নদীর বাঁক; শনৈশ্চর গ্রহ; মঙ্গলগ্রহ; বক্রগতিবিশিষ্ট গ্রহ।
বক্রকণ্ট, বদরবৃক্ষ, কুলগাছ।
বক্রকণ্টক, খদির বৃক্ষ; বাঁকা কাঁটা।
বক্রখড়্গ, অস্ত্রবিশেষ, করবাল, তর-বারি, তলোয়ার।
বক্রগ্রীব, উষ্ট্র, উট।
বক্রচঞ্চু, শুকপক্ষী, টিয়া পাখী।
বক্রতা, বক্রভাব; কুটিলতা; প্রাতি-কূল্য।
বক্রতাল, বাদ্যবিশেষ, মুখবাদ্য।
বক্রতালী, মুখবাদ্য, গালবাদ্য।
বক্রতুণ্ড, শুকপক্ষী, টিয়াপাখী।
বক্রদংষ্ট্র, শূকর, বরাহ।
বক্রদৃষ্টি, অপাঙ্গ দর্শন; টেরা।
বক্রনক্র, পিশুন, খল; শুকপক্ষী।
বক্রনাল, মুখবাদ্য, গালবাদ্য।
বক্রনাসিক, উলূক, পেচক, পেঁচা; কুটিল নাসা যুক্ত। [লাঙ্গুল।
বক্রপুচ্ছ, কুক্কুর, কুকুর; সলোম কুটিল
বক্রবক্ত্র, বরাহ, শূকর; কুটিল মুখবিশিষ্ট।
বক্রবালধি, কুক্কুর; কুটিলপুচ্ছ।
বক্রভণিত, শ্লিষ্টবাক্য, শ্লেষোক্তি।
বক্রম, পলায়ন, প্রস্থান।
বক্রলাঙ্গুল, কুক্কুর; কুটিলপুচ্ছ।
বক্রাগ্র, বৃক্ষবিশেষ; কুটিলাগ্রভাগ।
বক্রাঙ্গ, হংস, হাঁস; চন্দ্র; চাঁদ; কুটিল অবয়ব, বাঁকা অঙ্গ।
বক্রি, মিথ্যাবাদী, অসত্য ভাষী।
বক্রী, বক্রতাবিশিষ্ট, বাঁকা, প্রতিকূল।
বক্রোক্তি, কাকূক্তি, কুটিলোক্তি, শ্লেষ কথা, ব্যঙ্গবাক্য, ঠাট্টা।
বক্রোষ্ঠিকা ঈষদ্ধাস্য, মুচকিয়া হাসা।
বগল, বাহুমূল, কক্ষদেশ।
বগা, ক্ষুদ্র খড়্গ।
বগী, ক্ষুদ্র খড়্গাবিশেষ; শকটবিশেষ।

বগ্নু, বক্তা, বাবদূক, কথক।
বঙ্ক, নদীবক্র, নদীর বাঁক, আড়।
বঙ্কিম, বক্র, বাঁকা, অনৃজু।
বঙ্কিল, কন্টক, কাঁটা।
বঙ্ক্য, বক্র, বাঁকা।
বঙ্ক্রি, পার্শ্বাস্থি, পঞ্জর, পাঁজরা।
বঙ্গ, ধাতুবিশেষ, রাং, ত্রপু; সীসা; দেশবিশেষ, বাঙ্গালাদেশ; চন্দ্রবংশীয় বলিরাজপুত্র; কার্পাস; বার্ত্তাকু।
বঙ্গজ, সিন্দূর; বঙ্গদেশ জাত।
বঙ্গন, বার্ত্তাকু, বেগুন।
বঙ্গলা, রাগিণীবিশেষ।
বঙ্গশুল্বজ, কাংস্য, কাঁসা।
বঙ্গসেন, বকবৃক্ষ, বকফুলের গাছ।
বঙ্গারি, হরিতাল, হর্তেল।
বঙ্গাল, রাগবিশেষ। [রাগিণী।
বঙ্গালী, রাগিণীবিশেষ, ভৈরব রাগের
বঙ্ক্ষণ, উরুসন্ধি, কুঁচকী।
বঙ্ক্ষু, গঙ্গা স্রোতোবিশেষ।
বচ, বচা, ঔষধবিশেষ; শুকপক্ষী, টিয়াপখী।
বচক্নু, ব্রাহ্মণ, দ্বিজ; বাবদূক, বক্তা।
বচণ্ডী, শারিকা; বর্ত্তি, বাতি; শস্ত্রবিশেষ।
বচন, বাক্য; ঋষিপ্রণীত পদ্য; বিভক্তি; শুণ্ঠী, শুঁঠ। [বশ।
বচনগ্রাহী, বচনে স্থিত, বাক্যস্থ, কথার
বচনীয়, নিন্দনীয়, অপবাদের যোগ্য।
বচনীয়তা, লোকাপবাদ, নিন্দ্যতা, নিন্দা, বিগান। [বশম্বদ।
বচনেস্থিত, বচনস্থ, অধীন, বশ্য,
বচনোপক্রম, বাক্যারম্ভ; উপন্যাস।
বচর, কুক্কুট, কুকুড়া; শঠ, ধূর্ত্ত।
বচস্নু, শত্রু, অরি, রিপু। [কলহ।
বচসা, বাক্যব্যয়, বকাবকি, বাক্-
বচসাম্পতি, বৃহস্পতি, দেবগুরু।
বচস্কর, বচনেস্থিত, বচনস্থ, কথার বশ।
বচা, ঔষধবিশেষ, বচ।
বচোগ্রহ, কর্ণ, শ্রোত্র, কাণ।
বজরা, নৌকাবিশেষ, বৃহৎ তরি।
বজরাটী, পুরাতন ছাদ সংশোধনপূর্ব্বক পুনর্নির্ম্মাণ।
বজ্র, ইন্দ্রের অস্ত্র, বাজ, কুলিশ, শতকোটি, অশনি; রত্নবিশেষ; শ্রীকৃষ্ণের প্রপৌত্র, অনিরুদ্ধ পুত্র; যোগবিশেষ।
বজ্রকঙ্কট, হনুমান, পবন পুত্র।
বজ্রকন্টক, স্নুহীবৃক্ষ, সিজগাছ।
বজ্রকন্দ, মূলবিশেষ, শকরকন্দ আলু।
বজ্রচর্ম্মা, খড়্গী, গণ্ডক, গণ্ডার।
বজ্রজিৎ, গরুড়, বৈনতেয়, পক্ষিরাজ।
বজ্রজ্বালা, বজ্রাগ্নি, বিদ্যুতের অনল।
বজ্রতুণ্ড, গরুড়; গণেশ; গৃধ্র; মশক।
বজ্রদন্ত, বরাহ, শূকর; মূষিক, ইন্দুর।
বজ্রদশন, বরাহ, শূকর; মূষিক, উন্দুর।
বজ্রদ্রু, স্নুহীবৃক্ষ, সিজগাছ।
বজ্রধর, ইন্দ্র, দেবরাজ, জিনবিশেষ।
বজ্রনির্ঘোষ, বজ্রপাত জনিত শব্দ, স্ফূর্জথু।
বজ্রনিষ্পেষ, বজ্রাঘাত; বজ্রপতন শব্দ।
বজ্রনিস্বন, বজ্রশব্দ; মেঘগর্জ্জন।
বজ্রপাণি, ইন্দ্র, দেবরাজ।
বজ্রপুষ্প, তিলপুষ্প, তিলফুল।
বজ্রবাঁটুল, অতিশক্ত অথচ ক্ষুদ্র কায়; কঠিন অথচ বর্ত্তুল।
বজ্ররথ, ক্ষত্রিয়, দ্বিতীয় বর্ণ।
বজ্ররদ, বরাহ, শূকর; বজ্রতুল্য দন্ত।
বজ্রশল্য, শল্যক নামা জন্তু বিশেষ।
বজ্রা, স্নুহীবৃক্ষ; গুড়ুচীলতা, দুর্গা।
বজ্রাঙ্গ, সর্প; বজ্রতুল্য অঙ্গ যুক্ত।
বজ্রাভ, হীরকতুল্য দীপ্তিমন্ত।
বজ্রাশনি, বজ্র, বাজ, অশনি।
বজ্রী, ইন্দ্র; বুদ্ধ; এক প্রকার সিজগাছ।
বঞ্চক, শৃগাল; খল, ধূর্ত্ত; প্রতারক।
বঞ্চথ, ধূর্ত্ত; বঞ্চনা; কোকিল।
বঞ্চন, প্রতারণ, ঠকান।

বঞ্চনা, প্রতারণা, ঠকান, ছলনা।
বঞ্চিত, বঞ্চনাপ্রাপ্ত, প্রতারিত, বিপ্রলব্ধ।
বঞ্চুক, প্রতারণশীল, ধূর্ত্ত, প্রতারক।
বঞ্জুল, তিনিশ বৃক্ষ; অশোক বৃক্ষ; স্থল পদ্ম বৃক্ষ; পক্ষিবিশেষ।
বঞ্জুলদ্রুম, অশোকবৃক্ষ।
বঞ্জুলপ্রিয়, বেতসবৃক্ষ।
বঞ্জুলা, বহুদুগ্ধা গো, দুগ্ধবতী গাভী।
বট, বৃক্ষবিশেষ, বটগাছ; কপর্দ্দক, কড়ি; গোল; ভক্ষ্য; দড়ি, বেটে।
বটক, পিষ্টকবিশেষ, বড়া; অষ্ট মাষক পরিমাণ, আট মাষা।
বটবাসী, যক্ষ, বটবৃক্ষে বাস কর্ত্তা।
বটর কুক্কুট, কুকুড়া; বেষ্টন; শঠ; চৌর; চঞ্চল।
বটাকর, রশ্মি, রজ্জু, দড়ী।
বটাবীক, চৌরবিশেষ।
বটারকা, রজ্জু, দড়ী, বেটে দড়ি।
বটি, উপজিহ্বিকা, আলর্জ্জীব।
বটিকা, বটী, বড়ী; ক্ষুদ্র গুলি; ব্যঞ্জনের উপযোগি দ্রব্য।
বটিয়া, নৌকাবাহনার্থ ক্ষুদ্রদণ্ড, দাঁড়।
বটী, বটিকা, বড়া; বৃক্ষবিশেষ; রশ্মি; রজ্জু, দড়ি, রশি।
বটু, ব্রাহ্মণকুমার; ব্রহ্মচারী।
বটুক, বালক; ভৈরববিশেষ।
বটুকরণ, উপনয়ন, যজ্ঞোপবীতদান-সংস্কার।
বটে, স্বীকার বোধক শব্দ, হাঁ।
বটকেরা, পরিহাস, ব্যঙ্গ, বিদ্রূপ, ঠাট্টা।
বঠর, মূর্খ, অজ্ঞ; অম্বষ্ঠ; শঠ, মন্দ।
বড়, বৃহৎ; শ্রেষ্ঠ, প্রধান।
বড়বা, ঘোটকী; অশ্বিনীনক্ষত্র; বাড়বাগ্নি; দাসী।
বড়বাকৃত, পঞ্চদশ দাসান্তর্গত দাস-বিশেষ, গৃহদাসীর স্বামী। [অনল।
বড়বাগ্নি, সমুদ্রস্থ অগ্নি, জল মধ্যস্থ-
বড়বানল, বাড়বাগ্নি, সাগর মধ্যস্থ-অগ্নি। [ভাবাপন্ন।
বড়বাভৃত, দাসীর জার হইয়া দাস-
বড়বামুখ, বাড়বাগ্নি, বাড়বানল।
বড়বাসুত, অশ্বিনীকুমার। [স্বামী।
বড়বাহৃত, দাসবিশেষ, গৃহদাসীর-
বড়ভী, গৃহচূড়া, ঘরের মুদনি।
বড়মা, অলক্ষ্মী, আপদ, বিপত্তি।
বড়শা, শস্ত্রবিশেষ, বড়শা, বল্লম।
বড়শী, বড়িশ, মৎস্যধারণার্থ কাঁটা।
বড়া, বটক, পিষ্টক বিশেষ।
বড়াই, গৌরব, দম্ভ, গর্ব্ব; বৃন্দাবন-স্থ বৃদ্ধা গোপী বিশেষ।
বড়িশ, মৎস্য ধারণার্থ বক্র লৌহ-কন্টক, বড়শী।
বড়ী, বটিকা, বটী; গুলি।
বড়ু, পরিচারক; দেবল ব্রাহ্মণ।
বড়্বড়ন, বহুজল্পন, বহুভাষণ, বকন।
বড্ড, বৃহৎ, বড়; শ্রেষ্ঠ।
বঢ়ই, সূত্রধর, ছুতার; গৃহনির্ম্মাতা।
বণ, শব্দ, ধ্বনি, নাদ।
বণিক, ক্রয়বিক্রয় কর্ত্তা, বাণিজ্যকারক, বৈশ্যজাতিবিশেষ।
বণিগ্বন্ধু, নীলীবৃক্ষ, নীলগাছ।
বণিগ্বহ, উষ্ট্র, উট্।
বণিগ্ভাব, বাণিজ্য, ব্যবসা।
বণিজ, বণিক্, ক্রয়বিক্রয় কারী, ব্যবসায়ী।
বণিজ্য, বাণিজ্য, ব্যবসা।
বণিজ্যা, ব্যবসা, ক্রয়বিক্রয়ব্যবহার।
বণ্ট, ভাগ, অংশ।
বণ্টক, ভাগকর্ত্তা, অংশকারী।
বণ্টন, বিভাগকরণ, অংশকরণ।
বণ্ঠ, অকৃতোদ্বাহ, অকৃতবিবাহ; খর্ব্ব, খাট; কোচ নামক অস্ত্রবিশেষ।
বণ্ঠর, কুক্কুরের লাঙ্গুল; তালের পল্লব।
বণ্ঠাল, শূরযুদ্ধ; নৌকা; খনিত্র, খন্তা।
বণ্ড, অনাবৃতমেঢ্র, দুশ্চর্ম্মা; হস্তাদি-বর্জ্জিত; লাঙ্গহীন, বেঁড়ে।

বণ্ডা, পাংশুলা, ধূলিযুক্ত; লিঙ্গ।
বত, খেদ; অনুকম্পা; সন্তোষ; বিস্ময়; আমন্ত্রণ।
বতংস, কর্ণপূর, কর্ণভূষণ; শিরোভূষণ।
বতু, দেবনদী; সত্যবাক্য; পথ; চক্ষুরোগ।
বৎ, সাম্য, যথা; সাদৃশ্য।
বৎস, গোশিশু; বাছা; বৎসর।
বৎসকামা, বৎসাভিলাষিণী গো; পুত্রাদি কামা স্ত্রী। [আনে বাছুর।
বৎসতর, প্রাপ্তদমনকাল বাছুর, দো-
বৎসতরী, ছোট নৈ বাছুর।
বৎসনাভ, বিষবৃক্ষবিশেষ; স্থাবরবিষ বিশেষ। [বিশেষ, কৌশাম্বী।
বৎসপত্তন, ভারতবর্ষের উত্তরস্থ দেশ
বৎসপাল, শ্রীকৃষ্ণ; বলদেব।
বৎসর, দ্বাদশ মাসাত্মক কাল, অয়নদ্বয়াত্মক কাল, সম্বৎসর, অব্দ, হায়ন, সম্বৎ।
বৎসল, স্নেহযুক্ত, স্নিগ্ধ; রসবিশেষ।
বৎসলতা, স্নেহ, প্রেম।
বৎসলা, বৎসকামা গো।
বৎসাদন, বৃক, কুকুর পরিমাণ জন্তুবিশেষ; ঘোঘ।
বৎসাদনী, গুড়ুচীলতা, গুলঞ্চ।
বৎসাক্ষী, গোড়ুম্বা।
বদ, বক্তা, কথক।
বদন, মুখ, আস্য; কথন।
বদনামৃত, অধরমধু, মুখামৃত।
বদনাসব, অধরমধু, মুখামৃত।
বদন্য, বদান্য, বহুপ্রদ, দাতা; উদার।
বদর, কোলিফল, কুল; শেয়াকুল।
বদরি, কোলিবৃক্ষ, কুলগাছ।
বদরিকাশ্রম, তীর্থবিশেষ; ব্যাসদেবের আশ্রম।
বদরী, কোলিবৃক্ষ, কুলগাছ।
বদরীপত্র, নখী নামে গন্ধদ্রব্যবিশেষ।
বদরীফলা, নীলশেফালিকা, কালশিউলি।
বদরীশৈল, হিমালয়পর্ব্বতের একদেশ, বদরীবন, বদরিকাশ্রম।
বদান্য, দাতা, দানশীল, মুক্তহস্ত।
বদাবদ, বক্তা, কথক, বাগ্মী।
বদাম, ফলবিশেষ, বাদাম্।
বদাল, মৎস্য বিশেষ, পাঠীন মৎস্য; বোয়ালি মাছ। [সংযত; দৃঢ়, শক্ত।
বদ্ধ, বন্ধনযুক্ত, বাঁধা, কীলিত, যন্ত্রিত,
বদ্ধকফ, গাঢ় শ্লেষ্মা যুক্ত।
বদ্ধগুদ, উদররোগবিশেষ।
বদ্ধপিপি, বদ্ধপাণি, মুষ্টি, মুটা।
বদ্ধফল, করঞ্জবৃক্ষ, করমচা।
বদ্ধমুষ্টি, দৃঢ়মুষ্টি; কৃপণ।
বদ্ধমূল, দৃঢ়মূল, উৎপাটনের অযোগ্য মূল।
বদ্ধশিখ, শিশু; শিখাবন্ধনবিশিষ্ট।
বধ, প্রাণহত্যা, হনন, মারণ, হিংসা।
বধক, বধকর্ত্তা, হিংস্র; ব্যাধি; মৃত্যু।
বধত্র, অস্ত্র, শস্ত্র।
বধদণ্ড, প্রাণদণ্ড, প্রাণনাশক শাস্তি।
বধনীয়, বধ্য, হননীয়, বধযোগ্য।
বধস্থলী, প্রাণিবধ স্থল, মশান।
বধস্থান, প্রাণি বধ স্থল, মশান।
বধাঙ্গক, কারাবেশ্ম, কারাগার।
বধাবধি, পরস্পর বধ করণ, হানাহানি, মারামারি, কাটাকাটি।
বধার্হ, বধ্য, হনন যোগ্য।
বধিক, হন্তা, হিংসক, বধকারী।
বধির, শ্রবণেন্দ্রিয় হীন, শ্রুতি শক্তি রহিত, কালা, কল্ল।
বধী, বধকর্ত্তা, প্রাণহিংসক, ঘাতক।
বধূ, নারী, স্ত্রী; পুত্রবধূ, বৌ; নব বিবাহিতা ভার্য্যা।
বধূজন, বউ; স্ত্রী, যোষিৎ।
বধূটশয়ন, গবাক্ষ, জানালা, বাতায়ন।
বধূটী, স্নুষা, পুত্রবধূ; ক্ষুদ্রবধূ।
বধোদ্যত, বধার্থ উদ্যুক্ত, আততায়ী।
বধ্য, বধার্হ, শীর্ষচ্ছেদ্য, বধ করিবার যোগ্য।

বধ্যপাল, কারাগৃহ রক্ষক, কারাগারের রক্ষিতা।
বধ্র, ধাতুবিশেষ, সীসক, সীস।
বধ্রী, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ী।
বন, বহুবৃক্ষযুক্ত স্থান, অটবী, অরণ্য, কানন; জল; নিবাস; প্রস্রবণ, ঝরনা।
বনকদলী, কাষ্ঠ কদলী, বনকলা।
বনকন্দ, বনশূরণ, বুনো ওল।
বনকোলি, বনজাত বদরী, বন্য কুল।
বনগো, গবাকার পশুবিশেষ, গবয়।
বনগোচর, ব্যাধ, নিষাদ, বনেচর।
বনচন্দন, অগুরু; দেবদারু।
বনচন্দ্রিকা, মল্লিকা পুষ্প।
বনচম্পক, বনজাত চম্পকপুষ্পবৃক্ষ।
বনচর, অরণ্যবাসী; বনে ভ্রমণকর্ত্তা।
বনছাগ, আরণ্য ছাগল, এডক, শূকর।
বনজ, অরণ্যজাত, বন্য; মুস্তক; হস্তী, গজ; বন্য শূকর। [বনতিক্ত, হরীতকী।
বনজীর, বনোদ্ভব জীরক, বনজীরা।
বনদ, মেঘ, বারিদ; বনদাতা।
বনদীপ, বনচম্পক, বনচাঁপা।
বনধেনু, গবাকার স্ত্রীজাতি পশু বিশেষ, গবয়ী। [জাত পত্র।
বনপল্লব, শোভাঞ্জন বৃক্ষ; অরণ্য-
বনপাংশুল, ব্যাধ, নিষাদ।
বনপিপ্পলী, অরণ্য জাত পিপুল, ছোট পিপুল।
বনপূরক, বন্যবীজপূরক, বন্য ডালিম।
বনপ্রবেশ, অরণ্য গমন, বনপ্রস্থান।
বনপ্রিয়, পরভৃত, কোকিল; অরণ্যপ্রিয়।
বনবহ্নি, দাবানল, বন্য অগ্নি।
বনবাসন, খট্টাস, খাটাস।
বনবাসী, অরণ্যে বাসকর্ত্তা, ঋষভনামে ঔষধ বিশেষ। [ডালিম।
বনবীজ, বনবীজ পূরক, অরণ্যজাত-
বনব্রীহি, ধান্যবিশেষ, নীবার, উড়িধান্য।
বনমল্লী, বনজাত মল্লিকা।
বনমক্ষিকা, দংশ, দাঁশ, ডাঁশ।
বনমানুষ, জন্তুবিশেষ, বানরবিশেষ।
বনমালা, শ্রীকৃষ্ণের মালা।
বনমালিনী, শ্রীকৃষ্ণের পুরী, দ্বারকাপুরী। [য়ণ।
বনমালী, বনমালাধারী, শ্রীকৃষ্ণ, নারা-
বনমুক্, মেঘ, ঘন, জলদ।
বনমোচা, কাষ্ঠকদলী, বনকলা।
বনর, বানর, কপি, মর্কট।
বনরাজ, সিংহ; বনের রাজা।
বনরাজী, বনশ্রেণী; সুদীর্ঘ বন।
বনলক্ষ্মী, কদলী, রম্ভা, কলা; বনের-শোভা।
বনশূকরী, আলকুষী; আরণ্য বরাহী।
বনশূরণ, বনজাত ওল, বুনো ওল।
বনশোভন, পদ্ম; বনের শোভাকর্ত্তা।
বনশ্বা, গন্ধমার্জার, গন্ধ গোকুলা; বন্ধুক; ব্যাঘ্র। [প্লাবন।
বনসমূহ, অরণ্যসংহতি; বন্যা, জল-
বনস্থ, হরিণ, মৃগ; বনবাসী।
বনস্পতি, পুষ্পবিনা ফলযুক্ত বৃক্ষ; বৃক্ষমাত্র। [হলুদ।
বনহরিদ্রা, অরণ্যজাত হরিদ্রা, বন-
বনহাসক, কাশতৃণ, কেশে।
বনাও, ঐকমত্য, মিল; একবাক্যতা।
বনাখু, শশক, খরগোশ।
বনান, নির্ম্মাণ, গঠন, রচন। [মিলন।
বনায়, আত্মীয়তা, প্রণয়, বন্তি,
বনায়ু, দেশবিশেষ।
বনায়ুজ, বনায়ুদেশজাত ঘোটক।
বনারিষ্টা, বনহরিদ্রা, বন হলুদ।
বনার্চ্চক, পুষ্পার্জীবা, মালাকার,মালী।
বনার্দ্রকা, বনজাত আর্দ্রক,বনআদা।
বনাশ্রয়, দ্রোণকাক, দাঁড়কাক।
বনাহি, শূকর, বরাহ।
বনি, অগ্নি, বহ্নি, অনল।
বনিত, যাচিত, সেবিত। [মাত্র।
বনিতা, জাতরাগা স্ত্রী; ভার্য্যা; স্ত্রী-

বনী, বন, অরণ্য, কানন; বনস্থ, বানপ্রস্থ।
বনীক, যাচক, প্রার্থক, ভিক্ষুক।
বনীয়ক, যাচক, ভিক্ষুক।
বনেচর, অরণ্যচারী, বনে ভ্রমণকারী।
বনেক্ষুদ্রা, করঞ্জ, করমচা।
বনৌকা; বানর, কপি, শাখামৃগ।
বন্দ, ভূমির খণ্ডবিশেষ। [স্তাবক।
বন্দক, বন্দনকর্ত্তা, সেবক, পূজক,
বন্দথ, স্তোতা, স্তাবক, বন্দনকারী।
বন্দন, প্রণাম, ভক্তিপূর্ব্বক স্তবকরণ।
বন্দনমালা, বহির্দ্বারে রম্ভাস্তম্ভচতুষ্টয়-বেষ্টিত আম্রপত্র রচিত মালা।
বন্দনমালিকা, বহির্দ্বারের উপরি-ভাগে শুভদা মালা। [মঙ্গলাচরণ।
বন্দনা, স্তুতি, স্তবকরণ; প্রণাম;
বন্দনীয়, স্তবনীয়, নমস্য, বৃক্ষবিশেষ।
বন্দা, বৃক্ষোপরি বৃক্ষ, বাদু, পরগাছা।
বন্দাক, বৃক্ষের উপরি বৃক্ষ; পরগাছা।
বন্দাকা, বৃক্ষোপরি বৃক্ষ, বাদু, পরগাছা। [প্রণাম কর্ত্তা।
বন্দারু, বন্দনশীল, অভিবাদক,
বন্দি, আকৃষ্ট মনুষ্য গবাদি, কএদী; বঁদুয়ান। [বাক্য।
বন্দিপাঠ, স্তুতিগ্রন্থ, স্তুতিপাঠকদিগের
বন্দী, স্তুতিকারক; স্তুতিপাঠক; কারা-বদ্ধ, কএদী।
বন্দীকার, সিঁদেলচোর; প্রসহ্য চৌর।
বন্দীয়ান, বন্দী; কারাবদ্ধ, কএদী।
বন্দীশালা, কারাগার, কএদখানা।
বন্দ্য, বন্দনীয়, পূজ্য, নমস্য।
বন্দ্র, কল্যাণ, মঙ্গল; পূজক; স্তাবক।
বন্ধ, বন্ধন; শরীর; গৃহাদিবেষ্টন; রোধ; বন্ধক, আধি বাঁধা।
বন্ধক, ঋণগ্রহণার্থ স্থাপিতবস্তু, বাঁধা, আধি। [কুলটা।
বন্ধকী, পুংশ্চলী, পরপুরুষগামিনী,
বন্ধন, বদ্ধকরণ, বাঁধন; সংযমন; অবরোধ, আটক; রজ্জু, দড়ী।
বন্ধনবেশ্ম, কারাগার, কারাগৃহ, বন্ধন শালা, বন্ধনালয়। [শঙ্কু, গোঁজ।
বন্ধনস্তম্ভ, হস্তিবন্ধনস্তম্ভ, আলান;
বন্ধনী, নিবন্ধ, নিয়ত প্রাপ্তির নিয়ম; স্থিরবৃত্তি; রজ্জু, দড়ী, পাশ।
বন্ধান, বেতন, মাসিক, মাহিয়ানা।
বন্ধিত্র, কামদেব, কন্দর্প; চর্ম্মব্যজন।
বন্ধী, বন্ধনবিশিষ্ট, বন্ধনযুক্ত।
বন্ধু, মিত্র, সুহৃৎ; সগোত্র, বান্ধব, জ্ঞাতি, স্বজন।
বন্ধুক, বৃক্ষবিশেষ, বন্ধূক পুষ্পবৃক্ষ।
বন্ধুতা, মিত্রতা, আত্মীয়তা, সৌহৃদ্য।
বন্ধুত্ব, মিত্রতা, সৌহৃদ্য।
বন্ধুর, উন্নতানত, উচ্চনীচ; নম্র; মুকুট; স্ত্রীচিহ্ন; তিল কল্ক, তিলের খলি; বধির; হংস; বক; বিহঙ্গ।
বন্ধুরা, পণ্যযোষা, বেশ্যা, বারযোষিৎ।
বন্ধুল, অসতীসুত, জারজ; সুন্দর; নম্র।
বন্ধূক, পুষ্পবৃক্ষবিশেষ, বাঁদুলী ফুল।
বন্ধূর, বিবর, গর্ত্ত; ছিদ্র, রন্ধ্র; রম্য; নম্র; উন্নতানত, উচ্চ নীচ।
বন্ধূলি, বন্ধূপুষ্প, বাঁদুলী ফুল।
বন্ধ্য, ফলরহিত বৃক্ষাদি, বাঁঝা, অ-ফল; বন্ধনীয়, বন্ধনার্হ।
বন্ধ্যা, অপ্রজঃ স্ত্রী, বাঁঝা; অপত্য-শূন্য গো; যোনিরোগ বিশেষ।
বন্য, বনজাত; বনশূরণ, বুনোওল।
বন্যা, জলসংহতি; জলপ্লাবন।
বন্যোৎপাদকী, লতা বিশেষ, বন-পুঁই লতা।
বনু, অংশী, ভাগী, ভাগাধিকারী।
বপ, কেশমুণ্ডন; বীজবপন।
বপন, কেশমুণ্ডন; বীজাধান, বুনান।
বপনী, নাপিত শালা, নাপিত গৃহ।
বপা, ছিদ্র, রন্ধ্র; মেদ, ভুঁড়ি।
বপিল, পিতা, জনক, তাত।
বপুঃ, শরীর; প্রশস্ত আকৃতি।
বপুঃস্রব, শরীরস্থ রসধাতু, রক্ত।

সপুন, অমর, দেবতা, সুর। [রোপক।
বপ্তা, জনক, কবি, বপনকর্ত্তা,
বপ্র; প্রাচীর, প্রাকার; ক্ষেত্র, ক্ষেত।
বপ্রা, মঞ্জিষ্ঠা লতা।
বপ্রি, ক্ষেত্র; দুর্গতি; সমুদ্র।
বপ্রী, বল্মীক, উইপোকা। [করণ।
বব, একাদশ করণের অন্তর্গত প্রথম-
বভ্রবী, দুর্গা, পার্ব্বতী।
বভ্রি, বজ্র, অশনি, বাজ।
বভ্রু, অগ্নি; শিব; বিষ্ণু; নকুল; মুনিবিশেষ; দেশবিশেষ; পিঙ্গলবর্ণ; বিশাল, বড়। [মাটী।
বভ্রুধাতু, সুবর্ণ গৈরিক, পীতবর্ণ গেরি-
বম, উদ্গিরণ, বমি, ন্যাক্কার। [কণা।
বমথু, বমন, বমি; হস্তিশুণ্ডনির্গতজল
বমন, ছর্দ্দন, উদ্গিরণ; ন্যাক্কার, বমি।
বমনী, জলৌকা, জোঁক।
বমনীয়া, মক্ষিকা, মাছী; বমনযোগ্য
বমি, ছর্দ্দিকা; বমন; অগ্নি; ধূর্ত্ত।
বমিত, বান্ত, বমন কৃত বস্তু, ন্যাক্কার।
বম্ভ, বংশ, বাঁশ।
বম্রীকূট, বল্মীক, উইপোকা।
বম্কী, ছর্দ্দি; বলদ্বারা জলাদির ঊর্দ্ধ নিঃসারণ।
বয়ঃ, পক্ষী; যৌবন; বয়স; পরমায়ু।
বয়ঃক্রম, বয়স, পরমায়ুর সংখ্যা।
বয়ঃপ্রাপ্ত, বয়স্থ, যুবা, প্রাপ্তব্যবহার।
বয়ঃস্থ, বয়ঃপ্রাপ্ত, যুবা, যৌবনযুক্ত।
বয়ঃস্থা, যুবতী; যৌবনাবস্থাপন্না; আমলকী; হরীতকী; গুড়ুচী; শাল্মলী।
বয়স্য, সমানবয়স্ক, সখা।
বয়স্যা, সখী; সমবয়স্কা স্ত্রী।
বয়ার, মহিষ; বলবান।
বয়ুন, জ্ঞান, বোধ; দেবতাগার।
বয়োধা; যুবা, বয়ঃস্থ।
বয়োরঙ্গ, সীসক, সীসা।
বর, বরণ; প্রার্থনাবিশেষ; শ্রেষ্ঠ; বিবাহার্থ আগত; পতি, ঈষদিষ্ট, মনাক্প্রিয়।
বরং, বরঞ্চ, অপেক্ষা কৃত ইষ্ট।
বরক, পোত আচ্ছাদন; ধৌত অধৌত সাধারণ বস্ত্র; বনমুদ্গ; তৃণধান্য-বিশেষ।
বরক্রতু, ইন্দ্র, শক্র, দেবরাজ।
বরণ্ডা, ইষ্টকময় গৃহের আচ্ছাদন-ক্ষুদ্র কাষ্ঠ বিশেষ।
বরজ, পানক্ষেত্র, পানের ক্ষেত।
বরঞ্চ, অপেক্ষাকৃত অভীষ্ট, ঈষৎ-প্রিয়। [বোলতা।
বরট, কুন্দপুষ্প; হংস; কীটবিশেষ,
বরটা, হংসী; কুসুম্ভবীজ।
বরটী, হংসী; বোলতা।
বরটিকা, কুসুম্ভবীজ।
বরণ, কন্যাদি বরণ; বেষ্টন; পূজনাদি; প্রার্থন; প্রতিনিধি নির্ধারণ।
বরণ ডালা, বরণের উপকরণ পাত্র।
বরণসী, বারাণসী, কাশী।
বরণা, নদীবিশেষ, বারাণসীর উত্তর-সীমাস্থ নদী।
বরণীয়, বরণযোগ্য; প্রার্থনীয়; উপযুক্ত। [ফোড়া।
বরণ্ড, সমূহ; মুখরোগ, ব্রণ, বয়স-
বরণ্ডক, হস্তিপৃষ্ঠস্থ বেদি, হাতির-হাওদা; যৌবনকণ্টক, বয়সফোড়া; বর্ত্তুল, গোল; ভিত্তি, দেওয়াল; ভীত, ভয় সম্পন্ন; কৃপণ।
বরণ্ডা, বর্ত্তি, বাতি; শস্ত্রবিশেষ।
বরণ্ডালু, এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডাগাছ।
বরতিক্ত, কুটজবৃক্ষ, চিরতা।
বরতিক্তিকা, আকনাদিলতা, নিম্নুখী।
বরৎকরী, রেণুকা নামে গন্ধদ্রব্য-বিশেষ।
বরত্রা, হস্তিকক্ষরজ্জু, কাছদড়ি।
বরত্বচ, নিম্ববৃক্ষ, নিম; শ্রেষ্ঠবল্কল।
বরদ, অভীষ্টদাতা, বাঞ্ছিতার্থপ্রদ; প্রসন্ন।
বরদা, কন্যা; বরদাত্রী; অশ্বগন্ধাবৃক্ষ।

বরদাচতুর্থী, মাঘশুক্লচতুর্থী।
বরদাতা, অভীষ্টদায়ক, প্রার্থনা সিদ্ধির আদেশকারী।
বরপাত্র, কন্যাদানার্থ আহূত ব্যক্তি, বিবাহার্থ আগত, জামাতা। [দাত্রী।
বরপ্রদা, অভীষ্টার্থ দায়িনী; বর-
বরফল, নারিকেলবৃক্ষ; শ্রেষ্ঠফল।
বরবৎসলা, শ্বশুরভার্য্যা, শাশুড়ী।
বরবর্ণিনী, অত্যুত্তমা স্ত্রী, বরারোহা, উত্তমা; লাক্ষা; হরিদ্রা, রোচনা; সাধ্বী স্ত্রী; গৌরী; সরস্বতী, লক্ষ্মী।
বরবাহ্লিক, কুঙ্কুম।
বরবৃক্ষ, শিব, মহাদেব।
বরমুখী, রেণুকানামেগন্ধদ্রব্যবিশেষ।
বরম, ঈষৎপ্রিয়, অল্পপ্রিয়।
বরম্বরা, চক্রপর্ণীবৃক্ষ, চাকুলিয়া লতা।
বরযাত্রী, বরের সহচর, বিবাহার্থ-প্রস্থিত ব্যক্তির সমভিব্যাহারী।
বরয়িতা, ভর্ত্তা, স্বামী; বরণকারয়িতা।
বররুচি, কবিবিশেষ, বিক্রমাদিত্য-রাজসভাস্থ নবরত্নের এক রত্ন।
বরল, বরট, কীটবিশেষ, বোলতা।
বরলব্ধ, চম্পকবৃক্ষ; বরপ্রাপ্ত।
বরলা, হংসী; বোলতা।
বরলী, কীটবিশেষ, বোলতা।
বরশা, শস্ত্রবিশেষ, বড়শা।
বরা, শ্রেষ্ঠা; বরাহ; ত্রিফলা; রেণুকা।
বরাক, শিব; যুদ্ধ; শোচনীয়; অবর।
বরাঙ্গ, মস্তক; গুহ্য; যোনি; শ্রেষ্ঠ-অবয়ব; হস্তী; বিষ্ণু।
বরাঙ্গক, গুড়ত্বক; শ্রেষ্ঠ অবয়ব যুক্ত।
বরাঙ্গনা, অতিপ্রশস্ত অঙ্গযুক্তা স্ত্রী, উত্তমা নারী। [সুন্দর।
বরাঙ্গরূপোপেত, শ্রেষ্ঠ রূপ যুক্ত,
বরাঙ্গী, শ্রেষ্ঠাঙ্গ যুক্তা স্ত্রী।
বরাট, কপর্দ্দক, কড়ি; রজ্জু, দড়ি।
বরাটক, কপর্দ্দক, কড়ি; রজ্জু, দড়ী; পদ্মবীজ।
বরাটকরজ্জা, পুষ্পবৃক্ষ বিশেষ, নাগ-কেশর বৃক্ষ।
বরাটিকা, কপর্দ্দক, কড়ি।
বরাণ, ইন্দ্র; বৃক্ষবিশেষ, বরুণবৃক্ষ।
বরাণসী, কাশী, বারাণসী, শিবপুরী।
বরারক, রত্নবিশেষ, হীরক, হীরা।
বরারোহ, হস্ত্যারোহ; অবরোহ।
বরারোহা, উত্তমা স্ত্রী, পরমা সুন্দরী।
বরালিকা, দুর্গা, ভগবতী।
বরাশি, স্থূলবস্ত্র, মোটা কাপড়।
বরাসন, ওড্রপুষ্প, জবাফুল; উত্তম-আসন; লম্পট; দ্বারপাল। [ধারী।
বরাসি, স্থূলবস্ত্র, মোটা কাপড়; খড়্গ-
বরাহ, পশুবিশেষ, বরা, শূকর; বিষ্ণু; পর্ব্বতবিশেষ; মুস্তা, মুতা; শিশুমার।
বরাহকালী, পুষ্পবিশেষ; সূর্য্যমণি-ফুল। [ভদ্রমুস্তা।
বরাহী, শূকরী, একপ্রকারমুতাবিশেষ,
বরিবসিত, উপাসিত, সেবিত, পূজিত।
বরিবস্যা, শুশ্রূষা, উপাসনা, সেবা।
বরিবস্যিত, উপাসিত, সেবিত।
বরিশী, বড়িশী, বড়শী।
বরিষ, বৎসর, বর্ষ।
বরিষণ, বর্ষণ, বৃষ্টিপতন।
বরিষা, বর্ষা, প্রাবৃটকাল।
বরিষাপ্রিয়, চাতকপক্ষী।
বরিষ্ঠ, বরতম, শ্রেষ্ঠতম; তাম্র; বৎস; তিত্তিরিপক্ষী; নাগরঙ্গবৃক্ষ।
বরী, শতাবরীলতা; সূর্য্যপত্নী।
বরীবর্দ্দ, বলীবর্দ্দ, বৃষ, ষাঁড়।
বরীয়ান, শ্রেষ্ঠ, বরিষ্ঠ।
বরীষু, কাম, অভিলাষ।
বরুট, ম্লেচ্ছজাতিবিশেষ।
বরুড়, অন্ত্যজ জাতিবিশেষ।
বরুণ, দেবতাবিশেষ, জলাধিপতি, পশ্চিমদিকপাল, প্রচেতা; বৃক্ষ-বিশেষ; জল; সূর্য্য।
বরুণাত্মজা, মদ্য, সুরা, মদিরা।
বরুণানী, বরুণপত্নী।

নকুর, উত্তরীয় বস্ত্র, চাদর, দোবজা।
বরূথ, তনুত্রাণ, বর্ম্ম, সাঁজোয়া; চর্ম্ম; শত্রুর প্রহরণাদি বারণ নিমিত্ত রথের আবরণ বিশেষ।
বরূথিনী, সেনা, সৈন্য, অনীকিনী।
বরেণ্য, প্রধান, শ্রেষ্ঠ; কুঙ্কুম।
বরেন্দ্রী, গৌড়দেশ।
বরেশ্বর, শিব, মহাদেব, ত্রিলোচন।
বরোল, বরট, বোলতা। [পরিহাস।
বর্কর, যুবা পশু; মেষশাবক, ছাগল;
বর্কোটি, অপাঙ্গদর্শন, কটাক্ষ; নূতন উদিত সূর্য্যের দীপ্তি; নায়ক কর্তৃক নায়িকার স্তনে কৃত নখক্ষত।
বর্গ, স্বজাতীয় সমূহ; সম্প্রদায়, সকল; সমান অঙ্ক দ্বয়ের পূরণ; সমান স্থানে উচ্চার্য্য বর্ণ বৃন্দ।
বর্গীকৃত, সমান অঙ্কের পূরণ করা, সমান অঙ্কদ্বারা গুণিত।
বর্গীয়, কবর্গাদি বর্গমধ্যে গণিত।
বর্চ্চঃ, তেজঃ; রূপ; বিষ্ঠা।
বর্চ্চস্ক, বিষ্ঠা, মল, পুরীষ।
বর্চ্চস্বী, চন্দ্র, নিশাকর, শশাঙ্ক।
বর্জ্জন, পরিহার, ত্যাগ, ছাড়ন।
বর্জ্জনীয়, ত্যাজ্য, পরিহার্য্য, ত্যক্তব্য।
বর্জ্জিত, ত্যক্ত, নিরাকৃত; রহিত।
বর্জ্জ্য, বর্জ্জনীয়, ত্যক্তব্য।
বর্ণ, শুক্ল রক্ত কৃষ্ণাদি, রঙ্গ; কুঙ্কুম; ব্রাহ্মণাদি জাতি; কবর্গাদি অক্ষর; রূপ; অঙ্গরাগ।
বর্ণক, হরিতাল; গাত্রানুলেপন যোগ্য সুগন্ধি দ্রব্য; চন্দন; বিলেপন; চারণ, স্তুতিপাঠক।
বর্ণকবি, কুবের পুত্র।
বর্ণকূপিকা, মস্যাধার, দোয়াত।
বর্ণচারক, চিত্রকর, পটুয়া।
বর্ণজ্যেষ্ঠ, ব্রাহ্মণ, বিপ্র; স্বাপেক্ষা উত্তম বর্ণ; শ্রেষ্ঠ জাতি।
বর্ণতুলি, লেখনী, কলম।
বর্ণতূলিকা, লেখনী, কলম।
বর্ণতুলী, লেখনী, কলম।
বর্ণদ, কালীয সর্প; বর্ণদাতা।
বর্ণদাত্রী, হরিদ্রা, হলুদ; বর্ণদাতা।
বর্ণদূত, লিপি, লেখা, পত্রী।
বর্ণধর্ম্ম, ব্রাহ্মণ ক্ষত্রিয় বৈশ্য শূদ্রাদির কর্ত্তব্য কর্ম্ম।
বর্ণন, গুণকথন; বিবরণ করণ; স্তবন; বিস্তার করণ; শুক্লাদি বর্ণ যোজন।
বর্ণনা, গুণকথন, স্তব, স্তোত্র; প্রশংসা; আশীর্বাদ। [বর্ণিতব্য।
বর্ণনীয, বর্ণনার্হ, গুণকথন যোগ্য,
বর্ণপাত্র, চিত্রকারের নীল্যাদি রঙ্গ রাখিবার আধার, রঙ্গের পাত্র।
বর্ণপ্রসাদন, অগুরু।
বর্ণবতী, হরিদ্রা; বর্ণবিশিষ্ট।
বর্ণবিলোডক, সন্ধিচোর, সিঁদাল চোর।
বর্ণমাতা, লেখনী, কলম, বর্ণতূলিকা।
বর্ণমাতৃকা, সরস্বতী, বাগ্দেবী, বাণী।
বর্ণমালা, জাতিমালা; অক্ষরশ্রেণী।
বর্ণরেখা, অক্ষরশ্রেণী; কঠিনী, খড়ী
বর্ণসঙ্কর, মিশ্রিতজাতি, সঙ্কীর্ণ বর্ণ।
বর্ণসি, জল, বারি, পয়ঃ।
বর্ণা, আঢ়কী; পরিমাণ পাত্র বিশেষ।
বর্ণাঙ্ক, লেখনী, কলম।
বর্ণাট, গায়ক; চিত্রকর।
বর্ণার্হ, মুদ্গ, মুগ।
বর্ণি, সর্প, হেম, সোণা।
বর্ণিক, লেখক, লিপিকর।
বর্ণিকা, কঠিনী, খড়ী।
বর্ণিত, স্তুতিযুক্ত, অভিষ্টুত, স্তুত।
বর্ণিনী, হরিদ্রা; বনিতা, স্ত্রী।
বর্ণী, লেখক; চিত্রকর; ব্রহ্মচারী; বর্ণ সম্বন্ধীয়।
বর্ণু, নদবিশেষ; আদিত্য, সূর্য্য।
বর্ত্তক, পক্ষিবিশেষ, ভারই পক্ষী।
বর্ত্তকা, পক্ষি বিশেষ, ভারই পক্ষী।
বর্ত্তজন্মা, মেঘ, জলদ।

বর্ত্তন, বৃত্তি, জীবন, জীবিকোপায়; বিদ্যমান; চরকার টেকো।
বর্ত্তনী, পেষণ; পন্থ', পথ। [যুক্ত।
বর্ত্তনীয়, বর্ত্তন যোগ্য; বৃত্তির উপ-
বর্ত্তমান, প্রয়োগের অধিকরণীভূত কাল; উপস্থিত, সাক্ষাৎ, প্রত্যক্ষ।
বর্ত্তরুক, নদী বিশেষ; দ্বারপাল।
বর্ত্তলোহ, লৌহ বিশেষ, বিদরি।
বর্ত্তি, ঔষধ নির্ম্মাণ; নয়নাঞ্জন; গাত্রানুলেপনী; দীপদশা, প্রদীপের শলিতা।
বর্ত্তিক, পক্ষি বিশেষ, ভারই পাখী।
বর্ত্তিকা, বর্ত্তকপক্ষী ভারই পাখী।
বর্ত্তিত, স্থাপিত; উৎপাদিত।
বর্ত্তিষ্ণু, বর্ত্তনশীল; বিদ্যমান; স্থিতিশীল। [প্রদীপের শলিতা।
বর্ত্তী, বর্ত্তিষ্ণু, বর্ত্তনশীল; বাতি,
বর্ত্তুল, গোল বস্তু, নিস্তল, বৃত্ত; গৃঞ্জন, গাজর; কলায় বিশেষ; গাঁটুলা কলাই।
বর্ত্তুলা, তর্কপাঠী, টেকোর গাঁটুল।
বর্ত্ম, পন্থা, পথ; নেত্রজল।
বর্দ্ধ, সীসা; ব্রাহ্মণযষ্টি বৃক্ষ, বামনহাটী গাছ। [বৃদ্ধিকারক।
বর্দ্ধক, ব্রাহ্মণযষ্টি, বামনহাটী; পূরক;
বর্দ্ধকী, বর্ণসঙ্কর জাতি বিশেষ, বঢ়ই, সূত্রধার, কাষ্ঠতক্ষক, রথকার।
বর্দ্ধন, উন্নতকরণ, বৃদ্ধি; বর্দ্ধিষ্ণু।
বর্দ্ধনী, ঘটী; সংমার্জ্জনী, খাণ্ডরা; সনালপাত্র বিশেষ। [করণীয়।
বর্দ্ধনীয়, বৃদ্ধি করণের যোগ্য, উন্নত
বর্দ্ধমান, বৃদ্ধিশীল; এরণ্ডবৃক্ষ; পশু বিশেষ; শরাব, শরা; বিষ্ণু; জিনবিশেষ; ধনিদিগের গৃহ বিশেষ; দেশ বিশেষ। [এরণ্ডবৃক্ষ।
বর্দ্ধমানক, বৃদ্ধিবিশিষ্ট; শরাব, শরা;
বর্দ্ধাপন, নাড়ীচ্ছেদন।
বর্দ্ধিত, পূরিত; উন্নত, বৃদ্ধিযুক্ত।
বর্দ্ধিষ্ণু, বর্দ্ধনশীল, বৃদ্ধিযুক্ত।
বর্দ্ধ্র, চর্ম্ম, চামড়া।
বর্দ্ধ্রী, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ী।
বর্ব্বট, রাজমাষ, বর্ব্বটী কলাই।
বর্ব্বটী, পণ্যযোষা, বেশ্যা; কলাইবিশেষ, রাজমাষ। [ভণভণিয়া।
বর্ব্বণা, নীলমক্ষিকা, নীলবর্ণ মাছী,
বর্ব্বর, পামর, নীচজাতি; মূর্খ; অজ্ঞ; হিঙ্গুল; পীতচন্দন; কেশ, বাউরী; দেশবিশেষ; বৃক্ষবিশেষ; কালবাবুই। [সুরভি।
বর্ব্বরক, চন্দন বিশেষ; সুগন্ধি,
বর্ব্বরা, পুষ্পবিশেষ; শাকবিশেষ; মক্ষিকাবিশেষ; ক্ষুদ্র বৃক্ষবিশেষ, বাবুই।
বর্ব্বরীক, ব্রাহ্মণযষ্টিকা বৃক্ষ, বামনহাটী; কুটিলকুন্তল, বাউরী; বাবুই তুলসী।
বর্ব্বূর, বৃক্ষবিশেষ, বাবলা গাছ।
বর্ম্ম, তনুত্র, গাত্রীয় কবচ, সাঁজোয়া।
বর্ম্মা, ক্ষত্রিয়ের পদ্ধতি।
বর্ম্মি, মৎস্যবিশেষ, বানিমাছ।
বর্ম্মিত, বর্ম্মযুক্ত, কৃত সন্নাহ, কবচী।
বর্য্য, প্রধান, শ্রেষ্ঠ, মান্য।
বর্শি, বড়িশ, বঁড়শী।
বর্ষ, বৎসর; বৃষ্টি; জম্বূদ্বীপাংশ; জম্বুদ্বীপ; মেঘ।
বর্ষকরী, ঝিল্লিকা, উচ্চিঙ্গড়া।
বর্ষকেতু, রক্তপুনর্নবা।
বর্ষকোষ, গণক, দৈবজ্ঞ; মাস।
বর্ষজ, বৃষ্টিজাত; বৎসর জাত; জম্বুদ্বীপ জাত; মেঘ জাত।
বর্ষজীবী, ওষধী, ফলপাকান্ত; বৎসরজীবী; চাতক পক্ষী।
বর্ষণ, বৃষ্টি, বৃষ্টিপতন।
বর্ষণি, বর্ত্তন; যজ্ঞ, ক্রতু; বর্ষণ।
বর্ষপাকী, আম্রাতক, আমড়া।
বর্ষপুষ্পা, সহদেবী লতা।
বর্ষপ্রিয়, চাতক পক্ষী।
বর্ষবর, ষণ্ড, খোজা, ক্লীব।
বর্ষবৃদ্ধি, জন্মতিথি, বর্ষপ্রবেশ দিন।

বর্ষা, ঋতু বিশেষ, প্রাবৃট্ কাল, ঘনকাল, বরিষা ঋতু।
বর্ষাংশ, মাস।
বর্ষাঘোষ, মহামণ্ডূক, সোণা ব্যাং।
বর্ষাঙ্গ, মাস।
বর্ষার্তি, ঘোটকের পদরোগ বিশেষ।
বর্ষাবসান, শরৎকাল, বর্ষার শেষ।
বর্ষাভব, রক্তপুনর্নব ; বর্ষাকালজাত।
বর্ষাভূ, ভেক, মণ্ডূক; বর্ষ জাত।
বর্ষাভ্বী, ভেকী; পুনর্নবা।
বর্ষামদ, ময়ূর, শিখী।
বর্ষান্তঃপারণব্রত, চাতক পক্ষী।
বর্ষার্চিঃ, মঙ্গলগ্রহ। [শাক।
বর্ষালঙ্কারিকা, পৃক্কাশাক, পিড়িং
বর্ষিক, বর্ষাসম্বন্ধি; বর্ষসম্বন্ধীয়।
বর্ষিষ্ঠ, অতিশয় বৃদ্ধ, বড়প্রাচীন।
বর্ষীয়সী, অতিশয় প্রাচীন স্ত্রী।
বর্ষীয়ান্, অতিবৃদ্ধ, বড়প্রাচীন।
বর্ষুক, বর্ষণকর্ত্তা, বর্ষণশীল।
বর্ষুকাব্দ, বর্ষণশীল মেঘ।
বর্ষেজ, বর্ষাকাল জাত; বৎসর জাত।
বর্ষোপল, মেঘভব শিলা, করক শিলা।
বর্ষ্ম, শরীর; পরিমাণ, ইয়ত্তা; অতিসুন্দরাকৃতি।
বহ, ময়ূরপিচ্ছ; পত্র; পরীবার।
বর্হণ, পত্র, দল, পাতা।
বর্হিঃ, অগ্নি; দীপ্তি; যজ্ঞ; কুশতৃণ।
বর্হিঃপুষ্প, গ্রন্থিপর্ণ বৃক্ষ, গাঠিয়াল-গাছ।
বর্হিঃশুষ্মা, অগ্নি, অনল, বহ্নি।
বর্হিণ, ময়ূর, শিখী, কলাপী।
বর্হিবাহন, কার্ত্তিকেয়, কুমার, স্কন্দ।
বর্হিধ্বজা, চণ্ডী, দুর্গা।
বর্হিপুষ্প, গ্রন্থিপর্ণ, গাঠিয়াল ফুল।
বর্হির্জ্যোতিঃ, অগ্নি, বহ্নি, অনল।
বর্হির্মুখ, দেবতা, সুর, অমর।
বর্হিঃশুষ্মা, অগ্নি, অনল।
বর্হিষদ, পিতৃগণবিশেষ।
বর্হিষ্কেশ, অগ্নি, বহ্নি।

বর্হী, ময়ূর, শিখী। [বলদেব।
বল, সৈন্য; শক্তি, সামর্থ্য; কাক;
বলজ, ক্ষেত্র; পুরদ্বার; শস্য; যুদ্ধ; বলজন্য, বলজাত।
বলদ, বলদাতা; বলীবর্দ্দ, বৃষ, দামড়া।
বলদীনতা, গ্লানি, দৌর্বল্য।
বলদেব, বলরাম, বলভদ্র।
বলন, কথন, কহন, বাক্যপ্রয়োগ।
বলপ্রসূ, রোহিণী, বলরামের মাতা।
বলবতী, বলবিশিষ্টা, প্রবলা, তেজাল; বেগবতী।
বলবৎ, অতিশয়; শক্ত; বলবান।
বলবান, বলবিশিষ্ট, বীর্য্যবান, বলী।
বলবিন্যাস, সৈন্য দিগের দুর্লঙ্ঘ্যত্ব নিমিত্ত ব্যূহ রচনা বিশেষ।
বলভদ্র, বলরাম, বলদেব; বলশালী।
বলভি, বড়ভী, গৃহচূড়া, ঘরের মুদনি।
বলয়, স্বর্ণাদি রচিত আভরণ বিশেষ, কটক, করভূষণ, বালা; কঙ্কণ; গলরোগ বিশেষ।
বলয়িত, বেষ্টিত, ঘেরা।
বলরাম, বলদেব, হলধর।
বলল, বলদেব, বলরাম, হলধর।
বলসূদন, ইন্দ্র, দেবরাজ, সুরপতি।
বলস্থিতি, শিবির, তাম্বু, সৈন্যদের-ছাউনি।
বলহ, শ্লেষ্মা, কফ।
বলক্ষ, শুক্লবর্ণ, ধবল, শ্বেত, শাদা।
বলা, ক্ষুদ্রবৃক্ষবিশেষ, বাড়িয়ালা, বেড়েল, বালা; অস্ত্রবিদ্যাবিশেষ।
বলাক, বকজাতিবিশেষ, ক্ষুদ্রবক-বিশেষ, কোঁচবক। [শারী।
বলাকা, বকশ্রেণী, ক্ষুদ্রজাতীয় বকের-
বলাট, মুদ্গ, মুগকলাই; গোযোনি।
বলাৎ, হঠাৎ; দৈবাৎ, অকস্মাৎ।
বলাৎকার, হঠাৎকরণ, প্রসভ, হঠ।
বলাম্বিকা, হস্তিশুণ্ডীবৃক্ষ, হাতিশুঁড়া।
বলাদ্যা, বলানামে ওষধিবিশেষ।
বলাধান, বলেরযোগ; সতেজঃ, সবল।

বলান, কহান ; অঙ্গীকার করাণ।
বলানুজ, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
বলাবল, সারাসার ; শক্ত্যশক্তি।
বলাবলি, পরস্পর কথোপকথন।
বলারাতি, ইন্দ্র, দেবরাজ, সুরপতি।
বলালক, পানীয়ামলক, পেনেলা।
বলাশ, শ্লেষ্মা, কফ।
বলাহক, মেঘ ; মুস্তক, মুতা ; পর্ব্বত ; দৈত্যবিশেষ ; নাগবিশেষ ; রমা-গর্ভোদ্ভব কল্কিদেব পুত্র।
বলাহ্বকন্দ, গুলঞ্চ নামক লতার মূল।
বলি, কর, রাজপ্রাপ্য ভাগ ; পূজার-উপহার ; পূজাসামগ্রী ; পঞ্চমহাযজ্ঞা-ন্তর্গত ভূতযজ্ঞ ; দৈত্যবিশেষ, বিরোচনপুত্র, বলিরাজা ; জরাদ্বারা শ্লথ-চর্ম্ম। [পূজোপহার।
বলিদান, দেবতার উদ্দেশে যথাবিধি-
বলিধ্বংসী, বিষ্ণু, নারায়ণ। [যুক্ত।
বলিন, বলিভ, জরাহেতুক শ্লথ চর্ম্ম-
বলিনন্দন, বাণাসুর, বাণরাজা।
বলিপুষ্ট, কাক, বায়স।
বলিপ্রিয়, লোধ্রবৃক্ষ, লোধগাছ ; কাক, শকুনি। [হারী।
বলিভুক্, কাক, বায়স ; বলিমাংসা-
বলিমন্দির, অধোলোক, পাতাল।
বলিমান্, বার্দ্ধক্য হেতু শ্লথ চর্ম্ম যুক্ত, লোলিত মাংস শরীর।
বলিমুখ, বানর, কপি, মর্কট।
বলিশ, বড়িশ, বঁড়শী।
বলিষ্ঠ, অতিশয় বলবান ; উষ্ট্র, উট।
বলিষ্ণু, অপমানিত ; ভৎর্সিত, তিরস্কৃত। [পাতাল।
বলিসদ্ম, অধোলোক, রসাতল,
বলিহা, বিষ্ণু, নারায়ণ।
বলী, বলযুক্ত, বলবান, শক্তিমান ; বলরাম ; উষ্ট্র ; মহিষ ; বৃষ ; শূকর ; কফ ; বার্দ্ধক্য হেতু শ্লথ চর্ম্ম।
বলীক, পটল প্রান্ত, তৃণাচ্ছাদিত ঘরের ছাঁচি, ছাঁইচ্।

বলীবর্দ্দ, বলদ ; বৃষ, ষাঁড়।
বলীমুখ, বানর, মর্কট, শাখামৃগ।
বলীয়ান, অতিশয় বলযুক্ত, অত্যন্ত-বলবান, অতি তেজাল।
বলুক, পদ্মমূল ; পক্ষিবিশেষ।
বলুল, বলবান, শক্তিযুক্ত।
বল্ক, বল্কল, বৃক্ষত্বক্, গাছের ছাল, শল্ক, মাছের আঁইষ, খণ্ড।
বল্কতরু, পূগবৃক্ষ, গুবাক্ গাছ।
বল্কদ্রুম, ভূর্জ্জবৃক্ষ, ভূর্জ্জপত্রের গাছ।
বল্কন, উথলন, ফুটন।
বল্কবান, মৎস্য ; বল্কলযুক্ত, ছাল-বিশিষ্ট। [দালচিনি।
বল্কল, বৃক্ষত্বক্, বাকল, ছাল ;
বল্কা, ঈষদুষ্ণ, অল্প তপ্ত।
বল্কান, উথলন, ফুটিয়া পড়ন।
বল্কিল, কন্টক, কাঁটা।
বল্কুত, বল্কল, বাকল, বৃক্ষত্বক্।
বল্গন, লাফিয়া যাওন, প্লুতগমন ; বহুভাষণ, বাচালতা করণ।
বল্গা, রশ্মি, দন্তালিকা, লাগাম।
বল্গিত, অশ্বের গতিবিশেষ ; গমন ; বহুভাষণ। [ছাগল।
বল্গু, সুন্দর ; মনোহর ; ছাগ,
বল্গুক, রুচির, মনোহর ; চন্দন ; বন, বিপিন ; পণ।
বল্গুপত্র, বন মুদ্গ, বনমুগ।
বল্গুলা, বাকুচী, হাকুচ ; পক্ষি-বিশেষ।
বল্গুলিকা, তৈলপায়িকা, তেলা-পোকা, আরসুলা।
বল্ভ, ভক্ষণ, অদন, ভোজন।
বল্মীক, উয়ীকা কৃত মৃত্তিকা স্তূপ, উয়ের ঢিপী ; উয়ীপোকা ; বাল্মীকি মুনি ; রোগবিশেষ।
বল্মীকি, কীটবিশেষ, উয়ীপোকা।
বল্মীকূট, উয়ীপোকা ; উইঢিপি।
বল্য, প্রধান ধাতু, শুক্র ; বলকর।
বল্যা, অতিবলাবৃক্ষ, অশ্বগন্ধাবৃক্ষ।

বল্ল, পরিমাণ বিশেষ, গুঞ্জাত্রয় পরিমাণ, তিন কুঁচ ওজন।
বল্লকী, বীণা, বৃক্ষ বিশেষ, সল্লকীবৃক্ষ। [পাচক।
বল্লব, গোপ; ভীমসেন; সূপকার,
বল্লবী, বল্লবজাতির স্ত্রী, বল্লবপত্নী, আভীরী, গোপিকা।
বল্লভ, দয়িত, প্রিয়, স্বামী, সৎ লক্ষণান্বিত ঘোটক।
বল্লভপালক, অশ্বরক্ষক, সইশ।
বল্লভা, প্রিয়া, প্রেয়সী, কান্তা।
বল্লর, কৃষ্ণাগুরু, মঞ্জরী; গহন, কুঞ্জ।
বল্লরী, মঞ্জরী, মেথিক, মেথী।
বল্লি, লতা, পৃথিবী।
বল্লিদূর্ব্বা, মালাদূর্ব্বা, মালাই দূর্ব্বা।
বল্লী, লতা; কুষ্মাণ্ডাদি লতা।
বল্লীগড়, মৎস্যবিশেষ, ভোলামাছ, বালিকড়া মাছ।
বল্লীজ, মরীচ।
বল্লীবৃক্ষ, সালবৃক্ষ, সালগাছ।
বল্লুর, কুঞ্জ, মঞ্জরী, ক্ষেত্র; নির্জ্জনস্থান; গহন; রৌদ্রাদিতে শুষ্কমাংস, শূকর মাংস, বনক্ষেত্র, ঊষর ভূমি।
বল্ল্যা, ধাত্রীবৃক্ষ, আমলকী।
বল্বজ, উলপ, উলুখড়। [আয়ত্ততা।
বশ, অধীন, আয়ত্ত; প্রভুত্ব,
বশকা, বশ্য নারী, বশতাপন্না স্ত্রী।
বশক্রিয়া, বশীকরণ, বশবর্ত্তি করা।
বশগ, বশীভূত, বশবর্ত্তী, বশ্য।
বশতঃ, অধীনতা হেতু, বশীভূততাপ্রযুক্ত; কারণে।
বশতা, অধীনতা, বশ্যতা, বশীভূতত্ব।
বশতাপন্ন, বশম্বদ, বশবর্ত্তী, আয়ত্ত, অধীন, বশীভূত।
বশম্বদ, বশীভূত, অধীন, বশবর্ত্তী।
বশা, বন্ধ্যা স্ত্রী, স্ত্রীগবী; হস্তিনী, বন্ধ্যা গবী; শরীরস্থ ধাতু বিশেষ, চর্ব্বি।
বশাঢ্যক, শিশুমার, শুশুক।
বশাপায়ী, কুক্কুর, কুকুর।
বশি, বশিত্ব, বশবর্ত্তিত, বশ্যতা।
বশিক, অগুরু।
বশিতা, বশিত্ব, বশতাপন্নত্ব, অধীনতা। [বিশেষ।
বশিত্ব, আয়ত্তত্ব, মহাদেবের ঐশ্বর্য্য-
বশিনী, শমীবৃক্ষ, শাইগাছ।
বশির, সামুদ্রিক লবণ, করকচ লোণ; গজপিপ্পলী, চই, অপামার্গ বৃক্ষ, আপাং; বচ, বচ। [সন্তান।
বশিষ্ঠ, মুনিবিশেষ, ব্রহ্মার প্রাণজ-
বশী, জিতেন্দ্রিয়, ইন্দ্রিয় দমনশীল।
বশীকরণ, মণিমন্ত্রৌষধি দ্বারা আয়ত্তকরণ, মোহন। [দয়িত।
বশীকৃত, বশে আনীত, আয়ত্তীকৃত,
বশীভূত, বশতাপ্রাপ্ত, বশতাপন্ন, বশীকৃত, অধীন।
বশীর, গজপিপ্পলী।
বশ্য, আয়ত্ততা প্রাপ্ত, বশ; লবঙ্গ।
বশ্যকা, বশগা স্ত্রী, বশীভূতা নারী।
বশ্যা, অধীন, বশবর্ত্তিনী।
বষট্, দেবোদ্দেশে হবিস্ত্যাগ মন্ত্র।
বষট্কার, দেবোদ্দেশে ত্যাগ মন্ত্র।
বষট্কৃত, হুত, হোমকরা।
বষ্কয়ণী, চিরপ্রসূতা গো, অনেকদিনের প্রসূত গাভী।
বসতি, বাস; নিকেতন, নিবাস স্থান।
বসৎ, বসতি, আবাস স্থান, বাস।
বসদ্বাটী, বাসালয়, বসতির গৃহ।
বসন, বস্ত্র, আচ্ছাদন, স্ত্রীকটী ভূষণ; স্থিতি করণ, বাস হওন।
বসনা, স্ত্রীকটী ভূষণ, চন্দ্রহার।
বসানিয়, পরিবারের সহিত বসতিকারী।
বসন্ত, ঋতু বিশেষ, চৈত্র বৈশাখ মাস দ্বয়, পুষ্প সময়; রাগ বিশেষ; রোগ বিশেষ।
বসন্তকুসুম, বৃক্ষ বিশেষ।
বসন্তকুসুমাকর, ঔষধ বিশেষ।

বসন্তঘোষী, কোকিল, পিক।
বসন্ততিলক, ছন্দোবিশেষ, পুষ্প বিশেষ; ঔষধ বিশেষ। [রাগ।
বসন্তদূত, আম্রবৃক্ষ; কোকিল; পঞ্চম
বসন্তদূতী, পাটলীবৃক্ষ; মাধবী লতা; গণিকারী বৃক্ষ।
বসন্তদ্রু, আম্রবৃক্ষ, আঁমগাছ।
বসন্তসখ, কামদেব, মদন, মন্মথ।
বসন্তী, হরিদ্রাবৎ বর্ণ, হলদা রং।
বসা, মাংস প্রভব ধাতু বিশেষ, চর্ব্বি; উপবেশন।
বসাঢ্য, শিশুমার, শুশুক।
বসান, অবস্থান করাণ, সংস্থাপন, উপবিষ্ট করণ।
বসিন্দ, বসতকারী, নিবাসী।
বসির, সামুদ্র লবণ; গজপিপ্পলী।
বসিষ্ঠ, মুনি বিশেষ, ব্রহ্মার প্রাণজ-সন্তান।
বসু, রত্ন; ধন; স্বর্ণ, জল, বকবৃক্ষ; বায়ু; গণদেবতা বিশেষ রাজা; ধনাধিপ, সাধু, পীতমুদ্গ, যোগ-মৃগ, বৃক্ষ, পুষ্করিণী; শিব; সূর্য্য; কুলীন কায়স্থের পদ্ধতি বিশেষ; অষ্টসংখ্যা; মধুর; শুষ্ক।
বসুক, বাস্তুক শাক, বেতে শাক; অর্কবৃক্ষ, আকন্দগাছ; পুষ্পবিশেষ।
বসুকীট, যাচক, লোভী, ধনাকাঙ্ক্ষী।
বসুদ, কুবের; ধনদাতা।
বসুদেব, শ্রীকৃষ্ণপিতা, কৃষ্ণজনক।
বসুদেবতা, ধনিষ্ঠানক্ষত্র।
বসুদেবভূ, শ্রীকৃষ্ণ, বাসুদেব।
বসুধা, পৃথিবী, ধরণী, পৃথ্বী।
বসুধারা, কুড্যলগ্ন ঘৃতধার, দেওয়ালে দেওয়া ঘৃত রেখা।
বসুন্ধরা, পৃথিবী, পৃথ্বী, মহী।
বসুপ্রাণ, অগ্নি, বহ্নি, অনল।
বসুমতী, পৃথিবী, মেদিনী, ধরিত্রী।
বসুরোচি, যজ্ঞ, যাগ।
বসুল, দেবতা, সুর, অমর।
বসুশ্রেষ্ঠ, রূপ্য, রজত, রূপা।
বসুষেন, কর্ণরাজ।
বসুস্থলী, কুবের পুরী।
বসুহট্ট, বকবৃক্ষ, বকগাছ।
বসূক, সাম্ভরি লবণ; বকপুষ্প।
বস্ক, অধ্যবসায়, উৎসাহ।
বস্কয়নী, চির প্রসূতা গো, অনেক দিনের প্রসূতা গাভী।
বস্করাটিকা, বৃশ্চিক, বিছা।
বস্ত, ছাগ, ছাগল।
বস্তক, কৃত্রিম লবণ।
বস্তকর্ণ, শালবৃক্ষ।
বস্তব্য, বসতির যোগ্য, বাসোপযুক্ত।
বস্তি, বস্ত্রের দশা, কাপড়ের দশী।
বস্তি, নাভির অধোভাগ; বস্ত্রের দশী।
বস্তিমল, মূত্র, প্রস্রাব।
বস্তু, দ্রব্য, সামগ্রী, পদার্থ।
বস্তুক, বাস্তুকশাক, বেতে শাক।
বস্তুতঃ, বাস্তবিক, ফলতঃ, যথার্থতঃ।
বস্তুতস্তু, ফলতঃ, যথার্থতঃ।
বস্তুত্ব, পদার্থতা, প্রকৃতত্ব।
বস্ত্য, গৃহ, গেহ, নিকেতন।
বস্ত্র, কার্পাসাদি নির্ম্মিত বস্তু, আচ্ছাদন, বসন, অংশুক, কাপড়।
বস্ত্রকুট্টিম, ছত্র, ছাতি; বস্ত্রগৃহ, তাম্বু, তাঁবু। [নীবী, কড়সা।
বস্ত্রগ্রন্থি, পরিধান বস্ত্রের গ্রন্থন,
বস্ত্রপুত্রিক, বস্ত্রনির্ম্মিত পুত্তলিকা।
বস্ত্রভূষণ, মঞ্জিষ্ঠা লতা।
বস্ত্ররঞ্জন, কুসুম্ভ, কুসুম রঙ্গ।
বস্ত্রাগার, বস্ত্রগৃহ, তাম্বু, তাঁবু।
বস্ন, বেতন, মূল্য, বসন, বস্ত্র; দ্রব্য; ধন, ত্বক্।
বস্নন, কটিভূষণ, চন্দ্রহার, গোট।
বস্নসা, স্নায়ু, শরীরস্থ ধাতু বিশেষ।
বহ, বৃষস্কন্ধ প্রদেশ; ঘোটক; বায়ু; পন্থা; নদ।
বহত, বলদ, বৃষ; পন্থা, পথিক।
বহতি, বায়ু; গোরু; সচিব, মন্ত্রী।

বহতী, নদী, তটিনী।
বহতু, পথিক, বৃষভ, ষাঁড়।
বহন, লইয়া যাওন; ধারণ; হোড়, হুড়ী; ভেলক, ভেলা।
বহনীয়, বহনযোগ্য; ভেলক।
বহন্ত, বায়ু, বাতাস; বালক।
বহর, জলোপরি ভাসমান পোতসমূহ।
বহল, পোত, নৌকা, দৃঢ়, শক্ত।
বহলগন্ধ, চন্দন বিশেষ।
বহা, নদী, হ্রদিনী, তটিনী।
বহান, যাপন, ক্ষেপণ; প্রেরণ; চালান, যানাদি চালান।
বহি, খণ্ড, ক্ষুদ্র পুস্তক, পুথী; লিপি।
বহিঃ, বাহ্য, বহির্দ্দেশ।
বহিঃকুটীচর, কুলীর, কর্কট, কাঁকড়া।
বহিঃস্থ, বাহ্যস্থ, বাহিরে স্থিত।
বহিত্র, জলযান, পোত; নৌকা; হাইল।
বহির্না, ভগিনী, স্বসা।
বহিরঙ্গ, শত্রু, অনাত্মীয়।
বহিরিন্দ্রিয়, কর্ম্মেন্দ্রিয়, পাণিপাদাদি।
বহির্দ্দেশ, বাহ্যস্থান, গৃহ হইতে পৃথক্ ভূখণ্ড।
বহির্দ্বার, তোরণ; প্রবেশপথ।
বহির্বাস, কৌপীনাচ্ছাদন, বাহ্য বসন, সন্ন্যাসি প্রভৃতির আচ্ছাদনবিশেষ।
বহির্ভূত, বহির্গত, নিঃসারিত।
বহির্মুখ, বিমুখ; ব্যতিরেক, বিনা।
বহিশ্চর, কুলীরক, কর্কট, কাঁকড়া।
বহিষ্করণ, নিরাকরণ, নিঃসারণ, দূরীকরণ।
বহিস্তন, উপরিভাগ; বাহ্য; বহির্দ্দেশ।
বহিস্ত্বক্, উত্তরীয় বসন; মাংস; চর্ম্ম।
বহীকার, বহীকারক, খাতাকার, দপ্তরী।
বহু, অনেক সংখ্যা, বিপুল, প্রভূত, প্রচুর; ভূরি।
বহুক, কর্কট, কাঁকড়া; অর্কবৃক্ষ, আকন্দগাছ; দাত্যূহপক্ষী, পানীকৌড়ী।
বহুকণ্টক, ক্ষুদ্রগোক্ষুর লতা; হিন্তাল বৃক্ষ, হেঁতাল গাছ।
বহুকণ্টা কণ্টকারি বৃক্ষ।
বহুকন্দ, শূরণ, ওল।
বহুকন্দা, কর্কটী, কাঁকড়া।
বহুকর, উষ্ট্র, উট; মার্জ্জনকারী, ভূমি সম্মার্জ্জক, বহুকার্য্য কর্ত্তা।
বহুকরী, সম্মার্জ্জনী, খাঙ্গরা, ঝাঁটা।
বহুকর্ণিকা, আখুকর্ণী বৃক্ষ, ইঁদুরকাণী গাছ।
বহুকালীন, বহুকালবর্ত্তী, প্রাচীন, অনেক কাল ব্যাপী।
বহুগন্ধদা, কস্তুরী, মৃগমদ।
বহুগন্ধা, চম্পক কলি; কৃষ্ণজীরক, কেলে জীর।
বহুগর্হ্যবাক্, কুৎসিত বহুবাদী।
বহুগুণা, পিত্তলময় পাকপাত্র বিশেষ।
বহুগ্রন্থি, ঝাবক, ঝাউগাছ।
বহুতঃ, বহুপ্রকারে, বিস্তর রূপে।
বহুতা, বহুত্ব, বাহুল্য, প্রাচুর্য্য।
বহুতিক্তা, কাকমাচী লতা।
বহুতিথ, বহুর পূরণ; বিস্তর, প্রচুর।
বহুত্র, বহুতে; অনেক স্থানে।
বহুত্ব, অনেকত্ব; প্রাচুর্য্য, বাহুল্য।
বহুত্বক্, ভূর্জবৃক্ষ, ভূর্জপত্রের গাছ।
বহুদণ্ডিক, বহুদণ্ড বিশিষ্ট।
বহুদর্শক, বহুদর্শী, জ্ঞানী, প্রাজ্ঞ।
বহুদর্শী, নানা বিষয় দ্রষ্টা, বহুজ্ঞ।
বহুদুগ্ধ, গোধূম, গম।
বহুদুগ্ধা, বহুক্ষীরা গাভী, বহু দুগ্ধবতী গরু।
বহুদুগ্ধিকা, স্নুহীবৃক্ষ, সিজগাছ।
বহুধা, বহুপ্রকার, অনেক প্রকার, নানাবিধ, বিবিধ।
বহুধার, বজ্র, অশনি, বাজ।
বহুনাড়িক, কায়, গাত্র, দেহ।
বহুনাড়ীক, দিবা, দিবস; স্তম্ভ।
বহুনাদ, শঙ্খ, শাঁখ।
বহুপটু, ঈষদূন পটু, বহু কর্ম্মে দক্ষ।

বহুপত্র, অভ্রক; পলাণ্ডু; পেঁয়াজ; অনেক পত্রযুক্ত।
বহুপত্রা, তরুণীপুষ্প। [আমলকী।
বহুপত্রিকা, মেথিকা, মেথী; ভূমি-
বহুপত্রী, গৃহকন্যা, ঘৃতকুমারী; তুলসী।
বহুপর্ণ, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিম গাছ; অনেক পত্রযুক্ত।
বহুপর্ণিকা, আখুকর্ণীবৃক্ষ, ইঁদুরকাণী।
বহুপর্ণী, মেথিকা, মেথী।
বহুপাদ, বটবৃক্ষ, বড়গাছ।
বহুপুত্র, সপ্ত পর্ণ, ছাতিম গাছ; অনেক সুত বিশিষ্ট। [স্ত্রী।
বহুপুত্রী, শতমূলী লতা; বহু সুত যুক্তা
বহুপুষ্প, পারিভাদ্রবৃক্ষ।
বহুপুষ্পিকা, ধাতকীপুষ্প, ধাইফুল।
বহুপ্রজ, মুঞ্জতৃণ; শূকর; অনেক পুত্র প্রাপ্ত।
বহুপ্রতিজ্ঞ, অনেকপদসঙ্কীর্ণ পূর্ব্ব-পক্ষ বিশিষ্ট ব্যবহার; অনেক প্র-তিজ্ঞা যুক্ত। [শৌণ্ড, দানবীর।
বহুপ্রদ, প্রচুরদাতা, বদান্য, দান-
বহুপ্রসূ, বহুসন্তান প্রসবকারিণী।
বহুফল, কদম্ববৃক্ষ; কদমগাছ।
বহুফলা, ক্ষুদ্রকারবেল্লী, ছোটকরলা; ভূমি আমলকী।
বহুফলী, আমলকী, ধাত্রী।
বহুবল, সিংহ; অতিশয় বলযুক্ত।
বহুবল্ক, প্রিয়ালবৃক্ষ।
বহুবার, বৃক্ষ বিশেষ, বহুয়ার গাছ।
বহুবিধ, নানাপ্রকার, বিবিধ, নানা-রূপ। [গাছ।
বহুবিস্তীর্ণা, কুচিকা বৃক্ষ, কুচই-
বহুবীজ, গণ্ডগাত্র, আতাফল।
বহুবীর্য্য, শাল্মলীবৃক্ষ, শিমুলগাছ।
বহুব্রীহি, ষট্ সমাসের অন্তর্গত সমাস বিশেষ, উত্তরপদ প্রধান সমাস।
বহুভার্য্য, অনেক স্ত্রীযুক্ত, বহুবনিতা বিশিষ্ট।
বহুভাষী, বাচাল, বহুবাদী।

বহুমঞ্জরী, তুলসী। [যুক্ত।
বহুমল, সীসক, সীসা, অনেক মলা-
বহুমার্গ, চত্বর; চতুষ্পথ, চৌমাতা; অনেক পথযুক্ত দেশ।
বহুমূত্র, রোগবিশেষ।
বহুমূর্ত্তি, বনকার্পাস; নানা আকার, অনেক রূপ।
বহুমূর্দ্ধা, বিষ্ণু, নারায়ণ।
বহুমূল্য, মহার্ঘ বস্তু, অক্রেয়, আক্রা।
বহুরূপ, সর্জ্জরস, ধুনা; শিব; বিষ্ণু; কামদেব; সরট, কাকলাস; ব্রহ্মা; কেশ; বস্ত্রবিশেষ; নানারূপযুক্ত।
বহুরূপা, দুর্গা; নানাবর্ণা।
বহুরূপী, নানাবেশধারী।
বহুরেখা, প্রচুরদীর্ঘচিহ্ন; অনেকদাগ।
বহুরেতঃ, ব্রহ্মা, প্রজাপতি।
বহুরোমা, মেষ; লোমশ, অনেক-লোমযুক্ত।
বহুল, প্রচুর; যথেষ্ট; অগ্নি; কৃষ্ণপক্ষ; আকাশ; কৃষ্ণবর্ণ।
বহুলগন্ধা, এলা, এলাইচ।
বহুলীকৃত, অনেক গুণ করা; প্রচুর; যথেষ্ট, রাশীকৃত; অপনীত তুষ ধা-ন্যাদি, বওলান।
বহুশ, অনেকবার; অনেকপ্রকার।
বহুশত্রু, চটক, চড়া; অনেক বৈরী।
বহুশল্য, রক্তখদির; অনেক শল্যযুক্ত।
বহুশাল, সুহীবৃক্ষ, সিজগাছ।
বহুশিখা, জলপিপ্পলী; অনেকশিখা।
বহুসন্ততি, ব্রহ্মযষ্টি, বেড়ুবাঁশ; অ-নেক সন্তানযুক্ত।
বহুসার, খদির, খএর।
বহুসুতা, শতমূলীবৃক্ষ।
বহুসূ, শূকরী; বহুপ্রসবা [প্রসবা।
বহুসূতি, বহু বৎসা গো; বহু সন্তান
বহুস্রবা, শল্লকীবৃক্ষ; অনেক ক্ষরণ-শীল। [যুক্ত।
বহুস্বন, পেচক, পেচা; অনেক শব্দ
বহেড়ক, বিভীতকবৃক্ষ, বহেড়া গাছ।

বহ্নি, অগ্নি, অনল ; চিত্রকবৃক্ষ, চিতা গাছ ; ভল্লাতক, ভেলা।
বহ্নিকরী, ধাত্রীশ্বরী, ধাইফুল।
বহ্নিগর্ভ, বেণু, বংশ, বাঁশ।
বহ্নিগর্ভা, শমীবৃক্ষ, শাঁইগাছ।
বহ্নিদীপক, কুসুম্ভপুষ্প, কুসুমফুল।
বহ্নিনামা, চিত্রকবৃক্ষ, চিতা গাছ ; ভল্লাতক, ভেলা।
বহ্নিনী, ওষধিবিশেষ, জটামাংসী।
বহ্নিবর্ণ, রক্তোৎপল রাঙ্গা সুঁদী; অগ্নিবর্ণ, শোণবর্ণ।
বহ্নিবল্লভ, সর্জ্জরস, ধুনা।
বহ্নিভোগ্য,ঘৃত,হবিঃ,আজ্য। [গ চ।
বহ্নিমন্থ, গণিকারিকা বৃক্ষ, গণেরী-
বহ্নিমারক, জল, সলিল, বারি।
বহ্নিমিত্র, বায়ু, পবন, অনিল।
বহ্নিমুখ, দেবতা, সুর, অমর।
বহ্নিরেতাঃ, শিব, মহাদেব, ত্রিলোচন।
বহ্নিলোহক, কাংস্য, কাঁসা।
বহ্নিশিখ, কুসুম্ভ; কুঙ্কুম।
বহ্নিশিখা, গণিকারিবৃক্ষ; ধাতকীবৃক্ষ, ধাইফুলের গাছ ; অগ্নিশিখা।
বহ্নিসংজ্ঞক, চিত্রক, চিতা গাছ।
বহ্নিসখ, জীরক,জীরা; বায়ু, অনিল।
বহ্য, বাহন ; শকট, গাড়ি।
বহ্যা, মুনিপত্নী।
বহ্বপত্য, শূকর ; মূষিক; বহুসন্তান-যুক্ত। [অতৃপ্তি।
বহ্বাশা, বহু বাঞ্ছা, অনেক আকাঙ্ক্ষা,
বহ্বাশী, বহুভোজনশীল; প্রচুর-ভোক্তা ; বহু আশা বিশিষ্ট।
বক্ষঃ, অঙ্গবিশেষ, হৃদয় ; উরঃস্থল ; বুক, ভুজান্তর।
বক্ষণ, বক্ষঃস্থল, হৃদয়, উরঃ।
বক্ষোজ, স্তন, পয়োধর, বক্ষোরুহ।
বক্ষোরুহ, স্তন, পয়োধর।
বা, উপমা ; বিকল্প ; বিতর্ক ; পাদ-পূরণার্থ; সমুচ্চয়ার্থ।

বাই, বায়ুরোগ, উন্মাদ ; অনিল।
বাইশ, কুঠারবিশেষ ; দ্বাবিংশতি-সংখ্যা ; আশ্চর্য্য প্রকাশক উক্তি।
বাউড়া, বাতুল, ক্ষিপ্ত; অকর্ম্মণ্য।
বাউনিয়া, খর্ব্ব, খাট, বামন।
বাওলান, শস্য উড়ান, উঁচলান।
বাংশ, বংশ সম্বন্ধীয়, বংশনির্ম্মিত।
বাংশিক,বংশীবাদক,বাঁশীবাজানিয়া।
বাংশী, বংশলোচন, ঔষধবিশেষ।
বাঁউ, বাহু পরিমাণ।
বাঁউটী, স্ত্রীলোকের করভূষণবিশেষ।
বাঁউনী, মকর সংক্রান্তির পূর্ব্বদিন।
বাঁও, বাহু, ব্যাম ; যুগ ; ধনুঃ।
বাঁওড়, বক্র, বাঁক ; বৃহৎ জলাশয়।
বাঁক, বক্র, বাঁকা ; নদীর বক্রগতি।
বাঁকড়া, নির্লজ্জ ; দুরন্ত, দুষ্ট।
বাঁকন, বক্রহওন ; নম্রহওন।
বাঁচন, জীবনধারণ, প্রাণ রক্ষা করণ।
বাঁচা, রক্ষা, জীবিত, সজীব।
বাঁচাও, রক্ষা, নিস্তার, পরিত্রাণ।
বাঁচান, জীবন রক্ষাকরণ, প্রাণদান।
বাঁঝা, বন্ধ্যা, অফলা।
বাঁট, বিভাগ ; পশুর স্তন।
বাঁটখারা, পরিমাণ দ্রব্য, ঢক।
বাঁটন, বন্টন, বিভাগকরণ।
বাঁটা, বিভাগ ; ব্যাজ।
বাঁটুল, বর্ত্তুল ; গুলি।
বাঁট্টা, ব্যাজ ; সুদ।
বাঁঠিয়া, বামন, খর্ব্ব, খাট। [বণ্ড
বাঁড়িয়া, পুচ্ছহীন, লাঙ্গল রহিত,
বাঁদর, বানর, মর্কট, কপি।
বাঁধ, সেতু ; আলি ; রোধ।
বাঁধন, বন্ধন ; অবরোধন।
বাঁধনী, আঁটনি ; কথার ঐক্য।
বাঁধা, বন্ধনকরণ; বন্ধক, আধি; রোধ করণ, আটক করণ।
বাঁধান, বন্ধন করণ, বান্ধিয়া দেওন।
বাঁধাল, সেতু, বাঁধ, আলি, জাঙ্গাল।

বাশ, বংশ, বেণু।
বাঁশী, বংশী, মুরলী।
বাঃকিটি, শিশুমার, শুশুক।
বাঃসদন, জলাধার, জলাশয়।
বাক, বকসম্বন্ধীয়, বক সম্পর্কিত।
বাকল, বলকল, বৃক্ষ ত্বচ; চর্ম্ম, ছাল।
বাকুচী, ঔষধবিশেষ, হাকুচ; সোমরাজ।
বাকুল, বকুলফল; বকুলবীজ।
বাক, বাক্য, কথা, উক্তি।
বাক্কীর, শ্যালক, শ্যালা। [ভঙ্গি।
বাক্চাতুরী, বাক্যদ্বারা চতুরতা, কথার
বাক্চাপল্য, বাক্যের দ্বারা চপলতা-
করণ। [মিথ্যাকথন।
বাকছল, বাক্যব্যাজ; কথার ছল;
বাক্জাল, বহুবাক্য; অনর্থক বাক্য।
বাকপটু, মিষ্টভাষী; সৎকথক।
বাকপতি, বৃহস্পতি; উদ্দাম বচন;
স্ববুদ্ধিদ্বারা বাক্যরচক।
বাকপারুষ্য, অপ্রিয় বাক্যের উচ্চারণ,
কদুক্তি, গালাগালি।
বাক্প্রবন্ধ, বাক্যবাহুল্য; বাক্যরচনা।
বাকব্যয়, অনর্থক বাক্য প্রয়োগ,
বৃথা কথন, মিথ্যা জল্পন।
বাক্যুদ্ধ, কলহ, ঝকড়া, বাক্যে বিবাদ।
বাকলা, গাছের ছাল, বৃক্ষত্বক্।
বাকসিদ্ধ, বাক্যসাধন; সার্থক বাক্য।
বাক্য, পদসমুদায়, কথা, বচন।
বাক্যস্থ, কথনাভিপ্রায়; মুখস্থ, মৌ-
খিক; কথার বশ।
বাক্যার্থ, কর্ত্তাকর্ম্মাদিযুক্ত পদসমূহের
অর্থ, বাক্যের তাৎপর্য্য।
বাখান, ব্যাখ্যা, অর্থকরা; তিরস্কার।
বাখারী, বংশোদ্ভব শলাকা; চূর্ণ-
বিশেষ। [উদ্যান।
বাগান, আয়ত্তকরণ, বশীভূতকরণ;
বাগার, বারক; শাণ; নির্ণয়; বৃক,
নেকড়িয়া বাঘ; মুমুক্ষু; পণ্ডিত;
নির্ভয়।
বাগাক্ষু, আশাহন্তা, আশানাশক।

বাগাল, পশুরক্ষক, পশুচারক।
বাগীশ, সুরাচার্য্য, বৃহস্পতি; বাক্য-
নিপুণ, সুস্পষ্টবক্তা।
বাগীশা, সরস্বতী, বাণী, বাগ্দেবী।
বাগীশ্বর, বৃহস্পতি; বাক্যের অধিপতি।
বাগীশ্বরী, সরস্বতী, বাগ্দেবী।
বাগুন, কর্ম্মরঙ্গফল, কামরাঙ্গা;
বার্ত্তাকু।
বাগুনিয়া, বার্ত্তাকুবর্ণবৎ, বেগুনে রং।
বাগুরা, মৃগবন্ধনার্থজালবিশেষ, ফাঁদ।
বাগুরিক, ব্যাধ, নিষাদ পশুমারক।
বাগে, দিকে, নিকটে; আয়ত্তে।
বাগেং, ক্রমেং; কৌশলে; এদিকে-
ওদিকে। [দাতা।
বাগগুলি, তাম্বলী; রাজাদের তাম্বূল-
বাগড়া, ব্যাঘাত, প্রতিবন্ধক।
বাগ্দণ্ড, ভর্ৎসনা; বাক্যদ্বারা তাড়না।
বাগ্দত্ত, বাক্যদ্বারা দানকরা।
বাগ্দত্তা, বাক্য দ্বারা পাত্রসাৎ কৃতা
কন্যা, দানার্থ বাক্যে প্রতিশ্রুতা।
বাগ্দরিদ্র, মিতভাষী, পরিমিত বাক্য-
কথক।
বাগ্দল, ওষ্ঠাধর। [করণ।
বাগ্দান, বাক্যদ্বারা বিবাহ নিশ্চয়-
বাগ্দুষ্ট, বাক্যদ্বারা অপবিত্রিত, দুষ্ট-
কথায় দূষিত।
বাগ্দেবতা, সরস্বতী, বাণী, বাগ্দেবী।
বাগ্দেবী, সরস্বতী, বাণী, বাক্যের
অধিষ্ঠাত্রী দেবী। [প্রার্থনা।
বাগবজ্র, অভিশাপ; মন্যু; অমঙ্গল
বাগ্বিদগ্ধ, সদ্বাক্য কথনে পণ্ডিত, স-
দ্বক্তা, বাগ্মী। [নিপুণা।
বাগ্বিদগ্ধা, রসিকা, বাকচাতুরী করণে
বাগ্বৈদগ্ধী, বাকচাতুরী; বাক্যের
রসিকতা। [চার্য্য, বৃহস্পতি।
বাগ্মী, বক্তা, বাবদূক, বাক্পটু; সুরা-
বাগ্য, বাগ্দরিদ্র, পরিমিতভাষী।
বাগ্যত, বাক্যে সংযত, মৌনব্রতা-
বলম্বী।

বাগ্‌যুদ্ধ, বাক্‌কলহ, বাক্যদ্বারাবিবাদ।
বাঘ, ব্যাঘ্র, শার্দ্দূল।
বাঘিনী, ব্যাঘ্রী, শার্দ্দূলী।
বাঘী, রোগবিশেষ।
বাঙ্ক, সমুদ্র, সাগর, জলনিধি।
বাঙ্গলা, বঙ্গদেশ; বঙ্গদেশজাত; তৃণাচ্ছাদিত গৃহবিশেষ।
বাঙ্‌নিষ্ঠা, বাক্যের স্থিরতা, সত্য বাদিত্ব, যথার্থ ভাষিত্ব।
বাঙ্‌নিষ্পত্তি, বাক্য প্রয়োগ, বাক্য উচ্চারণ; উত্তর।
বাঙ্মতী, নদীবিশেষ। [স্বরূপ।
বাঙ্ময়, শাস্ত্র; বাক্যাত্মক, বাক্য-
বাঙ্ময়ী, সরস্বতী, বাগ্দেবী।
বাঙ্মল, কটুবাক্য, কুৎসিত কথা।
বাঙ্মুখ, উপন্যাস, উপকথা, গল্প।
বাচ, মৎস্যবিশেষ, বাচা মাছ।
বাচংযম, মুনি, মৌনব্রতী।
বাচক, শব্দ; কথক; পুরাণাদি পাঠক।
বাচড়া, পতিত ভূমি; পড়াজমী, ঘোটকের শাবক, ঘোড়ার বাচ্চা।
বাচন, পঠন, কথন; বাক্য।
বাচনক, প্রহেলিকা, হেয়ালী।
বাচনিক, শাস্ত্রসিদ্ধ; বচন প্রমাণ সিদ্ধ; মৌখিক। [সুরগুরু।
বাচস্পতি, বাচস্পতি, বৃহস্পতি,
বাচা, বাক, বাক্য, কথা।
বাচাও, নির্বাচিত, রক্ষণ; ব্যাখ্যা।
বাচাট, বাচাল, বহুকুৎসিত ভাষী, জল্পাক, বাবদূক।
বাচান, ভিন্নকরণ; রক্ষণ; প্রকাশন।
বাচাল, বহুভাষী, বাবদূক, বক্তা।
বাচিক, বাক্যদ্বারা কৃত; বাক্যজন্য।
বাচিকপত্র, লিপি; সংবাদপত্র।
বাচিকহারক, লিপি, লেখ্য।
বাচিত, উক্ত; আদিষ্ট।
বাচোযুক্তি, বাগ্মী, বক্তা, বাক্‌পটু।
বাচ্চা, শাবক; শিশু।
বাচ্য, কুৎসিত; নিন্দিত; বচনার্হ; কথনীয়; দূষ্য।
বাছন, পৃথক্ করণ, চুনন।
বাছা, বৎস; স্নেহপাত্র; শিশু; মনোনীত করণ; পৃথক্ করা।
বাছুর, গোবৎস, বৎসতর।
বাজ, ঘৃত; যজ্ঞ; অন্ন; জল; পক্ষ; বেগ; মুনি; বজ্র, ঝঞ্ঝঝনা; পক্ষিবিশেষ, শ্যেন। [পীড়ন।
বাজন, ক্বণন, শব্দহওন; ব্যথন,
বাজন, বাদ্যযন্ত্র, বাজা।
বাজন্দর, বাদ্যকর, বাদ্যবাদক।
বাজপেয়, যাগবিশেষ।
বাজভোজী, বাজপেয় যজ্ঞ।
বাজরা, বংশনির্ম্মিত বৃহৎ পাত্র বিশেষ; চেঙ্গড়া; শস্যবিশেষ।
বাজসনেয়ী, যজুর্ব্বেদী, যজুর্ব্বেদবেত্তা।
বাজা, বাদ্য, বাজনা।
বাজাওয়ালা, বাদ্যকর; বাদ্য বাদক।
বাজান, ঢক্কাদি বাদ্যবাদন; শব্দকরণ।
বাজিগন্ধা, অশ্বগন্ধা বৃক্ষ।
বাজিদন্ত, বাসকবৃক্ষ।
বাজিন, আমিক্ষামস্তু, ছানার জল।
বাজিনী, অশ্বগন্ধা বৃক্ষ; ঘোটকী।
বাজিভক্ষ্য, চণক, ছোলা।
বাজিভোজন, মুদ্গ, মুগ।
বাজিমান্, পটোল। [মন্দুরা।
বাজিশালা, ঘোটকগৃহ, আস্তবল,
বাজী, অশ্ব, ঘোটক; বাণ; পক্ষী; বাসকগাছ; কুহক, ভেলকী।
বাজীকর, ভেলকী কারক, কুহকী।
বাজু, বাহু; হস্তালঙ্কার; ব্যবধানভিত্তি।
বাজুবন্ধ, হস্তালঙ্কার বিশেষ।
বাঞ্ছন, অভিলাষ করণ, ইচ্ছা করণ; যাচন। [রুচি।
বাঞ্ছা, ইচ্ছা, আকাঙ্ক্ষা, অভিলাষ;
বাঞ্ছিত, অভিলষিত, আকাঙ্ক্ষিত।
বাঞ্ছিনী, বাঞ্ছনীয়া নারী; অভিলষনীয়া।

বাট, মার্গ, পথ ; বৃতিস্থান।
বাটন, মর্দ্দন, পেষণ, ডলন।
বাটনী, পেষণকারী।
বাটশৃঙ্খলা, পথরোধক শৃঙ্খলা।
বাটা, তাম্বূলাধার।
বাটালি, পাখরা, বাইশ, কাষ্ঠ ছিদ্র করণার্থ অস্ত্র বিশেষ। [বাটী।
বাটিকা, বাট্যালক বৃক্ষ ; বাস্তু ; ক্ষুদ্র
বাটিয়া, পট্টনির্ম্মিত রজ্জু, বেটে দড়ী।
বাটী, গৃহ, বাড়ী, বেষ্টিত ভূ ভাগ ; বাস্তু ; বাট্যালক বৃক্ষ, বেলুড়।
বাটীদীর্ঘ, ইৎকট বৃক্ষ, ইকড়গাছ।
বাটুয়া, দস্যু, বোম্বেটিয়া ; ক্ষীণ।
বাট্টক, ভৃষ্ট যব, ভাজা যব।
বাট্টা, তাম্বূলাধার, বাটা ; ব্যাজ ; সুদ। [টিয়া, পথিতস্কর।
বাটপাড়, ডাকাইত, দস্যু ; বোম্বে-
বাটপাড়ী, দস্যুতা ; বোম্বেটিয়া পনা।
বাট্যপুষ্পী, বাট্যালক বৃক্ষ, বেলুড়-গাছ।
বাড়, বেষ্টন ; ধার, কিনারা ; কাঠাম।
বাড়ন্ত, বর্দ্ধমান, বর্দ্ধনশীল।
বাড়ব, বড়বানল ; সমুদ্রস্থ অগ্নি ; ব্রাহ্মণ, বিপ্র, দ্বিজ।
বাড়বাগ্নি, বড়বানল, সমুদ্রস্থ অগ্নি।
বাড়বাগ্র্য, ব্রাহ্মণশ্রেষ্ঠ, দ্বিজবর।
বাড়বেয়, অশ্বিনীকুমার।
বাড়ব্য, ব্রাহ্মণ সমূহ।
বাড়া, অধিক, অতিরিক্ত, উদ্বৃত্ত।
বাড়ান, বর্দ্ধন, বৃদ্ধিকরণ।
বাড়াবাড়ি, অতিরিক্ত ; অধিক ; বাহুল্য, বিস্তার পূর্ব্বক।
বাড়ি, বিস্তর ; বৃদ্ধি ; উন্নতি।
বাড়িঙ্গন, বার্ত্তাকু, বেগুন। [করণ।
বাড়ী, গৃহ, বসতি স্থান, বাটী ; বৃদ্ধি-
বাড়ুন, সম্মার্জ্জনী, খাংরা।
বাড়তি, বৃদ্ধি, উন্নতি ; অতিরেক।
বাঢ়, অতিশয় ; প্রতিজ্ঞা ; বৃদ্ধি।
বাণ, অস্ত্রবিশেষ, শর ; গোস্তন ; দৈত্যবিশেষ ; অগ্নি ; মারণমন্ত্রাদি।
বাণগঙ্গা, রাবণ বাণ নির্ভিন্ন সোমেশ্বর গিরিভব নদী বিশেষ।
বাণদণ্ড, বাপদণ্ড, তন্তুবায়ের তন্ত্রস্থ-বস্ত্র বপনার্থ দণ্ডবিশেষ ; বেঁয়ু, বেমা।
বাণপুর, বাণরাজার নগর, দেবীকোট।
বাণবার, সৈন্যদিগের অঙ্গাচ্ছাদন বিশেষ, বর্ম্ম, সাঁজোয়া।
বাণভট্ট, গ্রন্থকার বিশেষ।
বাণযুদ্ধ, বাণরাজার সহিত শ্রীকৃষ্ণের সংগ্রাম। [বিশেষ।
বাণলিঙ্গ, নর্ম্মদা নদীজাত শিব লিঙ্গ
বাণসুতা, ঊষা, অনিরুদ্ধ পত্নী।
বাণহা, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
বাণা, নীলঝিণ্টী, নীলবর্ণ ঝাঁটী ফুল।
বাণারি, বিষ্ণু, নারায়ণ।
বাণাশ্রয়, ধনুঃ, কার্ম্মুক, শরাসন।
বাণি, বস্ত্রাদির বপন ক্রিয়া ; কাপড় বোনার বাপদণ্ড, বেমা ; শিল্পকর্ম্মের বেতন।
বাণিজ, বণিক, ব্যবসায়ী ; বাড়বাগ্নি।
বাণিজিক, বাণিজ্য ব্যবসায়ী, বণিক ; ধূর্ত্ত, বাড়বাগ্নি।
বাণিজ্য, বৈশ্যবৃত্তি বিশেষ, ব্যবসা, বিনিময়াদি ক্রিয়া। [দি ক্রিয়া।
বাণিজ্যা, বাণিজ্য, ব্যবসা, বিনিময়া-
বাণিনী, বিদগ্ধা ; নর্ত্তকী ; মত্তা স্ত্রী।
বাণিয়া, বণিক ; ব্যবসায়ী।
বাণী, সরস্বতী ; বচন, বাক্য।
বাত, বাতাস, বায়ু, পবন ; রোগবিশেষ। [বায়ুর ক্রিয়া।
বাতকর্ম্ম, মরুৎক্রিয়া, পর্দ্দন, অধো-
বাতকী, বাতরোগযুক্ত, বাতরোগী।
বাতকুম্ভ ; গজকুম্ভের অধোভাগ।
বাতকেতু, ধূলি, ধূলা।
বাতকেলি, লম্পটের দন্তক্ষত চিহ্ন।
বাতগামী, পক্ষী, বিহঙ্গ।
বাতগুলম, বাতুল, ক্ষিপ্ত, পাগল।

বাতগ্রস্ত, বাতরোগবিশিষ্ট, উন্মত্ত, পাগল। [গাছ; অশ্বগন্ধাবৃক্ষ।
বাতঘ্নী, শালপর্ণীবৃক্ষ, শালপাইন-
বাততুল, আকাশে উড্ডীয়মান সূত্র, আকাশ বুড়ির সূতা।
বাতধ্বজ, মেঘ, জলদ।
বাতপিত্তজশূল, শূলরোগবিশেষ।
বাতপুত্র, মহাধূর্ত্ত; ভীমসেন; হনুমান।
বাতপোথ, কিংশুকবৃক্ষ, পলাশগাছ।
বাতপ্রমী, বাতমৃগ, বাওট্ হরিণ, নকুল, বেজী; অশ্ব, ঘোটক।
বাতফুল্লান্ত্র, পুস্ফুস, বাম পার্শ্বস্থ মলাশয়, ফোঁফড়া।
বাতবান্, বায়ুযুক্ত, বাতবিশিষ্ট।
বাতব্যাধি, বাতরোগ; বায়ুরোগ, উন্মাদ।
বাতমজ, বাতমৃগ, বাওট্ হরিণ।
বাতমণ্ডলী, বাত্যা, ঝটিকা, ঝড়।
বাতমৃগ, মৃগবিশেষ, বাওট্ হরিণ।
বাতরক্ত, রোগবিশেষ, বায়ু ও রক্ত ঘটিত রোগ।
বাতরক্তঘ্ন, কুক্কুরবৃক্ষ, কুকুরমুড়াগাছ।
বাতরক্তারি, পিত্তঘ্নী লতা; গুলঞ্চ।
বাতরঙ্গ, অশ্বত্থবৃক্ষ।
বাতরথ, মেঘ, ঘন, জলধর।
বাতরায়ণ, উন্মত্ত, ক্ষিপ্ত, পাগল; নিষ্প্রয়োজন পুরুষ, সরল বৃক্ষ।
বাতরূষ, বাতুল, ক্ষিপ্ত, পাগল; উৎকোচ, ঘুষ; ইন্দ্রধনুঃ, রামধনুঃ।
বাতরোগ, বায়ুব্যাধি; বাতব্যাধি।
বাতরোগী, বাতরোগবিশিষ্ট, বায়ু-রোগে পীড়িত।
বাতর্দ্ধি, কাষ্ঠ এবং লৌহ উভয়ে নির্ম্মিত পাত্র, কাষ্ঠলৌহী।
বাতল, চণক, ছোলা; বায়ুকারক।
বাতলমণ্ডলী, বাত্যা, ঝটিকা, ঝড়।
বাতশীর্ষ, বস্তি; নাভির অধোভাগ, বস্ত্রের দশা।
বাতশূল, বায়ুজনিত শূলরোগ।
বাতশোণিত, বাতরক্ত রোগ।
বাতসহ, অত্যন্ত বায়ুযুক্ত।
বাতসারথি, অগ্নি, অনল, বহ্নি।
বাতস্কন্ধ, আকাশের ভাগ বিশেষ।
বাতহা, বাতঘ্ন; বায়ু নাশক ঔষধ।
বাতাট, সূর্য্যের অশ্ব; বাতমৃগ।
বাতাণ্ড, মুষ্করোগবিশেষ, ধ্বজভঙ্গ।
বাতাদ, ফলবিশেষ, বাদাম।
বাতাপি; অসুরবিশেষ। [মুনি।
বাতাপিদ্বিট্, মুনি বিশেষ, অগস্ত্য-
বাতামোদা, কস্তুরী, মৃগনাভি।
বাতায়ন, গবাক্ষ, ঝরকা; ঘোটক, ঘোড়া।
বাতায়ু, হরিণ, মৃগ, এণ।
বাতারি, এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ; শতমূলী; শেফালিকা; যবানী; স্নুহীবৃক্ষ, সিজগাছ; বিড়ঙ্গ; শূরণ, ওল।
বাতালী, বাত্যা, ঝটিকা, ঝড়।
বাতাশ্ব, অশ্ববিশেষ, উত্তম ঘোটক।
বাতাস, বায়ু, বাত, অনিল; পবন।
বাতাসহ, বাতুল, ক্ষিপ্ত, উন্মত্ত।
বাতাসা, গুড়বিকার বিশেষ, ফেণী।
বাতি, বায়ু; সূর্য্য; চন্দ্র; প্রদীপের দশা, শলিতা। [পদ্ম।
বাতিক, বায়ুজনিত ব্যাধি; বাতোৎ-
বাতিগম, বার্ত্তাকু, বেগুণ।
বাতিঙ্গন, বার্ত্তাকী, বেগুণ।
বাতী, বর্ত্তি, দশা, শলিতা।
বাতীয়, কাঞ্জিক, কাঁজী।
বাতুল, বায়ুগ্রস্ত, উন্মত্ত, ক্ষিপ্ত।
বাতুলি, তরুতূলিকা, বাদুড়।
বাতোনা, গোজিহ্বা বৃক্ষ; বায়ুহীন
বাত্যা, বায়ুসমূহ, অতিশয় বায়ু, ঝটিকা, ঝড়।
বাৎসল্য, স্নেহ; প্রিয়তা; রসবিশেষ।
বাৎসীপুত্র, নাপিত, ক্ষুরকর্ম্মকারী।
বাৎস্য, মুনিবিশেষ।
বাৎস্যায়ন, মুনিবিশেষ।

বাথান, গোশালা; গোষ্ঠ; গোঠ।
বাদ, যথার্থ বোধেচ্ছুক ব্যক্তির বাক্য; বিতণ্ডা, দোষজনক বাক্য।
বাদক, বাদ্যকর বক্তা, কথক।
বাদন, বাদ্যকরণ, বাজান।
বাদবিতণ্ডা; বিতর্ক, বাদানুবাদ।
বাদর, কার্পাস নির্ম্মিত বস্ত্রাদি।
বাদরঙ্গ, অশ্বত্থবৃক্ষ। [দ্বৈপায়ন।
বাদরায়ণ, বাদরায়ণি, ব্যাসদেব, কৃষ্ণ
বাদরিক, বদর চয়ন কর্ত্তা, কুল ফল-চয়ন কারক। [বর্ষা।
বাদল; মধুযষ্টিকা, যষ্টিমধু; মেঘ;
বাদলা, বর্ষা; গোট, জরী, তার।
বাদলীয়পোকা, বর্ষাকালজাত কীট।
বাদ, জলময় স্থান, জলা।
বাদানুবাদ, বাক্য কলহ; বাগবিবাদ।
বাদাম, ফলবিশেষ; নৌকার পাইল।
বাদামিয়া, অণ্ডাকৃতি; বাদাম তুল্য।
বাদান্য, বদান্য, বহুপ্রদ, বড় দাতা।
বাদাল, মৎস্যবিশেষ, বোয়ালিমাছ।
বাদি, বিদ্বান, পণ্ডিত, বিদ্যাবান্।
বাদিত, ধ্বনিত, বাজান।
বাদিত্র, বাদ্য, বাজনা। [শেষ, ব্যাধ।
বাদিয়া, বর্ণসঙ্কর অন্ত্যজ জাতি বি-
বাদির, বদরী সদৃশ সূক্ষ্ম ফল, কুলের ন্যায় ছোট ফল।
বাদিশ, সাধুবাদী, সাধুবাদ কারক।
বাদী, বক্তা; অর্থী, বিবাদ কর্ত্তা, ফরিয়াদী।
বাদুড়, পক্ষি বিশেষ, বাতুলি পক্ষী।
বাদ্য, বাজনা, বাদিত্র, আতোদ্য।
বাদ্যকর, বাদ্যবাদক, বাজন্দার, বা-জাওয়ালা। [বাদ্যযন্ত্র।
বাদ্যভাণ্ড, বাজনীয় পাত্র, মুরজাদি-
বাদ্যোদ্যম, বাদ্যের শব্দ, বাদ্যধ্বনি।
বাধ, প্রতিবন্ধক; ব্যাঘাত; নিবারণ।
বাধক, স্ত্রীলোকের রোগ বিশেষ; বাধাজনক, নিবারক, প্রতিবন্ধক।
বাধকতা, প্রতিবন্ধকতাচরণ, বিপ-ক্ষতা, প্রাতিকূল্য।
বাধন, আটক হওন; নিবারণ, পীড়া দেওন; প্রতিবন্ধকতা করণ।
বাধা, পীড়া; আটক, প্রতিবন্ধক নিষেধ। [সংকীর্ত্তন।
বাধাই, আনন্দোৎসব; গীত বিশেষ,
বাধিত, বাধাযুক্ত, নিবর্ত্ত; প্রতিরুদ্ধ।
বাধির্য্য, কর্ণরোগ বিশেষ, বধিরতা, শ্রবণশক্তি রাহিত্য।
বাধুক্য, বিবাহ, উদ্বাহ, পরিণয়।
বাধূ, বহিত্র, নৌকা; হাইল; দাঁড়।
বাধ্য, বাধনীয়; নিবর্ত্য, বশীভূত।
বাধ্যতা, বাধ্যত্ব; বশ্যতা, অধীনতা।
বাধ্যত্ব, বশ্যতা, অধীনত্ব।
বাধ্রীনস, পশুবিশেষ, খড়্গী, গণ্ডার।
বান, শুষ্কফল; শুষ্ক; বুনন; জল-সমূহ, বন্যা।
বানক, রেশম প্রস্তুত করণের স্থান।
বানপ্রস্থ, মধুকবৃক্ষ, মহুয়া গাছ; পলাশ বৃক্ষ; তৃতীয়াশ্রম, অরণ্যবাস।
বানপ্রস্থী, তৃতীয়াশ্রমী, বনাশ্রমী।
বানর, পশুবিশেষ, কপি, শাখামৃগ, মর্কট, কীশ।
বানরপ্রিয়, ক্ষীরিকাবৃক্ষ, ক্ষীরইগাছ।
বানরাঘাত, লোধ্রবৃক্ষ, লোধগাছ।
বানরামি, বানরের ধর্ম্ম, বানরত্ব।
বানরাক্ষ, বনছাগ, বনছাগল।
বানরী, মর্কটী, বানরজাতীয়া স্ত্রী; শূকশিম্বী লতা।
বানরেন্দ্র, সুগ্রীব, কপিরাজ।
বানল, ববয়, কৃষ্ণবাবুই গাছ।
বানস্পত্য, পুষ্পজাত ফলবৃক্ষ, আম্র জাম ইত্যাদি গাছ।
বানা, বর্ত্তিকাপক্ষী; শিশু।
বানান্, ব্যঞ্জন বর্ণে স্বর সংযোগ করিয়া উচ্চারণ।
বানায়ু, দেশবিশেষ। [ঘোটক।
বানায়ুজ, বানায়ু দেশোৎপন্ন
বানীর, বেতসবৃক্ষ, বেতগাছ।

বানীরক, মুঞ্জতৃণ, মুঞ্জ লতা।
বানরীজ, ওষধিবিশেষ, কুষ্ঠ, কুড়।
বানের, কৈবর্ত্তীমুস্তক, কেউটে মুতা।
বান্ত, বমিত বস্তু, ন্যাকার।
বান্তাদ, কুক্কুর, শ্বা, কুকুর।
বান্তি, বমন, বমি, উদ্গিরণ।
বান্ধকিনেয়, অসতীসুত, জারজ।
বান্ধন, বন্ধনকরা, বাঁধন, একত্র বন্ধ-করণ।
বান্ধব, জ্ঞাতি; সুহৃৎ; আত্মীয়।
বান্যা, বন্যা, জলসমূহ, জলরাশি।
বাপ, বপন, বোনা; পিতা; জনক।
বাপক, বপনকারক, বীজ বুনানী-কারক। [বেমা।
বাপদণ্ড, বস্ত্রবপনার্থ দণ্ড, বেঁয়ু,
বাপি, বাপী, দীর্ঘিকা, বৃহৎজলাশয়।
বাপিত, বোনা; মুণ্ডিত; মুড়ান; ধান্যবিশেষ, বাওয়া ধান। [শয়।
বাপী, দীর্ঘিকা, তাড়াগ, বৃহৎ জলা-
বাপীহ, পক্ষিবিশেষ, চাতকপক্ষী।
বাপু, বাছা, বৎস, স্নেহপ্রকাশক-সম্বোধন। [জলাশয় জাত।
বাপ্য, কুষ্ঠ ঔষধ, কুড়; বপনীয়;
বাবদূক, অতিশয় বচনশীল; বাগ্মী, বক্তা; বাচাল।
বাবয়, তুলসী বিশেষ, বাবুই তুলসী।
বাবু, ধনিব্যক্তিদিগের উপাধি, সুখ-ভোগী, সুখাসক্ত।
বাবুগিরি, সুখাসক্তি; স্বচ্ছাশয়তা।
বাবুট, বহিত্র, নৌকা, পোত।
বাবৃত্ত কৃতবরণ, বরণকরা।
বাভ্রবী, দুর্গা, ভগবতী।
বাম, সুন্দর, চারু; প্রতিকূল, প্রতীপ; সব্য, দক্ষিণেতর; বিমুখ; নির্দয়; অধম, নীচ; কামদেব; শিব; বাস্তুক শাক, বেতোশাক।
বামক, উদ্গারকারক, বমিকারক।
বামণ, ব্রাহ্মণ, দ্বিজ, বিপ্র। [ণ্যতা।
বামণাই, ব্রাহ্মণত্ব; ব্রহ্মতেজঃ, ব্রহ্ম-
বামণী, ব্রাহ্মণী, ব্রাহ্মণপত্নী।
বামদেব, শিব, মহাদেব, ত্রিলোচন।
বামন, দক্ষিণ দিক্গজ; অতিক্ষুদ্র, খর্ব্ব; অঙ্কোঠবৃক্ষ; হরি; বিষ্ণুর পঞ্চমাবতার। [রমণী।
বামনয়না, সুন্দরী স্ত্রী, চারুদর্শনা-
বামলূর, বল্মীক, উইপোকা।
বামলোচনা, সুন্দরনয়না স্ত্রী,সুনয়না।
বামা, সামান্যা স্ত্রী; দুর্গা; প্রতিকূলা।
বামাচার, আচার বিশেষ, তান্ত্রিকা-চার। [কারী।
বামাচারী, তান্ত্রিকাচারানুসারে কর্ম্ম-
বামিকা, চণ্ডিকা, দুর্গা। [কূল
বামিল, দাম্ভিক, অহঙ্কারী; প্রতি-
বামী, শৃগালী; ঘোটকী; রাসভী, গর্দ্দভী, করভী।
বামোরু, সুন্দর উরুযুক্তা নারী।
বায়ক, সমূহ, রাশি, গণ।
বায়থা, উদম স্থান; নির্জ্জনস্থান।
বায়দণ্ড, বাপদণ্ড, বপনদণ্ড, বেঁয়ু।
বায়ন, পিষ্টক বিশেষ।
বায়বী, উত্তরপশ্চিমদিক্; বায়ুকোণ।
বায়বীয়, উত্তর পশ্চিম দিক্ জাত; বায়ু সম্বন্ধীয়।
বায়ব্য, বায়ুসম্বন্ধীয়; বায়ুকোণ।
বায়স, কাক; অগুরু বৃক্ষ।
বায়সারাতি, পেচক, পেচা। [গাছ।
বায়সাহ্বা, কাকনামাবৃক্ষ, কাকমাচী
বায়সেক্ষু, কাশতৃণ, কেশে।
বায়সোলিকা, কাক পেচকবৎ নিত্য-বিরোধ।
বায়ু, বাতাস, অনিল, সমীরণ,পবন।
বায়ুকেতু, পাংশু, ধূলি, ধুলা।
বায়ুকোণ, উত্তর পশ্চিম কোণ, মরুৎকোণ।
বায়ুগণ্ড, অজীর্ণ, অপাক।
বায়ুগুলন, জলভ্রমি, ঘূর্ণাজল।
বায়ুগ্রন্থি, ঘূর্ণবাত, ঘূরাণিয়া বাতাস।
বায়ুগ্রস্ত, বিক্ষিপ্তচিত্ত,ক্ষিপ্ত, বাতুল,

উন্মত্ত, পাগল।
বায়ুদারু, মেঘ, জলধর, নীরদ।
বায়ুপুত্র, ভীম; হনূমান। [শিল।
বায়ুফল, শক্রধনুঃ, রামধনুঃ; করকা,
বায়ুবাহ, ধূম, ধুঁয়া।
বায়ুবাহিনী, বায়ুসঞ্চারিণী শিরা।
বায়ুব্যজন, বায়ু আকর্ষণার্থ তাল-বৃন্তাদি।
বায়ুভক্ষ্য, সর্প, অহি; বাতভক্ষক।
বায়ুরোষা, রাত্রি, নিশা, রজনী।
বায়ুবর্ত্মা, আকাশ, গগণ, নভস্তল।
বায়ুষ, মৎস্যবিশেষ, কালবায়ুস-পোনা।
বয়ুসখ, অগ্নি, অনল, বহ্নি।
বায্যা, বাতগ্রস্ত, বাতুল।
বায়্বাস্পদ, আকাশ, অম্বর, গগণ।
বার, অবসর; দিন; পালা, সময়; মদিরাপাত্র; সমূহ; দ্বার; হর; ক্ষণ; জল।
বারক, নিষেধক, বারণকর্ত্তা; কষ্টস্থান; অশ্ববিশেষ, অশ্বগতি।
বারকী, শত্রু, বৈরী; পর্ণজীবী, তাম্বূল বিক্রয়ী; সমুদ্র, সাগর।
বারকীর, শ্যালক, শ্যালা; উকুন, যূক।
বারকোষ, কাষ্ঠময় গোলাকারপাত্র-বিশেষ।
বারঙ্ক, পক্ষী, বিহগ, বিহঙ্গ।
বারঙ্গ, খড়্গাদিমুষ্টি, মুট্, বাঁট।
বারট, ক্ষেত, ক্ষেত্র; ক্ষেত্রসমূহ।
বারটা, হংসী, স্ত্রীহাঁস।
বারণ, প্রতিষেধ, নিষেধ; হস্তী, করী; বাণবার, বর্ম্ম, সাঁজোয়া।
বারণসী, বারাণসী; কাশী, শিবপুরী।
বারত্র, চর্ম্মবন্ধনী, চমড়ার দড়ী।
বারদ্বয়, দুইবার।
বারনারী, বেশ্যা, গণিকা, অনেকের ভোগ্যা স্ত্রী।
বারনিধি, সমুদ্র, সাগর; জলধি।
বারবধূ, বারমুখ্যা, বারাঙ্গনা, বেশ্যা।
বারবাণ, কঞ্চুক; বর্ম্ম, সাঁজোয়া।
বারবাণি, বংশীবাদক; উত্তমগায়ক; ধর্ম্মাধ্যক্ষ; সম্বৎসর; বেশ্যা।
বারবাণী, বেশ্যা, পণ্যাঙ্গনা, বারস্ত্রী
বারবার, বারম্বার, পুনঃ২।
বারবিলাসিনী, বেশ্যা, বারাঙ্গনা।
বারবুষা, কদলী, কলা।
বারবুষা, কদলী, রম্ভা, কলা। [সময়।
বারবেলা, অকর্ম্মণ্য সময়, বিঘ্নকারক
বারমুখ্যা, বেশ্যা, বারস্ত্রী, পণ্যাঙ্গনা।
বারম্বার, পৌনঃপুন্য, বারবার।
বারয়িতা, নিবারণ কর্ত্তা, নিবারক; পতি স্বামী, ভর্ত্তা।
বারযোষা, বেশ্যা, পণ্যাঙ্গনা, গণিকা।
বাররমণী, বেশ্যা, গণিকা, পণ্যস্ত্রী।
বারলা, হংসী, স্ত্রীহাঁস।
বারলীক, বল্বজাবৃক্ষ, বাবুইগাছ।
বারসুন্দরী, বেশ্যা, গণিকা, পণ্যাঙ্গনা।
বারসেবা, বেশ্যাসমূহ, বেশ্যাগণ।
বারস্ত্রী, বেশ্যা, কুলটা, পণ্যাঙ্গনা।
বারাংনিধি, সমুদ্র, সাগর, জলধি।
বারাণসী, মোক্ষদাপুরীবিশেষ, বানা-রস, কাশী, শিবপুরী।
বারাণসেয়, বারাণসীজাত, কাশীজাত।
বারাণ্ডা, ছাদের বহির্ভাগ, উপরিস্থিত-গৃহের বহিঃ প্রকোষ্ঠ।
বারান্তর, পুনর্ব্বার, পুনরায়, দ্বিতীয়বার।
বারাসন, জলাধার, জলপাত্র।
বারাহ, বরাহসম্বন্ধীয়; রক্ষোবিশেষ।
বারাহী, মাতৃকা বিশেষ; যোগিনী-বিশেষ; তীর্থবিশেষ; শূকরী; শ্যামা পক্ষী।
বারি, জল, সলিল; বাক্য, সরস্বতী; গজবন্ধনী, বন্দী, কয়েদী।
বারিকণ্টক, শৃঙ্গাটক, পানীফল, শিঙ্গাড়া।
বারিকর্ণিকা, কুম্ভিকা, পানা।
বারিকপূর, ইল্লিশমৎস্য, ইলিশামাছ।
বারিকুব্জ, শৃঙ্গাট, শিঙ্গাড়া, পানীফল।

বারিকোল, কচ্ছপ, কূর্ম্ম।
বারিক্রিমি, জলৌকা, জোঁক।
বারিচত্বর, কুম্ভিকা, খমূলী, পানা।
বারিচর, মৎস্য; জলচর জন্তুমাত্র।
বারিচামর, শৈবাল, শেওলা।
বারিজ, পদ্ম; লবঙ্গ, শঙ্খ; শম্বুক, শামূক; জলজাত।
বারিতস্কর, মেঘ; সূর্য্য; দিবাকর।
বারিত্রা, ছত্র, ছাতি।
বারিদ, জলদ, মেঘ; মুস্তক, মুতা।
বারিধি, সমুদ্র, সাগর, জলনিধি।
বারিনাথ, বরুণ; সমুদ্র; মেঘ।
বারিনিধি, সমুদ্র, সাগর, জলধি।
বারিপথিক, জলপথগামী, জল পথে গমন কর্ত্তা।
পারিপর্ণী, কুম্ভিকা, পানা।
বারিপ্রবাহ, নির্ঝর, ঝরণা; জলপ্রবাহ।
বারিপ্রশ্নী, কুম্ভিকা, পানা।
বারিবালক, শৈবাল, শেওলা।
বারিবাস, শৌণ্ডিক, শুঁড়ী।
বারিবাহ, মেঘ, ঘন; মুস্তা, মুতা।
বারিবাহন, মেঘ, জীমূত, জলধর।
বারিভূ, জলাকর, ফোয়ারা, উনুই; মণ্ডুক, ভেক, ব্যাং।
বারিমসি, মেঘ, নীরদ, বারিদ।
বারিমূলী, কুম্ভিকা, পানা।
বারিরথ, ভেলক, ভেলা।
বারিরাশি, সমুদ্র, জলনিধি।
বারিরুহ, কমল, পদ্ম; জলজাত।
বারিলোমা, বরুণ, জলাধিপতি।
বারিশ, বিষ্ণু, নারায়ণ।
বারিসম্ভব, লবঙ্গ; সৌবীর অঞ্জন; উশীর, খসখসিয়া। [পাত্র।
বারী, হস্তি বন্ধনার্থ রজ্জু; কলস, জল-
বারীট, হস্তী, করী, দন্তী।
বারীশ, সমুদ্র, সাগর, বারিধি।
বারু, বিজয়কুঞ্জর, বিজয় হস্তী।
বারুণ, জল; বরুণ সম্বন্ধীয়।
বারুণকর্ম্ম, জলাশয় খননাদি ক্রিয়া।
বারুণি, মুনিবিশেষ, অগস্ত্যমুনি।
বারুণী, মদিরা, সুরা; পশ্চিমদিক; শতভিষা নক্ষত্র; গণ্ডদূর্ব্বা; দূর্ব্বা; শতভিষা নক্ষত্র যুক্ত চৈত্র কৃষ্ণ-ত্রয়োদশী।
বারুণীবল্লভ, বরুণ, জলাধিপতি।
বারুণ্ড, সর্পের রাজা, ফণিরাজ; নৌসেকপাত্র; নেত্রমল, পিচুটী; কর্ণমল, কাণের খইল।
বারুদ, সোরা গন্ধকাদি মিশ্রিত চূর্ণ-দ্রব্য, অগ্ন্যস্ত্রের উপযোগি বস্তু।
বারেক, একবার, সকৃৎ।
বারেন্দ্র, ব্রাহ্মণ জাতির শ্রেণিবিশেষ।
বারেন্দ্রী, দেশ বিশেষ, রাজসাহী নামক প্রদেশের একদেশ।
বারেং, প্রতিবার; পুনঃপুনঃ।
বারোআরি, সামান্য, সাধারণ; দ্বাদশজনের কর্ত্তৃত্ব বিশিষ্ট।
বারোদ্বারী, দ্বাদশদ্বারযুক্ত গৃহবিশেষ; সর্ব্বত্রগামী ভিক্ষুক।
বার্চ্চ, হংস, হাঁস।
বার্ণিক, লেখক, লিপিকর।
বার্ত্ত, অরোগ, আরোগ্য, নিরাময়; বৃত্তিশালী।
বার্ত্তক, পক্ষিবিশেষ, বটের পাখী।
বার্ত্তা, সমাচার, সংবাদ; কথা; বৃত্তান্ত; বৃত্তি।
বার্ত্তাক, কার্ত্তাকু, বেগুণ; বার্ত্তিক পক্ষী, বটের পাখী।
বার্ত্তাকী, বার্ত্তাকু, বেগুণ।
বার্ত্তাকু, বেগুণ, ফল বিশেষ।
বার্ত্তাবহ, দূত, সন্দেশহারী; ধান্য-তণ্ডুলাদিবাহী; পসারী।
বার্ত্তায়ন, গূঢ়পুরুষ, চর।
বার্ত্তিক, চর, বৈশ্যজাতি; বার্ত্তিক পক্ষী, উক্ত অনুক্ত দুরুক্তার্থের প্রকাশক গ্রন্থ; বেগুণ।

বার্ত্তিকা, পক্ষি বিশেষ, বটের পাখী।
বার্দ্দর, দক্ষিণাবর্ত্ত শঙ্খ; কাকচিঞ্চা শাক; ভারতী পক্ষী, ভারই পাখী; জল; আম্রবীজ।
বার্দ্দল, দুর্দ্দিন, বাদল, বর্ষাকাল; মস্যাধার, দোয়াত।
বার্দ্ধক, বৃদ্ধসমূহ; বৃদ্ধের কর্ম্ম; বৃদ্ধত্ব, বৃদ্ধাবস্থা। [ভাব, প্রাচীনতা।
বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা; বৃদ্ধত্ব, স্থাবির-
বার্দ্ধি, সমুদ্র, সাগর, জলধি।
বার্দ্ধুষি বার্দ্ধুষিক, বৃদ্ধিজীবী, লভ্য ভুক্, বাড়িখোর, ব্যাজখোর, সুদ খোর, কুসীদী।
বার্দ্ধুষিক, বৃদ্ধিজীবী, সুদখোর।
বার্দ্ধুষ্য, ধান্যবর্দ্ধন, ধানবাড়ী দেওয়া; ঋণদান, টাকা সুদে দেওয়া।
বার্দ্ধ্র, চর্ম্মরজ্জু, চামড়ার দড়ী।
বার্দ্ধ্রীনস, পশুবিশেষ, গণ্ডক, গণ্ডার; পক্ষিবিশেষ।
বার্ব্বট, বহিত্র, নৌকা।
বার্ব্বটীর, ত্রপু, রঙ্গ; অঙ্কুর; গণিকা-সুত, বেশ্যাপুত্র।
বার্ব্বণা, নীলীমক্ষিকা, নীলবর্ণমাছি।
বার্ভট, কুম্ভীর, কুমীর, নক্র।
বার্ম্মণ, বর্ম্মসমূহ।
বার্ম্মিণ, বর্ম্মিসমূহ, কবচি বৃন্দ।
বার্ম্মুক্, মেঘ, ঘন, নীরদ।
বার্য্য, বারি সম্বন্ধি, জলসম্বন্ধীয়।
বার্য্যুদ্ভব, শঙ্খ, কমল, জলজ।
বার্ষক, পৃথিবীর দশভাগান্তর্গত ভাগ বিশেষ।
বার্ষভাণবী, বৃষভানুকন্যা, শ্রীরাধা।
বার্ষিক, বাৎসরিক, প্রতিবৎসর দেয়-বা কর্ত্তব্য; বর্ষাকালোদ্ভব। [ক্রিয়া।
বার্ষিকী, ত্রায়মাণা লতা; বর্ষ কর্ত্তব্য-
বার্ষিলা, করকা, শিল।
বার্ষ্ণেক, বর্ষণশীল, বর্ষণ বিশিষ্ট।
বার্হদ্রথ, জরাসন্ধরাজ; বৃহদ্রথরাজ সম্বন্ধীয়।
বার্হদ্রথি, জরাসন্ধ রাজা।
বার্হস্পত, বৃহস্পতি সম্বন্ধীয়।
বার্হস্পত্য, নাস্তিক; নীতিশাস্ত্র; বৃহস্পতি সম্বন্ধীয়।
বার্ক্ষ্য, বন, বিপিন; বৃক্ষসম্বন্ধীয়।
বাল, গন্ধ দ্রব্য বিশেষ, বালা; অ-র্ভক, বালক, কিশোর; মূর্খ; কেশ, চুল; ঘোটক শিশু; নারিকেল; পঞ্চম বর্ষীয় হস্তী; লাঙ্গুল, পুচ্ছ; মৎস্যবিশেষ।
বালক, শিশু, কুমার, অপ্রবীণ; অঙ্গু-রীয়ক; অশ্বপুচ্ছ; হস্তিপুচ্ছ।
বালকপ্রিয়া, কদলী, রম্ভা।
বালকৃমি, কেশকীট, উকুণ।
বালক্রীড়ন, বালকের খেলা, বাল্য লীলা।
বালক্রীড়নক, কপর্দ্দক, কড়ী।
বালখিল্য, মুনিবিশেষ।
বালগর্ভিণী, প্রথম গর্ভবতী গাভী।
বালগোপাল, শ্রীকৃষ্ণের মূর্ত্তিবিশেষ।
বালগ্রহ, বালক হন্তৃ গ্রহ বিশেষ।
বালচর্য্য, কার্ত্তিকেয়; বালকের চরিত্র।
বালতনয়, খদিরবৃক্ষ; বালকপুত্র।
বালতন্ত্র, গর্ভিণীচর্য্যা, কুমারভৃত্যা, গর্ভবতী স্ত্রীর শুশ্রূষা।
বালতৃণ, নবতৃণ, নূতন ঘাস, শষ্প।
বালদলক, খদিরবৃক্ষ।
বালধি, সলোম লাঙ্গুল, পুচ্ছ, লেজ।
বালপত্র, খদিরবৃক্ষ; ঘাস; নূতন পাতা।
বালপাশ্যা, সীমন্তিকা স্থিত স্বর্ণাদি রচিত পট্টিকা, সীঁতী।
বালব, একাদশ করণের অন্তর্গত-দ্বিতীয় করণ।
বালবায়জ, রত্ন বিশেষ, বৈদূর্য্যমণি।
বালবাসঃ, কেশনির্ম্মিত বস্ত্র; বাল-কের বস্ত্র। [কের বহনীয়
বালবাহ্য, বনচ্ছাগ, বনছাগল; বাল-

বালব্যজন, চামর, গরোমপুচ্ছ।
বালভৈষজ্য, রসাঞ্জন; বালকের ঔষধ। [ভক্ষণীয়।
বালভোজ্য, চণক, ছোলা; বালকের
বালমূষিকা, ক্ষুদ্র মূষিক, ছিটকা ইন্দুর, নেংটিয়া ইঁদুর।
বালরাজ, রত্নবিশেষ, বৈদূর্য্যমণি; বালকশ্রেষ্ঠ। [পীড়া।
বালরোগ, বালকের ব্যাধি, শিশুর-
বালসন্ধ্যাভ, অরুণবর্ণ, রক্তবর্ণ।
বালসা, বালকের জ্বররোগ।
বালসূর্য্য, রত্নবিশেষ, বৈদূর্য্যমণি; প্রাতঃকালীন সূর্য্য।
বালসূর্য্যক, রত্নবিশেষ, বৈদূর্য্যমণি, হরিণ্মণি। [লাঙ্গুল।
বালহস্ত, বালধি, পুচ্ছ, লোমযুক্ত
বালা, অলঙ্কারবিশেষ, বলয়; নারিকেল; হরিদ্রা; বালিকা; বৃক্ষবিশেষ, বালাগাছ; ঘৃতকুমারী; নীলঝিন্টী।
বালাই, বিপদ, বিপত্তি, আপদ।
বালাধিকার, শিশুকালোপযুক্ত, শৈশবাবস্থা।
বালার্ক, প্রাতঃকালীন সূর্য্য; কন্যা রাশিস্থ দিবাকর। [গাছ।
বালাক্ষী, বৃক্ষ বিশেষ, দুর্গপুষ্পী
বালি, বানররাজ বিশেষ; বালুকা; কপাটের একখণ্ড; তালগাছের পত্র।
বালিক, বালা, কন্যা; বালুকা, বালি; কর্ণভূষণ; এলাইচ।
বালিখিল্য, মুনি বিশেষ।
বালিনী, অশ্বিনী নক্ষত্র।
বালিশ', বালুকাবৎ; সিকতময়।
বালিশ, উপধান; শিশু; মূর্খ।
বালিহংস, শরাবপক্ষী; বন্য পাতিহাঁস। [র্গত গ্রামবিশেষ।
বালিহন্তা, শ্রীরামচন্দ্র; ওড্রদেশান্ত-
বালী, ইন্দ্রপুত্র; বানররাজ বিশেষ; বালুকা, সৈকত।

বালীচূর্ণ, বালুকা ও চূর্ণ মিশ্রিত।
বালীশ, মূত্রকৃচ্ছরোগ; উপধান।
বালু, বালুকা, বালি; গন্ধদ্রব্য বিশেষ।
বালুক, গন্ধদ্রব্য বিশেষ।
বালুকা, রেণুবিশেষ, বালি, সিকত; কর্কটী; কর্পূর; যন্ত্রবিশেষ।
বালুকাগড়, মৎস্য বিশেষ, বালিয়া গাছ। [কাময়।
বালুকাত্মিকা, শর্কর, চিনি; বালু-
বালুকাপ্রভা, নরকবিশেষ।
বালুকাময়, সিকতময়; বালিপূর্ণ।
বালুকাযন্ত্র, ঔষধপাকার্থ যন্ত্রবিশেষ; দিন নিরূপক যন্ত্র, বালিঘড়ী।
বালুকাস্বেদ, তপ্ত বালুকার দ্বারা তাপন, বালিসেক।
বালুক্কী, কর্কটী, কাঁকড়া।
বালূক, একপ্রকার গরল, বিষবিশেষ।
বালেন্দু, দ্বিতীয়ার চন্দ্র, নূতন চন্দ্র।
বালেয়, রাসভ, গর্দ্দভ; দৈত্যবিশেষ; মৃদু; বালকের হিত। [হাগী গাছ।
বালেয়শাক, ব্রাহ্মণযষ্টিকা বৃক্ষ, বামন
বালেষ্ট, বদরফল, কুল, বালকের অভিলষিত।
বালোপবীত, বালকের পরিধান বস্ত্র; দ্বিজবালকের যজ্ঞসূত্র।
বাল্ক, বৃক্ষত্বচে নির্ম্মিত বস্ত্র; ক্ষৌমাদি বসন। [নির্ম্মিত।
বাল্কল, বৃক্ষত্বচে নির্ম্মিত, চর্ম্ম
বাল্কলী, মদিরা, সুরা, মদ্য।
বাল্তী, দুঃখিনী; অবীরা, অনাথা; জাতি বিশেষ।
বাল্মীকি, ভৃগুবংশীয় মুনিবিশেষ, রামায়ণকর্ত্তা মুনি, কবি শ্রেষ্ঠ, আদ্য কবি।
বাল্য, শিশুত্ব, শৈশব, বালকত্ব।
বাল্যকাল, শৈশব সময়, বাল্যাবস্থা।
বাল্যভোগ, বালকের আহারের তুল্য-প্রাতঃকালীন ভোজন।

বাশা, বাসকবৃক্ষ, বাকস্‌গাছ।
বাশি, অগ্নি, বহ্নি, অনল।
বাশিকা, বাসকগাছ। [কৃত।
বাশিত, পশুপক্ষ্যাদির শব্দ, সুরভী-
বাশিতা, স্ত্রী; হস্তিনী, করিণী।
বাশিষ্ঠ, বশিষ্ঠ সম্বন্ধীয়।
বাশিষ্ঠী, গোমতী নদী।
বাশুরা, রাত্রি, রজনী, নিশা।
বাশ্র, মন্দির; চতুষ্পথ, চৌমাতা; দিবস, দিন।
বাষ্ট্য, বাসি, পর্য্যুষিত।
বাষ্প, উষ্ম; ধুম; লৌহ; অশ্রু, নেত্রজল।
বাষ্পক, শাকবিশেষ, নটিয়া শাক।
বাস, গৃহ; অবস্থান; বস্ত্র; বাসক গাছ; সুগন্ধ। [গানাঙ্গবিশেষ।
বাসক, বৃক্ষবিশেষ; বাকস্‌ গাছ;
বাসকর্ণী, যজ্ঞশালা, যাগগৃহ।
বাসকসজ্জা, নায়িকা বিশেষ, বেশ ভূষা যুক্তা হইয়া নায়কাপেক্ষিণী নায়িকা।
বাসকা, বাসকবৃক্ষ, বাকস্‌ গাছ।
বাসকারী, বাসিন্দা, বসতিকারক।
বাসগৃহ, গর্ভাগার; শয়নগৃহ।
বাসভ, রাসভ, গর্দ্দভ, গাধা।
বাসতেয়, নিবাসযোগ্য, বসতির উপযুক্ত।
বাসতেয়ী, রাত্রি, যামিনী, নিশা।
বাসন, ধূপন; জলপাত্র; বস্ত্র; বাস; জ্ঞান; নিক্ষেপাধার; পাত্র; বাঞ্ছন।
বাসনা, প্রত্যাশা; বাঞ্ছা, অভিলাষ; দেহাত্ম বুদ্ধিজন্য মিথ্যাসংস্কার।
বাসন্ত, উষ্ট্র, উট; কোকিল; মলয় বায়ু; মুদ্গ, মুগকলাই, মদনবৃক্ষ, ময়নাগাছ; অবহিত।
বাসন্তক, বসন্ত সম্বন্ধীয়।
বাসন্তী, মাধবীলতা, যূথীবৃক্ষ; পাটলবৃক্ষ; কামোৎসব; গণিকারি-বৃক্ষ, গণেরী গাছ; নবমল্লিকা; বসন্তকালের কর্ত্তব্য ক্রিয়া।
বাসব, ইন্দ্র, দেবরাজ।
বাসবী, ব্যাসদেবের মাতা, সত্যবতী।
বাসযোগ, চূর্ণ, গুঁড়া; সুগন্ধিদ্রব্য চূর্ণ।
বাসর, দিবস, দিন; নাগবিশেষ; বিবাহরাত্রির শয়ন গৃহ।
বাসসজ্জা, নায়িকা বিশেষ।
বাসা, বাসকবৃক্ষ; বসতিস্থান; পক্ষ্যাদির অবস্থান স্থান, নীড়, কুলায়।
বাসাগার, বাসগৃহ, আবাস ঘর।
বাসাড়িয়া, প্রবাসী, বিদেশী।
বাসান, জিজ্ঞাসন; গন্ধযুক্ত করণ।
বাসি, কুঠার বিশেষ, বাইস; পর্য্যুষিত; ধৌত।
বাসিকা, বাসকবৃক্ষ, বাকস্‌গাছ।
বাসিত, গন্ধযুক্ত, সুরভীকৃত; শব্দিত; ভাবিত; পর্য্যুষিত; খ্যাত; বস্ত্র বেষ্টিত।
বাসিতা, স্ত্রী; হস্তিনী, করিণী।
বাসিন্‌, বাসকারী, বসতিকারক।
বাসিনী, শুক্লঝিণ্টী, শাদা ঝাঁটী।
বাসিস্ট, রুধির, রক্ত, শোণিত।
বাসিষ্ঠ, বসিষ্ঠকৃত যোগশাস্ত্রাদি; বসিষ্ঠ সম্বন্ধীয়। [বসতিকারী।
বাসী, তক্ষণী, কুঠারবিশেষ, বাইস;
বাসু, নারায়ণ; পুনর্ব্বসু নক্ষত্র।
বাসুকি, ভুজঙ্গপতি, সর্পরাজ।
বাসুকেয়স্বসা, মনসাদেবী, বিষহরী।
বাসুদেব, শ্রীকৃষ্ণ, বসুদেবপুত্র।
বাসুদেবপ্রিয়ঙ্করী, শতাবরী বৃক্ষ; শ্রীকৃষ্ণের প্রিয়কারিণী।
বাসুপূজ্য, বুদ্ধ বিশেষ।
বাসুভদ্র, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
বাসুরা, স্ত্রী; হস্তিনী, করিণী; রাত্রি, রজনী; ভূমি।
বাসৌক, বাসগৃহ, বসতিস্থান।
বাস্তব, যথার্থভূত; প্রকৃত।

বাস্তবিক, পরমার্থভূত বস্তু; সত্য, যথার্থ। [প্রত্যূষ সময়।
বাস্তবোষা, রাত্রি, রজনী; উষা;
বাস্তব্য, বাসকর্ত্তা; বাসযোগ্য; বসতি।
বাস্তু, বসতিবাটী; বাসস্থান; গৃহকরণ যোগ্য ভূমি; বাস্তুক শাক, বেতো শাক।
বাস্তুকী, শাকবিশেষ, চিল্লীশাক।
বাস্তুদেব, গৃহদেবতা।
বাস্তুক, শাকবিশেষ, বেতুয়া শাক।
বাস্তেয়, বাস্তুসম্বন্ধীয়; বাস্তুসম্বন্ধি।
বাস্তোষ্পতি, ইন্দ্র, সুরপতি, দেব রাজ।
বাস্ত্র, বস্ত্রাবৃত রথ; বস্ত্রসম্বন্ধীয়।
বাস্থ, জলস্থিত ব্যক্তি।
বাষ্প, উষ্মা; লোহ; অশ্রু, চক্ষুর্জল।
বাষ্পধর্ম্মক, ধূমবৎ, ধূমতুল্য।
বাষ্পীয়, ধূমবিশেষ; বাষ্পসম্বন্ধীয়। [ফুল।
বাস্পেয়, পুষ্পবিশেষ; নাগকেশর-
বাহ, অশ্ব, ঘোটক; পরিমাণবিশেষ; হস্ত; বৃষ; বায়ু; বহনকর্ত্তা।
বাহক, বহনকর্ত্তা; ভারী।
বাহড়ন, প্রত্যাগমন, প্রত্যাবৃত্ত হওন।
বাহন, হস্তি অশ্ব রথাদি; যান, যুগ্য।
বাহশ্রেষ্ঠ, ঘোটক, অশ্ব, হয়।
বাহস, অজগর সর্প।
বাহা, বাহু, ভুজ, হস্ত।
বাহাবাহবি, বাহুযুদ্ধ, হাতাহাতি।
বাহিক, ঢক্কা, শকটাদি; ভারবাহক।
বাহিথ, গজকুম্ভের অধোভাগ।
বাহিনী, সৈন্যবিশেষ; সেনা; নদী।
বাহিনীপতি, সেনাপতি; সমুদ্র।
বাহির, বহির্ভাগ; বহির্দ্দেশ।
বাহীক, দেশবিশেষ।
বাহু, ভুজ, হস্ত।
বাহুক, নলরাজা।
বাহুকুণ্ঠ, কুণ্ঠিত বাহু যুক্ত, নুলা।
বাহুজ, ক্ষত্রিয়; স্বয়ংজাততিল; বাহু জাত, বাহূৎপন্ন।
বাহুত্রাণ, অস্ত্রাঘাত নিবারণার্থ বাহু বন্ধ লৌহাদি।
বাহুদন্তী, ইন্দ্র, দেবরাজ, শক্র।
বাহুদা, নদীবিশেষ, বাহুদাত্রী নদী।
বাহুবার, বৃক্ষবিশেষ, শ্লেষ্মান্তকবৃক্ষ।
বাহুভূষা, কেয়ুর, বলয়; বাহুভূষণ মাত্র।
বাহুভেদী, বিষ্ণু; বাহুভেদক।
বাহুমূল, কক্ষ, বগল, দোর্মূল।
বাহুযুদ্ধ, ভুজদ্বয়ের দ্বারা সংগ্রাম; মল্লযুদ্ধ, হাতাহাতি।
বাহুল, বাহুত্রাণ; অস্ত্রাঘাত নিবারণার্থ বাহুবন্ধ লৌহাদি; কার্ত্তিক মাস; শাক্যমুনিসুত; অগ্নি, অনল।
বাহুলেয়, কার্ত্তিকেয়, ষড়ানন, কুমার।
বাহুল্য, বহুত্ব, আতিশয্য, প্রাচুর্য্য।
বাহুসহস্রভৃৎ, কার্ত্তবীর্য্যার্জ্জুন।
বাহূবাহবি, বাহুযুদ্ধ, হাতাহাতি।
বাহ্য, যান; বহনীয়; বহির্ভাগ, বাহির। [পরিত্যাগ কর্ম্ম।
বাহ্যক্রিয়া, শৌচক্রিয়া, মলমূত্রাদি
বাহ্যজ্ঞান, বহিরিন্দ্রিয় জন্য বোধ; স্থূলজ্ঞান; সামান্য বোধ।
বাহ্যস্থান, মলমূত্রত্যাগার্থ স্থান।
বাহ্যে, বহির্দ্দেশ; শৌচ; সম্মুখ।
বাহ্যেন্দ্রিয়, বহিরিন্দ্রিয়, চক্ষুঃ জিহ্বা-নাসিকা ত্বক শ্রোত্রাদি।
বাহ্লিক, বাহ্লীক দেশ; কুঙ্কুম; হিঙ্গু।
বাহ্লীক, দেশবিশেষ, তদ্দেশজাত ঘোটক, গন্ধর্ববিশেষ; কুঙ্কুম; হিঙ্গু।
বি, উপসর্গবিশেষ; নিগ্রহ; নিয়োগ, নিশ্চয়, ঈষদর্থ; পক্ষী, বিহঙ্গ, খগ। [বিংশতিতম।
বিংশ, বিংশতির পূরণ, বিংশতি, বিংশক, বিংশতি, কুড়ী।

বিংশতি, সংখ্যাবিশেষ, কুড়ি, বিশ।
বিংশতিতম, বিংশ, বিংশতি, বিংশতির পূরণ।
বিঁধ, ছিদ্র, রন্ধ্র, ঢেঁদা।
বিঁধন, ছিদ্রকরণ, বেঁধন।
বিউনী, বেণী, জড়িত কেশ।
বিউলী, নিস্তুক্ কলায়, ডাইল বিশেষ।
বিক, সদ্যঃপ্রসূতা গাভীর দুগ্ধ।
বিকঙ্কট, গোক্ষুর, গোক্ষুরী লতা।
বিকঙ্কত, বৃক্ষবিশেষ, বঁইচ্ গাছ।
বিকচ, রাক্ষস; কেতু গ্রহ; বিকসিত, প্রফুল্ল; কেশশূন্য, মুণ্ডিত। [হীন।
বিকচ্ছ, কচ্ছ রহিত, মুক্তকচ্ছ, কাছা
বিকট, বিশাল; ভয়ানক, করাল; বিস্ফোটক, বিষফোড়া; দন্তুর, বৃহৎ দন্তযুক্ত; বিকৃত। [বিশেষ।
বিকণ্টক, যবাস, ঘাস, তৃণ; বৃক্ষ
বিকত্থন, মিথ্যা শ্লাঘা; বৃথা গর্ব্ব।
বিকন, বিক্রয়, বেচন।
বিকম্পিত, বিশেষরূপে কম্প বিশিষ্ট; অতিশয় আন্দোলিত।
বিকর, রোগ, পীড়া, ব্যাধি।
বিকরাল, ভয়ানক, বিকট।
বিকর্ণ, রাজা দুর্য্যোধনের পক্ষীয় শূরবিশেষ; যোদ্ধাবিশেষ।
বিকর্ণিক, দেশবিশেষ, সারস্বতদেশ।
বিকর্ত্তন, সূর্য্য, রবি; অর্কবৃক্ষ, আকন্দগাছ। [কর্ম্মকারক।
বিকর্ম্মকৃৎ, নিষিদ্ধ কর্ম্ম কারী; বিরুদ্ধ
বিকর্ম্মস্থ, নিষিদ্ধ কর্ম্মকারী, বিরুদ্ধ কর্ম্মকর্ত্তা।
বিকর্ষ, বাণ, ইষু, শর।
বিকর্ষণ, আকর্ষণ, টানন। [কাতর।
বিকল, বিহ্বল; স্বভাবহীন; অবশ;
বিকলপাণিক, স্বভাবহীন পাণিযুক্ত, বিকৃতহস্ত, নুলা। [বিহ্বলা।
বিকলা, ঋতুহীনা স্ত্রী; অবশা;
বিকলাঙ্গ, স্বভাবতঃ ন্যূনাঙ্গ; অঙ্গহীন।
বিকলী, ঋতুহীনা স্ত্রী।
বিকলেন্দ্রিয়, অবশ হস্ত পদাদি, ইন্দ্রিয়হীন। [কম্পন; বিবিধ কম্প।
বিকল্প, সন্দেহ, সংশয়; ভ্রান্তি;
বিকল্পিত, বিকল্পযুক্ত; অনিয়ত।
বিকশন; প্রকাশন, ফুটন, প্রস্ফুটিত-হওন।
বিকশিত, প্রস্ফুটিত, প্রকাশিত।
বিকশ্বর, বিকাসী, প্রকাশশীল।
বিকষর, বিকাশশীল, প্রকাশবিশিষ্ট।
বিকস, চন্দ্র, বিধু, শশী, নিশাকর।
বিকসা, লতাবিশেষ, মঞ্জিষ্ঠা লতা।
বিকসিত, প্রকাশিত; প্রফুল্ল; হসিত।
বিকস্বর, বিকাশশীল, বিকাসী।
বিকস্বরা, রক্তপুনর্নবা।
বিকান, বিক্রয় হওন, বিক্রীত।
বিকার, প্রকৃতির অন্যথাভাব, বিকৃতি, রোগ; মন্দ।
বিকাররাহিত্য, মনের অন্যথা ভাব শূন্যতা; নির্ব্বিকার।
বিকাররোগ, ব্যাধিবিশেষ।
বিকারী, বিকৃতি কারক; রোগী।
বিকার্য্য, বিক্রিয়ার যোগ্য, বিকারস্থ।
বিকাল, দৈবপৈত্রাদি কর্ম্মের বিরুদ্ধকাল; বৈকাল, অপরাহ্ন, পরাহ্ন।
বিকালিকা, মানরক্ষা, তাম্রী, তাঁবী।
বিকাশ, রহঃ, নির্জ্জন; প্রকাশ, ব্যক্ত।
বিকাশন, প্রকাশন, প্রস্ফুটন।
বিকাশী, বিকাসশীল, প্রকাশবিশিষ্ট।
বিকির, পক্ষী; কূপ; পূজাকালীন-বিঘ্নোৎসারণার্থ ক্ষেপণীয় তণ্ডুলাদি।
বিকী, বিক্রয়, বেচা।
বিকীকিনী, ক্রয়বিক্রয়, বেচা কেনা।
বিকীরণ, বিক্ষেপণ; বিহিংসন। অর্কবৃক্ষ, আকন্দগাছ।
বিকীর্ণ, বিক্ষিপ্ত, ছড়ান।
বিকুস্র, চন্দ্র, বিধু, নিশাকর।
বিকুক্ষি, ইক্ষ্বাকুরাজপুত্র।
বিকূণিকা, নাসিকা, নাসা, নাক।

বিকৃত, স্বভাবের অন্যথা ভাব প্রাপ্ত; বিকারবিশিষ্ট; বীভৎস; রুগ্ন; অসংস্কৃত; নষ্ট।
বিকৃতি, স্বভাবের অন্যথা, বিকার।
বিকৃতী, রোগ; ডিম্ব; বিকার।
বিকৃষ্ট, বিশেষরূপে কর্ষিত; আকৃষ্ট।
বিকৃপ্ত, নানাপ্রকার, বহুবিধ, বহুরূপ।
বিকোষ, কোষরহিত, নিষ্কোষ।
বিক্ক, করিশাবক, করভ, হস্তিশিশু।
বিক্রম, শৌর্য্যাতিশয়, অতিশয় বল; বিক্রমাদিত্য রাজা; চরণ।
বিক্রমাদিত্য, উজ্জয়িনী দেশাধিপতি, সম্বৎ নামে শক প্রবর্ত্তক। [রাজ।
বিক্রমার্ক, বিক্রমাদিত্য, উজ্জয়িনী-
বিক্রমী, সিংহ; বিষ্ণু; অতিশয় শক্তি-বিশিষ্ট। [গ্রহণ পূর্ব্বক দান।
বিক্রয়, বিক্রয়ণক্রিয়া, বেচা; মূল্য-
বিক্রয়ণ, বিক্রয়, বেচা, মূল্যগ্রহণ-পূর্ব্বক দান। [কর্ত্তা।
বিক্রয়িক, বিক্রেতা, বিক্রয়ী, বিক্রয়-
বিক্রয়ী, বিক্রেতা; বিক্রয় কর্ত্তা।
বিক্রান্ত, বৈক্রান্তমণি; শূর; সিংহ।
বিক্রান্তি, অশ্বগতি,পুলায়িত,বিক্রম।
বিক্রায়িক, বিক্রেতা, বিক্রয় কারক।
বিক্রিয়া, বিকার, বিকৃতি, স্বভাবের-অন্যথাভাব।
বিক্রী, বিক্রয়, বিকী, বেচা।
বিক্রীড়িত, কৃতক্রীড়, বিলসিত।
বিক্রীত, কৃতবিক্রয়, বেচা,বিক্রয়করা।
বিক্রুষ্ট, নিষ্ঠুর, নির্দ্দয়, নৃশংস।
বিক্রেতা, বিক্রয় কর্ত্তা, বিক্রয়ী।
বিক্রেয়, বিক্রয়যোগ্য দ্রব্য, পণিতব্য, পণ্য।
বিক্লব, বিহ্বল; বিকল; জ্ঞানশূন্য।
বিক্লান্ত, শ্রান্ত, অবসন্ন।
বিক্লিন্ন, জরাদ্বারা জীর্ণ; শীর্ণ; আর্দ্র, ভিজা; শুষ্ক; ম্লান।
বিক্লেদ, আর্দ্রতা; ক্লেদ, পূঁয, রসাদি।
বিখ, গতনাসিক, খাঁদা।
বিখনা, ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি।
বিখারা, স্বরের অমিলন; অনন্বিত।
বিখু, গতনাসিক, নাসিকাহীন, খাঁদা।
বিখুর, নিশাচর,রাক্ষস; চোর, তস্কর।
বিখ্য, গতনাসিক, খাঁদা।
বিখ্যাত, খ্যাত্যাপন্ন, প্রসিদ্ধ।
বিখ্যাতি, প্রসিদ্ধি; সুখ্যাতি, যশঃ।
বিখ্যাপন, ব্যাখ্যান; সুখ্যাতিকরণ।
বিখ্রু, অনাসিক, ছিন্ননাসিক, নাসিকাহীন, খাঁদা। [নষ্ট হওয়া।
বিগড়ন, বিকৃতি হওন, মন্দ হওন,
বিগড়ানী, বিনাশক; প্রকৃতি ধ্বংস।
বিগণ, শত্রু, রিপু, বিপক্ষ।
বিগণন, ঋণমুক্তি, ঋণমোচন, ঋণ-শোধন, ধার শোধন। [গত।
বিগত, প্রভা রহিত,নিষ্প্রভ; বিশেষে-
বিগতশ্রীক, শ্রীরহিত, শ্রীহীন।
বিগতার্ত্তবা, নিবৃত্ত রজস্কা, যে স্ত্রীর-রজো নিবৃত্তি হইয়াছে।
বিগন্ধক, বৃক্ষবিশেষ, ইঙ্গুদী বৃক্ষ।
বিগম, নাশ; অপগম; অন্তর্ধান; বিচ্ছেদ।
বিগর্হণ, নিন্দন; ভৎর্সন, তিরস্কার।
বিগর্হণা, নিন্দা, কুৎসা; তিরস্কার।
বিগর্হিত, নিন্দিত; নিষিদ্ধ।
বিগলিত, স্খলিত, পতিত, ক্ষরিত।
বিগাঢ়, স্নাত, অবগাহিত।
বিগান, অপযশঃ; নিন্দা, ভৎর্সন।
বিগামী, প্রস্থানকারী; গমনোদ্যত।
বিগাহন, বিলোড়নকর্ত্তা; অবগাহন-কর্ত্তা।
বিগীত, তিরস্কৃত; নিন্দিত।
বিগুণ, গুণবৈপরীত্য বিশিষ্ট; গুণহীন; অকর্ম্মণ্য।
বিগূঢ়, গর্হিত, নিন্দিত; গুপ্ত,গোপন।
বিগোছ, বিশৃঙ্খল, শৃঙ্খলা শূন্য।
বিগ্র, গতনাসিক, খাঁদা।
বিগ্রহ, শরীর, মূর্ত্তি; যুদ্ধ, সংগ্রাম।

বিস্তার; বিভাগ, সমাসযোগ্য বাক্য।
বিগ্রহাবর, পৃষ্ঠ, পিঠ।
বিঘটন, আপদ, বিপত্তি, মন্দ।
বিঘটিকা, পল, দণ্ডের ষষ্টিভাগের একভাগ। [উপস্থিত মন্দ।
বিঘটিত, আপদযুক্ত; হঠাৎ উৎপাত;
বিঘট্টিত, বিশেষে চালিত; কৃতমন্দ।
বিঘত, দ্বাদশাঙ্গুলি পরিমাণ, অর্দ্ধ হস্ত। [উচ্ছিষ্ট।
বিঘস, সিক্থক, মোম; ভোজনশেষ,
বিঘা, ভূমির পরিমাণবিশেষ, কুড়া, বিশ কাঠা। [আপদ।
বিঘাত, বাধা, ব্যাঘাত; আঘাত;
বিঘাতন, আঘাতন; হিংসাকরণ; নিবারণ।
বিঘাতী, নিবারক; ঘাতক; ধ্বংসক।
বিঘূর্ণন, আঘূর্ণন, আবর্ত্তন; ঘুরিয়া বেড়ান।
বিঘূর্ণিত, ঘুরাণ, আবর্ত্তিত।
বিঘ্ন, ব্যাঘাত, অন্তরায়, প্রত্যূহ; উপদ্রব; ক্ষতি; আঘাত।
বিঘ্নকারী, ঘোরদর্শন; বিঘাতী; ব্যাঘাতকারক। [গণপতি।
বিঘ্ননায়ক, গণেশ, হেরম্ব, লম্বোদর,
বিঘ্ননাশক, ব্যাঘাত নাশকর্ত্তা; গণেশ, হেরম্ব। [হেরম্ব।
বিঘ্ননাশন, প্রত্যূহ দূরীকর্ত্তা; গণেশ,
বিঘ্নবিনাশক, গণেশ, হেরম্ব।
বিঘ্নরাজ, গণেশ, হেরম্ব।
বিঘ্নহারী, গণেশ, বিঘ্ননাশক।
বিঘ্নিত, জাতবিঘ্ন; নষ্ট।
বিঘ্নেশ, গণেশ, গজানন। [বিশেষ।
বিঘ্নেশবাহন, মহামূষিক, ইন্দুর
বিঘ্রাণ, আঘ্রাণ, গন্ধগ্রহণ।
বিঙ্ঘ্র, অশ্বখুর, ঘোটকের খুর।
বিচকিল, মদনকবৃক্ষ, ময়নাগাছ।
বিচয়ন, অন্বেষণ, অনুসন্ধান।
বিচর্চ্চিকা, রোগবিশেষ, পাদরোগ বিশেষ; স্বল্পকুষ্ঠ বিশেষ।
বিচল, অস্থির; অন্যথাচরণ।
বিচলিত, স্খলিত, চ্যুত, পতিত; অস্থির, চঞ্চল।
বিচলী, তৃণবিশেষ, শুষ্কধান্যের তৃণ।
বিচক্ষণ, পণ্ডিত; নিপুণ, বিজ্ঞ।
বিচক্ষণা, নাগদন্তীবৃক্ষ; নিপুণা স্ত্রী।
বিচক্ষুঃ, বিমনাঃ, অন্যমনস্ক; বিগত চক্ষুঃ, নষ্টচক্ষুঃ।
বিচার, তত্ত্বনির্ণয়, সন্দিগ্ধ বিষয়ে প্রমাণদ্বারা তত্ত্বপরীক্ষা; প্রণিধান; সমাধান; বিবেচনা। [বিবেচক।
বিচারক, বিচারকর্ত্তা; তর্ককারক;
বিচারণ, বিচার, বিতর্ক, বিবেচন।
বিচারণা, বিচার, বিবেচনা; মীমাংসাশাস্ত্র। [বিবেচনার্হ; শাস্ত্র।
বিচারণীয়, বিচার্য্য, বিচারযোগ্য,
বিচারসূত্র, ব্যবস্থা; বিচারলক্ষণ; বিতর্কারম্ভ।
বিচারিত, কৃতবিচার; বিবেচিত; বিতর্কিত; নির্ণীত। [কারক।
বিচারী, বিচারক; বিচারকর্ত্তা; তর্ক
বিচার্য্য, বিচারিতব্য, বিচারণীয়, বিবেচনার্হ, তর্কযোগ্য। [রাল।
বিচাল, অভ্যন্তর; মধ্যভাগ, অন্ত-
বিচালিত, বিগত; স্থানচ্যুত; আন্দোলিত।
বিচালী, ধান্যতৃণ, নাড়া।
বিচি, তরঙ্গ, ঢেউ।
বিচিকিৎসা, সন্দেহ, সংশয়; অচিকিৎসা, অপ্রতীকার; কদর্য্য, মন্দ।
বিচিত্র, কর্ব্বুর বর্ণ; আশ্চর্য্য; বিস্ময়; চমৎকার; নানাবর্ণ। [গাছ।
বিচিত্রক, ভূর্জ্জবৃক্ষ, ভোজপাতের
বিচিত্রদেহ, মেঘ; আশ্চর্য্যশরীর; নানাবর্ণ দেহ। [শান্তনু রাজপুত্র।
বিচিত্রবীর্য্য, চন্দ্রবংশীয়রাজা বিশেষ,
বিচিত্রবীর্য্যসূ, ব্যাসদেবের মাতা, সত্যবতী, মৎস্যগন্ধা। [শরীর।
বিচিত্রাঙ্গ, ময়ূর; ব্যাঘ্র; আশ্চর্য্য

বিচিত্রিত, নানাবর্ণযুক্ত; চিত্রীকৃত।
বিচিন্তা, ভাবনা, উদ্বেগ। [ন্বিত।
বিচিন্তিত, বিশেষে ভাবিত; কাতর্য্যা-
বিচী, তরঙ্গ, ঢেউ।
বিচেতাঃ, বিগতচিত্ত, দুর্ম্মনাঃ; অন্য মনস্ক, বিমনাঃ। [ষিত; তর্কিত।
বিচেষ্টিত, মন্দচেষ্টা, মন্দাচরণ; অন্বে-
বিচ্ছন্দক, ঈশ্বর গৃহ বিশেষ, দেবালয় বিশেষ। [রহিত, মণি।
বিচ্ছায়, পক্ষিদিগের ছায়া; ছায়া
বিচ্ছিত্তি, অঙ্গরাগ; হার বিশেষ; বিচ্ছেদ, বিরহ; বিনাশ।
বিচ্ছিন্ন, বিভক্ত; অসংলগ্ন; পৃথক্; বিরহিত; বিদীর্ণ।
বিচ্ছেদ, বিযোগ, বিরহ; পার্থক্য, ভিন্নতা। [পতিত।
বিচ্যুত, বিগত, ক্ষরিত; স্খলিত, ভ্রষ্ট,
বিচ্যুতি, বিয়োগ, বিচ্ছেদ।
বিছুটী, লতাবিশেষ, বৃশ্চিকালী লতা।
বিছড়ান, বিক্ষেপণ, বিকীর্ণ করণ।
বিছা, বৃশ্চিক, অলি।
বিছান, বিস্তারণ, পাতন, বিকীর্ণকরণ।
বিছানা, শয্যা, আস্তরণ।
বিজন, নির্জ্জন, বিবিক্ত; রহঃ, বিরল।
বিজনন, প্রসব করণ, গর্ভমোচন।
বিজন্মা, উপপতি হইতে জাত, কুণ্ড, জারজ; বিরুদ্ধ জন্মবিশিষ্ট।
বিজপিল, পঙ্ক, পাঁক; কর্দ্দম, কাদা।
বিজয়, জয়, জিতন; উৎকর্ষ; অর্জ্জুন; বিমান; যম; বিষ্ণুর অনুচরবিশেষ।
বিজয়কুঞ্জর, রাজবাহ্য হস্তী, রাজকীয়-হস্তি বিশেষ।
বিজয়চ্ছন্দ, পঞ্চশত মৌক্তিক হার, পাঁচশত মুক্তার হার। [বিশেষ।
বিজয়নন্দন, ইক্ষাকুবংশজাত রাজা-
বিজয়মর্দ্দন, ঢক্কা; জয়ঢাক।
বিজয়া, তিথি বিশেষ; উমাসখী; বিশ্বামিত্রের উপাসিত বিদ্যাবিশেষ; দুর্গা; যমভার্য্যা; হরীতকী; বচা; জয়ন্তীবৃক্ষ; শেফালিকা; মঞ্জিষ্ঠা; শমীভেদ, অগ্নিমন্থবৃক্ষ; মাদক দ্রব্য-বিশেষ, ভাঙ, সিদ্ধি; অষ্টমহাদ্বা-দশীর অন্তর্গত দ্বাদশীবিশেষ।
বিজয়াসপ্তমী, রবিবারে শুক্লপক্ষীয়া-সপ্তমী।
বিজয়ী, জয়যুক্ত, জয়প্রাপ্ত। [নির্জ্জর।
বিজর, জরারহিত, বার্দ্ধক্যাবস্থাহীন;
বিজল, নির্জ্জল, জলশূন্য।
বিজলী, বিদ্যুৎ, তড়িৎ।
বিজল্প, বাক্যবিশেষ; গল্প।
বিজাত, বিজন্মা, জারজ, বিজাতক।
বিজাতা, জাতাপত্যা, উৎপন্ন পুত্রা, প্রসূত', কৃতপ্রসবা। [অন্যপ্রকার।
বিজাতি, ভিন্নজাতি; অন্যজাতি;
বিজাতীয়, বিভিন্ন ধর্ম্মাক্রান্ত; ইতর; অসম্ভব; অতিশয়, প্রকাণ্ড।
বিজিগীষ, জয়েচ্ছু, জয়াকাঙ্ক্ষী।
বিজিগীষা, নিন্দাত্যাগেচ্ছা; বিজ-য়েচ্ছা। [য়ণ, ঔদরিক, পেটুক।
বিজিগীষাবিবর্জ্জিত, কেবল উদরপরা-
বিজিগীষু, জয়েচ্ছাশীল, পরজয়েচ্ছুক।
বিজিত, পরাজিত, পরাভূত, পরাস্ত।
বিজিতা, পৃথক্; ভীত; কম্পিত।
বিজিতি, বিজয়, জয়; পরাভব।
বিজিল, ঈষৎ রস যুক্ত ব্যঞ্জনাদি; পিচ্ছিল।
বিজি, বক্র, বাঁকা, কুটিল। [শন।
বিজৃম্ভণ, জৃম্ভণ, হাই; বিকসন, প্রকা-
বিজৃম্ভিত, হাইছাড়া; জৃম্ভাযুক্ত; বিকসিত, বিকাশশীল।
বিজেতা, জয়ী, জেতা, জয়কর্ত্তা।
বিজ্জন, ঈষৎ সরস ব্যঞ্জনাদি।
বিজ্জল, বাণ, ইষু, শর।
বিজ্জুল, ত্বচ, ছাল; চর্ম্ম।
বিজ্জুলিকা, জতুকা, জৌ, লা।
বিজ্ঞ, প্রবীণ, নিপুণ; পণ্ডিত।

বিজ্ঞপ্তি, সংবাদদান. সমাচারদেওয়া; নিবেদন; বিজ্ঞাপন।
বিজ্ঞবুদ্ধি, জটামাংসী; নিপুণমতি।
বিজ্ঞাত, খ্যাত; অবগত, বিদিত।
বিজ্ঞাতা, জ্ঞাতকারক, জ্ঞানপ্রাপ্ত।
বিজ্ঞান, জ্ঞান, বিদ্যা, পাণ্ডিত্য; শিল্পাদি শাস্ত্রজ্ঞান।
বিজ্ঞানপাদ, বেদব্যাস, দ্বৈপায়ন।
বিজ্ঞানময়কোষ, জ্ঞানেন্দ্রিয় সহিত-বুদ্ধি।
বিজ্ঞানিক, জ্ঞানবিশিষ্ট, বিজ্ঞ।
বিজ্ঞাপন, বোধন, জানান, বিদিত-করণ, বিজ্ঞাপ্তি।
বিজ্ঞাপনা, প্রকাশকরা, জ্ঞাতকরাণ।
বিজ্ঞাপ্তি, জানান, বিদিত করণ।
বিজ্ঞেয়, বিজ্ঞাতব্য, জানিবার যোগ্য।
বিঞ্জোলী, পঙ্ক্তি, শ্রেণী, শারী।
বিট, ষিঙ্গা, জার, উপপতি; লম্পট; কামানুচর; ধূর্ত্ত; কামকলাকোবিদ; পর্ব্বতবিশেষ; লবণবিশেষ; খদির-বিশেষ; মূষিক, ইন্দুর; নারঙ্গবৃক্ষ।
বিটঙ্ক, কপোতপালিকা, পায়রার-খোপ। [খোপ।
বিটঙ্কক, কপোত পালিকা, পায়রার-
বিটপ, শাখাপল্লব সমুদায়; শাখা, ডাল; পল্লব; পারদারিক শ্রেষ্ঠ; বড় লম্পট; অর্কপত্র, আকন্দপাতা।
বিটপতাচরণ, লম্পটতাচরণ; ধূর্ত্ততা, দুষ্টতা; দুষ্টামি, ধূর্ত্তামি।
বিটপী, বৃক্ষ, তরু; বটগাছ।
বিটমাক্ষিক, ধাতুবিশেষ।
বিটল, দুষ্ট; ধূর্ত্ত, প্রতারক।
বটলবণ, লবণ বিশেষ; বিড়লবণ, কালা লুণ।
বিটাল, ধূর্ত্ত, শঠ, দুষ্ট।
বিটি, চন্দনবিশেষ, পীতচন্দন।
বিটোল, দুষ্ট, ধূর্ত্ত, শঠ।
বিট্‌, বৈশ্য জাতি কন্যা; ধূর্ত্ত; প্রবেশ; বিষ্ঠা, মল।
বিট্‌কারিকা, পক্ষিবিশেষ, গোরাটী-পাখী। [গুয়ে বাবলা গাছ।
বিট্‌খদির, বিষ্ঠাবৎ দুর্গন্ধ খদির;
বিট্‌চর, গ্রাম্যশূকর; বিট্‌সালিকা-পাক্ষী, গুয়ে সালিক।
বিট্‌পতি, জামাতা, দুহিতার পতি।
বিট্‌সারিকা, পক্ষিবিশেষ, গুয়ে-সালিক।
বিঠর, বাগ্মী, বাচাল, বাবদূক।
বিঠৌব, বিহ্বল, অজ্ঞান, অচেতন।
বিড়, লবণবিশেষ, বিট্‌লুণ।
বিডঙ্গ, ঔষধবিশেষ, অভিজ্ঞ, বিজ্ঞ।
বিড়ম্বন, যন্ত্রণা, পীড়া, ক্লেশ, প্রতারণ।
বিডম্বনা, ক্লেশ, প্রতারণা, বঞ্চনা।
বিডম্বিত, কৃতবিডম্বন, বঞ্চিত, প্রতা-রিত; যন্ত্রণাপ্রাপ্ত। [আটি, গোছা।
বিড়া, তাম্বূল বীটিকা, পাণের খিলী;
বিড়ারক, বিড়াল, মার্জার। [বিশেষ।
বিড়াল, মার্জার, ওতু; নেত্রৌষধ
বিড়ালক, হরিতাল; বিড়াল, মার্জার; নেত্ররোগের ঔষধবিশেষ। [শঠ।
বিড়ালতপস্বী, ভণ্ডতপস্বী, ধূর্ত্ত যতি,
বিড়ালপদ, তোলকদ্বয় পরিমাণ, দুই-তোলা; মার্জারের চরণ।
বিড়ালপদক, কর্ষপরিমাণ।
বিড়ালী, স্ত্রীবিড়াল, মার্জারী।
বিড়ীন, পক্ষির গতি বিশেষ।
বিডুল, বেতসবৃক্ষ, বেত গাছ।
বিড়োজা, ইন্দ্র, দেবরাজ, দেবেন্দ্র।
বিড, বৈশ্য; বিষ্ঠা, মল।
বিডগন্ধ, লবণবিশেষ, বিট্‌লবণ।
বিডজ, বিষ্ঠাজাত, মলজন্য। [বরাহ।
বিডবরাহ, গ্রাম্যশূকর, বিষ্ঠাভোজী
বিড়বিড়, অব্যক্ত কথা; বচসা, কচ-কচি।
বিড়বিড়ন, বকবক্‌ করণ, পুনঃ২ জল্পন; অনবরত প্রতিকূল বাক্য কথন। [বিট্‌লুণ।
বিড্‌লবণ, লবণ বিশেষ, বিট্‌লবণ,

বিরূপ, কদর্য্যাকার, বিকলাঙ্গ, বিশ্রী।
বিতংস, বিস্তারিত বিবরণ, বৃত্তান্ত।
বিতংস, মৃগ পক্ষিদিগের বন্ধনের উপকরণ। [নুবাদ করণ।
বিতণ্ডন, বিতর্কণ, সংশয়করণ; বাদা-
বিতণ্ডা, স্বপক্ষ স্থাপন বা পরপক্ষ খণ্ডন; বিতর্ক, মিথ্যাবাদ; কচু-শাক, কচু; দর্ব্বী, হাতা। [বাদ্য।
বিতত, প্রসারিত, বিস্তৃত; বীণাদি
বিততি, বিস্তার, প্রসার।
বিতথ, মিথ্যা, অলীক, অসত্য।
বিতথ্য, অসত্য, অলীক, মিথ্যা।
বিতস্ত্রু, নদী বিশেষ, পঞ্জাবদেশীয় নদী।
বিতরণ, দান; অর্পণ; বাঁটিয়া দেওন
বিতর্ক, ঊহ, সংশয়; বিচারণ, বিবেচন।
বিতর্দ্দী, বেদিকা, বেদী।
বিতর্দ্দি, বেদিকা, বেদী। [পাতাল।
বিতল, পাতালবিশেষ; তৃতীয় স্তবক
বিতস্তি, বিস্তৃত সকনিষ্ঠাঙ্গুষ্ঠ, বিঘৎ, দ্বাদশাঙ্গুলি পরিমাণ, অর্দ্ধহস্ত।
বিতান, চন্দ্রাতপ, চাঁদোয়া; অবসর; যজ্ঞ, যাগ; বিস্তার; তুচ্ছ; মন্দ; শূন্য। [বৃক্ষ।
বিতানক, চন্দ্রাতপ, চাঁদোয়া; মাড়-
বিতানমূলক, উশীর, খস্‌খসিয়া।
বিতুন্ন, শৈবালক, শেওলা।
বিতুন্নক, ধনিয়া; তুঁতে।
বিতুন্না, ভূমি আমলকী।
বিতুষ, পরিষ্কৃত ধান্যাদি, তুষ রহিত।
বিতুষ্ট, অতুষ্ট, বিরক্ত, অসন্তুষ্ট।
বিতৃষ্ণ, নিবৃত্ততৃষ্ণ, তৃষ্ণা রহিত; অনিচ্ছু; অসন্তুষ্ট।
বিতৃষ্ণা, অশ্রদ্ধা; অনিচ্ছা, অরুচি; ঘৃণা। [বিজ্ঞাত।
বিত্ত, ধন, অর্থ, সম্পত্তি; বিচারিত;
বিত্তদ, ধনদাতা, অর্থদ।
বিত্তি, বিচার, লাভ; সম্ভাবনা; জ্ঞান।
বিত্তেশ, কুবের, ধনাধিপতি।
বিত্রপ, নির্লজ্জ, লজ্জা হীন, ত্রপা-রহিত। [স্থিত।
বিত্রস্ত, ত্রাসযুক্ত, ভীত, সভয়, ভয়া-
বিত্রাস, ভয়,ত্রাস, অভয়, শঙ্কারহিত।
বিৎ, জ্ঞাতা, অবগন্তা।
বিৎসন, ঋষভ, বৃষ, ষণ্ড, ষাঁড়। [চর।
বিথুর, চৌর, তস্কর; রাক্ষস, নিশা-
বিথ্যা, গোজিহ্বা, গোরসনা।
বিদ, বিদ্বান্, পণ্ডিত; জ্ঞাতা।
বিদগ্ধ, নাগর, রসিক; নিপুণ; পণ্ডিত।
বিদগ্ধতা, রসিকতা, নাগরালী, লম্পটতা, পাণ্ডিত্য, নৈপুণ্য।
বিদগ্ধা, নায়িকাবিশেষ; রসিকা স্ত্রী, কামকলা নিপুণা। [তাপন্ন।
বিদথ, যোগী, সন্ন্যাসী; কৃতী, ক্ষম-
বিদন্, পণ্ডিত, বিজ্ঞ, জ্ঞাতা।
বিদর, ফণিমনসার গাছ; বিদারণ, ফাড়ন, চেরণ। [বড় নাগপুর।
বিদর্ভ, কুণ্ডিন নগর; দেশ বিশেষ,
বিদর্ভজা, অগস্ত্যমুনিপত্নী; দময়ন্তী; রুক্মিণী। [রাজ।
বিদর্ভরাজ, বিদর্ভদেশাধিপতি, ভীম-
বিদর্ভসুভ্রূ, দময়ন্তী, নলরাজপত্নী।
বিদর্ভাধিপতি, কুণ্ডিনদেশের রাজা; ভীষ্মকরাজ; রুক্মিণীর পিতা।
বিদল, দ্বিধাকৃত কলায়াদি, দালি, ডাইল; দাড়িম ছাল; বংশাদিকৃত পাত্রবিশেষ; রক্তকাঞ্চন; পিষ্টক; অন্য দলস্থ; পত্র শূন্য। [পত্রহীনা।
বিদলা, ত্রিবৃৎ, তেউড়ী; পত্রশূন্যা,
বিদা, জ্ঞান; বুদ্ধি; ভূমিকর্ষণার্থ লাঙ্গলবিশেষ; মই। [কুনীতি।
বিদাঁড়া, বিরুদ্ধ রীতি, কুধারা;
বিদায়, গমনানুমতি; ছুটী; বিসর্জ্জন।
বিদায়ী, বিদায় প্রাপ্ত; বিদায়কালীন দেয় পুরস্কার। [বিদারণ, চিরণ।
বিদার জলোচ্ছ্বাস, জল উথলন;
বিদারক, বিদারণকর্ত্তা, বিদীর্ণকারক;

শুষ্ক নদ্যাদির জলাবস্থানার্থ গর্ত্ত।
বিদারণ, ভেদন, চিরণ; মারণ; যুদ্ধ; কর্ণিকার বৃক্ষ। [গাছ।
বিদারিকা, শালপর্ণী বৃক্ষ, শালপাইন
বিদারী, শালপর্ণী বৃক্ষ; ভুমিকুষ্মাণ্ড; বিদারণ কর্ত্তা। [পাইন গাছ।
বিদারীগন্ধা, শালপর্ণী বৃক্ষ, শাল-
বিদারু, কৃকলাস, কাঁকলাস।
বিদাহি, দাহজনক দ্রব্য বিশেষ।
বিদিক্, দুই দিকের মধ্যস্থান, অগ্ন্যাদি কোণ চতুষ্টয়; অপদিক, কোণ।
বিদিক্‌চঙ্গ, হরিদ্রাঙ্গ পক্ষী, হল্‌দিয়া রঙ্গের পাখী। [পণ্ডিত।
বিদিত, অবগত, জ্ঞাত; কবি,
বিদিথ, বিদ্বান্, পণ্ডিত, যোগী।
বিদীর্ণ, কৃত বিদারণ, চেরা, ফাড়া।
বিদীর্ণহৃদয়, ভিন্নবক্ষঃস্থল; ভগ্নোরঃ।
বিদু, গজকুম্ভদ্বয়ের মধ্যভাগ।
বিদুর, নাগর, লম্পট; ধীর, পণ্ডিত; কৌরবদিগের মন্ত্রী।
বিদুল, বেতসবৃক্ষ, বেতগাছ।
বিদুষী, পণ্ডিতা স্ত্রী, বিদ্যাবতী নারী।
বিদুষ্মতী, পণ্ডিতবতী, বিদ্বদ্বিশিষ্টা।
বিদূর, অতিদূরস্থ দেশাদি; অনিকট।
বিদূরগ, অতি দূর গন্তা, অতি দূরে গমনকারী।
বিদূরজ, বিদূরদেশ জাত রত্ন, বৈদূর্য্য মণি; অতিদূরে জাত।
বিদূরথ, রাজাবিশেষ।
বিদূরভূমি, দেশবিশেষ, বৈদূর্য্যমণির উৎপত্তি স্থান।
বিদূরাদ্রি, বিদূরদেশস্থ পর্ব্বত।
বিদূষক, কামুক, ষিঙ্গা, লম্পট; নিন্দক।
বিদূষণ, বিশেষে দূষণ, নিন্দন, কুৎসা করণ। [স্থান।
বিদেশ, পরদেশ, দেশান্তর; ভিন্ন-
বিদেশী, পরদেশী, বিদেশস্থ, প্রবাসী।
বিদেহ, জনকবংশীয় রাজা; কায়শূন্য, দেহ রহিত।
বিদেহা, মিথিলানগরী, জনকপুরী।
বিদ্ধ, কৃতবেধন, বেঁধা, ভেদিত; ছিদ্রিত; যুক্ত। [লতা, নিম্নুখী।
বিদ্ধকাণী, লতাবিশেষ, আকনাদি-
বিদ্যমান, বর্ত্তমান; উপস্থিত; সাক্ষাৎ।
বিদ্যা, অধ্যয়ন জন্য জ্ঞান; মন্ত্র; শাস্ত্র; দুর্গা; গণিকারিকা বৃক্ষ, গণেরী গাছ।
বিদ্যাগার, বিদ্যালয়, পাঠশালা, চতুষ্পাঠী, চৌবাড়ী। [হেতু প্রসিদ্ধ।
বিদ্যাচন, বিদ্যাদ্বারা খ্যাত, বিদ্যা-
বিদ্যাচুঞ্চু, বিদ্যাদ্বারা খ্যাত, বিদ্যানিমিত্ত প্রসিদ্ধ। [গাছ।
বিদ্যাদল, ভূর্জ বৃক্ষ, ভোজপাতের-
বিদ্যাদাতা, বিদ্যাদানকর্ত্তা, অধ্যাপক, শিক্ষাগুরু।
বিদ্যাদান, অধ্যাপন, বিদ্যাশিক্ষাদান।
বিদ্যাদেবী, জৈনদিগেরদেবীবিশেষ; বিদ্যার অধিষ্ঠাত্রীদেবী, সরস্বতী।
বিদ্যাধন, বিদ্যাদ্বারা অর্জ্জিত অর্থ; বিদ্যারূপ ধন।
বিদ্যাধর, দেবযোনি বিশেষ; পুষ্পদন্তাদি কামরূপী খেচর।
বিদ্যাবত্তা, পাণ্ডিত্য, বিদ্যা, জ্ঞান।
বিদ্যাবান্, বিদ্যাবিশিষ্ট, পণ্ডিত, বিদ্বান্। [গ্রহণ।
বিদ্যাভ্যাস, বিদ্যা শিক্ষা, বিদ্যা-
বিদ্যামন্দির, বিদ্যাশিক্ষা স্থান, পাঠশালা, চতুষ্পাঠী।
বিদ্যালয়, বিদ্যা শিক্ষা স্থান, পাঠশালা, চতুষ্পাঠী।
বিদ্যাশিক্ষা, বিদ্যাভ্যাস, পঠন, অধ্যয়ন। [প্রভা।
বিদ্যুজ্জ্বালা, বৃক্ষবিশেষ, বিদ্যুতের
বিদ্যুজ্জিহ্ব, রাক্ষস বিশেষ।
বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী; দ্যুতি রহিত, প্রভা হীন।
বিদ্যুৎকেশ, রাক্ষসবিশেষ।

বিদ্যুৎপ্রিয়, কাংস্য, কাঁসা।
বিদ্যুন্মালা, অষ্টাক্ষর পাদ ছন্দোবিশেষ ; বিদ্যুৎ সমূহ।
বিদ্যুন্মালী, রাক্ষসবিশেষ।
বিদ্যুল্লতা, মেঘজ্যোতিঃ ; তড়িৎ।
বিদ্যোত, প্রভা, দীপ্তি, রশ্মি।
বিদ্র, ছিদ্র, রন্ধ্র, ছেঁদা।
বিদ্রধি, রোগবিশেষ। [গাছ।
বিদ্রধিনাশন, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা
বিদ্রব, পলায়ন, প্রস্থান ; ক্ষরণ, গলন ; নিন্দা।
বিদ্রাব, ক্ষরণ, গলন ; পলায়ন।
বিদ্রাবক, পলায়নকর্ত্তা ; গলন জনক, গলানিয়া।
বিদ্রাবিত, পলায়িত; গলিত, ক্ষরিত।
বিদ্রুত, প্রাপ্তদ্রবীভাব ঘৃতাদি, তরল; পলায়িত, উপদ্রুত।
বিদ্রুম, রত্নবিশেষ, প্রবাল, পলা ; রত্ন বৃক্ষ ; কিশলয়, নূতন পত্র।
বিদ্রুমলতা,নলীনামে গন্ধদ্রব্যবিশেষ।
বিদ্রূপ, ব্যঙ্গ ; পরিহাস, ঠাট্টা, কৌতুক।
বিদ্রূপী, পরিহাসক, কৌতুককারী।
বিদ্রোহ, হিংসা, দ্বেষ ; ক্ষতি, মন্দ।
বিদ্বৎকল্প, ঈষৎ ন্যূন বিদ্বান্, কিঞ্চিৎ অল্প বিদ্বান্। [বিদ্বান্।
বিদ্বত্তম, অতিশয় বিদ্বান্ ; শ্রেষ্ঠ-
বিদ্বত্তর, অতিশয় বিদ্বান্, বড় বিদ্বান্।
বিদ্বদ্দেশীয়, ঈষৎন্যূন বিদ্বান্, কিঞ্চিন্ন্যূন বিদ্বান্।
বিদ্বান্, বিদ্যাবান্, জ্ঞানী, পণ্ডিত।
বিদ্বিষ, শত্রু, রিপু ; বিদ্বেষক, হিংসক।
বিদ্বিষ্ট, হিংসিত ; বিদ্বেষ প্রাপ্ত।
বিদ্বেষ, বৈরিতা, হিংসা ; বিরোধ ; ঘৃণা।
বিদ্বেষক, বিদ্বেষ্টা, দ্বেষকর্ত্তা, বিরোধী বৈরী, হিংসক।
বিদ্বেষণ, হিংসা করণ ; শত্রুতাচরণ ; অভিচার কর্ম্ম বিশেষ।
বিদ্বেষিণী, হিংসাকারিণী স্ত্রী, যে স্ত্রী দ্বেষ করে। [হিংসক।
বিদ্বেষী, বিদ্বেষবিশিষ্ট, বৈরী, শত্রু,
বিদ্বেষ্টা, বৈরী, হিংসক, বিদ্বেষক।
বিধ, প্রকার ; বেধন ; বিধান।
বিধবন, কম্পন, কাঁপন।
বিধবা, মৃতভর্ত্তৃকা, রণ্ডা, রাঁড়, পতিহীনা স্ত্রী। [ধর্ম্ম।
বিধর্ম্ম, ধর্ম্মহীন, ধর্ম্মবর্জ্জিত ; বিরুদ্ধ
বিধর্ম্মী, পাপী, অধর্ম্মী ; স্বধর্ম্মত্যাগী।
বিধস, ব্রহ্মা, প্রজাপতি। [বেধন।
বিধা, বিধি, প্রকার ; বেতন ; কর্ম্ম ;
বিধাতা, ব্রহ্মা, প্রজাপতি, সৃষ্টিকর্ত্তা ; কামদেব ; ভৃগুমুনিপুত্র।
বিধাতৃভূ, নারদমুনি।
বিধাতৃলিপি, অদৃষ্টের লিখন, কপালের লেখা। [পিপুল।
বিধাত্রী, বিধানকর্ত্রী, পিপ্পলী,
বিধান, বিধি, প্রকার ; ব্যবস্থা ; করণ ; হাতির গ্রাস। [বিধিজ্ঞাতা।
বিধানক, ব্যথা, বেদনা ; বিধানবেত্তা,
বিধানজ্ঞ, পণ্ডিত, বুধ ; ব্যবস্থাভিজ্ঞ।
বিধানতা, স্মৃতি সাধ্যতা, কর্ত্তব্যতা, বিধিপূর্ব্বকতা।
বিধাব্য, কম্পন, কাঁপন।
বিধায়ক, বিধানকর্ত্তা, ব্যবস্থাকারক ; বিধিজ্ঞাপক। [অনুজ্ঞাকারী।
বিধায়ী, বিধানকারক ; ব্যবস্থাকর্ত্তা ;
বিধারা, কুধারা, কুনীতি।
বিধি, বিধাতা, ব্রহ্মা ; ভাগ্য ; ক্রম ; বিধান, ব্যবস্থা ; কাল ; বিধিবাক্য ; প্রকার ; নিয়োগ ; কর্ম্ম ; যাগোপদেশকগ্রন্থ ; অপ্রাপ্ত প্রাপক বাক্য।
বিধিজ্ঞ, পণ্ডিত, বিধিদর্শী, ব্যবস্থাভিজ্ঞ।
বিধিদর্শী, সদস্য, বিধিদেশক, সভাস্থ পণ্ডিত। [শাস্ত্র।
বিধিবৎ, যথাবিধি, বিধ্যনুসারি, যথা
বিধু, চন্দ্র, শশী, নিশাকর ; ব্রহ্মা ;

রাক্ষস; অস্ত্র; বাণ; বায়ু।
বিধুত, ত্যক্ত, ত্যাগকরা; কম্পিত।
বিধুতি, কম্পন, বিধুনন, কাঁপন।
বিধুন্তুদ, রাহু, সৈংহিকেয়।
বিধুপঞ্জর, খড়্গ, অসি, খাঁড়া।
বিধুপ্রিয়া, চন্দ্র পত্নী।
বিধুবন, কম্পন, কাঁপন; হেলন।
বিধুর, বৈকল্যান্বিত; সন্তাপিত, বিকল।
বিধূত, কম্পিত, কাঁপা।
বিধূনিত, কম্পিত, আন্দোলিত, কাঁপা।
বিধৃত, বিশেষরূপে ধৃত, ধরা; স্থিরীকৃত; অবলম্বিত, আক্রান্ত।
বিধেয়, বিধানযোগ্য; বিধিপ্রতিপাদ্য; কর্ত্তব্য; ধার্য্য; বাক্যস্থ, বচনে স্থিত; বিধিজন্য বোধ বিষয়।
বিধেয়তা, বিধিজন্য বোধ বিষয়ত্ব, কর্ত্তব্যত্ব।
বিধ্বংস, বিনাশ, নাশ, উচ্ছেদ।
বিধ্বংসী, বিনাশক, হিংসক, উচ্ছেদক। [শিক্ষিত।
বিনত, প্রণত; অবনত; ভুগ্ন,
বিনতা, গরুড় মাতা।
বিনতাসূনু, অরুণ; গরুড়। [শিষ্টতা।
বিনতি, বিনয়, নম্রতা, অনুনয়
বিনদ, বৃক্ষবিশেষ, ছাতিয়ানগাছ।
বিনম্র, বিনয়ান্বিত; নম্রতা বিশিষ্ট।
বিনম্রক, পুষ্পবিশেষ, তগরপুষ্প।
বিনয়, শিক্ষা; শিষ্টতা, অনুনয়; প্রণতি; কাতর্য্য; দণ্ড।
বিনয়গ্রাহী, আজ্ঞাকারী, বচনে স্থিত, কথার বশ। [নম্রতা বিশিষ্ট।
বিনয়স্থ, আজ্ঞাকারী, বচনেস্থিত;
বিনয়া, বাট্যালক বৃক্ষ, বেড়ুড়গাছ।
বিনয়ী, বিনয়ান্বিত, বিনত, নম্র।
বিনশন, কুরুক্ষেত্র; বিনাশ, ধ্বংস।
বিনশ্বর, অনিত্য, অস্থির; ধ্বংসশীল।
বিনষ্ট, নাশাশ্রয়, ধ্বংস বিশিষ্ট; উচ্ছিন্ন।
বিনষ্টি, বিনাশ, ধ্বংস, উচ্ছেদ।
বিনস, গতনাসিক, খাঁদা, নাসিকেন্দ্রিয় হীন। [ব্যতিরেক।
বিনা, বর্জ্জন; পৃথক্; ঋতে; অভাবে,
বিনাকৃত, ত্যক্ত; কৃতত্যাগ।
বিনান, কেশবিন্যাস, বিনুনী, বিউনী।
বিনাম, সংজ্ঞা রহিত, নামশূন্য।
বিনামা, উপানৎ, চর্ম্মপাদুকা, জুতা।
বিনামী, মিথ্যানামধারী; অন্যের নামে কৃত লেখ্যাদি।
বিনায়ক, বিঘ্নরাজ, গণেশ; গরুড়; বিঘ্ন; গুরু; নায়কহীন।
বিনায়াসে, আয়াসব্যতিরেক, উদ্‌যোগ বিনা, অচেষ্টায়।
বিনায়িকা, গরুড়পত্নী। [অদর্শন।
বিনাশ, বিনষ্ট; সংহার; ধ্বংস;
বিনাশক, বিনাশকর্ত্তা, ধ্বংসকারক।
বিনাশন, হিংসন; ধ্বংসন; সংহরণ।
বিনাশনীয়, বিনাশ্য, ধ্বংসনীয়; বিনশ্বর, অস্থায়ী। [কারক।
বিনাশশীল, বিনাশ বিশিষ্ট, সংহার
বিনাশিত, নষ্ট, হত, বিনাশ প্রাপ্ত।
বিনাশী, বিনাশকরণশীল, ঘাতক, নষ্টকারক।
বিনাশোন্মুখ, নাশে উদ্যত; বিনষ্ট প্রায়। [ধ্বংসশীল।
বিনাশ্য, ক্ষয়ণীয়, বিনাশের উপযুক্ত,
বিনাসক, গতনাসিক, নাসিকাহীন, খাঁদা।
বিনাসাধ, অনিচ্ছা, অস্পৃহা।
বিনিগমক, প্রামাণিক; প্রতিপাদক; সন্দেহ নিবারক।
বিনিগমনা, সিদ্ধান্ত, মীমাংসা; নিশ্চায়ক প্রমাণ।
বিনিদ্র, উন্মীলিত, নিদ্রারহিত।
বিনিদ্রত্ব, প্রবোধ; নিদ্রারহিতত্ব।
বিনিপাত, নিপাত, পতন, ধ্বংস; অপমান। [বিশিষ্ট।
বিনিবৃত্ত, ক্ষান্ত, নিরস্ত, নিবৃত্তি

বিনিময়, পরিদান,প্রতিদান, পরিবর্ত্ত, বদল।
বিনিয়োগ, ফলে অর্পণ; বিনিযোজন, কর্ম্মচারিদিগকে কর্ত্তব্য কর্ম্মে নিযোজন; পদে স্থাপন।
বিনিযোজিত, অর্পিত; নিযুক্ত; স্থাপিত; কর্ম্ম করণার্থ প্রেরিত।
বিনির্ণয়, নিশ্চয়; অবধারণ; নিষ্পত্তি।
বিনির্ধূত, দূরবস্থাহেতু চলিত; তাড়িত, দূরীকৃত।
বিনির্বৃত্ত, সমাপ্ত; নিষ্পন্ন।
বিনিহত, বিনষ্ট - ধ্বস্ত, উচ্ছিন্ন।
বিনিক্ষিপ্ত, স্থাপিত; অর্পিত; বিশেষরূপে রক্ষিত।
বিনীত, বিনয়াম্বিত; শিষ্ট; সুশীল; শিক্ষিত; দমনক বৃক্ষ।
বিনীয়, কল্ক, খইল; পাপ, অধর্ম্ম।
বিনেতা, দেশক; রাজা; শিক্ষক।
বিনেয়, নেতব্য; শাসনীয়; দণ্ডার্হ।
বিনোদ, কৌতূহল; হর্ষ; ক্রীড়া; আলিঙ্গন বিশেষ; রাজগৃহ বিশেষ।
বিন্দু, জলকণা, পৃষত; কণিকা, কণা; দন্তক্ষত বিশেষ; ভ্রূমধ্য; অনুস্বার।
বিন্দুচিত্রক, মৃগবিশেষ।
বিন্দুজাল, হস্তির শুণ্ডোপরি বিচিত্র বিন্দু সমূহ।
বিন্দুজালক, হস্তির মুখাদিতে স্থিত বিন্দু সমূহ। [গাছ।
বিন্দুপত্র, ভূর্জ বৃক্ষ, ভোজপাতের
বিন্দুরেখক, পক্ষিবিশেষ।
বিন্দুসর, সরোবর বিশেষ।
বিন্ধন, ছিদ্রকরণ; ভেদন; ফোড়ন।
বিন্ধপত্রী, জ্বরাপহা, বেলশুটা।
বিন্ধস, চন্দ্র, বিধু, শশী। [ব্যাধ।
বিন্ধ্য, পর্ব্বত বিশেষ, বিন্ধ্যগিরি;
বিন্ধ্যবাসিনী, দুর্গা, ভগবতী।
বিন্ধ্যবাসী, ব্যাড়িমুনি; বিন্ধ্যস্থ ব্যক্তি। [এলাচি।
বিন্ধ্যা, লবলীবৃক্ষ, নোয়াড়ীগাছ;

বিন্ধ্যাচল, বিন্ধ্য নামক পর্ব্বত, বিন্ধ্যগিরি।
বিন্ধ্যাবলী, বাণরাজ মাতা।
বিন্ধ্যাবলীপুত্র, বাণরাজ।
বিন্ন, বিচারিত; প্রাপ্ত; জ্ঞাত; স্থিত। [সাজ্ঞান।
বিন্যস্ত, রচিত; যথাক্রমে স্থাপিত,
বিন্যাক, বৃক্ষবিশেষ, ছাতিয়ান্‌গাছ।
বিন্যাস, স্থাপন; রচন; কেশসংস্কার; সাজ্ঞান। [প্রাপ্ত।
বিপক্ব, বিশেষে পাকা, পরিণতি
বিপঞ্চিকা, বাদ্যযন্ত্র বিশেষ, বীণা।
বিপঞ্চী, বাদ্যযন্ত্র বিশেষ, বীণা।
বিপণ, বিক্রয়, বেচা।
বিপণি, পণ্যবিক্রয়শালা, দোকান; হট্ট, হাট, বাজার; হট্টমধ্যস্থ পণ্য বিক্রয়বীথী।
বিপণী, বণিক্, বেণে; হট্ট, হাট।
বিপৎ, আপদ, সঙ্কট, বিপত্তি।
বিপত্তরণ, আপদ হইতে উদ্ধার, বিপত্ত্রাণ।
বিপত্তারক, বিপদুদ্ধারক, বিপত্ত্রাতা।
বিপত্তি, আপদ, বিপদ, সঙ্কট; বিনাশ। [পথ।
বিপথ, নিন্দিত পথ, কুপথ; অসৎ
বিপথগামী, কুপথগামী; দুষ্টাচারী; অধর্ম্মে রত।
বিপদ্, বিপত্তি, আপদ্।
বিপন্ন, বিপদাক্রান্ত, আপদগ্রস্ত; দুর্দ্দশাপন্ন; নষ্ট; সর্প, ভুজঙ্গ।
বিপব্য, শোধনীয়, পবিত্রকরণযোগ্য।
বিপরীত, বিপর্য্যয়; উলটা; প্রতিকূল, বিরুদ্ধ।
বিপরীতা, কামুকী, কামাতুরা।
বিপর্ণক, পলাশবৃক্ষ, পলাশগাছ।
বিপর্য্যয়, ব্যতিক্রম, ব্যত্যাস,ব্যত্যয়।
বিপর্য্যাস, অন্যরূপ গ্রহণ; বিপরীত; বিপর্য্যয়।
বিপশ্চিৎ, পণ্ডিত, বুধ, ধীর।

বিপক্ষ, শত্রু, বৈরী, অরি, বিরুদ্ধপক্ষাশ্রিত।
বিপক্ষতা, শত্রুতা, বৈরিতা।
বিপাক, কর্ম্মের বিসদৃশ ফল, বিপরিণাম; দুর্গতি; পচন; স্বেদ, ঘর্ম্ম; দৈবঘটনা; ক্লেশ; আপদ।
বিপাট, নদী বিশেষ, বিপাশা নদী।
বিপাঠ, বাণ, ইষ, শর।
বিপাদিকা, রোগবিশেষ, পাদস্ফোট রোগ; কুষ্ঠরোগ বিশেষ।
বিপাশা, নদী বিশেষ।
বিপিন, বন, কানন, অটবী।
বিপুল, বৃহৎ, প্রকাণ্ড; অগাধ; মেরু, পশ্চিম পর্ব্বত, সুমেরু; হিমালয়।
বিপুলরস, ইক্ষু, আউক। [বিশেষ।
বিপুলা, পৃথিবী; প্রকাণ্ডা; ছন্দো-
বিপূয়, মুঞ্জতৃণ, মুজলতা।
বিপ্র, ব্রাহ্মণ, দ্বিজোত্তম।
বিপ্রকার, অপকার, অনিষ্ট, অহিত; তিরস্কার। [ভর্ৎসিত; নিন্দিত।
বিপ্রকৃত, অপকৃত; তিরস্কৃত, নিকৃত,
বিপ্রকৃতি, তিরস্কার; অপকার।
বিপ্রকৃষ্ট, দূর, অন্তর; মন্দ, হেয়।
বিপ্রগামী, বিচলিত; কুপথগামী।
বিপ্রচিত্তি, দনুপুত্র, অসুরসুত।
বিপ্রতিকারী, অপকারী, মন্দকারী, প্রতিকূল। [বাদ; কলহ।
বিপ্রতিপত্তি, বিরোধ, বিষম্বাদ, বি-
বিপ্রতিষিদ্ধ, নিবারিত, নিষিদ্ধ।
বিপ্রতিসার, অনুতাপ, পশ্চাত্তাপ, অনুশয়; রোষ, ক্রোধ।
বিপ্রদহ, ফলমূলাদি শুষ্ক দ্রব্য।
বিপ্রপ্রিয়, পলাশ বৃক্ষ; ব্রাহ্মণের বল্লভ।
বিপ্রয়াণ, পলায়ন, প্রস্থান।
বিপ্রযুক্ত, বিশ্লিষ্ট, বিভিন্ন, পৃথক্।
বিপ্রযোগ, বিরহ, বিয়োগ, বিচ্ছেদ।
বিপ্রলপন, বিরুদ্ধ উক্তি; বিতণ্ডাবাক্য।
বিপ্রলব্ধ, বঞ্চিত, প্রতারিত।
বিপ্রলব্ধা, নায়িকা বিশেষ; বঞ্চিতা নায়িকা।
বিপ্রলাপ, বিরোধোক্তি, অন্যের বাক্যের বিরুদ্ধে বচন; অনর্থক বাক্য। [প্রিয়।
বিপ্রিয়, অপরাধ, মন্দ, দোষ, অ-
বিপ্রুষ, বিন্দু, জলকণা, মুখনির্গত জলবিন্দু।
বিপ্রোষিত, প্রবাসিত, বিদেশস্থ।
বিপ্লব, পরচক্রাদি ভয়, রাষ্ট্রাদির উপদ্রব, উৎপাত; নাশ।
বিপ্লাব, অশ্বের প্লুতগতি, লম্ফপ্রদান পূর্ব্বক গমন। [গ্রস্ত।
বিপ্লুত, ব্যসনার্ত্ত, উপদ্রুত, উৎপাত-
বিফল, নিরর্থক, মোঘ, ব্যর্থ, নিষ্ফল, বৃথা।
বিফলতা, বৈয়র্থ্য, ফলাভাব।
বিফলা, কেতকী, কেয়া।
বিফুল্ল, বিকসিত, প্রফুল্ল।
বিবদমান, বিবাদকর্ত্তা, বিরোধকারী।
বিবন্ধ, রোগবিশেষ, আনাহ রোগ।
বিবর, ছিদ্র, বিল, গর্ত্ত।
বিবরণ, ব্যাখ্যা; বৃত্তান্ত; বর্ণনা।
বিবরনালিকা, বেণু, বংশী, বাঁশী।
বিবর্জ্জন, ত্যাগ, পরিহার, ছাড়ন; বিসর্জ্জন। [ম্লান।
বিবর্ণ, নীচ; বর্ণহীন, বিকৃতবর্ণ, মলিন,
বিবর্ত্ত, সমুদায়; নৃত্য; অপবর্ত্তন।
বিবর্ত্তন, পরিভ্রমণ, ঘূর্ণন।
বিবশ, অবশ্য আত্মা; অবশ, অবাধ্য।
বিবসন, বিবস্ত্র, বসন হীন, উলঙ্গ।
বিবস্বান্, সূর্য্য, রবি; অর্ক বৃক্ষ, আকন্দ; দেবতা; অরুণ; বৈবস্বতমনু। [বাসনা।
বিবক্ষা, কহিবার ইচ্ছা, বাক্য কথনের
বিবক্ষিত, কথনেচ্ছার বিষয়।
বিবক্ষু, কথনাভিলাষী, কহিতে ইচ্ছুক।
বিবাক, বিবেচনা কর্ত্তা, বিবেচক।

বিবাদ, বিরোধ, কলহ, ঝকড়া।
বিবাদক, বিবাদানুগত; বিবাদী, বিবাদকর্ত্তা, বিরোধী, কলহী।
বিবাদযুক্ত, কলহবিশিষ্ট, বিরোধীয়; বিরোধকরী। [কারী।
বিবাদী, বিরোধী, প্রতিপক্ষ, বিরোধ-
বিবাদীয়, বিরোধীয়, বিবাদাস্পদ।
বিবাহ, দারপরিগ্রহ, উপযম, পরিণয়, উদ্বাহ, দারকর্ম্ম। [ণীত।
বিবাহিত, কৃতবিবাহ, উদ্বাহিত, পরি-
বিবাহ্য, জামাতা, বিবাহযোগ্য।
বিবিক্ত, পবিত্র; বিজন, নির্জ্জন; বিবেকী; পৃথক্; বিবেচিত।
বিবিক্তা, দুর্ভগ, দুরবস্থান্বিতা।
বিবিধ, নানাপ্রকার, বহুরূপ।
বিবীত, ভূমিবিশেষ।
বিবীতভর্ত্ত, বিবীতভূমির স্বামী।
বিবুধ, দেবত; পণ্ডিত, চন্দ্র।
বিবুধান, আচার্য্য, পণ্ডিত; দেবতা।
বিবৃক্ণা, দুর্ভগা; দুঃখিতা। [কর।
বিবৃত, বিস্তৃত, প্রসারিত, বিবরণ
বিবৃতা, ক্ষুদ্ররোগ বিশেষ।
বিবৃতাক্ষ, কুক্কুট, কুকুড়া।
বিবৃতি, ব্যাখ্যা, অর্থ বিবরণ, বর্ণন।
বিবৃত্ত, চলিত, ঘূর্ণায়মান।
বিবৃত্তা, ক্ষুদ্র রোগবিশেষ।
বিবৃত্তি, চক্রবৎ ভ্রমণ, ঘূর্ণন।
বিবেক, বিবেচন, বিচার; সাংসারিক পদার্থে হেয়জ্ঞান। [ভাব।
বিবেকিত, বিবেকিত্ব, বিবেকির-
বিবেকী, বিচারকর্ত্তা, বিবেকবিশিষ্ট; সাংসারিক পদার্থে হেয়বুদ্ধিকারী।
বিবেচক, বিবেচনা কর্ত্তা, বিচারক, তার্কিক।
বিবেচন, বিতর্কণ, বিচারণ।
বিবেচনা, বিচার; অনুধাবন, চর্চ্চা; ভাবনা; পরামর্শ। [পরামৃশ্য।
বিবেচনীয়, বিবেচ্য, বিবেচিতব্য,
বিবেচিত, বিচারিত; তর্কিত; ভাবিত, চিন্তিত।
বিবোঢ়া, বর, পতি, ভর্ত্তা।
বিবোধ, অনবধানতা, প্রবোধ, জ্ঞান।
বিবোধন, প্রবোধন, জাগরণ; জানান।
বিব্রত, ব্যস্ত; ক্লেশাপন্ন, কাতর, অস্থির।
বিব্রুবন্, বিরুদ্ধবক্তা, অন্যায় ভাষী।
বিব্বোক, রমণীদিগের শৃঙ্গার ভাবজন্য ক্রিয়া বিশেষ, হাব, বিলাস।
বিভক্ত, প্রাপ্ত বিভাগ; কৃতাংশ; বিভিন্ন, পৃথক্। [উৎপন্ন পুত্র।
বিভক্তজ, বিভাগানন্তর গর্ভাধানে
বিভক্তি, অংশকরণ, বণ্টন, বিভাগ; ব্যাকরণমতে লিঙ্গ এবং ক্রিয়ার উত্তর প্রযুজ্য প্রত্যয় বিশেষ।
বিভজন, বিভাগকরণ, অংশকরণ, বণ্টন, বাঁটিয়া লওন।
বিভজনীয়, বিভাজ্য, বিভাগযোগ্য, ভাগ করিবার উপযুক্ত।
বিভব, ধন, সম্পত্তি, ঐশ্বর্য্য; মোক্ষ।
বিভবশালী, ঐশ্বর্য্যশালী, ধনবান্, ধনসম্পন্ন। [বিবাহ।
বিভা, কিরণ; প্রকাশ; শোভা;
বিভাকর, সূর্য্য, রবি; অর্কবৃক্ষ, আকন্দগাছ, চিত্রকবৃক্ষ, চিতাগাছ; অগ্নি, বহ্নি, অনল।
বিভাগ, ভাগ, অংশ; বণ্টন; পার্থক্য।
বিভাগী, অংশী, ভাগাধিকারী, বণ্টক।
বিভাজক, অংশকারী, বিভাগকর্ত্তা।
বিভাজ্য, বিভজনীয়, বিভাগার্হ; অংশকরণযোগ্য, বণ্টনীয়। [পিতা।
বিভাণ্ডক, মুনিবিশেষ, ঋষ্যশৃঙ্গমুনির
বিভাত, প্রত্যূষ, প্রাতঃকাল, উষা সময়। [ভাব।
বিভাব, পরিচয়; রসের উদ্দীপনাদি
বিভাবন, বিবেচন; অনুভবকরণ।
বিভাবনা, বিবেচনা; তর্ক, অনুভব।

বিভাবনীয়, বিবেচনীয় ; চিন্তনীয় ; পরিজ্ঞেয়।
বিভাবরী, রাত্রি, রজনী, নিশা ; হরিদ্রা ; কুট্টিনী, বক্রযোষিৎ।
বিভাবসু, সূর্য্য, রবি, দিবাকর ; আকন্দগাছ ; অনল, অগ্নি ; চিত্রক বৃক্ষ, চিতাগাছ।
বিভাবিত, বিচিন্তিত ; বিবেচিত ; বিশেষে উৎপাদিত।
বিভাষা, বিকল্প ; দ্বৈধবাদ
বিভাষিত, বিকল্প ; উক্ত, কথিত।
বিভাস, রাগিণী বিশেষ ; প্রভা. দীপ্তি, আলোক। [ভেদিত।
বিভিন্ন, বিভক্ত ; পৃথক্ ; বিদীর্ণ,
বিভিন্নতা, প্রভেদ, পার্থক্য, ভিন্নতা।
বিভীতক, বৃক্ষবিশেষ, বহেড়াগাছ।
বিভীষণ, রাবণভ্রাতা, ভয়ানক, ভয়ঙ্কর ; তৃণবিশেষ, নলতৃণ।
বিভীষিকা, ভয়প্রদর্শন, ভয়দেখান।
বিভু, প্রভু, সর্ব্বগত, শঙ্কর ; ব্রহ্মা ; বিষ্ণু, ব্যাপক। [শিবধৃত ভস্ম।
বিভূতি, অনিমাদি অষ্ট ঐশ্বর্য্য ;
বিভূতিদ্বাদশী, ব্রতবিশেষ। [বান্।
বিভূতিমান্, শিব ; ঐশ্বর্য্যবন্ত, ধন-
বিভূষণ, আভরণ, অলঙ্কার।
বিভূষা, শোভা ; আভরণ, অলঙ্কার।
বিভূষিত, অলঙ্কৃত ; শোভিত।
বিভৃত, ধৃত ; পুষ্ট ; রক্ষিত।
বিভেদ, বিচ্ছেদ ; পার্থক্য ; বৈলক্ষণ্য, বিশেষ ; বৈপরীত্য।
বিভেদক, ভেদকর্ত্তা, পার্থক্যকারক।
বিভ্রৎ, ভরণ পোষণকর্ত্তা।
বিভ্রম, স্ত্রীদিগের শৃঙ্গার ভাব জাত ক্রিয়াবিশেষ ; শোভা ; সংশয়।
বিভ্রষা, বার্দ্ধক্য, বৃদ্ধত্ব।
বিভ্রাট, অলঙ্কারাদি দ্বারা দীপ্তিশীল, ভ্রাজিষ্ণু ; আপদ, বিপদ, সঙ্কট।
বিভ্রান্ত, বিভ্রমযুক্ত, ভুলহওয়া।
বিভ্রান্তি, বিভ্রম, ভুল। [মূর্খ।
বিভোল—বিহ্বল, হতজ্ঞান ; ভ্রান্ত ;
বিমত, বিরুদ্ধ মত, অন্যমত ; প্রতিকূল, বিপরীত ; অন্যথা।
বিমতি, অনিচ্ছা ; অমত।
বিমনস্ক, বিমনাঃ ; চিন্তাদিতে ব্যাকুল চিত্ত, দুর্ম্মনাঃ, দুঃখিত মানস।
বিময়, বিনিময়, বদল, পরিবর্ত্ত।
বিমর্দ্দ, কালকষ্ক বৃক্ষ, কালকাসুন্দিয়া গাছ, বিমর্দ্দন।
বিমর্দ্দক, চক্রমর্দ্দবৃক্ষ, চাকুন্দিয়াগাছ। [ড়ন।
বিমর্দ্দন, মর্দ্দন, ডলন, পেষণ, বিলো-
বিমর্দ্দিত, দলিত, পিষ্ট, ডলা।
বিমর্দ্দোত্থ, মর্দ্দনদ্বারা উৎপন্নগন্ধাদি।
বিমর্শন, পরামর্শ, যুক্তিকরণ ; বিতর্কণ।
বিমর্ষ, বিচারণ, মৌন ; ভাবিত ; চিন্তিত, উদ্বিগ্ন, অপ্রসন্ন।
বিমর্ষী, খিদ্যমান, দুঃখিত, মৌনী।
বিমল, নির্ম্মল, স্বচ্ছ, পরিষ্কার, পরিচ্ছন্ন ; চারু, মনোহর।
বিমলদান, নিত্য নৈমিত্তিক কাম্যদান, ঈশ্বরপ্রীণনার্থ দান।
বিমলমণি, স্ফটিক, বেল্লোর।
বিমলা, দেবী বিশেষ ; জগন্নাথের ভগিনী। [ক্কৃত
বিমলাত্মক, নির্ম্মল, মলরহিত, পরি-
বিমলাদ্রি, পর্ব্বত বিশেষ, শত্রুঞ্জয় পর্ব্বত।
বিমা, আপদ্গ্রস্ত, দায়ঠেকা, ঝুঁকি।
বিমাংস, অশুদ্ধ মাংস, কুকুরাদির মাংস।
বিমাতা, মাতৃসপত্নী, সৎ মা।
বিমাতৃজ, মাতৃসপত্নীপুত্র, বৈমাত্রেয়, বৈমাত্র ভ্রাতা। [যানমাত্র।
বিমান, দেবরথ, ব্যোমযান ; ঘোটক ;
বিমার্গ, সম্মার্জ্জনী, ঝাঁঝরা ; কুপথ, কুৎসিত বর্ত্ম। [মোচিত।
বিমুক্ত, বিশেষে মুক্ত, মোক্ষপ্রাপ্ত ;
বিমুক্তি, বিমোচন ; মোক্ষ।

বিমুখ, বহির্ম্মুখ, বিরত ; অপ্রসন্ন।
বিমগ্ধ, মোহপ্রাপ্ত ; অজ্ঞান।
বিমুদ্র, প্রফুল্ল ; মুদ্রারহিত।
বিমোক্তা, ত্রাণকর্ত্তা ; মোচনকারক।
বিমোচন, দূরীকরণ ; বিমুক্তি ; পরিত্রাণ করণ।
বিমোহন, মুগ্ধকরণ, অজ্ঞানকরণ ; ভুলান ; মায়া।
বিমোহিত, মোহযুক্ত, মুগ্ধ, অজ্ঞান।
বিমোক্ষণ, বিমোচন ; পরিত্রাণ।
বিমকী, বলেতে জলাদির ঊর্দ্ধ নিঃসারণ।
বিম্ব, প্রতিবিম্ব, প্রতিমূর্ত্তি ; বিম্বিকা ফল, তেলাকুঁচা ; জলবুদ্বুদ ; কৃকলাস, কাঁকলাস।
বিম্বক, বিম্বিকা ফল, তেলাকুঁচা।
বিম্বট, সর্ষপ, সরিষা। [কুঁচ ফল।
বিম্ব, প্রতিবিম্ব, প্রতিচ্ছায় ; তেলা-
বিম্বাকার, বুদ্বুদাকার ; বিম্বিকাফল সদৃশ ; বুদ্বুদবৎ।
বিম্বিত, প্রতিচ্ছায়াপ্রাপ্ত ; প্রতিমূর্ত্তি।
বিম্বু, গুবাক, শুপারি, গুয়া।
বিম্বোষ্ঠ, বিম্বের তুল্য ওষ্ঠ যে ব্যক্তির ; রক্তবর্ণ ওষ্ঠ। [গামী।
বিয়চ্চারী, চিল্লপক্ষী, চিল ; আকাশ
বিয়ৎ, আকাশ, অন্তরীক্ষ, গগণ।
বিয়দ্গঙ্গা, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
বিয়দ্ভূতি, তিমির, অন্ধকার, তমঃ।
বিয়ন, প্রসবন, গর্ত্ত হইতে সন্তান নিঃসারণ।
বিয়নি, বেণী, বিউনী, বিন্যস্ত কেশ।
বিয়ন্মণি, সূর্য্য, দিনমণি, রবি।
বিয়ম, সংযম, ইন্দ্রিয় দমন।
বিয়াত, নির্লজ্জ, লজ্জাহীন।
বিয়াম, সংযম, ইন্দ্রিয়দমন।
বিযুক্ত, বিয়োগ বিশিষ্ট, বিচ্ছিন্ন ; বিরহিত।
বিয়ে, বিবাহ, উদ্বাহ, পরিণয়।
বিয়োগ, বিচ্ছেদ, বিপ্রয়োগ, বিরহ।
বিয়োগভাক্, বিচ্ছেদযুক্ত, বিরহবিশিষ্ট।
বিয়োগী, চক্রবাক পক্ষী ; বিয়োগযুক্ত ; বিরহিত। [দিত, বিরহিত।
বিযোজিত, বিয়োগ প্রাপিত ; বিচ্ছে-
বিযোড়, অযুগ্ম, বিষম, যোড় রহিত।
বিরক্ত, বিরাগযুক্ত, অননুরক্ত, অসন্তুষ্ট, ত্যক্ত।
বিরক্তা, অসন্তুষ্টা ; অননুকূলা।
বিরক্তি, বিরাগ, অসন্তুষ্টি ; ঘৃণা।
বিরচন, বিন্যাস, গ্রন্থন ; নির্ম্মাণ।
বিরচিত, বিশেষে রচিত, নির্ম্মিত, গঠিত। [তিগ।
বিরজস্তমাঃ, সত্ত্ব গুণ বিশিষ্ট, দয়া-
বিরজা, কপিত্থানী বৃক্ষ ; দূর্ব্বা ; যযাতি মাতা, শ্রীকৃষ্ণ সখী ; জগন্নাথক্ষেত্র, নিবৃত্তরজস্কা স্ত্রী।
বিরঞ্চ, ব্রহ্মা, প্রজাপতি, বিধাতা।
বিরণ, তৃণবিশেষ, বেণার খড়।
বিরত, নিবৃত্ত, ক্ষান্ত, উপরত।
বিরতি, নিবৃত্তি, অরতি, উপরম, বিরাম।
বিরল, অবকাশ ; ফাঁক ; নির্জ্জন ; অসাধারণ ; অপ্রাপ্য। [জাং।
বিরলজানুক, বক্রজানু বিশিষ্ট, বাঁকা
বিরস, শুষ্ক ; রসশূন্য, পান্‌সিয়া।
বিরহ, বিচ্ছেদ, বিপ্রয়োগ, বিয়োগ ; নিবৃত্তি ; শূন্যতা ; অভাব।
বিরহিণী, বিচ্ছেদবিশিষ্টা নারী, স্বামি বিরহিত স্ত্রী।
বিরহিত, ত্যক্ত ; বিহীন ; বিচ্ছেদিত।
বিরহী, বিরহ বিশিষ্ট, বিচ্ছেদযুক্ত ; রমণী বিরহিত।
বিরাগ, অননুরাগ, রাগশূন্যতা ; বিবেক, ঔদাস্য, ঘৃণা।
বিরাগার্হ, বিরাগযোগ্য ; ঘৃণ্য।
বিরাগী, বিরাগবিশিষ্ট, ঘৃণাযুক্ত, বিরক্ত ; বিষয়ত্যাগী, বিবেকী।
বিরাজ, শোভা ; প্রকাশ, দীপ্তি।

বিরাজন, প্রকাশন : শোভন, দীপ্তি পাওন। [প্রকাশযুক্ত।
বিরাজমান, দীপ্তিবিশিষ্ট, শোভমান,
বিরাজিত, শোভিত,দীপ্ত, প্রকাশিত।
বিরাট, দেশবিশেষ, মৎস্যদেশ; বিরাট রাজা।
বিরাটক, রাজপট্ট, রাজপাট, রাজ সিংহাসন; বিরাট দেশজাত হীরক।
বিরাটজ, বিরাট দেশীয় হীরক।
বিরাণী, হস্তী, দন্তী, গজ।
বিরাধ, রাক্ষস বিশেষ।
বিরাধন, পীড়া, রোগ, ব্যামোহ।
বিরাব, শব্দ, ধ্বনি, নাদ। [কারী।
বিরাবী, বিরাবিশিষ্ট, শব্দযুক্ত, শব্দ
বিরাম, নিবৃত্তি, বিরতি, অবসান, শেষ, বিশ্রাম; ক্ষান্ত।
বিরাল, বিড়াল, মার্জার।
বিরিক্তি, বিরেক, ভেদ, মলচালন।
বিরিঞ্চ, ব্রহ্মা, প্রজাপতি, বিষ্ণু, শিব।
বিরিঞ্চন, ব্রহ্মা, বিধাতা, সৃষ্টিকর্ত্তা।
বিরিঞ্চি, ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি; বিষ্ণু; শিব। [অসঙ্গত।
বিরুদ্ধ, বিরোধবিশিষ্ট; বিপরীত,
বিরূঢ়, অঙ্কুরিত; উৎপন্ন, জাত; আরোহণবিশিষ্ট।
বিরূপ, কুৎসিত; কুরূপ, প্রতিকূল, বিপক্ষ; অপ্রসন্ন।
বিরূপা, দুরালভা লতা, অতিবিষা; কুরূপা, কুৎসিতা। [বিশেষ।
বিরূপাক্ষ, মহাদেব, শিব; রুদ্র
বিরূপিকা, কুরূপা, বিকলাঙ্গা।
বিরূপী, কুরূপবিশিষ্ট, জন্তুবিশেষ।
বিরেক, মলচালন, রেচন, বিরেচন।
বিরেচক, রেচক, বিরেক কারক, সারক, মলভেদক, জোলাব।
বিরেচন, রেচন, বিরেক, মলচালন।
বিরেফ, নদ; রেফশূন্য।
বিরেভিত, শব্দিত, নাদিত, শব্দকরা।
বিরোক, ছিদ্র, রন্ধ্র; সূর্য্যকিরণ।
বিরোচন, দিবাকর, সূর্য্য; অর্কবৃক্ষ, আকন্দগাছ; প্রহ্লাদ পুত্র; অগ্নি; চন্দ্র; ঘৃতকরঞ্জ।
বিরোচনসুত, বলিরাজা।
বিরোদ্ধা, বিপক্ষ; প্রতিবন্ধককারক।
বিরোধ, শত্রুতা, বৈর; বিদ্বেষ; বিবাদ; অনৈক্য; বৈপরীত্য।
বিরোধক, বিরোধকারী, বিবাদী; প্রতিবন্ধক।
বিরোধন, বিরোধ; বিবাদ, কলহ।
বিরোধিনী, বিরোধকারিকা, বিবাদকারিণী।
বিরোধী, শত্রু, বৈরী; বিবাদী।
বিরোধোক্তি, অন্যের কথার বিরুদ্ধ বচন, বিপ্রলাপ, বিরুদ্ধ বাক্য।
বিল, রন্ধ্র, ছিদ্র; গুহা, গর্ত্ত, বিবর; উচ্চৈঃশ্রবা ঘোটক; বেতসবৃক্ষ।
বিলকারী, মূষিক, ইন্দুর; গর্ত্তকারক।
বিলগ্ন, অসংলগ্ন, অসংযুক্ত।
বিলঙ্ঘন, উৎক্রমণ, ডিঙ্গন, লঙ্ঘন।
বিলজ্জ, লজ্জারহিত, নির্লজ্জ, অনপত্রপ।
বিলন, ব্যয়করণ; বন্টন; দানকরণ।
বিলপন, বিলাপকরণ, খেদোক্তিকরণ, শোকবাক্য কথন।
বিলপিত, ক্রন্দিত; শোকোক্তি।
বিলবাস, জন্তুবিশেষ, জাহক জন্তু।
বিলবাসী, সর্প, ভুজঙ্গ; গর্ত্তস্থ।
বিলমৎস্য, বিলজাতমৎস্য, বেলমাছ।
বিলম্ব, কালাতিক্রম করণ, গৌণ, কালব্যাজ; অশীঘ্র।
বিলম্বন, অশীঘ্র, গৌণকরণ, কালক্ষেপণ।
বিলম্বিত, অশীঘ্র, গৌণ, কালক্ষেপণ।
বিলম্বী, বিলম্ববিশিষ্ট, অসত্বর, বিলম্বকারী।
বিলম্ভ, অতিদান, অতিশয় বিতরণ।
বিলয়, প্রলয়; বিনাশ, ধ্বংস।
বিলশয়, সর্প, অহি, ভুজগ।

বিলসৎ, বিলাসযুক্ত, ভাববিশিষ্ট, শোভমান।
বিলক্ষ, বিস্ময়ান্বিত, চমৎকারযুক্ত।
বিলক্ষণ, ভিন্ন; বিশেষ লক্ষণ যুক্ত; উত্তম, উৎকৃষ্ট। [শয্যাবিশেষ।
বিলক্ষণা, প্রেতশ্রাদ্ধেদেয় দানবিশেষ,
বিলাপ, অনুশোচন উক্তি, পরিদেবন, শোকবাক্য। [করণ।
বিলাপন, শোককরণ, ক্রন্দন, আক্ষেপ
বিলাপী, শোককারী, অনুশোচী, আক্ষেপ বচন শীল।
বিলাল, যন্ত্র, কল; বিড়াল, মার্জ্জার।
বিলাস, হাব বিশেষ, লীলা, রমণ; আমোদ। [বিপিন।
বিলাসকানন, ক্রীড়াবন, বিলাস-
বিলাসাবভবানন্দ, লুব্ধ, লোভী।
বিলাসভবন, আমোদ প্রমোদার্থ-নির্ম্মিত গৃহ, ক্রীড়াগৃহ।
বিলাসমন্দির, ক্রীড়াগৃহ, লীলাস্থান।
বিলাসিনী, রমণী, নারী; বেশ্যা।
বিলাসী, ক্রীড়ারত, কৌতুককারী, আমোদী, বিলাসশীল, সর্প; অগ্নি, চন্দ্র; কামদেব, হর। [অঙ্কিত।
বিলিখিত, বিশেষে লেখা; চিত্রিত,
বিলী, অংশকরণ, বণ্টন; ব্যয়করণ, পৃথকং করণ।
বিলীন, প্রাপ্তদ্রবীভাব ঘৃতাদি, বিশেষে লয়প্রাপ্ত, অন্তর্হিত।
বিলুপ্ত, লোপপ্রাপ্ত, নষ্ট, রহিত, অচলিত। [করণ।
বিলেখন, লেখন; বিশেষে লিপি-
বিলেপ, লেপন, মাখান; প্রলেপ।
বিলেপন, গাত্রানুলেপন যোগ্য সুগন্ধি দ্রব্য, গাত্রানুলেপনা; ম্রক্ষণ, লেপন।
বিলেপনী, যবাগূ, যাউ; সুবেশা স্ত্রী।
বিলেপী, বিলেপনীয়; যবাগূ, যাউ।
বিলেবাসী, সর্প, ভুজগ, ফণা।
বিলেশয়, সর্প, ভুজঙ্গ; মূষিক, ইন্দুর; গোধা, গোসাপ; শশক, খরগোশ; শল্লকী, শজারু।
বিলোক, নির্জ্জন, বিজন, লোকশূন্য।
বিলোকন, অবলোকন, নিরীক্ষণ, দর্শন। [দৃষ্ট।
বিলোকিত, অবলোকিত, নিরীক্ষিত,
বিলোকিতা, দর্শনকর্ত্তা, প্রেক্ষক, দর্শক।
বিলোচন, চক্ষুঃ, নয়ন, নেত্র।
বিলোটক, নলমীন, বালিয়া মাছ।
বিলোড়ন, মন্থন, আলোড়ন, ঘোঁটন; মর্দ্দন। [তক্র, ঘোল।
বিলোড়িত, আলোড়িত, মন্থিত;
বিলোপ, বিশেষে লোপ, একেবারে-লয় প্রাপ্তি, নাশ। [লোলুপতা।
বিলোভ, বিশেষে লোভ, অতিশয়-
বিলোভন, বিশেষে লোভ প্রদর্শন; লোভ দেখান।
বিলোম, প্রতিকূল, বাম, ব্যতিক্রম, প্রতীপ; সর্প, বরুণ; কুক্কুর, লোমশূন্য। [র্য্যয়।
বিলোমক, বিপরীত, ব্যতিক্রম, বিপ-
বিলোমজ, উত্তম বর্ণা স্ত্রীর গর্ভে অধম হইতে উৎপন্ন।
বিলোমজিহ্ব, হস্তী, করী, গজ।
বিলোমবর্ণ, বর্ণসঙ্কর জাতি।
বিলোমী, আমলক, ধাত্রী।
বিলোল, চঞ্চল, চপল, উন্মনাঃ।
বিলোলন, চঞ্চলকরণ, দোলন।
বিল্ল, আলবাল, বৃক্ষমূলস্থ জলসেক-স্থান; হিঙ্গু, হিং।
বিল্লমূলা, লতাবিশেষ, বারাহীকন্দ, শূকর কন্দিয়া।
বিল্ব, ফলবৃক্ষবিশেষ, বেলগাছ, শ্রীফলবৃক্ষ; বেল, শ্রীফল।
বিল্বপেষিকা, শুষ্কবিল্বখণ্ড, বেলশুঁঠা।
বিল্‌বিল, একত্র দলবদ্ধ হইয়া লড়ন।
বিশ, মৃণাল, পদ্মের ডাটা; বিংশতি-সংখ্যা।

বিশকণ্ঠী, বলাকা, ক্ষুদ্রবকশ্রেণী ; বক-
পক্ষী।
বিশঙ্ক, শঙ্কারহিত, নিঃশঙ্ক, নির্ভয়।
বিশঙ্কট, বিশাল, বৃহৎ, প্রকাণ্ড।
বিশঙ্কিত, ভীত, ত্রাসিত, ভয়ার্ত্ত।
বিশদ, বিমল, নির্ম্মল, পরিষ্কার ;
ব্যক্ত ; শুক্লগুণযুক্ত ; শ্বেতবর্ণ।
বিশম্বরা, পল্লী, পাড়া, বসতিশ্রেণী।
বিশয়, সংশয়, সন্দেহ ; আশ্রয়, অব-
লম্ব।
বিশয়ী, সংশয়ী; আশ্রয়ী।
বিশর, বধ, নাশ, হিংসা।
বিশরণ, মারণ, হনন, নাশন।
বিশল্য, শল্য রহিত, যাতনা হীন।
বিশল্যকরণী, ওষধি বিশেষ।
বিশল্যকৃৎ, বিশালী বৃক্ষ, হাপর-
মালীর গাছ।
বিশল্যা, লতাবিশেষ, গুড়ুচী লতা।
বিশসন, মারণ, হনন ; খড়্গ, অসি।
বিশসিত, মারিত, হিংসিত, হত।
বিশস্ত, অবিনীত, ধৃষ্ট, দুষ্ট।
বিশস্ত, চাণ্ডাল, চাড়াল।
বিশাকর, ভদ্রচূড়বৃক্ষ, লঙ্কাসিজ্‌গাছ।
বিশাখ, কার্ত্তিকেয় ; যাচক ; পুনর্নবা
শাক।
বিশাখজ, বৃক্ষবিশেষ, নারঙ্গ বৃক্ষ।
বিশাখা, অশ্বিনী প্রভৃতি সপ্তবিং-
শতি নক্ষত্রের অন্তর্গত নক্ষত্র বি-
শেষ, ষোড়শ নক্ষত্র।
বিশায়, প্রহরিদিগের ক্রমে শয়ন।
বিশারণ মারণ, হনন, হিংসন।
বিশারদ, বিদ্বান্, পণ্ডিত ; প্রগল্ভ ;
প্রসিদ্ধ ; শ্রেষ্ঠ।
বিশাল, বৃহৎ, প্রকাণ্ড, মহৎ, মৃগ-
বিশেষ ; পক্ষিবিশেষ, বৃক্ষবিশেষ।
বিশালতা, পার্শ্ব বিস্তার, ওসার ;
মহত্ত্ব। [গাছ।
বিশালত্বক, সপ্তপর্ণ বৃক্ষ, ছাতিম-
বিশালাক্ষ, হর, মহাদেব ; গরুড় ;
সুনেত্র, দীর্ঘচক্ষুঃ ; বিষ্ণু।
বিশালাক্ষী, বরস্ত্রী ; ভগবতী ; যো-
গিনী বিশেষ ; নাগদন্তী বৃক্ষ।
বিশিখ, শর, বাণ, ইষু ; বাদ্যযন্ত্র-
বিশেষ ; শিখা রহিত।
বিশিখা, খনিত্রী, খন্তা, রথ্যা, রাস্তা।
বিশিপ, মন্দির, গৃহ, ভবন।
বিশিষ্ট, ভদ্র, উৎকৃষ্ট; বিশেষে শিষ্ট;
যুক্ত, মিলিত।
বিশিষ্টতা, ভদ্রতা, শিষ্টতা, উত্তমতা।
বিশিষ্য, দ্রব্যবাচক শব্দ, বিশেষণীয়।
বিশীর্ণপর্ণ, নিম্ববৃক্ষ, নিমগাছ।
বিশুদ্ধ, বিশেষে শুদ্ধ ; শুচি; উজ্জ্বল;
নির্ভুল।
বিশুদ্ধি, শুদ্ধতা, শোধন, পরিষ্কার।
বিশুষ্ক, বিশীর্ণ ; নীরস, ম্লান।
বিশৃঙ্খল, শৃঙ্খলা রহিত, ক্রমরহিত,
উলটাপালটা। [র্য্যয়।
বিশৃঙ্খলা বৈপরীত্য, ব্যতিক্রম, বিপ-
বিশেষ, বৈলক্ষণ্য, প্রভেদ; প্রকার ;
উপশম। [সূচক, প্রভেদক।
বিশেষক, ললাটে কৃত তিলক ; ভেদ-
বিশেষণ, বিশেষ্য ধর্ম্ম, প্রভেদক, গুণ-
বাচক। [বার যোগ্য।
বিশেষণীয়, প্রভেদনীয়, বিশেষ করি-
বিশেষতঃ, বিশেষরূপে, অধিকন্তু ;
অপরঞ্চ।
বিশেষবিধি, অল্পবিষয়ক বিধি।
বিশেষিত, ভিন্ন, ব্যবচ্ছিন্ন, পৃথক্‌কৃত।
বিশেষ্য, ধর্ম্মী পদার্থ, সংজ্ঞাপদ ;
প্রভেদনীয়, বিবেচনীয়।
বিশোক, অশোকবৃক্ষ ; শোক রহিত।
বিশোচন, শোক নাশ করণ, দুঃখ
নিবর্ত্তন। [শোধন।
বিশোধন, শুদ্ধ করণ, শুধরণ ; সং-
বিশোধনী, দন্তী বৃক্ষ, দন্তীর গাছ।
বিশোধিনী, বৃক্ষ বিশেষ, নাগদন্তী-
বৃক্ষ।
বিশোভ, শোভাহীন, কুৎসিত, কদর্য্য।

বিশোষ, শুষ্ক, নীরস।
বিশ্রণন, দান, অর্পণ, ত্যাগ।
বিশ্রব্ধ, শান্ত ; বিশ্বস্ত, অত্যর্থ, গাঢ়।
বিশ্রম, বিশ্রাম, বিরাম, ক্লেশনিবারণ।
বিশ্রম্ভ, বিশ্বাস, কেলি কলহ ; প্রণয়।
বিশ্রাণন, দান, ত্যাগ, অর্পণ।
বিশ্রান্ত, শ্রান্তিযুক্ত ; বিশ্বস্ত; সুস্থির।
বিশ্রান্তি, বিশ্রাম, আরাম, বিরাম।
বিশ্রাব, অতিপ্রসিদ্ধ, মহা বিখ্যাত।
বিশ্রাম, বিরাম, শ্রমত্যাগ, বিশ্রান্তি।
বিশ্রি, মৃত্যু, মরণ; অত্যয, নাশ।
বিশ্রী, শ্রীহীন, শ্রীভ্রষ্ট, কুৎসিত, কদর্য্য
বিশ্রুত, বিখ্যাত; প্রসিদ্ধ, জ্ঞাত, সংহৃষ্ট।
বিশ্রুতি, বিখ্যাতি, প্রসিদ্ধি।
বিশ্লেষ, অযোগ, বিচ্ছেদ, বিরহ, বিয়োগ।
বিশ্ব, ব্রহ্মাণ্ড, জগৎ; সকল, সর্ব্ব; শুণ্ঠী, শুঁঠ, গণদেবতাবিশেষ, পরিমাণবিশেষ। [কুকুর।
বিশ্বকদ্রু, মৃগয়াকুশলকুক্কুর, শিকারী-
বিশ্বকর্ম্মজা, বিশ্বকর্ম্মসুতা, সূর্য্য-ভার্য্যা। [বিশেষ।
বিশ্বকর্ম্মা, দেবশিল্পী, ত্বষ্টা, মুনি-
বিশ্বকা, গঙ্গাচিল্লী, গাংচিল।
বিশ্বকৃৎ, বিশ্বকর্ম্মা, দেবতাদের শিল্পী।
বিশ্বকেতু, অনিরুদ্ধ, উষাপতি। [মনু।
বিশ্বক্সেন, বিষ্ণু, নারায়ণ; ত্রয়োদশ-
বিশ্বক্সেনা, বৃক্ষবিশেষ, প্রিয়ঙ্গুবৃক্ষ।
বিশ্বখণ্ড, কঠিন, বিদ্বেষী ; ধূর্ত্ত, বঞ্চক।
বিশ্বগ, ব্রহ্মা, প্রজাপতি।
বিশ্বগন্ধ, পলাণ্ডু, প্যাঁজ।
বিশ্বগন্ধা, পৃথ্বি, পৃথিবী, ধরণী।
বিশ্বগোপ্তা, বিষ্ণু, ইন্দ্র; জগতের রক্ষাকর্ত্তা।
বিশ্বগ্বায়ু, সর্ব্বত্রগামি পবন।
বিশ্বঙ্কর, চক্ষুঃ, নয়ন, নেত্র।
বিশ্বচক্র, মহাদান বিশেষ; ব্রহ্মাণ্ড-রূপ চক্র।
বিশ্বচক্রাত্মা, বিষ্ণু, নারায়ণ।
বিশ্বজিৎ, যজ্ঞবিশেষ।
বিশ্বতঃ, সর্ব্বত্র ; সকল প্রকারে।
বিশ্বদেব, গণদেবতা বিশেষ।
বিশ্বদ্র্যঙ, সর্ব্বত্র গমনকর্ত্তা, সর্ব্বগ, সর্ব্বতোগামী।
বিশ্বধারিণী, পৃথিবী, ধরণী, বসুমতী।
বিশ্বনাথ, শিব, মহাদেব, ত্রিলোচন।
বিশ্বপা, বিশ্বের পালনকর্ত্তা, পরমেশ্বর। [সূর্য্য।
বিশ্বপ্সা, অগ্নি ; চন্দ্র ; দেব; বিশ্বকর্ম্মা;
বিশ্ববেদা, সর্ব্বজ্ঞ, বিশ্বজ্ঞাতা।
বিশ্বব্যাপক, সর্ব্বত্রগামী, পরমেশ্বর।
বিশ্বব্যাপী, সর্ব্বত্রগামী, সকলস্থানে বিস্তৃত।
বিশ্বভণ্ড, বিশ্ববঞ্চক, প্রসিদ্ধ প্রতারক, মহাধূর্ত্ত।
বিশ্বভেষজ, শুণ্ঠী, শুঁঠ।
বিশ্বভোজী, সর্ব্বভুক্‌, সর্ব্বখাদক।
বিশ্বম্ভর, বিষ্ণু, নারায়ণ; ইন্দ্র।
বিশ্বম্ভরা, পৃথিবী, বসুধা, ধরণী।
বিশ্বয়ু, বায়ু, অনিল, পবন।
বিশ্বরাজ, বিশ্বের রাজা ; পরমেশ্বর।
বিশ্বরূপ, বিষ্ণু, সর্ব্বময়। [পতি।
বিশ্বরেতাঃ, ব্রহ্মা, বিধাতা, প্রজা-
বিশ্বসার, তন্ত্রবিশেষ; ব্রহ্মাণ্ডের মধ্যে সার পদার্থ।
বিশ্বসারক, বৃক্ষবিশেষ, ফণিমনসা।
বিশ্বসিত, বিশ্বস্ত, বিশ্বাসপাত্র, প্রত্যয়িত।
বিশ্বসৃক, ব্রহ্মা, সৃষ্টিকর্ত্তা, বিধাতা।
বিশ্বস্ত, জাতবিশ্বাস, প্রত্যয়িত।
বিশ্বস্তা, বিধবা ; প্রত্যয়িতা।
বিশ্বস্থা, লতাবিশেষ, শতাবরী লতা।
বিশ্বা, অতিবিষাবৃক্ষ, শতাবরীলতা ; পিপুলগাছ।
বিশ্বাচী, অপ্সরোবিশেষ।
বিশ্বাত্মা, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
বিশ্বাধায়া, দেবতা, সুর, অমর।

বিশ্বামিত্র, ব্রহ্মর্ষি বিশেষ, গাধিজ, কৌশিক।
বিশ্বাস, প্রত্যয়, বিশ্রম্ভ; আশ্বাস।
বিশ্বাসঘাতক, বিশ্বাসহন্তা, বিশ্রম্ভ নাশক, অপ্রত্যয়ী।
বিশ্বাসঘাতকতা, বিশ্বাস নাশ, অকর্তব্য ব্যবহার। [হন্তা।
বিশ্বাসঘাতী, বিশ্বাসনাশক, বিশ্বাস
বিশ্বাসন, প্রত্যয় করণ, বিশ্বাসকরা; আশ্রয় লওন। [শ্রদ্ধাবিষয়।
বিশ্বাসভূমি, বিশ্বাসস্থান, প্রত্যয়স্থল;
বিশ্বাসী, বিশ্বাসকারী, প্রত্যয়ী।
বিশ্বাস্য, বিশ্বসনীয়, বিশ্বাসপাত্র, প্রত্যয় যোগ্য।
বিশ্বেশ, শিব, ব্রহ্মাণ্ডের স্বামী; কাশীস্থ মহাদেব।
বিশ্বেশ্বর, শিব, মহাদেব, কাশীস্থ প্রধান শিবলিঙ্গ।
বিশ্বৌষধ, শুণ্ঠী, শুঁঠ। [কেশর।
বিষ, গরল, কালকূট, হালাহল, পদ্ম
বিষঘা, লতাবিশেষ, গুড়ুচি, গুলঞ্চ লতা।
বিষঘাতী, শিরীষবৃক্ষ; বিষনাশক।
বিষঘ্ন, বিষনাশক, গরলের তেজোনিবারক, শিরীষবৃক্ষ; ঘাস; বহেড়া গাছ; চম্পক বৃক্ষ।
বিষঘ্নী, হিলমোচিকা শাক, হেলেঞ্চা শাক; রক্তপুনর্নবা; হরিদ্রা; বৃশ্চিকালী লতা, বিছাটী। [বৃক্ষ।
বিষজিহ্ব, বৃক্ষ বিশেষ, দেবতাড়
বিষজ্বর, বিষজন্য গাত্রের উত্তাপ; মহিষ। [দির জ্বালা।
বিষণি, গরলজন্য যন্ত্রণা, স্ফোটকা-
বিষণ্ড, মৃণাল, পদ্মের ডাঁটা।
বিষণ্ণ, বিষাদপ্রাপ্ত, বিমর্ষ, খিন্ন, ভাবিত।
বিষণ্ণতা, বিমর্ষতা, বিষাদ; খেদ; জড়তা, জাড্য, মূর্খতা।
বিষদ, শ্বেতবর্ণ, শুক্লবর্ণ; বিষদাতা।
বিষদন্তক, সর্প, উরগ, অহি, ফণী।
বিষধর, সর্প, ভুজঙ্গ, সাপ।
বিষধর্ম্মা, আলকুশী।
বিষধাত্রী, জরৎকারুমুনিপত্নী, মনসা দেবী।
বিষনাশন, গরলনিবারক; শিরীষবৃক্ষ।
বিষপুষ্প, নীলপদ্ম; বিষযুক্ত পুষ্প।
বিষপুষ্পক, মদনবৃক্ষ, ময়নাগাছ; বিষপুষ্প ভক্ষণ জন্য রোগ।
বিষবৎ, বিষতুল্য, বিষ সদৃশ।
বিষবিদ্যা, বিষঘ্নমন্ত্র, বিষনাশক মন্ত্র।
বিষবৈদ্য, বিষঘ্ন মন্ত্রবেত্তা, ওঝা, জাঙ্গুলিক। [গাছ।
বিষবৈরিণী, নির্ব্বিষাবৃক্ষ, নির্ব্বিষী
বিষভিষক, বিষবৈদ্য, ওঝা, সাপুড়িয়া।
বিষভুজঙ্গ, বিষযুক্ত সর্প।
বিষম, অসমান; অযুগ্ম, উৎকট, দুর্গম, আপদ। [গাছ।
বিষমচ্ছদ, সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিয়ান
বিষমজ্বর, জ্বররোগ বিশেষ।
বিষমনয়ন, শিব, মহাদেব, ত্রিনেত্র।
বিষমন্ত্র, সর্প ধারক; বাদিয়া, সাপুড়ে, জাঙ্গলী; বিষনাশক মন্ত্র। [ভাগ।
বিষমবিভাগ, অসমানাংশ ন্যূনাধিক
বিষমশিষ্ট, দোষবিশেষ, বৈষম্য।
বিষমসাহস, দুঃসাহস, অতিশয় সাহস।
বিষমস্থ, অসমান স্থিত; উপপ্লবদেশস্থ; বিপন্ন, উৎপাতগ্রস্ত।
বিষমায়ুধ, কামদেব, মদন, কন্দর্প।
বিষমাক্ষ, শিব, মহাদেব, ত্রিনেত্র।
বিষয়, চক্ষুরাদিগ্রাহ্য; গোচর; ইন্দ্রিয়ার্থ; দেশ, আশয়; ভোগসাধন, নিত্যসেবিত; অব্যক্ত, জনপদ, কার্য্য; বিভব।
বিষয়ক, বিষয়সম্বন্ধীয়, হেতুক, কারণ।
বিষয়কর্ম্ম, সংসারিক কার্য্যাদি, অর্থ-উপার্জ্জন কর্ম্ম।

বিষয়জ্ঞান, বিষয়বোধ; সাংসারিক-কর্ম্মে বিজ্ঞতা। [শীল।
বিষয়ান্বিত, বিষয়যুক্ত; ধনী; কর্ম্ম-
বিষয়াশ্রী, রাজা; বৈষয়িক জন; ইন্দ্রিয়, কামদেব; বিষয়াসক্ত পুরুষ।
বিষয়ী, বিষয়াসক্ত; বিষয়যুক্ত; ব্যবসায়ী; নৃপতি; কামদেব।
বিষয়ে, প্রস্তাবে; সম্বন্ধে; উপরে।
বিষল, বিষ, গরল, কালকূট। [লতা।
বিষলতা, লতাবিশেষ; ইন্দ্রবারুণী-
বিষশালূক, পদ্মকন্দ, পদ্মের মূল।
বিষসূচক, পক্ষিবিশেষ, চকোরপক্ষী।
বিষহন্ত্রী, 'পরাজিত'; নির্ব্বিষা লতা।
বিষহর, গরলনাশক ঔষধাদি।
বিষহরা, বিষহরী; মনসা দেবী।
বিষহা, দেবদালী লতা; নির্ব্বিষা লতা।
বিষা, লতাবিশেষ, অতিবিষা লতা; বুদ্ধি, প্রজ্ঞা।
বিষাক্ত, গরলযুক্ত, বিষমিশ্রিত।
বিষাঙ্কুর, অস্ত্রবিশেষ, শল্যাস্ত্র।
বিষাণ, কুষ্ঠৌষধ, কুড়; পশুশৃঙ্গ; হস্তিদন্ত, বরাহ দন্ত।
বিষাণী, বৃশ্চিকালী লতা, বিছাটী; তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুল; হস্তী, শৃঙ্গী; ঋষভনামে ঔষধ, পানীফল।
বিষাদ, বিষণ্ণতা, খেদ, শোক, বিমর্ষ।
বিষাদনী, লতাবিশেষ, পলাশী লতা।
বিষানন, সর্প, অহি, ফণী।
বিষান্তক, শিব; বিষনাশক।
বিষাপহা, লতাবিশেষ; ইন্দ্রবারুণী-লতা, নির্ব্বিষা।
বিষাভাবা, নির্ব্বিষা লতা, নির্ব্বিষী।
বিষায়ুধ, সর্প, বিষযুক্ত অস্ত্র।
বিষার, সর্প, ফণী, বিষধর। [যুক্ত।
বিষাল, বিষালু, বিষমিশ্রিত, গরল-
বিষাস্য, সর্প; বিষযুক্ত মুখ।
বিষুব, সমরাত্রিন্দিব কাল, মেষ ও তুলা সংক্রান্তি।
বিষৌষধী, নাগদন্তী বৃক্ষ।
বিষ্কম্ভ, প্রথমযোগ; বিস্তার; প্রতিবন্ধ; রূপকাঙ্গবিশেষ। [নিমিত্ত দণ্ড।
বিষ্কম্ভী, অর্গল, হুড়কা দণ্ড, বন্ধন-
বিষ্কল, বিড্‌বরাহ, গ্রাম্যশূকর।
বিষ্কির, ময়ূর কুক্কুটাদি পক্ষী।
বিষ্ট, প্রবিষ্ট, কৃতপ্রবেশ।
বিষ্টপ, ভুবন, জগৎ; ব্রহ্মাণ্ড।
বিষ্টম্ভ, প্রতিবন্ধ, রোগবিশেষ, অনাহ রোগ। [আসন।
বিষ্টর, দর্ভমুষ্টি, কুশাসন; পীঠাদি-
বিষ্টরশ্রবা, বিষ্ণু, নারায়ণ।
বিষ্টি, বেতন বিনা হঠাৎ ভার বহনাদির ক্লেশ, বেগার।
বিষ্ঠল, দূরস্থান, ব্যবহিত স্থল।
বিষ্ঠা, মল, উচ্চার, শকৃৎ, গু, পুরীষ।
বিষ্ণু, নারায়ণ; ব্রহ্মার রূপবিশেষ; অগ্নি; বসুদেবতা, ধর্ম্মশাস্ত্রকর্ত্তৃ-মুনিবিশেষ।
বিষ্ণুঋক্ষ, শ্রবণা নক্ষত্র। [বিষ্ণুকন্দ।
বিষ্ণুগুপ্ত, বাৎস্যায়ন মুনি; মূলবিশেষ,
বিষ্ণুগৃহ, বিষ্ণুমন্দির, বিষ্ণুর আলয়।
বিষ্ণুচক্র, হস্তস্থিত রেখাময় চক্রবিশেষ, সুদর্শন চক্র।
বিষ্ণুতৈল, পাকতৈলবিশেষ।
বিষ্ণুদৈবত, বিষ্ণুদৈবত্য, বিষ্ণু যাহার অধিষ্ঠাত্রী দেবতা।
বিষ্ণুধর্ম্ম, শাস্ত্রবিশেষ।
বিষ্ণুধর্ম্মোত্তর সংহিতাবিশেষ।
বিষ্ণুপদ, আকাশ, পদ্ম; বিষ্ণুর স্থান।
বিষ্ণুপদী, গঙ্গা, বৃষ বৃশ্চিক সিংহ-কুম্ভ সংক্রান্তি। [লক্ষ্মী।
বিষ্ণুবল্লভা, বিষ্ণুপ্রিয়া; তুলসী;
বিষ্ণুবাহন, বিষ্ণুবাহ, গরুড়।
বিষ্ণুভক্ত, বৈষ্ণব, বিষ্ণুর উপাসক।
বিষ্ণুভক্তি, ভগবৎসেবা, নারায়ণে শ্রদ্ধা।
বিষ্ণুমায়া, দুর্গা, ভগবতী।

বিষ্ণুরথ, গরুড় ; বিষ্ণুর স্যন্দন।
বিষ্ণুরাত, পরীক্ষিত রাজা। [ষ্কার।
বিষ্কার, ধনুর্গুণশব্দ, জ্যাশব্দ, ধনুষ্ট-
বিষ্য, বিষেতে বধ্য, বিষদ্বারা হন্তব্য।
বিষ্ব, হিংস্র, হিংসক।
বিষ্বক, পরিতঃ, সর্ব্বতঃ, চারি দিকে।
বিষ্বক্সেন, বিষ্ণু ; বিষ্ণুর নির্ম্মাল্য-
ধারী ; ত্রয়োদশ মনু।
বিষ্বক্সেনপ্রিয়া, লক্ষ্মী ; তুলসী।
বিষ্বণন, ভোজন ; শব্দকরণ। [কর্ত্তা।
বিষ্বদ্র্যঞ্চ, সর্ব্বতোগামী, সর্ব্বত্রগমন-
বিষ্বাণ, ভক্ষণ, ভোজন, অশন।
বিস, মৃণাল, পদ্মের ডাঁটা।
বিসকণ্ঠিকা, বলাকা, ক্ষুদ্রজাতীয় বক,
কোঁচ বক।
বিসকুসুম, কমল, পদ্ম, সরোজ।
বিসঙ্কট, সিংহ ; ইঙ্গুদীবৃক্ষ ; বিপদ,
দায়।
বিসজ, পদ্ম, পঙ্কজ, কমল।
বিসনাভি, পদ্মিনী ; পদ্মসমূহ।
বিসপ্রসূন, পদ্ম, অব্জ, পঙ্কজ।
বিসম্বাদ, বিপ্রলম্ভ, কলহ, বিরোধ।
বিসর, সমূহ, সকল ; প্রসর, বিস্তার।
বিসরণ, বিস্তারণ, ব্যাপন।
বিসর্গ, দান, ত্যাগ ; মলনির্গম ; বিস-
র্জ্জনীয়, দ্বিবিন্দু ; মোক্ষ। [র্যণ।
বিসর্জ্জন, দান, পরিত্যাগ ; সংপ্রে-
বিসর্প, রোগবিশেষ।
বিষর্পণ, প্রসর, বিস্তার, ব্যাপন।
বিসল, পল্লব, ক্ষুদ্রশাখা।
বিসার, মৎস্য, মীন, মাছ।
বিসারিত, প্রসারিত, বিস্তারিত।
বিসারী, প্রসরণশীল, বিস্তারবিশিষ্ট।
বিসিনী, পদ্মিনী ; মৃণাল, পদ্মের-
ডাঁটা।
বিসূচিকা, রোগ বিশেষ, মলমূত্রাদি-
বন্ধ রোগ। [শোক।
বিসূরিত, অনুতাপ, পশ্চাত্তাপ ;
। বিসৃত, বিস্তৃত, প্রসারিত, ছড়ান।

বিসৃত্বর, প্রসরণ শীল, বিসৃত ;
বিস্তার।
বিসৃপ্ত, বিস্তারিত, ব্যাপ্ত, প্রসারিত।
বিসৃষ্ট, নিক্ষিপ্ত ; ত্যক্ত ; বিশেষেতে-
সৃষ্ট।
বিস্ত, অশীতি রত্তিকা পরিমিত স্বর্ণ।
বিস্তর, বাক্প্রপঞ্চ ; সমূহ, ভূরি, প্র-
চুর ; প্রণয় ; পীঠ। [স্তম্ব।
বিস্তার, বিস্তীর্ণতা ; বাহুল্য, আধিক্য ;
বিস্তারণ, প্রসারণ, ব্যাপন ; বিবরণ
করা।
বিস্তারিত, বিসৃত, বিস্তীর্ণ, প্রসারিত।
বিস্তীর্ণ, বিপুল ; বিসৃত, প্রসারিত।
বিস্তৃত, বিস্তারলব্ধ, তত, প্রসারিত।
বিস্তৃতমুখ, বিস্তীর্ণমুখ, হাঁকরা মুখ।
বিস্পন্দ, অঙ্গাদি স্পন্দন, কাঁপন,
নাচন।
বিস্পষ্ট, সুস্পষ্ট, সুব্যক্ত ; প্রত্যক্ষ।
বিস্ফার, ধনুর্গুণশব্দ, জ্যাশব্দ, ধনুকের
ছিলার শব্দ।
বিস্ফারিত, প্রকাশিত ; চালিত।
বিস্ফুরিত, স্ফুর্ত্তিবিশিষ্ট ; চঞ্চল।
বিস্ফুলিঙ্গ, বিষ বিশেষ ; অগ্নিকণা ;
স্ফুলিঙ্গ। [ড়া, স্ফোটক।
বিস্ফোটক, বিকুক্কস্ফোটক, বিস্ফো-
বিস্ময়, আশ্চর্য্য, অহো, চমৎকার।
বিস্ময়ান্বিত, বিস্ময়যুক্ত, বিস্মিত,
আশ্চর্য্যবিশিষ্ট।
বিস্মরণ, স্মরণহীন, ভুলন, পাসরণ।
বিস্মাপন, কুহক, কাপট্য, মায়া ; গ-
ন্ধর্ব্ব নগর ; কামদেব ; বিস্ময় করাণ।
বিস্মিত, বিস্ময়ান্বিত ; চমৎকৃত,
আশ্চর্য্যান্বিত।
বিস্মিতি, বিস্মরণ ; ভ্রম, ভুলন ;
আশ্চর্য্য, বিস্ময়।
বিস্মৃত, স্মরণের অবিষয়, বিস্মরণ-
বিশিষ্ট, ভুলা, ভ্রমযুক্ত।
বিস্মৃতি, বিস্মরণ, ভুলন। [গন্ধ।
বিস্র, অপক্ক মাংস গন্ধ ; চিতাধুমের

বিস্রগন্ধি, হরিতাল। [গাঢ়।
বিস্রব্ধ, বিশ্বস্ত, প্রত্যয়িত; অত্যর্থ,
বিস্রম্ভ, বিশ্বাস, প্রত্যয়; নির্ভয়; প্রণয়; পরিচয়; শৃঙ্গার প্রার্থনা; কেলিকলহ।
বিস্রম্ভী, বিশ্বাসী, প্রত্যয়িত; প্রণয়ী।
বিস্রসা, জরা, বার্দ্ধক্য দশা।
বিস্তৃত, বিস্তৃত, প্রসারিত, বিস্তীর্ণ।
বিস্বাদ, রসহীনতা, অতর, পান্‌সিয়া।
বিস্বাদু, বিস্বাদ, রসহীন, স্বাদ রহিত।
বিহগ, পক্ষী; বাণ; সূর্য্য; চন্দ্র; গ্রহ। [সূর্য্য।
বিহঙ্গ, পক্ষী; বাণ; মেঘ; চন্দ্র,
বিহঙ্গম, পক্ষী, পাখী।
বিহঙ্গমা, ভারযষ্টি, ভারের বাঁক।
বিহঙ্গরাজ, গরুড়, বৈনতেয়।
বিহঙ্গিকা, ভারবহন যষ্টি, বাঁক্।
বিহত, বিশেষে হত, বিনষ্ট, বিধ্বংস্ত।
বিহনন, বিঘ্ন; হিংসা, মারণ।
বিহর, বিয়োগ, বিচ্ছেদ; ত্যাগ।
বিহরণ, বিহার, ক্রীড়ার্থ পর্য্যটন।
বিহর্ষ, বিশেষ আনন্দ, অতিশয় আহ্লাদ।
বিহসন, হাস্যকরণ, পরিহাস করণ।
বিহসিত, মধ্যম হাস্য, মুচকন হাস্য।
বিহস্ত, ব্যাকুল; পণ্ডিত, হস্তবিহীন, নুলা; পণ্ড।
বিহা, স্বর্গ, সুরলোক; বিবাহ।
বিহান্, প্রাতঃকাল, প্রত্যুষ।
বিহাপিত, দান, ত্যাগ, অর্পণ।
বিহায়স, আকাশ, গগণ, অন্তরীক্ষ, নভোমণ্ডল।
বিহায়সা, আকাশ, গগণ, নভোমণ্ডল।
বিহায়স্, আকাশ, গগণ, নভোমণ্ডল।
বিহার, ক্রীড়ার্থ ভ্রমণ; পরিক্রম, ভ্রমণ; লীলা; কেলি। [ক্রমী।
বিহারী, বিহারক; বিহারকর্ত্তা; পরি-
বিহাস, ঈষদ্ধাস্য; বিদ্রূপ, ঠাট্টা।
বিহিত, বিধেয়, উচিত, কর্ত্তব্য।
বিহিতি, বিধান, বিধি।
বিহীন, বিশেষে হীন, ত্যক্ত, বিরহিত।
বিহৃতি, বিশেষে হরণ, বলাৎকার করিয়া লওন, বিহার, লীলা।
বিহেঠা, হিংসা; মর্দ্দন; বিড়ম্বন।
বিহ্বল, ভয়াদি হেতুক অভিভূত, স্বাঙ্গধারণাশক্ত, বিক্লব, ব্যাকুল।
বিহ্বলতা, অজ্ঞানতা, বৈক্লব্য, ব্যাকুলতা।
বিক্ষত, বিশেষে ক্ষত, ঘা, দাগ।
বিক্ষাব, শব্দ, ধ্বনি, রব।
বিক্ষিপ্ত, ত্যক্ত, বিক্ষেপণীয়; পাতিত।
বিক্ষীর, অর্কবৃক্ষ, আকন্দ গাছ।
বিক্ষেপ, প্রেরণ; ত্যাগ, ক্ষেপণ।
বিক্ষেপশক্তি, মায়াশক্তি বিশেষ।
বী, গমন, চলন।
বীক, পবন, বায়ু, পক্ষী; মনঃ।
বীকাশ, রহঃ, নির্জ্জন; প্রকাশ।
বীথ্যা, শূকশিম্বী লতা, শূযাশিম্; গতি বিশেষ, নর্ত্তন; অশ্বগতি বিশেষ; সন্ধি।
বীচ, বীজ, আঁঠি; ধান্যাদির চারা।
বীচতলা, মাদাবাঁধা; বীজাঙ্কুরের স্থান।
বীচালি, ধান্যাদির শুষ্কতৃণ, নাড়া।
বীচি, তরঙ্গ, ঢেউ; স্বল্পতরঙ্গ; অবকাশ; অল্প; কিরণ। [ঢেউ।
বীচী, বীজ, আঁঠি, দানা; তরঙ্গ,
বীজ, কারণ; শুক্র; অঙ্কুর; মজ্জা; গণিত বিশেষ; মন্ত্র।
বীজক, বৃক্ষবিশেষ, বিজয়াসার গাছ।
বীজকোশ, পদ্মবীজাধার, ফোঁকল, কর্ণিকা।
বীজকৃৎ, বাজীকরণ, ভেল্‌কী।
বীজগণিত, অঙ্কবিদ্যা বিশেষ।
বীজগর্ভ, পটোল।
বীজগুপ্তি, শিম্বী, শিম।
বীজডাঙ্গা, মাঁদাবাঁধা, বীচতলা।
বীজধান্য, ধনিয়া; বীচধান।
বীজন, ব্যজন, পাখা ঢুলান; বস্ত্র;

কোকপক্ষী, জীবঞ্জীব পক্ষী।
বীজপুরুষ, আদিপুরুষ, বংশের মূল ব্যক্তি। [গাছ।
বীজপুষ্প, বৃক্ষবিশেষ, মদনবৃক্ষ, ময়না
বীজপূরক, দাড়িম্ব, ডালিম।
বীজপেশিক., অণ্ডকোষ, মুষ্ক, বৃষণ।
বীজবপন, ক্ষেত্রে বীজ ক্ষেপণ, বীজ বোনা।
বীজবৃক্ষ, বৃক্ষবিশেষ, অসন বৃক্ষ।
বীজমাতৃক, পদ্মবীজ।
বীজরত্ন, মাষকলায়, মাষকলাই।
বীজরুহ, শাল্যাদি, ধান্যাদি।
বীজসঞ্চয়, বীজসংগ্রহ, বীজরাখন।
বীজসূ, পৃথ্বী, পৃথিবী, ধরণী। [কর্ষণ।
বীজাকৃত, উপ্তকৃষ্ট, বীজের সহিত
বীজাঙ্কুর, বীজের গেঁজ।
বীজী, পিতা; বীজবিশিষ্ট; মূলপুরুষ।
বীজোদক, করকা, শিল, বর্ষোপল।
বীজোপ্তিচক্র, বীজ বপন নিমিত্ত শুভাশুভ জ্ঞানার্থ সর্পাকার চক্র।
বীজ্য, কুলভব, কুলসম্ভব, বংশ্য, কুলজ।
বীটি, তাম্বূলবল্লী; বীটিকা, সুসজ্জীকৃত তাম্বূল, পানের বীড়া।
বীটিকা, সজ্জিত তাম্বূল, পানের বীড়া, পানের খিলী।
বীণা, বাদ্যযন্ত্র বিশেষ।
বীণাদণ্ড, বীণাস্থিত অলাবূপরি কাষ্ঠ।
বীণাবাদ, বীণাবাদক, বীণাবাদ্যকর্ত্তা, বৈণিক।
বীণাস্য, নারদমুনি। [টক ও হস্তী।
বীত, অসার হস্তি অশ্ব, যুদ্ধাক্ষম ঘো-
বীতংস, মৃগপক্ষিদিগের বন্ধনোপকরণ; মৃগপক্ষ্যাদির বিশ্বাসহেতু প্রাবরণ।
বীতদন্ত, ত্যক্তদন্ত, দন্তত্যাগী।
বীতভয়, বিষ্ণু, নারায়ণ; নির্ভয়, শঙ্কাশূন্য।
বীতরাগ, বুদ্ধ; বিগতরাগ, রাগশূন্য।
বীতশোক, অশোকবৃক্ষ; বিগতশোক, শোকহীন।
বীতি, গতি; দীপ্তি; ধাবন; ঘোটক।
বীতিহোত্র, অগ্নি, অনল; সূর্য্য, দিবাকর।
বীথি, পংক্তি, শ্রেণী; বর্ত্ম, পথ।
বীথিকা, পংক্তি, শ্রেণী; পথ; গৃহাঙ্গ।
বীথী, পংক্তি, শ্রেণী; বর্ত্ম, পথ; গৃহাঙ্গ। [অগ্নি; বিমল, নির্ম্মল।
বীধ্র, নভস্তল, আকাশ; বায়ু, অনিল;
বীনাহ, কূপের মুখবন্ধন, কূপমুখ বন্ধ পট্ট।
বীপা, বিদ্যুৎ, সৌদামিনী, তড়িৎ।
বীবধ, মার্গ, পন্থা; ভার।
বীবধিক, ভারবাহক, ভারী।
বীভৎস, ঘৃণাত্মক; বিকৃতি; শৃঙ্গারাদি নব রসের মধ্যে সপ্ত রস।
বীর, শূর, বিক্রান্ত, যোদ্ধা; শৃঙ্গী; মরিচ; পদ্মমূল; কাঞ্জিক, কাঁজি; উশীর, বেণার মূল; বিষ্ণু; রসবিশেষ; তান্ত্রিক ভাব বিশেষ, বীরাচার বিশিষ্ট; শ্রেষ্ঠ, প্রধান।
বীরক, করবীর বৃক্ষ।
বীরজয়ন্তিকা, রণে বীরদিগের নৃত্য।
বীরণ, উশীর তৃণ, বেণাগাছ।
বীরতর, উশীর, বেণাতৃণ; শর।
বীরতরু, বৃক্ষবিশেষ, অর্জ্জুনবৃক্ষ।
বীরতা, শূরত্ব, বিক্রম, পরাক্রম।
বীরত্ব, শূরত্ব, শৌর্য্য, বিক্রম।
বীরপট্ট, পট্টিকা, পাটার।
বীরপত্নী, বীরভার্য্যা, শূরের স্ত্রী।
বীরপত্রা, বিজয়া, সিদ্ধি, ভাঙ্গ।
বীরপান, বীরদিগের শ্রমনাশ নিমিত্ত পান। [প্রসব কারিণী।
বীরবৎসা, বীর জননী, বীর সন্তান
বীরবাহু, বিষ্ণু; বীরশ্রেষ্ঠ।
বীরবিপ্লাবক, শূদ্রের দ্রব্যদ্বারা হোমকর্ত্তা ব্রাহ্মণ।
বীরবৃক্ষ, বৃক্ষবিশেষ, অর্জ্জুনবৃক্ষ।

বীরবৌলি, কর্ণভূষণ বিশেষ, কুণ্ডল।
বীরভদ্র, বীরশ্রেষ্ঠ, বীরণতৃণ, শিবগণ বিশেষ, অশ্বমেধের ঘোটক।
বীরভদ্রক, বীরণতৃণ, বেণা।
বীরভাব, ভাববিশেষ, বীরাচার।
বীরভার্য্যা, বীরপত্নী, বীরস্ত্রী।
বীরমাতা, বীরসূ, বীরজননী।
বীররজ, সিন্দূর।
বীররেণু, ভীমসেন, ভীম।
বীরসূ, বীরমাতা, বীরজননী। [পিতা।
বীরসেন, আরুক বৃক্ষ, নলরাজের
বীরসেনজ নলরাজা। [হওা।
বীরহা, নষ্টাগ্নি ব্রাহ্মণ; বিষ্ণু; বীর-
বীরা, লতা বিশেষ, পতিপুত্রবতী নারী; মদিরা, শিংশপা বৃক্ষ।
বীরাশংসন, অতিভয়প্রদা যুদ্ধভূমি, ভয়ানক রণক্ষেত্র। [উপবেশন।
বীরাসন, ভিত্ত্যাদি আশ্রয় না করিয়া
বীরুৎ, বিস্তৃতা লতা, গুল্মিনী।
বীরুধা, বিস্তৃতা, লতা, গুল্মিনী।
বীরেশ, শিব, মহাদেব।
বীরেশ্বর, শিব, মহাদেব।
বীরোপজীবিক, অগ্নিহোত্র উপজীবী যে ব্যক্তির।
বীর্য্য, চরমধাতু, শুক্র, রেতঃ, পৃথিব্যাদির সারভাগ, শক্তি, বল; প্রভাব, তেজঃ, প্রতাপ।
বীর্য্যজ, পুত্র, সুত, আত্মজ।
বীর্য্যবান্, মাংসল, বীর্য্যযুক্ত; বলবান্। [ধাদি।
বীর্য্যবৃদ্ধিকর, শুক্র বৃদ্ধিকারক ঔষ-
বীর্য্যা, বীর্য্য, শুক্র, তেজঃ; শক্তি।
বীক্ষ, দৃষ্টি, দেখা, দর্শন।
বীক্ষণ, বিশেষে ঈক্ষণ, দর্শন।
বীক্ষাপন্ন, বিস্ময়াপন্ন, আশ্চর্য্যান্বিত, চমৎকৃত। [রূপে দেখা।
বীক্ষিত, দৃষ্ট, অবলোকিত; বিশেষ
বীক্ষ্য, বিস্ময়; দৃশ্য, দর্শনযোগ্য; ঘোটক, ঘোড়া।

বুক, বক্ষঃস্থল, হৃদয়।
বুকড়, সাহসান্বিত, সাহসী; নির্ভয়।
বুকড়া, বক্ষঃস্থল; জঠর; সাহসী।
বুকনী, চূর্ণ, খণ্ড, দানা।
বুকফুলন, সাহঙ্কারে চলন।
বুকাল, নির্ভয়, সাহসী।
বুক্ক, বক্ষঃস্থলের অভ্যন্তরস্থ মাংস বিশেষ, অগ্রমাংস।
বুক্কন, কুক্কুর শব্দ, কুকুরের রব।
বুক্কাগ্রমাংস, হৃদয়, বক্ষঃস্থল, বুক।
বুক্কার, সিংহধ্বনি, সিংহের শব্দ।
বুগ, ত্যাগ, ক্ষেপ। [রোধকরণ।
বুজন, মুদিতহওন, নির্ব্বাণ, ছিদ্রাদি
বুজান, নির্ব্বাণকরণ, অবরোধন; ভরাট করণ।
বুজ্‌গুড়ী, বুদ্বুদ, বিম্ব।
বুদ্‌বুজ্, বুদ্বুদ, ক্ষুদ্র বিম্ব।
বুঝ, জ্ঞান, বোধ, অনুমান।
বুঝন, জ্ঞাত হওন, অনুভব করণ, হৃদয়ঙ্গম করণ। [জ্ঞাতকরণ।
বুঝান, বিজ্ঞাপন, প্রবোধ দেওন,
বুঝাপড়া, বিশেষ পরিচয়; তত্ত্বজিজ্ঞাসা।
বুট, কলায়বিশেষ, ছোলা।
বুড়, বৃদ্ধ, প্রাচীন, স্থবির। [করণ।
বুড়ান, জলমগ্ন করণ, ডুবান; সর্ব্বনাশ
বুড়াপন, বার্দ্ধক্য, প্রাচীনতা, স্থাবির্য্য।
বুড়ি, পাচগণ্ডা, কাকিণী, জলপ্লাবন।
বুড়ী, বৃদ্ধাস্ত্রী, প্রাচীনা, জরতী।
বুড়ীগঙ্গা, নদী বিশেষ।
বুদ্ধ, ভগবানের অবতার বিশেষ, সর্ব্বজ্ঞ, সুগত; বিদিত।
বুদ্ধি, নিশ্চয়াত্মিকা অন্তঃকরণবৃত্তি, জ্ঞান; মতি, প্রজ্ঞা, উপলব্ধি, বোধ।
বুদ্ধিজীবী, অতিশয় বুদ্ধিমান, বুদ্ধি দ্বারা জীবিকাকারী।
বুদ্ধিমান্, বুদ্ধিযুক্ত, জ্ঞানবান্, পণ্ডিত।
বুদ্ধিসহায়, মন্ত্রী, বুদ্ধির সাহায্যকারী।
বুদ্ধীন্দ্রিয়, জ্ঞানেন্দ্রিয়, চক্ষুঃশ্রোত্রাদি।

বুদ্বুদ, বর্ত্তুলাকার জলবিকার, জলম্বুকী, জলের ভুড়্‌ভুড়ি।
বুধ, পণ্ডিত, বিদ্বান্; চতুর্থগ্রহ, সৌম্য; সূর্য্য বংশীয় রাজাবিশেষ।
বুধতাত, চন্দ্র, বিধু, শশী।
বুধবার, বুধগ্রহের বাসর, চতুর্থবার।
বুধরত্ন, রত্নবিশেষ, মরকতমণি, পান্না।
বুধসুত, পুরূরবা রাজা।
বুধা, ওষধি বিশেষ, জটামাংসী।
বুধান, গুরু; বিজ্ঞ, প্রবীণ; পণ্ডিত; ব্রহ্মবাদী; প্রিয়বাদী।
বুধাষ্টমী, ব্রতবিশেষ।
বুধিত, জ্ঞাত, বিদিত।
বুধিল, বিদ্বান্, পণ্ডিত, জ্ঞানী।
বুধ্ন, বৃক্ষমূল; শিব, মহাদেব।
বুনট, বুনন; বস্ত্র নির্ম্মাণ।
বুনন, বস্ত্র নির্ম্মাণ, বপন, বোনা।
বুনা, বপনকরা; বনবাসী, জঙ্গলী।
বুনানিয়া, তন্তুবায়, তাঁতী; বস্ত্রবপন কর্ত্তা।
বুবুধান, আচার্য্য; পণ্ডিত; দেবতা।
বুভুৎসা, জ্ঞানেচ্ছা, জিজ্ঞাসা।
বুভুৎসু, জ্ঞানেচ্ছু, জিজ্ঞাসু।
বুভুক্ষা, ক্ষুধা, ভোজনেচ্ছা।
বুভুক্ষিত, ক্ষুধিত, বুভুক্ষু, ক্ষুধান্বিত।
বুভুক্ষু, ক্ষুধিত, অতিশয় ভোজনেচ্ছা বিশিষ্ট।
বুরুল, যবত্রয় পরিমাণ, তিন যব।
বুর্মা, ছিদ্রকরণার্থ অস্ত্রবিশেষ, ভমরী, ভুরপুন।
বুলন, হস্তদ্বারা মার্জ্জন; ঘর্ষণ; ভ্রমণ।
বুলি, ভগ, যোনি; স্ত্রীচিহ্ন।
বুলী, ভাষা, বাক্য, কথা।
বুষ, তুচ্ছধান্য, ধানের আগড়া; তুঁষ।
বুস, তুচ্ছধান্য, আগড়া।
বুস্ত, মাংসপিণ্ড বিশেষ; পনসাদি ফলের অসার ভাগ, ভোঁতা; স্থালী ভৃষ্ট মাংস।
বুক্ক, বক্ষঃস্থল, হৃদয়, বুক।
বৃংহণ, পুষ্টিকারক, স্থূলতাকারক।
বৃংহিত, হস্তিগর্জ্জন, হাতির ডাক, করিগর্জ্জিত।
বৃক, কুক্কুর প্রমাণ হরিণ ঘাতক জন্তু বিশেষ, ঘোঁঘ; কাক; বকবৃক্ষ; শৃগাল; ক্ষত্রিয়।
বৃকদংশ, কুক্কুর, শ্বা, সারমেয়।
বৃকধূপ, নানা সুগন্ধি দ্রব্যকৃত দশাঙ্গাদি ধূপ; সরলবৃক্ষ রস; টারপিন্।
বৃকধূর্ত্ত, শৃগাল, জম্বুক, শিবা।
বৃকারাতি, কুক্কুর, শ্বা, বৃকারি।
বৃকারি, কুক্কুর, সারমেয়, শ্বা।
বৃকোদর, ভীমসেন, ভীম, মরুৎপুত্র।
বৃক্ক, বক্ষঃস্থল, হৃদয়, বুক।
বৃক্ণ, ছিন্ন; কাটা; প্রশস্ত, চৌড়া।
বৃজন, কলুষ, পাপ; আকাশ; নিরাকরণ; কেশ; কুটিল।
বৃজিন, পাপ, অধর্ম্ম; কেশ; কুটিল।
বৃত, কৃতবরণ, কর্ম্মকরণার্থ নিযুক্ত।
বৃতি, বেষ্টন; বেড়া; বরণ; গোপন।
বৃতিঙ্কর, বৃক্ষবিশেষ, বিকঙ্কত বৃক্ষ, বৌঁয়াচিগাছ; বৃতিকারক।
বৃত্ত, ব্যবহার, চরিত্র, পদ্য; অতীত; দৃঢ়; বর্ত্তুল; আবরণকৃত; অধীত; মৃত।
বৃত্তগন্ধি, গদ্যবিশেষ।
বৃত্তগুপ্ত, তৃণবিশেষ।
বৃত্তপুষ্প, শিরীষ; কদম্ব।
বৃত্তফল, মরীচ; গোল ফল মাত্র; দাড়িম; বদরী, কুল।
বৃত্তফলা, বার্ত্তাকী, বেগুন। [বিশিষ্ট।
বৃত্তস্থ, বৃত্তে স্থিত যে ব্যক্তি, সচ্চরিত্র
বৃত্তা, বৃক্ষ বিশেষ, পিয়ঙ্গু বৃক্ষ।
বৃত্তাধ্যয়নর্দ্ধি, ব্রহ্মবর্চ্চস, ব্রতগ্রহণ পূর্ব্বক বেদাভ্যাস ও আচার পালন জন্য তেজঃ। [প্রস্তাব।
বৃত্তান্ত, সংবাদ; বার্ত্তা; বিবরণ;
বৃত্তি, জীবিকা; বিবরণ; বার্ষিক।
বৃত্য, বরণীয়, বরণ করিবার যোগ্য।

বৃত্র, অন্ধকার ; শত্রু ; দানব বিশেষ ; মেঘ ; পর্ব্বত বিশেষ ; শব্দ।
বৃত্রদ্বিট্, ইন্দ্র, সুরপতি, দেবরাজ।
বৃত্রহা, বৃত্রারি, ইন্দ্র, দেবরাজ।
বৃথা, নিরর্থক, মুধ, ব্যর্থ, নিষ্ফল।
বৃথাকথা, নিরর্থকবাক্য, নিষ্ফল বচন।
বৃথাজন্ম, নিরর্থক জনন, মিথ্যা উৎপত্তি। [দান।
বৃথাদান, নিষ্ফল দান, নটনর্ত্তকাদিতে
বৃথাভোজন, গব্যহীনভোজন, মিথ্যা-আহার।
বৃথামাংস, দেবতা পিতৃলোকের অনুদ্দেশে কৃত মাংস, অপ্রোক্ষিতমাংস।
বৃদ্ধ, গতযৌবন, বুড়া, প্রবৃদ্ধ ; পণ্ডিত; শৈলজ নামা গন্ধদ্রব্য। [কাক।
বৃদ্ধকাক, দ্রোণকাক, দাঁড়কাক, দগ্ধ
বৃদ্ধকাল, বৃদ্ধাবস্থা, প্রাচীন সময়।
বৃদ্ধগঙ্গা, নদীবিশেষ, বুড়ীগঙ্গা।
বৃদ্ধতা, বৃদ্ধত্ব, স্থবিরতা, বার্দ্ধক্য।
বৃদ্ধত্ব, স্থাবির্য্য, বার্দ্ধক্য, বৃদ্ধাবস্থা।
বৃদ্ধদারক, বীরতাড়কবৃক্ষ, বীজতাড়কা গাছ। [যুক্ত ব্যক্তি।
বৃদ্ধনাভি, উন্নতনাভি, গোঁড়নাভি
বৃদ্ধপ্রপিতামহ, প্রপিতামহের পিতা।
বৃদ্ধপ্রপিতামহী, প্রপিতামহের মাতা।
বৃদ্ধবিভীতক, আম্রাতক, আমড়া।
বৃদ্ধরাজ, অম্লবেতস বৃক্ষ।
বৃদ্ধশ্রবা, ইন্দ্র, দেবরাজ, শক্র। [বৃন্দ।
বৃদ্ধসংঘ, বৃদ্ধসমূহ, বৃদ্ধবর্গ, প্রাচীন
বৃদ্ধসূত্রক, ইন্দ্রতুল, আকাশ বুড়ীর সূতা।
বৃদ্ধা, গতযৌবনা, বুড়ী, পলিক্নী, পলিতা, স্থবিরা, জরতী, প্রাচীনা।
বৃদ্ধাঙ্গুলি, অঙ্গুষ্ঠ, বুড়া আঙ্গুল।
বৃদ্ধাঙ্গুষ্ঠ, হস্ত পদের স্থূল অঙ্গুলি, বুড়া আঙ্গুল।
বৃদ্ধি, ঋদ্ধি, সিদ্ধি ; উন্নত, বর্দ্ধন ; নীতিবেদির ক্ষয়াদি ত্রিবর্গের অন্তর্গত বর্গ বিশেষ ; একাদশ যোগ ; সুদ, ব্যাজ ; অভ্যুদয়, সমৃদ্ধি।
বৃদ্ধিকা, ঔষধবিশেষ, ঋদ্ধিনামা ঔষধ।
বৃদ্ধিজীবিকা, ঋণদান জীবিকা, অর্থ প্রয়োগে জীবিকাকারী, কুষীদ।
বৃদ্ধিজীবী, যে ব্যক্তির ঋণদানই জীবিকা, কুষীদ।
বৃদ্ধিদ, শূকরকন্দগাছ ; বৃদ্ধিদাতা।
বৃদ্ধিশ্রাদ্ধ, আভ্যুদয়িক শ্রাদ্ধ, নান্দীমুখশ্রাদ্ধ।
বৃদ্ধোক্ষ, বৃদ্ধ বৃষ, বুড়া ষাঁড়।
বৃদ্ধ্যাকাঙ্ক্ষী, ঋণদানেচ্ছু, সুদলাভাভিলাষী। [কুষীদ, সুদখোর।
বৃদ্ধ্যাজীব, বৃদ্ধ্যুপজীবী, বার্দ্ধুষি,
বৃধসান, মনুষ্য, মানব, মনুজ।
বৃধ্য, বর্দ্ধনীয়, উন্নতকরণ যোগ্য।
বৃন্ত, ফলপুষ্প পত্রাদির মূল, বোঁটা, প্রসববন্ধন।
বৃন্তাক, বার্ত্তাকী, বেগুণ।
বৃন্তাকী, বার্ত্তাকু, বেগুণ। [কোটি।
বৃন্দ, সমূহ, রাশি ; দশার্ব্বুদ, শত-
বৃন্দা, তুলসী ; জলন্ধররাজপত্নী, কেদার রাজ কন্যা ; রাধার নামবিশেষ।
বৃন্দাবন, স্বনামখ্যাত তীর্থ।
বৃন্দাবনেশ্বর, শ্রীকৃষ্ণ, নারায়ণ।
বৃন্দাবনেশ্বরী, শ্রীরাধা, বৃষভানুসুতা।
বৃন্দার, মনোজ্ঞ, মনোহর। [প্রধান।
বৃন্দারক, দেবতা ; যূথপতি, শূর ; শ্রেষ্ঠ,
বৃন্দিষ্ঠ, শ্রেষ্ঠতর, অতিশয় প্রধান।
বৃশ, মূষিক, উন্দুরু ; বৃক্ষ বিশেষ, বাসকবৃক্ষ।
বৃশা, ওষধীবিশেষ।
বৃশ্চিক, শূককীট, শূয়াপোকা ; কীটবিশেষ ; বিছা, অলি ; অষ্টম রাশি, মদনবৃক্ষ, ময়না গাছ ; গোময় কীট, গুবরেপোকা ; অগ্রহায়ণমাস।
বৃশ্চিকপ্রিয়া, পূতিকাশাক, পূঁইশাক।
বৃশ্চিকর্ণী, আখুকর্ণী, ইঁদুরকাণীগাছ।
বৃশ্চিকালী, লতাবিশেষ, বিছাটী।
বৃশ্চীর, শাকবিশেষ, শ্বেত পুনর্নবা।

বৃষ, পুরুষগব, এঁড়্যা, ষাঁড, দ্বিতীয়-রাশি ; ধর্ম্ম ; শৃঙ্গী ; শ্রেষ্ঠ ; শুক্রল ; বাস্তুস্থান বিশেষ ; শ্রীকৃষ্ণ ; শত্রু ; কাম ; বলবান্ ; ঋষভ নামে ঔষধ।
বৃষচক্র, কৃষিকর্ম্মোক্ত বৃষাকার চক্র।
বৃষণ, অণ্ডকোষ, মুষ্ক, হোল।
বৃষণশ্ব, ইন্দ্রের ঘোটক।
বৃষণস্থ, ইন্দ্রের ধন, শক্রনিধি।
বৃষদংশক, বিডাল, মার্জ্জার।
বৃষধ্বজ, মহাদেব, শিব ; পুণ্যকর্ম্মা।
বৃষধ্বাঙ্ক্ষী, নাগরমুস্তা, নাগরমুতা।
বৃষপতি, ষণ্ড, ষাঁড় ; শিব, মহাদেব।
বৃষপর্ণী, আখুকর্ণী বৃক্ষ, ইঁদুরকাণী-গাছ। [বৃক্ষ।
বৃষপর্ব্বা, শিব ; দৈত্য বিশেষ ভৃঙ্গারু
বৃষবাহন, শিব, মহাদেব।
বৃষভ, বৃষ, ষাঁড ; শ্রেষ্ঠ ; কর্ণরন্ধ্র ; ঋষভ নামে ঔষধ।
বৃষভগতি, বৃষধ্বজ, শিব, শঙ্কর।
বৃষভানু, রাধিকার পিতা।
বৃষভাসা, অমরাবতী, ইন্দ্রপুরী।
বৃষভাক্ষী, লতা বিশেষ, ইন্দ্রবারুণী-লতা।
বৃষয়, আশ্রয়, অবলম্ব ; বৃষভ।
বৃষল, গৃঞ্জন, গাজর ; শূদ্র ; অধার্ম্মিক ; ঘোটক। [হইতে উদ্ভূত।
বৃষলাত্মজ, অধার্ম্মিক জাত ; শূদ্র-
বৃষলী, পিতৃগৃহে অবিবাহিতাবস্থায় রজস্বলা কন্যা ; স্বপতি পরিত্যাগ পূর্ব্বক, পরিপতিগামিনী স্ত্রী ; শূদ্রী।
বৃষলীপতি, বৃষলী কন্যা বিবাহকর্ত্তা ; শূদ্রা বিবাহকারী।
বৃষলোচন, মূষিক, ইন্দুর ; বৃষের নয়ন।
বৃষশত্রু, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
বৃষস্যন্তী, কামুকী, কামাতুরা।
বৃষা, মূষিকপর্ণী, ইঁদুরকাণী গাছ ; আলকুশী। [বিশেষ।
বৃষাকপায়ী, লক্ষ্মী ; গৌরী ; লতা-
বৃষাকপি, বিষ্ণু ; শিব ; অগ্নি ; ইন্দ্র।
বৃষাকর, মাষ, মাষকলাই।
বৃষাঙ্ক, শিব, মহাদেব ; ষণ্ড, ষাঁড়।
বৃষাঙ্কজ, ডমরু, শিবকরস্থিত বাদ্য-যন্ত্র।
বৃষাঞ্জন, শিব, মহাদেব, শঙ্কর।
বৃষান্তক, বিষ্ণু, নারায়ণ। [দেব।
বৃষায়ণ, চটক, চড়াপাখী ; শিব, মহা-
বৃষাহার, বিড়াল, মার্জ্জার। [আসন।
বৃসী, ময়ূর ; ব্রতিদের কুশাদিময়
বৃষোৎসর্গ, শ্রাদ্ধাদিতে বৎসতরী চতুষ্টয় সহিত ত্রিশূল চক্রাঙ্কিত বৃষ-ত্যাগ। [বর্ষণ।
বৃষ্টি, মেঘ হইতে জলবিন্দু পতন,
বৃষ্টিঘ্নী, গুজরাটী এলাইচ, বৃষ্টি-নাশক। [বৃষ্টি জীবন।
বৃষ্টিজীবন, দেবমাতৃকদেশ, যাহার
বৃষ্টিভূ, ভেক, ব্যাঙ্গ, বৃষ্টিজাত।
বৃষ্ণি, মেষ ; যাদব ; কৃষ্ণ, পাষণ্ড।
বৃষ্ণিগর্ভ, শ্রীকৃষ্ণ, বিষ্ণু। [ঔষধাদি।
বৃষ্য, মাষ, মাষকলাই ; শুক্রবৃদ্ধিকারক
বৃষ্যা, ঋদ্ধি নামে ঔষধ ; শতাবরী লতা ; আমলকী। [ঠোঁট।
বৃহচ্চঞ্চু, মহাচঞ্চু শাক ; দীর্ঘচঞ্চু, বড়-
বৃহচ্চিত্ত, ফলপূর, দাড়িম।
বৃহচ্ছল্ক, চিঙ্গটমৎস্য, চিঙ্গড়ী মাছ।
বৃহড্ঢক্কা, ঢক্কাবিশেষ, বড ঢাক।
বৃহতিকা, উত্তরীয় বস্ত্র ; ক্ষুদ্রবার্ত্তাকু, ব্যাকুড ফল।
বৃহতী, ক্ষুদ্র বার্ত্তাকী, ব্যাকুড় ফল ; মহতী, প্রকাণ্ড, উত্তরীয় বস্ত্র ; বারি-ধানী, কণ্টকারী।
বৃহতীপতি, বৃহস্পতি, সুরগুরু।
বৃহৎ, মহৎ, শ্রেষ্ঠ, বড ; প্রকাণ্ড।
বৃহৎকন্দ, গৃঞ্জন, গাজর, মূলবিশেষ।
বৃহৎকালশাক, বড কালকাসুন্দিয়া।
বৃহৎকাশ, খগ্গাটতৃণ, খাগড়া।
বৃহৎকুক্ষি, তুন্দিল, বৃহদুদর যুক্ত।
বৃহত্তাল, হিন্তালবৃক্ষ, হেঁতাল।
বৃহত্তৃণ, বংশ, বাঁশ।

বৃহত্ত্বক্, বৃক্ষবিশেষ, ছাতিয়ান্ গাছ।
বৃহৎপাটলি, ধুস্তুর, ধুতুরা।
বৃহৎপাদ, বটবৃক্ষ, বটগাছ।
বৃহৎফলা, কটুতুম্বী, তিত লাউ।
বৃহদঙ্গ, মতঙ্গজ, হস্তী, করী।
বৃহদম্ল, ফলবিশেষ, কামরাঙ্গা।
বৃহদ্গৃহ, দেশবিশেষ, কারূষদেশ।
বৃহদ্গোল, শীর্ণবৃন্ত, তরমুজ।
বৃহদ্দল, হিন্তাল বৃক্ষ, হেঁতাল গাছ।
বৃহদ্ধল, মহালাঙ্গল, হলি।
বৃহদ্বাত, ধান্যবিশেষ, দেধান; ভয়ঙ্কর বায়ু, প্রচণ্ড পবন।
বৃহদ্বীজ, আম্রাতক, আমড়া।
বৃহদ্ভট্টারিকা, দুর্গা, পার্ব্বতী।
বৃহদ্ভানু, অগ্নি, অনল; চিত্রক বৃক্ষ, চিতাগাছ। [সামবেদের এক অংশ।
বৃহদ্রথ, ইন্দ্র; যজ্ঞপাত্র; মন্ত্রবিশেষ,
বৃহদ্রাবা, ক্ষুদ্রউলূক, ছোট পেচা।
বৃহন্নলা, ক্লীবরূপা অর্জ্জুন।
বৃহস্পতি, পঞ্চমগ্রহ; সুরাচার্য্য, দেব গুরু, গীস্পতি; পঞ্চম বার।
বৃহস্পতিচক্র, শুভাশুভজ্ঞানার্থ নক্ষত্র ঘটিত নরাকার চক্র।
বৃক্ষ, স্থাবর যোনিবিশেষ, গাছ, মহীরুহ, শাখী, দ্রুম, তরু, পাদপ।
বৃক্ষক, কুটজবৃক্ষ; বৃক্ষমাত্র।
বৃক্ষচর, বানর, কপি, শাখামৃগ।
বৃক্ষচ্ছায়, বহুবৃক্ষের ছায়া।
বৃক্ষনাথ, বটবৃক্ষ, বটগাছ।
বৃক্ষবাটিকা, উপবন; গাছের চৌকা।
বৃক্ষভবন, বৃক্ষ কোটর, গাছের কোটর। [বিড়াল।
বৃক্ষমর্ক টিকা, জন্তুবিশেষ, কাঠ-
বৃক্ষাবাস, বৃক্ষকোটরবাসী, বৃক্ষবাসী।
বৃক্ষাম্ল, তিন্তিড়ীবৃক্ষ, তেন্তুলগাছ; আম্রাতক, আমড়া। [বাসী।
বৃক্ষালয়, পক্ষী, বিহগ, বিহঙ্গ; বৃক্ষ-
বৃক্ষাশ্রয়ী, ক্ষুদ্রউলূক, ছোট পেচা।

বৃক্ষোৎপল, কর্ণিকার পুষ্প; স্থলপদ্ম।
বেওরা, বিবরণ, বৃত্তান্ত, বার্ত্তা।
বেঁক, বক্রতা; তেওড়; নদীর বাঁক।
বেঁকন, বক্রহওন, বাঁকন, আভুগ্নতা।
বেঁটিয়া, খর্ব্ব, হ্রস্ব, খাট।
বেঁড়ে, পুচ্ছহীন, লাঙ্গুল রহিত।
বেকট, মৎস্যবিশেষ, ভেকুটী মাছ; বিদূষক; তরুণ, যুবা।
বেকলা, ছাল, ত্বক্।
বেকসুর, নিরপরাধ, নির্দ্দোষ।
বেগ, প্রবাহ, ওঘ, রয়; মহাকাল ফল, মাকাল ফল; রেত, শুক্র, মূত্রবিষ্ঠাদির নির্গম প্রবৃত্তি।
বেগড়া, নষ্ট, বিকৃত; দুষ্ট।
বেগন, বেগে বহন, দৌড়িয়া যাওন।
বেগনাশন, শ্লেষ্মা, কফ।
বেগবান, বেগবিশিষ্ট, ত্বরাযুক্ত, দ্রুতগামী। [অসত্বর।
বেগরহিত, বেগহীন, বেগশূন্য;
বেগসর, বেগগামী ঘোটক, অশ্বতর।
বেগার, বিনাবেতনে কর্ম্মকারী; বেতন হীন কার্য্য, নিষ্কর্ম্মা। [শিষ্ট।
বেগাল, বেগান্বিত; দ্রুতগতি বি-
বেগিত, বেগবিশিষ্ট, বেগযুক্ত।
বেগী, বেগবান্, বেগযুক্ত, তরস্বী; ত্বরিত; শ্যেনপক্ষী, শচান।
বেগুণ, বার্ত্তাকী, বার্ত্তাকু। [রঙ্গ।
বেগুণিয়া, ঈষৎ ধূম্রবর্ণ, বার্ত্তাকুর ন্যায়
বেঙ্গ, মণ্ডূক, ভেক।
বেঙ্গা, নেটা, নেঙ্গা, বামহস্ত প্রধান।
বেঙ্গাচী, ভেকশাবক, বেঙ্গের বাচ্ছা।
বেঙ্গাপিত্তল, মিশ্রিতধাতু; পিত্তল বিশেষ। [অর্পণ।
বেচন, বিক্রয়করণ, মূল্যগ্রহণ পূর্ব্বক
বেচনিয়া, বিক্রয়কারী, বিক্রেতা
বেচা, কৃতবিক্রয়, বিক্রীত।
বেজানী, সোমরাজী, সোমরাজ।
বেজী, নকুল, নেউল।

বেটম, বেষ্টিত বস্ত্র ; বন্ধনের কাপড়।
বেটা, পুত্র, সুত, সন্তান, আত্মজ।
বেটী, পুত্রী, কন্যা, দুহিতা।
বেটুয়া, দারপুত্রাদি বিহীন ; অনাথ ; অবিশ্রান্ত ভ্রমণকারী।
বেট্যা, রশি, রজ্জু, দড়ী।
বেঠন, পরিবেষ্টন বস্ত্রাদি।
বেড়, আচ্ছাদন ; ঘেরা ; গড়খাই।
বেড়ন, পরিবেষ্টন, ঘেরণ ; আবরণ।
বেড়া, বেষ্টন, বৃতি ; আচ্ছাদন, আবৃতি।
বেড়ান, ভ্রমণ, চলন, পর্য্যটন।
বেড়ী, পাদবন্ধনীয় লৌহ পাশ, শৃঙ্খল, নিগড় ; স্থালীধারণার্থ লৌহ যন্ত্র বিশেষ, বাউলী ; কেশ বিন্যাস বিশেষ, থর।
বেড়ে, উত্তম, উৎকৃষ্ট।
বেড়্যান, যষ্ট্যাদির আঘাতন, মারণ, প্রহার করণ, পিটন।
বেঢ়মিকা, রোটিকা বিশেষ, রুটী।
বেণ, বর্ণসঙ্কর জাতি বিশেষ ; ত্রেতা যুগের সূর্য্যবংশীয় রাজাবিশেষ, পৃথুরাজ পিতা।
বেণা, উশীর, তৃণবিশেষ, বীরণ তৃণ।
বেণি, প্রোষিত ভর্ত্তৃকাদির ধার্য্য কেশ রচনা বিশেষ ; বিরহিণীর বদ্ধ কেশ, বিউনী ; জলসমূহ ; জলবাসী।
বেণিকা, কেশবন্ধন বিশেষ।
বেণিবেধনী, জলৌকা, জোঁক।
বেণিমাধব, প্রয়াগস্থ পাষাণময় চতুর্ভুজ মূর্ত্তি বিশেষ।
বেণিয়া, বণিক্, ব্যবসায়ী।
বেণী, কেশবন্ধন বিশেষ, চুলের বিউনী, দেবতাড় বৃক্ষ ; জলপ্রবাহ বিশেষ।
বেণীসংহার, ভট্টনারায়ণ কৃত সপ্তাঙ্ক যুক্ত নাটক বিশেষ। [বিশেষ।
বেণু, বংশ ; বাঁশ ; বংশী, বাঁশী ; নৃপ
বেণুকর্কর, করবীর বৃক্ষ, করবী গাছ।
বেণুধ্ম, বেণুবাদক, বংশীবাদক।
বেণুন, মরিচ। [নিয়া।
বেণুবাদক, বংশীবাদক, বাঁশীবাজা-
বেণযব, বেণুবীজ, বংশফল, বাঁশের-চাউল।
বেণে, বণিক, ব্যবসায়ী।
বেণ্যা, বণিক্, ব্যবসায়ী।
বেত, বেত্র, বেতস, বেতগাছ।
বেতন, কর্ম্মদক্ষিণা, কর্ম্মের মূল্য ; ভৃত্যা, ভৃতি, মাহিয়ানা, মজুরী।
বেতস, লতাবিশেষ, বেত গাছ।
বেতসী, লতাবিশেষ, বেত লতা।
বেতস্বান, যে স্থানে বেতস লতা বহুল।
বেতাল, ভূতাধিষ্ঠিত শব ; মন্ত্রবিশেষ ; শিবগণাধিপ বিশেষ।
বেতালভট্ট, রাজা বিক্রমাদিত্যের সভাস্থ নবরত্নের এক রত্ন।
বেত্তা, জ্ঞাতা, বিদিতা।
বেত্র, বৃক্ষবিশেষ, বেতগাছ ; অসুর-বিশেষ, বেত্রাসুর।
বেত্রকীয়, বেত্রসমূহ যুক্ত দেশাদি।
বেত্রধর, দ্বারপাল, দ্বারী ; বেত্রধারক।
বেত্রবতী, নদী বিশেষ ; বেত্রাসুরের মাতা।
বেত্রহা, ইন্দ্র, সুররাজ।
বেত্রাবতী, নদীবিশেষ, বেত্রবতী নদী।
বেত্রাসন, বেত্র নির্ম্মিত আস্তর, বেতের বিছানা।
বেত্রাসুর, অসুর বিশেষ।
বেত্রী, দ্বারপাল, বেত্রধারী।
বেদ, ধর্ম্ম ব্রহ্ম প্রতিপাদক অপৌরুষেয় বাক্য, শ্রুতি, ব্রহ্মমুখ নির্গত-ধর্ম্মজ্ঞাপক শাস্ত্র, আম্নায়, নিগম ; বিষ্ণু ; যজ্ঞাঙ্গ। [বিপ্র।
বেদগর্ভ, ব্রহ্মা, প্রজাপতি ; ব্রাহ্মণ,
বেদগুপ্তি, ব্রাহ্মণাদিকর্ত্তৃক বেদরক্ষা।
বেদন, অনুভব, জ্ঞান ; দুঃখ ; যন্ত্রণা, ব্যথা ; বিবাহ।
বেদনা, ব্যথা, পীড়া ; যাতনা, ক্লেশ।

বেদনিন্দক, নাস্তিক, বুদ্ধ। [বোধ্য।
বেদনীয়, জ্ঞেয়, অনুভব যোগ্য,
বেদপারগ, বেদবেত্তা; ব্রহ্মজ্ঞানী।
বেদবতী, কুশধ্বজ রাজকন্যা।
বেদবদন, ব্যাকরণ।
বেদবাস, ব্রাহ্মণ, বিপ্র। [নারায়ণ।
বেদবিৎ, বেদজ্ঞ, বেদবেত্তা; বিষ্ণু,
বেদব্যাস, মুনিবিশেষ, ব্যাসদেব, পারাশর্য্য, দ্বৈপায়ন।
বেদমাতা, গায়ত্রী, সাবিত্রী।
বেদাগ্রণী, সরস্বতী, বাণী, বাগ্বাদিনী।
বেদাঙ্গ, শ্রুতির অবয়ব ছয় প্রকার-শাস্ত্র, শিক্ষা কল্প ব্যাকরণাদি ছয়।
বেদাঙ্গী, বেদাঙ্গ শাস্ত্র বেত্তা।
বেদাদি, প্রণব, ওঁকার।
বেদাধিপ, বেদের অধিপতি, বেদের-অধিষ্ঠাতা, সাঙ্গ সমস্ত বেদ বেত্তা।
বেদান্ত, উপনিষৎ, বেদব্যাসপ্রণীত-দর্শন শাস্ত্রবিশেষ।
বেদান্তী, বেদান্তমতাবলম্বী, বেদান্ত-শাস্ত্রবেত্তা; ব্রহ্মবাদী।
বেদাভ্যাস, বেদানুশীলন, বেদশিক্ষা।
বেদার, কৃকলাস, ক কলাস।
বেদি, যজ্ঞার্থ পরিষ্কৃতা ভূমি; মঞ্চ; পীঠ; পণ্ডিত। [কৃতা ভূমি, পীঠ।
বেদিকা, মঙ্গলকর্ম্মার্থ নির্ম্মিত পরি-
বেদিজা, দ্রৌপদী, কৃষ্ণা, পাণ্ডবপত্নী।
বেদিত, জ্ঞাপিত, জানান। [বিষয়।
বেদিতব্য, বেদ্য, জ্ঞাতব্য, জানিবার
বেদিতা, জ্ঞাতা, যে জানে।
বেদী, পণ্ডিত; ব্রহ্ম; পরিষ্কৃতা ভূমি; সরস্বতী; জ্ঞাতা।
বেদীশ, ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি।
বেদোক্ত, শ্রুতিকথিত; বেদবচন।
বেদোদয়, সূর্য্য, ভানু, দিনকর।
বেদোদিত, বেদোক্ত, বেদে কথিত।
বেদ্য, বেদিতব্য, জ্ঞাতব্য, জ্ঞেয়, জানিবার বিষয়।
বেধ, বেধন, বেঁধা; গভীরতা, গহেরা; চাড়া; নক্ষত্রাদি ঘটিত যোগবিশেষ।
বেধক, ধন্যাক, ধনিয়া; কর্পূর; অম্ল-বেতসবৃক্ষ; বেধকর্ত্তা।
বেধন, ছিদ্রকরণ, বিঁধন, ভেদন।
বেধনিকা, মণিশঙ্খাদির বেধনাস্ত্র, ভোমরী, ক্ষুরপুণ।
বেধমুখ্যক, হরিদ্রাবৃক্ষ, কাঁচা হলুদ।
বেধমখ্যা, কস্তূরী, মৃগমদ।
বেধস, ব্রাহ্মতীর্থ, অঙ্গুষ্ঠ মূল।
বেধাঃ, ব্রহ্মা, বিষ্ণু; সূর্য্য; পণ্ডিত; শ্বেত.অর্কবৃক্ষ, শাদা আকন্দ।
বেধিত, বিদ্ধ, ছিদ্রিত, বেঁধা।
বেধিনী, রক্তপা, জলৌকা, জোঁক।
বেধী, বেধকর্ত্তা, ছিদ্রকারক। [বিষয়।
বেধ্য, লক্ষ্য, বেধনীয়, বিঁধিবার-
বেন্না, নদীবিশেষ।
বেপ, অনবদ্য, অনিন্দনীয়; সুন্দর।
বেপথু, কম্পন, কাঁপন; লড়ন।
বেপন, কম্পন, কাঁপন; লড়ন।
বেপার, ক্রয়বিক্রয়, বাণিজ্য; লভ্য।
বেপারী, ক্রয়বিক্রয়কারী; ব্যবসায়ী।
বেম, বাপদণ্ড, তন্তুবায়ের বস্ত্র বপ-নীয় দণ্ড; লাঙ্গল দণ্ড। [নীয় দণ্ড।
বেমা, বাপদণ্ড, তন্তুবায়ের বস্ত্র বপ-
বের, শরীর; বার্ত্তাকু, বেগুণ; কুঙ্কুম।
বেরক, কর্পূর। [ফল।
বেল, উদ্যান, উপবন; শ্রীফল, বিল্ব-
বেলকার গণ্ডাদি ছেদনার্থ অস্ত্র-বিশেষ, স্ফোটকাদি কাটিবার ছুরি-বিশেষ।
বেলন, ডলন, পেষণ; পেষণদণ্ড।
বেলা, কাল, সময়, ক্ষণ; সমুদ্রকূল; সমুদ্রজল; দন্তের মাংস।
বেলাকূল, তমোলিপ্তদেশ, তমোলুক।
বেলে, বালিযুক্ত, সিকতাময়; মৎস্য বিশেষ, বেলিয়া মাছ।
বেল্ল, বিড়ঙ্গ নামে ঔষধ বিশেষ।
বেল্লজ, মরিচ।
বেল্লন, ভূমিতে অশ্বের লুণ্ঠন, লুণ্ঠন,

রোটিকাদি নির্ম্মাণার্থ স্থূল বর্ত্তুল কাষ্ঠ খণ্ডবিশেষ, বেলুন।
বেল্লহল, কেলিনাগর, লম্পট।
বেল্লি, লতা, বল্লী।
বেল্লিকাখ্যা, বৃক্ষবিশেষ; বেলশুঁঠা।
বেল্লিত, গমন, চলন; কুটিল; কম্পিত।
বেশ, অলঙ্কার রচনাদি কৃত শোভা, আকল্প, নেপথ্য প্রসাধন; বেশ্যাগৃহ; প্রবেশ।
বেশক, গৃহ; বেশ কারক।
বেশধারী, ছল তপস্বী, ভণ্ড তাপস, তপস্বির বেশধারী।
বেশন্ত, ক্ষুদ্র সরোবর; অগ্নি।
বেশভূষা, সজ্জা, অলঙ্কারাদি ধারণ।
বেশর, অশ্বতর, গর্দ্দভীর গর্ব্ভে অশ্বের ঔরসে জাত ঘোটক; নাসিকাভূষণবিশেষ, নোলক।
বেশী, বেশকারক, পরিচ্ছদ যুক্ত, অধিক, অতিরিক্ত। [লতা।
বেশীজাতা, লতাবিশেষ, পুত্রদাত্রী-
বেশ্ম গৃহ, ভবন, নিকেতন।
বেশ্মকলিঙ্ক, চটকপক্ষী, চড়া।
বেশ্মনকুল, গন্ধমূষিক, ছুচুন্দরী, ছুঁছা। [ভূমি।
বেশ্মভূ, গৃহকরণ যোগ্য ভূমি, বাস্তু-
বেশ্য, বেশ্যালয়, গণিকাগার।
বেশ্যা, বারস্ত্রী, গণিকা, খানকী; আকনাদি লতা।
বেশ্যাগণ, বেশ্যা সমূহ, গণিকাবৃন্দ।
বেশ্যাজনসমাশ্রয়, বেশ্যালয়, গণিকা গৃহ।
বেশ্বর, অশ্বতর, গর্দ্দভীর গর্ব্ভে অশ্বের ঔরসে উৎপন্ন ঘোটক, খচ্চর।
বেষ, নেপথ্য, সজ্জা; বেশ্যালয়।
বেষণ, কাসমর্দ্দ বৃক্ষ, কালকাসুন্দের গাছ; প্রবেষণ। [গাছের আটা।
বেষ্ট, বেষ্টন, বেড়া; বৃক্ষনির্য্যাস,
বেষ্টক, উষ্ণীশ, পাগ; বৃক্ষ নির্য্যাস, আটা; প্রাচীর, বেষ্টনকারক।
বেষ্টন, বৃতি, বেড়া, ঘেরা; কর্ণছিদ্র; উষ্ণীশ, পাগড়ী।
বেষ্টবংশ, বংশবিশেষ, বেউড় বাঁশ।
বেষ্টিত, কৃতবেষ্টন, রুদ্ধ, আবৃত, ঘেরা।
বেষ্প, পানীয়, জল, সলিল।
বেসন, দ্বিদল চূর্ণ, ডাইল, দাল।
বেসবার, ধন্যা সর্ষপাদি পিষ্ট, বেসার, বাটন; ব্যঞ্জনবিশেষ।
বেসর, অশ্বতর, খচ্চর, গর্দ্দভীর গর্ব্ভে অশ্বের ঔরসে জাত ঘোটক।
বেসেড়া, বাস, পর্য্যুষিত। [রহিত।
বেহায়া, বিলজ্জ, লজ্জাহীন; ঘৃণা-
বেহায়ী, বৈবাহিক; পুত্রকন্যার শ্বশুর।
বেহার, স্বনাম খ্যাত দেশ বিশেষ, মগধ দেশ।
বেহারা, যান বাহক, কাহার।
বৈ, পাদপূরণ; সম্বোধন; অনুনয়।
বৈংশতিক, বিংশতি সংখ্যক মুদ্রাদি মূল্য দ্বারা ক্রীত।
বৈকঙ্কত, বৃক্ষবিশেষ, বৈঁচীগাছ।
বৈকতিক, গণিকার, রত্নবণিক, জহরী।
বৈকর্ম্মা, মুনিবিশেষ, বাৎস্যমুনি।
বৈকল্পিক, বিকল্পে নিষ্পন্ন, অনিয়ত ভাবী। [ভাব।
বৈকল্য, বিকলত্ব, ব্যাকুলতা; বিকৃত
বৈকক্ষ, বক্রভাবে বক্ষঃস্থলে লম্বিত মাল্য, বুক পর্য্যন্ত ঝুলান মালা।
বৈকক্ষক, বক্ষঃস্থলে বক্রভাবে উপবীত বৎ লম্বিত মাল্য।
বৈকাল, অপরাহ্ন, বিকাল।
বৈকালী, অপরাহ্ন কর্ত্তব্য কর্ম্ম; বৈকালের আহারীয় দ্রব্য। [শেষ।
বৈকুণ্ঠ, শ্রীকৃষ্ণ; ইন্দ্র; বিষ্ণুধাম বি-
বৈকৃত, বীভৎস রস; বিকারহেতু উৎপন্ন, মন্দ; নষ্ট।
বৈক্রান্ত, মণিবিশেষ।
বৈক্লব্য, বিক্লবতা; ক্ষোভ; বিকলত্ব।

বৈখানস, আশ্রমবিশেষ, বানপ্রস্থ।
বৈগুণ্য, বিগুণত্ব, অপকৃষ্টতা; প্রাতিকূল্য, অপ্রসন্নতা।
বৈচক্ষণ্য, বিচক্ষণত্ব; নৈপুণ্য, পটুতা।
বৈচিত্র্য, বিচিত্রতা, আশ্চর্য্য, চমৎকার।
বৈজনন, প্রসবমাস, সূতি মাস।
বৈজয়ন্ত, ইন্দ্র প্রাসাদ, ইন্দ্রপুরী; ইন্দ্রধ্বজ।
বৈজয়ন্তিক, পতাকাধারী, ধ্বজাধারী।
বৈজয়ন্তিকা, জয়ন্তীবৃক্ষ; পতাকা, ধ্বজা।
বৈজয়ন্তী, পতাকা; জয়ন্তীবৃক্ষ; পঞ্চবর্ণময়ী জানুপর্য্যন্ত লম্বিতা মালা।
বৈজয়িক, বিজয় সম্বন্ধি।
বৈজিক, আত্মা, সদ্যোজাত অঙ্কুর, বীজ সম্বন্ধীয়।
বৈজ্ঞানিক, নিপুণ, পটু।
বৈটা, বটিয়া, নৌকাদণ্ড।
বৈঠক, সভা, সমাজ, অধিবেশন।
বৈড়ালব্রত, দুষ্টাচার বিশেষ, কপটচার, ভণ্ড তপস্যা।
বৈড়ালব্রতি, স্ত্রী প্রভৃতি না থাকাতে ব্রহ্মচর্য্যকারী, ছলতপস্বী।
বৈড়ালব্রতিক, ছদ্মতপস্বী, ছদ্ম তাপস, কপটব্রতী। [তপস্বী।
বৈড়ালব্রতী, ভণ্ড তাপস, বিড়াল-
বৈণ, বেণুজীবী।
বৈণব, বেণু সম্বন্ধীয়, উপনয়ন কালীন বেণুদণ্ড। [বাদক।
বৈণবিক, বেণুবাদক, বৈণুক, বংশী-
বৈণবী, বংশলোচনা, বংশলোচন।
বৈণিক, বীণাবাদক, বীণাবাদ্যকর।
বৈণুক, হস্তি প্রহারণ দণ্ড, হস্তি চালনার্থ লৌহমুখ বংশদণ্ড; বেণু বাদ্যকারক।
বৈণুকীয়, বেণু সম্বন্ধীয়। [রাজ।
বৈণ্য, পৃথুরাজ, সূর্য্যবংশীয় পঞ্চম-
বৈতংসিক, মাংসবিক্রেতা, মাংসিক।
বৈতথ্য, অলীকতা, অসত্যতা।
বৈতনিক, বেতনভুক্ ভৃত্য, ভৃতক, কর্ম্মকর, মাহিয়ানার চাকর।
বৈতরণী, নরকসিন্ধু, নরকস্থা নদী।
বৈতস, বৃক্ষবিশেষ, অম্লবেতসবৃক্ষ।
বৈতানিক, বেদবিহিত হোম।
বৈতালিক, প্রবোধন কারক; স্তুতিপাঠক।
বৈতৃষ্ণ্য, বিতৃষ্ণা, অনিচ্ছা, অরুচি।
বৈত্রক, বেত্রসম্বন্ধীয়।
বৈত্রকেয়, বেত্রসম্বন্ধীয়।
বৈদ, পণ্ডিত, বেদসম্বন্ধীয়।
বৈদগ্ধ, বিদগ্ধত্ব, পণ্ডিতত্ব; চাতুর্য্য।
বৈদগ্ধী, ভঙ্গি; চাতুর্য্য; রসিকতা; নৈপুণ্য, পটুতা।
বৈদগ্ধ্য, বিদগ্ধত্ব, পাণ্ডিত্য, রসিকতা।
বৈদভ, বাক্যের বক্রত্ব, ব্যঙ্গ বাক্য; বিদর্ভদেশীয় রাজা।
বৈদর্ভী, কাব্যরীতি বিশেষ; অগস্ত্য পত্নী, দময়ন্তী; রুক্মিণী।
বৈদল, ভিক্ষুকের মৃণ্ময়াদি পাত্র, করঙ্ক; পিষ্টক। [বেদবিহিত।
বৈদিক, বেদজ্ঞ ব্রাহ্মণ; বেদোক্ত,
বৈদুষ্য, পাণ্ডিত্য, বিজ্ঞতা, বিদ্যা।
বৈদূর্য্য, মণিবিশেষ; কৃষ্ণ পীতবর্ণ রত্ন বিশেষ, লহসুনিয়া জৌহর। [বাসী।
বৈদেশী, বৈদেশিক, বিদেশী, প্র-
বৈদেহ, বণিক; মিথিরাজ পুত্র।
বৈদেহক, বণিক্, বর্ণসঙ্কর জাতি বিশেষ, শূদ্রের ঔরসে বৈশ্যা গর্ভে উৎপন্ন জাতি।
বৈদেহিক, বণিক্, বেণিয়া।
বৈদেহী, সীতা; বণিক্ স্ত্রী; পিপ্পলী; রোচনা, হরিদ্রা।
বৈদ্য, আয়ুর্বেদ বেত্তা, চিকিৎসক, ভিষক্; বেদ সম্বন্ধীয়; বিদ্বান্; বাসক বৃক্ষ।
বৈদ্যক, আয়ুর্ব্বেদ, চিকিৎসা শাস্ত্র।
বৈদ্যনাথ, দেশবিশেষ, ভৈরব বিশেষ

বৈদ্যবন্ধু, আরগ্বধ বৃক্ষ, সোঁদালি-গাছ; বৈদ্যের মিত্র।
বৈদ্যমাত', বাসক বৃক্ষ, বাসক গাছ; চিকিৎসকের জননী।
বৈদ্যসিংহী, বাসকবৃক্ষ, বাসক গাছ।
বৈধ, শাস্ত্রীয়; বিধিবোধিত, বিধি-প্রতিপাদিত, বিহিত; যুক্তিসিদ্ধ।
বৈধব্য, পতিহীনতা, বিধবাত্ব, রণ্ডা-বস্থা।
বৈধর্ম্ম্য, বিধর্ম্মত্ব; নাস্তিকতা।
বৈধাত্র, সনৎকুমার, বিধাতৃপুত্র।
বৈধৃতি, বিষ্কম্ভাদি সপ্তবিংশতি যো-গের অন্তর্গত শেষ যোগ।
বৈধেয়, মূর্খ, অজ্ঞ; বিধিসম্বন্ধীয়, বিধেয় সম্বন্ধী।
বৈনতেয়, গরুড, অরুণ।
বৈন্য, বেণপুত্র, পৃথুরাজ।
বৈপরীত্য, ব্যত্যাস, বিপর্য্যাস, বিপ-র্য্যয়, ব্যত্যয়।
বৈপিত্র, এক মাতার গর্ব্ভে ভিন্ন পিতার ঔরসে উৎপন্ন পুত্র। [তা।
বৈপুল্য, বিপুলতা, আতিশয্য; গুরু-
বৈবর্ণ্য, বিবর্ণত, মলিনতা।
বৈবস্বত, যম; রুদ্রবিশেষ; শনিগ্রহ, সপ্তম মনু।
বৈবস্বতী, দক্ষিণ দিক্।
বৈবাহিক, কন্যাপুত্রের শ্বশুর, বে-হাই; বিবাহ সম্বন্ধীয়, বিবাহোপ-যুক্ত।
বৈভব, ঐশ্বর্য্য; মহিমা, গৌরব।
বৈভ্রাজ, দেবোদ্যান, দেবতার উপ-বন। [ভাবনা।
বৈমনস্য, অন্য মনস্কতা, উদ্বেগ,
বৈমাত্র, বৈমাত্রেয় ভ্রাতা, বিমাতার পুত্র, বিমাতৃজ। [ভগিনী।
বৈমাত্রা, বিমাতৃকন্যা, বৈমাত্রেয়ী-
বৈমাত্রেয়, বিমাতৃ পুত্র, ভিন্নোদর, অন্যোদর্য্য ভ্রাতা। [ভগিনী।
বৈমাত্রেয়ী, বিমাতৃকন্যা, অন্যোদর্য্যা
বৈমুখ্য, বিমুখতা, অপ্রসন্নতা।
বৈমেয়, বিনিময়, বদল, পরিবর্ত্ত।
বৈয়র্থ্য, নিরর্থকতা, অনর্থকতা, বৃথা
বৈয়াকরণ, ব্যাকরণবেত্তা; ব্যাকরণা-ধ্যেতা; ব্যাকরণ সম্বন্ধীয়।
বৈয়াঘ্র, ব্যাঘ্রচর্ম্মাচ্ছাদিত রথাদি।
বৈয়াঘ্রপদ্য, গোত্রকারকমুনিবিশেষ।
বৈয়াসকি, ব্যাসের অপত্য, ব্যাস-পুত্র। [তাদি।
বৈয়াসিকী, ব্যাসদেব কৃত সংহি-
বৈর, বিরোধ, শত্রুতা, বিপক্ষতা।
বৈরক্তি, বিরক্ততা, বিতুষ্টি, ঘৃণা।
বৈরঙ্গ, অসম্বন্ধীয়, অনাত্মীয়, শত্রু।
বৈরঙ্গিক, বিরাগার্হ, বিরাগ যোগ্য।
বৈরনির্যাতন, কৃতাপকারের প্রত্যপ-কার, প্রতীকার, প্রতিফল, বৈর-প্রতিক্রিয়া। [প্রতিক্রিয়া।
বৈরশুদ্ধি, প্রতীকার, প্রতিফল, শত্রুর
বৈরস্য, বিরসত, বিস্বাদ, রসহীনতা।
বৈরাগিক, বিরাগার্হ, বিরাগ যোগ্য।
বৈরাগী, বিষয়েচ্ছা রহিত, বৈরাগ্য-যুক্ত; বিবেকী; উদাসীন। [বিবেক।
বৈরাগ্য, বিষয়ে তুচ্ছ জ্ঞান, ঔদাস্য,
বৈরাট, ইন্দ্রগোপ কীট, সিঁদূরে-পোক; বিরাট সম্বন্ধীয়।
বৈরাতঙ্ক, বৃক্ষবিশেষ, অর্জ্জুন বৃক্ষ।
বৈরী, শত্রু, রিপু, বিপক্ষ। [ক্ষতা।
বৈরূপ্য, বিরূপতা, নিন্দ্যতা; বিপ-
বৈরোচন, বুদ্ধ; বলিরাজ; অগ্নিপুত্র; সূর্য্যপুত্র; সিদ্ধগণ।
বৈরোচননিকেতন, পাতাল, রসাতল।
বৈরোচনি, বুদ্ধ; বলিরাজ; সূর্য্যপুত্র।
বৈরোদ্ধার, অপকারকারির প্রত্য-পকার, প্রতীকার, প্রতিফল, বৈর-নির্যাতন। [অন্যপ্রকার।
বৈলক্ষণ্য, বিলক্ষণত্ব; ভাবান্তর,
বৈল্ব, বিল্বফল, শ্রীফল; বিল্বসম্বন্ধীয়।
বৈশম্পায়ন, মুনিবিশেষ।
বৈশস্ত্র, অধিকার।

বৈশাখ, দ্বাদশমাসান্তর্গত প্রথম-মাস ; মন্থানদণ্ড।
বৈশাখী, বৈশাখমাসের পূর্ণিমা ; রক্ত পুনর্নবা শাক। [নায়ক বিশেষ।
বৈশিক, ত্রিবিধ নায়কের অন্তর্গত-
বৈশিষ্ট্য, উৎকর্ষ, প্রভেদ, ভিন্নতা।
বৈশেষিক, কণাদমুনিকৃত দর্শন শাস্ত্র-বেত্তা ; দর্শন শাস্ত্র বিশেষ।
বৈশ্য, ব্রহ্মার ঊরুদেশ হইতে জাত-তৃতীয় বর্ণ, ঊরুজ, বণিক, পণিক।
বৈশ্যা, বৈশ্যজাতীয়া স্ত্রী।
বৈশ্রবণ, কুবের, ধনাধিপ।
বৈশ্রবণালয়, বটবৃক্ষ ; কুবের পুরী।
বৈশ্রবণোদয়, বটবৃক্ষ, বটগাছ।
বৈশ্বদেব, বিশ্বদেব সম্বন্ধি হোমাদি।
বৈশ্বানর, অগ্নি, অনল ; চিত্রক বৃক্ষ, চিতা গাছ।
বৈশ্বী, উত্তরাষাঢ়া নক্ষত্র।
বৈষম্য, বিষমত্ব, অসমভাব ; আতিশয্য ; দায়, উৎপাত।
বৈষয়িক, বিষয়সম্বন্ধীয় ; বিষয়কার্য্য।
বৈষ্টুত, হোমভস্ম, হোমের ছাই।
বৈষ্ট্র, জগৎ ; স্বর্গ ; বায়ু ; বিষ্ণু।
বৈষ্ণব, বিষ্ণুসম্বন্ধীয়, বিষ্ণুর উপাসক, বিষ্ণুভক্ত।
বৈষ্ণবী, বিষ্ণুশক্তি ; দুর্গা ; গঙ্গা ; বিষ্ণুর উপাসিকা ; অপরাজিতা ; শতাবরী বৃক্ষ ; তুলসী বৃক্ষ।
বৈসন, উপবেশন ; আসন পরিগ্রহণ।
বৈসর্জ্জনিক, বিদায়ী।
বৈসারিণ, মৎস্য, মীন। [ধারণ।
বৈসূচন, নাট্যে পুরুষের স্ত্রী বেশ-
বৈস্য, বসিবার যোগ্য।
বৈহার্য্য, পরিহাসেতে লালনীয়।
বৈহাসিক, বিহাসকারক, ভণ্ড, ভাঁড়, পরিহাসক।
বোঁচা, নির্লজ্জ, বেহায়া ; অশিষ্ট।
বোঁটা, বৃন্ত, ডাঁটা ; চুচক।
বোকা, নির্বুদ্ধি, মূঢ়, জ্ঞানহীন।
বোকামি, মূর্খতা, মূঢ়তা, নির্ব্বুদ্ধিত্ব।
বোজা, মোট, ভার, ভারিদ্রব্য।
বোঝা, ভার, মোট ; জ্ঞান, বোধ।
বোঝাই, ভারপূর্ণ, বহনীয় দ্রব্যসামগ্রীতে পরিপূর্ণ।
বোঝারী, ভারবাহক, ভারী, মুটিয়া।
বোটা, দাসী, চেটী।
বোড়, গুবাক, গুপারি।
বোড্র, গোনস সর্প, বোড়া সাপ ; মৎস্য বিশেষ।
বোড্রী, পণ চতুর্থাংশ, বুড়ি ; পাচগণ্ডা।
বোঢ়ব্য, বহনীয়, বাহ্য, বহনযোগ্য।
বোঢ়া, বহনকর্ত্তা, ভারী ; মূঢ়, মূর্খ ; পরিণেতা ; বৃষ, ঋষভ।
বোঢ়ু, মুনিবিশেষ।
বোণ্ট, বৃন্ত, বোঁটা, বোঁটি।
বোদ, আর্দ্র, ভিজ ; নদ্যাদির কৃষ্ণবর্ণ-তরল মৃত্তিকা।
বোদা, বিরস, কষায়, কষা। [মাছ।
বোদাল, মৎস্যবিশেষ, বোয়ালি-
বোদ্ধা, বোধকর্ত্তা, বুঝদার।
বোধ, জ্ঞান ; বুদ্ধি ; অনুমান।
বোধক, সূচক ; জ্ঞাপক।
বোধকর, নিশান্তে প্রবোধন কারক, বৈতালিক ; স্তুতিপাঠক।
বোধজ্ঞ, অভিপ্রায়বেত্তা ; শ্রীকৃষ্ণ।
বোধন, বিজ্ঞাপন, জানান, চেতন।
বোধনী, বোধ, জ্ঞান ; পিপ্পলী ; কার্ত্তিকীয় শুক্ল একাদশী, উত্থান-একাদশী। [যোগ্য, জ্ঞাতব্য।
বোধনীয়, বোধ্য, বোধিতব্য, বোধ-
বোধবাসর, ভগবানের প্রবোধ দিন ; উত্থান একাদশী। [গম্য।
বোধাতীত, জ্ঞানাতীত, বুদ্ধির অ-
বোধান, বিজ্ঞ, পণ্ডিত ; বৃহস্পতি।
বোধাল, বুদ্ধিমান, সুবুদ্ধি, চতুর।
বোধি, সমাধি বিশেষ ; পিপ্পলবৃক্ষ ; বোধ ; জ্ঞাতা।
বোধিত, জ্ঞাপিত ; জাগরিত।

বোধিতরু, অশ্বত্থবৃক্ষ। [যোগ্য।
বোধিতব্য, জ্ঞাপিতব্য, জানাইবার-
বোধিদ্রুম, বৃক্ষবিশেষ, অশ্বত্থবৃক্ষ, আশথ গাছ। [আশথ গাছ।
বোধিবৃক্ষ, বৃক্ষবিশেষ, অশ্বত্থবৃক্ষ;
বোধিসত্ত্ব, বুদ্ধিবিশেষ।
বোনন, বুনন, বীজবপন, ছড়ান।
বোনাল, বনময়, বৃক্ষাদিযুক্ত স্থান।
বোবা, মূক, বাক্যহীন, হাবা।
বোর, বালকের কটিভূষণ বিশেষ; ধান্যবিশেষ, বোরধান্য।
বোরক, লেখক, লিপিকর।
বোরট্ট, কুন্দপুষ্প, কুঁদফুল। [মাদুর।
বোরপট্টী, তৃণনির্ম্মিত আস্তরণবিশেষ,
বোরব, ধান্যবিশেষ, বোরধান।
বোরলা, বোলতা, বরটা। [বিশেষ।
বোরা, গুণ, থলিয়া ছালা; ধান্য-
বোরুখান, পাটল বর্ণ অশ্ব।
বোল, বণিকদ্রব্যবিশেষ, বাক্য, কথা, বাদ্য অনুমিত শব্দ।
বোলক, লেখক, লিপিকর।
বোলচাল, বাক্যে ব্যবহার, কথোপ-কথনে চলিত।
বোলতা, দংশক কীটবিশেষ, বরটা।
বোলন, কথন, কহন।
বোলান, আহ্বান, ডাকান।
বোলী, বাক্য, কথা।
বোল্লাহ, ঘোটক বিশেষ। [পোত।
বোহিত্থ, অর্ণব যান, জাহাজ, অর্ণব-
বৌদ্ধ, বুদ্ধকৃতনিরীশ্বর শাস্ত্র, জিনধর্ম্ম; বুদ্ধশাস্ত্রাবলম্বী।
বৌধ, বুধের পুত্র, পুরূরবা।
বৌষট্, দেবোদ্দেশে হবির্দ্দানমন্ত্র।
ব্যংশক, পর্ব্বত, নগ, শৈল, গিরি।
ব্যংসক, ধূর্ত্ত, শঠ, বঞ্চক।
ব্যংসিত, প্রতারিত, প্রবঞ্চিত।
ব্যক্ত, স্ফুট, স্পষ্ট, প্রকাশ।
ব্যক্তগণিত, অঙ্কবিদ্যা বিশেষ।
ব্যক্তদৃষ্টার্থ, সাক্ষী; প্রত্যক্ষ জ্ঞাতা।

ব্যক্তরূপ, বিষ্ণু; স্পষ্টরূপ যুক্ত।
ব্যক্তি, জন; স্পষ্টতা। [জনত্ব।
ব্যক্তিত্ব, পৃথগ্‌ভাব, বিভিন্নতা;
ব্যগ্র, ব্যাসক্ত, আকুল, ব্যস্ত, সচেষ্ট।
ব্যগ্রতা, কাতর্য্য, ব্যাকুলতা; ব্যস্ততা।
ব্যঙ্গ, হীনাঙ্গ, খঞ্জ; মুখরোগ বিশেষ; বিদ্রূপ, পরিহাস। [পরিহাসান্বিত।
ব্যঙ্গযুক্ত, বিকৃত, হীনাঙ্গ বিশিষ্ট;
ব্যঙ্গোক্তি, পরিহাস বাক্য, শ্লেষোক্তি।
ব্যঙ্গ্য, গূঢ়তাৎপর্য্যক বাক্য, শ্লেষবাক্য
ব্যজ, ব্যজন, পাখা।
ব্যজন, তালবৃন্তক, পাখা। [বোধক।
ব্যঞ্জক, অভিনয়; প্রকাশক, সূচক,
ব্যঞ্জন, সূপশাকাদি; চিহ্ন; শ্মশ্রু, দাড়ি; অবয়ব; দিন, অর্দ্ধমাত্র বর্ণ; ককারাদি ক্ষকারান্ত বর্ণ, হলবর্ণ।
ব্যঞ্জনা, শব্দের বৃত্তিবিশেষ; শ্লেষ।
ব্যডম্বক, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডা গাছ।
ব্যতিকর, ব্যসন, আপদ, আলিঙ্গন।
ব্যতিক্রম, ক্রম বিপর্য্যয়, ব্যত্যয়, উল্টা, অন্যথা।
ব্যতিক্রমী, অন্যথাচারী, ক্রমবিপর্য্যয় কারী; প্রতিকূল।
ব্যতিব্যস্ত, ব্যাকুল, বাস্ত সমস্ত, উৎ-কণ্ঠিত। [বিনা, অভাবে।
ব্যতিবিক্ত, ভিন্ন, পার্থক্য বিশিষ্ট,
ব্যতিরেক, বিনা; অভাব; ভিন্নতা।
ব্যতিরেকী, বিভেদক, ভিন্নতাবিশিষ্ট
ব্যতিরেকে, বিনা, অভাবে।
ব্যতিসঙ্গ, পরস্পর মেলন, অন্যো-ন্যের মিল।
ব্যতিহার, বিনিময়, পরিবর্ত্ত, বদল, পরস্পর ক্রিয়া। [ব্যতিরিক্ত।
ব্যতীত, অতীত, গত; ছাড়া, ভিন্ন,
ব্যতীপাত, মহোৎপাত, উপদ্রব; বিষ্ক ম্ভাদি সপ্তবিংশতি যোগের অন্তর্গত সপ্তদশ যোগ।
ব্যতীহার, পরিবর্ত্ত, বিনিময়, বদল; পরস্পর একজাতীয় ক্রিয়াকরণ।

ব্যতায়, ব্যতিক্রম, ব্যত্যাস, বিপর্য্যয়, উলটা ; অন্যথা।
ব্যথক, ব্যথাকারী, বেদনা দায়ক।
ব্যথনীয়, বেদনীয়, পীড়নীয় ; ব্যথা-দায়ক, বেদনাকর।
ব্যথা, দুঃখ, পীড়া, বেদনা, ক্লেশ।
ব্যথিত, পীড়িত, দুঃখিত।
ব্যধ্য, ধনুর্গুণ, জ্যা, ধনুকের ছিলা।
ব্যধ্ব, কুপথ, অসন্মার্গ, বিপথ।
ব্যপদেশ, কপট, ছল ; নাম ; বাক্য-বিশেষ।
ব্যপদেষ্টা, কপটী, ছলকারক।
ব্যপাকৃতি, অপহ্নব ; অস্বীকার।
ব্যপেত, অপগত, বিগত।
ব্যবকলন, বিয়োগ, হীন, অঙ্কের অন্তর করণ, বাকি কাটা।
ব্যবকলিত, কৃতব্যবকলন, বিয়োগিত, বাকীকাটা।
ব্যবচ্ছিন্ন, ভিন্ন, পৃথক্ করা।
ব্যবচ্ছেদ, পৃথকত্ব, ভিন্নত্ব।
ব্যবধা, ব্যবধান, আড়াল, আচ্ছাদন, তিরোধান, অপবারণ, পিধান।
ব্যবধান, আচ্ছাদন, তিরোধান, আড়াল, অপবারণ।
ব্যবধায়ক, ব্যবধানকর্ত্তা, আচ্ছাদক।
ব্যবধি, ব্যবধান, আচ্ছাদন, তিরো-ধান, আড়াল, অন্তরাল।
ব্যবসা, জীবিকা, বৃত্তি ; বাণিজ্য ; অনুষ্ঠান।
ব্যবসায়, উপজীবিকা, পেশা ; ব্যবসা, বাণিজ্য ; অনুষ্ঠান। [বাজার।
ব্যবসায়স্থান, বাণিজ্যস্থল, হাট,
ব্যবসায়ী, ব্যবসায় বিশিষ্ট, বাণিজ্য-কারক, ব্যাপারী।
ব্যবসিত, প্রতারিত ; অনুষ্ঠিত ; নিশ্চিত। [মত।
ব্যবস্থা, শাস্ত্র নিরূপিত বিধি, বিধান,
ব্যবস্থান, বিষ্ণু ; স্থাপন, রাখন।
ব্যবস্থানীয়, বিধেয়, বিধি প্রতিপাদ্য।
ব্যবস্থাপক, বিধায়ক ; ব্যবস্থাকর্ত্তা।
ব্যবস্থাপন, বিধানকরণ, বিধিস্থাপন।
ব্যবস্থাপত্র, বিধানলিপি, শাস্ত্র নিরূপিত বিধি লিপি।
ব্যবস্থিত, বিধি পূর্ব্বক স্থিত ; ব্যবস্থাপিত, বিধি নির্দ্দিষ্ট।
ব্যবহরণীয়, ব্যবহর্ত্তব্য, ব্যবহার-যোগ্য ; গ্রাহ্য।
ব্যবহর্ত্তা, ব্যবহার কর্ত্তা, গ্রাহ্যকারক ; নিষ্পাদক।
ব্যবহার, আচরণ ; কার্য্য ; বিবাদ ; ন্যায় ; পণ ; স্থিতি।
ব্যবহারক, ব্যবহারী, বিবাদী, ন্যায়ী।
ব্যবহারজ্ঞ, ব্যবহার বেত্তা, রীতিজ্ঞ।
ব্যবহারপাদ, ব্যবহারাংশ।
ব্যবহারবিধি, ব্যবহারের বিধান ; ধর্ম্মশাস্ত্র। [ক্রিয়া।
ব্যবহারমাতৃকা, ব্যবহারোপযোগি-
ব্যবহারমার্গ, ব্যবহার বিষয়, ব্যবহার পদ। [বিষয়।
ব্যবহারস্থান, ব্যবহারপদ, ব্যবহার
ব্যবহারিক, ব্যবহার যোগ্য।
ব্যবহারিকা, লোকযাত্রা ; সম্মার্জ্জনী, খাংরা ; ইঙ্গুদীবৃক্ষ।
ব্যবহারী, ব্যবহার বিশিষ্ট।
ব্যবহার্য্য, ব্যবহরণীয়, ব্যবহর্ত্তব্য, ব্যবহার যোগ্য। [মধ্যস্থিত।
ব্যবহিত, ব্যবধান বিশিষ্ট ; আবৃত ;
ব্যবহৃত, আচরিত ; ব্যবহারে গৃহীত।
ব্যবায়, মৈথুন ; অন্তর্দ্ধান ; শুদ্ধি।
ব্যবায়ী, কামুক, লম্পট।
ব্যভিচার, কদাচার, ভ্রষ্টাচার ; দুষ্ক্রিয়া ; দোষ বিশেষ ; অন্যথাচরণ।
ব্যভিচারি, শৃঙ্গার ভাব বিশেষ।
ব্যভিচারিণী, পরপুরুষগামিনী, ভ্রষ্টা, পুংশ্চলী।
ব্যভিচারী, ব্যভিচার বিশিষ্ট ; লম্পট।

ব্যয়, অর্থের অপগম, বিত্ত সমুৎসর্গ, খরচ, ধনক্ষয়।
ব্যয়কাতর, ব্যয়কুণ্ঠ, কৃপণ।
ব্যয়িত, কৃতব্যয়, ব্যয়করা, খরচকরা।
ব্যয়ী, ব্যয়যুক্ত, ব্যয়শীল, ব্যয়বিশিষ্ট।
ব্যর্থ, নিরর্থক, বিফল, বৃথা।
ব্যর্থতা, নিরর্থকতা, নিষ্ফলতা, বৈয়র্থ্য।
ব্যর্থীকৃত, নিষ্ফল, নিরর্থক, বিফল।
ব্যলীক, পীড়া; গতিবিপর্য্যয়; কামজ অপরাধ; অপ্রিয়; অকার্য্য; ভ্রষ্ট, দুষ্ট। [লম্পটতা।
ব্যলীকতা, দুষ্টতা; শঠতা; মূর্খতা;
ব্যসন, বিপৎ; কামজ কোপজ দোষ; অশুভ; অনিষ্ট ফল; পাপ।
ব্যসনার্ত্ত, দৈবী মানুষী পীডার্ত্ত, বিপন্ন।
ব্যসনী, ব্যসন বিশিষ্ট, বিপ্লুত, বিপদ্-যুক্ত।
ব্যস্ত, ব্যাকুল, সত্বর; প্রত্যেক, পৃথক্ পৃথক্; বিপরীত, ব্যত্যয়।
ব্যাকরণ, বেদাঙ্গবিশেষ, বর্ণ পদাদি-বোধক বিদ্যা।
ব্যাকার, বক্রতা; বৈকল্য, বিরূপ।
ব্যাকুল, উৎকণ্ঠিত, আকুল, কাতর; ইতি কর্ত্তব্যতা জ্ঞান শূন্য।
ব্যাকুলাত্মা, শোকাভিহত চিত্ত, উদ্বিগ্ন মনা, উৎকণ্ঠিত চিত্ত।
ব্যাকৃতি, ভঙ্গি; অঙ্গবৈকল্য।
ব্যাকোশ, বিকশিত, প্রকাশিত।
ব্যাকোষ, প্রফুল্ল, প্রকাশিত।
ব্যাখ্যা, বিবরণ, অর্থকরণ।
ব্যাখ্যাগম্য, উত্তরাভাস বিশেষ, অর্থ বিবরণ বিনা যাহা বোধগম্য হয় না।
ব্যাখ্যাত, বিবৃত; কথিত, উক্ত; বর্ণিত।
ব্যাখ্যান, অর্থ বিবরণ, অর্থ প্রকাশন।
ব্যাখ্যেয়, বিবরণীয়, বর্ণনীয়, ব্যাখ্যা করিবার যোগ্য, প্রকাশ্য।
ব্যাঘাত, বিষ্কম্ভাদি ২৭ যোগের অন্তর্গত ত্রয়োদশ যোগ; অন্তরায়, বিঘ্ন, প্রতিবন্ধক, আটক।
ব্যাঘাতী, প্রতিবন্ধকতা কারী, বিঘ্ন-কারক; রোধকারক। [দ্বীপী।
ব্যাঘ্র, জন্তুবিশেষ, বাঘ, শার্দ্দূল,
ব্যাঘ্রদল, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ।
ব্যাঘ্রনখ, নখীনামে গন্ধদ্রব্য; স্নুহী-বৃক্ষ, সিজগাছ; ব্যাঘ্রের নখ।
ব্যাঘ্রনখক, নখক্ষত, নখাঘাত।
ব্যাঘ্রনায়ক, শৃগাল, জম্বুক, শিয়াল।
ব্যাঘ্রপাদ, বিকঙ্কত বৃক্ষ, বঁইচীগাছ; মুনি বিশেষ; ব্যাঘ্রতুল্য চরণ।
ব্যাঘপুচ্ছ, এরণ্ডবৃক্ষ, ভেরেণ্ডাগাছ; ব্যাঘ্রের লাঙ্গুল।
ব্যাঘ্রাট, ভরদ্বাজপক্ষী, ভারুইপাখী।
ব্যাঘ্রাস্য, বিড়াল, মার্জ্জার, ব্যাঘ্রমুখ।
ব্যাঘ্রী, কণ্টকারীবৃক্ষ; ব্যাঘ্রপত্নী, বাঘিনী।
ব্যাজ, কপট, ছল; অযথার্থ ব্যবহার; বঞ্চনা; বাট্টা, সুদ, বৃদ্ধি; কাল-বিলম্ব।
ব্যাজনিন্দা, কপটকুৎসা, ছলদ্বারা-নিন্দন। [সুখ্যাতি।
ব্যাজস্তুতি, কপট প্রশংসা, মিথ্যা-
ব্যাজোক্তি, ছলবাক্য, কপট উক্তি।
ব্যাড়, সর্প; মাংসভক্ষকপশু; বঞ্চক।
ব্যাড়ায়ুধ, ব্যাঘ্রনখ নামে গন্ধদ্রব্য বিশেষ।
ব্যাড়ি, কোষকার মুনিবিশেষ।
ব্যাত্যুক্ষী, রসিক দিগের অন্যোন্য-জলক্রীড়ন।
ব্যাধ, মৃগ হিংসকজাতি, মৃগবধাজীব, মৃগয়ু, লুব্ধক, নিষাদ।
ব্যাধভীত, মৃগ, হরিণ।
ব্যাধাম, বজ্র, অশনি।
ব্যাধি, কুষ্ঠরোগ; পীড়া। [গাছ।
ব্যাধিঘাত, আরগ্বধবৃক্ষ, সোঁদালি
ব্যাধিত, ব্যাধি যুক্ত, আময়াবী, অপটু, আতুর, রোগী।
ব্যাধিহন্তা, বারাহী কন্দ, শূকরকন্দ-

বৃক্ষ; ব্যাধিঘাতক, রোগনাশক।
ব্যাধুত, কম্পিত, বায়ুবেগে আন্দোলিত। [সর্ব্বশরীরগ বায়ু।
ব্যান, শরীরস্থ পঞ্চবায়ুর অন্তর্গত-
ব্যাপক, ব্যাপন কারী, আচ্ছাদক; প্রগলভ; আড়ম্বর কারী।
ব্যাপকতা, প্রাগলভ্য; প্রাবল্য।
ব্যাপদ্, মৃত্যু; আপৎ, বিপদ্।
ব্যাপন, আচ্ছাদন; ব্যাপ্তি; বিস্তরণ, বিসর্পণ।
ব্যাপন্ন, মৃত, নষ্ট, গতাসু।
ব্যাপাদ, দ্রোহচিন্তন, অনিষ্টচিন্তন।
ব্যাপাদন, মারণ; পরানিষ্ট চিন্তন; হিংসাকরণ।
ব্যাপাদিত, মারিত, নাশিত।
ব্যাপার, কর্ম্ম; ব্যবসায়; লাভজনক কর্ম্ম; আড়ম্বর।
ব্যাপারী, ব্যাপারবিশিষ্ট; ব্যবসায়ী।
ব্যাপিকা, ব্যাপিনী; প্রগল্ভা স্ত্রী, প্রবলা।
ব্যাপী, ব্যাপক, আচ্ছাদক।
ব্যাপৃত, ব্যাপার যুক্ত; কর্ম্মসচিব, কার্য্যদক্ষ। [সমাক্রান্ত।
ব্যাপ্ত, সম্পূর্ণ; আচিত, আচ্ছন্ন;
ব্যাপ্তি, ব্যাপন, আচ্ছাদন।
ব্যাপ্য, ব্যাপ্তি বিশিষ্ট, ব্যাপনীয়; কুষ্ঠঔষধ, কুড়।
ব্যাবক্রোশী, পরস্পর আক্রোশন, পরস্পর ক্রোধ করণ। [নিয়োগ।
ব্যাবর্ত্ত, নাভিকন্টক; বেষ্টন; ঘুরণ;
ব্যাবর্ত্তনা, নিয়োগ, নিযুক্ত; পৃথক্ করণ; নিবর্ত্তন।
ব্যাবহারী, পরস্পর হরণ; ব্যবহারবিশিষ্ট; অনুষ্ঠানকারী।
ব্যাবহাসী, পরস্পর হসন।
ব্যাবৃত্ত, নিবৃত্ত, নিরাকৃত; পরাঙ্মুখ।
ব্যাবৃত্তি, খণ্ডন, নিরাকৃতি, নিরাকরণ।
ব্যাম, প্রসারিত দুই বাহু, বেঁয়ু।
ব্যামুগ্ধ, দুঃখিত, পীড়িত, ক্লিষ্ট।
ব্যামোহ, পীড়া, ব্যাধি, রোগ।
ব্যামোহক, পীড়াজনক, রোগকর্ত্ত্ব।
ব্যায়ত, দীর্ঘ; দৃঢ়, অতিশয়।
ব্যায়াম, শ্রম; মল্লক্রীড়া, কুস্তী।
ব্যাল, সর্প; শ্বাপদ; দুষ্টগজ; ব্যাঘ্র; শঠ, ধূর্ত্ত।
ব্যালক, দুষ্টগজ, অঙ্কুশদুর্দ্ধর।
ব্যালগ্রাহ, সর্পগ্রাহী, সাপুড়িয়া।
ব্যালগ্রাহী, ভিক্ষার্থ সর্পধারী; সর্প খেলক, সাপুড়িয়া, বাদিয়া, বিষবৈদ্য।
ব্যালনখ, গন্ধদ্রব্য বিশেষ।
ব্যালমৃগ, চিত্রব্যাঘ্র, চিতাবাঘ।
ব্যালম্ব, রক্ত এরণ্ডবৃক্ষ, রাঙ্গা ভেরাণ্ডা।
ব্যালায়ুধ, নখীনামে গন্ধদ্রব্য।
ব্যাস, বিস্তার; গোলের মধ্যরেখা; মুনিবিশেষ, বেদব্যাস।
ব্যাসক্ত, বিশেষেতে আসক্ত, সংলগ্ন।
ব্যাসঙ্গ, বিশেষেতে সংযোগ।
ব্যাসপিড়ী, পুরাণ কথকের বেদী।
ব্যাসপীঠ, ব্যাসপিড়ী, পুরাণাদিপাঠের আসন। [মৎস্যগন্ধা।
ব্যাসমাতা, বেদব্যাসজননী, সত্যবতী,
ব্যাসিদ্ধ, নিষিদ্ধ, নিবারিত।
ব্যাহত, বিশেষে আহত; ব্যর্থ; খণ্ডিত।
ব্যাহতি, ব্যাঘাত; বিঘ্ন; পরাজয়।
ব্যাহার, বাক্য; কথা, উক্তি।
ব্যাহৃতি, বাক্য; মন্ত্রবিশেষ।
ব্যুৎক্রম, ক্রম বিপর্য্যয়, ব্যতিক্রম, উৎক্রম, উলটা।
ব্যুত্থান, বিরোধাচরণ, প্রতিরোধন; নৃত্যবিশেষ, বিশেষে উত্থান।
ব্যুৎপত্তি, সংস্কার, জ্ঞান।
ব্যুৎপন্ন, সংস্কৃত, ব্যুৎপত্তি যুক্ত।
ব্যুৎপাদক, ব্যুৎপত্তিজনক, সংস্কারজনক।
ব্যুৎপাদ্য, ব্যুৎপত্তিজন্য; সংস্কার্য্য।
ব্যুষ্ট, ফলঃ দিন; প্রভাত; পর্য্যুষিত, বাসি; দগ্ধ।

ব্যুষ্টি, ফল ; সমৃদ্ধি ; স্তুতি।
ব্যূঢ় সংহত ; পৃথুল।
ব্যূঢ়ি, বিন্যাস, সংহতি; পৃথুলতা।
ব্যূত, তন্তুসন্তত, বোনা; সেলাইকরা।
ব্যূতি, বস্ত্রাদি বপন ক্রিয়া, কাপড় বোনা।
ব্যূহ, সমূহ, সংঘ, বর্গ, রাশি; যুদ্ধার্থ-সৈন্যরচনা, বলবিন্যাস ; তর্ক; সৈন্য। [বদ্ধ করণ।
ব্যূহন, সৈন্যসংস্থান, সেনাদের শ্রেণী-
ব্যোকার, লৌহকার,কর্ম্মকার, কামার।
ব্যোম; আকাশ, গগণ, নভোমণ্ডল ; জল ; অভ্রক।
ব্যোমকেশ, শিব, মহেশ, মহাদেব।
ব্যোমকেশী, মহাদেব, শঙ্কর, শিব।
ব্যোমচারী, অমর, দেবতা ; পক্ষী-খেচর।
ব্যোমধূম, মেঘ, জলধর। [পাখী।
ব্যোমনাসিকা, ভারতীপক্ষী, ভারুই-
ব্যোমমঞ্জর, পতাকা, ধ্বজা, নিশান।
ব্যোমমণ্ডল, ধ্বজা, পতাকা; আকাশ।
ব্যোমযান, বিমান, আকাশগামীরথ।
ব্যোমস্থলী, ভূমি ; নভঃস্থল।
ব্যোমোদক, দিব্যোদক, আকাশজল, শিশির।
ব্রজ, সমূহ ; গোষ্ঠ ; পন্থা ; অগ্রবন-ও মথুরার চতুষ্পার্শ্ববর্ত্তি দেশ।
ব্রজক, তপস্বী, যোগী।
ব্রজকিশোর, শ্রীকৃষ্ণ, ব্রজনাথ।
ব্রজন, গমন, পর্য্যটন।
ব্রজনাথ, শ্রীকৃষ্ণ, ব্রজের কর্ত্তা।
ব্রজবর, কেলিকদম্ব ; ব্রজভূমি।
ব্রজমণ্ডল, ব্রজভূমি, ব্রজস্থান।
ব্রজমোহন, শ্রীকৃষ্ণ, নারায়ণ।
ব্রজাঙ্গনা, গোপী ; ব্রজবালিকা।
ব্রজ্যা, পর্য্যটন, ভ্রমণ ; গমন ; বর্গ, সমূহ, সংঘ, সংহতি।
ব্রণ, ক্ষত, স্ফোটক, ফোড়া।
ব্রণকৃৎ, ক্ষতকারক।
ব্রণদ্বিট, ব্রাহ্মণযষ্টিকা বৃক্ষ, বামনহাটী গাছ; ব্রণঘাতক। [ঘাতক।
ব্রণহ, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ ; ব্রণ
ব্রণহা, গুড়ুচীলতা, গুলঞ্চ। [সংযম।
ব্রত, পুণ্যজনক উপবাসাদি, নিয়ম,
ব্রততি, লতা, বল্লী বিস্তার।
ব্রততী, লতা, বল্লী ; বিস্তার।
ব্রতভিক্ষা, উপনয়নকালীন ভিক্ষা।
ব্রতসংগ্রহ, দীক্ষা, উপদেশ, গুরুকরণ।
ব্রতাদেশ, উপনয়ন, সংস্কারবিশেষ।
ব্রতী, যজমান, ব্রতবিশিষ্ট ; গৃহীত ব্রত, নিয়মস্থ।
ব্রধ্ন, সূর্য্য ; বৃক্ষমূল; অর্কবৃক্ষ; আকন্দ গাছ ; শিব ; রোগবিশেষ।
ব্রশ্চন, ছেদন, কাটন, ছিন্নকরণ ; স্বর্ণাদি ছেদিকা, ছেনী, স্বর্ণ লোহাদি ভেদক। [ঈশ্বর, জগৎকর্ত্তা।
ব্রহ্ম, বেদ ; তত্ত্ব ; বিরাট ; হিরণ্যগর্ভ,
ব্রহ্মকন্যকা, বাগ্দেবী, সরস্বতী।
ব্রহ্মকুণ্ড, ব্রহ্মকর্ত্তৃক নির্ম্মিত সরোবর বিশেষ।
ব্রহ্মকূট, পর্ব্বত বিশেষ।
ব্রহ্মকূর্চ্চ, ব্রতবিশেষ।
ব্রহ্মগিরি, ব্রহ্মশৈল, ব্রহ্মপর্ব্বত।
ব্রহ্মঘ্নী, গৃহকন্যা, ঘৃতকুমারী ; ব্রহ্ম-ঘাতিনী।
ব্রহ্মচর্য্য, আশ্রম বিশেষ; সন্ন্যাসাশ্রম; প্রথমাশ্রম;ব্রতবিশেষ। [ব্রহ্মশাক।
ব্রহ্মচারিণী, ব্রহ্মচর্য্যব্রতধারিণী ; দুর্গা ;
ব্রহ্মচারী, প্রথমাশ্রমী, উপনয়নানন্তর নিয়ম করিয়া গুরুকুলে যিনি বেদা-ভ্যাস করেন ; সন্ন্যাসী।
ব্রহ্মজটা, দমনক বৃক্ষ, দয়না গাছ।
ব্রহ্মজীবী, দ্বিজকার্য্যেতে মূল্যদ্বারা পরিচারক, বৈতনিক ব্রাহ্মণ।
ব্রহ্মজ্ঞ, ব্রহ্মবেত্তা ; ব্রহ্মজ্ঞানী ; আত্ম-তত্ত্বজ্ঞ; বেদবিৎ। [তত্ত্বজ্ঞ, জ্ঞানী।
ব্রহ্মজ্ঞানী, ব্রহ্মজ্ঞান বিশিষ্ট, আত্ম-
ব্রহ্মণ্য, বিষ্ণু ; ব্রহ্মদারু বৃক্ষ ; মুঞ্জতৃণ,

মুঞ্জা; শনৈশ্চর গ্রহ।
ব্রহ্মণ্যদেব, শ্রীকৃষ্ণ, নারায়ণ।
ব্রহ্মতত্ত্ব, আত্মতত্ত্ব, ব্রহ্মধর্ম, ব্রহ্মস্বরূপ, ব্রহ্মজ্ঞান।
ব্রহ্মতালু, শিরোমধ্য ভাগ; টাকরা।
ব্রহ্মতীর্থ, পুষ্করমূল; পুষ্করতীর্থ।
ব্রহ্মত্ব, ব্রহ্মপদ, ব্রহ্মভূয়; ব্রহ্মসাযুজ্য, ব্রহ্মভাব, নির্ব্বাণ।
ব্রহ্মদণ্ড, ব্রাহ্মণযষ্টিকা; বশিষ্ঠমুনির সিদ্ধযষ্টি; ব্রহ্মশাপ।
ব্রহ্মদত্ত, ইক্ষ্বাকুবংশীয় রাজাবিশেষ।
ব্রহ্মদারু, অশ্বত্থাকার বৃক্ষবিশেষ।
ব্রহ্মদৈত্য, প্রেতযোনি প্রাপ্ত ব্রাহ্মণ।
ব্রহ্মনাল, কাশীস্থ তীর্থবিশেষ।
ব্রহ্মনিরূপণ, আত্মতত্ত্বনির্ণয়, ব্রহ্মনির্ণয়। [প্রাপ্তি।
ব্রহ্মনির্ব্বাণ, ব্রহ্মনির্বৃতি, নির্ব্বাণ-
ব্রহ্মপত্র, পলাশপত্র, পলাশ পাতা।
ব্রহ্মপবিত্র, কুশ, কুশা তৃণ।
ব্রহ্মপাদপ, পলাশবৃক্ষ, কিংশুক।
ব্রহ্মপুত্র, বিষভেদ, নদ বিশেষ, লৌহিত্য। [শূকর কন্দ।
ব্রহ্মপুত্রী, সরস্বতী নদী, বারাহীকন্দ,
ব্রহ্মপুরী, বিধাতার ধাম, ব্রহ্মার পুরী।
ব্রহ্মবদ্য, কথা, বাক্য।
ব্রহ্মবন্ধু, নিন্দিত ব্রাহ্মণ, অগ্রাহ্য ব্রাহ্মণ।
ব্রহ্মবর্চ্চস, ব্রাহ্মণের বৃত্তাধ্যয়ন জন্য-তেজঃ।
ব্রহ্মবর্ত্ত, দেশবিশেষ, ব্রহ্মাবর্ত্ত দেশ।
ব্রহ্মবর্দ্ধন, তাম্র, তামা।
ব্রহ্মবাদ, বেদপাঠ।
ব্রহ্মবাদিনী, গায়ত্রী, বেদমাতা।
ব্রহ্মবাদী, বেদবক্তা, বেদান্তী।
ব্রহ্মবিদ্যা, ব্রহ্মজ্ঞান, বেদান্তবিদ্যা।
ব্রহ্মবিন্দু, বেদপাঠে মুখনির্গত বিন্দু।
ব্রহ্মবৃত্তি, ব্রাহ্মণের জীবনোপায়, ব্রহ্মস্ব।
ব্রহ্মবৃক্ষ, পলাশবৃক্ষ; উড়ুম্বর বৃক্ষ।
ব্রহ্মবেদ, ব্রহ্মজ্ঞান, একাত্মবোধ।
ব্রহ্মবেদি, দেশবিশেষ।
ব্রহ্মভূতি, সন্ধ্যা।
ব্রহ্মভূয়, ব্রহ্মত্ব, ব্রহ্মভাব, ব্রহ্মসাযুজ্য।
ব্রহ্মমূর্দ্ধভৃৎ, শিব, মহাদেব, ত্রিলোচন।
ব্রহ্মমেখল, মুঞ্জা তৃণ।
ব্রহ্মযজ্ঞ, বিধিপূর্ব্বক বেদের অভ্যসন; শিষ্যদিগকে অধ্যাপন।
ব্রহ্মযোনি, পর্ব্বতবিশেষ, ব্রহ্মগিরি।
ব্রহ্মযোনী, কুরুক্ষেত্রে সরস্বতী তীরে-পৃথূদকনিকটস্থ তীর্থবিশেষ।
ব্রহ্মরন্ধ্র, উত্তমাঙ্গ, ব্রহ্মতালু।
ব্রহ্মরাত্রি, যাজ্ঞবল্ক্যমুনি; ব্রহ্মসম্বন্ধিনী নিশা। [গণবিশেষ।
ব্রহ্মরাক্ষস, ভূতবিশেষ; মহাদেবের-
ব্রহ্মরীতি, পিত্তলবিশেষ। [স্টয়।
ব্রহ্মর্ষিদেশ, কুরুক্ষেত্রাদি দেশ চতু-
ব্রহ্মলোক, ব্রহ্মার ভুবন; ব্রহ্মস্থান।
ব্রহ্মশল্য, বৃক্ষবিশেষ, বাবলা গাছ।
ব্রহ্মশাসন, ব্রহ্মবিচারগৃহ, ব্রহ্মের-আজ্ঞা। [গ্রন্থবিশেষ।
ব্রহ্মসংহিত, ভগবৎ সিদ্ধান্ত সংগ্রহ-
ব্রহ্মসর্প, সর্পবিশেষ।
ব্রহ্মসাযুজ্য, ব্রহ্মত্ব, ব্রহ্মভাব, ব্রহ্মপদ।
ব্রহ্মসাবর্ণি, দশম মনু।
ব্রহ্মসূ, প্রদ্যুম্ন; কামদেব। [বীত।
ব্রহ্মসূত্র, যজ্ঞসূত্র, উপবীত, যজ্ঞোপ-
ব্রহ্মসূনু, ইক্ষ্বাকুবংশোদ্ভব রাজাবিশেষ, ব্রহ্মদত্ত রাজা।
ব্রহ্মস্ব, ব্রাহ্মণ সম্বন্ধি ধন।
ব্রহ্মহত্যা, ব্রাহ্মণ হনন, ব্রাহ্মণ বধ।
ব্রহ্মহা, ব্রহ্মঘ্ন, ব্রাহ্মণ বধকর্ত্তা।
ব্রহ্মহুত, পঞ্চমহাযজ্ঞান্তর্গত যজ্ঞবিশেষ।
ব্রহ্মা, সৃষ্টিকর্ত্তা দেবতাবিশেষ, বিধাতা; ঋত্বিক্ বিশেষ।
ব্রহ্মাগ্রভূ, ঘোটক, অশ্ব।
ব্রহ্মাঞ্জলি, সামবেদ পাঠে স্বর বিভাগার্থ কৃত অঞ্জলি।
ব্রহ্মাণী, ব্রহ্মার পত্নী, ব্রহ্মশক্তি; দুর্গা; রেণুকা নামে গন্ধদ্রব্য।

ব্রহ্মাণ্ড, ভুবনকোষ, বিশ্বগোলক, জগৎ।
ব্রহ্মাত্মভূ, অশ্ব, ঘোটক।
ব্রহ্মাদিজাতা, গোদাবরী নদী।
ব্রহ্মাবর্ত্ত, দেশবিশেষ।
ব্রহ্মারণ্য, বেদপাঠভূমি।
ব্রহ্মার্পণ, ব্রহ্মেতে সমর্পণ।
ব্রহ্মাসন, ধ্যানাসন, যোগাসন।
ব্রহ্মাস্ত্র, ব্রহ্মস্বরূপ অস্ত্র।
ব্রহ্মিষ্ঠা, দুর্গা, ভগবতী।
ব্রহ্মী, পঙ্কগড়কমৎস্য, পাঁকালমাছ; শাকবিশেষ।
ব্রহ্মীঘৃত, ঔষধবিশেষ।
ব্রহ্মোত্তর, ব্রাহ্মণ স্বামিক ভূম্যাদি।
ব্রহ্মোদ্য, ব্রহ্মবাক্য, ব্রহ্মের কথা।
ব্রহ্মোপনেতা, পলাশবৃক্ষ; ব্রাহ্মণের-উপনয়নকর্ত্তা। [অন্ন।
ব্রহ্মৌদন, যজ্ঞে ঋত্বিক দিগের দত্ত-
ব্রাজি, বায়ু, বাতাস।
ব্রাত, সমূহ, সংঘ, ব্যাধাদি।
ব্রাত্য, দশসংস্কার রহিত, সংস্কারহীন, সাবিত্রীপতিত।
ব্রাত্যস্তোম, যজ্ঞবিশেষ।
ব্রাহ্ম, ব্রহ্মতীর্থ; ব্রহ্মপুরাণ; নারদ; বিবাহবিশেষ; ব্রহ্মোপাসক।
ব্রাহ্মণ, ব্রহ্মসংঘাত, ব্রাহ্মণসমূহ; দ্বিজ, জ্যেষ্ঠবর্ণ, বিপ্র; বেদভাগ বিশেষ।
ব্রাহ্মণব্রুব, ব্রাহ্মণজাতিমাত্র উপজীবী, বিষয়ি ব্রাহ্মণ।
ব্রাহ্মণযষ্টিকা, বৃক্ষবিশেষ, বামনহাটী।
ব্রাহ্মণহিত, ব্রাহ্মণেরহিতকারী; ব্রাহ্মণ্য।
ব্রহ্মণায়ন, শুদ্ধ সন্তান বিপ্র।
ব্রাহ্মণী, ব্রাহ্মণপত্নী; বামনহাটী; পৃক্কা-শাক, পিড়ীংশাক; বরটী, পিপীলিকা বিশেষ। [গ্রহ।
ব্রাহ্মণ্য, ব্রাহ্মণ সমূহ; ব্রাহ্মণত্ব; শনি-
ব্রাহ্মমুহূর্ত্ত, অরুণোদয় কালের প্রথম দণ্ডদ্বয়।
ব্রাহ্মাহোরাত্র, ব্রহ্মার দিবারাত্রি, দৈব-যুগ সহস্রদ্বয়, কল্পান্তরকাল।
ব্রাহ্মিকা, ব্রাহ্মণযষ্টিকাবৃক্ষ, বামনহাটী।
ব্রাহ্মী, দুর্গা; মাতৃকাবিশেষ, ব্রহ্মশক্তি; সরস্বতী; শাকবিশেষ; বামনহাটী; হিলমোচিকা শাক, হিংচা শাক; রোহিণী নক্ষত্র।
ব্রাহ্মীকন্দ, বারাহীকন্দ, শূকরকন্দ।
ব্রাহ্ম্য, বিস্ময়; ব্রহ্মসম্বন্ধীয়।
ব্রীড়, লজ্জা, ত্রপা।
ব্রীড়ন, ব্রীড়া, লজ্জা, ত্রপা।
ব্রীড়িত, লজ্জিত, ত্রপান্বিত।
ব্রীহি, ধান্য, শালি।
ব্রীহিক, ধান্যবিশিষ্ট, ধান্যযুক্ত।
ব্রীহিকাঞ্চন, মশূর, মশূরি কলাই।
ব্রীহিপর্ণী, শালপর্ণীবৃক্ষ, শালপাইন।
ব্রীহিভেদ, ধান্যবিশেষ, চীনাধান।
ব্রীহিময়, ব্রীহিনির্ম্মিত যজ্ঞীয় দ্রব্য।
ব্রীহিরাজিক, কঙ্গুধান্য, চীনকধান্য, চীনা ধান।
ব্রীহিশ্রেষ্ঠ, শালিধান্য, শরৎপকধান্য।
ব্রীহী, ব্রীহিযুক্ত ক্ষেত্রাদি, ধান্যযুক্ত-ক্ষেত।
ব্রীহ্যগার, ধান্যগৃহ, কুসূল, গোলা।
ব্রুবাণ, বক্তা, বাক্যনিষ্পাদক, কথক।
ব্রৈহ, ব্রীহিনির্ম্মিত, ধান্যনির্ম্মিত।
ব্রৈহেয়, আশুধান্যের উপযুক্ত ভূ-ম্যাদি।

ভ

ভ, ভকার, ব্যঞ্জনের চতুর্বিংশ বর্ণ, পবর্গের চতুর্থ বর্ণ; নক্ষত্র, গ্রহ; রাশি; ভ্রমর; ভ্রান্তি।
ভঁইষ, মহিষ, বয়ার, লুলাপ।
ভইড়, চরণ, পদ, পা।
ভইল, আকৃতি, অবয়ব; চিহ্ন।
ভক্ত, অন্ন, ওদন, ভাত; অনুরক্ত, তদ্গত, অনুগত; সেবক।
ভক্তকর, পাচক, সূপকার, অন্ন প্রস্তুত

কারক, রুসুইয়া, রাঁধুনী।
ভক্তকার, পাচক, সূদ, সূপকার, অন্নপাক কারক।
ভক্ততা, ভক্তত্ব, ভক্তের ভাব।
ভক্ততূর্য্য, ভোজনকালে বাদনীয়-বাদ্যবিশেষ।
ভক্তদাস, অন্নদাস, অন্নদ্বারা স্বীকৃত-দাসত্ব, পঞ্চদশ দাসান্তর্গত দাস-বিশেষ। [প্রতি স্নেহকারী।
ভক্তবৎসল, ভক্তানুগ্রাহক, ভক্তের-
ভক্তবিটল, কাল্পনিক ভক্ত, কপট ভক্ত।
ভক্তমণ্ড, অন্নাগ্ররস, ভাতের মাড; ফ্যান, নিঃস্রাব। [রক্তি; গৌণীবৃত্তি।
ভক্তি, বিভাগ; সেবা; শ্রদ্ধা, আনু-
ভক্তিমান্, ভক্তিযুক্ত, শ্রদ্ধাবিশিষ্ট।
ভক্তিযোগ, পরমেশ্বরের প্রতি ভজন সম্বন্ধ, শ্রদ্ধাযোগ। [শান্তরস।
ভক্তিরস, ভক্তিস্বরূপ রস, শ্রদ্ধারস;
ভক্তিল, সাধুঘোটক; প্রভুভক্ত অশ্ব; ভক্তি দাতা।
ভক্ত্যা, নট, নর্ত্তক; ভাঁড়।
ভগ, স্ত্রীচিহ্ন, যোনি; শ্রী; বীর্য্য; ইচ্ছা; জ্ঞান; বৈরাগ্য; কীর্ত্তি; মাহাত্ম্য; ঐশ্বর্য্য; যত্ন; ধর্ম্ম; মোক্ষ; যশঃ; সৌভাগ্য; কান্তি; সূর্য্য; চন্দ্র; পূর্ব্বফলগুনী নক্ষত্র।
ভগণ, নক্ষত্র সমূহ।
ভগদত্ত, নরক রাজার জ্যেষ্ঠ পুত্র, প্রাগজ্যোতিষ পুরাধিপ।
ভগদৈবত, পূর্ব্বফলগুনী নক্ষত্র।
ভগন্দর, অপান দেশে ব্রণরোগবিশেষ, গুহ্যদেশের রোগ।
ভগবতী, গৌরী; সরস্বতী; গঙ্গা।
ভগবৎ, ঐশ্বর্য্যাদিগুণবিশিষ্ট; শোভান্বিত। [র্য্যাদি বিশিষ্ট; পূজ্য।
ভগবান্, বুদ্ধ; শ্রীকৃষ্ণ; সূর্য্য; ঐশ্ব-
ভগভক্ষক, কুণ্ডাশী, কোটনা।
ভগাল, নর মস্তক, মনুষ্য শিরঃ।
ভগালী, শিব, মহাদেব।
ভগিনী, সহোদরা, স্বসা।
ভগিনীপতি, স্বসৃভর্ত্তা।
ভগীরথ, দিলীপরাজ পুত্র।
ভগোল, ভপঞ্জর, নক্ষত্রচক্র।
ভগ্ন, পরাজিত; মুটিত, চূর্ণিত, ভাঙ্গা; রোগবিশেষ। [ভগ্ন পাদ নক্ষত্র।
ভগ্নপাদর্ক্ষ, পুষ্কর নামে ছয় নক্ষত্র,
ভগ্নপৃষ্ঠ, সম্মুখ; মুটিত মেরুদণ্ড; চূর্ণীভূত পৃষ্ঠদেশ। [বিশেষ।
ভগ্নসন্ধি, শরীরের সন্ধিস্থান ভগ্নরোগ
ভগ্নসন্ধিক, ঘোল, তক্র।
ভগ্নাংশ, ভাঙ্গা ভাগ, খণ্ডিত অংশ।
ভগ্নাত্মা, চন্দ্র, বিধু, শশী; ভগ্নস্বরূপ।
ভগ্নাশ, হতাশ, দীর্ঘতৃষ্ণাভঙ্গযুক্ত, নির্ভরসা, নিরাশ।
ভগ্নী, ভগিনী, সহোদরা, বহিন।
ভঙ্কারী, দংশ, ডাঁশ, কীটবিশেষ।
ভঙ্ক্তা, ভঙ্গকর্ত্তা, ভগ্নকারক।
ভঙ্গ, তরঙ্গ; পরাজয়; খণ্ডন; ভাঙ্গা; রোগবিশেষ, বিচ্ছেদ, বিরাম; জল-নির্গম।
ভঙ্গন; খণ্ডন; পরাজয় করণ; ভেদন।
ভঙ্গবাসা, হরিদ্রা, হলুদ। [চাতুরী।
ভঙ্গরঙ্গ, অঙ্গের মনোহর বিন্যাস,
ভঙ্গসার্থ, কুটিল, বক্র; খল। [সিদ্ধি।
ভঙ্গা, বৃক্ষবিশেষ; ঔষধবিশেষ, ভাঙ,
ভঙ্গান, মৎস্যবিশেষ, ভাঙ্গন মাছ।
ভঙ্গারী, দংশ, ডাঁশ, কীটবিশেষ।
ভঙ্গি, বিচ্ছেদ; কৌটিল্য বিশেষ; অঙ্গ বিন্যাস বিশেষ; ভঙ্গ; ব্যাজ।
ভঙ্গিমা, ভঙ্গী, অঙ্গ চালন বিশেষ; লীলা; ইঙ্গিত; বক্রতা।
ভঙ্গুর, কুটিল, বক্র; নদীর বাঁক; ধ্বংসশীল, নশ্বর।
ভঙ্গুরা, অতিবিষা লতা; প্রিয়ঙ্গুবৃক্ষ।
ভচক্র, রাশিচক্র; নক্ষত্রচক্র।
ভজন, ভাগ; সেবা, উপাসনা।
ভজনা, উপাসনা, সেবা।

ভজনীয়, উপাসনীয়, উপাস্য, সেব্য, সেবনীয়।

ভজমান, ন্যায্য; ন্যায়াগত দ্রব্যাদি; ভাগকর্ত্তা; সেবাকর্ত্তা।

ভজিষ্ণু, উপাসক, সেবক।

ভজ্যমান, সেব্যমান; বিভাজ্যমান, বণ্টন করা।

ভঞ্জক, ভঞ্জনকর্ত্তা; ভঙ্গকারী; নিষ্পত্তিকারক। [নাশন।

ভঞ্জন, মোটন, ভাঙ্গন; ভেদন;

ভঞ্জনক, মুখরোগ বিশেষ।

ভঞ্জরু, বৃক্ষ বিশেষ।

ভঞ্জা, অন্নপূর্ণা; দুর্গা।

ভঞ্জিত, খণ্ডিত; চূর্ণিত; ভাঙ্গান।

ভঞ্জী, খণ্ডক, ভঞ্জনকর্ত্তা।

ভট, যোদ্ধা, সেনা; বীর; পামর বিশেষ; বর্ণসঙ্কর বিশেষ।

ভটা, ইন্দ্রবারুণী লতা; রাখালশসা।

ভটিত্র, শূলীপক্ক মাংসাদি, কাবাব, দগ্ধমাংস।

ভট্ট, জাতি বিশেষ, ভাট; মীমাংসাদি শাস্ত্র বেত্তা। [পক।

ভট্টাচার্য্য, শাস্ত্রবেত্তা, পণ্ডিত, অধ্যা-

ভট্টার, পূজ্য, পূজনীয়, মান্য।

ভট্টারক, নাট্যোক্তিতে রাজা; তপোধন; পূজ্য।

ভট্টারকবার, রবিবার।

ভট্টি, স্বনামখ্যাত রামকথাশ্রয় মহাকাব্য, কাব্যগ্রন্থ বিশেষ।

ভট্টিনী, নাট্যোক্তিতে অকৃতাভিষেকা রাজপত্নী; ব্রাহ্মণভার্য্যা।

ভট্‌ভট, পচনশব্দ, প্রতিধ্বনিবিশেষ।

ভড়, বর্ণসঙ্কর জাতি বিশেষ; বৃহৎ নৌকা।

ভড়ক, চাতুরী, গর্ব্ব; ধূর্ত্ততা; ফাঁকী।

ভড়কন, ত্রাসিত হওন, ভীতহওয়া।

ভড়কান, ভয়ে পলায়ন, বিদ্রাবণ।

ভড়কাল, স্বপ্রকাশক; প্রবঞ্চক; ভয়ঙ্কর।

ভড়িল, সেবক; শূর।

ভণন, কথন; শব্দকরণ; উদাহরণ।

ভণিত, শব্দিত; কথিত। [কের নাম

ভণিতা, গ্রন্থকর্ত্তার নাম প্রকাশ, রচ

ভণিতি, বাক্য; কথন। [ব্যাকুড়।

ভণ্টাকী, বার্ত্তাকী, বেগুন; বৃহতী,

ভণ্টুক, শ্যোনাকবৃক্ষ, শোনাইলগাছ।

ভণ্ড, ভাঁড়; কৌতুকী; ধূর্ত্ত।

ভণ্ডক, খঞ্জনপক্ষী।

ভণ্ডন, কবচ; যুদ্ধ; প্রতারণ।

ভণ্ডহাসিনী, গণিকা, বেশ্যা।

ভণ্ডামী, চাতুরী, ধূর্ত্ততা; ভণ্ডতা।

ভণ্ডি, বীচি, তরঙ্গ, ঢেউ।

ভণ্ডিকা, লতাবিশেষ মঞ্জিষ্ঠা লতা।

ভণ্ডির, বৃক্ষবিশেষ, শিরীষবৃক্ষ।

ভণ্ডিল, শিরীষবৃক্ষ; শুভ; দূত; শিল্পী।

ভণ্ডী, মঞ্জিষ্ঠা লতা; শিরীষবৃক্ষ।

ভণ্ডীতকী, মঞ্জিষ্ঠা লতা।

ভণ্ডীর, বৃক্ষবিশেষ, শিরীষবৃক্ষ।

ভণ্ডুক, মৎস্যবিশেষ।

ভণ্ডুর, প্রবঞ্চনা; ভঙ্গ; বিঘ্ন।

ভণ্‌ভণান, ভ্রমরের শব্দ, ঘুণ্‌ঘুণান।

ভদন্ত, বৃক্ষবিশেষ; পূজিত।

ভদাক, মঙ্গল, কল্যাণ, শুভ।

ভদ্র, কল্যাণ, মঙ্গল; কাঞ্চন; শিব; খঞ্জনপক্ষী; বৃষভ; সুমেরু; স্মৃহী বৃক্ষ; শ্রেষ্ঠ; সাধু। [মনোজ্ঞ

ভদ্রক, ভদ্রমুস্তক; দেবদারু বৃক্ষ;

ভদ্রকালী, কাত্যায়নী; গ্রামবিশেষ।

ভদ্রকুম্ভ, পূর্ণকুম্ভ, জলপূর্ণ ঘট।

ভদ্রগন্ধিকা, মুস্তক, মুতা।

ভদ্রঙ্কর, মঙ্গলকারক, ক্ষেমঙ্কর।

ভদ্রচূড়, বৃক্ষ বিশেষ, লঙ্কাসিজ।

ভদ্রজ, ইন্দ্রযব।

ভদ্রতুরগ, জম্বুদ্বীপের নববর্ষের অন্তর্গত বর্ষ বিশেষ।

ভদ্রদন্তিকা, দন্তীবৃক্ষ, ভদ্রদন্তী গাছ।

ভদ্রদারু, দেবদারু; সরলকাষ্ঠ।

ভদ্রনামা, কাষ্ঠকুট্টপক্ষী, কাঠ ঠোকরা।

ভদ্রনামিকা, বৃক্ষবিশেষ, বহলা গাছ।
ভদ্রনিধি, মহাদান বিশেষ।
ভদ্রপর্ণী, গাম্ভারী বৃক্ষ, গামার গাছ।
ভদ্রবৎ, দেবদারু বৃক্ষ।
ভদ্রবর্ম্মা, নবমল্লিকা।
ভদ্রবলন, বলরাম, বলদেব।
ভদ্রবলা, লতাবিশেষ,গন্ধভাদালিয়া।
ভদ্রবল্লী, মল্লিকা; মাধবী লতা; হাপর মালী।
ভদ্রমুঞ্জ, তৃণ বিশেষ।
ভদ্রমুস্তক, নাগর মুস্তক, নাগর মুতা।
ভদ্রযব, ইন্দ্রযব।
ভদ্ররেণু, ঐরাবত হস্তী।
ভদ্রশ্রয়, চন্দন, গন্ধ।
ভদ্রশ্রী, চন্দনবৃক্ষ।
ভদ্রসোমা, গঙ্গা, দেবনদী।
ভদ্রা, ব্যোমনদী; তিথিবিশেষ; গন্ধ ভাদালিয়া লতা; কট্‌ফল; জীবন্তী বৃক্ষ, অপরাজিতা লতা; বলা; বচা; হরিদ্রা; শ্বেতদূর্ব্বা, গঙ্গার স্রোতো বিশেষ, বুদ্ধ শক্তিবিশেষ।
ভদ্রাকরণ, মুণ্ডন, মুড়ান।
ভদ্রাত্মজ, খড়্গ, অসি।
ভদ্রাবতী, কট্‌ফলের বৃক্ষ।
ভদ্রাভদ্র, শুভাশুভ, মঙ্গলামঙ্গল।
ভদ্রারক, অষ্টাদশ ক্ষুদ্র দ্বীপান্তর্গত দ্বীপবিশেষ। [বিশেষ।
ভদ্রাশ্ব, পৃথিবীর নববর্ষান্তর্গত বর্ষ
ভদ্রাশ্রয়, চন্দন, গন্ধ। [বাটী।
ভদ্রাসন, নৃপাসন, সিংহাসন; বসতি-
ভদ্রেশ্বর, কম্পাগ্রামস্থ শিব; গ্রাম বিশেষ।
ভদ্রৈলা, স্থূলএলা, বড় এলাইচ।
ভদ্রোদনী, বলা; নাগবলা।
ভন্দড়, উদবিড়াল, জল মার্জ্জার।
ভন্দিল, শুভ; কম্প; দূত।
ভন্ধক, ভারতবর্ষান্তর্গত দেশ বিশেষ।
ভপঞ্জর, নক্ষত্র চক্র।
ভপতি, চন্দ্র, শশী, বিধু।
ভব, ফলবিশেষ, চালতা ফল; জন্ম, উৎপত্তি; শিব; সংসার; সত্তা; প্রাপ্তি।
ভবক, আশীর্ব্বাচক, আশীর্ব্বাদকর্ত্তা।
ভবঘস্মর, দাবানল, বনাগ্নি। [সতী।
ভবতী, বাণবিশেষ,বিষাক্ত শর; দীপ্তি-
ভবৎ, যুষ্মদর্থ; বর্ত্তমানার্থ।
ভবদারু, বৃক্ষবিশেষ, দেবদারু বৃক্ষ।
ভবদীয়, যুষ্মৎসম্বন্ধীয়, তোমার।
ভবন, গৃহ, বাটী, আলয়, ভাব; উৎপত্তি। [মোচিনী।
ভবনাশিনী, সরযূ নদী; দুর্গা; সংসার
ভবনীয়, ভবিতব্য, ভব্য; উৎপন্ন হইবার যোগ্য।
ভবন্ত, কালবিশেষ, বর্ত্তমান কাল।
ভবন্তি, বর্ত্তমান কাল, উপস্থিত কাল।
ভবভূতি, কবিবিশেষ; ভোজরাজের পণ্ডিত, মহাদেবের ঐশ্বর্য্য।
ভবাত্মজা, মনসা দেবী, বিষহরী।
ভবাদৃক্, যুষ্মৎ সদৃশ, তোমার তুল্য, ভবাদৃশ, ভবাদৃক্ষ।
ভবানী, ভবের ভার্য্যা, দুর্গা, পার্ব্বতী।
ভবানীগুরু, হিমালয় পর্ব্বত।
ভবাব্ধি, সংসাররূপ সমুদ্র, ভবসাগর।
ভবাভীষ্ট, গুগ্‌গুলু; শিবের বাঞ্ছিত।
ভবাম্বুধি, ভবসাগর, সংসাররূপ সমুদ্র।
ভবায়না, গঙ্গা, জাহ্নবী, সুরধুনী।
ভবিক, মঙ্গল, শুভ, কল্যাণ।
ভবিত, অতীতোৎপত্তিক, ভূত।
ভবিতব্য, ভবনীয়, ভব্য; ঈশ্বরাধীন-কর্ম্ম; বিধি নিরূপিত।
ভবিতব্যতা, ভাগ্য, অদৃষ্ট।
ভবিতা, ভবনশীল; ভূষ্ণু, ভবিষ্ণু, উৎপত্তি শালী।
ভবিন, কাব্যকর্ত্তা। [ভব্য, উত্তম।
ভবিল, উপপতি, বিড়া; লম্পট;
ভবিষ্ণু, ভবিতা, ভবনশীল।

ভবিষ্য, ভবিষ্যৎ কাল; পুরাণবিশেষ।
ভবিষ্যৎ, কালবিশেষ; অনাগত, আগামি, ভাবি। [বিষয়ের বক্তা।
ভবিষ্যদ্বক্তা, ভাবি কথক, অনাগত-
ভব্য, ফলবিশেষ, চালতা ফল; শুভ; সত্য; যোগ্য; ভাবি; কর্ম্মরঙ্গবৃক্ষ, কামরাঙ্গা; শিষ্ট, শান্ত।
ভব্যতা, সৌজন্য; শিষ্টতা; বিজ্ঞতা।
ভমরী, কাষ্ঠাদিভেদন অস্ত্র, তুরপণ।
ভম্র, ধূম, ধূঁয়া; মক্ষিকা, মাছি।
ভম্ররালিক, দংশক, ডাঁশ।
ভম্ররালী, মক্ষিকা, মাছী।
ভয়, ত্রাস, ভীতি, আতঙ্ক, আশঙ্কা।
ভয়খেকুয়া, শঙ্কান্বিত, ত্রাসিত, ভীত।
ভয়ঙ্কর, ভয়জনক, ভৈরব, দারুণ, ভীষণ, ভীষ্ম, ঘোর, ভয়ানক, ভয়াবহ।
ভয়ডিণ্ডিম, সংগ্রাম পটহ, রণবাদ্য।
ভয়দ্রুত, ভয়ে পলায়িত, কান্দিশীক।
ভয়নাশিনী, ত্রায়মাণা লতা, ভয়নাশকর্ত্রী, অভয়া, দুর্গা। [শঙ্কিত।
ভয়ভীত, ভয়ে আতঙ্কিত, ত্রাসে-
ভয়ভ্রষ্ট, ভয়দ্রুত, ভয়ে পলায়িত।
ভয়শীল, ভয়যুক্ত, ত্রাসিত, ভীত।
ভয়ানক, রসবিশেষ, শৃঙ্গারাদি নব রসের মধ্যে ষষ্ঠ রস; ভয়ঙ্কর, ভয়জনক; ব্যাঘ্র, রাহু। [নাশক।
ভয়াপহ, রাজ, পার্থিব, নৃপ, ভয়-
ভয়াবহ, ভয়ঙ্কর, ভয়জনক।
ভয়ার্ত্ত, ভয়াতুর, ভীত, ভয়ে পীড়িত।
ভর, অতিশয়; ভার; গুরুত্ব; ভরণকর্ত্তা, পোষণকারী।
ভরট, কুম্ভকার, কুমার।
ভরণ, বেতন, ভৃতি; পোষণ; পালন; পূর্ণকরণ; নিষ্পাদন; ভরণী নক্ষত্র।
ভরণী, লতা বিশেষ, ঘোষক লতা; অশ্বিন্যাদি ২৭ নক্ষত্রের অন্তর্গত দ্বিতীয় নক্ষত্র। [পাল্য।
ভরণীয়, ভরণযোগ্য, পোষ্য, প্রতি-
ভরণ্ড, পতি, স্বামী; ভূপাল; রাজা, বৃষ, ষাঁড়, ভূমি; কৃমি, কীট।
ভরণ্য, মূল্য, দাম; বেতন, ভৃতি।
ভরণ্যভুক্, কর্ম্মকর; বেতনগ্রাহী, মূল্য লইয়া কর্ম্মকারক।
ভরণ্যা, বেতন; মূল্য, দাম।
ভরণ্যু, মিত্র; অগ্নি; চন্দ্র; ঈশ্বর।
ভরত, নাট্যশাস্ত্র, মুনিবিশেষ; অলঙ্কারাদি শাস্ত্রের সূত্রকর্ত্তা; নট; রামানুজ, দশরথ পুত্র; দৌষ্মন্তি; শবর, ব্যাধ, তন্তুবায়; ক্ষেত্র; পক্ষিবিশেষ। [খণ্ড।
ভরতখণ্ড, ভারতবর্ষান্তর্গত কুমারিকা-
ভরতপুত্রক, নট।
ভরতপ্রসূ, কেকয়ী, ভরতজননী।
ভরতাগ্রজ, শ্রীরামচন্দ্র।
ভরথ, লোকপাল।
ভরদ্বাজ, মুনিবিশেষ, পক্ষিবিশেষ, ভারুই পাখী; গোত্রবিশেষ।
ভরপুর, পরিপূর্ণ, সম্পূর্ণ।
ভরসা, আশা; আশ্বাস, সাহস।
ভরসাতী, আশাপন্ন; সাহসী।
ভরা, ভরাট; পরিপূর্ণ, ভারযুক্ত।
ভরাণি, বেতন, ভৃতি, পূর্ণকরণ।
ভরাবুড়ী, পরিপূর্ণা নৌকা জলমগ্ন, বোঝাই নৌকা ডুবি; সর্ব্বনাশ, সমূল ধ্বংস।
ভরিণী, হরিদ্বর্ণ।
ভরিত, হরিদ্বর্ণ; পুষ্ট; ভারযুক্ত।
ভরিম, ভরণ, পোষণ।
ভরু, বিষ্ণু; সমুদ্র; স্বামী; স্বর্ণ, শিব।
ভরুজ, ক্ষুদ্রশৃগাল, ছোটশিয়াল।
ভরুটক, ভৃষ্ট আমিষ, ভাজা মাছ।
ভর্গ, শিব; জ্যোতিঃ; সূর্য্যের অন্তর্গত তেজঃ।
ভর্জন, ভৃষ্ট, ভাজা। [খোলা।
ভর্জনকপাত্র, ভাজনা খোলা, ভাজা-
ভর্জ্জনকপাল, ভাজাখোলা।
ভর্ত্তব্য, ভরণীয়, পোষণীয়, প্রতিপাল্য।

ভর্ত্তা, অধিপতি,অধিপ ; পতি, স্বামী ; ভরণকর্ত্তা, পোষণকারী।
ভর্ত্তি, পরিপূর্ণ, বোঝাই, ভারযুক্ত।
ভর্ত্তৃঘ্নী, পতিঘাতিনী।
ভর্ত্তৃদারক, নাট্যোক্তিতে যুবরাজ।
ভর্ত্তৃদারিকা, নাট্যোক্তিতে রাজসুতা।
ভর্ত্তৃহরি, স্বনাম খ্যাত কাব্য কর্ত্তৃ রাজ-বিশেষ, বিক্রমাদিত্যের ভ্রাতা।
ভর্ৎসন, কুৎসা, নিন্দা, জুগুপ্সা, গর্হা।
ভর্ৎসনা, তিরস্কার, নিন্দা ; ধমকান।
ভর্ম্ম, বেতন, ভৃতি ; স্বর্ণ ; ধুস্তুর ; নাভি।
ভর্ম্মণ্যা, বেতন, কর্ম্মমূল্য।
ভলন্দন, কান্যকুব্জদেশীয় নৃপবিশেষ।
ভল্ল, ভল্লূক ; শস্ত্রবিশেষ, ভালা।
ভল্লক, ভল্লূক, ভালুক, ঋক্ষ।
ভল্লপুচ্ছী, গোরক্ষ তণ্ডুলা, গোরক্ চাউল।
ভল্লাত, বৃক্ষবিশেষ, ভল্লাতক বৃক্ষ।
ভল্লাতক, ভল্লাতক বৃক্ষ, ভেলাগাছ।
ভল্লূক, জন্তুবিশেষ, ভালুক, ঋক্ষ।
ভষ, কুক্কুর ; কুকুর ; পিশুনোক্তি, ভর্ৎসন।
ভষক, কুক্কুর, কুকুর।
ভষণ, কুক্কুরের শব্দ, কুকুরের ডাক।
ভষা, লতা বিশেষ, স্বর্ণক্ষীরী লতা।
ভষী, শূনী, কুক্কুরী, কুত্তী।
ভসৎ, কাষ্ঠ ; অশ্বমাংস ; জঘন, যোনি ; কারণ্ডব পক্ষী, বক ; কাল।
ভসন, ভ্রমর, অলি, মধুকর।
ভসন্ত, কাল, সময়।
ভসিত, ভস্ম, ছাই।
মন্দাস্য, হ্রী, লজ্জা; কুৎসিত মুখ।
মন্দাক্ষ, ত্রপা, লজ্জা; কুৎসিত চক্ষুঃ।
মন্দিকুকুর, মৎস্যবিশেষ।
মন্দির, ভবন, গৃহ; দেবালয়।
মন্দিরপশু, বিড়াল, মার্জ্জার।
মন্দিরা, মন্দির, গৃহ; বাদ্যযন্ত্রবিশেষ।
মন্দুরা, অশ্বশালা, আস্তবল; শয়নীয়ার্থ বস্তু, মাদুর।
মন্দোদরী, রাবণমহিষী, ময় দানবের কন্যা; শয়নীয় বস্তু, মাদুর।
মন্দোদরীশ, রাবণ, দশানন, লঙ্কেশ্বর।
মন্দোদরীসুত, ইন্দ্রজিৎ, মেঘনাদ।
মন্দোষ্ণ, ঈষদুষ্ণ, অল্প গরম।
মন্দ্র, গভীরধ্বনি; বাদ্যবিশেষ; মৃদঙ্গ।
মন্মথ, মদন, কন্দর্প, কামদেব; কপিত্থ বৃক্ষ, কথবেলের গাছ।
ময়, উষ্ট্র, উট; অশ্বতর, খচ্চর; দানব বিশেষ, দৈত্যদিগের শিল্পী; তদাত্মক, তৎ স্বরূপ।
ময়ট, তৃণযুক্ত হর্ম্ম্য।
ময়না, পক্ষিবিশেষ, মদনা পাখী।
ময়রা, বর্ণসঙ্কর জাতিবিশেষ, মধুনাপিত, মোদক।
ময়লা, মল, মলা; অপরিষ্কৃত, মলিন।
ময়লাটিয়া, সমল, অপরিষ্কৃত।
ময়ষ্টক, বনমুদ্গ, বনমুগ। [চেষ্টা।
ময়া, চিকিৎসা, রোগের প্রতিকার-
ময়ান, গোধূম চূর্ণের সহিত ঘৃতমিশ্রণ, ময়দায় ঘৃতাদি মিশান।
ময়ী, উষ্ট্রী, উটের স্ত্রী।
ময়ু, কিন্নর, গন্ধর্ব্ব; মৃগ, হরিণ।
ময়ুরাজ, কুবের, যক্ষরাজ, ধনাধিপ।
ময়ূখ, কিরণ, দীপ্তি, জ্যোতিঃ।
ময়ূর, পক্ষি বিশেষ, শিখী, কেকী; অপামার্গ বৃক্ষ, আপাং গাছ।
ময়ূরক, অঞ্জনবিশেষ; তুতিয়া; অপামার্গ বৃক্ষ, আপাং গাছ; ময়ূর; ময়ূর শিখা।
ময়ূরগ্রীবক, তুথ, তুঁতিয়া, তুতে।
ময়ূরচটক, গৃহকুক্কুট, কপোত, পারাবত।
ময়ূরচূড়া, ময়ূরশিখা, ময়ূরের ঝোঁটন।
ময়ূরজঙ্ঘ, শ্যোনাক বৃক্ষ, শোনালি গাছ।
ময়ূরপদক, নখাঘাত, নখের আঁচড়।
ময়ূরারি, কৃকলাস বিশেষ, গিরগিট।
ময়ূরী, ময়ূর স্ত্রীজাতি, শিখিনী।
মরক, মারী, মড়ক, লোক সমূহের বিনাশক রোগ।
মরকত, হরিদ্বর্ণ মণি বিশেষ, পান্না।
মরক্ত, মরকত মণি, পান্না।
মরণ, বিজাতীয় আত্ম মনঃসংযোগের ধ্বংস, পঞ্চত্ব, কালধর্ম্ম, অত্যয়, অন্ত, নাশ, মৃত্যু, নিধন, নিপাত, মহানিদ্রা, মহাপথগমন।
মরত, মরণ, মৃত্যু, কালপ্রাপ্তি।
মরন্দ, মকরন্দ, পুষ্পমধু, পুষ্পাসব।
মরা, মৃত, গতাসু, মড়া, শব, শুষ্ক।
মরাই, প্রচুর ধান্যাদি রক্ষণ স্থান, ধানের গোলা, কড়ুই।
মরাকালী, বৃশ্চিকালী লতা, বিছাটী।
মরাটিয়া, মৃতপ্রায়; শুষ্ক, নিস্তেজঃ।
মরাধার, ভোতা, অতীক্ষ্ণ।
মরামাংস, মস্তকের চামড়ী, খুকী।
মরার, শস্য রক্ষণ স্থান, মরাই, গোলা।
মরাল, রাজহংস; কারণ্ডব, বক; তুরঙ্গম, ঘোড়া; মেঘ; মসৃণ, স্নিগ্ধ।
মরালক, কলহংস, রাজহাঁস, পাতিহাঁস।

মরিচ, ক্ষুদ্র বর্ত্তুলাকার কটুদ্রব্যবিশেষ, গোল মরিচ।
মরিচপত্রক, বৃক্ষবিশেষ, সরল গাছ।
মরিমা, মৃত্যু, মরণ, নাশ। [মরীচ।
মরীচ, গোলাকার কটুরস দ্রব্য, গোল
মরীচি, মুনিবিশেষ; কিরণ, রশ্মি; ছয়টা ত্রসরেণু পরিমাণ। [ভ্রম।
মরীচিকা, মৃগতৃষ্ণা, সূর্য্যকিরণে জল-
মরীচিমালা, সূর্য্যাদির কিরণ মণ্ডল, দীপ্তি সমূহ। [বিশিষ্ট।
মরীচিমালী, সূর্য্য; চন্দ্র; কিরণমণ্ডলী-
মরু, নির্জ্জল দেশ, পর্ব্বত, বৃক্ষবিশেষ।
মরুজ, নখী নামে গন্ধদ্রব্য বিশেষ; মরুদেশ জাত।
মরুটা, উচ্চ ললাট যুক্তা স্ত্রী, উচ্চ কপাল বিশিষ্টা নারী।
মরুত, পবন, বাতাস, বায়ু; দেবতা।
মরুৎ, বায়ু; গ্রন্থিপর্ণ বৃক্ষ, গাঁটিয়াল গাছ; পৃক্কাশাক, পিড়িংশাক।
মরুৎকর, কলায় বিশেষ, রাজমাষ, বরবটী। [কোণ।
মরুৎকোণ, পশ্চিমোত্তর কোণ, বায়ু-
মরুৎক্রিয়া, অপানোৎসর্গ, বাতকর্ম্ম।
মরুত্ত, চন্দ্রবংশীয় রাজা বিশেষ।
মরুৎপথ, আকাশ, গগণ, অন্তরীক্ষ।
মরুৎপাল, ইন্দ্র, শক্র, শচীপতি।
মরুৎপুত্র, ভীমসেন; হনূমান।
মরুৎপ্লব, সিংহ, কেশরী, মৃগেন্দ্র।
মরুৎফল, ঘনোপল, শিল, করকা, বর্ষোপল। [পবন নন্দন।
মরুত্বান্, দেবরাজ, ইন্দ্র; হনূমান্,
মরুৎসখ, দেবরাজ, ইন্দ্র; অগ্নি।
মরুদিষ্ট, গুগগুলু, গুগ্গুল্।
মরুদ্ধ্বজ, বাতভুল, আকাশবুড়ীর সূতা।
মরুদ্ভবা, লতা বিশেষ, ক্ষীরাই লতা।
মরুদ্রথ, অশ্ব, ঘোটক; বিমান, দেবরথ, দেব যান।
মরুদ্রুম, খদির বিশেষ, বিট্খদির।
মরুদ্বর্ত্ম, আকাশ, অন্তরীক্ষ, গগণ।
মরুদ্বাহ, ধূম, ধুঁয়া; অগ্নি, অনল।
মরুদ্দ্বিপ, উষ্ট্র, উট।
মরুন্মালা, পৃক্কাশাক, পিড়িংশাক।
মরুপ্রিয়, উষ্ট্র, উট। [দানা গাছ।
মরুব, বৃক্ষবিশেষ, মরুআ গাছ, নাগ
মরুবক, বৃক্ষ বিশেষ; ময়না কাঁটা; জম্বীর বিশেষ; পুষ্পবৃক্ষ বিশেষ; ব্যাঘ্র; ভয়ানক।
মরুভূ, দাশেরক দেশ, মারওয়ার দেশ।
মরুভূমি, নির্জ্জল দেশ; বৃক্ষ লতা তৃণাদি হীন স্থল, শুষ্ক দেশ।
মরুভূরুহ, করীরবৃক্ষ; মরুভূমিজাত।
মরুল, কারণ্ডব পক্ষী, বক।
মরূক, মৃগ বিশেষ; ময়ূর, শিখী।
মরোলি, জলজন্তু বিশেষ, মকর।
মর্ক, কপি, বানর; দেহ; বায়ু।
মর্ক্কক, গলগণ্ড পক্ষী, হাড়গিলা।
মর্কট, বানর, কপি, মাকড়সা; স্থাবর-বিষ, কাঠবিষ; গলগণ্ড পক্ষী, হাড়-গিলা।
মর্কটক, শস্যবিশেষ; বানর; মাকড়সা; মৎস্যবিশেষ; দৈত্য। [গাছ।
মর্কটপিপ্পলী, অপামার্গবৃক্ষ, আপাং
মর্কটপ্রিয়, ক্ষীর বৃক্ষ, খিরাই গাছ।
মর্কটবাস, লূতাতন্তু, মাকড়সার জাল।
মর্কটশীর্ষ, হিঙ্গুল।
মর্কটাস্য, বানরমুখ; তাম্র, তাঁবা।
মর্কটী, বানরী; অপামার্গ বৃক্ষ, আপাং গাছ।
মর্কর, ভৃঙ্গরাজ বৃক্ষ, ভীমরাজ গাছ।
মর্চ্চা, লৌহমল, মড়িচা, মলা।
মর্চ্চাধরা, সমল, কলঙ্কযুক্ত, ময়লা।
মর্জ্জ, শোধন, শুদ্ধি, রজক, ধোবা।
মর্ত্ত, মনুষ্য, নর; সদ্য উপনীত ব্রাহ্মণ।
মর্ত্তব্য, মরিবার যোগ্য; নাশ্য।
মর্ত্ত্য, নর, মনুষ্য; মধ্যম লোক।
মর্ত্ত্যপুর, মর্ত্ত্যলোক; পৃথিবী, ধরণী।
মর্দ্দন, অঙ্গমর্দ্দন, গা চাপা, গা টেপা, সম্বাহন; পেষণ; চূর্ণন; ডলন।

মর্দ্দল, বাদ্যবিশেষ, মাদল।
মর্দ্দিত, চূর্ণিত; পেষিত, দলিত।
মর্ম্ম, স্বরূপ; তত্ত্ব; সন্ধিস্থান; জীব স্থান; অভিপ্রায়; সার; বিষয়; গুপ্ত; হেতু; তাৎপর্য্য।
মর্ম্মকীল, ভর্ত্তা, স্বামী, প্রভু।
মর্ম্মজ্ঞ, মর্ম্মবেত্তা, রহস্যজ্ঞ, তাৎপর্য্য জ্ঞাতা। [পর্য্যজ্ঞ।
মর্ম্মবিৎ, মর্ম্মজ্ঞ, যথার্থজ্ঞাতা, তাৎ-
মর্ম্মবেদী, মর্ম্মবিৎ, মর্ম্মিক, তত্ত্বজ্ঞ।
মর্ম্মভেদ, আন্তরিক দুঃখ; মনো-ব্যথা, মজ্জা বিঁধন। [শব্দ।
মর্ম্মর, বস্ত্র এবং পত্রের ধ্বনি; মড়মড়
মর্ম্মর', পীতদারু, দারু হরিদ্রা।
মর্ম্মরীক, দীন, দুঃখী, নিরন্ন।
মর্ম্মস্থান, জীবস্থান, মজ্জা।
মর্ম্মস্পৃক, মর্ম্মপীড়ক, অরুন্তুদ, আন্তরিক ব্যথাদায়ক।
মর্ম্মাধীন, অতি গূঢ়, অতিগুপ্ত।
মর্ম্মান্তিক, আন্তরিক; মর্ম্মভেদক, অন্তঃপীড়ক।
মর্ম্মাবিৎ, সন্ধিস্থান বেধন কর্ত্তা; গ্রন্থিস্থান বেধন কারক।
মর্ম্মিক, তত্ত্বজ্ঞ, মর্ম্মজ্ঞ।
মর্য্যা, সীমা, পর্য্যন্ত। [শিষ্ট।
মর্য্যাদক, মর্য্যাদা কর্ত্তা, সম্মানপ্রদ,
মর্য্যাদা, ন্যায় পথে স্থিতি; সম্মান, সম্ভ্রম; সীমা, পর্য্যন্ত।
মর্য্যাদান্বিত, সম্ভ্রান্ত, মর্য্যাদাবিশিষ্ট।
মর্ষ, ক্ষান্তি, সহিষ্ণুতা।
মর্ষণ, ক্ষমা; সহ্যতা।
মর্ষিত, ক্ষমাযুক্ত, ক্ষান্তি বিশিষ্ট, সহনশীল। [ভাগ।
মল, পাপ; বিষ্ঠা; কিট্ট, ময়লা; অসার
মলকা, খাদ, ত্যাজ্য বস্তু, ওঁছা।
মলঘ্ন, মলনাশক, পরিষ্কারক।
মলঙ্গী, বৈতনিক লবণ কারক, লবণ প্রস্তুতকর্ত্তা।
মলজ, পূয়, পূঁজ; ক্লেদ।

মলদূষিত, মলিন, ময়লা, অপরিষ্কৃত।
মলদ্রাবী, জয়পালের বীজ, মল রেচক ঔষধ। [শিবির, তাঁবু।
মলন, মর্দ্দন, পেষণ, ঘর্ষণ, ডলন;
মলনিয়া, মর্দ্দক, পেষণ কারক।
মলবন্ধ, কোষ্ঠবন্ধ, বিসূচিকা।
মলভুক্, কাক, বায়স।
মলম, প্রলেপনীয় ঔষধ বিশেষ।
মলমাস, অধিমাস, অসংক্রান্ত মাস।
মলম্বা, স্বর্ণপত্র, সোণালা, সোণার পাত।
মলয়, পর্ব্বতবিশেষ, দক্ষিণাচল, চন্দনাদ্রি; দেশ বিশেষ; নন্দন বন; উপদ্বীপ বিশেষ।
মলয়গন্ধিনী, উমার সখী বিশেষ।
মলয়জ, চন্দন, শ্রীখণ্ড; রাহু গ্রহ।
মলয়াচল, মলয়পর্ব্বত, দক্ষিণাচল।
মলয়ানিল, বসন্তকালীন বায়ু, মলয় পর্ব্বতাগত বাতাস।
মলয়োদ্ভব, শ্রীখণ্ড, চন্দন।
মলা, ভূমি আমলকী; কিট্ট, কলঙ্ক, মর্চ্যা, খাদ।
মলাকর্ষী, হড়ড, হাড়ি, মেথর।
মলাকা, কামিনী; হস্তিনী; দূতী।
মলাপকর্ষণ, পাপমোচন; মল দূরীকরণ; ময়লা ছাড়ান।
মলাপহা, নদী বিশেষ।
মলাবহ, পাপবিশেষ, মলিনতা জনক।
মলিন, মলযুক্ত বস্তু, মলদূষিত; কৃষ্ণবর্ণ, কাল; পাপগ্রস্ত; মর্চ্যা ধরা; শুষ্ক, ম্লান। [ম্লতা।
মলিনতা, মালিন্য; বিরসতা, অপ্রফু-
মলিনমুখ, অগ্নি; গোলাঙ্গুল; ভূত, প্রেত; ক্রূর, খল; ম্লান বদন।
মলিনাম্বু, মসী, কালী। [বদন।
মলিনাস্য, খল, ক্রূর, বিরসমুখ, শুষ্ক-
মলিনী, রজস্বলা নারী, ঋতুমতী স্ত্রী।
মলিম্লুচ, মলমাস; অগ্নি; তস্কর, চৌর; বায়ু।
মলিষ্ঠা, ঋতুমতী স্ত্রী, রজস্বলা নারী।

মলীমস, মলিন, ময়লা; লৌহ,লোহা।
মলূক, কৃমি বিশেষ।
মলূকা, শস্যকণা, খুদ।
মল্ল, বাহুযোদ্ধা, কুস্তিগীর; বলিষ্ঠ, বলবান্; পাত্র; কপোল; মৎস্য বিশেষ; বর্ণসঙ্কর জাতি বিশেষ, মালা; দেশ বিশেষ।
মল্লক, দন্ত, দাঁত; দীপাধার, পিলসুজ; মল্লিকা পুষ্প; প্রদীপ।
মল্লজ, মরিচ, কটুরস যুক্ত ক্ষুদ্র ফল বিশেষ, গোল মরিচ।
মল্লতূর্য্য, বাদ্যবিশেষ।
মল্লনাগ, বাৎস্যায়ন মুনি।
মল্লভূ, মল্লভূমি, মল্লক্রীড়া স্থান, কুস্তির স্থান, রঙ্গভূমি।
মল্লভূমি, মল্লক্রীড় স্থান, রঙ্গভূমি।
মল্লযাত্রা, মল্লদিগের যুদ্ধার্থ যাত্রা।
মল্লযুদ্ধ, মল্লদিগের সংগ্রাম; বাহু যুদ্ধ, মল্লক্রীড়া। [গীর।
মল্লযোদ্ধা, বাহুদ্বারা যুদ্ধকারী, কুস্তি-
মল্লা, নারী; মল্লিকাবৃক্ষ।
মল্লার, রাগ বিশেষ, ছয়রাগের মধ্যে দ্বিতীয় রাগ। [রাগিণী।
মল্লারী, রাগিণী বিশেষ, বসন্ত রাগের
মল্লি, মল্লিকাপুষ্পের বৃক্ষ।
মল্লিক, হংসবিশেষ; উপাধি বিশেষ।
মল্লিকা, পুষ্প বিশেষ, বেল ফুল; মৎস্য বিশেষ; মৃত্তিকাপাত্র বিশেষ।
মল্লিকাখ্য, হংস বিশেষ, বালিহাঁস।
মল্লিকাপুষ্প, পুষ্পবিশেষ; মল্লিকা ফুল; কুটজবৃক্ষ; করুণালেবু।
মল্লিকাক্ষ, হংস বিশেষ; ঘোটক বিশেষ।
মল্লিগন্ধি, অগুরু। [গাছ।
মল্লী, মল্লিকাপুষ্প বৃক্ষ, বেলফুলের
মল্লীকর, চৌর, তস্কর, চোর।
মল্লু, ভালুক, ভল্লূক, ঋক্ষ।
মশক, কীট বিশেষ, মশা; চর্ম্মনির্ম্মিত জলাধার; মসক্; রোগবিশেষ।

মকশী, উদুম্বর বৃক্ষ, যজ্ঞডুমুর।
মশহরী,মশকনিবারক প্রাবরণ বিশেষ, মশারী, চতুষ্কী।
মশা, মশক, দংশক কীট বিশেষ।
মশুন, কুক্কুর, কুকুর।
মষিকূপী, মস্যাধার, দোয়াত।
মষিধান, মস্যাধার, দোয়াত। [গাছ।
মসন, সোমরাজী বৃক্ষ, সোমরাজের
মসরা, মসূর, মসুরী কলাই।
মসার, মণিবিশেষ, ইন্দ্রনীল মণি।
মসি, লেখন দ্রব্যবিশেষ, মসিজল, কালী, মলিনাম্বু; শেফালিকাবৃন্ত, শিউলিফুলের বোঁটা।
মসিকা, শেফালিকা, শিউলি।
মসিধান, মস্যাধার, দোয়াত, বর্ণকূপিকা।
মসিধানী, মস্যাধার, দোয়াত।
মসিপণ্য, লেখক, লিপিকর। [কলম।
মসিপ্রসূ,মস্যাধার,দোয়াত; লেখনী,
মসী, কালী, মসীজল, মলিনাম্বু; শেফালিকাবৃন্ত, শিউলি ফুলের বোঁটা।
মসীজল, কালী, মলিনাম্বু।
মসীজীবী, লেখক, লিপিকর।
মসীধানী, মস্যাধার, দোয়াত।
মসীনা, শস্যবিশেষ, তিসী।
মসুর, কলায় বিশেষ; মসূরিকলাই।
মসুরা,বেশ্যা,বারাঙ্গনা; মসূরিকলাই।
মসূর, কলয়বিশেষ, মসূরিকলাই।
মসূরক,উপবর্হবিশেষ, গোল বালিশ।
মসূরিকা, বসন্তরোগ, পাপরোগ, রক্তবটী; মশহরী, মশারী।
মসূরী, পাপরোগ, বসন্তরোগ।
মসৃণ, অকর্কশ,কোমল; স্নিগ্ধ,শীতল।
মসৃণা, মসিনা, তিসী।
মস্কর, বংশ, বাঁশ; সরন্ধ্র বংশ, ছেঁদা বাঁশ, তল্‌তা বাঁশ।
মস্করা, গল্পকারক, পরিহাসক, ভণ্ড।
মস্করাম, পরিহাসকরণ, ভণ্ডাম করণ।

মস্করী, ভিক্ষু, ভিক্ষুক ; চন্দ্র, শশী।
মস্ত, মস্তক, শিরোদেশ, প্রধান অঙ্গ।
মস্তক, প্রধানাঙ্গ, উত্তমাঙ্গ, শিরঃ, শীর্ষ, মূর্দ্ধা, মুণ্ড, মৌলি, মাথা।
মস্তকস্নেহ, শিরোমজ্জা, মস্তিষ্ক, মাথার ঘি। [বৃক্ষাগ্র।
মস্তকাখ্য, বৃক্ষশিরঃ ; গাছের আগা,
মস্তদারু, দেবদারু বৃক্ষ।
মস্তমূলক, শিরোধর, মস্তকের অধোভাগ, গ্রীবা, ঘাড়। [মজ্জা, মগজ।
মস্তিষ্ক, মস্তকজাত ঘৃতাকার স্নেহ,
মস্তু, দধিজাত মণ্ড, দধির মাৎ; দধির-জল ; দ্বিগুণ জলযুক্ত দধি। [ঘি।
মস্তুলুঙ্গ, মস্তকস্নেহ, মস্তিষ্ক, মাথার
মহ, উৎসব ; তেজঃ, যজ্ঞ।
মহতী, বীণাবিশেষ, বৃহৎ, বড়।
মহতীদ্বাদশী, শ্রবণদ্বাদশী।
মহৎ, বৃহৎ, বিশাল ; পৃথুল ; বিপুল, স্থূল, বড় ; শ্রেষ্ঠ, উত্তম, প্রধান।
মহত্তত্ত্ব, চতুর্বিংশতি তত্ত্বের অন্তর্গত দ্বিতীয় তত্ত্ব।
মহত্তর, অতিশয় মহৎ ; শূদ্র, দাস।
মহত্ত্ব, শ্রেষ্ঠত্ব, ভদ্রত্ব, মহতের ভাব, প্রধানত্ব।
মহত্রাণ, বিনা কর শূদ্রের ভোগ্যা ভূমি, শূদ্রের নিষ্কর ভূমি।
মহন, মন্থন, আলোড়ন, মওয়া।
মহর্লোক, ভূর্লোকাদি সপ্ত লোকের অন্তর্গত চতুর্থ লোক।
মহর্ষি, শ্রেষ্ঠ ঋষি ; বেদব্যাসাদি মুনি।
মহল্লক, অন্তঃপুর রক্ষক, কঞ্চুকী, খোজা।
মহল্লিক, অন্তঃপুর রক্ষক, খোজা।
মহস, জ্ঞান ; প্রকার।
মহা, লতাবিশেষ, গোরক্ষ চাকুলিয়া লতা ; স্ত্রী গবী, গাভী।
মহাকচ্ছ, সমুদ্র ; বরুণ ; পর্ব্বত।
মহাকণ্টকিনী, ফণিমনসা।
মহাকপিত্থ, বিল্ববৃক্ষ, বেল গাছ।
মহাকরঞ্জ, করঞ্জবিশেষ, বড় করঞ্জা।
মহাকর্ণিকার, আরগ্বধ বৃক্ষ, শোঁদালি গাছ।
মহাকাব্য, কাব্য শাস্ত্রবিশেষ।
মহাকায়, বৃহৎ শরীর ; নন্দী, শিবের-দ্বারপাল, হস্তী।
মহাকার্ত্তিকী, রোহিণী নক্ষত্র যুক্তা-কার্ত্তিকী পূর্ণিমা।
মহাকাল, শিবের মূর্ত্তিবিশেষ ; প্রমথ-গণবিশেষ, মাকাল ফল।
মহাকুল, উত্তম কুলজাত, কুলীন, অভিজাত, সদ্বংশ, কুলশ্রেষ্ঠ।
মহাকুলীন, উত্তম কুলে উৎপন্ন, সদ্বংশীয়, অভিজাত।
মহাকূপ, বৃহৎ কূপ, বড় কূয়া।
মহাকুলজ, মহাকুলীন, সৎকুলে জাত, সদ্বংশ্য।
মহাগদ, রোগবিশেষ, মহাব্যাধি।
মহাগন্ধ, চন্দনবিশেষ, কুটজবৃক্ষ ; জলবেতস।
মহাগন্ধা, ওষধি বিশেষ।
মহাগব, গবয়, বনগো, চমরী।
মহাগিরি, বৃহৎ পর্ব্বত, বৌদ্ধবিশেষ।
মহাগুরু, অতিগুরু ; পিতা-মাতা-আচার্য্য।
মহাগুরুনিপাত, পিতৃ মাতৃ বিয়োগ।
মহাগোধূম, বৃহৎ গোধূম, বড় গম।
মহাগ্রীব, উষ্ট্র, উট, বৃহৎগ্রীবাযুক্ত।
মহাঘূর্ণা, সুরা, মদ্য ; অতিশয় ভ্রমি।
মহাঘোর, অতিশয় ভয়ানক ; অতি-শয় অন্ধকার ; নরকবিশেষ।
মহাঘোষ, হট্ট, হাট, বৃহৎ শব্দ যুক্ত।
মহাঙ্গ, উষ্ট্র, উট, গোক্ষুর, গোখরী ; রক্তচিত্রক, রাংচিতা ; বৃহদঙ্গ, বড়-শরীর। [বৃহৎ চঞ্চু যুক্ত পক্ষী।
মহাচঞ্চু, শাকবিশেষ, চেঁচকো শাক ;
মহাচণ্ড, যমভৃত্য, যমদূত; অতিশয় উগ্র।
মহাচ্ছদ, দেবতাড় বৃক্ষ ; বৃহৎ পত্র, বড় পাতা।

মহাচ্ছায়, বটবৃক্ষ ; বৃহৎছায়াযুক্ত।
মহাচ্ছিদ্র,বৃহৎ রন্ধ্র; বড় ছেঁদা বিশিষ্ট।
মহাজ, বৃহৎছাগ, বড় ছাগল ; মহা-
কুলোদ্ভব। [জটা
মহাজটা, রুদ্রজটা; বৃহজ্জটা, বড়
মহাজন, উত্তমর্ণ, ঋণদাতা; সাধু।
মহাজনী, ঋণদান দ্বারা অর্থোপার্জ্জন,
অর্থপ্রয়োগ; বাণিজ্য। [যুক্ত।
মহাজব, মৃগবিশেষ, অতিশয় বেগ-
মহাজম্বু, বৃহজ্জম্বুবৃক্ষ, বড়জাম গাছ।
মহাজাতি, লতাবিশেষ; শ্রেষ্ঠবর্ণ,
উত্তম জাতি।
মহাজালী, বৃহজ্জাল বাহক।
মহাজ্ঞানী, প্রধান তত্ত্বজ্ঞ, ব্রহ্মজ্ঞ,
আত্মজ্ঞ ; অতিশয় পণ্ডিত।
মহাজ্যৈষ্ঠী, নক্ষত্র বিশেষাদি যুক্ত-
জ্যৈষ্ঠী পূর্ণিমা।
মহাজ্বাল, হোমাগ্নি, যজ্ঞাগ্নি।
মহাজ্বালা, বৃহৎ অগ্নিশিখা।
মহাঢ্য, অতিশয় ধনবান্; কদম্ব বৃক্ষ।
মহাতমঃপ্রভা, নরকবিশেষ, অতিশয়-
অন্ধকার ময় নিরয়। [দুঃখ।
মহাতরু, সুহীবৃক্ষ, সিজগাছ; বৃহ-
মহাতল, পাতাল বিশেষ, রসাতলের-
পঞ্চম স্তবক।
মহাতিক্ত, মহানিম্ব; অতিশয় তিক্ত
রস যুক্ত। [তীক্ষ্ণ।
মহাতীক্ষ্ণা, ভল্লাতক বৃক্ষ; অতিশয়
মহাতেজঃ, পারদ, পারা।
মহাতেজাঃ, কার্ত্তিকেয়; অগ্নি, অতি-
শয় তেজস্বী।
মহাত্মা, উত্তম স্বভাবযুক্ত, মহেচ্ছ,
উদার স্বভাব, মহাশয়, মহামনাঃ।
মহাদণ্ড, যমদূত বিশেষ; বৃহদ্দণ্ড।
মহাদন্ত, গজদন্ত; বৃহদ্দন্তমাত্র।
মহাদান, শ্রেষ্ঠদান; অতিশয় দান।
মহাদারু, দেবদারুবৃক্ষ; বৃহৎকাষ্ঠ।
মহাদেব, শিব, মহেশ, শঙ্কর।
মহাদেবী, দুর্গা, পার্ব্বতী; রাজ্ঞী,
মহিষী, পট্টদেবী, পাটরাণী।
মহাদৈত্য, দৈত্যবিশেষ।
মহাদ্রুম, অশ্বত্থবৃক্ষ; বৃহদ্বৃক্ষ, বড়গাছ।
মহাদ্রোণী, বৃক্ষবিশেষ, দ্রোণপুষ্পের-
গাছ; হলকষা ফুল। [শয় কলহ।
মহাদ্বন্দ্ব, রণপটহ; যুদ্ধবাদ্য; অতি-
মহাধন, বহুমূল্য বস্ত্র; সুবর্ণ; কৃষি;
অতিশয় ধনযুক্ত।
মহাধাতু, স্বর্ণ, হেম, সুবর্ণ।
মহানট, শিব, মহেশ, মহাদেব।
মহানদী, পুরুষোত্তমক্ষেত্রের অন্তর্গত
কটকের উত্তরদেশস্থ নদীবিশেষ।
মহানন্দ, মোক্ষ, মুক্তি; অতিশয়-
আহ্লাদ, অত্যন্ত হর্ষ।
মহানন্দা, মদ্য, সুরা; নদীবিশেষ।
মহানবমী, আশ্বিন মাসের শুক্লা নবমী।
মহানরক, নানাপ্রকার যাতনা স্থান।
মহানস, রন্ধনগৃহ, পাকস্থান, বাদ্য-
বিশেষ, কাহলা বাদ্য।
মহানাটক, নাটক বিশেষ, হনূমানের
রচিত রাম চরিতগ্রন্থ।
মহানাড়ী, প্রধানধাতু, প্রধান শিরা।
মহানাদ, বৃহৎ শব্দ; হস্তী, সিংহ;
উষ্ট্র; শঙ্খ; কাহলা বাদ্য। [ধর্ম্মা।
মহানিদ্রা, মরণ, মৃত্যু, পঞ্চত্ব; কাল-
মহানিম্ব, নিম্ববিশেষ, ঘোড়া নিম।
মহানিশা, নিশার মধ্যভাগ, নিশার্দ্ধ,
নিশীথ, সার্দ্ধপ্রহরোপরি প্রহর দ্বয়।
মহানীচ, রজক, ধোবা; অতিশয়-
হীন বর্ণ।
মহানীল, ভৃঙ্গরাজ বৃক্ষ, ভীমরাজ
গাছ; সর্পবিশেষ; মণিবিশেষ।
মহানীলা, মহাজম্বু, বড়জাম।
মহানীলী, নীল অপরাজিতা। [মনস্বী।
মহানুভব, মহাশয়, উদার স্বভাব;
মহানুভাব, উদার, শ্রেষ্ঠ, মহৎ।
মহান্, শ্রেষ্ঠ, প্রধান, বড়। [ব্যক্তি।
মহান্ত, সন্ন্যাসি বিশেষের মধ্যে প্রধান
মহাপঞ্চবিষ, বৃহৎ বিষ পঞ্চক।

মহাপঞ্চমূল, পাচনবিশেষ, বৃহৎপঞ্চমূল পাচন।
মহাপত্রা, মহাজম্বু, বড় জাম; বৃহৎপত্র যুক্ত, বড়পাতা বিশিষ্ট।
মহাপথ, যে পথে গমন করিলে পুনরাগমন হয় না; রাজবর্ত্ম।
মহাপথগমন, মরণ, মৃত্যু, নিধন।
মহাপথগামী, মরণোদ্যত; মুমূর্ষু।
মহাপদ্ম, লক্ষকোটি সংখ্যা; কুবেরের ধন বিশেষ। [ডুলি বিশেষ।
মহাপা, যানবিশেষ, শিবিকা বিশেষ,
মহাপাতক, পাপবিশেষ, ব্রহ্মহত্যা-সুরাপানাদি জন্য পাপ।
মহাপাতকী, পঞ্চপ্রকার মহাপাতক যুক্ত, পতিত।
মহাপাপ, ব্রহ্মহত্যাদি পঞ্চপ্রকার মহা পাতক; গুরুতর অধর্ম্ম।
মহাপাশ, যমদূত বিশেষ; বৃহৎ পাশ, বড় দড়ী।
মহাপুরাণ, একাদশ লক্ষণযুক্ত ব্যাস প্রণীত অষ্টাদশ সংখ্যক পুরাণ।
মহাপুরুষ, শ্রেষ্ঠ নর; সাধু ব্যক্তি; মহাযোগী; নারায়ণ, শ্রীকৃষ্ণ।
মহাপুষ্পা, অপরাজিতা লতা। [পিঠ।
মহাপৃষ্ঠ, উষ্ট্র, উট; বৃহৎপৃষ্ঠ, বড়-
মহাপ্রকৃতি, দুর্গা, ভগবতী, মহামায়া।
মহাপ্রবল, অতিশয় বৃদ্ধি যুক্ত, মহাতেজস্বী।
মহাপ্রভ, অতিশয় দীপ্তিযুক্ত, অতিশয় প্রভাবিশিষ্ট। [রশ্মি।
মহাপ্রভা, অতিশয় দীপ্তি; অধিক
মহাপ্রভু, পরমেশ্বর, বিষ্ণু; চৈতন্যদেব। [ধ্বংস, কল্পান্ত।
মহাপ্রলয়, ত্রিলোকের বিনাশ, বিশ্ব-
মহাপ্রসাদ, দেবোদ্দেশে নিবেদিত সামগ্রী, দেবোচ্ছিষ্ট।
মহাপ্রাণ, দ্রোণকাক, দাঁড় কাক; বর্ণ বিশেষ, বর্গের দ্বিতীয় ও চতুর্থ বর্ণ এবং শ ষ স হ।
মহাফল, শ্রীফল, বিল্ববৃক্ষ; বৃহৎফল।
মহাফেণা, হিণ্ডীর, সমুদ্রফেণা।
মহাবন, বৃহদ্বন, নিবিড় বন, অরণ্যানী; বৃন্দাবনস্থ বনবিশেষ।
মহাবরা, দূর্ব্বা; তৃণবিশেষ।
মহাবরাহ, বরাহরূপী ভগবান।
মহাবরোহ, প্লক্ষ বৃক্ষ, পাকুড় গাছ।
মহাবল, অতিশয় বলবান্, বলিষ্ঠ; বায়ু; সীসক, সীসা। [ড়া লতা।
মহাবলা, লতাবিশেষ, পীতবর্ণ বেলে-
মহাবলী, অতিশয় বলবান্, বলিষ্ঠ।
মহাবল্লী, লতাবিশেষ; মাধবী লতা।
মহাবস, জলজন্তু বিশেষ, শিশুমার, শুশুক। [স্থলযুক্ত।
মহাবক্ষঃ, শিব, মহাদেব, বৃহৎ বক্ষঃ-
মহাবাক্য, বাক্য সমূহ; উৎসর্গার্থ রচিত বাক্য বিশেষ। [শক্তি।
মহাবিদ্যা, দেবী বিশেষ, দশ আদ্যা-
মহাবিরাট্, মহাবিষ্ণু। [বড় ছেঁদা।
মহাবিল, আকাশ, গগণ; বৃহচ্ছিদ্র,
মহাবিষ, দ্বিমুখ সর্প, দুইমুখো সাপ।
মহাবিষুব, মেষ সংক্রান্তি, রবির মেষ রাশিতে সংক্রমণ।
মহাবিষ্ণু, মহাবিরাট্; শ্রীকৃষ্ণের কলা বিশেষ। [যুক্ত নরক।
মহাবীচি, নরকবিশেষ, অতিশয় তরঙ্গ
মহাবীর, অতিশয় শূর, প্রধান বীর; গরুড়, সিংহ; পক্ষি বিশেষ; অঙ্গদাদি বানর; হনূমান্।
মহাবীর্য্য, মহাবল, অতিশয় শূর; অতি বলবান।
মহাবীর্য্যা, সূর্য্যপত্নী; বনকার্পাসী, বনকাপাস। [বেগুণ।
মহাবৃহতী, বার্ত্তাকী বিশেষ, বড়-
মহাবৃক্ষ, স্নুহীবৃক্ষ, সিজ্‌গাছ; বৃহদ্বৃক্ষ।
মহাবেগ, শিব; অতিশয় বেগবান।
মহাব্যাধি, মহারোগ, কুষ্ঠাদি রোগ।
মহাব্যাহৃতি, প্রণব ও স্বাহাযুক্ত ব্যাহৃতি ত্রয়।

মহাব্রণ, দুষ্টব্রণ, নালী ঘা। [বিশেষ।
মহাব্রত, দ্বাদশ বার্ষিক ব্রত; ব্রত-
মহাব্রতী, শিব; মহাব্রত যক্ত।
মহাব্রাহ্মণ, নিন্দিত ব্রাহ্মণ; অগ্রদানী; ভট্ট, ভাট।
মহাভট, অতিশয় যোদ্ধা।
মহাভদ্রা, গঙ্গা, জাহ্নবী।
মহাভারত, ব্যাসপ্রণীত ইতিহাসগ্রন্থ।
মহাভীতা, অতিশয় ভয় যুক্তা স্ত্রী; লতা বিশেষ।
মহাভীম, শান্তনুরাজ; ভৃঙ্গি নামে শিব দ্বারপাল; অতিশয় ভয়ানক।
মহাভীরু, গোপালিকা নামে কীট বিশেষ; অতিশয় ভয়শীল।
মহাভীষ্ম, শান্তনু রাজা।
মহাভূত, পৃথিব্যাদি পঞ্চ ভূত, ক্ষিতি-জল-অগ্নি-বায়ু-আকাশ।
মহাভৃঙ্গ, নীলভৃঙ্গরাজ, নীলবর্ণ ভীমরাজ গাছ।
মহাভৈরব, শিবমূর্ত্তি বিশেষ।
মহামণ্ডূক, পীতবর্ণ মণ্ডূক, সোণা ব্যাঙ।
মহামতি, অতিশয় বুদ্ধিমান্, অত্যন্ত সূক্ষ্মবুদ্ধি, সুবোধ।
মহামদ, মত্তহস্তী; অতিশয় হর্ষ; অতিশয় মত্ততা।
মহামনস্ক, প্রশস্তমনাঃ, উদার স্বভাব।
মহামনাঃ, মহাশয়, মহাত্মা; প্রধান, শ্রেষ্ঠ। [তণ।
মহামহিম, অতিশয় মহিমান্বিত, শ্রেষ্ঠ-
মহামাত্র, প্রধান অমাত্য; হস্তিপকাধিপ, প্রধান মাহুত।
মহামাত্রী, আচার্য্যপত্নী; অমাত্যস্ত্রী।
মহামায়া, দুর্গা, ভগবতী। [শক্তি।
মহামায়ী, দুর্গা, পার্ব্বতী, আদ্যা
মহামারী, অতিশয় মরক।
মহামাষ, রাজমাষ, বরবটী কলায়।
মহামুখ, কুম্ভীর; বৃহৎ মুখ, বড় মুখ।
মহামুনি, প্রধান ঋষি; অগস্ত্য মুনি, কৃপাচার্য্য; ব্যাস; ধন্যাক, ধনে।
মহামূর্দ্ধা, শিব, মহেশ; বৃহৎ মস্তক।
মহামূল, রাজপলাণ্ডু, বড় প্যাঁজ।
মহামূল্য, মহার্ঘ, বহুমূল্য, দুর্ম্মূল্য।
মহামূষিক, বৃহৎমূষিক, বড় ইন্দুর।
মহামৃগ, গজ, হস্তী; শরভ।
মহামৃত্যুঞ্জয়, শিবের মন্ত্র বিশেষ।
মহামেঘ, শিব; ঘোর মেঘ।
মহামেদ, ঔষধ বিশেষ, বৃহন্মেদ।
মহামোহ, ভোগেচ্ছারূপ অজ্ঞান, সংসারের মূল কারণরাগরূপ মোহ।
মহাম্ল, তিন্তিড়ী, তেঁতুল। [যজ্ঞ।
মহাযজ্ঞ, বেদপঠনাদিরূপ পঞ্চপ্রকার
মহাযশস্ক, অতিশয় যশোবিশিষ্ট।
মহাযশাঃ, অতিশয় যশোযুক্ত, অতি যশস্বী।
মহারজত, সুবর্ণ, সোণা; ধুস্তুর; বৃহৎ রৌপ্য। [স্বর্ণ।
মহারজন, কুসুম্ভ পুষ্প, কুসুম ফুল;
মহারণ্য, বৃহদ্বন, অরণ্যানী, গহন।
মহারথ, দশ সহস্র ধনুর্দ্ধারির সহিত যুদ্ধ করণে সক্ষম যোদ্ধা; বৃহৎ রথ।
মহারস, কাঞ্জিক, কাঁজী; খর্জ্জুর; ইক্ষু, পারদ, পারা।
মহারসাষ্টক, অষ্টধাতু বিশেষ।
মহারাজ, শ্রেষ্ঠরাজ, রাজচক্রবর্ত্তী, সম্রাট্।
মহারাজিক, গণদেবতা বিশেষ, মহারাজিক গণ। [গাছ।
মহারাজচূত, উত্তম আম্র, ভাল আম্র
মহারাজদ্রুম, সোঁদালি গাছ।
মহারাজাধিরাজ, সম্রাট্, রাজচক্রবর্ত্তী, সার্ব্বভৌম।
মহারাজিক, গণদেবতা বিশেষ।
মহারাত্রি, মহাপ্রলয়ের রাত্রি; অর্দ্ধরাত্রের পর মুহূর্ত্তদ্বয়; দুইপ্রহররাত্রি।
মহারাষ্ট্র, দেশবিশেষ; মারাটী শাক; অষ্টাদশ ভাষার অন্তর্গত ভাষা বিশেষ।
মহারিষ্ট, মহানিম্ব, ঘোড়ানিম।

মহারুদ্র, মহাদেব, মহেশ; ভৈরব।
মহারূপ, শিব; অতি শ্রেষ্ঠ রূপযুক্ত।
মহারূপক, নাটকবিশেষ; গ্রন্থবিশেষ।
মহারোগ, পাপরোগ; উন্মাদ রাজ যক্ষ্মাদি রোগ। [রোগ বিশিষ্ট।
মহারোগী, মহারোগযুক্ত, অচিকিৎস্য-
মহারোমা, শিব; বৃহৎ লোম যুক্ত।
মহারৌরব, নরক বিশেষ; মহানরক।
মহার্ঘ, মহামূল্য, দুর্মূল্য, আক্রা।
মহার্ণব, মহাসমুদ্র, মহাসাগর।
মহার্দ্রক, বনার্দ্রক, বনআদা।
মহার্ব্বুদ, দশার্ব্বুদ, শতকোটি সংখ্যা।
মহাহ, শ্বেতচন্দন; মহামূল্য।
মহালয়, অপর পক্ষীয় অমাবস্যা।
মহালয়া, অপর পক্ষীয় অমাবস্যা।
মহালক্ষ্মী, রাধা, নারায়ণের শক্তি-বিশেষ।
মহালিঙ্গ, শিব; বৃহৎ লিঙ্গ যুক্ত।
মহালোধ্র, লোধ্রপুষ্প বিশেষ।
মহালোল, কাক, বায়স; অতিশয় চঞ্চল, অত্যন্ত অস্থির, বড় চপল।
মহালোহ, অয়স্কান্তমণি, কান্তিলোহা।
মহাশক্তি, কার্ত্তিকেয়; মহাবল, অতিশয় পরাক্রমী।
মহাশঙ্খ, মনুষ্যাস্থি; সংখ্যাবিশেষ, দশ নিখর্ব্ব সংখ্যা; নিধি বিশেষ; কর্ণ নেত্রের মধ্যগত অস্থি।
মহাশঠ, অতি ধূর্ত্ত, অতিশয় দুষ্ট।
মহাশয়, মহৎ আশয় যুক্ত, মহানুভব, মহামনাঃ, উদার স্বভাব, মহাত্মা।
মহাশয্যা, রাজশয্যা; বৃহৎ শয্যা।
মহাশল্ক, চিঙ্গটমৎস্য, চিঙ্গড়ীমাছ।
মহাশালি, বৃহৎশালি, বড় ধান।
মহাশিব, মহাদেব, মহেশ্বর।
মহাশীতা, শতমূলী লতা; অতিশয় শীতবীর্য্য যুক্ত।
মহাশুক্তি, মুক্তা প্রসবিণী শুক্তি; বৃহৎ শুক্তি, বড় ঝিনুক।
মহাশুক্লা, সরস্বতী; অতিশয় শুভ্রবর্ণ।
মহাশুভ্র, রজত, রৌপ্য; অতিশয় শুভ্রবর্ণ বিশিষ্ট।
মহাশূদ্র, আভীর, আহিরী, গোপ।
মহাশূদ্রী, আভীরী, আহিরিণী, গোপী।
মহাশ্মশান, কাশী, বারাণসী।
মহাশ্যামা, শ্যামা লতা; শিংশপা বৃক্ষ।
মহাশ্রাবণিকা, লতাবিশেষ, বড় থলকুড়ী। [দুর্গা, ভগবতী।
মহাশ্বেতা, সরস্বতী; শ্বেতাপরাজিতা;
মহাষষ্ঠী, দেবী বিশেষ, ষষ্ঠী দেবী।
মহাষ্টমী, আশ্বিন মাসের শুক্লাষ্টমী।
মহাসন্ন, কুবের; অতি নিকট, অতিশয় সন্নিহিত। [পুঁটিমাছ।
মহাসফর, বৃহৎ প্রোষ্ঠীমৎস্য, বড়
মহাসর্জ, পনস, কাঁঠাল; অসনবৃক্ষ।
মহাসান্তপন, প্রায়শ্চিত্তার্থ ব্রতবিশেষ।
মহাসাহস, অতিশয় বলাৎকার কৃত কার্য্য; অতিশয় দুষ্কৃত কর্ম্ম; অসীম সাহস। [যুক্ত; দুঃসাহসিক।
মহাসাহসিক, চৌর; অতিশয় সাহস
মহাসিংহ, বৃহৎ সিংহ, দেবতার বাহন।
মহাসুখ, মৈথুন; অতিশয় আনন্দ।
মহাসুগন্ধা, অতিশয় সুগন্ধ যুক্তা।
মহাসূক্ষ্মা, বালুকা, বালি; অতিশয় সূক্ষ্ম। [মহাদেব।
মহাসেন, কুমার, কার্ত্তিকেয়; শিব,
মহাস্কন্ধা, জম্বুবৃক্ষ, জামগাছ; বৃহৎ স্কন্ধ যুক্ত।
মহাস্থলী, পৃথিবী; শ্রেষ্ঠস্থান।
মহাস্বন, মল্লতূর্য্য, যুদ্ধবাদ্য বিশেষ; বৃহৎ শব্দ।
মহাহবি, গব্যঘৃত, গাওয়া ঘি।
মহাহাস, অট্টহাস্য, সশব্দ হাস্য।
মহি, পৃথ্বী, পৃথিবী, ধরণী।
মহিকা, হিম, শিশির, তুষার।
মহিত, পূজিত, অর্চ্চিত।

মহিমা,ঐশ্বর্য্য বিশেষ; মহত্ত্ব; উৎকর্ষ।
মহির, সূর্য্য, রবি, ভানু।
মহিলা, স্ত্রীমাত্র ; মদমত্তা স্ত্রী; রেণুকা নামে গন্ধদ্রব্য। [জাতি বিশেষ।
মহিষ, পশুবিশেষ; শ্মশ্রুধারি ম্লেচ্ছ
মহিষধ্বজ, অন্তক, যম, কাল।
মহিষবাহন, যম, অন্তক, মৃত্যু।
মহিষাসুর, অসুর বিশেষ, রম্ভাসুরের পুত্র। [স্ত্রী; স্ত্রী মহিষ।
মহিষী,কৃতাভিষেকা রাজপত্নী; মৈরি-
মহী, পৃথ্বী, ধরণী, ধরা; হিলমোচিকা শাক, হিংচা শাক। [মঙ্গলগ্রহ।
মহীজ, আর্দ্রক, আদা; ভূমিজাত;
মহীধ্র, গিরি, পর্ব্বত, ভূধর, শৈল।
মহীপ, রাজা, ভূপাল, পার্থিব।
মহীপতি, ভূপতি, রাজা, পার্থিব।
মহীপাল, রাজা, ভূপতি, পার্থিব।
মহীপ্রাচীর, সমুদ্র, সাগর, জলধি।
মহীভুজ, নৃপ, রাজা, ভূপতি।
মহীভৃৎ, ভূধর, পর্ব্বত; রাজা, ভূপাল।
—ীময়, মৃত্তিকা নির্ম্মিত, মৃণ্ময়।
মহীরুহ, তরু, বৃক্ষ, শাখী।
মহীলতা, কিঞ্চুলুক, কেচুয়া।
মহীসুত, মঙ্গলগ্রহ, কুজ।
মহীক্ষিৎ, রাজা, ভূপতি, নৃপ।
মহু, মধু, মৌ।
মহেচ্ছ, মহাশয়,মহাত্মা, উদারস্বভাব।
মহেন্দ্র, বিষ্ণু ; ইন্দ্র; পর্ব্বত বিশেষ।
মহেন্দ্রকদলী, কদলী বিশেষ।
মহেন্দ্রনগরী, ইন্দ্রপুরী, অমরাবতী।
মহেন্দ্রাণী, ইন্দ্রভার্য্যা, শচী, ইন্দ্রাণী।
মহেলা, মহিলা, নারী, স্ত্রী।
মহেলিকা, মহিলা, নারী, স্ত্রী।
মহেশ, শিব, মহাদেব, মহেশ্বর।
মহেশবন্ধু, শ্রীফল বৃক্ষ, বেলগাছ।
মহেশ্বর, শিব, মহাদেব, বিশ্বনাথ।
মহেশ্বরী, মহেশ্বর পত্নী, দুর্গা; অপরাজিতা লতা; কাংস্য, কাঁসা।
মহৈরণ্ড, স্থূল এরণ্ড, বড় ভেরেণ্ডা।
মহোৎপী, বৃহৎ উৎপল; বড় পদ্মপুষ্প।
মহোল্কা, বিদ্যুৎ, তড়িৎ,সৌদামিনী।
মহোৎপল, পদ্ম, পঙ্কজ; সারসপক্ষী।
মহোৎসব, অতিশয় সুখজনক কর্ম্ম; আনন্দ জনক ব্যাপার।
মহোৎসাহ, অতিশয় উৎসাহ যুক্ত, মহোদ্যম।
মহোদধি, সমুদ্র, সাগর, জলনিধি।
মহোদয়, আধিপত্য; মহাত্মা; দেশ-বিশেষ, কান্যকুব্জ দেশ।
মহোদরী, মহাশতাবরী লতা; বৃহৎ উদরযুক্তা স্ত্রী। [যোগ, অতিচেষ্টা।
মহোদ্যম, মহোৎসাহ; অতিশয় উদ্-
মহোন্নত, তালবৃক্ষ; অত্যুচ্চ, অতিশয় উন্নতি যুক্ত। [প্রাদুর্ভাব।
মহোন্নতি, অতিশয় বৃদ্ধি; অত্যন্ত-
মহোন্মদ, মৎস্য বিশেষ, ফলুই মাছ।
মহোরগ, সর্পগণবিশেষ; বৃহৎ সর্প; তগর পুষ্প, টগর ফুল।
মহোল্কা, উল্কা বিশেষ; বৃহৎ শিখা।
মহোক্ষ, বৃহৎ বৃষ, মহাবৃষভ, বড় ষাঁড়।
মহৌজাঃ, অতিশয় তেজোযুক্ত, অতি সমর্থ; প্রবল।
মহৌষধ, প্রধান ঔষধ; শুণ্ঠী, শুঁঠ; রশুন, লশুন; পিপুল।
মহৌষধি, শ্রেষ্ঠ ওষধি; দূর্ব্বা।
মহৌষধী, শ্বেত কণ্টকারি; হিলমোচিকা শাক, হিংচা শাক।
মক্ষ, স্বদোষ আচ্ছাদন; আপনার দোষ ঢাকা; ক্রোধ; সমূহ।
মক্ষিকা, কীট বিশেষ, মাছি।
মক্ষিকামল, সিক্থক, মোম।
মা, লক্ষ্মী; জননী, মাতা।
মাই, স্তন, পয়োধর।
মাইজ, বৃক্ষের সার; মধ্য।
মাইয়া, স্ত্রীলোক, নারী; কন্যা।
মাইয়ামুখো, মুখচোরা, সভাক্ষুব্ধ।
মাংস, রক্তজ ধাতুবিশেষ, মাস্, পিশিত।

মাংসকারী, রক্ত, শোণিত, রুধির।
মাংসজ, মেদ, রোগবিশেষ, ভুঁড়ি।
মাংসপচন, মাংসপাক করণ।
মাংসপেশী, গর্ভস্থ অবয়ব বিশেষ; মাংসপিণ্ড; মাংসের খণ্ড বিশেষ।
মাংসফলা, বার্ত্তাকী, বেগুন।
মাংসবিক্রয়ী, আমিষ বিক্রয় কর্ত্তা, মাংসিক, মাংস বিক্রেতা।
মাংসভক্ষ, মাংসভক্ষণকর্ত্তা, মাংসাশী।
মাংসভক্ষক, মাংস ভক্ষণকর্ত্তা, মাংস-খাদক। [লতা।
মাংসমাসা, মাষপর্ণী লতা, মাষাণী-
মাংসরোহিণী, সুগন্ধি দ্রব্য বিশেষ।
মাংসল, বলবান্, শক্তিযুক্ত, পীবর, স্থূলকায়, মোটা।
মাংসসার, মেদ, ভুঁড়ি।
মাংসস্নেহ, মাংসসার, মেদ, স্থূলতা।
মাংসহাসা, চর্ম্ম, ত্বক্, ছাল, চামড়া।
মাংসাদ, মাংসাশী, মাংসখাদক, মাংস ভক্ষক। [ক্রেতা।
মাংসিক, মাংস বিক্রয়ী, মাংস বি-
মাংসিনী, ওষধি বিশেষ, জটামাংসী।
মাঁজন, মার্জ্জন, রগড়ন, ঘর্ষণ; পুঁচন।
মাঁদাবাঁধা, বীজতলা; বৃক্ষতলের আলি।
মাকড়, লুতা, উর্ণনাভ, মাকড়সা।
মাকন্দ, আম্রবৃক্ষ, রসাল, চূত।
মাকন্দী, আমলকী; পীতচন্দন।
মাকরী, মাঘ মাসের শুক্ল সপ্তমী।
মাকাটিয়া, অদাতা, কৃপণ; ক্রূর, খল।
মাকাটী, কার্পাসের বীজ; পাটের ডাঁটা, পাঁকাটী। [নালী।
মাকু, বস্ত্র নির্ম্মাণের যন্ত্রবিশেষ, তুরী,
মাকুন্দিয়া, শ্মশ্রুহীন পুরুষ, খোসা।
মাক্তায়, সমুদায়ে, গড়ে, মোটে, একত্রে, সাকুল্যে।
মাখন, নবনীত, ননী; মর্দ্দন; লেপন; ছানন। [বিক্রেতা।
মাখনিয়া, নবনীত বিক্রয়ী, মাখন
মাগধ, রাজাদের অগ্রে স্তুতিকারী, স্তুতি পাঠক, বন্দী; বর্ণসঙ্কর জাতি-বিশেষ, ভাট; মগধদেশ জাত।
মাগধাদেবী, রাধিকা, রাধা।
মাগধী, গুজরাটী এলাচী; শর্করা; ভাষাবিশেষ। [নারী।
মাগী, বৃদ্ধা স্ত্রী, বুড়ী, অধিক বয়স্কা
মাগু, পত্নী, ভার্য্যা, দারা।
মাগুর, মৎস্য বিশেষ, মদ্গুর মৎস্য।
মাগ্রাম, আত্মশ্লাঘা; দম্ভ, গর্ব্ব।
মাগ্রামিয়া, আত্মশ্লাঘী, ডেঁপো।
মাঘ, মহাকাব্য, গ্রন্থবিশেষ; মাস বিশেষ, বৎসরের দশম মাস।
মাঘবন, ইন্দ্র সম্বন্ধীয় বস্তু।
মাঘী, মঘাযুক্তা পৌর্ণমাসী, মাঘ-মাস সম্বন্ধিনী।
মাঘোনী, পূর্ব্ব দিক্, প্রাচী দিশা।
মাঘ্য, কুন্দপুষ্প, কুঁদ্ ফুল।
মাঙ্গন, যাচন, ভিক্ষা করণ, চাহন।
মাঙ্গনা, ভিক্ষা; দাতব্য।
মাঙ্গন্তা, যাচক, ভিক্ষুক; প্রার্থক।
মাঙ্গন্তুড়িয়া, যাচ্ঞাকারক, ভিক্ষুক।
মাঙ্গলিক, কল্যাণজনক, শুভাবহ।
মাঙ্গল্য, মঙ্গলার্থ কল্যাণ নিমিত্ত; শুভজনক, শুভাবহ।
মাঙ্গা, প্রার্থনা, চাহা; দুর্ম্মূল্য, মহার্ঘ্য, অক্রেয়, আক্রা। [নার্থ পাঠান।
মাঙ্গান, ভিক্ষানিমিত্ত প্রেরণ, যাচ-
মাচ, পন্থা, বর্ত্ম, পথ, মার্গ।
মাচল, গ্রহ; রোগ; বন্দী, চৌর।
মাচা, মঞ্চ, ভারা, টং।
মাচিকা, মক্ষিকা, মাছী।
মাচিয়া, কাষ্ঠাসনবিশেষ, ছোট চৌকী।
মাচুয়া, মৎস্যবিক্রেতা, মেছোব্যাপারী, জালিয়া। [ধীবর স্ত্রী, জেলেনী।
মাচুয়ানী, মৎস্য বিক্রয় কারিণী;
মাছ, মৎস্য, মীন, ঝষ।
মাছী, মক্ষিকা, কীটবিশেষ।
মাছীটেপা, ব্যয়কুণ্ঠ, কৃপণ।
মাছুয়া, মৎস্যজীবী, মীন বিক্রয়ী।

মাছুয়ানী, মৎস্য ব্যাপারির স্ত্রী, ধীবর পত্নী, জেলেনী।
মাছেতা, মুখের কৃষ্ণবর্ণ চিহ্নবিশেষ।
মাজ, মধ্য, অভ্যন্তর; সার।
মাজন, মার্জন, পরিষ্কার করণ।
মাজমরা, মধ্যক্ষীণ; মধ্যভাগে সরু; বৃক্ষের সার ভাগ নষ্ট হওয়া।
মাজল, পক্ষিবিশেষ।
মাজা, মধ্য, কটীদেশ, কাঁকালি।
মাজী, কর্ণধার, নাবিক।
মাজুম, মাদকতা জনক দ্রব্য বিশেষ।
মাজুরী, তৃণ নির্ম্মিত আস্তরণ বিশেষ, মন্দোদরী, মাদুর।
মাঝ, মধ্যস্থল; অভ্যন্তর, ভিতর।
মাঝামাঝি, মধ্যস্থল, মাঝার, মধ্যস্থান।
মাঝার, মধ্যস্থল, মধ্যভাগ।
মাঝারী, মধ্যবিত্ত, মধ্যমপ্রকার; কিঞ্চিৎ ন্যূনাতিরেক।
মাঝী, নাবিক, কর্ণধার।
মাঝে, মধ্যে, অভ্যন্তরে, ভিতরে।
মাঞ্জিষ্ঠ, লোহিতবর্ণ, রক্তবর্ণ, রাঙ্গারং।
মাটি, মৃত্তিকা; ভূমি।
মাটিকাটা, খনক, কোদালিয়া।
মাটিয়া, মৃত্তিকাময়, পার্থিব, মৃণ্ময়।
মাটো, অলস; কর্ম্মে শিথিল।
মাঠ, বসতি রহিত ভূমি, প্রান্তর, ময়দান।
মাঠা, তক্র, ঘোল; নবনীত, মাখন।
মাড়, বৃক্ষ বিশেষ, মাড়গাছ; তণ্ডুলাদির ক্বাথ, মণ্ড, ফেণ, কাই।
মাড়ন, মর্দ্দন, পেষণ, দলন।
মাড়ব, বর্ণসঙ্কর জাতি বিশেষ, মাল।
মাড়ি, দন্তমূলের উপরিভাগ; দন্তমূল।
মাড্ডুক, মড্ডু নামে বাদ্যযন্ত্র বাদক।
মাঢ়ি, দেশবিশেষ; পত্রশির, পাতার শির; দন্তের মাড়ি; মূঢ়, জড়।
মাঢী, দন্তশিরা; দন্তমূল, মাড়ী।
মাণক, মূলবিশেষ, মাণকচু।
মাণকচু, মূল বিশেষ।
মাণব, মনুষ্য; বালক।
মাণবক, বালক, ষোড়শ বর্ষ পর্য্যন্ত বয়স্ক শিশু; ব্রাহ্মণকুমার; বটু, উপনীত বিপ্র তনয়।
মাণব্য, শিশু সমূহ, বহু বালক।
মাণিকা, অষ্টপল পরিমাণ, আট্ পল পরিমিত।
মাণিক্য, রত্নবিশেষ, মাণিক্, মণি, রত্ন।
মাণিক্যা, জ্যেষ্ঠী, জেঠী, টিক্‌টিকী, গৃহ গোধিকা।
মাণিবন্ধ, সৈন্ধব লবণ; অক্ষার লবণ।
মাণিমন্থ, সিন্ধুজাত লবণ, করকচ লোণ।
মাতঙ্গ, করী, দন্তী, হস্তী; কিরাত জাতি বিশেষ, চণ্ডাল, শ্বপচ।
মাতঙ্গমকর, বৃহৎ জলজন্তু বিশেষ; মহামৎস্য। [বিদ্যা; হস্তিনী।
মাতঙ্গী, দশ মহাবিদ্যার অন্তর্গত নবম
মাতন, মত্ত হওন, মাতওয়ালা হওয়া; উৎসাহান্বিত হওন।
মাতরিশ্বা, বায়ু, পবন, অনিল।
মাতলামী, মত্ততা প্রকাশন।
মাতলি, ইন্দ্র সারথি।
মাতা, মা, জননী, জনয়িত্রী, প্রসবিত্রী, অম্বা; শিবের পরিবারবিশেষ; গো; ভূমি; লক্ষ্মী।
মাতান, মত্ত করাণ; খেপান।
মাতামহ, মাতার পিতা, মার বাপ, ঠাকুর দাদা।
মাতামহী, মাতামহ পত্নী, মাতৃমাতা, আই, দিদী। [মদবিহ্বল।
মাতাল, মদ্যপায়ী, মত্ততা বিশিষ্ট,
মাতি, পরিমাণ, তৌল; নারিকেলাদি বৃক্ষের মস্তিষ্ক, মাথী।
মাতুল, মাতার ভ্রাতা, মামা; মদন বৃক্ষ, ময়না গাছ; সর্প বিশেষ।
মাতুলক, ধুস্তুর বৃক্ষ, ধুতুরা গাছ।
মাতুলপুত্রক, ধুস্তূর ফল, ধুতুরা ফল; মাতুলের তনয়, মামাতো ভাই।

মাতুলা, মাতুলানী,মাতুলপত্নী, মামী।
মাতুলানী, মাতুল স্ত্রী, মামী।
মাতুলাহি, সর্পবিশেষ, মালুয়া সাপ।
মাতুলী, মাতুল পত্নী, মামী।
মাতুলুঙ্গ, বীজপূর, দাড়িম, ডালিম।
মাতৃকা, মাতা; দেবী বিশেষ; বর্ণমালা; উপমাতা। [ভ্রাতা।
মাতৃকেশট, মাতুল, মামা, মাতার
মাতৃনন্দন, কার্ত্তিকেয়, কুমার, স্কন্দ।
মাতৃবন্ধু, মাতৃবান্ধব, মাতার মাস্তুতা ভ্রাতা, মাতার পিস্তুতা ভ্রাতা, মাতার মামাতো ভ্রাতা।
মাতৃমুখ, সভাক্ষুব্ধ; অজ্ঞান; জড়; যাহার মাতৃমুখ তুল্য মুখ।
মাতৃশাসিত, মূর্খ, মূঢ়, অজ্ঞান।
মাতৃষসা, মাতৃভগিনী, মাসী।
মাতৃষসেয়, মাতার ভগিনাপুত্র, মাস্তুতা ভাই।
মাতৃষসেয়ী, মাতার ভগিনীকন্যা, মাস্তুতা ভগিনী। [তুতা ভাই।
মাতৃষস্ত্রীয়, মাতার ভগিনী পুত্র, মাস্-
মাতৃসপত্নী, বিমাতা, সৎ মা।
মাতৃস্বসা, মাতার ভগিনী, মাসী।
মাতৃস্বস্ত্রীয়, মাতার ভগিনী পুত্র, মাস্তুতা ভাই।
মাতৃস্বস্ত্রীয়া, মাতার ভগিনী কন্যা, মাস্তুতা ভগ্নী। [সার গুড়।
মাৎ, দধির অসার ভাগ; মস্তু; অ-
মাত্র, অবধারণার্থ, কেবল।
মাত্রা, পরিমাণ; অক্ষরের উপরিস্থ অবয়ব, অক্ষরের শিরো রেখা; ইন্দ্রিয় বৃত্তি; অংশ।
মাৎসর্য্য, পর শুভদ্বেষ, পরশ্রী কাতরতা, পর হিংসা। [লিয়া।
মাৎস্যিক, জালিক, মৎস্যঘাতক, জা-
মাথ, পথ, পন্থা; মন্থন, মওয়া।
মাথট, চাঁদা, বহুলোকের দান দ্বারা অর্থ সংগ্রহ।
মাথা, মস্তক, শিরঃ, উত্তমাঙ্গ।
মাথাটানা, ঠেঁটা, অবাধ্য।
মাথানাড়া, শিরঃকম্পন; তর্জ্জন।
মাথামাথি, ঠুসাঠুসি, মস্তকের আঘাত; মাথা পর্য্যন্ত।
মাথাল, স্তম্ভের শিরোভাগ; তৃণ নির্ম্মিত টুপি বিশেষ।
মাথুর, গীতবিশেষ।
মাদ, দর্প, হর্ষ; মত্ততা।
মাদক, মত্ততা জনক দ্রব্য, মদকারক বস্তু; দাত্যূহ পক্ষী, পানীকৌড়ী।
মাদন, লবঙ্গ; হর্ষকারক, আনন্দ জনক, কামদেব; মদনবৃক্ষ, ময়না গাছ; ধুস্তুর বৃক্ষ, ধুতুরা।
মাদনী, মাদক দ্রব্য, বিজয়া, সিদ্ধি।
মাদল, মৃদঙ্গবিশেষ; মর্দ্দল বাদ্যযন্ত্র।
মাদুর তৃণ নির্ম্মিত আসন বিশেষ, মন্দোদরী।
মাদুলী, কবচ, কণ্ঠভূষা বিশেষ।
মাদৃশ,মৎসদৃশ,আমার তুল্য। [মাতা।
মাদ্রী, পাণ্ডুরাজপত্নী,নকুল সহদেবের-
মাদ্রীপতি, পাণ্ডুরাজ।
মাধব, বিষ্ণু; বৈশাখ মাস; বসন্ত; মধুক বৃক্ষ, মৌল গাছ, কৃষ্ণ মুদ্গ, কাল মুগ।
মাধবিকা, লতা বিশেষ, মাধবীলতা।
মাধবী, লতা বিশেষ, মাধবী লতা; মদিরা; মাধব পত্নী।
মাধবীলতা, লতা বিশেষ।
মাধুক, বর্ণসঙ্কর জাতি বিশেষ।
মাধুর, মল্লিকা পুষ্প; মধুর সম্ভব।
মাধুরী, মদ্য; মাধুর্য্য, মিষ্টতা।
মাধুর্য্য, মধুরত্ব, মিষ্টতা; কোমলতা।
মাধ্যন্দিন, দিবসের মধ্যম ভাগ; দুই প্রহরের সময়।
মাধ্যম,মধ্যজাত; মধ্যবর্ত্তী, মধ্যবিত।
মাধ্যস্থ্য, মধ্যস্থতা করণ, মধ্যবর্ত্তিতা, শালিসী করা।
মাধ্যাহ্নিক, মধ্যাহ্নে কর্ত্তব্য ক্রিয়া, মধ্যাহ্ন কালীন ব্যাপার।

মাধ্বক, মধুজাত, মধূকপুষ্প কৃত মদ্য।
মাধ্বী, মদ্য, মধ্বাদি কৃত সুরা; মৎস্য বিশেষ।
মাধ্বীক, মধু; মধুজাত মদ্য।
মাধ্বীমধুরা, মধুর খর্জ্জুরিকা, পিণ্ডী-খাজুর।
মান, পরিমাণ; চিত্ত সমুন্নতি, আত্ম পূজ্যতা বুদ্ধি; মর্য্যাদা, সম্মান।
মানক, কচু বিশেষ, মানকচু।
মানগ্রন্থি, অপরাধ; দোষ; পাপ।
মানত, মাননা; অঙ্গীকার, স্বীকার।
মানধানিকা, কর্কটী, কাঁকড়া।
মানন, পূজ্য করণ, আদর করণ, মান্য করণ; সম্মত হওন; পালন।
মাননীয়, মান্য, পূজ্য, আদরণীয়।
মানন্তা, নিয়মকারী; গৃহীত ব্রত।
মানব, মনুষ্য, নর; মনুর পুত্র।
মানবর্জ্জিত, মান রহিত, অপমানিত, মানহীন। [স্বায়ম্ভুব মনুকন্যা।
মানবী, মনুষ্য স্ত্রী, মানুষী, নারী;
মানব্য, বহু মনুষ্য, মানব সমূহ।
মানভঞ্জন, সন্তোষণ; বিমর্ষতা অপনয়ন।
মানভাঙ্গন, মানভঞ্জন, বিমর্ষতা অপ-নয়ন। [তাম্রী, তাঁবী।
মানরন্ধ্রা, সময় নির্ণয়ার্থ যন্ত্র বিশেষ;
মানস, মনঃ, চিত্ত; বাঞ্ছা; মনোভি-লষিত; সরোবর বিশেষ।
মানসজপ, মনের মন্ত্র স্মরণ।
মানসতীর্থ, রাগাদি রহিত মনঃ; নি-র্ম্মল অন্তঃকরণ।
মানসপূজা, মনোরচিত দ্রব্য দানদ্বারা অর্চ্চনা। [রাহিত্য।
মানসব্রত, অহিংসাদি; অহঙ্কারাদি
মানসালয়, হংস, মরাল, হাঁস।
মানসিক, মনের মধ্যস্থ, মনোবর্ত্তী, মনোগত, আন্তরিক।
মানসী, বিদ্যাদেবী বিশেষ; মনো-ভবা, মনোজাতা।
মানসূত্র, স্বর্ণাদি নির্ম্মিত কটিসূত্র, গোট, বিছা হার।
মানসৌকাঃ, মরাল, হংস, হাঁস।
মানহীন, অপমানিত, অসম্মান; মান বর্জ্জিত। [নারী; বেশ্যা, কুলটা।
মানহীনা, অমানিনী স্ত্রী, মানশূন্যা
মানা, নিষেধ, বারণ; স্বীকার; আদর।
মানান, সম্মতকরাণ, স্বীকার; প্রবোধন, বুঝান।
মানিকা, মদ্য, সুরা; শের।
মানিনী, মানবতী, মানযুক্তা
মানী, মানবিশিষ্ট, মানশীল, মান-যুক্ত, মান্য; সিংহ, কেশরী।
মানুষ, মনুষ্য, মর্ত্ত্য, নর।
মানুষিক, মনুষ্য সম্বন্ধীয় কর্ম্মাদি, মানুষের কর্ম্ম, মানব ক্রিয়া।
মানুষী, মনুষ্য স্ত্রী, মানবী, নারী; চিকিৎসা বিশেষ।
মানুষ্য, মনুষ্যত্ব, মনুষ্যের ভাব।
মানুষ্যক, মনুষ্য সমূহ, মানববৃন্দ।
মান্দ্য, রোগ; মন্দতা; অবেগতা; হ্রাসতা।
মান্ধাতা, রাজা বিশেষ।
মান্য, আদরণীয়, মাননীয়, পূজ্য, প্রতীক্ষ্য। [পাত্র।
মান্যস্থান, পূজ্যত্বের কারণ, সম্মানের
মান্যা, পূজ্যা, আদরণীয়া; শ্রেষ্ঠা;
মরুন্মালা, বায়ু সমূহ।
মাপ, পরিমাণ, ওজন, তৌল; জোঁকা।
মাপত্য, কামদেব, মদন, কন্দর্প।
মাপন, তৌলকরণ, ওজন করণ, জোঁকন, পরিমাণ। [মামা; কৃপণ।
মামক, মদীয়; মমতাযুক্ত; মাতুল,
মামকীন, মদীয়, মৎসম্বন্ধীয়।
মামড়ী, নাসিকা মল; ক্ষতরোগের শুষ্ক চর্ম্ম; ঘার শুক্না চামড়া।
মামা, মাতৃভ্রাতা, মাতুল।
মামী, মাতুলপত্নী, মাতুলানী, মাতুলী।
মায়, পীতাম্বর, পীতবস্ত্র; অসুর; সমষ্টি; সহিত।

মায়া, ইন্দ্রজালাদি, কুহক, ভেলকী; শঠতা; লক্ষ্মী; দুর্গা; ঈশ্বরশক্তি, প্রকৃতি, অবিদ্যা; মমতা; স্নেহ।
মায়াকর, ঐন্দ্রজালিক, বাজীকর, ভেলকীকারক। [মায়ী।
মায়াজীবী, ঐন্দ্রজালিক বিদ্যা ব্যব-
মায়াত্তি,নরবলি, স্নেহকারী; কুহকী।
মায়াদ, কুম্ভীর, নক্র, কুমীর।
মায়ান,মায়াজন্মান;স্নেহকরণ; ভুলান।
মায়াফল, ফলবিশেষ, মাইফল।
মায়াবতী, রতি, কামপত্নী।
মায়াবণিক,পরপ্রতারক,ছলনাকারক।
মায়াবান্, মায়াবী, মায়াযুক্ত; কংস রাজ, কংসাসুর।
মায়াবী, মায়াকর, ঐন্দ্রজালিক, মায়িক; কুহকী, কপটী।
মায়াশূন্য, নির্ম্মায়, মায়ারহিত; নিঃস্নেহ, কঠিনান্তঃকরণ।
মায়িক, কুহকী, মায়াকারী, কপটী।
মায়ী, মায়াকার, ধূর্ত্ত, বঞ্চক, কুহকী।
মায়ু, ধাতুবিশেষ, পিত্ত।
মায়ুরাজ, কুবের পুত্র।
মায়ুর, ময়ূর সমূহ, ময়ূরের পাল।
মার, কামদেব; বিঘ্ন; মারণ; ধুতুরা।
মারক, মরক, মারী, উৎপাত; পক্ষিবিশেষ, বাজপক্ষী; মারণ কর্ত্তা।
মারকুটিয়া, আঘাত করণের স্বভাববিশিষ্ট। [রণ, আঘাত করণ।
মারণ, বধ; অভিচার বিশেষ; প্রহা-
মারপেঁচ, ফেরফার, ষড়্যন্ত্র, চাতুরী।
মারা, প্রহারকরা; আঘাত করণ।
মারাত্মক, প্রাণঘাতক, হিংসক।
মারামারি, যুদ্ধ; পরস্পর প্রহার করণ।
মারি, মারণ; জনক্ষয়, মরক, উৎপাত।
মারিত, নষ্টীকৃত; ভস্মীকৃত; হত।
মারিষ, নাট্যোক্তিতে শ্রেষ্ঠ; শাকবিশেষ।
মারিষা, দক্ষমাতা, দক্ষজননী।
মারী, জনক্ষয়, মরক।
মারীচ, রাক্ষসবিশেষ, তারকা রাক্ষসীর পুত্র; যাজক ব্রাহ্মণ; রাজহস্তী।
মারুণ্ড, সর্পাণ্ড, সাপের ডিম; পন্থা, পথ; গোময় মণ্ডল।
মারুত, বায়ু, অনিল, বাতাস।
মারুতাত্মজ, হনূমান্, ভীম।
মরুতাপহ, বৃক্ষবিশেষ; বায়ুনাশক।
মারুতাশন, ভুজঙ্গ, সর্প; পবনাশন।
মারুতি, হনূমান্; ভীমসেন।
মার্কণ্ড, মুনিবিশেষ, মার্কণ্ডেয় মুনি।
মার্কণ্ডিকা, লতাবিশেষ। [পুত্র।
মার্কণ্ডেয়, মুনিবিশেষ, মৃকণ্ডু মুনির-
মার্গ, বর্ত্ম, পন্থা, পথ; গুহ্যদেশ; অগ্রহায়ণ মাস।
মার্গক, অগ্রহায়ণ মাস।
মার্গণ, অন্বেষণ; যাচ্ঞা; বাণ, শর।
মার্গণক, যাচক, প্রার্থক; অন্বেষক।
মার্গধেনু,যোজন পরিমাণ,চারিক্রোশপরিমাণ।
মার্গধেনুক, যোজন পরিমাণ, চারিক্রোশ পরিমাণ। [মাস।
মার্গশির, মার্গশীর্ষ মাস, অগ্রহায়ণ-
মার্গিক, মৃগহন্তা, পান্থ, পথিক।
মার্গিত, অন্বেষিত; কৃতানুসন্ধান।
মার্গ্য, মার্জ্জনীয়; অন্বেষণীয়।
মার্ঘা,মহার্ঘ্য,দুর্ম্মূল্য, অক্রেয়, আক্রা।
মার্জ্জ, বিষ্ণু; রজক, ধোবা।
মার্জ্জন, গাত্রমার্জনী প্রভৃতি দ্বারা অঙ্গ নির্ম্মল করণ, মাজা, পোঁছা; ক্ষমাকরণ; লোধ্রবৃক্ষ, লোধ গাছ।
মার্জ্জনা, ক্ষমা; প্রোঞ্ছন, পোঁছন; বাদ্যবিশেষ, মুরজ বাদ্য।
মার্জ্জনার্হ, ক্ষমাযোগ্য; পরিষ্কার্য্য।
মার্জ্জনী, সম্মার্জ্জনী, ঝাঁটা, খাংরা; গাত্রমার্জ্জন বস্ত্র, গামছা।
মার্জ্জনীয়, মার্জ্জনযোগ্য, মার্জ্জ; ক্ষমা করিবার যোগ্য।
মার্জ্জা, পরিবর্ত্ত, বিনিময়, বদল।
মার্জ্জার, বিড়াল, বিলাল; খট্টাস;

রক্তচিত্রকবৃক্ষ, রাংচিতা গাছ।
মার্জ্জারক, ময়ূর, শিখী, কলাপী।
মার্জ্জারকণ্ঠ, শিখী, ময়ূর।
মার্জ্জারী, বিড়ালী; খট্টাশী।
মার্জ্জারীয়, বিড়াল; শূদ্র।
মার্জ্জাল, বিড়াল; মার্জ্জার। [ড়াল।
মার্জ্জালীয়, শূদ্র; শরীরশোধন; বি-
মার্জ্জিত, শোধিত, পরিষ্কৃত; তীক্ষ্ণী-
কৃত, প্রখর।
মার্জ্জিতা, শোধিতা, পরিষ্কৃতা;
সুখাদ্য দ্রব্যবিশেষ। [গাছ।
মার্ত্তণ্ড, সূর্য্য, রবি; অর্কবৃক্ষ, আকন্দ
মার্ত্তিক, শরাব, শরা; মৃত্তিকানির্ম্মিত,
মৃণ্ময়।
মার্দ্দঙ্গ, মৃদঙ্গ বাদক।
মার্দ্দঙ্গিক, মৃদঙ্গবাদক, মৌরজিক।
মার্দ্দব, পর দুঃখ দর্শনে কাতর্য্য;
মৃদুতা, কোমলতা।
মার্ষ, নাট্যোক্তিতে শ্রেষ্ঠ।
মার্ষ্টি, মার্জন; তৈলম্রক্ষণ, তৈলমাখা;
পরিষ্কার করণ।
মাল, জাতি বিশেষ, ম্লেচ্ছজাতি, মালা;
ক্ষেত্র; কপট, ছল; বন, দেশ-
বিশেষ; মল্ল, কুস্তিগীর।
মালক, স্থলপদ্ম; নিম্ববৃক্ষ।
মালকা, মাল্য, মালা।
মালকোশ, রাগবিশেষ, দ্বিতীয় রাগ।
মালচক্রক, হাঁটুর পর্ব্বসন্ধি, মালাই-
চাকি।
মালঞ্চ, পুষ্পোদ্যান, পুষ্প বন।
মালতী, পুষ্পলতাবিশেষ; বিশল্যা-
লতা; জ্যোৎস্না; নদীবিশেষ।
মালতীপত্রিকা, জাতিপত্রী, জৈত্রী।
মালতীফল, জাতীফল।
মালব, অবন্তিদেশ, মালওয়া দেশ;
রাগবিশেষ, প্রথমরাগ। [সম্বন্ধীয়।
মালয়, চন্দনবৃক্ষ; মলয় পর্ব্বত
মালসা, মৃণ্ময় পাত্র বিশেষ।
মালশ্রী, রাগিণীবিশেষ, মালবরাগ-
পত্নী; ক্ষুদ্র মৃণ্ময় পাত্রবিশেষ।
মালা, শ্রেণী, আবলী, পঙ্ক্তি; মাল্য,
স্রক্; নারিকেলাদির পাত্র; হার,
কণ্ঠভূষণ। [গাছ।
মালাকণ্ট, অপামার্গ বৃক্ষ, আপাং
মালাকন্দ, মূলবিশেষ।
মালাকা, মালা; শ্রেণী, পঙ্ক্তি।
মালাকার, বর্ণসঙ্কর জাতি বিশেষ,
মালী, মালকর, পুষ্পাজীবী।
মালাগ্রন্থি, মালা দূর্ব্বা, গাঁটিয়া দূর্ব্বা।
মালাদূর্ব্বা, গণ্ডদূর্ব্বা, গাঁটিয়া দূর্ব্বা।
মালামী, মল্লক্রীড়া; মল্লযুদ্ধ।
মালালিকা, পৃক্কাশাক, পিড়িং শাক
মালি, রাক্ষস বিশেষ।
মালিক, মালাকার; পক্ষি বিশেষ;
অধিকারী, অধ্যক্ষ।
মালিকা, গ্রীবালঙ্কার; পুষ্পমাল্য;
নদী বিশেষ; সুরা।
মালিনী, মালাকার পত্নী; মাতৃকা-
বিশেষ। [ক্ষত, ময়লা।
মালিন্য, মলিনত্ব, মলিনতা, অপরি-
মালী, মালাকার, পুষ্পাজীবী।
মালুধান, মালুয়াসাপ; সর্প বিশেষ।
মালূর, বিল্ববৃক্ষ, শ্রীফল; কপিত্থ বৃক্ষ,
কতবেল।
মালো, ধীবর, জালিয়া, মৎস্যজীবী।
মাল্য, স্রক্, মালা।
মাল্যপুষ্প, শণবৃক্ষ, শণের গাছ।
মাল্যবান্, পর্ব্বত বিশেষ; মালা বি-
শিষ্ট; রাক্ষস বিশেষ।
মাল্ল, বর্ণসঙ্কর জাতি বিশেষ, মাল।
মাল্‌সা, মৃৎপাত্র বিশেষ, মৃত্তিকাময়
ক্ষুদ্র পাত্র।
মাল্‌সাট, আস্পর্দ্ধা, দম্ভ; বিক্রম।
মাশব্দিক, নিষেধকর্ত্তা, প্রতিষেদ্ধা,
নিবারক।
মাষ, ব্রীহি বিশেষ, মাষকলাই; পরি-
মাণ বিশেষ, মাষা, গুঞ্জা পরিমাণ।
মাষক, পঞ্চরত্তিক পরিমাণ, পাঁচ রত্তি।

মাষকলায়, শস্যবিশেষ, ব্রীহিকলাই।
মাষবর্দ্ধক, স্বর্ণকার, সেকরা।
মাষভক্তবলি, মাষ তণ্ডুল ও দধি মিশ্রিত পূজোপহার বিশেষ। [কাছিম।
মাষাদ, জলজন্তু বিশেষ, কচ্ছপ,
মাস, শুক্ল কৃষ্ণ পক্ষদ্বয়াত্মক কাল; রবির এক রাশি স্থিতি কাল, ত্রিংশৎ দিনাত্মক কাল।
মাসজ্ঞ, দাত্যুহ পক্ষী; পানীকৌড়ী; মাসজ্ঞাতা, মাসবেত্তা।
মাসবর্ত্তিকা, পক্ষি বিশেষ।
মাসবৃদ্ধি, মলমাস, অধিমাস।
মাসমান, বৎসর, বর্ষ, মাসের পরিমাণ।
মাসমাহিনা, মাসেং দেয় বেতন, মাসিক।
মাসর, ভক্তসমুদ্ভব মণ্ড, ভাতের মাড়।
মাসান্ত, অমাবস্যা; সংক্রান্তি দিন।
মাসাল, অধিক মাংস যুক্ত, পীবর, স্থূল, মোটা। [বা দেয়।
মাসিক, মাসসম্বন্ধীয়, মাসেং কর্ত্তব্য-
মাসী, মাতৃভগিনী, মাতামহ কন্যা।
মাসুড়া, চক্ষুর ফুলী, ছানী।
মাসুরী, শ্মশ্রু, দাড়ী। [কাল, মাস।
মাস্, নিশাকর, চন্দ্র; ত্রিংশদ্দিনাত্মক-
মাসুড়া, মাসিক বেতন, প্রতি মাসে দেয়, মাসেং কর্ত্তব্য কর্ম্ম। [বিশেষ।
মাস্তুর, বৃহৎ নৌকার উপরিস্থ দণ্ড-
মাস্তুল, জাহাজের উপরিস্থ উচ্চ স্তম্ভ।
মাহ, মাস, ত্রিংশদ্দিনাত্মক কাল।
মাহাত্ম্য, মহাত্মতা, প্রভাব, মহত্ত্ব।
মাহিন, রাজ্য, রাজত্ব।
মাহির, ইন্দ্র, শক্র, সুরপতি।
মাহিষ, মহিষীর দুগ্ধাদি; মহিষী দুগ্ধে জাত ঘৃতাদি। [বেশ্যাধনোপজীবী।
মাহিষিক, মহিষীপতি; মহিষোপজীবী;
মাহিষ্য, বর্ণসঙ্কর জাতি বিশেষ।
মাহুত, হস্তিপক, হস্তি পালক, হস্তি রক্ষক। [ন্ধীয়।
মাহেন্দ্র, শুভদণ্ড বিশেষ; মহেন্দ্র সম্ব-
মাহেন্দ্রী, ইন্দ্রাণী, শচী; গবী।
মাহেশী, দুর্গা, পার্ব্বতী, মহাদেবী।
মাহেশ্বরী, দুর্গা, ভগবতী, মাতৃবিশেষ।
মাক্ষিক, মধু, মক্ষিকা জাত।
মাক্ষিকজ, শিকথক, মোম।
মাক্ষিকাশ্রয, শিকথক, মোম।
মাক্ষীক, মধু; মক্ষিকোদ্ভব রস।
মাক্ষীকশর্করা, সিতাখণ্ড, মধুজাত শর্করা, চিনি বিশেষ।
মিছা, মিথ্যা, অসত্য, অলীক।
মিটন, মোচন, পরিষ্কার করণ; নিষ্পাদন; থামন।
মিটা, মিষ্ট রস; মধুর, স্বাদু।
মিটান, নিষ্পত্তি করণ, ভঞ্জন, ঘুচান, চুকান। [অন্তদুষ্ট, খল।
মিটমিটিয়া, অনুজ্জ্বল, কিঞ্চিৎ দীপ্ত;
মিঠা, মিষ্ট, মধুর; মিষ্টরস যুক্ত।
মিঠাই, মিষ্টদ্রব্য; মিষ্টরসযুক্ত খাদ্যদ্রব্য বিশেষ।
মিঠান, মধুরণ; উত্তম স্থান।
মিত, পরিমিত; শব্দিত; ক্ষিপ্ত।
মিতঙ্গম, হস্তী; পরিমিত গামী।
মিতদ্রু, সমুদ্র, জলধি, সাগর।
মিতব্যয়ী, পরিমিতব্যয়ী, অনপব্যয়ী।
মিতম্পচ, কৃপণ, অদাতা ব্যয়কুণ্ঠ।
মিতা, মিত্র, সুহৃৎ, সখা, বন্ধু।
মিতাচার, বিহিতাচার; বিধি বোধিত-আচরণ। [আহার।
মিতাশন, পরিমিত ভোজন, অল্পা
মিতাক্ষরা, স্মৃতি গ্রন্থবিশেষ।
মিতি, পরিমাণ; বিজ্ঞান, অবচ্ছেদ।
মিত্র, বন্ধু, সখা, সুহৃৎ, মিতা; সূর্য্য।
মিত্রতা, বন্ধুতা, সখ্য, সৌহৃদ্য; সন্ধি।
মিত্রনামা, একনামা, তুল্য নামা।
মিত্রয়ু, মিত্রবৎসল, মিত্রপ্রিয়।
মিত্রযুদ্ধ, সুহৃজ্জনের সহিত সংগ্রাম।
মিত্রলব্ধি, মিত্রলাভ, সুহৃৎ প্রাপ্তি।
মিত্রলাভ, সুহৃৎপ্রাপ্তি, বন্ধু লাভ।

মিত্রা, সুমিত্রা, শত্রুঘ্ন জননী।
মিত্রাক্ষর, পদ্যের প্রতি চরণের অন্তে অভিন্ন অক্ষর। [নির্জ্জন।
মিথঃ, অন্যোন্য, পরস্পর; বিরল,
মিথিলা, নগরীবিশেষ, জনকরাজপুরী।
মিথুন, স্ত্রীপুরুষের যুগ্ম, দ্বন্দ্ব, যুগল; তৃতীয় রাশি। [অলীক; কাল্পনিক।
মিথ্যা, অসত্য, মৃষা, বিতথ, অনৃত,
মিথ্যাদৃষ্টি, কর্ম্মফলাপবাদক জ্ঞান, নাস্তিকতা; অসত্য দর্শন।
মিথ্যাধ্যবসিতি, মিথ্যা অধ্যবসায়, অসত্যোৎসাহ।
মিথ্যানিরসন, শপথ, দিব্য।
মিথ্যাভিযোগ, মিথ্যা বাদ; অসত্য নালিস; অলীক দোষারোপ।
মিথ্যাভিশংসন, মিথ্যা দূষণ বাক্য, অসত্য অপবাদ। [ত্রাস।
মিথ্যাভিশঙ্কা, অকারণ ভয়, অনর্থক
মিথ্যাভিশাপ, মিথ্যা অপবাদ, মিথ্যা-দূষণ বাক্য। [জ্ঞান।
মিথ্যামতি, ভ্রান্তি; অসত্যবুদ্ধি, মিথ্যা-
মিথ্যাসাক্ষী, কূটসাক্ষী; জাল সাক্ষী।
মিথ্যোত্তর, অসত্য উত্তর; অস্বীকার।
মিনতি-বিনতি, বিনয়, স্তব; প্রার্থনা,
মিন্মিন, সানুনাসিক বাগ্বিশিষ্ট; নাসিকা দ্বারা উচ্চারণ; অনুজ্জ্বল।
মিল, সংযোগ; সন্ধি; সম্প্রীতি।
মিলক, গন্ধিকারী, মিলিত হইতে অনুরাগী। [হওন।
মিলন, একত্র হওন, মিশন; ঐক্য-
মিলান, একত্র করাণ, মিশান; ঘটান; তুল্য করণ।
মিলাপ, আলাপ; পরিচয়; সহবাস।
মিলাপী, আলাপী, প্রণয়ী; সংযোগী।
মিলিত, সংযুক্ত; একত্রিত; সম্বন্ধ-বিশিষ্ট।
মিল্‌মিলা, রোগ বিশেষ, হাম।
মিশন, মিলন, একত্র হওন, সংযুক্ত হওন।
মিশাম, মিলান, একত্র করণ, সংযোজন।
মিশাল, যোগ; মিশ্রিত, সংযুক্ত।
মিশি, জটামাংসী; দন্ত শোধনার্থ দ্রব্য বিশেষ, মাজম।
মিশ্র, মিশ্রিত, উপাধি বিশেষ।
মিশ্রক, দেবতাদের উদ্যান; লবণ বিশেষ।
মিশ্রকাবন, ইন্দ্রের উপবন, নন্দন বন।
মিশ্রণ, সংযোজন, একত্র করণ, মিশান।
মিশ্রপুষ্পা, মৈথিকা, মেথী।
মিশ্রবর্ণ, কৃষ্ণ অগুরু; নানাবর্ণ যুক্ত।
মিশ্রবর্ণফলা, বার্ত্তাকী, বেগুণ।
মিশ্রব্যবহার, কুল মেল; একত্রব্যবহার।
মিশ্রিত, মিলিত, সংযোজিত, একত্রিত।
মিশ্রিতভাষা, বিভিন্নদেশীয় ভাষার মিলনে উৎপন্ন ভাষা।
মিশ্রিতা, সংক্রান্তি বিশেষ; মিলিতা।
মিশ্রেয়া, মধুরিকা, মৌরী।
মিষ, কাপট্য, ছল; স্পর্দ্ধা।
মিষি, জটামাংসী; মধুরিকা; মৌরী; দন্তশোধনার্থ দ্রব্যবিশেষ, মাজম।
মিষিকা, ওষধি বিশেষ, জটামাংসী।
মিষ্ট, মধুর রস, সুস্বাদু, মিঠা।
মিষ্টতা মাধুর্য্য, মধুর রস।
মিষ্টান্ন, মধুর দ্রব্য; পায়সাদি; মিঠাই।
মিসি, মধুরিকা, মৌরী; জটামাংসী; দন্তশোধনার্থ দ্রব্য বিশেষ, মঞ্জম।
মিহিকা, নীহার, হিম, শিশির।
মিহির, সূর্য্য, রবি; আকন্দ গাছ; মেঘ; বায়ু; বিক্রমাদিত্য রাজসভার নব রত্নের এক রত্ন।
মিহিরাণ, শিব, মহাদেব।
মীঢ়, মূত্রিত, প্রস্রাবিত।
মীঢুষ্টম, শিব, মহেশ, শঙ্কর।
মীন, মৎস্য, মাছ; দ্বাদশ রাশি।
মীনকেতন, কন্দর্প, মদন, কামদেব।
মীনগোধিকা, জলাশয়, সরোবর।
মীনঘাতী, বকপক্ষী; মৎস্যঘাতক।
মীননেত্রা, গণ্ডদূর্ব্বা, গাঁটিয়া দূর্ব্বা।

মীনর, জলজন্তু বিশেষ, হাঙ্গর।
মীনরঙ্ক, পক্ষিবিশেষ, মৎস্যাশন-পক্ষী, মাছরাঙ্গা পাখী।
মীনাণ্ডী, শর্করা, চিনি।
মীনালয়, সমুদ্র, জলধি, পয়োনিধি।
মীবর, হিংসক, হিংস্র ; সেনানী।
মীবা, বায়ু, অনিল, বাতাস ; উদর ; কৃমি ; শীকর, জলকণা।
মীমাংসক, মীমাংসা শাস্ত্রবেত্তা ; সিদ্ধান্তী, সিদ্ধান্তকারী ; নিষ্পত্তিকারী।
মীমাংসা, দর্শনশাস্ত্র বিশেষ ; সিদ্ধান্ত; নিষ্পত্তি। [নিষ্পত্তীকৃত।
মীমাংসিত, বিচারিত, বিতর্কিত ;
মীর, সমুদ্র; পর্ব্বতের একদেশ; সীমা।
মাল, বন, কানন, অরণ্য।
মীলন, চক্ষুর আবরণ, চক্ষুর পালট।
মীলিত, অপ্রফুল্ল, সঙ্কুচিত, মুদ্রিত।
মুকন্দক, পলাণ্ডু, পাঁ্যাজ।
মুকু, মুক্তি, মোক্ষ, পরিত্রাণ।
মুকুট, শিরোভূষণ বিশেষ, কিরীট ; চূড়া ; উষ্ণীষ। [কান।
মুকুটী, অঙ্গুলি মোটন, আঙ্গুল মট-
মুকুন্দ, বিষ্ণু, মুক্তিদাতা ; রত্ন বিশেষ।
মুকুন্দক, পলাণ্ডু, পাঁ্যাজ।
মুকুম্, মুক্তি, ভক্তিরস ; প্রেম।
মুকুর, দর্পণ, আর্শি ; বকুল বৃক্ষ ; মল্লিকা পুষ্প বৃক্ষ ; মুকুল, কলিকা।
মুকুল, ঈষদ্বিকসিত কলিকা, কুট্মল, কোরক, কুঁড়ী।
মুকুলিত, কলিকোৎপত্তি, মুকুলোদ্গম, কুঁড়ী ধরণ।
মুকুন্ট, বনমুদ্গ, বনমুগ।
মুক্ত, মোক্ষপ্রাপ্ত ; মোচিত, উদ্ধৃত।
মুক্তক, ক্ষেপণীয় অস্ত্র বিশেষ, বড়ষা প্রভৃতি শস্ত্র।
মুক্তকঞ্চুক, অচিরত্যক্ত ত্বক্ সর্প, খোলস ছাড়া সাপ, নির্মুক্ত।
মুক্তচক্ষুঃ, সিংহ ; উন্মীলিত নয়ন।
মুক্তহস্ত, দানশীল, বদান্য, দাতা।
মুক্তা, রত্ন বিশেষ, মতি, মৌক্তিক।
মুক্তাকলাপ, মুক্তাহার, মুক্তার মালা
মুক্তাগার, শুক্তি, ঝিনুক ; মৌক্তিক-গৃহ, মুক্তার ঘর।
মুক্তাদাম, মুক্তাহার, মুক্তার মালা।
মুক্তাপুষ্প, কুন্দবৃক্ষ, কুঁদফুলের গাছ।
মুক্তাপ্রসূ, শুক্তি, ঝিনুক।
মুক্তাপ্রালম্ব, মুক্তাহার, মুক্তার মালা।
মুক্তাফল, মুক্তা, মতি, মৌক্তিক ; লবলী ফল, লোইড় ফল।
মুক্তাবলী, মুক্তাহার, মুক্তার মালা ; মৌক্তিক শ্রেণী। [ক্তিক শ্রেণী।
মুক্তালত, মুক্তাহার ; মুক্তাবলী, মৌ-
মুক্তাস্ফোট, শুক্তি, ঝিনুক ; শম্বুক।
মুক্তি, আত্যন্তিক দুঃখ নিবৃত্তি, নিত্য সুখাবাপ্তি, কৈবল্য, নির্ব্বাণ, নিঃশ্রেয়স, মোক্ষ, অপবর্গ, পরিত্রাণ, মোচন ; সদ্গতি।
মুক্তিদ, মুক্তিদাতা, বিষ্ণু।
মুক্তিমণ্ডপ, বিশ্বেশ্বরের দক্ষিণ পার্শ্বস্থ মণ্ডপ বিশেষ, জগন্নাথের দক্ষিণ পার্শ্বস্থ বেদি বিশেষ।
মুখ, শরীরের অবয়ব বিশেষ ; বক্ত্র, আস্য, বদন, তুণ্ড, আনন, লপন ; গৃহ প্রবেশ ও নিষ্ক্রমণের পথ, দ্বার ; আদ্য, প্রধান।
মুখকটু, মুখর ; দুর্ম্মুখ ; নিন্দক।
মুখগন্ধক, পলাণ্ডু, পাঁ্যাজ।
মুখঘণ্টা, হুলুহুলি ধ্বনি।
মুখচীরী, জিহ্বা, রসনা, জিব। [জুক।
মুখচোরা, লজ্জাশীল, লাজুক ; সভা-
মুখজ, ব্রাহ্মণ ; মুখ হইতে উৎপন্ন।
মুখদূষণ, পলাণ্ডু, পাঁ্যাজ।
মুখদোষিণী, ডাকিনী, ডাইন।
মুখদোষী, কটুভাষী, দুর্ম্মুখ।
মুখধাবন, মুখপ্রক্ষালন, মুখধোয়া।
মুখধৌত, ব্রাহ্মণযষ্টিকা বৃক্ষ, বামন হাটী গাছ। [বাদিনী।
মুখনিবাসিনী, সরস্বতী, বাণী, বাগ-

মুখনিরীক্ষক, অলস, আলস্যান্বিত; মুখদর্শক।
মুখপূরণ, গণ্ডূষ। [রোচক।
মুখপ্রিয়, নারঙ্গ লেবু; অতিশয় মুখ-
মুখবন্ধ, মুখবাঁধা; নির্বাক্য; উৎকোচ বা শাসন দ্বারা বাক্য হরণ।
মুখবল্লভ, দাড়িম; মুখপ্রিয়।
মুখবাদ্য, বাদ্য বিশেষ, বাঁক, মোচঙ্গ; গালবাদ্য। [কর্পূরাদি।
মুখবাসন, মুখ সদ্গন্ধ কারক দ্রব্য,
মুখবিলুণ্ঠিকা, ছাগী। [আরশুলা।
মুখবিষ্ঠা, তৈলপায়িকা, তেলা পোকা,
মুখভূষণ, তাম্বূল, পর্ণ, পান।
মুখমণ্ডনক, বৃক্ষবিশেষ; বদনভূষণ।
মুখমোদ, শোভাঞ্জনবৃক্ষ, শজিনা গাছ।
মুখযন্ত্রণ, মুখস্। [শঙ্খ।
মুখর, অপ্রিয়বাদী, দুর্ম্মুখ; কাক;
মুখরোগ, বক্ত্রাময়, মুখের পীড়া।
মুখলাঙ্গল, বরাহ, শূকর।
মুখশঙ্ক, দুর্ম্মুখ, কটুভাষী।
মুখশুদ্ধি, বক্ত্রশোধন; মুখপ্রক্ষালন; দন্তধাবন। [বিশেষ।
মুখশোধী, জম্বীর, জামীর, লেবু
মুখশোষ, মুখের শুষ্কতা, পিপাসা।
মুখশীল, দুর্ম্মুখ, কুটুভাষী, মুখর।
মুখস, বল্গা, লাগাম; মুখের প্রতিকৃতি, কৃত্রিম মুখ।
মুখসম্ভব, বিপ্র, ব্রাহ্মণ।
মুখসুর, তালসুরা, তাড়ী। [রস্থ।
মুখস্থ, মৌখিক, মুখস্থিত; অনভ্যস্ত-
মুখস্রাব, লালা, লাল, থুথু, মুখামৃত।
মুখাগ্নি, দাবাগ্নি; শবমুখে অগ্নিদান।
মুখান, সন্নিকট হওন; মুখ বাড়ান।
মুখাপেক্ষা, অনুরোধ; পক্ষপাত।
মুখাময়, মুখরোগ, মুখজাত পীড়া।
মুখামুখি, সম্মুখবর্ত্তী; পরস্পর মুখের মিলন।
মুখামৃত, লাল, থুথু, অধরামৃত।
মুখার্জ্জক, অর্জক, উপার্জক, রোজকারী।
মুখাল, ছদ্মমুখ; মুখের প্রতিকৃতি; মুখস্।
মুখাসব, থুথু, লাল, নিষ্ঠীব; মুখমদ।
মুখাস্, মুখবন্ধন; কৃত্রিম মুখ।
মুখাস্ত্র, কুলীর, কর্কট, কাঁকড়া।
মুখী, প্রবাল; অঙ্কুর; মুষ্টি, ঘুষী।
মুখেং, নিয়ত মুখের প্রতি।
মুখোমুখি, মুখেং মিলন।
মুখোল্কা, দাবানল; আলায়া।
মুখ্য, প্রথম কল্প; শ্রেষ্ঠ, প্রধান।
মুখ্যসর্গ, স্থাবর সৃষ্টি।
মুগ, মুদ্গ, মুগকলাই।
মুগরাণ, মুদ্গরাঘাত, মুগুর মারা, মষ্ট্যাঘাত।
মুগুর, মুদ্গর, গদা, যষ্টি।
মুগুহ, দাত্যূহ পক্ষী, পানীকৌড়ী।
মুগ্ধ, অজ্ঞান, অচেতন, মোহপ্রাপ্ত; মূঢ়, মূর্খ, সুন্দর, মনোহর। [বিশেষ।
মুগ্ধবোধ, বোপদেব কৃত ব্যাকরণ-
মুগ্ধা, নায়িকা বিশেষ, নবযৌবনা; মোহিতা, বিহ্বলা।
মুচন, পুঁচন; লোপকরণ, মিটান।
মুচির, দাতা; ধর্ম্ম; বায়ু; দেবতা।
মুচী, চর্ম্মকার, চামার।
মুচুকুন্দ, পুষ্পবৃক্ষ বিশেষ, মেকচন্দ ফুল; মান্ধাতা রাজপুত্র।
মুচুটী, অঙ্গুলি মোটন, আঙ্গুল মট্-কান; মুষ্টি, মুটা।
মুচকন, ঈষৎহাস্যকরণ; অল্পবিকসন।
মুচড়ন, ঈষৎ ভাঙ্গন, অল্প ভঞ্জন।
মুঞ্জ, তৃণ বিশেষ, শর।
মুঞ্জকেশী, বিষ্ণু, নারায়ণ।
মুঞ্জরণ, কলিকোদ্গম; গজান, নব পল্লব উদ্গম।
মুঞ্জরী, তুলসীপুষ্প; শীষ; পদ্মকেশর।
মুটরী, ক্ষুদ্র মোট, ছোট বোঝা।
মুটি, মুষ্টি, মটা; গুঁজী।
মুটিয়া, মোটবাহক, ভারিক। [বাঁট।
মুঠা, মুষ্টি, কুঞ্চিত করতল; খড়্গাদির-

মুঠী, মুষ্টি, মুঠা ; কীল। [খৈ।
মুড়কী, গুড় মিশ্রিত লাজা, গুড়মাখা-
মুড়ন, মুণ্ডন, কেশচ্ছেদন ; বৃক্ষাদির শাখা পল্লব কর্ত্তন।
মুড়া, শাখা পত্রহীন বৃক্ষ ; সীমা।
মুড়ানিয়া, কামানিয়া, নাপিত ; মুণ্ডন কারক।
মুড়ামুড়ি, আদ্যন্ত, প্রথমাবধি শেষ পর্য্যন্ত ক্রমাগত। [মুণ্ড।
মুড়ী, ভৃষ্ট তণ্ডুল, ভাজা চাউল ; ছিন্ন
মুণ্ড, মস্তক, শিরঃ ; দৈত্য বিশেষ ; রাহুগ্রহ ; নাপিত ; স্থাণুবৃক্ষ, মুড়াগাছ ; নেড়া। [নাপিত।
মুণ্ডক, মস্তক, শিরঃ ; মুণ্ডনকারি,
মুণ্ডচণক, কলায়, কলাই।
মুণ্ডন, কেশচ্ছেদন, মাথা মুড়ান, কেশ বপন, ক্ষৌর করণ, কামান।
মুণ্ডফল, নারিকেল বৃক্ষ, নারিকেল গাছ। [নেড়ী।
মুণ্ডা, মুণ্ডিতা স্ত্রী, কেশ রহিতা নারী,
মুণ্ডায়স, লৌহ, লোহা।
মুণ্ডিত, বাপিত মুণ্ড, নেড়া মাথা।
মুণ্ডী, নাপিত, কেশচ্ছেদনকারী, নাই ; ক্ষুদ্রাকৃতি সুরস মিষ্টান্ন বিশেষ।
মুদন, হর্ষণ ; নিমীলন, অপ্রস্ফুটন।
মুদা, হর্ষ ; গণনাবিষয়ে নিয়মিত-দক্ষিণা, ঘুন্টী ; গুঁজী ; ঢাকা ; ক্ষত রোগবিশেষ। [শিত।
মুদিত, আনন্দিত, হর্ষিত ; অপ্রকা-
মুদিতা, হৃষ্টা ; আহ্লাদিতা ; অপ্রকাশিতা।
মুদির, মেঘ ; কামুক ; ভেক, বেঙ্গ।
মুদী, নানা দ্রব্য ব্যবসায়ী ; দোকানী।
মুদ্গ, শস্যবিশেষ, মুগ ; পক্ষিবিশেষ, জলবায়স, পানীকৌড়ী।
মুদ্গপর্ণী, বনমুদ্গ, মুগানী।
মুদ্গভুক, ঘোটক, অশ্ব, ঘোড়া।
মুদ্গভোজী, ঘোটক, অশ্ব, ঘোড়া।
মুদ্গমোদক, মোদকবিশেষ, মতিচুর, মিঠাই ; মুগের লাড়ু।
মুদ্গর, মুগুর, গদা, যষ্টিবিশেষ ; পুষ্প বিশেষ, কাঠমল্লিকা ফুল।
মুদ্গরক, ফলবিশেষ, কামরাঙ্গা।
মুদ্গষ্ট, বনমুদ্গ, বনমুগ।
মুদ্গার্দ্রবটক, বড়াবিশেষ, আদা বড়া।
মুদ্রা, প্রত্যয়কারিণী ; নামের মোহর ; ছাপের আঙ্গুটী, অঙ্কিত স্বর্ণ রৌপ্যাদির মুদ্রিকা ; মোহর, টাকা ; লিপি-বিশেষ ; ছাপার অক্ষর ; ছাপ ; অঙ্গুলিদ্বারা রচিত যন্ত্র।
মুদ্রাকর, মুদ্রাকারক, ছাপাকর। [কীয়।
মুদ্রাঘটিত, ধনসম্বন্ধীয় ; অর্থ সম্প-
মুদ্রাঙ্কিত, মুদ্রাদ্বারা চিহ্নিত ; ছাপা-করা ; মোহর করা।
মুদ্রান্বিত, অঙ্কিত, চিহ্নিত ; ছাপান।
মুদ্রাযন্ত্র, মুদ্রাকরণার্থ যন্ত্র, ছাপার কল।
মুদ্রালিপি, লিপিবিশেষ, ছাপার-অক্ষর। [মোহর ; টাকা।
মুদ্রিকা, স্বর্ণ রূপ্যাদি নির্ম্মিত মুদ্রা ;
মুদ্রিত, অপ্রকাশিত, মোদা, সঙ্কুচিত, নিমীলিত ; মুদ্রাঙ্কিত, ছাপান।
মুধা, ব্যর্থ, নিরর্থক, বৃথা।
মুনি, মৌনব্রতী, মৌনা ; ঋষি, তপস্বী।
মুনিচ্ছদ, সপ্তচ্ছদবৃক্ষ, ছাতিয়ান গাছ।
মুনিতরু, বক বৃক্ষ, বক ফুলের গাছ।
মুনিদ্রুম, শ্যোণাক বৃক্ষ, শোণাইল-গাছ ; বক বৃক্ষ।
মুনিপিত্তল, ধাতুবিশেষ তাম্র, তাঁবা।
মুনিপুঙ্গব, মুনিশ্রেষ্ঠ, মুনিবর।
মুনিপুত্র, দমনক বৃক্ষ ; ঋষিসুত।
মুনিপুত্রক, খঞ্জন পক্ষী, খঞ্জরীট।
মুনিপুষ্প, বক পুষ্প, বক ফুল।
মুনিপূগ, গুবাক বিশেষ, রামসুপারী।
মুনিভেষজ, হরীতকী।
মুনিস্থান, আশ্রম, কুটীর।
মুনীন্দ্র, বুদ্ধ ; ঋষিশ্রেষ্ঠ।
মুমুক্ষা, মুক্তির ইচ্ছা, অপবর্গ কামনা।
মুমুক্ষু, মুক্তি ইচ্ছক ; যতি, ঋষি, মুনি।

মুমূর্ষা, মরণেচ্ছা, মৃত্যু বাঞ্ছা। [কম্প।
মুমূর্ষু, আসন্নমৃত্যু, মৃতপ্রায়; মৃত-
মুমূর্ষু দান, মৃত্যুকালীন দান।
মুর, বেষ্টন; দৈত্যবিশেষ।
মুরজ, বাদ্যযন্ত্রবিশেষ, মৃদঙ্গ।
মুরজফল, পনস বৃক্ষ, কাঁটাল গাছ।
মুরন্দলা, নদীবিশেষ, নর্ম্মদা নদী।
মুরমর্দ্দন, বিষ্ণু, মুররিপু।
মুররিপু, বিষ্ণু, মুরনামক অসুরের নিপাত কারী।
মুরলা, নদীবিশেষ, নর্ম্মদা নদী।
মুরলী, বেণু, বংশী, বাঁশী।
মুরলীধর, শ্রীকৃষ্ণ, বংশীধর।
মুরহা, বিষ্ণু, নারায়ণ, মুরারি।
মুরা, গন্ধদ্রব্যবিশেষ। [রেব নাশক।
মুরারি, শ্রীকৃষ্ণ, বিষ্ণু, মরনামে অসু-
মুর্ম্মিণী, অঙ্গার ধানিকা, অঙ্গার রক্ষণ-পাত্র, আঙ্গঠ।
মুর্মুর, তুষাগ্নি, তুঁষের আগুন; কাম-দেব; সূর্য্যের ঘোটক।
মুশলিকা, পল্লী, পাড়া।
মুশলী, পল্লী, পাড়া।
মুষল, অয়োগ্র, ঢেঁকীর মোনা; মুদ্গর, গদা। [মুদ্গরে রণ।
মুষলামষলি, মুষলে মুষলে যুদ্ধ, মুদ্গরে
মুষলী, গৃহগোধিকা, টিকটিকী।
মুষল্য, মুষল দ্বারা বধ করিবার যোগ্য।
মুষিত, চোরিত দ্রব্য, অপহৃত, চোরা।
মুষ্ক, অণ্ডকোষ; বৃক্ষবিশেষ; তস্কর; মাংসল, স্থূল, মোটা।
মুষ্কক, বৃক্ষবিশেষ, ঘণ্টাপারুল গাছ।
মুষ্কমোচন, অণ্ডকোষ ছেদন, পুংস্ত্ব-নাশ করণ। [খোজা।
মুষ্কশূন্য, বৃষণরহিত, ছিন্নাণ্ডকোষ,
মুষ্টামুষ্টি, পরস্পর মুষ্টি প্রহার করণ, কিলোকিলি।
মুষ্টি, বদ্ধপাণি, মুটা, সম্পীড়িত অঙ্গু-লিপাণি; পল পরিমাণ; চারি তোলা; খড়্গের মুটা, বাঁট; কীল, ঘুষী।
মুষ্টিক, কংসরাজের মল্লবিশেষ; স্বর্ণ-কার, সেকরা।
মুষ্টিকান্তক, বলদেব, বলরাম। [খেলা।
মুষ্টিদ্যূত, দ্যূতক্রীড়া বিশেষ, পুরমুট-
মুষ্টিন্ধয়, বালক, শিশু, অপোগণ্ড।
মুষ্টিবন্ধ, মুষ্টিবন্ধন ক্রিয়া, মুটা বাঁধা।
মুষ্টিযোগ, সংক্ষেপে রোগ প্রতিকা-রার্থ ঔষধ বিশেষ।
মুষ্টীমুষ্টি, কিলোকিলি, ঘুষাঘুষি, মুষ্টি দ্বারা যুদ্ধ।
মুষ্টক, রাজসর্ষপ, রাই সরিষা।
মুসল, তণ্ডুলাদি কণ্ডনার্থ কাষ্ঠনির্ম্মিত মুদ্গর বিশেষ, কণ্ডনী দণ্ড।
মুসলী, গৃহগোধিকা, টিকটিকী, বল-দেব, বলরাম।
মুস্ত, মূল বিশেষ, মুতা।
মুস্তক, মূল বিশেষ, মুতা।
মুস্তাদ, শূকর, বরাহ, কোল।
মুস্তাভ, মুস্তক বিশেষ, নাগরমুতা।
মুস্থ, মুষ্টি, মুটা। [যোগ্য, নালা।
মুহনা, পুষ্করিণ্যাদির মুখ, প্রবাহ
মুহির, কাম, কন্দর্প; মূর্খ, মূঢ়।
মুহুঃ, পুনঃপুনঃ, বার বার।
মুহুর্ভাষা, পুনঃপুনঃ কথন।
মুহুর্মুহুঃ, পুনঃ২, বারম্বার।
মুহূর্ত্ত, দ্বাদশ ক্ষণ পরিমিত কাল; ঘটিকা দ্বয়, দিনের পোনের ভাগের এক ভাগ, দুই দণ্ড।
মূক, বাক্যরহিত, বোবা, অবাক্; মৎস্য; দীন; দানব।
মূঢ়, অবোধ, মূর্খ, জড়।
মূত, বদ্ধ, বাঁধা; প্রস্রাব, মূত্র।
মূতন, প্রস্রাব করণ, মূত্রত্যাগ।
মূত্র, প্রস্রাব, উপস্থ নির্গত জল।
মূত্রকৃচ্ছ্র, রোগ বিশেষ, মূত্ররোধ রোগ। [বিশেষ।
মূত্রদোষ, প্রমেহ; মূত্রগত রোগ
মূত্রনিরোধ, মূত্র প্রতিবন্ধক রোগ-বিশেষ, মূত্র কৃচ্ছ্র রোগ।

মূত্রপতন, গন্ধমার্জার, গন্ধগোকুলা।
মূত্রপুট, নাভির অধোভাগ, তলপেট।
মূত্রল, ত্রপুষ, রাং; মূত্রবর্দ্ধক, প্রস্রাব জনক। [স্রাব বন্ধ।
মূত্রাঘাত, প্রস্রাব রোধক রোগ. প্র-
মূত্রাশয়, নাভির অধোদেশ, মূত্রপুট, তলপেট।
মূত্রিত, মূত্রোৎসর্গকরা, মোতা।
মূর্খ, অজ্ঞ, মূঢ়, অবোধ, বালিশ।
মূর্খতা, মূর্খত্ব, অজ্ঞানতা, মূঢ়তা।
মূর্চ্ছনা, গীতাঙ্গ বিশেষ; পক্বতৈলের সংস্কার বিশেষ।
মূর্চ্ছা, সংমোহ, কশ্মল, মোহ. অজ্ঞান, অচৈতন্য।
মূর্চ্ছাল. মূর্চ্ছান্বিত, মূর্চ্ছিত, অজ্ঞান।
মূর্চ্ছিত, মূর্চ্ছাযুক্ত, মোহিত. অজ্ঞান।
মূর্চ্ছিতবায়ু, মূর্চ্ছাগত বায়ু, বায়ু রোগ বিশেষ।
মূর্ত্ত, মূর্ত্তিমান্, আকৃতি বিশিষ্ট।
মূর্ত্তি, শরীর, প্রতিমা, আকার।
মূর্ত্তিমৎ, শরীর. দেহ, তনু।
মূর্ত্তিমান্, মূর্ত্তিবিশিষ্ট, শরীরী, সাকার।
মূর্ত্ত্যন্তর, অন্যমূর্ত্তি; রূপান্তর, অন্য আকার।
মূর্দ্ধক, দ্বিতীয় বর্ণ, ক্ষত্রিয়।
মূর্দ্ধকর্ণী, আতপত্র, ছত্র, ছাতি।
মূর্দ্ধখোল, আতপত্র, ছত্র, ছাতি।
মূর্দ্ধজ, কেশ, কচ, চুল।
মূর্দ্ধন্য, মস্তক হইতে উৎপন্ন, মস্তক দ্বারা উচ্চার্য্য।
মূর্দ্ধপুষ্প, শিরীষ বৃক্ষ, শিরীষ গাছ।
মূর্দ্ধবেষ্টন, উষ্ণীষ, পাকড়ী, পাগ।
মূর্দ্ধরস, ভক্তফেণ, ভাতের মাড়।
মূর্দ্ধা, মস্তক, শিরঃ, মাথা।
মূর্দ্ধাভিষিক্ত, বর্ণসঙ্কর জাতি বিশেষ, ব্রাহ্মণের ঔরসে ক্ষত্রিয়া গর্ভে জাত জাতি।
মূর্ব্বা, লতাবিশেষ, ধনুকের ছিলা হইবার উপযুক্তা লতা।
মূল, শিফা, গোড়া, শিকড়, আদ্য; নক্ষত্রবিশেষ; শূরণ, ওল; পিপ্পলী মূল, নিদান, হেতু; পুঁজি, আসল।
মূলক, কন্দবিশেষ, মূলা।
মূলকর্ম্ম, মন্ত্র ঔষধাদি দ্বারা বশীকরণাদি ক্রিয়া, জো; উপপাতক বিশেষ।
মূলকার, মূলগ্রন্থকর্ত্তা।
মূলকারিকা, চুল্লী, চুলা; মূলগ্রন্থার্থ প্রকাশক পদ্য।
মূলকৃচ্ছ্র, ব্রত বিশেষ। [পলাদি।
মূলজ, আদ্রক, আদা, মূলজাত উৎ-
মূলদেব, কংসরাজ, কংসাসুর।
মূলদ্রব্য, মূলধন, আদি দ্রব্য, পুঁজি।
মূলধন, আদিদ্রব্য, পুঁজি, আসল ধন।
মূলপোতী, পূতিকাশাক বিশেষ, বনপুঁই।
মূলপ্রকৃতি, আদ্যাশক্তি; মহামায়া।
মূলফলদ, পনস বৃক্ষ, কন্টকি বৃক্ষ, কাঁটাল।
মূলভদ্র, কংসরাজ, কংসাসুর।
মূলা, মূলনক্ষত্র; কন্দবিশেষ, মূলক।
মূলাধার, গুহ্য ও লিঙ্গের মধ্যে অঙ্গুলিদ্বয় পরিমিত স্থান। [জ্যেঠী।
মূলি, বৃক্ষ; আদিকারণ; জ্যেষ্ঠী,
মূলীভূত, হেতু স্বরূপ, নিদান।
মূল্য, দ্রব্যের পণ, অর্ঘ, অবক্রয়, দর, দাম; ভাড়া, ভৃত্যা. ভৃতি, বেতন।
মূষ, মূষিক, তৈজসাবর্ত্তিনী, স্বর্ণাদি গলাইবার মুচী।
মূষক, উন্দুরু, ইঁদুর।
মূষককর্ণী, আখুকর্ণী, ইঁদুরকাণী।
মূষকা, মূষিকা, স্ত্রী ইন্দুর, ইঁদুরী।
মূষকারাতি, বিড়াল, মার্জার।
মূষা, স্বর্ণাদির আবর্ত্তন পাত্র, মুচীভাঁড়; মূষিকা, স্ত্রীজাতি ইঁদুর; গবাক্ষ, ঝরকা।
মূষিক, উন্দুরু, ইঁদুর। [কানী পানা।
মূষিকপর্ণী, জলজ তৃণ বিশেষ, ইঁদুর-

মূষিকা, স্ত্রী মূষিক, উন্দুরী; ইন্দুর-কাণী পানা।
মূষিকাঙ্ক, গণেশ, লম্বোদর।
মূষিকাঞ্চন, গণেশ, মূষিক বাহন।
মূষিকারাতি, বিড়াল, মার্জার।
মূষী, মূষা, স্বর্ণাদি আবর্ত্তন পাত্র, মচী ভাঁড়।
মূষ্যয়ণ, অজ্ঞাত পিতৃক, জারজ, গূঢ়োৎপন্ন। [পিতা।
মৃকণ্ডক, মৃকণ্ডুমুনি, মার্কণ্ডেয় মুনির
মৃগ, হরিণ; পশুমাত্র; হস্তিবিশেষ; নক্ষত্রবিশেষ; যাজ্ঞা; মার্গশীর্ষমাস, যজ্ঞবিশেষ; মকর রাশি।
মৃগগামিনী, বিড়ঙ্গা; মৃগসদৃশ গমনকারিণী স্ত্রী। [জাত।
মৃগঘর্ম্মজ, গন্ধদ্রব্যবিশেষ; মৃগঘর্ম্ম-
মৃগচেটক, পশুবিশেষ, খট্টাস, খাটাস।
মৃগজালিকা, মৃগ বন্ধনার্থ জাল, বাগুরা, ফাঁদ।
মৃগজীবন, ব্যাধ, নিষাদ, শিকারী।
মৃগণা, অপহৃত দ্রব্যের অন্বেষণ, চোরা বস্তুর অনুসন্ধান। [চিকা।
মৃগতৃষা, সূর্য্যকিরণে জলভ্রম, মরী-
মৃগদংশক, কুক্কুর, শ্বা, কুকুর।
মৃগধূর্ত্ত, শৃগাল, শিবা, শিয়াল।
মৃগধূর্ত্তক, শৃগাল, জম্বুক, গোমায়ু।
মৃগনয়নী, মৃগসদৃশ লোচনা স্ত্রী, মৃগাক্ষী।
মৃগনাভি, কস্তুরী, মৃগমদ।
মৃগনাভিজা, কস্তুরী, মৃগমদ।
মৃগপতি, সিংহ, কেশরী।
মৃগপিপ্লু, চন্দ্র, বিধু, শশাঙ্ক।
মৃগপ্রিয়, পর্ব্বত তৃণ, গিরিজাত তৃণ।
মৃগবধাজীব, নিষাদ, ব্যাধ, শিকারী।
মৃগবন্ধিনী, মৃগবন্ধনার্থ জাল, বাগুরা।
মৃগবাহন, বায়ু, অনিল, বাতাস।
মৃগব্য, মৃগয়া, বন্য পশুর বধ চেষ্টা, ব্যাধবৃত্তি, শীকার।
মৃগমদ, কস্তুরী, মৃগনাভি।
মৃগয়া, পশুবধচেষ্টা, শিকার, আখেট।
মৃগয়ু, ব্রহ্মা; শৃগাল; ব্যাধ।
মৃগরসা, লতাবিশেষ, সহদেবী লতা।
মৃগরাজ, সিংহ, মৃগেন্দ্র, কেশরী।
মৃগরিপু, সিংহ, পঞ্চাস্য, কেশরী।
মৃগরোমজ, পশুলোমজ বস্ত্রাদি।
মৃগলাঞ্ছন, চন্দ্র, শশী, সুধাংশু।
মৃগশাবক, মৃগশিশু, হরিণ বৎস।
মৃগশিরা, সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত পঞ্চম নক্ষত্র, মৃগশীর্ষ নক্ষত্র।
মৃগশীর্ষা, সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত পঞ্চম নক্ষত্র।
মৃগক্ষীর, মৃগীদুগ্ধ, হরিণী দুগ্ধ।
মৃগাঙ্ক, চন্দ্র; কর্পূর; বায়ু; মৃগচিহ্ন।
মৃগাজীব, ব্যাধ, নিষাদ, শিকারী।
মৃগাণ্ডজা, কস্তুরী, মৃগমদ।
মৃগাদন, ক্ষুদ্রব্যাঘ্র, তরক্ষু; চিতাবাঘ, নেকড়িয়া বাঘ। [ছোট বাঘিনী।
মৃগাদনী, সহদেবী লতা; ক্ষুদ্রব্যাঘ্রী,
মৃগান্তক, চিত্রক ব্যাঘ্র, চিতাবাঘ।
মৃগাবিৎ, ব্যাধ, নিষাদ, শিকারী।
মৃগারাতি, কুক্কুর; মৃগশত্রু।
মৃগারি, সিংহ; ব্যাঘ্র; কুক্কুর।
মৃগাক্ষী, মৃগলোচন তুল্যনেত্রা স্ত্রী।
মৃগিত, অন্বেষিত, কৃতানুসন্ধান; চেষ্টিত।
মৃগী, মৃগজাতি স্ত্রী, হরিণী; অপস্মার রোগ; মূর্চ্ছাগত বায়ু।
মৃগেন্দ্র, সিংহ, কেশরী।
মৃগেন্দ্রচটক, শ্যেনপক্ষী, শচান, শিকরা। [তুল্য লোচন।
মৃগেক্ষণা, মৃগনয়না; যে স্ত্রীর হরিণ
মৃগ্য, অন্বেষণীয়, অনুসন্ধানীয়।
মৃজ, বাদ্যবিশেষ, মর্দ্দলবাদ্য, মাদল।
মৃজা, মার্জন, পরিষ্কার করণ।
মৃজ্য, মার্জনীয়, পরিষ্করণীয়, শোধনীয়।
মৃড়, শিব, মহাদেব।
মৃড়ঙ্কণ, বালক, শিশু, কিশোর।
মৃড়া, দুর্গা, ভগবতী, পার্ব্বতী।

মৃড়ী. দুর্গা, ভগবতী, পার্ব্বতী।
মৃড়ীক, হরিণ, মৃগ।
মৃণাল, পদ্মের নাল,বিস ; বীরণ মূল।
মৃণালিনী, পদ্মিনী ; পদ্মযুক্ত দেশ।
মৃণালী, মৃণাল , পদ্ম , পদ্মিনী।
মৃণ্ময়, মৃত্তিকা নির্ম্মিত, মাটিয়া।
মৃত, গতপ্রাণ, মৃত্যুপ্রাপ্ত, মরা,প্রাপ্ত-পঞ্চত্ব, পরেত, প্রেত, সংস্থিত।
মৃতক, শব, মড়া, মৃত দেহ।
মৃতকল্প, মৃতপ্রায়, মৃততুল্য, মুমূর্ষু।
মৃতকান্তক, শৃগাল, জম্বুক, শিয়াল।
মৃতদত্ত, মুমূর্ষু দান, মরণকালীন দান।
মৃতদার, অস্ত্রীক, পত্নী বিহীন ব্যক্তি।
মৃতপুত্রা, মৃতবৎসা.অজীবৎ পুত্রিকা, যে স্ত্রীর সন্তান নষ্ট হয়।
মৃতপ্রায়, মৃততুল্য, মৃতবৎ, মৃতকল্প ; অপমানাদি জন্য বিমর্ষ ভাবাপন্ন।
মৃতবৎসা,মৃতাপত্যা,অজীবৎসন্তানা।
মৃতমত্ত, শৃগাল, শিয়াল, জম্বুক।
মৃতস্নান, মৃতের উদ্দেশে স্নান, মরণ-উপলক্ষে অবগাহন, অপস্নান।
মৃতান্তর, সাক্ষি বিশেষ, মৃত লোকের পরিবর্ত্তে সাক্ষ্যদায়ী।
মৃতি, মরণ, মৃত্যু, প্রাণত্যাগ।
মৃৎ, মৃত্তিকা. মাটী।
মৃৎকর, কুম্ভকার কুমার।
মৃৎকাংস্য, শরাব, শরা, মৃত্তিকা পাত্র বিশেষ। [ঘুর্ঘুরিয়া পোকা।
মৃৎকিরা, কীট বিশেষ, ঘুর্ঘুরী কীট,
মত্তালক,তুবরিকলায়,অড়হর কলাই।
মৃত্তিকা, মৃৎ, মাটী।
মৃৎফলী, কুষ্ঠ ঔষধ, কুড়।
মৃত্যু, যম, অন্তক; প্রাণ বিয়োগ; পঞ্চত্ব, কালধর্ম্ম, অত্যয়, নাশ, মরণ, নিধন, মৃতি, দীর্ঘনিদ্রা, পরলোক-গমন, নিপাত, বিলয়, কাল।
মৃত্যুনাশক,পারদ, পারা; মরণ হারক।
মৃত্যুপুষ্প, ইক্ষু, আউক।
মৃত্যুফল, মহাকাল ফল,মাকাল ফল।
মৃত্যুফলা, কদলী, রম্ভা, কলা।
মৃত্যুবঞ্চন, শিব, বিল্ববৃক্ষ ; দাঁড়কাক।
মৃত্যুভঙ্গুরক, মরণকালে বাদনীয় পটহ, বাদ্য বিশেষ।
মৃত্যুভৃত্য, রোগ, পীড়া, ব্যামোহ।
মৃৎসা, প্রশস্ত মৃত্তিকা, উত্তম মাটী।
মৃৎস্না, উত্তম মৃত্তিকা, ভাল মাটী।
মৃদঙ্গ, বাদ্যযন্ত্রবিশেষ, মুরজ ; পটহ।
মৃদঙ্গফল, পনস বৃক্ষ, কাঁটাল।
মৃদা, মৃত্তিকা, মাটী।
মৃদাকর, বজ্র, অশনি, বাজ।
মৃদিত, চূর্ণীকৃত, গুঁড়া করা।
মৃদিনী, প্রশস্ত মৃত্তিকা, উত্তম মাটী।
মৃদু, অতীক্ষ্ণ, কোমল ; শান্ত, ধীর।
মৃদুগমনা, হংসী ; মন্দগমনা স্ত্রী।
মৃদুচর্ম্মী, ভূর্জ বৃক্ষ ; কোমল ত্বক বিশিষ্ট।
মৃদুতা, ধীরতা, মৃদুত্ব ; কোমলতা।
মৃদুত্ব, কোমলতা ; ধীরতা।
মৃদুদ্ভব, ভূমিজ, মৃত্তিকা জাত।
মৃদুষ্মক, সুবর্ণ, স্বর্ণ, হেম, সোণা।
মৃদুপত্র, নল ; নরম পাতা।
মৃদুপর্ব্বক, বেত্র, বেত; কোমল পর্ব্ব-বিশিষ্ট, নরম পাব।
মৃদুপুষ্প, শিরীষ বৃক্ষ; কোমল কুসুম।
মৃদুল, কোমল, নরম।
মৃদুলোমক, শশক, শশারু ; কোমল রোম বিশিষ্ট।
মৃদুস্রোতঃ, নদীর মন্দ গতি, মন্দ টান, অল্পস্রোতঃ।
মৃদূৎপল, নীলপদ্ম, নীলকমল।
মৃদ্গা, মৎস্য বিশেষ, মৃগাল মাছ।
মৃদ্বী, কোমলাঙ্গী ; কোমলা।
মৃদ্বীকা, দ্রাক্ষা, কিস্‌মিস।
মৃধ, যুদ্ধ, রণ, সংগ্রাম।
মৃধা, মৃষা, মিথ্যা ; বৃথা।
মৃষা, মিথ্যা, অলীক, অসত্য ; বৃথা।

মৃষাবাদ, মিথ্যা বাক্য, অসত্য কথন।
মৃষাবাদী, মিথ্যাবাদক, অসত্যবাদী।
মৃষার্থক, অত্যন্ত অসম্ভবার্থ বাক্য, অপ্রসিদ্ধ কথন।
মৃষালক, আম্রবৃক্ষ, চূত বৃক্ষ, আঁব।
মৃষোদ্য, মিথ্যা বাক্য, অসত্য কথন, অলীক ভাষণ; বৃথা কথা।
মৃষ্ট, মার্জ্জিত, শোধিত; মরিচ।
মৃষ্টেরুক, বদান্য, দাতা; মিষ্টাশী, মিষ্ট দ্রব্য ভোজনকারী।
মেই, স্তন, মেধী, খামারের মাঝ-কাঠ।
মেইয়া, স্ত্রীলোক; কন্যা, বালিকা।
মেইয়ামী, স্ত্রীপনা, কাপুরুষতা, স্ত্রীত্ব।
মেইয়ামুখ, সলজ্জ, মুখচোরা, লাজুক।
মেক, ছাগ, অজ; স্তম্ভ, খুঁটি।
মেকলকন্যকা, নদীবিশেষ, নর্ম্মদা নদী।
মেখলা, স্ত্রীলোকের কটির আভরণ, চন্দ্রহার, গোট, কাঞ্চী, রসনা; পর্ব্বত-নিতম্ব; উপনয়ন কালে ধারণীয় শর পত্রাদি নির্ম্মিত সূত্র ত্রয়।
মেঘ, জলধর, বারিদ; মুস্তক, মুতা; রাক্ষস; রাগ বিশেষ।
মেঘকফ, করকা, বর্ষোপল, শিল।
মেঘচিন্তক, চাতক পক্ষী।
মেঘজ, মেঘজাত বস্তু, করকা, শিল।
মেঘজাল, মেঘ সমূহ।
মেঘজীবন, চাতক পক্ষী।
মেঘজ্যোতিঃ, বজ্রাগ্নি, বিদ্যুৎ।
মেঘড়ম্বর, মেঘের আড়ম্বর; মেঘ-গর্জ্জন।
মেঘতিমির, মেঘাচ্ছন্ন দিন, দুর্দ্দিন।
মেঘদীপ, বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী।
মেঘনাদ, রাবণপুত্র; মেঘ গর্জ্জন, মেঘের শব্দ; পলাশ বৃক্ষ।
মেঘনাদানুলাসক, ময়ূর, কলাপী, শিখী।
মেঘনামা, মুস্তক, মুতা।
মেঘনির্ঘোষ, মেঘশব্দ, মেঘগর্জ্জন।
মেঘপুষ্প, জল; নদীর জল।
মেঘপ্রসব, জল, সলিল, পয়ঃ।
মেঘবর্ণা, নীল বৃক্ষ, নীলগাছ।
মেঘবর্ত্ম, আকাশ, গগণ, অন্তরীক্ষ।
মেঘবহ্নি, বজ্রাগ্নি, বিদ্যুতের অনল।
মেঘবাহন, ইন্দ্র, দেবরাজ, শক্র।
মেঘবেশ্ম, আকাশ, গগণ, অন্তরীক্ষ।
মেঘভূতি, বজ্র, অশনি, বাজ।
মেঘমাল, রমাগর্ভজাত কল্কিদেবপুত্র।
মেঘমালা, মেঘশ্রেণী, কাদম্বিনী।
মেঘযোনি, ধূম, ধুঁয়া।
মেঘলা, মেঘাচ্ছন্ন দিন, দুর্দ্দিন, বাদলা।
মেঘসার, কর্পূর বিশেষ, চীনা কর্পূর।
মেঘসুহৃৎ, ময়ূর, শিখী।
মেঘাখ্য, মুস্তক, মুতা।
মেঘাগম, বর্ষাকাল, মেঘের আগমন।
মেঘাচ্ছন্ন, দুর্দ্দিন, মেঘদ্বারা আবৃত।
মেঘানন্দা, বলাকা, বকশ্রেণী।
মেঘানন্দী, ময়ূর, কলাপী।
মেঘান্ত, ঘনাপগম; শরৎকাল।
মেঘাস্থি, করকা, শিল, বর্ষোপল।
মেঘাস্পদ, আকাশ, গগণ।
মেচক, অন্ধকার; নীলবর্ণ; ময়ূর-চন্দ্রক; ময়ূর পুচ্ছের চাঁদ; মেঘ।
মেচ্যা, কাষ্ঠাসন বিশেষ, কেদেরা, চৌকী, মোড়া।
মেছুনী, ধীবর পত্নী, জেলেনী।
মেছুয়া, মৎস্যজীবী, ধীবর, জেলিয়া।
মেজিয়া, গৃহের মধ্যস্থল, ঘরের মাঝ।
মেঝিয়া, গৃহ মধ্য ভূমি, গৃহের মাঝ।
মেঝেম, গৃহের মধ্যস্থল প্রস্তুত করণ।
মেটা, সমাধা, নিষ্পত্তি, শেষ।
মেটান, নিষ্পত্তিকরণ, চুকান।
মেটিয়া, মৃণ্ময়, মৃত্তিকা নির্ম্মিত।
মেটিয়াতৈল, ভূমিজাত তৈল বিশেষ।
মেটুলা, আমলকী, ধাত্রীফল।
মেঠ, হস্তিপক, হস্তিপালক, মাহুত।
মেড়, কাঠাম, নির্ম্মিত বাড়।
মেড়', মেষ, ভেড়া; নির্বোধ।
মেড়ী, মেষী, ভেড়ী।
মেড়ুয়া, ক্ষুদ্র হাতুড়ী; মলিনতা; মর্চ্যা।

মেঢ্র, শিশ্ন, লিঙ্গ, উপস্থ।
মেঢ্ররোগ, উপদংশ রোগ, বাও।
মেণ্ট, হস্তিপক, হস্তি রক্ষক, মাহুত
মেণ্ড, হস্তিপক, মাহুত।
মেণ্ট, মেষ, মেড়া, ভেড়া। [কাঠ।
মেথি, পশু বন্ধনার্থ ন্যস্ত দারু, মেই
মেথিক, শাক বিশেষ, মেথিশাক।
মেথী, শাক বিশেষ, মেথিশাক।
মেদঃ, মাংস প্রভব ধাতুবিশেষ, বসা, মজ্জা; রোগ বিশেষ।
মেদস্কৃৎ, মাংস, পল, পিশিত।
মেদা, স্থূলবুদ্ধি, জড়, অষ্টবর্গ প্রসিদ্ধ ঔষধ বিশেষ।
মেদিনী, পৃথ্বী, পৃথিবী, ধরা, ধরণী।
মেদিনীদ্রব, পাংশু, রজঃ, রেণু, ধূলা।
মেদুর, অতিশয় স্নিগ্ধ; শীতল।
মেদোজ, অস্থি, হাড়।
মেদোষ্ণ, বর্ণসঙ্কর জাতি বিশেষ।
মেধ, ক্রতু, যাগ, যজ্ঞ।
মেধা, ধারণাবতী বুদ্ধি, ধী। [বুদ্ধিকর।
মেধাকৃৎ, শাক বিশেষ; মেধাকারক,
মেধাজিৎ, কাত্যায়ন মুনি।
মেধাবতী, মেধাবিশিষ্টা, বুদ্ধিমতী; লতাবিশেষ। [বিশিষ্ট।
মেধাবান্, বুদ্ধিমান্; স্মরণ শক্তি
মেধাবিনী, বুদ্ধিমতী স্ত্রী, স্মরণশক্তি বিশিষ্টা নারী; ব্রহ্মার পত্নী।
মেধাবী, মেধাযুক্ত, স্মরণশক্তিবিশিষ্ট; পণ্ডিত; শুকপক্ষী।
মেধি, খলে পশু বন্ধনার্থ প্রোথিত কাষ্ঠ, ধান্য মর্দ্দন স্থান মধ্যে পশু বন্ধন নিমিত্ত নিহিত দারু, মেইকাঠ।
মেধির, মেধাবী, মেধাযুক্ত, স্মরণশক্তি বিশিষ্ট; পণ্ডিত; শুকপক্ষী।
মেধিষ্ঠ, অতিশয় মেধাযুক্ত; বুদ্ধিমান্।
মেধ্য, পবিত্র, পূত; শুচি; যজ্ঞীয়।
মেনকা, স্বর্গবেশ্যা বিশেষ; উমা মাতা, হিমালয়ের পত্নী।
মেনকাত্মজা, দুর্গা, উমা, পার্ব্বতী।
মেনা, মেনকা, হিমালয় পত্নী; স্তন, মাই। [র্ব্বতী।
মেনাজা, মেনকা গর্ভে উৎপন্না, পা-
মেনাদ, বিড়াল, ছাগল; ময়ূর।
মেনাধব, হিমালয় পর্ব্বত।
মেনী, স্ত্রী জাতীয় বিড়াল; স্ত্রীলোক।
মেনীমুখা, লাজুক, স্ত্রীলোকের তুল্য সলজ্জ পুরুষ।
মেয়্য, স্ত্রীলোক; কন্যা, দুহিতা।
মেরু, পর্ব্বত বিশেষ, সুমেরু পর্ব্বত, জপমালার অগ্রবর্ত্তি প্রধান মালা।
মেরুক, ধুনা।
মেরুগ্রন্থি, মেটিয়া; শিলা; কোষ্ঠ।
মেরুদণ্ড, পৃষ্ঠের মধ্য স্থিত অস্থি, পিঠের শির ডাঁড়া।
মেল, মিলন, ঐক্য, সন্ধি, সংযোগ।
মেলক, মিলনকারী, মিলনিয়া, অলাপী।
মেলক লবণ, ক্ষার লবণ।
মেলন, একত্র হওন; মিশন, সংযোজন।
মেলা, মেলক; মসী, কালী; অঞ্জন, হউ, হাট; একত্র হওন, জনতা, লোকারণ্য। [প্রসারণ।
মেলান, মিলন করাণ, যোগ করাণ,
মেলানন্দা, মস্যাধার, দোয়াত।
মেলানি, সমাজ; জনতা।
মেলাম্বু, মস্যাধার, দোয়াত।
মেলাপ, ঐক্য, মিল; সন্ধি, সম্প্রীতি।
মেলাম্বু, মস্যাধার, দোয়াত।
মেষ, পশুবিশেষ, মেড়া; লগ্নবিশেষ; প্রথম রাশি।
মেষকম্বল, মেষলোম নির্ম্মিত বস্ত্র।
মেষপাল, মেষসমূহ, ভেড়ার পাল; মেষের পালন কর্ত্তা। [খাল।
মেষপালক, মেষ রক্ষক, ভেড়ার রা-
মেষলোচন, চক্রমর্দ্দ বৃক্ষ, চাকুন্দে-গাছ; মেষচক্ষু তুল্য চক্ষু।
মেষশৃঙ্গ, স্থাবর বিষ বিশেষ; ভেড়ার শিং।

মেষশৃঙ্গী, অজশৃঙ্গী লতা, মেঢ়াশিঙ্গী লতা।

মেষা, গুজরাটি এলাইচ। [গাছ।

মেষাহ্বয়, চক্রমর্দ্দ বৃক্ষ, চাকুন্দিয়া

মেষী, জটামাংসী; স্ত্রীজাতি মেষ, মেড়ী। [স্বামী।

মেস্থুয়া, মাতার ভগিনীপতি, মাসীর-

মেস্যাড়া, ছানী, ক্ষতস্থানের নূতন-মাংস।

মেহ, প্রমেহ রোগ, ধাতুচালা; রেতঃ ক্ষরণ, প্রস্রাব দোষ।

মেহকর, প্রস্রাবজনক, মূত্রবর্দ্ধক।

মেহদুষ্ট, মেহবিকার, ধাতুচালা, প্রস্রাব দোষ। [সর্গ।

মেহন, শিশ্ন, লিঙ্গ, প্রস্রাব, মূত্রোৎ-

মেহনা, মহিলা, স্ত্রী, নারী।

মেক্ষণ, যজ্ঞীয় পাত্রবিশেষ।

মৈত্র, মিত্রসম্বন্ধ, বন্ধুতা, সখ্য; সুহৃদ্।

মৈত্রকর্ম্ম, মলত্যাগ, পুরীষোৎসর্গ, বাহ্য ক্রিয়া।

মৈত্রভ, অনুরাধা নক্ষত্র।

মৈত্রাবরুণ, মুনিবিশেষ, অগস্ত্যমুনি।

মৈত্রী, মিত্রতা; মিত্রের কর্ম্ম।

মৈত্রেয়, মিত্রসম্বন্ধীয়; মুনিবিশেষ।

মৈত্র্য, মিত্রতা, বন্ধুতা, মিত্রের কর্ম্ম।

মৈথিলী, সীতা, জানকী।

মৈথুন, স্ত্রী সংসর্গ, সুরত, রতিক্রিয়া।

মৈনাক, পর্ব্বত বিশেষ; হিমালয়ের-পুত্র।

মৈন্দ, অসুর বিশেষ; বানর বিশেষ।

মৈন্দহা, বিষ্ণু, নারায়ণ।

মৈরেয়, মদ্যবিশেষ।

মোক্তা, মোচনকর্ত্তা; ত্রাণকর্ত্তা, নিস্তারক। [বিশেষ।

মোঘ, নিরর্থক, ব্যর্থ; প্রাচীর; পুষ্প-

মোঘপুষ্পা, বন্ধ্যা, বাঁঝা।

মোঘোলি, প্রাচীর, পাঁচীল, দেওয়াল।

মোচ, কদলীফল, কলা; ওষ্ঠোপরি-ধারিত কেশ, গোঁপ।

মোচক, মোক্ষ; মোচনকারী; কদলী, রম্ভা। [বাদ্যযন্ত্র বিশেষ।

মোচঙ্গ, পুষ্পরস হারি পক্ষিবিশেষ;

মোচড়, ভগ্ন; ভাঙ্গা।

মোচন, মুক্তকরণ; ত্যাগকরণ।

মোচনা, কর্ষণ; সংদংশ, সাঁড়াশী।

মোচা, কদলী বৃক্ষ, কলাগাছ; শাল্-মলি বৃক্ষ; নীলী বৃক্ষ।

মোচাট, কৃষ্ণজীরক, কেলেজীরা; রম্ভা।

মোচী, হিলমোচিকা শাক, হিংচাশাক।

মোছন, পুঁছন, মার্জ্জন।

মোট, মস্তক দ্বারা বহনীয় বস্তু, ভার; একুন, সমুদয়।

মোটক, শ্রাদ্ধকালে দানার্থ দ্বিগুণ-ভুগ্ন কুশত্রয়, মটুক।

মোটকী, রাগিণী বিশেষ। [কান।

মোটন, চূর্ণকরণ, গুঁড়ান; বায়ু, মট-

মোটা, মাংসল; স্থূল, পীন, পীবর।

মোটামোটি, সামান্যত, যেমন তেমন; অবিশেষ। [মোটবহন কারী।

মোটিয়া, ভার বাহক, বেতন লইয়া

মোড়, বক্র, বাঁক, পশুর স্তন।

মোডক, আচ্ছাদন, আবরণ।

মোড়ন, আচ্ছাদন, বক্রকরণ, বাঁকান।

মোড়া, আসনবিশেষ, মাচিয়া; আবরণ, আচ্ছাদন।

মোড়ান, দুমড়ান, জড়ান, বেষ্টন।

মোণ, শুষ্কফল; কুম্ভীর, কুমীর; মক্ষিকা, মাছী; চল্লিশ সের।

মোদ, হর্ষ, আহ্লাদ, আনন্দ।

মোদক, খাদ্যবিশেষ, মোয়া; গুড়; শর্করাদি দ্বারা পক্ব ঔষধ বিশেষ; বর্ণসঙ্কর জাতিবিশেষ, ময়রা।

মোদন, শিক্থক, মোম; হর্ষ, আহ্লাদ; মুদ্রিত করণ, বুজান।

মোদয়ন্তী, বন মল্লিকা, কাঠমল্লিকা।

মোদা, রুদ্ধ, বদ্ধ, মুদ্রিত; বুজা।

মোদাখ্য, আম্রবৃক্ষ, আঁব গাছ।

মোদাঢ্যা, হর্ষযুক্তা, আনন্দ পুর্ণা।

মোদিত, হর্ষযুক্ত, আহ্লাদিত।
মোদিনী, মল্লিকা; যূথিকা, যূঁই ফুল; কস্তূরী; মদিরা।
মোদী, আমোদকারী, হর্ষযুক্ত; বিক্রয় কারী, দোকানী। [বিংশৎ শের।
মোন, চল্লিশ শের পরিমাণ, চত্বা-
মোনা, মুষল, ঢেঁকীর মুদ্গর।
মোনী, নৌকার পরিমাণ বিশেষ।
মোম, শিক্থক, মৌচাক জাত বস্তু।
মোমঢাল, মোমযুক্ত বস্ত্র, মোম-লাগান কাপড়। [লতা।
মোরট, লতা বিশেষ, ক্ষীর মোরটা-
মোরটা, মূর্ব্বা তৃণ, মুজ।
মোষক, তস্কর, চোর; বঞ্চক।
মোষণ, লুণ্ঠন; অপহরণ; চাতুরী করণ; বধ করণ। [হারক।
মোষিতা, মোষণ কর্ত্তা; চোর, অপ-
মোহ, মূর্চ্ছা, অচৈতন্য; অবিদ্যা।
মোহগত, মোহপ্রাপ্ত, মুগ্ধ, অজ্ঞান।
মোহজনক, মোহকারক, অচৈতন্য-কারক।
মোহন, ঔষধাদি দ্বারা মুগ্ধ করণ; মূর্চ্ছাকরণ; অচৈতন্য; ধুস্তূর বৃক্ষ; কামদেবের বাণ বিশেষ।
মোহনী, অচৈতন্য কারিণী; মায়া-বিশেষ, কুহক।
মোহন্ত, মহান্ত, উদাসীন; সন্ন্যাসী।
মোহপ্রাপ্ত, মোহিত, মুগ্ধ, অচেতন, হতজ্ঞান।
মোহর, স্বর্ণমুদ্রা; নামাঙ্কিত মুদ্রা।
মোহশাস্ত্র, অবিদ্যাজনক গ্রন্থ।
মোহিনী, মোহ কারিণী; আজ্ঞা-কারিণী।
মোহী, মোহবিশিষ্ট, মুগ্ধ, অজ্ঞান।
মোক্ষ, নির্ব্বাণ, মুক্তি; মোচন; পাটলি বৃক্ষ। [ত্যাগ করণ।
মোক্ষণ, নির্ব্বাণ প্রাপ্তি; মোচন,
মোক্ষোপায়, মুক্তি সাধন, নির্ব্বাণ-প্রাপ্তির উপায়।

মৌ, মধু, পুষ্পরস, মকরন্দ।
মৌকলি, কাক, বায়স।
মৌক্তিক, মুক্তা, মতি।
মৌক্তিকপ্রসবা, শুক্তি, ঝিনুক।
মৌক্তিকশুক্তি, শুক্তিবিশেষ, মুক্তার-ঝিনুক।
মৌখর্য্য, মুখরত্ব, মুখরতা, বাচালতা।
মৌখিক, মুখসম্বন্ধীয়; মুখস্থ; কাল্পনিক।
মৌচাক, মধুমক্ষিকা রচিত মধুচক্র।
মৌঞ্জী, মুঞ্জ তৃণ নির্ম্মিত মেখলা; শর পত্র নির্ম্মিত মেখলা। [নয়ন।
মৌঞ্জীবন্ধ, মুঞ্জ মেখলা বন্ধন, উপ-
মৌঢ্য, মোহ, অচৈতন্য; মূঢ়তা, মূর্খতা।
মৌদ্গলি, কাক, বায়স।
মৌন, শব্দ প্রয়োগ রাহিত্য, অভাষণ, অকথন, তুষ্ণীম্ভাব। [অভাষণ।
মৌনব্রত, নীরব থাকনের নিয়ম,
মৌনসম্মতি, অকথনপ্রযুক্ত অনুমতি।
মৌনী, মুনি; মৌনযুক্ত, নীরব।
মৌমাছী, মধুমক্ষিকা।
মৌরছল, ময়ূর পুচ্ছে নির্ম্মিত ব্যজন বিশেষ। [বাদক।
মৌরজিক, মুরজ বাদ্য বাদক, মৃদঙ্গ
মৌর্খ্য, জাড্য, মূর্খতা, অজ্ঞানতা।
মৌর্ব্বী, ধনুর্গুণ, ধনুকের ছিলা।
মৌল, ভূম্যাদির মূল জাতা, মণ্ডল, মোড়ল; মুকুল। [চাঁচ, দরমা।
মৌলা, নল নির্ম্মিত আসন বিশেষ,
মৌলি, চূড়া, কিরীট, মুকুট; মস্তক, শিরঃ; অশোক বৃক্ষ। [শজ।
মৌলিক, কুলীন ভিন্ন, অকুলীন, বং-
মৌষল, মুষলবৎ; মহাভারতের পর্ব্ব বিশেষ; মুষল সম্বন্ধীয়।
মৌষ্টা, মুষ্টিপ্রহরণ ক্রীড়া, পরিহাস পূর্ব্বক কীল মারা।
মৌহূর্ত্তিক, জ্যোতির্বেত্তা, জ্যোতি-র্ময়জ্ঞ; দৈবজ্ঞ, গণক।

ম্রদিমা, মৃদুতা ; কোমলতা ; নম্রতা।
ম্রদিষ্ঠ, অতিশয় মৃদু, অতিশয় নম্র, অতি কোমল।
ম্রদীয়ান্, অতিশয় মৃদু, অতি কোমল।
ম্রক্ষণ, সংযোজন, মিশ্রণ, মিশান।
ম্রাতন, মুস্তক বিশেষ, কেউটিয়া মুতা।
ম্রিয়মাণ, মৃতকল্প, অবসন্ন ; মৃততুল্য, মৃত্যুপ্রায়।
ম্লক্ত, চোরিত, মুষিত, অপহারিত।
ম্লান, মলিন ; শুষ্ক, বিরস ; বিষণ্ণ, খেদযুক্ত।
ম্লানবদন, বিষণ্ণমুখ, মলিনাস্য।
ম্লানি, কান্তিক্ষয়, বিষাদ, শুষ্কতা, মলিনতা। [অস্ফুট কথন।
ম্লিষ্ট, অস্পষ্ট বাক্য, অব্যক্ত বাক্,
ম্লেচ্ছ, অন্ত্যজ জাতি, কিরাত শবর পুলিন্দাদি ইতর জাতি; পামর, নীচ।
ম্লেচ্ছকন্দ, লশুন, রশুন।
ম্লেচ্ছজাতি, গোমাংস খাদক বহু বিরুদ্ধ ভাষক সর্ব্বাচার বিহীন জাতি ; বেদাচার হীন জাতি।
ম্লেচ্ছদেশ, চাতুর্ব্বর্ণ্য ব্যবস্থাদি রহিত স্থান, অন্ত্যজ জাতির দেশ।
ম্লেচ্ছমণ্ডল, মেচ্ছদেশ, অন্ত্যজ জাতির দেশ।
ম্লেচ্ছাস্য, তাম্র, তাঁবা।
ম্লেচ্ছিত, ম্লেচ্ছভাষা, অপশব্দ।

য

য, ব্যঞ্জনের ষড়্বিংশ বর্ণ; বায়ু; যশঃ ; যোগ ; যান।
যক, যক্ষ, কুবেরের ধন রক্ষক।
যকৃৎ, কুক্ষির দক্ষিণ ভাগস্থ মাংস খণ্ড বিশেষ, রোগ বিশেষ।
যকৃদাত্মিকা, তৈলপায়িকা, তেলা-পোকা, আরশুলা।
যখন, যে সময়ে, যৎ কালে।
যজত, ঋত্বিক্, পুরোহিত।
যজতি, যাগ, যজ্ঞ, মখ।
যজত্র, অগ্নিহোত্রী, যজ্ঞকারী।
যজন, যাগকরণ, পূজন। [ব্রতী।
যজমান, যাগাদির অনুষ্ঠান কর্ত্তা,
যজাক, দানকর্ত্তা, দাতা।
যজি, যষ্টা, যজমান, যাগকারী।
যজুঃ, বেদবিশেষ, যজুর্ব্বেদ।
যজুর্বেদ, দ্বিতীয় বেদ ; বেদবিশেষ।
যজুর্ব্বেদী, যজুর্ব্বেদবেত্তা ; যজুর্ব্বেদাধ্যাপক ; যজুর্মতে কর্ম্মকাণ্ড কারী।
যজ্ঞ, যাগ, অধ্বর, মখ, ক্রতু ; হোম।
যজ্ঞকুণ্ড, যাগার্থ চতুষ্কোণ গর্ত্তবিশেষ।
যজ্ঞকৃৎ, যাগকর্ত্তা, হোমকারী।
যজ্ঞপুরুষ, বিষ্ণু, নারায়ণ।
যজ্ঞবাট, যজ্ঞস্থান, যাগভূমি।
যজ্ঞবেদী, যাগার্থ পরিষ্কৃত ভূমি।
যজ্ঞভাজন, যজ্ঞপাত্র।
যজ্ঞযোগ্য, উডুম্বর বৃক্ষ ; যাগার্হ।
যজ্ঞসার, যজ্ঞোডুম্বর বৃক্ষ।
যজ্ঞসূত্র, যজ্ঞোপবীত।
যজ্ঞাঙ্গ, উডুম্বর বৃক্ষ ; খদির বৃক্ষ, যাগের অবয়ব, যজ্ঞের উপযোগী।
যজ্ঞান্ত, যাগ শেষ, যজ্ঞ সাঙ্গ।
যজ্ঞিক, পলাশ বৃক্ষ। [যুক্ত।
যজ্ঞিয়, যজ্ঞকর্ম্মার্হ, যাগকর্ম্মের উপ-
যজ্ঞিয়দেশ, যাগকরণোপযুক্ত দেশ।
যজ্ঞিয়শালা, যাগশাল, যাগমণ্ডপ।
যজ্ঞীয়, উডুম্বর বৃক্ষ, যাগ সম্বন্ধীয়।
যজ্ঞেশ্বর, বিষ্ণু, হরি।
যজ্ঞোডুম্বর, উডুম্বর বৃক্ষ, যজ্ঞডুম্বর।
যজ্ঞোপবীত, যজ্ঞসূত্র, পৈতা, ব্রহ্মসূত্র।
যজ্যুঃ, যজুর্ব্বেদ বেত্তা ব্রাহ্মণ।
যজ্বন্, বেদবিধি পূর্ব্বক যাগ কর্ত্তা, যজমান।
যড়, সঞ্চিত, একত্রীকৃত।
যড়াও মণ্ডিত ; একত্র করা।
যড়ান, কুড়ান, গুটান, একত্র করণ।
যত, যাবৎ, যৎপরিমাণ।
যতঃ, যেহেতু ; যাহাতে।

যতকাল, যেপর্য্যন্ত, যাবৎ।
যতন, যত্ন, চেষ্টা, উদ্‌যোগ।
যতবার, যবার ; যত সংখ্যা।
যতি, জিতেন্দ্রিয় ; ভিক্ষু, সন্ন্যাসী ; পরিব্রাজক, পাঠবিচ্ছেদ; যত গুলি।
যতিচান্দ্রায়ণ, ব্রতবিশেষ।
যতিনী, বিধবা, রণ্ডা ; ব্রতাদি নিয়ম কারিণী স্ত্রী।
যতী, জিতেন্দ্রিয়, ব্রহ্মচারী, সন্ন্যাসী।
যতুক, শরীরের চিহ্ন বিশেষ।
যতেক, যতগুলি, যাবৎ।
যৎকিঞ্চিৎ, কিয়ৎ পরিমাণ, কিছু।
যত্ন, প্রবৃত্তি, চেষ্টা, উদ্‌যোগ, উদ্যম, অধ্যবসায়, প্রয়াস।
যত্নপাওন, চেষ্টাকরণ, উদযোগকরণ।
যত্নবান্, যত্নবিশিষ্ট, চেষ্টান্বিত, উদ্যোগী।
যত্যাচার, যতিবৎ ব্যবহার, শুদ্ধাচার।
যত্র, যেস্থানে, যাহাতে, যেখানে।
যত্রতত্র, যেখানে সেখানে, যথা তথা।
যৎসামান্য, সাধারণ ; হেয়, তুচ্ছ।
যথা, সাদৃশ্য, সাম্য, যেমন ; যেখানে।
যথাকথঞ্চিৎ, যেকোন রূপে, যে কোন প্রকারে, কষ্টসৃষ্টে।
যথাকাম, যেমন ইচ্ছা, যথাভিলাষ।
যথাকামী, স্বেচ্ছাচারী, স্বৈরী, স্বতন্ত্র।
যথাকাল, দিবার শেষ ভাগ; উপযুক্ত সময়। [ক্রমশঃ।
যথাক্রম, ক্রমানুরূপ, আনুপূর্ব্বিক,
যথাজাত, মূর্খ, নীচ। [নিশ্চিত।
যথাতথ, যথার্থ, অবিকল ; সত্য ;
যথাতথা, যেমন তেমন, যেখানে সেখানে, যত্র তত্র।
যথাপূর্ব্ব, পূর্ব্বানুরূপ, অগ্রের তুল্য।
যথায়, যত্র, যেখানে, যেস্থানে।
যথাযথ, যথার্থ ; সঠীক ; নিশ্চয়।
যথাযথা, যেমনই, যেরূপ, যেপ্রকার।
যথাযোগ্য, যথোচিত ; উপযুক্তানুসারে।
যথারুচি, ইচ্ছানুরূপ, যেমন বাঞ্ছা, যেরূপ ইচ্ছা।
যথার্থ, যথাতথ, নিশ্চিত, সত্য ; উপযুক্ত ; উচিত। [বিষয়ে খরচ।
যথার্থব্যয়, পরিমিত ব্যয়, আবশ্যক
যথার্হ, যথাযোগ্য, যথা উচিত।
যথাশক্তি, শক্ত্যনুসারে, যথাসাধ্য, যেমন ক্ষমতা।
যথাশাস্ত্র, শাস্ত্রানুসারি, শাস্ত্রানুরূপ।
যথাসম্ভব, যেমন উপযুক্ত ; যদ্রূপে সম্ভত।
যথাসাধ্য, সাধ্যানুসারে, যথাশক্তি।
যথাস্থিত, সত্য, যথার্থ, নিশ্চিত।
যথেপ্সিত, যদ্রূপ ইচ্ছা, যথাবাঞ্ছিত, ইচ্ছানুরূপ, যেমন ইচ্ছা।
যথেষ্ট, যেমন ইচ্ছা, ইচ্ছানুরূপ, প্রচুর, বহুতর, বিস্তর।
যথেষ্টাচার, ইচ্ছানুরূপ ব্যবহার ; ইচ্ছ নুযারি মত।
যথেষ্টাচারী, পক্ষী, বিহগ ; স্বেচ্ছা ক্রমে ব্যবহার কারী। [ন্যায় মত।
যথোচিত, যথাযোগ্য, যেমন উপযুক্ত,
যথোদিত, যথোক্ত, যেমন কথিত।
যদবধি, যেপর্য্যন্ত, যে কাল হইতে।
যদা, যে কালে, যখন, যে সময়।
যদি, পক্ষান্তর ; সম্ভাবনার্থ, চেৎ, যদ্যপি।
যদিও, যদ্যপি, অন্য সম্ভাবনার্থ।
যদীয়, যৎসম্বন্ধীয়, যাহার। [পুত্র।
যদু, দেবযোনির গর্ভে যযাতি রাজার
যদুনাথ, যদুপতি, শ্রীকৃষ্ণ।
যদুপতি, শ্রীকৃষ্ণ, যদুবংশের প্রধান পুরুষ। [অনায়াস।
যদৃচ্ছা, স্বাতন্ত্র্য ; স্বচ্ছন্দ, ইচ্ছানুরূপ,
যন্তা, সারথি, রথ চালন কর্ত্তা ; হস্তিপক, মাহুত ; দমনকারক।
যন্ত্র, কল, কৌশলে শিল্পাদি কর্ম্ম নির্ব্বাহার্থ নির্ম্মিত পদার্থ, অগ্নিযন্ত্র, দারুযন্ত্রাদি।

যন্ত্রক, যন্ত্রকাষ্ঠ, কুঁদ। [রাখা ঘর।
যন্ত্রগৃহ, তৈলিক শালা, ঘানিঘর ; কল
যন্ত্রগোল, কলায়বিশেষ,মটর কলাই।
যন্ত্রণ, বন্ধন, নিয়মন।
যন্ত্রণা, পীড়া, দুঃখ, ক্লেশ, বেদনা।
যন্ত্রতন্ত্র,অস্ত্রশস্ত্র, কল ; বাদ্যযন্ত্রাদি।
•যন্ত্রপেষণী, পেষণার্থ যন্ত্র, যাঁতা।
যন্ত্রিকা, পত্নীর কনিষ্ঠা ভগিনী, ছোট শালী ; জাঁতি।
যন্ত্রিত, বদ্ধ, বাঁধা ; নিয়মিত।
যন্ত্রী, যন্ত্রবিশিষ্ট, যন্ত্রযুক্ত ; জাঁতি।
যব, শূকধান্য বিশেষ।
যবক, শূকধান্য বিশেষ।
যবগণ্ড, ব্রণবিশেষ, বয়সফোড়া।
যবতিক্তা, লতা বিশেষ, শঙ্খিনী বা যাবর্চী লতা। [শেষ।
যবতৈল, যব চূর্ণাদি যুক্ত পক্বতৈল বি-
যবথব, অথর্ব্ব, চলনশক্তি রহিত ; অকর্ম্মণ্য।
যবন, দেশ বিশেষ ; বেগাধিক অশ্ব ; জাতিবিশেষ, ম্লেচ্ছজাতি,মুসলমান।
যবনাচার্য্য, জ্যোতিঃ শাস্ত্র কর্ত্তা, মুনি বিশেষ।
যবনারি, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
যবনাল, ধান্য বিশেষ, দেধান্।
যবনিকা,বস্ত্রাবৃতি, বেষ্টনবস্ত্র, কানাৎ, তাম্বুর ব্যবধান। [গাজোর।
যবনেষ্ট, নিম্ব, লশুন ; পলাণ্ডু, গৃঞ্জন,
যবময়, যবনির্ম্মিত ; যবস্বরূপ।
যবস, তৃণ, ঘাস, পশুভক্ষ্য।
যবসুর, যবজাত সুরা, যবদ্বারা উৎপন্ন মদিরা।
যবস্থব, পূর্ব্ববৎ ; স্থগিত।
যবক্ষার, ক্ষার বিশেষ, শোরা।
যবক্ষোদ, যবচূর্ণ, ছাতু।
যবাগূ, ছয়গুণ জল দিয়া পক্ব করা ঘনদ্রব্যবিশেষ, মণ্ড ; যাউ।
যবাগ্রজ, যবক্ষার, শোরা। [বিশেষ।
যবান, বেগী, বেগবিশিষ্ট ; ওষধি-
যবানী, ওষধি বিশেষ, যোআনী।
যবান্ন, যবের পক্ব অন্ন ; শক্তু, ছাতু।
যবাপত্য, যবক্ষার, শোরা।
যবার, যত বার, যাবৎ সংখ্যা।
যবাস, লতাবিশেষ ; তৃণ, ঘাস।
যবিষ্ঠ, অতিশয় যুবা ; কনিষ্ঠ।
যবীয়ান্, অতিশয় কনিষ্ঠ, অতিশয়ক্ষুদ্র, অতি ছোট।
যবে, যখন, যে সময়, যে দিনে।
যম, দক্ষিণদিক্‌পাল ; ধর্ম্মরাজ, শমন, মৃত্যু, কৃতান্ত ; যমক, যুগ্ম।
যমক, শব্দালঙ্কার বিশেষ; একজাতীয় শব্দের পুনঃ২ প্রয়োগ ; যমজ, এক গর্ভে একদা উৎপন্ন দুইসন্তান।
যমকিঙ্কর, যমদূত, যমের ভৃত্য।
যমকীট, কীটবিশেষ, ঘুর্ঘুরে পোকা।
যমকোটি, লঙ্কার পূর্ব্বে পৃথিবীর চতুর্থভাগে স্থিত দেশবিশেষ।
যমজ, এক কালীন এক গর্ভে জাতসন্তান দ্বয়, যমক সন্তান। [পিতা।
যমদগ্নি, মুনিবিশেষ, পরশু রামের-
যমদূত, যমের কিঙ্কর, কৃতান্তের ভৃত্য।
যমদূতক, কাক, বায়স; যমের বার্ত্তাবহ।
যমদূতিকা, তিন্তিড়ীবৃক্ষ, তেঁতুলগাছ
যমদ্রুম, শালমলীবৃক্ষ, শিমুল গাছ।
যমদ্বিতীয়া, কার্ত্তিকী শুক্ল দ্বিতীয়া, ভ্রাতৃ দ্বিতীয়া।
যমধার, পার্শ্বদ্বয়ে ধারযুক্ত অস্ত্রবিশেষ, কটার, কিরীচ।
যমন, বন্ধন, বাঁধন ; যম।
যমনিকা,যবনিকা,বেষ্টন বস্ত্র, কানাৎ।
যমপুর, যমের পুরী, যমালয়।
যমপ্রিয়, বটবৃক্ষ, বটগাছ।
যমভগিনী, যমস্বসা, যমুনা।
যমরাজ, যম, কৃতান্ত, ধর্ম্মরাজ।
যমল, যুগ্ম, যুগল, যোড়া।
যমানী, যোআন, মসলা বিশেষ।
যমান্তক, শিব, মহেশ, পশুপতি।

যমী, নদীবিশেষ, যমুনা নদী।
যমুনা,নদীবিশেষ,সূর্য্যতনয়া,কালিন্দী।
যমুনাজনক, সূর্য্য, রবি, ভানু।
যমুনাভিৎ, বলদেব, বলরাম।
যমুনাভ্রাতা, যম, মৃত্যু, শমন।
যযাতি, নহুষরাজপুত্র।
যযী, মহাদেব, মহেশ, শিব।
যযু,অশ্বমেধ যজ্ঞের ঘোটক; সামান্য-
ঘোটক।
যশঃ, সুখ্যাতি, কীর্ত্তি, সমাখ্যা।
যশঃপটহ, ঢক্কা, ঢাক।
যশঃশেষ, মৃত্যু, মরণ, ধ্বংস।
যশদ, ধাতুবিশেষ, দস্তা।
যশর, যশোহর, দেশবিশেষ।
যশস্কর, কীর্ত্তিকারক, সুখ্যাতিজনক।
যশস্য, কীর্ত্তিজনক, সুখ্যাতি বর্দ্ধক।
যশস্বান্, যশোবিশিষ্ট, কীর্ত্তিমান্,
সুখ্যাতি সম্পন্ন।
যশস্বী, যশোবিশিষ্ট, কীর্ত্তিমান, সু-
খ্যাত, লব্ধ প্রতিষ্ঠ।
যশোগাথক, কীর্ত্তিপ্রচারক, সুখ্যাতি
গায়ক, স্তাবক।
যশোদ, পারদ, পারা ; যশোদাতা।
যশোদা, নন্দপত্নী, শ্রীকৃষ্ণের মাতা।
যষ্টা, যাগকর্ত্তা, যজমান।
যষ্টি, ধ্বজদণ্ড ; ভুজদণ্ড ; লগুড়,
লাঠী ; শস্ত্র বিশেষ। [লাঠী।
যষ্টিক, জলকুক্কুট, পানীকৌড়ী ; দণ্ড,
যষ্টিগ্রহ, যষ্টিধারক, লগুড়গ্রাহী।
যষ্টিমধু, মিষ্ট রস যুক্ত কাষ্ঠ বিশেষ,
জেঠী মধু।
যষ্টী, লগুড়, লাঠী, দণ্ড ; যষ্টিমধু।
যহ্ব, যজমান, যাগকর্ত্তা। [রক্ষক।
যক্ষ, দেবযোনি বিশেষ, গুহ্যক ; ধন-
যক্ষকর্দ্দম, সম ভাগে মিশ্রিত কর্পূর
অগুরু কস্তুরী কক্কোল।
যক্ষতরু, বটবৃক্ষ, বটগাছ। [মদিরা।
যক্ষরস, পুষ্পমদ্য, মধ্বাসব, পুষ্পের
যক্ষরাজ, কুবের, ধনেশ্বর, ধনাধিপ।
যক্ষরাট্পুরী, অলকা ; কৈলাস পর্ব্বত
স্থিত কুবের পুরী।
যক্ষসাধন, যক্ষোপাসন, ভূতসিদ্ধি।
যক্ষাবাস, বটবৃক্ষ, বট গাছ।
যক্ষামলক, পিণ্ডখর্জ্জুর, পিণ্ডীখাজুর।
যক্ষিণী, কুবের পত্নী ; যক্ষের ভার্য্যা।
যক্ষ্মঘ্নী, দ্রাক্ষা, কিস্মিস্।
যক্ষ্মা, রোগ বিশেষ, ক্ষয়রোগ।
যাউ, যবাগূ, মণ্ড, মাঁড়।
যাওন, গমন, চলন, প্রস্থান করণ।
যাওয়া, গমন,প্রস্থান। [গমনাগমন।
যাওয়াআসা, যাতায়াত, গতিবিধি,
যাঁতা, পেষণ যন্ত্র। [শেষ, যন্ত্রী।
যাঁতি, গুবাকাদি ছেদনার্থ অস্ত্র বি-
যাগ, যজ্ঞ, হোম, মখ। [কারী।
যাচক, যাচ্ঞা কর্ত্তা, ভিক্ষুক, ভিক্ষা-
যাচকবৃত্তি, ভিক্ষোপজীবিকা, প্রার্থ-
নোপজীবিকা, ভিক্ষা উপজীব্য।
যাচন, যাচ্ঞা, যাচনা, ভিক্ষাকরণ।
যাচনক, যাচক, ভিক্ষুক ; প্রার্থক।
যাচনীয়, ভিক্ষণীয়, ভিক্ষা করিবার
যোগ্য ; প্রার্থনীয়।
যাচা,প্রার্থনা; আপনাহইতে দেওয়া।
যাচাই, যথার্থ অনুসন্ধান, নিগূঢ়
তত্ত্ব গ্রহণ।
যাচিত প্রার্থিত, ভিক্ষিত, মাগা।
যাচিতক, যাচ্ঞাপ্রাপ্ত ; হাওলাত।
যাচ্ঞা, যাচন, ভিক্ষা ; চাহন।
যাজ, অন্ন, ভক্ত, ভাত।
যাজক, যাজ্ঞিক ; ঋত্বিক্, পুরোহিত।
যাজকতা, পৌরোহিত্য, ঋত্বিকের কর্ম্ম।
যাজন, যাগক্রিয়াকরাণ; যজ্ঞনির্ব্বাহন।
যাজি, যজ্ঞ ; যাগকর্ত্তা। [নুষ্ঠাপক।
যাজ্ঞিক, যজ্ঞ সম্বন্ধীয়; ঋত্বিক্ ; যজ্ঞা-
যাজুষ, যজুর্ব্বেদ সম্বন্ধীয়, যজুর্ব্বেদী।
যাজ্ঞবল্ক্য, ধর্ম্মশাস্ত্র প্রয়োজক মুনি
বিশেষ।

যাজ্ঞসেনী, দ্রৌপদী, পাণ্ডব পত্নী।
যাজ্ঞিক, যজ্ঞকর্ত্তা; পুরোহিত; যজ্ঞের অনুষ্ঠানকারী; যজ্ঞ সম্বন্ধীয়।
যাজ্ঞিক্য, যজ্ঞ, যাগ, ক্রতু।
যাজ্য, যজমান; যজনীয়; যজ্ঞদ্বারা উপার্জ্জিত ধনাদি।
যাটি, যষ্টি, লগুড়, লাঠী।
যাঠী, যষ্টি,লাঠী, দণ্ড,লগুড়। [ক্লেশ।
যাতনা, যন্ত্রণা, তীব্রবেদনা, অতিশয়
যাতযাম, জীর্ণ; পরিভুক্ত; ম্লান।
যাতা, পতির ভ্রাতৃপত্নী,যা, গমনকর্ত্তা।
যাতায়াত, গমনাগমন, গতিবিধি।
যাতিক, পান্থ, পথিক।
যাতু, রাক্ষস; কাল; পথ; বায়ু।
যাতুঘ্ন, গুগ্গুলু, গুগ্গুল।
যাতুধান, রাক্ষস, নিশাচর।
যাতৃক, পান্থ, পথিক।
যাত্রা, প্রস্থান, গমন; দেশভ্রমণ, পর্য্যটন; যাপন; উৎসব; উপায়।
যাত্রিক, যাত্রোপযুক্ত তিথি নক্ষত্রাদি, পথিক, পান্থ।
যাত্রী, যাত্রাকারী; তীর্থ পর্য্যটন কারক; বিদেশগামী।
যাথার্থিক, বাস্তবিক, বস্তুতঃ, সত্য।
যাথার্থ, তথ্য, যথার্থতা, সত্যতা।
যাদঃ, জলজন্তু, জলচর।
যাদঃপতি, সমুদ্র, সাগর, বরুণ।
যাদঈশ, সমুদ্র, সাগর, জলধি; বরুণ।
যাদব, শ্রীকৃষ্ণ, যদুবংশজাত, গো মহিষাদি ধন।
যাদবী, দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
যাদসাংপতি, সাগর, সমুদ্র; বরুণ।
যাদৃক্, যেপ্রকার, যেরূপ, যেমন।
যাদৃচ্ছিক, যাদৃচ্ছালব্ধ; অনায়াসে উপস্থিত, ইচ্ছানুসারী। [জলাধিপ।
যাদোনাথ, সমুদ্র, বারিধি; বরুণ;
যাদোনিবাস, অপ্, জল, সলিল।
যান, হস্তি অশ্ব রথ দোলাদি; বাহন।
যানপাত্র, নিষ্পাদ যান বিশেষ; সমুদ্রযান, অর্ণবতরি, পোত, জাহাজ।
যানবাহক, শিবিকাদি বহন কর্ত্তা, বিয়ারা; শকটাদি চালক, অশ্বাদি বাহক।
যানমুখ, রথাদির অগ্রভাগ।
যাপন, কালক্ষেপণ, নিরসন। [ণীয়।
যাপনীয়, গোপনীয়, গোপ্য; ক্ষেপ-
যাপ্য, যাপনীয়,ক্ষেপণীয়; গোপনীয়; অধম, নিন্দিত।
যাপ্যযান, যানবিশেষ, শিবিকা, মহাপায়া, পাল্কী।
যাব, অলক্ত, আলতা।
যাবক, অর্দ্ধপক্ক যব; বোরো ধান্য; অলক্তক, আলতা।
যাবজ্জীবন, যাবদায়ুঃ; জীবনপর্য্যন্ত।
যাবত্তিথ, যাবৎপরিমাণ, যত পরিমাণ।
যাবতীয়, সাকল্য, সমগ্র, সমুদায়।
যাবৎ, সাকল্য; অবধি; যে পর্য্যন্ত।
যাবদ্দেশে, সর্ব্বত্র, সকল স্থানে, প্রত্যেক দেশে। [দেশবিশেষ।
যাবনাল,ধান্যবিশেষ,জোআরি ধান;
যাবশূক, যাবক্ষার, শোরা।
যাভ, মৈথুন, শৃঙ্গার, জম্ভন।
যাম, প্রহর, দিবা অথবা রাত্রির চতুর্ভাগের এক ভাগ।
যামঘোষ, কুক্কুট, মুরগী।
যামঘোষা, ঘটিকা যন্ত্র, ঘড়ী।
যামবতী, রাত্রী, রজনী, নিশা।
যামল, যুগল; তন্ত্রশাস্ত্র বিশেষ।
যামাতা, দুহিতার পতি, জামাই।
যামার্দ্ধ, প্রহরের অর্দ্ধেক, অর্দ্ধপ্রহর।
যামি, স্বসা, ভগিনী; কুলস্ত্রী, কুলবধূ; রাত্রি, রজনী, নিশা। [টাল।
যামিক, প্রহর সম্বন্ধীয়; প্রহরী, কো-
যামিকভট,প্রহরী,কোটাল,চৌকীদার।
যামিনী, রাত্রি, রজনী; হরিদ্রা, হলুদ।
যামিনীপতি, চন্দ্র, নিশাকর, শশধর।
যামী, দক্ষিণদিক্; কুলবধূ, কুলাঙ্গনা।
যামুন, যমুনা সম্বন্ধীয়।

যাম্যেয়, ভগিনী পুত্র, ভাগিনেয়।
যাম্য, অগস্ত্য মুনি; চন্দনবৃক্ষ।
যাম্যা, দক্ষিণ দিক। [দিকে গমন।
যাম্যায়ন, দক্ষিণায়ন, সূর্য্যের দক্ষিণ
যাযাবর, অশ্বমেধীয় ঘোটক; জরৎ-কারু মুনি; পুনঃ পুনর্গমনশীল।
যাষ্টীক, যষ্টিধারি যোদ্ধা; লেঠেড়া।
যাসা, পক্ষিবিশেষ, মদন শলাকাপাখী।
যিনি, যে ব্যক্তি, যে লোক, যে জন।
যিযক্ষা, যজনের ইচ্ছা, যজনবাঞ্ছা।
যিযক্ষু, যজ্ঞ করিতে ইচ্ছুক।
যুঁকন, যোঁকা দেওন; মাপন, তৌলন।
যুক, তুলা, নিক্তি, পরিমাণ দণ্ড।
যুক্ত, ন্যায্য; মিলিত; লগ্ন, আবিষ্ট, আসক্ত; অভ্যস্তযোগ পুরুষ।
যুক্তা, মিলিতা, একত্রিতা, সঙ্গতা।
যুক্তি, ন্যায়; বিচার; বিবেচনা; পরামর্শ; মন্ত্রণা।
যুক্তিদাতা, মন্ত্রা, পরামর্শী।
যুক্তিযুক্ত, যুক্তিমত, পরামর্শানুরূপ।
যুক্তিসিদ্ধ, সুযুক্ত, উপযুক্ত; সঙ্গত, পরামর্শানুরূপ।
যুগ, যুগ্ম, যোড়া; সত্য ত্রেতাদি কাল চতুষ্টয়; রথ হলাদির অঙ্গ বিশেষ, জোয়ালি।
যুগকীলক, রথ লাঙ্গলাদির কাষ্ঠের কীলক, জোয়ালের খিল।
যুগধর্ম্ম, কালের ধর্ম্ম, কাল মাহাত্ম্য।
যুগন্ধর, শকট লাঙ্গলাদির জোয়ালি-ধারি পশু; পর্ব্বত বিশেষ।
যুগপৎ, একদা, এককালীন।
যুগপত্রিকা, বৃক্ষবিশেষ, শিংশপা বৃক্ষ।
যুগপার্শ্বগ, অভ্যাসার্থ লাঙ্গলের পার্শ্বে বাঁধা গোরু, পাটে বাঁধা গরু।
যুগল, যুগ্ম, যোট, যোড়া, দম্পতী।
যুগলমন্ত্র, লক্ষ্মী নারায়ণাদি মন্ত্র।
যুগলাখ্য, বর্বুর বৃক্ষ, বাবুই গাছ; যুগ্মনামক।
যুগাংশক, বৎসর; যুগবিভাজক।
যুগান্ত, প্রলয়, যুগশেষ, যুগের অবসান।
যুগ্ম, দুই; যোড়া, দ্বন্দ্ব।
যুগ্মপত্র, রক্তকাঞ্চন বৃক্ষ; যুগলপত্র।
যুগ্মপত্রিকা, বৃক্ষ বিশেষ, শিংশপা বৃক্ষ। [ছাতিয়ান গাছ।
যুগ্মপর্ণ, কোবিদার বৃক্ষ; সপ্তপর্ণ বৃক্ষ,
যুগ্মফলা, বৃশ্চিকালী লতা, বিছুটী লতা।
যুগ্য, বাহন; যান; জোয়ালি বাহক।
যুঙ্গী, বর্ণসঙ্কর জাতি বিশেষ।
যুঞ্জান, সারথি; বিপ্র; ভাবনা সহ-কারে সর্ব্বজ্ঞ।
যুড়ন, একত্রী করণ, মিলন; দুই বস্তুর সংযোগ করণ; শীতল হওন।
যুড়ান, শীতল করণ; শান্ত হওন; তুষ্টি জন্মান। [একত্র।
যুত, যুক্ত, মিলিত; অপৃথগ্‌ভূত;
যুতক, সংশয়, যুগ, নারীর বস্ত্রাঞ্চল, যৌতুক; কুলার অগ্রভাগ।
যুতা, মিলিতা; চর্ম্মপাদুকা, উপানৎ, বিনামা। [আহব।
যুদ্ধ, রণ, আয়োধন, সমর, সংগ্রাম,
যুদ্ধকর্ত্তা, যোদ্ধা, লড়াক।
যুদ্ধরঙ্গ, কার্ত্তিকেয়, কুমার, ষড়ানন।
যুদ্ধসার, ঘোটক, অশ্ব, ঘোড়া।
যুধান, ক্ষত্রিয় জাতি; সংগ্রামকারী।
যুধিক, যোদ্ধা, সমর কারক।
যুধিষ্ঠির, পাণ্ডবরাজ, ধর্ম্মপুত্র।
যুধীয়, যোদ্ধা, রণকর্ত্তা, লড়াক।
যুধ্ম, সংগ্রাম; ধনুঃ; বাণ; যোদ্ধা।
যুবক, যুবা, প্রাপ্তযৌবন, তরুণ।
যুবগণ্ড, যুবার গণ্ডদেশস্থ ব্রণ বিশেষ, বয়স্‌ফোড়া।
যুবজানি, যুবতীর পতি, যাহার যুবতী স্ত্রী।
যুবতি, প্রাপ্তযৌবনা, বয়স্থা, তরুণী।
যুবতী, প্রাপ্তযৌবনা, বয়স্থা, তরুণী।
যুবতীষ্টা, স্বর্ণযূথিকা, স্বর্ণ যুঁই।
যুবত্ব, যুবাকাল, যৌবনসময়, তারুণ্য।

যুবনাশ্ব, সূর্য্য বংশীয় রাজা বিশেষ।
যুবনাশ্বজ, মান্ধাতৃ রাজা।
যুবরাজ, রাজপুত্র, রাজকুমার; রাজ কর্ম্মে সাহায্যকারী রাজপুত্র।
যুবা, তরুণ, যৌবনাবস্থা বিশিষ্ট।
যুষ্মদ্, সম্মুখস্থ ব্যক্তি, তুমি।
যুষ্মদীয়, ভবদীয়, তোমার।
যূক, মৎকুণ, কেশকীট, উকুণ।
যূতি, মিশ্রণ; সংযোগ।
যূথ, স্বজাতীয় সমূহ, বৃন্দ।
যূথনাথ, বনহস্তি সমূহের মধ্যে শ্রেষ্ঠ হস্তী; যূথপ- পালের প্রধান।
যূথভ্রষ্ট, হস্তি সমূহ হইতে পলায়িত হস্তী; দলচ্যুত, সঙ্গি হারা।
যূথিকা, যূথীপুষ্প, যুঁইফুল।
যূথ.ন, অরণ্যহস্তি সমূহের প্রধান।
যূ.নি, যোগ, মিশ্রণ।
যূনী, যুবতী, প্রাপ্তযৌবনা, তরুণী।
যূপ, যজ্ঞীয় পশুবন্ধনার্থ কাষ্ঠ, যাগ-স্তম্ভ; জয়স্তম্ভ।
যূপকর্ণ, যূপের এক দেশ।
যূপক্রম, খদিরবৃক্ষ, রক্তখদির।
যূপলক্ষ্য, পক্ষী, বিহঙ্গ, বিহগ।
যূপাগ্র, পশুবন্ধন কাষ্ঠের অগ্রভাগ।
যূষ, মুদ্গাদির ক্বাথরস, ঝোল।
যে, বিশেষ্য ব্যক্তি অথবা বস্তু।
যে অবধি, যৎকাল পর্য্যন্ত, যদবধি।
যেকালে, যৎকালে, যখন, যেসময়ে।
যেকিছু, যৎকিঞ্চিৎ, যাহা। [লোক।
যেকেহ, যেকোন ব্যক্তি, যেকোন
যেখানে, যে স্থলে, যত্র, যেথা।
যেথাসেথা, যথাতথা, যত্রতত্র, যেখানে-সেখানে।
যেন, যাহা; যেরূপে; অনুমত্যর্থ।
যেপর্য্যন্ত, যদবধি; যত দূর।
যেপ্রকার, যাদৃক্, যদ্রূপ।
যেমন, যেমত, যেরূপ, যদ্রূপ।
যেমন তেমন, সামান্যতঃ; যথোপযুক্ত।
যে যে, যাহা যাহা, যে কেহ; যেকোন।
যেরূপ, যদ্রূপ, যেপ্রকার, যেমন।
যে সে, যে কোন ব্যক্তি; যে কেহ।
যেহেতু, যেকারণ, যন্নিমিত্ত।
যো, সুযোগ; পথ; মূলধন; সঞ্চয়।
যো আলি, যুড়িবার কাষ্ঠ, যোত্র।
যোঁকা, তুলন করণ; পরিমাণ, মাপা।
যোঁকান, তুলন করাণ, মাপান, তৌলান
যোক্তা, যোগ কর্ত্তা; যোটানিয়া, যোগানিয়া, ঘটক।
যোক্ত্র, লাঙ্গলাদির দণ্ডে আবদ্ধ দড়ী হলবন্ধন রজ্জু, যোৎ দড়ী।
যোগ, ধ্যান, চিত্ত বৃত্তি নিরোধ উপায়; যুক্তি; প্রয়োগ; বিষ্কম্ভাদি যোগ; মিলন, একত্রীকরণ; সম্বন্ধ বিশেষ সময়; শাস্ত্রবিশেষ; ছল।
যোগচর, হনূমান, পবন নন্দন।
যোগজ, যোগজাত।
যোগদান, ছলদ্বারা দান, প্রতারণার্থ দান। [মাছ
যোগনাবিক, মৎস্যবিশেষ, গরুইচে
যোগপাদক, উত্তরীয় বিশেষ, যোগ পাটা। [দুকা
যোগপাদুকা, বিশেষ গুণাক্রান্ত প
যোগপীঠ, দেবাদির যোগাসন।
যোগবল, তপস্যার শক্তি; সমাধির প্রভাব।
যোগমায়া, ভগবতী, দুর্গা।
যোগক্ষেম, অনাগতের আনয়ন এবং আগতের রক্ষণ।
যোগাড়, কর্ম্ম নির্ব্বাহের উপায় কর্ম্মের সুযোগ, কর্ম্মের উদ্যোগ।
যোগাড়িয়া, সহকারী, কর্ম্মে সহায়ত কারক।
যোগাধমন, ছলদ্বারা বন্ধক দেওন।
যোগান, দ্রব্যাদির কুলান, সংগ্রহ করিয়া দেওন, নির্ব্বাহ। [কারী
যোগানিয়া, নির্ব্বাহকারী, সাহায্য
যোগাসন, ধ্যানাসন, যোগসাধনার্থ উপবেশনীয় পীঠাদি।

যোগিদণ্ড, বেত্র, বেত। [কাকতন্দ্রা।
যোগিনিদ্রা, লঘুনিদ্রা, অল্পনিদ্রা;
যোগিনী, যোগযুক্তা নারী, ভগবতীর সখীরূপা আবরণ দেবতা।
যোগী, যোগযুক্ত, যোগবিশিষ্ট; সন্ন্যাসী। [প্রধান।
যোগীশ্বর, যোগিমধ্যে শ্রেষ্ঠ, যোগির-
যোগীশ্বরী, দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
যোগে, দ্বারা; উপায়ে, সুযোগক্রমে।
যোগেশ, যাজ্ঞবল্ক্য মুনি; যোগিশ্রেষ্ঠ, যোগীশ্বর; শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
যোগেষ্ট, সীসক, সীসা।
যোগ্য, উপযুক্ত, সক্ষম, শক্ত; নিপুণ।
যোগ্যতা, ক্ষমতা, উপযুক্ততা, নিপুণতা।
যোগ্যা, নিপুণা, উপযুক্তা, পারগা।
যোঙ্গড়া, জলজন্তু বিশেষ, শম্বুকাদি, গোঁড়া। [ঘটক।
যোজক, মিলন কারক, মিলনকর্ত্তা,
যোজন, চতুঃক্রোশ, চারি ক্রোশ; মিশ্রণ, মিলন, একত্র করণ।
যোজনগন্ধা, কস্তুরী, সীতা; সত্যবতী।
যোজনপর্ণী, মঞ্জিষ্ঠা লতা।
যোজনবল্লী, লতাবিশেষ, মঞ্জিষ্ঠালতা।
যোজনা, মিলান, ঘটান, যোগকরান।
যোজিত, যোজন করা; মিলাইয়া-দেওয়া।
যোট, যুগল; উভয়ে মিলন; সঙ্গ।
যোটক, যোটন, মিলন; কার্য্যকারক; ঘটক, যে মিলাইয়া দেয়।
যোটন, মিলন, মিশন, একত্র হওন।
যোড়, যুগ্ম, দ্বন্দ্ব; মিলন; একত্র হওয়া।
যোড়ন, মিলকরণ, একত্র করণ, যোজন।
যোড়া, মিলন করা; একত্র করা; যুগ্ম, দুই, দম্পতী। [করণ।
যোড়ান, মিলকরান, সংলগ্নকরান; একত্র
যোত, হলবন্ধন রজ্জু, যোৎ দড়ী।
যোতন, লাঙ্গলে রজ্জু সংযুক্ত করণ; যোগকরণ, যোজন।
যোত্র, যোক্ত, হলবন্ধন রজ্জু, যোৎ দড়ী; সম্পত্তি, সংস্থিতি।
যোদ্ধা, যুদ্ধকর্ত্তা, রণকারক।
যোধ, যোদ্ধা, যুদ্ধকর্ত্তা, বীরসৈন্য।
যোধন, যুদ্ধ, রণ; অস্ত্র।
যোধসংরাব, যোদ্ধাদের মধ্যে পরস্পর যুদ্ধে আহ্বান। [কারক।
যোধেয়, যোদ্ধা, সংগ্রামকর্ত্তা, রণ-
যোনল, শস্য বিশেষ, দেবধান্য, দেধান। [ভগ, স্ত্রীচিহ্ন।
যোনি, আকর; কারণ; উৎপত্তিস্থান;
যোনিকন্দ, যোনি রোগ বিশেষ।
যোনিকীট, লম্পট, কামুক, স্ত্রীতে-অত্যন্ত আসক্ত।
যোনিজ, যোনি হইতে নির্গত শরীর।
যোনিভ্রমণ, পুনঃ২ জন্ম পরিগ্রহ।
যোনিমুদ্রা, পূজাদিতে প্রদর্শনীয় অঙ্গুলী রচিত যোন্যাকার মুদ্রা বিশেষ।
যোনিরোগ, ভগগদ, ভগের রোগ।
যোন্যর্শ, যোনি জাত রোগ বিশেষ, রক্তস্রাবাদি।
যোয়াল, লাঙ্গলাদিতে যুড়িবার কাষ্ঠ, যুগ, যোআলি।
যোষা, স্ত্রী, নারী, মহিলা।
যোষিতা, স্ত্রী, নারী, অবলা।
যোষিৎ, নারী, স্ত্রী, অঙ্গনা।
যোষিৎপ্রিয়া, হরিদ্রা, হলুদ।
যৌ, যাবক, লাক্ষা, লা।
যৌক্তিক, যুক্তিযুক্ত, যুক্তিসিদ্ধ; পরা-মর্শানুরূপ।
যৌগক, যোগ সম্বন্ধীয়।
যৌগিক, প্রকৃতি প্রত্যয় যোগে লভ্য অর্থের বাচক।
যৌজনশতিক, শত যোজন গমনকর্ত্তা, শত যোজন গামী।
যৌজনিক, এক যোজন গমন কর্ত্তা, চারি ক্রোশ গামী।
যোতক, বিবাহাদি কালে দম্পতীর লব্ধ ধন। [লব্ধ ধন।
যৌতুক, বিবাহাদি কালে দম্পতীর

যৌধিষ্ঠির, যুধিষ্ঠির রাজ সম্বন্ধীয়।
যৌধেয়, যোদ্ধা, রণকর্ত্তা,সংগ্রামকারী।
যৌন, যোনি সম্বন্ধাধীন ; যোনিগত।
যৌবত, যুবতী সমূহ।
যৌবন, তারুণ্য, যুবত্বের সময়।
যৌবনকণ্টক, যুবগণ্ড, বয়স ফোড়া।
যৌবনযুক্ত, বয়ঃপ্রাপ্ত, তরুণ।
যৌবনলক্ষণ, লাবণ্য ; তারুণ্যচিহ্ন।
যৌবনাশ্ব, মান্ধাতৃ রাজা, মান্ধাতা।
যৌবরাজ্য, যুবরাজের পদ,পিতৃ সত্বে রাজ পদ প্রাপ্তি।
যৌষ্মাক, যুষ্মৎ সম্বন্ধীয়।
যৌষ্মাকীন, যুষ্মৎ সম্বন্ধীয়।

র

র, রেফ, রকার, ব্যঞ্জনের সপ্ত বিংশতি বর্ণ ; অগ্নি ; তীক্ষ্ণ ; কামাগ্নি ; রঙ্গ, বর্ণ।
রং, বর্ণ রঙ্গ।
রংহঃ, জব, বেগ ; শীঘ্রতা।
রওন, রহণ, থাকন, তিষ্ঠন।
রক্ত, শোণিত, রুধির, কুঙ্কুম ; আম্র ; সিন্দূর ; হিঙ্গুল ; লোহিত বর্ণ; কুসুম্ভ পুষ্প ; অনুরাগী।
রক্তক, অম্লান বৃক্ষ ; শোণ বর্ণবস্ত্র ; অনুরাগী ; রাঙ্গা শজিনা, শিগ্রু ; লাল ভেরেণ্ড।
রক্তকন্দ, রত্নবিশেষ, বিদ্রুম ; রাজপলাণ্ডু, বড়প্যাঁজ ; রাঙ্গা আলু।
রক্তকন্দল, রত্নবিশেষ, প্রবাল, পলা।
রক্তকমল, শোণবর্ণ উৎপল, কোকনদ, রক্তোৎপল ; রক্তপদ্ম।
রক্তকম্বল, রক্তোৎপল ; রক্তপদ্ম।
রক্তকরবীরক, লোহিত বর্ণ করবীর পুষ্প বিশেষ, রাঙ্গা করবী।
রক্তকাঞ্চন, পুষ্প বিশেষ।
রক্তকাণ্ডা, রাঙ্গা পুনর্নবা, শাকবিশেষ।
রক্তকাষ্ঠ, লোহিতবর্ণ কাষ্ঠ,রাঙ্গা কাঠ।
রক্তকুমুদ,রাঙ্গা কৈরব, লালহেলাফুল।
রক্তকেশর,পারিভদ্রবৃক্ষ, পুন্নাগগাছ।
রক্তকৈরব, রাঙ্গা কুমুদ, রক্তকম্বল।
রক্তকোকনদ, লোহিত বর্ণ উৎপল ; রাঙ্গা পদ্ম।
রক্তখদির, রক্তবর্ণ খদির বৃক্ষ।
রক্তগুল্‌ম, স্ত্রীলোকের শোণিতস্রাব ঘটিত গুল্‌ম রোগ। [গণ্ড দূর্ব্বা।
রক্তঘ্নী, দূর্ব্বা বিশেষ, গাঁটিয়া দূর্ব্বা,
রক্তচন্দন,শোণবর্ণ চন্দন, রাঙ্গা চন্দন।
রক্তচিত্রক,বৃক্ষবিশেষ,রাংচিতা গাছ।
রক্তচূর্ণ, সিন্দুর ; লালবর্ণ চূর্ণ মাত্র।
রক্তজন্তুক, শোণবর্ণ জন্তু। [শিষ্ট।
রক্তজিহ্ব, সিংহ ; শোণবর্ণ জিহ্বা বি-
রক্তঝিণ্টী, লালবর্ণ ঝিণ্টী পুষ্প বৃক্ষ, রাঙ্গা ঝাটী।
রক্ততুণ্ড, শুকপক্ষী ; লোহিত বর্ণ মুখ।
রক্তদন্তিকা, ভগবতীর রূপ বিশেষ, চণ্ডিকা, চণ্ডী।
রক্তদৃক্, কপোত, পায়রা ; লাল চক্ষুঃ।
রক্তধাতু, গৈরিক ; গেরীমাটী ; তাম্র ; লাল রঙ্গের ধাতু মাত্র।
রক্তনাল, শাকবিশেষ, নালিতা শাক।
রক্তনাসিক, পেচক, পেচা ; শোণবর্ণনাসা যুক্ত।
রক্তপ, রাক্ষস ; শোণিত পান কর্ত্তা।
রক্তপত্রিকা, রক্তপুনর্নবা শাক ; লাল রঙ্গের পাতা।
রক্তপদ্ম, লালবর্ণ কমল, রক্তোৎপল।
রক্তপল্লব, অশোক বৃক্ষ ; লোহিত বর্ণ পত্র।
রক্তপক্ষ, গরুড়; রক্তবর্ণ পাখা বিশিষ্ট।
রক্তপা, জলৌকা, জোঁক ; ডাকিনী ; শোণিত পানকর্ত্তা।
রক্তপাত, শোণিত পতন, রুধির ক্ষরণ।
রক্তপাতা, জলৌকা, জোঁক ; শোণিত পানকর্ত্তা।
রক্তপাদ, শুকপক্ষী ; লোহিতবর্ণ চরণ।
রক্তপায়িনী, জলৌকা, জোঁক।

রক্তপায়ী, শোণিত পানশীল, রুধির পানকারী।
রক্তপারদ, হিঙ্গুল।
রক্তপিণ্ড, জবাপুষ্প, জবা ফুল।
রক্তপিত্ত, রোগবিশেষ।
রক্তপিত্তহা, গণ্ডদূর্ব্বা, গাঁটিয়া দূর্ব্বা।
রক্তপুনর্নবা, লালবর্ণ শাক বিশেষ।
রক্তপুষ্প, করবীর; রক্তকাঞ্চন বৃক্ষ; দাড়িম বৃক্ষ। [রৌহিতক বৃক্ষ।
রক্তপুষ্পক, পলাশ বৃক্ষ; শিমুলগাছ;
রক্তপুষ্পা, শাল্মলি বৃক্ষ, শিমুলগাছ।
রক্তপুষ্পী, পাটলি বৃক্ষ; জবা বৃক্ষ।
রক্তপ্রসব, রাঙ্গা করবীর, লাল করবী।
রক্তফল, বটবৃক্ষ, বটগাছ।
রক্তবটী, বসন্তরোগ।
রক্তবর্গ, দাড়িম; কিংশুকবৃক্ষ; লাক্ষা, লা; কুসুম্ভ পুষ্প; মঞ্জিষ্ঠা লতা।
রক্তবর্ণ, রাঙ্গা রং, শোণিত বর্ণ; ইন্দ্র গোপকীট, সিঁদূরে পোকা।
রক্তবর্দ্ধন, বার্ত্তাকু, বেগুণ। [কাপড়।
রক্তবসন, সন্ন্যাসী, ব্রহ্মচারী; লাল
রক্তবাত, রোগবিশেষ।
রক্তবালুক, সিন্দূর, সিঁদূর।
রক্তবিন্দু, শোণিত কণা।
রক্তবীজ, দাড়িম; অসুর বিশেষ, শুম্ভনিশুম্ভের সেনাপতি।
রক্তবৃন্তা, শেফালিকা, শিউলী।
রক্তবৃষ্টি, রুধির বর্ষণ, শোণিত বৃষ্টি; উৎপাত বিশেষ।
রক্তমৎস্য, লালবর্ণ মৎস্যবিশেষ, তপ্সা মাছ, চেঙ্গ মাছ।
রক্তময়, শোণিতময়, রুধিরাপ্লুত।
রক্তমূলক, সর্ষপ বিশেষ, রাইসর্ষা।
রক্তমেহ, প্রমেহরোগ বিশেষ; প্রস্রাব দ্বারা শোণিত ক্ষরণ। [করণ।
রক্তমোক্ষণ, শোণিতস্রাব; রক্ত নির্গত
রক্তযষ্টি, লতা বিশেষ, মঞ্জিষ্ঠা লতা।
রক্তরেণু, সিন্দূর; পলাশ কলিকা; পুন্নাগ পুষ্প।
রক্তরেণুকা, পলাশ কলিকা, পলাশ ফুলের কুঁড়ী। [গাজর।
রক্তলশুন, লালবর্ণ রশুনবিশেষ; গৃঞ্জন,
রক্তলোচন, কপোত, পায়রা, রাঙ্গা লোচন বিশিষ্ট। [শালি।
রক্তশালি, শোণবর্ণ ধান্যবিশেষ, শোণ-
রক্তশাসন, সিন্দুর, সিঁদুর। [শজিনা।
রক্তশিগ্রু, লাল শোভাঞ্জন বৃক্ষ, রাঙ্গা
রক্তশৃঙ্গিক, বিষ, হলাহল, গরল।
রক্তসংজ্ঞ, কুঙ্কুম।
রক্তসন্দংশিকা, জলৌকা, জোঁক।
রক্তসন্ধ্যক, লাল কহ্লার, রাঙ্গাসুঁদী।
রক্তসরোরুহ, লালপদ্ম, রাঙ্গা কমল।
রক্তসর্ষপ, রাজিকা, রাইসর্ষা।
রক্তসার, রক্তচন্দন, রাঙ্গা খদির।
রক্তসৌগন্ধিক, লালবর্ণ উৎপল।
রক্তস্রাব, শোণিত নির্গম।
রক্তহংসা, রাগিণী বিশেষ।
রক্তা, গুঞ্জা; লাক্ষা; মঞ্জিষ্ঠা।
রক্তাকার, প্রবাল, পলা। [রক্তচন্দন।
রক্তাক্ত, শোণিতমিশ্রিত, রুধিরাপ্লিত;
রক্তাঙ্গ, রত্ন বিশেষ, বিদ্রুম, প্রবাল; কুঙ্কুম। [রোগ।
রক্তাতিসার, রোগবিশেষ, রক্ত নির্গম
রক্তাধার, চর্ম্ম, ত্বক্, চামড়া।
রক্তাপামার্গ, শোণবর্ণ অপামার্গ বৃক্ষ, রাঙ্গা আপাং। [রাঙ্গা কাপড়।
রক্তাম্বর, কষায়বস্ত্র; শোণবর্ণ বসন,
রক্তাম্লান, লালবর্ণ পুষ্প বিশেষ।
রক্তারক্তি, যুদ্ধেতে উভয়ের রুধির নির্গম; পরস্পর রুধির নিঃসারণ।
রক্তার্ব্বুদ, রোগ বিশেষ।
রক্তার্ম্ম, নেত্ররোগবিশেষ, চক্ষুর পীড়া।
রক্তার্শ, অর্শোরোগ বিশেষ।
রক্তালু, লালবর্ণ আলু বিশেষ, শকরকন্দ আলু, রাঙ্গা আলু।
রক্তাক্ষ, মহিষ; পায়রা; চকোরপক্ষী; সারসপক্ষী; শোণবর্ণ চক্ষু।
রক্তিকা, গুঞ্জা, কুঁচ; রাজিকা, রাই-

সরিষা; রত্তি পরিমাণ।
রক্তিমা, শোণত্ব, লালচী।
রক্তেক্ষু, রাঙ্গা ইক্ষু, লাল আউক।
রক্তৈরণ্ড, রাঙ্গা এরণ্ড, লাল ভেরেণ্ডা।
রক্তোৎপল, রক্তপদ্ম; রক্তকম্বল; শাল্মলি বৃক্ষ, শিমুল গাছ।
রক্তোৎপলাভ, শোণবর্ণ,রক্তবর্ণ,লাল।
রক্তোৎপল, গৈরিক, গেরীমাটী।
রগ, শিরা, মস্তকের পার্শ্বদ্বয়ের শির।
রগড়, বাদেরে শব্দ; ঢক্কাদিতে আঘাতের উপক্রম; মর্দ্দন, ডলন।
রগড়ন, মর্দ্দন, ডলন, পেষণ।
রঘু, সূর্য্যবংশীয় দিলীপ রাজ পুত্র।
রঘুকার, কালিদাস।
রঘুনন্দন, শ্রীরাম, রঘুনাথ।
রঘুপতি, শ্রীরাম, রামচন্দ্র।
রঘুবংশ, কালিদাস কৃত মহাকাব্য গ্রন্থ বিশেষ।
রঘুবংশতিলক, শ্রীরাম।
রঘুবর, শ্রীরাম, দাশরথি, রাঘব।
রঙ্ক, কৃপণ; দরিদ্র; মন্দ।
রঙ্কু, মৃগবিশেষ।
রঙ্গ, ধাতুবিশেষ, রাং; রণভূমি; নাট্য স্থান; রঞ্জক দ্রব্য।
রঙ্গকর, চিত্রকর; বর্ণক। [হাসক।
রঙ্গকারী, রঙ্গকারক, কৌতুকী, পরি-
রঙ্গচঙ্গ, চিত্রবিচিত্র, চটকদার।
রঙ্গচঙ্গিয়া, চিত্রবিচিত্র; ভূষণাদি সম্পন্ন, পরিষ্কৃত।
রঙ্গজ, সিন্দূর, সিঁদূর।
রঙ্গজীবক, চিত্রকর, পটুয়া।
রঙ্গণ, রঙ্গাণ, চিত্রকরণ, ছোপান।
রঙ্গদ, টঙ্কণ, সোহাগা; খাদির সার।
রঙ্গপত্রী, নীলীবৃক্ষ।
রঙ্গবীজ, রূপ্য, রূপা, রজত।
রঙ্গভঙ্গ, কৌতুক, হাবভাব, পরিহাস।
রঙ্গভূতি, কোজাগার পূর্ণিমা।
রঙ্গভূমি, মল্লভূমি; আখড়া; নাট্য ভূমি; যুদ্ধস্থান।

রঙ্গমল্লী, বীণা, বাঁশী।
রঙ্গমাতা, কুট্টিনী, কুটনী, দূতী; লাক্ষা, লা, জৌ।
রঙ্গমাতৃকা, লাক্ষা, লা, জৌ।
রঙ্গরস, ক্রীড়া, কৌতুক, ভণ্ডামী।
রঙ্গলাসিনী, শেফালিকা, শিউলী।
রঙ্গশালা, নাট্যগৃহ, নাচঘর।
রঙ্গাজীব, চিত্রকর, পটুয়া; নট, নর্ত্তক।
রঙ্গানিয়া, রঙ্গকর,রঞ্জক, বর্ণকারী।
রঙ্গাবতারক, নৃত্যগীতের স্থানে গীত বাদ্যাদির প্রসঙ্গকারী, শৈলূষ, নট।
রঙ্গাবতারী, নৃত্যগীত স্থানে গীতাদির প্রসঙ্গকারী, নট।
রঙ্গারি, করবীর, করবী ফুল। [লতা।
রঙ্গিণী রঙ্গবিশিষ্ট; নর্ত্তকী; শতমূলী
রঙ্গিল, চিত্র বিচিত্র, রঙ্গযুক্ত।
রঙ্গী, রঙ্গকারক; চিত্রকর; কৌতুকী; নর্ত্তক।
রঙ্গীন, বিচিত্র, বহুরঙ্গ বিশিষ্ট।
রংহস, বেগ, জব; শীঘ্রতা।
রচক, রচনাকর্ত্তা; নির্ম্মায়ক, গঠক, মিস্ত্রী। [কম্পন।
রচন, গ্রন্থন; বিন্যাস; নির্ম্মাণ, গঠন;
রচনা, বিন্যাস; গ্রন্থন করণ; শ্রেণী পূর্ব্বক নির্ম্মাণ, সাজান। [কারক।
রচয়িতা, নির্ম্মায়ক; রচক; গ্রন্থন-
রচিত, কৃত, নির্ম্মিত, গঠিত, কল্পিত।
রজ, স্ত্রী কুসুম, ঋতু।
রজঃ, পরাগ, রেণু; ধূলি; গুণবিশেষ; স্ত্রীকুসুম, ঋতু।
রজঃশয়, কুক্কুর, সারমেয়, শ্বা।
রজঃসারথি, বায়ু, অনিল, বাতাস।
রজক, বর্ণসঙ্কর জাতিবিশেষ, ধোবা, নির্ণেজক।
রজকী, রজক পত্নী, ধোবানী।
রজত, রূপ্য, ধবল; শুক্লবর্ণ বিশিষ্ট।
রজতদ্যুতি, হনূমান্, পবননন্দন।
রজতপ্রস্থ, পর্ব্বত বিশেষ, কৈলাশ পর্ব্বত।

রজতাচল, রৌপ্য পর্ব্বত, কৈলাশ-পর্ব্বত। [কৈলাশ পর্ব্বত।
রজতাদ্রি, রৌপ্য পর্ব্বত, রজতগিরি,
রজন, রাগ; রঞ্জন, রঙ্গ যুক্ত করণ।
রজনি, রাত্রি, নিশা, যামিনী; হরিদ্রা।
রজনী, রাত্রি, নিশা, সর্ব্বরী, হলিদ্রা।
রজনীকর, চন্দ্র, নিশাপতি, বিধু।
রজনীগন্ধা, পুষ্পবিশেষ।
রজনীচর, রাক্ষস, নিশাচর; চৌর, তস্কর; প্রহরী, যামিক ভট।
রজনীজল, নীহার, শিশির, হিম।
রজনীপুষ্প, পূতিকরঞ্জ।
রজনীমুখ, প্রদোষ, সূর্য্যাস্ত কাল, সায়ংকাল। [ফুল।
রজনীহাসা, শেফালিকা পুষ্প, শিউলী
রজসানু, মেঘ, জলদ; চিত্ত, মনঃ।
রজস্বল, মহিষ, লুলাপ।
রজস্বলা, রজোযুক্তা, স্ত্রীধর্ম্মিণী, ঋতুমতী।
রজি, চন্দ্র বংশীয় রাজা বিশেষ।
রজোগুণ, বিষয়াভিলাষের কারণীভূত গুণ। [তমঃ, ধ্বান্ত।
রজোবল, অন্ধকার, তিমির, তমিস্র,
রজোরস, অন্ধকার, তিমির, ধ্বান্ত।
রজোহর, বস্ত্রক্ষালনকর্ত্তা, রজক, ধোবা।
রজ্জু, বন্ধন সাধন বস্তু, দড়ী; বেণী, চুলের বিউনী। [রাগকর্ত্তা।
রঞ্জক, হিঙ্গুল; প্রীতিজনক, বস্ত্রাদি-
রঞ্জন, রক্তচন্দন; হিঙ্গুল, অনুরাগ জনন; হর্ষজনন।
রঞ্জনক, ফলবিশেষ, কটফল।
রঞ্জনদ্রু, অঙ্কুক বৃক্ষ, আচগাছ।
রঞ্জনী, রাগকারিণী; মঞ্জিষ্ঠা; হরিদ্রা।
রটন, ঘোষণ, ব্যক্তকরণ, প্রকাশন।
রটনা, ঘোষণা, প্রকাশ করা; জনরব।
রটিত, ঘোষিত, প্রচারিত, বিখ্যাত।
রড়ন, শীঘ্রগমন, দৌড়ন।
রণ, সংগ্রাম, সমর, যুদ্ধ, লড়াই।
রণকৃতী, রণকুশল, রণপণ্ডিত, যুদ্ধে নিপুণ। [কারী।
রণজয়ী, যুদ্ধে জয়প্রাপ্ত; শত্রু পরাস্ত-
রণতূর্য্য, যুদ্ধবাদ্য, সংগ্রাম পটহ, রণবাদ্য। [বীরণ মূল।
রণপ্রিয়, যোদ্ধা; শ্যেনপক্ষী; উশীর,
রণভঙ্গ, যুদ্ধে পরাস্ত হওন, পরাভব।
রণভঞ্জন, যুদ্ধ ভঙ্গকরণ।
রণমত্ত, যুদ্ধোন্মত্ত; যুদ্ধাসক্ত, হস্তী।
রণরঙ্ক, রণকাতর হস্তী।
রণরণ, মশক, মশা; বিবাহ করণ।
রণরণক, উৎকণ্ঠা, উদ্বেগ, ভাবনা।
রণসঙ্কুল, তুমুল সংগ্রাম, ঘোরতর যুদ্ধ।
রণসিঙ্গা, যুদ্ধকালে বাজাইবার উপযুক্ত ভেরী, রণ বাদ্যবিশেষ। [ধূর্ত্ত।
রণ্ড, নিষ্ফল, ফলহীন; আশ্রমহীন;
রুণ্ডক, অফল বৃক্ষ, রাঁড়া গাছ।
রণ্ডা, বিধবা, রাঁড়, মূষিকপর্ণী বৃক্ষ, ইঁদুরকাণী গাছ।
রণ্ডাশ্রম, অষ্টচত্বারিংশৎ বৎসরোপরি ভার্য্যাহীন, আটচল্লিশ বৎসরের পর স্ত্রী বিহীন ব্যক্তি।
রণ্ডী, পতিহীনা স্ত্রী, বিধবা, রাঁড়।
রত, আসক্ত, অনুরক্ত, মৈথুন, জন্তুন, রতিক্রিয়া, শৃঙ্গার।
রতকাল, কুক্কুর; সুরত কণ্টক।
রতকূজিত, মৈথুন কালীন বাক্য।
রতগুরু, কান্ত, পতি, স্বামী, ভর্ত্তা।
রতজ্বর, কাক, বায়স।
রততালী, জার, ষিঙ্গা, উপপতি, লম্পট, কুট্টিনী, কুটনী।
রতনারীচ, নারী দিগের শীৎকার, শব্দ; কুক্কুর, কন্দর্প, জার, উপপতি।
রতনিধি, পক্ষিবিশেষ, খঞ্জন, খঞ্জরীট।
রতব্রণ, কুক্কুর, সারমেয়, কুকুর।
রতশায়ী, কুক্কুর; কুকুর, সারমেয়।
রতহিণ্ডক, স্ত্রীচোর, নারী চোর; লম্পট, লোচ্চা; ব্যলীক।

রতান্দুক, কুক্কুর, কুকুর।
রতান্ধ্রী, কুজ্ঝটী, কুয়াসা, কোয়াড়া।
রতামর্দ্দ, কুক্কুর, শ্বা. কুকুর।
রতায়নী, বেশ্যা, বারবিলাসিনী, বারাঙ্গনা, বারযোষিৎ।
রতার্থিনী, মৈথুনাভিলাষিণী, কামুকী।
রতি, কামদেব পত্নী; আসক্তি; রাগ; অনুরাগ; মৈথুন, জস্তন।
রতিকুহর, যোনি, ভগ।
রতিক্রিয়া, মৈথুন, সম্বেশন, স্ত্রীসংসর্গ।
রতিগৃহ, যোনি, ভগ।
রতিপতি, কামদেব, মদন, কন্দর্প।
রতিপ্রিয়, কামদেব; সুরতপ্রিয়, রমণেচ্ছুক।
রতিমন্দির, যোনি, ভগ।
রতিরমণ, কামদেব, মদন, মন্মথ।
রতিলক্ষ, নিধুবন, মৈথুন, শৃঙ্গার।
রতিসত্বরা, শাকবিশেষ, পিড়িঙ্গ শাক।
রতোদ্বহ, কোকিল, পিক।
রত্তিকা, পরিমাণ বিশেষ, গুঞ্জা, পরিমাণ, এক কুঁচ ওজন।
রত্ন, মুক্তাদি, মণি; শ্রেষ্ঠ।
রত্নকন্দল, রত্নবিশেষ, প্রবাল, পলা।
রত্নকূট, পর্ব্বত বিশেষ, রত্নগিরি।
রত্নগর্ভ, কুবের; সমুদ্র, রত্নাকর।
রত্নগর্ভা, পৃথিবী; গুণবৎ পুত্রবতী।
রত্নজীবী, রত্নাদি বিক্রেতা, মণিবিক্রেতা।
রত্নদ্বীপ, রত্ননির্ম্মিত স্থান।
রত্ননিধি, পক্ষিবিশেষ, খঞ্জন পক্ষী।
রত্নবণিক্, মণিকার, জৌহরী; রত্নবিক্রেতা।
রত্নবতী, পৃথিবী; রত্নযুক্তা।
রত্নবর্ষুক, পুষ্পক রথ; রত্নবর্ষণশীল।
রত্নময়, মণি বিরচিত, মণিময়, রত্নযুক্ত।
রত্নমুখ্য, প্রধান রত্ন, হীরক, হীরা।
রত্নরাজ, মাণিক্য; রত্নশ্রেষ্ঠ।
রত্নসানু, সুমেরু পর্ব্বত।
রত্নসূ, পৃথিবী, ধরণী, বসুধা।
রত্নাকর, সমুদ্র; রত্নোৎপত্তি স্থান।
রত্নাঙ্ক, বিষ্ণুরথ; রত্নচিহ্ন।
রত্নাবলী, গ্রথিত মণি শ্রেণী, মণিময় হার, রাজকন্যা বিশেষ। [গহনা।
রত্নাভরণ, মণিময় অলঙ্কার, জড়াও
রত্নি, বদ্ধমুষ্টি হস্ত, মুটুম্ হাত।
রত্যঙ্গ, যোনি, ভগ।
রত্যাসক্ত, বিরংসু, কামুক, লম্পট।
রথ, চক্র বিশিষ্ট যুদ্ধার্থ যান, স্যন্দন; দেহ, কায়; চরণ, পাদ।
রথকড্যা, রথ সমূহ, বহু রথ।
রথকর, রথ নির্ম্মায়ক, ছুতার, সূত্রধার।
রথকার, সূত্রধার, ছুতার; রথ নির্ম্মাণকারী।
রথকুটুম্বী, সারথি, রথচালন কর্ত্তা।
রথগর্ত্তক, স্কন্ধবাহ্য যান, নররথ, শিবিকা, পাল্কী, ডুলি ইত্যাদি।
রথচরণ, চক্রবাক, পক্ষী; রথের চক্র।
রথদ্রু, বৃক্ষ বিশেষ, তিনিশ গাছ।
রথপর্য্যায়, বেতস বৃক্ষ, বেতগাছ।
রথপাদ, চক্র, চাকা। [মোৎসব।
রথযাত্রা, শ্রীকৃষ্ণের রথোপরি উত্থা-
রথযাত্রী, রথ দর্শনার্থ গমনকারী।
রথাঙ্গ, চক্র; চাকা; চক্রবাক পক্ষী।
রথাঙ্গপাণি, বিষ্ণু, নারায়ণ, চক্রী।
রথাবরোহী, রথস্থ যুদ্ধকর্ত্ত, রথযোদ্ধা।
রথিক, রথী; রথদ্বারা যুদ্ধকারী; তিনিশ বৃক্ষ।
রথী, রথস্বামী; রথারোহী।
রথ্য, রথবাহক ঘোটক; চক্র, চাকা।
রথ্যা, রথ সমূহ; অভ্যন্তর মার্গ; পন্থা, পথ।
রদ, দশন, দন্ত, দাঁত; রহিত।
রদচ্ছদ, ওষ্ঠ, ঠোঁট।
রদন, দন্ত, দশন, দাঁত; খোঁড়ন।
রদনচ্ছদ, ওষ্ঠ, অধর।
রদনী, হস্তী; দন্ত বিশিষ্ট।
রন্তিদেব, বিষ্ণু; চন্দ্রবংশীয় রাজা বিশেষ; কুক্কুর, কুকুর।

রন্তু, বর্ত্ম, পথ; নদী।
রন্ধন, পাক, রসুই।
রন্ধনশালা, পাকগৃহ, রাঁধিবার ঘর।
রন্ধ্র, ছিদ্র, ছেঁদা, বিবর; দূষণ, দোষ।
রন্ধ্রবংশ, ছিদ্রযুক্ত বংশ, ছেঁদা বাঁশ, ফোকবাঁশ।
রন্ধ্রবভ্রু, উন্দুরু, মূষিক, ইঁদুর।
রব, শব্দ, ধ্বনি, নাদ।
রবণ, কাংস্য, কাঁসা, ধ্বনি, শব্দ; উষ্ট্র, উট; কোকিল; চঞ্চল।
রবথ, কোকিল, পিক।
রবাহূত, অনিমন্ত্রিত, অনাহূত।
রবি, সূর্য্য, দিনকর; অর্কবৃক্ষ, আকন্দ গাছ।
রবিকান্ত, মণিবিশেষ, সূর্য্যকান্ত মণি।
রবিগন্ধ, সূর্য্যপচ্য শস্য বিশেষ।
রবিজ, শনৈশ্চর, শনিগ্রহ।
রবিতনয়, বৈবস্বত মনু; শনি; যম।
রবিনন্দন, সুগ্রীব; বৈবস্বত মনু; শনি গ্রহ; যম, অন্তক।
রবিনাথ, পদ্ম, কমল, নলিন।
রবিপ্রিয়, রক্ত কমল; তাম্র; রক্ত করবীর। [বার।
রবিবার, সূর্য্যভোগ্য দিন, আদিত্য-
রবিলোহ, তাম্র, তাঁবা।
রবিসংজ্ঞক, তাম্র, তাঁবা।
রবিসূনু, শনৈশ্চর, শনিগ্রহ।
রভস, বেগ; হর্ষ; ঔৎসুক্য; অভিধান বিশেষ।
রমক, কান্ত, স্বামী, পতি, ভর্ত্তা।
রমঠ, হিঙ্গু, হিং।
রমণ, জম্ভন, মৈথুন; পতি; কামদেব।
রমণক, জম্বুদ্বীপান্তর্গত বর্ষ বিশেষ, রম্যক বর্ষ।
রমণা, রমণী, উকৃষ্টা স্ত্রী।
রমণী, সুন্দরী, উৎকৃষ্টা স্ত্রী; নারী।
রমণীয়, রম্য, সুন্দর, মনোহর, চারু।
রমণেচ্ছা, মৈথুনাভিলাষ, রিরংসা।
রমতি, নায়ক; স্বর্গ; কাক; বায়স; কাল; কামদেব, কন্দর্প। [শোভা।
রমা, লক্ষ্মী, ক্ষীর সমুদ্রের তনয়া,
রমাধব, রমাপতি, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
রমানাথ, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
রমাপতি, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
রমাপ্রিয়, পদ্ম, কমল, পঙ্কজ; শ্রীকৃষ্ণ, বিষ্ণু; লক্ষ্মীকান্ত।
রমিতা, রতি প্রাপিতা, কৃত মৈথুনা; জম্ভিতা।
রমেশ্বর, শ্রীকৃষ্ণ, বিষ্ণু; লক্ষ্মীপতি।
রম্ভ, বেণু, বংশী, বাঁশী, বানরবিশেষ।
রম্ভা, কদলী, কলা; অপ্সরোবিশেষ।
রম্য, মনোজ্ঞ, সুন্দর; চম্পক বৃক্ষ; বক বৃক্ষ। [মূল।
রম্যক, পৃথিবীস্থ বর্ষ বিশেষ; পটোল
রম্যপুষ্প, শাল্মলী বৃক্ষ, শিমুলগাছ।
রম্যা, মনোজ্ঞা; রাত্রি; স্থলপদ্মিনী।
রম্র, অরুণ বর্ণ; শোভা।
রয়, বেগ; প্রবাহ।
রলা, ক্ষুদ্র শাখা, ছোট ফেঁকড়ী।
রশনা, জিহ্বা, কাঞ্চী, স্ত্রীলোকের কটিভূষণ, চন্দ্রহার, গোট।
রশ্মি, কিরণ, প্রভা; রজ্জু, দড়ি; ঘোড়ার লাগাম, প্রগ্রহ।
রস, রসনেন্দ্রিয় গ্রাহ্য বস্তু; আস্বাদ; শরীরস্থ ধাতু বিশেষ; শৃঙ্গারাদি নব রস; বিষ; পারদ, পারা।
রসকর্পূর, কর্পূর রস, রস কাপূর।
রসকাপূর, রস কর্পূর; পারা, পারদ।
রসকেশর, কর্পূর।
রসগন্ধক, গন্ধরস, গন্ধক।
রসঘ্ন, টঙ্কণ, সোহাগা; রসনাশক।
রসজ, শোণিত, রক্ত; গুড়; মদ্যকীট, রসজন্য।
রসজ্ঞ, স্বাদভেদবেত্তা; রসিক, ভাবুক।
রসজ্ঞা, জিহ্বা, রসনা; রসিকা স্ত্রী।
রসজ্যেষ্ঠ, মধুর রস; শৃঙ্গার রস।
রসতেজঃ, রক্ত, শোণিত, রুধির।
রসদালিকা, পুণ্ড্রক ইক্ষু, পুঁড়ি আউক।

রসদ্রাবী, লেবুবিশেষ, মধুর জম্বীর, কমলা লেবু।
রসধাতু, পারদ, পারা।
রসন, স্বাদন, রসগ্রহণ ; জিহ্বা।
রসনা, জিহ্বা ; স্ত্রীলোকের কটিভূষণ, কাঞ্চী,চন্দ্রহার; গন্ধভাদালিয়া লতা।
রসনাথ, পারদ, পারা।
রসনায়ক, শিব, মহাদেব। [কর্ত্তা।
রসনালিহ্, কুক্কুর, রসনা দ্বারা লেহন
রসনেন্দ্রিয়, জিহ্বা, জিব, রসন।
রসপাকজ, গুড়, খণ্ড, খাঁড়।
রসফল, নারিকেল বৃক্ষ।
রসবতী, রসবিশিষ্টা ; রসিকা, মহানস, রন্ধনাগার। [রসান্বিত।
রসবৎ, রসাঞ্জন ; রসবিশিষ্ট, রসাল,
রসবাত, গ্রন্থিস্থিত বাত রোগবিশেষ।
রসভব, রক্ত, শোণিত, রুধির।
রসমর্দ্দন,পারদ চূর্ণীকরণ,পারাগুঁড়া।
রসময়, রসস্বরূপ, রসাত্মক।
রসরাজ, পারদ, পারা ; রস শ্রেষ্ঠ।
রসলেহ, পারদ, পারা।
রসসিন্দূর, ঔষধবিশেষ।
রসস্থান, হিঙ্গুল; শরীরের ধাতুবিশেষ।
রসা, পৃথিবী, ধরণী ; ভূমি, রসনা, জিহ্বা ; আর্দ্র, ভিজা, রজ্জু, দড়ী।
রসাখন, কুক্কুট, কুকুড়া, মোরগ।
রসাঞ্জন, রসজাত অঞ্জনবিশেষ,রসবৎ।
রসাঢ্য, আম্রাতক, আমড়া ; সরস, রসান্বিত।
রসাতল,পাতাল,পৃথিবীর অধোভাগ।
রসাদান, শোষণ, শুষ্ককরণ।
রসাধার, সূর্য্য ; রসের আধার।
রসাধিক,টঙ্কণ, সোহাগা ; অধিক রস।
রসাধিকা, কাকোলী দ্রাক্ষা।
রসান, আর্দ্রকরণ, ভিজান ; স্বর্ণাদি-মার্জ্জন, উজ্জ্বল করণ।
রসানি, নির্গত রস, ক্লেদ,পুঁয।
রসাভাস, অনৌচিত্য বিশিষ্ট রস।
রসায়ন, বিষপ্রয়োগ ; ঔষধ বিশেষ, স্বর্ণাদি উজ্জ্বল করণ।
রসায়নফলা, হরীতকী।
রসায়নশ্রেষ্ঠ, পারদ, পারা।
রসাল, ইক্ষু, আউক ; আম্র, আঁব ; পনস, কাঁঠাল, রসযুক্ত, সুরস।
রসালসা, নাড়ী, ধমনী।
রসালা, জিহ্বা, রসনা ; দূর্ব্বা ; দ্রাক্ষা।
রসালী, পুণ্ড্রক ইক্ষু, পুঁড়ী আউক।
রসাশ্বাসা, পলাশী লতা।
রসাস্বাদী, ভ্রমর ; রসাস্বাদ বিশিষ্ট।
রসাহ্ব, সালগাছ, সর্জ্জরস, ধুনা।
রসিক, সরস ; রসবেত্তা ; সারস পক্ষী ; ঘোটক ; হস্তী।
রসিকা, রসজ্ঞা ; কাঞ্চী,রসনা, চন্দ্রহার।
রসিকেশ্বর, শ্রীকৃষ্ণ ; রসিক শ্রেষ্ঠ।
রসিত, স্বর্ণাদিতে খচিত, মণ্ডিত, মেঘ শব্দ ; বায়ু।
রসী, রজ্জু, দড়ী ; রসযুক্ত।
রসুই, রন্ধন, পাককরণ,অন্নাদিপচন।
রসুন, মূলবিশেষ, লশুন।
রসেন্দ্র, পারদ, পারা।
রসোত্তম, মুদ্গ, মুগ ; শ্রেষ্ঠ রস।
রসোদ্ভব, হিঙ্গুল ; রসজাত।
রসোন, মূলবিশেষ, রশুন, লশুন।
রসোনক, মূলবিশেষ, রশুন, লশুন।
রসোপল, মৌক্তিক, মুক্তা।
রস্ন, দ্রব্য, বস্তু, সামগ্রী।
রস্য, রক্ত, শোণিত, রুধির।
রংহ, বেগ, রয়, জব।
রহঃ, নির্জ্জন, বিরল, বিবিক্ত।
রহণ, নিবর্ত্ত হওন ; তিষ্ঠন, থাকন।
রহস্য, গোপনীয় ; পরিহাস, কৌতুক।
রহস্যজ্ঞ, মর্ম্মজ্ঞ, যাথার্থ্য বিৎ।
রহিত, বর্জ্জিত, ত্যক্ত, নিবৃত্ত।
রক্ষঃ, রাক্ষস, নিশাচর।
রক্ষক, রক্ষাকর্ত্তা, পালক, ত্রাণকারক।
রক্ষণ, রক্ষা, পালন, ত্রাণকরণ।
রক্ষণারক,রোগবিশেষ, মূত্রকৃচ্ছ্র রোগ।
রক্ষস্, রাক্ষস, হিংস্রকজাতি বিশেষ।

রক্ষা, রক্ষণ, পালন, পরিত্রাণ।
রক্ষাপত্র, ভূর্জপত্র, ভোজপাত।
রক্ষিত, রক্ষাকৃত, রক্ষা করা; গোপা-য়িত; প্রতিপালিত। [ত্রাণকর্ত্তা।
রক্ষিতা, রক্ষাকর্ত্তা, প্রতিপালক;
রক্ষিবর্গ, রাজার শরীর রক্ষক গণ।
রক্ষোঘ্ন, কাঞ্জিক, কাঁজী, হিংগু, হিং; শ্বেতসর্ষপ, রাই সরিষা।
রক্ষোঘ্নী, ঔষধবিশেষ, বচা, বচ।
রক্ষোজননী, রাত্রি; রাক্ষস মাতা।
রক্ষোহা, গুগগুলু, গুগগুল।
রক্ষ, ত্রাণ, রক্ষণ, পালন।
রাই, শ্বেতসর্ষপ, শাদা সরিষা।
রাউটী, তাম্বু, বস্ত্রগৃহ।
রাং, রাঙ্গ, ধাতুবিশেষ।
রাংচিতা, রক্তচিত্রক বৃক্ষ।
রাংঝালি, রাঙ্গদ্বারা ছিদ্ররোধ করণ, পাইন দেওয়া।
রাংতা, রাংনির্ম্মিত পাতলা পত্র।
রাঁড়, রণ্ডা, বিধবা, পতিহীনা; বেশ্যা।
রাঁড়া, অফলবৃক্ষ, ফলহীন গাছ।
রাঁধন, রন্ধন, পাক করণ, রসুইকরণ।
রাকা, পূর্ণিমা, নদীবিশেষ; কচ্ছুরোগ, চুলী; নূতন ঋতুমতী স্ত্রী।
রাকাড়ন, উত্তরদেওন, বাক্যপ্রয়োগ।
রাখন, রক্ষণ, স্থাপন।
রাখনি, রক্ষণাদির বেতন; রাখালের-মাহিআনা। [রক্ষক।
রাখাল, গোরক্ষক, গোপাল, পশ্বাদি
রাখালিকরণ, গবাদি পালন করা, গো রক্ষকের কর্ম্মকরা।
রাগ, মাৎসর্য্য; ক্রোধ; লোহিতাদি বর্ণ; অনুরাগ, রঞ্জন।
রাগকর, কোপজনক, ক্রোধকর।
রাগচূর্ণ, কামদেব; খদির বৃক্ষ; ফল্গু চূর্ণ, ফাগুণের গুঁড়া। [ক্রুদ্ধ।
রাগচ্ছন্ন,কামদেব; রাগদ্বারা আচ্ছন্ন,
রাগণ, ক্রোধকরণ, রুষ্ট হওন।
রাগত, রাগান্বিত, রাগী, কোপান্বিত, রাগাল, রুষ্ট।
রাগদালি, মসূর, মসূরি কলাই।
রাগপুষ্পী, জবাপুষ্প।
রাগপ্রসব, পুষ্পবিশেষ: রাগোৎপন্ন।
রাগবৃন্ত, মদন, কামদেব।
রাগরজ্জু, কামদেব, মদন, কন্দর্প।
রাগলতা, কামদেবপত্নী, রতি।
রাগাণ, ক্রোধ করাণ, খেপান, কোপ জন্মান। [ন্বিত, ক্রোধাচ্ছন্ন।
রাগাক্ত, অতিশয় কোপযুক্ত, রাগা-
রাগান্বিত, কোপিত,ক্রোধযুক্ত, ক্রুদ্ধ।
রাগারু, আশা দিয়া দানে বিমুখ; আশা দিয়া না দেওয়া।
রাগিণী, ছয় রাগের পত্নী, স্বরবিশেষ; অনুরাগবতী; বিদগ্ধা নারী।
রাগী, অনুরক্ত; কামুক; ক্রোধী, কোপন।
রাঘব, শ্রীরামচন্দ্র; মহামৎস্য বিশেষ; সমুদ্র; অনিমন্ত্রণে আহারোপজীবী ব্রাহ্মণ। [মজ কম্বল।
রাঙ্কব, মৃগলোমজাত আস্তরণ; লো-
রাঙ্গ, ধাতু বিশেষ, রাং।
রাঙ্গঝাল, রাঙ্গদ্বারা তৈজস পাত্রাদির ছিদ্রাদি রোধ করণ, পাইন।
রাঙ্গাটিয়া, ঈষৎ রক্তবর্ণ।
রাঙ্গণ, পুষ্পবিশেষ, রঙ্গন্ ফুল।
রাঙ্গতা, রাঙ্গধাতুর পাতলা পাত।
রাঙ্গা, রক্তবর্ণ, লালবর্ণ, শোণবর্ণ।
রাঙ্গামুখ, রক্তাস্য, রক্তবর্ণমুখ; কোপ যুক্ত বদন।
রাঙ্গামূলা, রক্তবর্ণ মূলক; সৌন্দর্য্য বিশিষ্ট মূর্খ। [করণ।
রাঙ্গাণ, চিত্রকরণ; চোপান, রক্তবর্ণ
রাজ, ইষ্টকগৃহ নির্ম্মাণকারক, মিস্ত্রী।
রাজক, নৃপসমূহ; রাজা; দীপ্তিকারক।
রাজকন্যা, নৃপসুতা; রাজকুমারী; পুষ্প বিশেষ। [রাজপ্রাপ্য।
রাজকর, রাজস্ব, রাজার খাজানা,
রাজকর্ম্ম, রাজার কর্ম্ম, রাজার আদে-

শিত কার্য্য, রাজার কর্ত্তব্য কর্ম্ম।
রাজকার্য্য, নৃপতির কর্ত্তব্য ব্যাপার; রাজকর্ম্ম।
রাজকীয়, রাজসম্বন্ধীয়, নৃপসম্পর্কীয়।
রাজকুমার, রাজপুত্র, রাজসুত, নৃপতনয়।
রাজকুমারী, রাজকন্যা, নৃপতনয়া।
রাজকুল, রাজবংশ, রাজ পরিবার।
রাজকুষ্মাণ্ড, বার্ত্তাকী, বেগুণ।
রাজখর্জ্জূরী, শ্রেষ্ঠ খর্জ্জূরী, পিণ্ডীখাজুর।
রাজগামি, রাজসম্বন্ধি; রাজপ্রাপ্য।
রাজগ্রীব, মৎস্যবিশেষ, ফলুই মাছ।
রাজঘ, তীক্ষ্ণ, প্রখর; রাজহন্তা।
রাজচ্ছত্র, রাজার রাজশ্রীর চিহ্নস্বরূপ-ছত্র, রাজছত্র।
রাজজম্বু, পিণ্ড খর্জ্জুর, পিণ্ডীখাজুর।
রাজযক্ষ্মা, ক্ষয়রোগ বিশেষ; ক্ষয়কাস। [বিদ্যা।
রাজজ্ঞান, রাজধর্ম্ম, দেশ শাসন
রাজজ্ঞানী, রাজধর্ম্মবেত্তা, দেশশাসন বিদ্যায় নিপুণ।
রাজটীকা, রাজতিলক, রাজ্যাভিষেক, নৃপপদ প্রাপক সংস্কার।
রাজত, রজত নির্ম্মিত, রৌপ্য।
রাজতরু, কর্ণিকার বৃক্ষ, আরগ্বধ বৃক্ষ, সোঁদালি গাছ।
রাজতরুণী, পুষ্পবিশেষ, সুবর্ণ পুষ্প।
রাজতা, রাজত্ব, নৃপপদ।
রাজতাল, গুবাক বৃক্ষ, শুপারী গাছ।
রাজত্ব, রাজতা, রাজপদ, নৃপত্ব।
রাজদণ্ড, রাজশাসন, বিচার দ্বারা অপরাধির দমন।
রাজদেশীয়, রাজকল্প, রাজতুল্য।
রাজদেশ্য, রাজকল্প, রাজতুল্য, নৃপতির সদৃশ। [তির মন্দবাঞ্ছা।
রাজদ্রোহ, রাজার অনিষ্ট চেষ্টা, নৃপ-
রাজদ্রোহী, রাজার অহিতাকাঙ্ক্ষী, নৃপতির অনিষ্ট ইচ্ছুক।

রাজদ্বার, রাজসভা, রাজার বিচারস্থান।
রাজধর্ম্ম, রাজার কর্ত্তব্য কর্ম্ম, নৃপতির উচিত কার্য্য; রাজ নীতি, রাজ ব্যবহার।
রাজধানী, রাজপুর, ভূপতির বাসস্থান।
রাজধান্য, ধান্যবিশেষ, শ্যামাক ধান্য, শ্যামা ধান।
রাজধুস্তূর, বড় ধুতুরা।
রাজনীতি, রাজনিয়ম, রাজার নয়, নৃপতির উচিত আচার।
রাজনীল, রত্ন বিশেষ, মরকত মণি, নীলকান্তমণি, পান্না।
রাজন্য, ক্ষত্রিয়; রাজপুত্র; অগ্নি; ক্ষীরিকা বৃক্ষ।
রাজন্যক, ক্ষত্রিয় সমূহ।
রাজন্বান্, সুরাজযুক্ত দেশ, প্রজাপালনাদি স্বধর্ম্ম পরায়ণ রাজ যুক্ত দেশ। [পটোল।
রাজপটোল, পটোল বিশেষ, বৃহৎ
রাজপট্ট, মণি বিশেষ; নৃপতির সিংহাসন। [পক্ষী।
রাজপট্টিকা, পক্ষি বিশেষ, চাতক
রাজপথ, রাজমার্গ; প্রশস্ত পথ।
রাজপলাণ্ডু, রক্তবর্ণ পলাণ্ডু, লালপ্যাঁজ।
রাজপাট, রাজসিংহাসন, রাজাসন।
রাজপুত্র, রাজকুমার; যুবরাজ; বংসঙ্কর জাতি বিশেষ, রাজপুত।
রাজপুত্রিকা, শরারি পক্ষী, শরালি পাখী; রাজকন্যা।
রাজপুত্রী, রাজকন্যা; কটুতুম্বী, তিতলাউ; ছুছুন্দরী, ছুঁচা। [স্থান।
রাজপুরী, রাজধানী, ভূপতির বাস-
রাজপুষ্প, পুষ্প বিশেষ, নাগকেশর পুষ্প।
রাজফল, পটোল।
রাজফলা, জম্বু, জাম।
রাজবংশ্য, রাজবংশোদ্ভব, নৃপকুলজাত।

রাজবদর, উত্তম কোলি, নারিকেলি
কুল ; মধুরকুল।
রাজবর্ত্ম, রাজপথ, ঘণ্টাপথ, রাজ-
মার্গ, প্রশস্ত রাস্তা। [লতা।
রাজবলা, ভদ্রবলা, গন্ধভাদালিয়া
রাজবল্লভ, রাজার প্রিয় ; রাজবদর,
উত্তম কুল ফল। [উচ্ছা।
রাজবল্লী, লতাজাত তিক্তফল বিশেষ,
রাজবাটী, রাজগৃহ, নৃপালয়, রাজপুরী।
রাজবাড়ী, রাজবাটী, রাজগৃহ, নৃপা-
লয়, রাজপুরী।
রাজবান্, রাজমাত্র যুক্ত দেশ।
রাজবাহ, ঘোটক, অশ্ব, ঘোড়া।
রাজবাহ্য, রাজবাহক হস্তী, বিজয়
কুঞ্জর ; রাজবহনীয়।
রাজবীজী, রাজবংশ্য, রাজবংশোদ্ভব।
রাজবৃক্ষ, আরগ্বধ বৃক্ষ ; সোঁদালি
গাছ, পিয়াল বৃক্ষ, পিয়াশাল গাছ ;
লঙ্কাসিজ।
রাজভদ্রক, কুষ্ঠ, কুড় ; নিম্ব, নিম ;
পারিভদ্র বৃক্ষ, পারুলগাছ।
রাজভূয়, রাজত্ব, নৃপত্ব, রাজতা।
রাজমণ্ডূক, বৃহৎ ভেক, বড় বেঙ্গ, মহা-
মণ্ডূক, সোণা ব্যাং।
রাজমল্ল, রাজার মল্ল, রাজার মাল।
রাজমার্গ, রাজ পথ, বৃহৎ পথ, প্রশস্ত
বর্ত্ম। [কলাই।
রাজমাষ, বর্ব্বট কলায় ; বরবটী-
রাজযক্ষ্মা, ক্ষয়রোগ বিশেষ ; ক্ষয়-
কাশ। [উপযুক্ত।
রাজযোগ্য, রাজাহ, নৃপোচিত, রাজার
রাজরঙ্গ, রজত, রৌপ্য, রূপা।
রাজরাজ, কুবের ; সার্ব্বভৌম, সম্রাট,
চন্দ্র, নিশাকর।
রাজরাণী, রাজমহিষী, নৃপপত্নী।
রাজরীতি, পিত্তল বিশেষ ; রাজ ব্যব-
হার। [উত্তম ক্ষত্রিয়।
রাজর্ষি, রাজ হসম্বন্ধে মুনিবৎ ব্যবহারী,
রাজলক্ষণ, রাজচিহ্ন।
রাজলক্ষ্মী, রাজশ্রী ; নৃপভাগ্য ; নৃপ-
পতির সম্পত্তি।
রাজশণ, পট্ট, পাট।
রাজশফর, ইল্লিশ মৎস্য, ইলিশ মাছ।
রাজশয্যা, রাজার শয়নীয় মহাশয্যা।
রাজশাক, বাস্তুকশাক, বেতোশক।
রাজশুক, পক্ষি বিশেষ, নৃপপালিত
শুকপক্ষী।
রাজশৃঙ্গ, রাজচ্ছত্র, কনক দণ্ড ;
মদগুর মৎস্য, মাগুর মাছ। [জাত।
রাজস, রজোগুণোদ্ভব, রজোগুণ-
রাজসদন, রাজগৃহ, সৌধ, ভূপাল
ভবন, রাজবাটী।
রাজসভা, নৃপসংসদ্, নৃপতির সমাজ।
রাজসর্প, সর্পবিশেষ, রাজসাপ।
রাজসর্ষপ, সর্ষপ বিশেষ, শ্বেত সরিষা,
রাই সরিষা।
রাজসাযুজ্য, রাজত্ব, ভূপতিত্ব।
রাজসারস, ময়ূর, কলাপী, শিখী।
রাজসী, দুর্গা ; রজোগুণ সম্বন্ধিনী ;
বলিদানাদি যুক্তা পূজা। [নৃপাধ্বর।
রাজসূয়, রাজকর্ত্তব্য যজ্ঞ বিশেষ,
রাজস্কন্ধ, ঘোটক, অশ্ব, হয়।
রাজস্ব, রাজধন ; রাজকর, রাজার
খাজনা।
রাজস্বর্ণ, রাজধুস্তুর, কনকধুতুরা।
রাজহংস, লোহিতচঞ্চু-লোহিত চরণ-
শ্বেতবর্ণ হংস, রাজহাঁস।
রাজহংসী, রাজহংস স্ত্রী, কলহংসী।
রাজহর্ষণ, তগরপুষ্প, টগর ফুল।
রাজহস্তী, মত্তহস্তী, মদোৎকট হাতী।
রাজহাসক, মৎস্য বিশেষ, কাতলা-
মাছ।
রাজক্ষবক, সর্ষপ, সরিষা।
রাজা, প্রভু, নৃপতি ; ক্ষত্রিয় ; চন্দ্র ;
যক্ষ ; ইন্দ্র ; শ্রেষ্ঠ।
রাজাজ্ঞা, রাজার অনুমতি ; নৃপতির
আদেশ। [নুগত।
রাজাজ্ঞাবর্ত্তী, রাজার বশীভূত, নৃপা-

রাজাতন, পিয়ালবৃক্ষ, পিয়াশালগাছ।
রাজাদন, ক্ষীরই; পিয়াশাল; পলাশ।
রাজাধিরাজ, সম্রাট, অধীশ্বর, সার্ব্ব ভৌম। [কর্ম্মকারক।
রাজানুজীবী, রাজোপজীবী, রাজ-
রাজাবর্ত্ত. উপরত্ন বিশেষ, রেউটী।
রাজাবলি, র জশ্রেণী, নপ সমূহ।
রাজাম্র, আম্র বিশেষ।
রাজার্ক, শ্বেতার্ক বৃক্ষ, শাদা আকন্দ।
রাজার্হ, রাজযোগ্য ; অগুরু চন্দন।
রাজালাবু, স্বাদুতুম্বী, মিঠা লাউ, মিষ্ট তুম্বী।
রাজাহি, দ্বিমুখ সর্প, দুইমুখা সাপ।
রাজি, শ্রেণী, পংক্তি, আবলি।
রজিকা, রাজসর্ষপ; রাইসরিষা, শ্রেণী, পংক্তি।
রাজিকাফল, গৌরসর্ষপ, শ্বেতসরিষা।
রাজিল, ডুণ্ডুভ সর্প, ঢোঁড়া সাপ।
রাজী, পঙ্ক্তি, শ্রেণী, সমূহ।
রাজীফল, পটোল।
রাজীব, কমল, পদ্ম ; বৃহৎ মৎস্য বিশেষ ; হস্তী ; সারস পক্ষী।
রাজেন্দ্র, চতুর্যোজন পর্য্যন্ত অধিকারী নপ ; রাজশ্রেষ্ঠ।
রাজ্ঞী, রাজপত্নী, রাণী, রাজমহিষী ; সূর্য্য পত্নী। [পদ ; রাষ্ট্র।
রাজ্য, রাজত্ব ; অধিকার ; দেশ ; জন
রাজ্যনীতি, রাজ্যের ব্যবহার, রাজ্যের নিয়ম।
রাজ্যাঙ্গ, রাজ্যের উপায়, রাজ্য সম্বন্ধীয়, প্রকৃতি, স্বামী অমাত্যাদি অষ্ট। [নৃপপদ প্রাপণ।
রাজ্যাভিষেক, রাজপদে নিয়োগ,
রাজ্যেশ্বর,দেশাধিপতি,রাজ্যের কর্ত্তা।
রাটি, যুদ্ধ, রণ ; শরাল পাখী।
রাড্ডি, পক্ষিবিশেষ, শরালপাখী।
রাঢ়, দেশ বিশেষ, গঙ্গার পশ্চিম তীর জনপদ।
রাঢ়া, সুক্ষ্ম ; শোভা ; পুরী বিশেষ।
রাঢ়ীয়, রাঢ়ী, রাঢ়দেশোদ্ভব, রাঢ়-দেশীয়।
রাণা, পুষ্করিণ্যাদির সোপান বিশেষ, সোপানের পার্শ্ববর্ত্তি স্থান।
রাতারাতি, রাত্রিকালে, রাত্রির মধ্যে, রাত্রি থাকিতেং।
রাতি, রাত্রি, রজনী, নিশা।
রাতিকাণা, রাত্র্যন্ধ, রাত্রিকালে দৃষ্টি-হীন। [হলুদ।
রাত্রি, রজনী, যামিনী, নিশা; হরিদ্রা,
রাত্রিকর, চন্দ্র, নিশাকর, শশী।
রাত্রিচর, রাক্ষস, নিশাচর।
রাত্রিচরী, নিশাচরী, রাক্ষসী।
রাত্রিজল, কুজ্ঝটিকা, কুয়াসা ; হিম, শিশির। [রণ কারী।
রাত্রিজাগর, কুক্কুর; রাত্রিকালে জাগ-
রাত্রিজাগরদ, মশক, মশা।
রাত্রিঞ্চর, রাক্ষস, নিশাচর ; রাত্রিতে চরণশীল।
রাত্রিপুষ্প, উৎপল, কহ্লার, হেলা।
রাত্রিবাস, অন্ধকার; রাত্রিতে শয়-নার্থ পরিধেয় বস্ত্র। [কাল।
রাত্রিবিগম, প্রভাত, প্রত্যুষ, প্রাতঃ-
রাত্রিবেদ, কুক্কুট, কুকুড়া, মোরগ।
রাত্রিমট, রাক্ষস, রাত্রিচর, রাত্রি কালে গমন কর্ত্তা।
রাত্রিমণি, চন্দ্র, বিধু, শশাঙ্ক।
রাত্রিযোগ, নিশাকাল, রজনী সময়।
রাত্রিহাস, শ্বেতোৎপল, শাদা হেলা, শ্বেত কহ্লার।
রাত্রিহিণ্ডক, অন্তঃপুর রক্ষক, প্রহরী।
রাত্রী, নিশা, যামিনী, রজনী।
রাত্র্যট,রাক্ষস; রাত্রিকালে গমনকারী।
রাত্র্যন্ধ, রাত্রিকালে দৃষ্টিহীন ব্যক্তি, রাতিকাণা ; রাত্রিতে স্বাভাবিক দৃষ্টি হীন পক্ষী।
রাদ্ধ, পক্ব ; সিদ্ধ।
রাদ্ধান্ত, সিদ্ধান্ত, মীমাংসা, নিষ্পত্তি।
রাধ, বৈশাখ মাস।

রাধন, সাধন ; প্রাপণ; সন্তোষণ।
রাধা, গোপী বিশেষ, শ্রীকৃষ্ণের প্রেয়সী ; বিশাখা নক্ষত্র ; বিদ্যুৎ।
রাধাকান্ত, শ্রীকৃষ্ণ, রাধানাথ।
রাধেয়, কর্ণ।
রান্না, রন্ধন, অন্নাদি পাককরণ।
রান্নাঘর, পাকশালা, রন্ধন গৃহ।
রাব, শব্দ, রব, ধ্বনি, নাদ।
রাবণ, লাঙ্কাধিপতি, লঙ্কেশ, দশকন্ধর, দশানন।
রাবণগঙ্গা, সিংহল দেশস্থ নদীবিশেষ।
রাবণারি, শ্রীরামচন্দ্র।
রাবণি, রাবণপুত্র ইন্দ্রজিত্।
রাম, দশরথ রাজপুত্র, বলরাম; পরশুরাম; পশু বিশেষ; বাস্তূক শাক, বেতোশাক। [রাগিণী।
রামকরী, রাগিণী বিশেষ, রামকেলী
রামকর্পূরক, তৃণবিশেষ।
রামকুড্যা, কুটীর, ক্ষুদ্রগৃহ, ঝুপড়ী।
রামখড়ী, খড়ী বিশেষ, কঠিন মৃত্তিকা বিশেষ। [পর্ব্বত।
রামগিরি, পর্ব্বত বিশেষ, চিত্রকূট
রামচন্দ্র, দশরথের জ্যেষ্ঠ পুত্র, শ্রীরাম, রাঘব, রঘুনাথ, জানকীবল্লভ।
রামচ্ছর্দ্দনক, মদন বৃক্ষ, ময়না গাছ।
রামছাগল, ছাগবিশেষ, বৃহৎ ছাগল।
রামজননী, বলদেবের মাতা, রোহিণী ; কৌশল্যা।
রামণীয়ক, রমণীয়, মনোজ্ঞ।
রামতরুণী, তরুণীপুষ্প, সেউতীফুল।
রামদূত, হনূমান্, পবন নন্দন।
রামদূতী, তুলসী বিশেষ, রামতুলসী।
রামধনুক, শক্রধনুঃ ; ইন্দ্রায়ুধ।
রামনবমী, চৈত্র শুক্লনবমী, শ্রীরামের জন্ম তিথি।
রামপূগ, গুবাক বিশেষ, রামগুপারী।
রামবাণ, ঔষধ বিশেষ ; শ্রীরামচন্দ্রের শর।
রামবীণা, বীণা বিশেষ।
রামভদ্র, শ্রীরামচন্দ্র, দশরথ সুত।
রামশর, শরবৃক্ষ বিশেষ।
রামশিলা, তীর্থ বিশেষ।
রামসখ, শ্রীরামচন্দ্রের মিত্র, সুগ্রীব, কপিশ্রেষ্ঠ, বানর বিশেষ।
রামসেনক, ভূনিম্ব, চিরতা ; কটফল।
রামা, উৎকৃষ্টা স্ত্রী ; যোষা, হিঙ্গু ; হিঙ্গুল ; শ্বেত কণ্টকারী ; অশোক ; গোরোচনা ; গৈরিক মৃত্তিকা।
রামাৎ, নাগা, রামোপাসক বৈরাগি বিশেষ।
রামায়ণ, রামকর্ত্তৃক রাবণ বধ বিষয়ক কাব্য, রামচরিত গ্রন্থ।
রামিল, রমণ ; কামদেব, কন্দর্প।
রায়, উপাধি বিশেষ ; সম্মতি, মত-অভিপ্রায়।
রায়ণ, পীড়া, রোগ, ব্যামোহ।
রায়বাঁশ, বংশ নির্ম্মিত শস্ত্র বিশেষ।
রায়বাঁশিয়া, শস্ত্রবিশেষ ধারক।
রায়বাঘিনী, অত্যন্ত ব্যাপিকা স্ত্রী, অতিশয় প্রবলা অবলা। [ওড়।
রায়ভাটী, নদীর স্রোতো বিশেষ; আরাল, সালবৃক্ষ নির্য্যাস, ধুনা, সর্জ্জরস।
রালকার্য্য, সালবৃক্ষ, সালগাছ।
রাশি, ধান্যাদি সমূহ ; পুঞ্জ, স্তূপ ; জ্যোতিশ্চক্রের দ্বাদশ অংশ, মেষাদি দ্বাদশ।
রাশিচক্র, মেষাদি দ্বাদশ রাশি যুক্ত বৃত্ত, জ্যোতিষ চক্র। [নাম।
রাশিনাম, জন্মরাশি ঘটিত নাম, গুপ্ত
রাশিভোগ, সূর্য্যাদি গ্রহের একর রাশিতে নিয়মিত কাল অবস্থান।
রাশীকৃত, বহুল, পুঞ্জীকৃত, স্তূপাকার।
রাশীভূত, স্তূপাকার, বহুল, পুঞ্জ।
রাষ্ট্র, বিষয়, জনপদ, রাজ্য ; ব্যক্ত, প্রচার। [রাজ্যবাসী।
রাষ্ট্রনিবাসী, জানপদ, দেশবাসী,

রাষ্ট্রভঙ্গ, দেশোপদ্রব, দেশ ব্যাপক উৎপাত।
রাষ্ট্রিয়, নাট্যোক্তিতে রাজশ্যাল।
রাষ্ট্রীয়, নাট্যোক্তিতে রাজশ্যাল; রাজ্য সম্বন্ধীয়।
রাস, শৃঙ্খল; ভগবানের ক্রীড়া বিশেষ, শ্রীকৃষ্ণের লীলা। [সম্বন্ধীয়।
রাসন, রসনেন্দ্রিয় জন্য জ্ঞান; জিহ্বা
রাসভ, খর, গর্দ্দভ, গাদা।
রাসভী, গর্দ্দভী, গাদী।
রাসমঞ্চ, শ্রীকৃষ্ণের রাসক্রীড়ার স্থান।
রাসমণ্ডপ, শ্রীকৃষ্ণের রাসক্রীড়া স্থল।
রাসযাত্রা, শ্রীকৃষ্ণর রাসক্রীড়া।
রাসযাত্রী, রাসক্রীড়া দর্শনাভিলাষী।
রাসেরস, গোষ্ঠী, সভা, পরিষদ্, শৃঙ্গার; উৎসব; পরিহাস।
রাসেশ্বরী, রাধা, রাধিকা।
রাস্না, লতাবিশেষ, রাসন লতা; ওষধি বিশেষ। [কেয়।
রাহু, গ্রহবিশেষ, অষ্টম গ্রহ, সৈংহি-
রাহুগ্রস্ত, চন্দ্র সূর্য্যের গ্রহণ।
রাহুগ্রহ, রাহুগ্রাস, চন্দ্রসূর্য্যের গ্রহণ।
রাহুচ্ছত্র, আর্দ্রক, আদা।
রাহুদর্শন, চক্ষুদ্বারা, রাহুর জ্ঞান, চন্দ্রসূর্য্যের গ্রহণ দর্শন।
রাহুপীড়া, চন্দ্রসূর্য্যের গ্রহণ, উপরাগ।
রাহুভেদী, বিষ্ণু, নারায়ণ।
রাহুরত্ন, রত্নবিশেষ, গোমেদক রত্ন।
রাহুস্পর্শ, উপরাগ, চন্দ্র সূর্য্য গ্রহণ।
রাহুহা, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
রাহূচ্ছিষ্ট, লশুন, রশুন।
রাক্ষস, প্রাণি হিংসক জাতি বিশেষ, নিশাচর, কৌণপ, ক্রব্যাদ, যাতুধান।
রাক্ষসী, প্রাণি হিংসক জাতীয়া স্ত্রী, নিশাচরী, রাক্ষস পত্নী; বৃহদ্দন্ত।
রাক্ষসেন্দ্র, রাবণ, দশকন্ধর।
রাক্ষা, লাক্ষা, লা।
রিক্ত, শূন্য, হীন; বন; নির্ধন।
রিক্তক, শূন্য, হীন, রহিত। [র্দশী।
রিক্তা, তিথিবিশেষ, চতুর্থী-নবমী-চতু
রিক্থ, পৈতৃক ধন; বিভব; ঐশ্বর্য্য।
রিক্থহারী, দায়াদ, ধনহারী, ধনহারক।
রিক্থী, ধনহারী, ধনাধিকারী।
রিখন, স্খলন, বিগলন, ক্ষরণ, পড়ন।
রিঙ্গন, স্খলন, চ্যুতহওন; ধর্ম্মাবিলঙ্ঘন।
রিজন, সন্তোষণ, পরিতোষ জন্মান।
রিঠা, বস্ত্রাদি ক্ষালন যোগ্য ফল বিশেষ; মৎস্য বিশেষ, ইঠামাছ।
রিধম, কন্দর্প, কাম; বসন্ত।
রিপু, শত্রু, বৈরী, বিপক্ষ; চোরক নামে গন্ধ দ্রব্য বিশেষ।
রিপুঘাতিনী, লতাবিশেষ, কুচুই লতা।
রিপফ, লগ্নাপেক্ষা দ্বাদশ রাশি।
রিপ্র, অধম, নীচ, জঘন্য।
রিরী, পিত্তল, পিতল; অব্যক্ত শব্দ।
রিশ, হিংসা, দ্বেষ, ঈর্ষা।
রিশ্য, মৃগ, হরিণ।
রিষি, ঋষি, মুনি, তপস্বী।
রিষ্ট, শুভ, ক্ষেম, কল্যাণ; অশুভ, অমঙ্গল; পাপ।
রিষ্টক, রক্তশিগ্রু, লাল শজিনা।
রিষ্টি, অশুভ; খড়্গ; শস্ত্র বিশেষ।
রিষ্য, মৃগবিশেষ।
রীজ্যা, ঘৃণা; অপ্রবৃত্তি; অবজ্ঞা।
রীঠা, করঞ্জ বিশেষ; রীঠা ফল; মৎস্য বিশেষ। [পীঠের শির দাঁড়া।
রীঢ়ক, পৃষ্ঠদেশের অস্থি, মেরুদণ্ড,
রীঢ়া, অবজ্ঞা, ঘৃণা, তাচ্ছল্য।
রীণ, ক্ষরিত জলাদি; চ্যুত, স্খলিত।
রীতি, স্বভাব; চরিত্র; ব্যবহার; ধারা; পিত্তল; লৌহকিট্ট, লোহার মড়িচা; দগ্ধস্বর্ণাদির মল।
রীতিকা, কুসুমাঞ্জন; পিত্তল, পিতল।
রুই, বল্মীককীট, উইপোকা; মৎস্য বিশেষ, রোহিত মৎস্য।
রুক, বহুপ্রদ, বহুল দাতা, মহা বদান্য।
রুক্, শোভা, দ্যুতি; ইচ্ছা; বাঞ্ছা, রুচি; রোগ, পীড়া।

রুক্‌প্রতিক্রিয়া, চিকিৎসা দ্বারা রোগ শান্তি করণ।

রুক্ম, কাঞ্চন, সুবর্ণ, সোণা; ধুতুরা; নাগকেশর পুষ্প।

রুক্মকার, স্বর্ণকার, সেকরা। [পুত্র।

রুক্মাঙ্গদ, রাজাবিশেষ, ভীষ্মক রাজ-

রুক্মিণী, কৃষ্ণের মহিষী বিশেষ, ভীষ্মক রাজকন্যা; লক্ষ্মী, কমলা।

রুক্মিদর্প, বলদেব, বলরাম।

রুক্মিদারী, বলদেব, বলরাম, হলধর।

রুক্মিভিৎ, বলদেব, বলরাম।

রুক্মী, ভীষ্মক রাজের জ্যেষ্ঠ পুত্র।

রুকসম, মল, বিষ্ঠা।

রুগ্ণ, ক্ষীণ; ক্লিষ্ট; অতৈল।

রুখন, কোপন; ত্যক্ত হওন, বিরক্ত হওন। [পীড়িত

রুগ্ন, রোগাদি দ্বারা কুটিলীকৃত, রোগী

রুচক, অশ্বাভরণ; মাল্য, মাঙ্গল্য দ্রব্য; স্বাদ্য রস, রোচন, বিড়ঙ্গ লবণ; বীজপূর, ডালিম, নিষ্ক, মোহর; দন্ত, দাঁত; কপোত, পায়রা।

রুচা, দীপ্তি, শোভা, শারি ও শুক পক্ষির বাক্য।

রুচি, অনুরাগ, আসক্তি, স্পৃহা, অভিলাষ; প্রবৃত্তি; কিরণ, শোভা; গোরোচনা।

রুচিত, মিষ্ট বস্তু, স্বাদু দ্রব্য।

রুচির, মনোহর, সুন্দর; মিষ্ট, কুঙ্কুম; লবঙ্গ। [কৃষ্টা।

রুচিরা, গোরোচনা; মনোজ্ঞা, উৎ-

রুচিরাশ্ব, রাজাবিশেষ, সুন্দরঘোটক।

রুচিষ্য, মিষ্টবস্তু; অভিপ্রেত।

রুচী, প্রবৃত্তি, ইচ্ছা, স্পৃহা; দীপ্তি, শোভা।

রুচ্য, মনোজ্ঞ, সুন্দর; রুচিজনক, লবণবিশেষ, সৌবর্চ্চ লবণ; শালি ধান্য; কান্ত, পতি, স্বামী।

রুচ্যকন্দ, শূরণ, ওল। [কুষ্ঠৌষধি

রুজা, রোগ, পীড়া; ওষধি বিশেষ,

রুজাকর, ব্যাধি; রোগ, কর্ম্মরঙ্গ ফল, কামরাঙ্গা। [কৃত পিষ্টক।

রুটী, পিষ্টক বিশেষ, গোধূম চূর্ণদ্বারা

রুট, ক্রোধ, কোপ, রোষ।

রুঠ, রুক্ষ; অস্নেহ; বিস্বাদ।

রুড়-রূঢ়, শক্ত, কঠিন, নীরস।

রুণ্ড, কবন্ধ, মস্তকহীন। [বিভূতি।

রুণ্ডিকা, যুদ্ধভূমি, রণস্থল, রণক্ষেত্র,

রুণরুণ, ক্ষুদ্রঘণ্টার শব্দ।

রুত, পশু পক্ষ্যাদির শব্দ, ধ্বনি।

রুদথ, কুক্কুর; ছাত্র।

রুদিত, ক্রন্দন, কাঁদন, বিলাপ।

রুদ্ধ, নদী প্রাকারাদি দ্বারা কৃত বেষ্টন, বেষ্টিত, আবৃত।

রুদ্র, গণদেবতা বিশেষ, শিব।

রুদ্রগণ, শিব পার্ষদ সমূহ।

রুদ্রজ, পারদ, পারা।

রুদ্রজটা, লতাবিশেষ, শিবজট।

রুদ্রপর্ণী, অতসী পুষ্প; দুর্গা।

রুদ্রপ্রিয়া, হরীতকী, পার্ব্বতী।

রুদ্রবীণা, বীণা বিশেষ, শিঙ্গা।

রুদ্রভূ, শ্মশান, প্রেতস্থান।

রুদ্রক্রীড়, শ্মশান, প্রেতভূমি, শবদাহ স্থান।

রুদ্রাণী, দুর্গা; রুদ্রজটা।

রুদ্রাবাস, কাশী, বারাণসী।

রুদ্রারি, কামদেব, মদন, কন্দর্প।

রুদ্রাক্ষ, বৃক্ষ বিশেষ, মহাদেবের প্রিয় ফল বিশেষ। [করা মালা।

রুদ্রাক্ষমালা, রুদ্রাক্ষ ফলদ্বারা প্রস্তুত

রুধির, শরীরস্থ রসধাতু, রক্ত, ক্ষতজ, শোণিত; কুঙ্কুম; মঙ্গলগ্রহ।

রুধিরাখ্য, মণিবিশেষ, লালমণি।

রুবু, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ, রক্ত-এরণ্ড, লাল ভেরেণ্ডা।

রুবুক, এরণ্ড বৃক্ষ, ভেরেণ্ডা গাছ।

রুমা, সুগ্রীব ভার্য্যা; বিশিষ্ট লবণাকর।

রুশ্র, অরুণ; সূর্য্য, দিবাকর, ভানু।

রুরা, চালেরপ্রস্থবাঁশ; দাড়িমদানা।
রুরু, মৃগবিশেষ, হরিণ বিশেষ, চিত্র মৃগ; দৈত্য বিশেষ। [রোষ।
রুষা, অমর্ষ, ক্রোধ, মন্যু, কোপ,
রুষিত, ক্রোধযুক্ত,রাগান্বিত,কোপিত।
রুষ্ট, ক্রুদ্ধ, ক্রোধান্বিত; অসন্তুষ্ট।
রুষ্টি. উষ্মা, কোপ, ক্রোধ।
রুষ্টিকর, কোপজনক, প্রচণ্ড।
রুহ, জাত, উৎপন্ন; আরূঢ়।
রুহক, ছিদ্র, রন্ধ্র, ছেঁদা।
রুহিরুহিকা, উৎকণ্ঠা, উদ্বেগ,ভাবনা।
রুহ্বা, বৃক্ষ, দ্রুম, গাছ।
রুক্ষ, অচিক্কণ, অস্নিগ্ধ, তৈলহীন।
রূঢ়, জাত; প্রসিদ্ধ; প্রকৃতি প্রত্যয়ার্থ অপেক্ষা না করিয়া অর্থ প্রকাশক শব্দ।
রূঢ়কথা, শক্তকথা, অপ্রিয় বাক্য।
রূঢ়বাক্য, কটুবাক্য, শক্তকথা, উগ্রভাষা। [শক্তি।
রূঢ়ি, জন্ম; প্রাদুর্ভাব; রূঢ় শব্দনিষ্ঠ
রূপ, আকার, মূর্ত্তি; স্বভাব, সৌন্দর্য্য; গ্রন্থাবৃত্তি; প্রকার; ধারা।
রূপক, নাটক; কাব্যালঙ্কার বিশেষ; সংখ্যা বিশেষ।
রূপচাঁদ, মুদ্রা, টাকা, তঙ্কা।
রূপধারী, কৃত্রিম আকার বিশিষ্ট, বেশধারী।
রূপনাশন, পেচক, পেঁচা।
রূপবন্ত, সুরূপ, সুন্দর, সুশ্রী।
রূপবান্, আকার বিশিষ্ট; সৌন্দর্য্য যুক্ত, সুরূপ।
রূপসী, রূপবতী, সুন্দরী, সুরূপা।
রূপা, রজত, রৌপ্য, চাঁদী।
রূপাজীবা, বেশ্যা, গণিকা, বারবিলাসিনী, বারাঙ্গনা, পণ্যা স্ত্রী।
রূপাস্ত্র, কামদেব, মদন, মন্মথ।
রূপিক, শ্বেতার্ক বৃক্ষ, শ্বেত আকন্দ।
রূপী, রৌপ্যমুদ্রা, তঙ্কা, টাকা।
রূপেশ্বরী, দেবী বিশেষ।
রূপ্য, ধাতুবিশেষ, রজত,রূপা; সুন্দর।
রূপ্যাধ্যক্ষ, নৈষ্কিক, রজত মুদ্রার অধিপতি, টাকাওয়ালা; খাজাঞ্চী।
রূবুক, এরণ্ড, ভেরেণ্ডা।
রূষিত, গুণ্ডিত, চূর্ণিত; মুক্ষিত,চর্চ্চিত।
রূক্ষ, অচিক্কণ; নিঃস্নেহ; তৃণবিশেষ।
রূক্ষগন্ধক, গুগ্‌গুলু, গুগ্‌গুল।
রূক্ষপত্র, শাখোট বৃক্ষ, শাওড়াগাছ।
রূক্ষা, বৃক্ষবিশেষ, দন্তী বৃক্ষ।
রে, সম্বোধন বিশেষ; ইতর সম্বোধন।
রেঁদা, কাষ্ঠ পরিষ্কার করণার্থ অস্ত্র বিশেষ, ঘিস্‌কাপ।
রেক, শঙ্কা; নীচ; বিরেচন; ভেক; পরিমাণ পাত্র বিশেষ।
রেকণস্, স্বর্ণ, সুবর্ণ, কাঞ্চন।
রেকা, সন্দেহ, সংশয়।
রেখা, দণ্ডাকার লিপি বিশেষ, দাঁড়ী, কসী, ছত্র, ছল; আভোগ; উল্লেখ।
রেখাকার, রেখাকৃতি চিহ্নের ন্যায়।
রেখাভূমি, লঙ্কা ও সুমেরু পর্ব্বতের মধ্য সূত্র গত দেশ।
রেচক, ভেদক, বিরেচক; কঙ্করময় মৃত্তিকা, কাঁকরযুক্ত মাটী; যবক্ষার; জয়পাল বৃক্ষ; ক্রীড়ার্থ জল নিঃক্ষেপ যন্ত্র, পিচ্‌কারী।
রেচন, মলভেদন, বিরেক, বিরেচন।
রেচনী, বৃক্ষবিশেষ, দন্তীবৃক্ষ।
রেজান, সম্মতিকরণ, তোষণ।
রেণু, ধূলি, পাংশু; গুঁড়া।
রেণুকা,মরিচাকৃতি সুগন্ধিদ্রব্যবিশেষ; পরশুরামের মাতা।
রেণুকাসুত, পরশুরাম, জামদগ্ন্য।
রেণুবাস, ভ্রমর, মধুকর, ভৃঙ্গ।
রেণুরূষিত, গর্দ্দভ,গাধা; ধূলিচর্চ্চিতৎ, ধূলিম্রক্ষিত, ধূলা মাখা।
রেণুসার, কর্পূর।
রেতঃ, শুক্র, বীর্য্য; পারদ, পারা।
রেতজা, বালুকা, বালি।
রেতন, শুক্র, বীর্য্য।

রেত্য, পিত্তল, পিত্তল।
রেত্র, রেতঃ, শুক্র; পীযূষ, অমৃত; পটবাস, সুগন্ধি চূর্ণ বিশেষ।
রেপ, নিন্দিত; ক্রুর; কৃপণ; কুলুপের কাটি, চাবি।
রেফ, র বর্ণ; রাগ; কুৎসিত; নিন্দিত।
রেফা, ক্রূর; অধম; দুষ্ট; কৃপণ।
রেবট, শঙ্খ বিশেষ, দক্ষিণাবর্ত্ত শঙ্খ; শূকর; বেণু, বাঁশ; বাতুল, উন্মত্ত; বিষবৈদ্য, ওঝা।
রেবত, জম্বীর, লেবু; আরগ্বধ বৃক্ষ, সোঁদালী গাছ; বলরামের শ্বশুর।
রেবতী, বলরাম পত্নী; সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত সপ্তবিংশ নক্ষত্র, মাতৃকাবিশেষ; স্ত্রীগবী - দুর্গা।
রেবতীভব, শনৈশ্চর, শনিগ্রহ।
রেবতীরমণ, বলদেব, বলরাম।
রেবতীলা, বলদেব, বলরাম।
রেবা, নদী বিশেষ, নর্ম্মদা নদী।
রেভণ, গোধ্বনি, গোরুর শব্দ।
রেয়ো, রবাহূত, অনিমন্ত্রিত।
রেরিহাণ, শিব; অসুর; চোর।
রেল, বেষ্টন; সমূহ; অপর্য্যাপ্ত।
রৈ, ধন, সম্পত্তি, বিভব।
রৈবত, বৃক্ষবিশেষ; পর্ব্বত বিশেষ; শঙ্কর; দৈত্যবিশেষ।
রৈবতক, বৃক্ষবিশেষ; রৈবত পর্ব্বত।
রোওন, রোপণ, বুনন, পোতন।
রোঁয়া, রোম, লোম।
রোক, ছিদ্র; পাপ; নৌকা; দীপ্তি; নগদ টাকা। [হিসাবের খাতা।
রোকড়, আয় ব্যয় লিখিবার বহী,
রোকণ, নিবারণ, আটকান, রুদ্ধহওন।
রোকণিয়া, অলঙ্কারের রঙ্গ কারক, গহনার রসানকার; ক্রোধন।
রোখন, কোপন, ক্রোধন।
রোখান, ক্রোধ জন্মান, রাগান।
রোখাল, ক্রোধযুক্ত, প্রচণ্ড, কোপাল উগ্র, রাগী, রাগাল।
রোগ, পীড়া, ব্যাধি, ব্যামোহ; কুষ্ঠ ঔষধ, কুড়।
রোগকর, পীড়াজনক; অপথ্য।
রোগগ্রস্ত, রোগান্বিত, রোগী, পীড়িত, অসুস্থ।
রোগশালী, পীড়িত, রোগ বিশিষ্ট, ব্যাধিযুক্ত। [নাশক।
রোগহারী, বৈদ্য, চিকিৎসক, রোগ-
রোগা, কৃশ, দুর্ব্বল, রোগী, পীড়াযুক্ত।
রোগিতরু, বৃক্ষবিশেষ, অশোকবৃক্ষ।
রোগিবল্লভ, ঔষধ; রোগির প্রিয়।
রোগী, রোগযুক্ত, ব্যথিত; আতুর; রুগ্ন, অপটু। [স্কীয়।
রোগ্য, অপথ্য, অহিত; রোগসম্ব-
রোচক, রুচিকারক, ক্ষুধা, বুভুক্ষা; রুচি; কদলী; রাজপলাণ্ডু।
রোচকপাচক, আগ্নেয় অথচ রুচিকর।
রোচন, রুচিজনক, রোচক; পলাণ্ডু, প্যাঁজ; আরগ্বধ বৃক্ষ, সোঁদালি-গাছ; দাড়িম।
রোচনক, জম্বীর, লেবু।
রোচনফল, বীজপূর, দাড়িম।
রোচনা, রক্তকহ্লার, রক্তকম্বল; গোরোচনা; বরযোষিৎ, বেশ্যা।
রোচনিকা, বংশরোচনা, বংশলোচন।
রোচনী, আমলকী; গোরোচনা; গৈরিক ধাতু বিশেষ; মনঃশিলা।
রোচমান, ঘোটকের গলদেশ স্থিত রোমাবর্ত্ত, ঘোড়ার গলার চক্রাকৃতি লোম।
রোচিঃ, প্রভা, দীপ্তি, আভা।
রোচিষ্ণু, অলঙ্কারাদি দ্বারা দীপ্তিশীল, ভ্রাজিষ্ণু।
রোচী, হিলমোচিকা শাক, হিংচা-শাক; আভরণাদি দ্বারা শোভা যুক্ত।
রোচ্য, প্রকাশ্য; প্রীতির বিষয়; রুচিকর, স্পৃহা জনক।
রোটিকা, পিষ্টক বিশেষ, গোধূম চূর্ণ দ্বারা কৃত পিষ্টক, রুটী।

রোটী, পিষ্টক বিশেষ, গোধূম চূর্ণ দ্বারা কৃত পিষ্টক।
রোদঃ, স্বর্গ; ভূমি।
রোদন, ক্রন্দন, কাঁদন, অশ্রুপাতন।
রোদনিকা, যবাস, ঘাস, তৃণ।
রোদসী, স্বর্গ ; ভূমি। [কারক।
রোদ্ধা, প্রতিবন্ধক, নিবারক; রোধ-
রোধ, আটক, বাধা, নিবারণ।
রোধঃ, নদীতীর, তট, পুলিন।
রোধন, রোধকর্ত্তা; প্রতিবন্ধক, নিবারণ, বাধা, আটক।
রোধবক্র, নদী, তটিনী, সরিৎ।
রোধোবক্রা, নদী, সরিৎ, স্রোতস্বতী।
রোধোবতী, নদী, তটিনী, স্রোতস্বতী।
রোধ্র, অপরাধ, দোষ, পাপ, কলুষ, লোধগাছ। [যঁর ফুল।
রোধ্রপুষ্প, মধূকপুষ্প, মউলফুল, মউ-
রোধ্রপুষ্পিণী, ধাতকী বৃক্ষ, ধাই-ফুলের গাছ।
রোপ, বাণ, রোপণ ; ছিদ্র। [কৃষক।
রোপক, রোপণকারক, বপনকর্ত্তা,
রোপণ, বপন, বুনন, পোতন, জনন; প্রাদুর্ভাব; অঞ্জন বিশেষ।
রোপণচূর্ণ, নয়নাঞ্জন বিশেষ, চক্ষুর কাজল বিশেষ। [পোতা।
রোপিত, বপন করা, উপ্ত; প্রোথিত,
রোপ্যাতিরোপ্য, ধান্যবিশেষ।
রোম, শরীরজাত অঙ্কুর, লোম, রোআঁ, তনূরুহ।
রোমক, পাংশুলবণ, পাঙ্গালোণ, অয়স্কান্ত বিশেষ।
রোমকন্দ, পিণ্ড আলু, চুবড়ী আলু।
রোমকপত্তন, দেশবিশেষ, রুমদেশ।
রোমকূপ, লোমবিবর, রোমের ছিদ্র।
রোমকেশর, চামর, রোমগুচ্ছ।
রোমন্থ, উদ্গীর্য্য চর্ব্বণ, জাওরকাটা।
রোমবান্, লোমবিশিষ্ট, লোমযুক্ত।
রোমবিকার, রোমাঞ্চ, হর্ষ বা ভয়াদি হেতু লোমোদ্গম, শিহরণ।
রোমভূমি, চর্ম্ম, ত্বক, চামড়া, ছাল।
রোমলতা, লোমাবলী, লোমশ্রেণী
রোমশ, অতিশয় লোম বিশিষ্ট, মেষ, ভেড়া; শূকর, বরাহ।
রোমহর্ষ, রোমাঞ্চ, লোমের উদ্গম।
রোমহর্ষণ, রোমাঞ্চ, শিহরণ; সূত।
রোমাঞ্চ, রোমহর্ষ, রোমোদ্গম, লোম উঠন, শিহরণ, গাত্রে কাঁটা দেওন।
রোমাঞ্চিত, জাত পুলক, রোমাঞ্চ বিশিষ্ট। [লোমরাজী
রোমাবলী, নাভির ঊর্দ্ধস্থ লোমশ্রেণী।
রোমালু, পিণ্ড আলু, চুবড়ী আলু।
রোমোদ্গম, রোমাঞ্চ, লোম উঠন।
রোমোদ্ভেদ, রোমাঞ্চ, লোমোদ্গম।
রোয়ালী, বাজধান্য, ধানের চার রোপিত ধান্য।
রোলম্ব, ভ্রমর, মধুকর, অলি।
রোষ, ক্রোধ, কোপ, রাগ।
রোষণ, পারদ, পারা, হেম ঘর্ষণোপল; ঊষর ভূমি, অচস ক্ষেত্র; ক্রোধন, কোপন।
রোষাণ, ক্রোধ জন্মান, কোপান।
রোষাল, কোপযুক্ত, ক্রোধান্বিত উগ্র প্রকৃতি, রাগাল।
রোহ, অঙ্কুর, কুঁড়ী, কেঁকড়ী।
রোহক, প্রেত বিশেষ।
রোহণ, শুক্র, রেতঃ; জন্ম, প্রাদুর্ভাব, পর্ব্বত বিশেষ।
রোহন্ত, বৃক্ষবিশেষ।
রোহন্তী, লতাবিশেষ; লতামাত্র।
রোহি, বীজ; বৃক্ষ, ধার্ম্মিক।
রোহিণ, কালবিশেষ, দিবসীয় নবম মুহূর্ত্ত; তৃণবিশেষ; বটগাছ।
রোহিণি, রোহিণী নক্ষত্র, ২৭ নক্ষত্রের অন্তর্গত চতুর্থ নক্ষত্র। [স্ত্রী।
রোহিণিকা, ক্রোধাদি হেতুক রক্তবর্ণা
রোহিণী, স্ত্রীগবী; বিদ্যুৎ; হরীতকী, মঞ্জিষ্ঠা লতা; বলদেব মাতা, বসুদেব ভার্য্যা; নবম বর্ষীয়া কন্যা, ২৭ নক্ষ-

এর অন্তর্গত চতুর্থ নক্ষত্র।
রোহিণীপতি, চন্দ্র, শশাঙ্ক, বিধু।
রোহিণীরমণ, বৃষভ, ষাঁড়; বসুদেব।
রোহিণীশ, চন্দ্র; বসুদেব।
রোহিত, কুঙ্কুম, রক্ত; মৎস্যবিশেষ, রুইমাছ, মৃগবিশেষ; রোহিতক বৃক্ষ।
রোহিতক, বৃক্ষবিশেষ, রোহড়া গাছ।
রোহিতা, রাগাদি দ্বারা রক্তবর্ণা।
রোহিতাশ্ব, অগ্নি; হরিশ্চন্দ্র রাজপুত্র।
রোহিতিকা, রাগাদি দ্বারা রক্তবর্ণা।
রোহিতেয়, রোহিতক বৃক্ষ, রোহড়া গাছ। [বিশেষ।
রোহিৎ, সূর্য্য; মৎস্যবিশেষ; লতা
রোহী, রোহিতক বৃক্ষ, রোহড়া গাছ; অশ্বত্থ বৃক্ষ; বটবৃক্ষ।
রৌদ্র, শৃঙ্গারাদি নব রসের অন্তর্গত রসবিশেষ; উগ্র; সূর্য্যতেজঃ, আতপ; যম; ভীষণ; রুদ্র সম্বন্ধীয়।
রৌদ্রী, চণ্ডী; রুদ্রজটা।
রৌপ্য, রূপ্য, রজত, রূপা।
রৌরব, নরকবিশেষ; ঘোর, ভয়ানক, ধূর্ত, চঞ্চল। [বৃক্ষ।
রৌহিণ, দিবসের নবম মুহূর্ত্ত, চন্দন
রৌহিণেয়, মরকত মণি; বলদেব, বুধ গ্রহ; গোবৎস।
রৌহিষ, মৃগবিশেষ; রোহিত মৎস্য।
রৌহিষী, হরিণী, মৃগী; দূর্ব্বা।
রৌক্ষ্য, রুক্ষতা, রুক্ষত্ব, অচিক্কণতা, নিঃস্নেহতা।

ল

ল, লকার, ব্যঞ্জনের অষ্টাবিংশ বর্ণ; ইন্দ্র, শক্র, দেবরাজ।
লওন, গ্রহণ, ধারণ; স্বীকার করণ।
লওয়ান, গ্রহণ করাণ; প্রবোধ জন্মান, বুঝান, প্রবৃত্তি দেওন।
লওয়ানিয়া, প্রবোধ দায়ক; প্রবর্ত্তক।
লকচ, বৃক্ষবিশেষ; লকুচবৃক্ষ, ডেহুয়া, মাদার, ডেঁফল।
লকুচ, বৃক্ষবিশেষ, মাদার, ডেহুয়া।
লক, মাজা করা সূক্ষ্ম রেশমের সূত্রবিশেষ। [খণ্ড, নেকড়া।
লক্তক, অলক্তক, আলতা; জীর্ণবস্ত্র-
লক্তকর্ম্মা, রক্তবর্ণ লোধ্র বৃক্ষ, রাঙ্গা-লোধ গাছ।
লকুলকিয়া, পাতলা, দোদুল্যমান।
লগড়, চারু, মনোহর, সুন্দর।
লগা, আকর্ষণী, আঁকুড়া, আঁকুষী।
লগিত, সঙ্গযুক্ত, সংলগ্ন, লাগ, সংযুক্ত থাকা।
লগী, নৌকাবাহন দণ্ডবিশেষ, ধ্বজী; আকর্ষণী, আঁকুষী।
লগুড়, দণ্ড, লাঠী, বংশাদি নির্ম্মিত-যষ্টি; লোহময় অস্ত্র বিশেষ।
লগে, সঙ্গে, সমভিব্যাহারে, সমীপে।
লগ্ন, বিশেষ সময়; রাশির উদয়, স্তুতিপাঠক; লজ্জিত।
লগ্নক, প্রতিভূ, জামীন।
লগ্নপত্র, বিবাহ নির্ব্বাহক কালের অবধারণার্থ লিপি, বিবাহ কালনিরূপণ-পত্র। [হওয়া।
লগ্নালগ্নি, যোগ; লাগালাগি, একত্র-
লগ্নিকা, বিবস্ত্রা স্ত্রী, অজাত রজস্কা-বালিকা।
লঘট্, বায়ু, অনিল, বাত, বাতাস।
লঘিমা, লঘুত্ব, অল্পত্ব, ভারহীনত্ব।
লঘিষ্ঠ, অতিশয় লঘু, অতি ক্ষুদ্র, বড় হালকা। [হালকা।
লঘীয়ান, লঘুতর; অতিশয় ক্ষুদ্র, বড়
লঘু, শীঘ্র; হ্রস্ব, খর্ব্ব, সূক্ষ্ম, অল্প, হালকা।
লঘুকায়, ছাগ, ছাগল; ক্ষুদ্রশরীর।
লঘুকাশ্মর্য্য, কটফলের গাছ।
লঘুখট্টিকা, ক্ষুদ্রখট্টা, ছোটখাট।
লঘুগর্গ, ত্রিকণ্টক মৎস্য, টেঙ্গরা মাছ।
লঘুজ্ঞান, ক্ষুদ্রজ্ঞান, হেয়বোধ, অবজ্ঞা।

লঘুতা, লাঘব, তুচ্ছতা, অল্পতা, দুষ্টতা।
লঘুতেজঃ, অল্পদীপ্তি; অল্প শক্তি।
লঘুদন্তী, ক্ষুদ্র দন্তীবৃক্ষ।
লঘুদুন্দুভি, বাদ্য বিশেষ, দ্রগড়বাদ্য, ছোট টিকারা।
লঘুপঞ্চমূল, পাচনবিশেষ, ক্ষুদ্র পঞ্চমূল পাচন। [যোগ্য, সুপচ।
লঘুপাক, অল্প সময়ে পাক হইবার-
লঘুবদর, ক্ষুদ্রকোলিবৃক্ষ; ছোটকুল।
লঘুব্যয়, অল্পব্যয়; কৃপণ। [হালকা।
লঘুভার, অল্প পরিমাণ, ক্ষুদ্রভার,
লঘুমাংস, তিত্তিরি পক্ষী।
লঘুলয়, বীরণ মূল, বেণার শিকড়।
লঘুসমর, ক্ষুদ্রযুদ্ধ, অল্পসংগ্রাম।
লঘুহস্ত, শীঘ্রবেধী, শীঘ্রহস্ত, আশু বাণত্যাগকারী।
লঘ্বী, লাঘব যুক্তা, ক্ষুদ্রা; পৃক্কা শাক, পিড়ীংশাক; প্রস্রাব।
লঘ্বীক্রিয়া, মূত্রত্যাগ, প্রস্রাব।
লঙ্কা, রাক্ষস পুরী, সৈংহল দ্বীপ; ফলবিশেষ, লঙ্কামরিচ। [উৎপাত।
লঙ্কাদাহ, লঙ্কাদ হবৎ ভয়ানক অগ্নির
লঙ্কাদাহী, হনূমান।
লঙ্কাধিপতি, রাবণ, লঙ্কেশ্বর।
লঙ্কাপিকা, পৃক্কাশাক, পিড়ীংশাক।
লঙ্কামরিচ, কটুরস যুক্ত ফল বিশেষ, মরিচ বিশেষ। [লঙ্কাবাসী।
লঙ্কাস্থায়ী, বৃক্ষবিশেষ, লঙ্কাসিজ,
লঙ্কেশ, রাবণ, লঙ্কাপতি।
লঙ্কোপিকা, পৃক্কাশাক, পিড়িংশাক।
লঙ্গ, খিড়া, লম্পট, নাং; লবঙ্গ, লং।
লঙ্গল, লাঙ্গুল, ল্যাজ, পুচ্ছ।
লঙ্ঘন, উপবাস; অতি ক্রমণ; প্লবন, লম্ফন, ডিঙ্গান, পরিত্যাগ।
লঙ্ঘা, আঘাত, প্রহার, মারণ।
লঙ্ঘালঙ্ঘি, লাফালাফি, ডিঙ্গাডিঙ্গি।
লজ্জা, অন্তঃ করণ বৃত্তিবিশেষ; অকর্ত্তব্য কর্ম্ম করিলে পরপরিজ্ঞান জন্য ভয়, লাজ, ত্রপা, ব্রীড়া।
লজ্জাকর, ব্রীড়াকর, লজ্জাজনক; অকর্ত্তব্য কর্ম্ম। [লজ্জিত, ত্রপাশীল।
লজ্জান্বিত, অপত্রপিষ্ণু, লজ্জাবিশিষ্ট,
লজ্জাবান, লজ্জাযুক্ত, লাজুক, লজ্জিত।
লজ্জালু, লজ্জাযুক্ত, লজ্জাশীল, লাজুক; লতাবিশেষ।
লজ্জাশীল, লজ্জাবিশিষ্ট, লাজুক, অপত্রপিষ্ণু। [শূন্য, বেহায়া।
লজ্জাহীন, অনপত্রপ, নির্লজ্জ, লজ্জা
লজ্জিত, লজ্জাযুক্ত, লজ্জাবিশিষ্ট।
লজ্জিরী, লজ্জালু, লজ্জাবতী; লতাবিশেষ।
লজ্যা, লজ্জা, ত্রপা, লাজ। [লেজ।
লঞ্জ, পাদ, চরণ, কচ্ছ, কাছা; পুচ্ছ,
লঞ্জিকা, বেশ্যা, বারাঙ্গনা। [দোষ।
লট, অনবধানতার কথা, প্রমাদ বাক্য;
লটক, দুর্জ্জন, দুষ্ট, ধূর্ত্ত।
লটপর্ণ, ত্বক্, চর্ম্ম, ছাল।
লট্‌কন, ঝুলন, দোলন, টাঙ্গন।
লট্‌কান, লম্বমান, ঝুলান; টাঙ্গান।
লট্‌খট, উৎপাত, ঝঞ্ঝাট। [ক্লেশ।
লটখটী, উৎপাত, ঝঞ্ঝাট; যন্ত্রণা,
লট্ট, দুর্জ্জন, দুষ্ট, ধূর্ত্ত।
লট্‌পট, লুণ্ঠন; ছট্‌ফট।
লট্, জাতিবিশেষ, নেটুয়া; রাগবিশেষ; ঘোটক।
লট্বা, করঞ্জবিশেষ, মাটাকরঞ্জা; বাদ্যবিশেষ; পক্ষিবিশেষ।
লঠুয়া, লম্পট, লোচ্চা, কামুক।
লড়ন, কম্পন; দোলন; যুদ্ধকরণ।
লড়হ, মনোজ্ঞ, চারু, মনোহর, সুন্দর।
লড়াই, যুদ্ধ, রণ, সমর, সংগ্রাম।
লড়াক, যোদ্ধা, রণকারক, বীর।
লড়ান, যুদ্ধকরাণ, যুদ্ধেপ্রবৃত্তিদেওন।
লড়ালড়ি, উভয় পক্ষের যুদ্ধ, পরস্পর রণ করণ।
লড়ি, যষ্টি, লাঠী। [লোভদেখান।
লড়কান, মৎস্যের আধার দেওন;
লড়চড়, চঞ্চল, অস্থির।

লড্ডুক, মোদক বিশেষ ; লাড়ু।
লণ্ড, বিষ্ঠা, গু, ল্যাড় ।
লণ্ডভণ্ড, উচ্ছিন্ন প্রচ্ছিন্ন ; ব্যস্ত ।
লড়বড়িয়া, অপটু ; অক্ষম ; দোদুল্যমান , চঞ্চল, অস্থির । [ব্রততি ।
লতা, শাখাদি রহিত গাছ, বল্লী,
লতাকরঞ্জ, করঞ্জ বিশেষ ।
লতাজিহ্ব,সর্প, অহি, ভুজঙ্গ । [বৃক্ষ ।
লতাতরু, বৃক্ষবিশেষ; তালবৃক্ষ ; শাল
লতান, বৃক্ষোপরি লতার আরোহণ ; লতার ন্যায় বিস্তৃত হওন ।
লতাপনস, ফল লতা বিশেষ,তরমুজ ।
লতাফল, ফলবিশেষ, পটোল ।
লতামণি, রত্নবিশেষ, প্রবাল, পলা ।
লতামরুৎ, পৃক্কা শাক, পিঁড়িংশাক ।
লতামাধবী, মাধবী লতা ।
লতাযষ্টি, মঞ্জিষ্ঠা লতা ।
লতাযাবক, প্রবাল, পলা ।
লতারসন, সর্প, ভুজঙ্গম, অহি ।
লতালক, হস্তী, করী, দন্তী, হাতী ।
লতাশঙ্খ, শালবৃক্ষ, শালগাছ ।
লতিকা, লতা, বল্লী, ব্রততি ।
লত্তিকা, গোধা, গোসাপ ।
লনী-ননী, নবনীত, মাখন ।
লপন, মুখ, বদন ; ভাষণ, কথন ।
লপিত, বচন, কথন, ভাষণ ; কথিত ।
লপ্টন, বেষ্টন ; জাপটন, জড়ান ।
লপ্সিকা, খাদ্য দ্রব্যবিশেষ ।
লব, কণা, বিন্দু ; ঈষৎ, অল্প ; লেশ ; অংশ ; জাতীফল ; রামচন্দ্রের পুত্র ।
লবঙ্গ, বণিক্ দ্রব্যবিশেষ, লং ।
লবঙ্গক,লবঙ্গ, লং,বণিক্ দ্রব্যবিশেষ ।
লবঙ্গকলিকা, লবঙ্গ, লং ।
লবঙ্গলতা, লতাবিশেষ; পুষ্পবিশেষ ।
লবণ, ক্ষাররসযুক্ত দ্রব্যবিশেষ ; সমুদ্র বিশেষ ; অসুর বিশেষ ; রসবিশেষ ।
লবণখনি, লবণোৎপত্তি স্থান, লবণাকর ।

লবণত্রয়, সৈন্ধব-বিড়ঙ্গ-রুচক ।
লবণা,নদীবিশেষ; দীপ্তি; লতাবিশেষ ।
লবণাক্ত, ক্ষার রসবিশিষ্ট বস্তু, নোণা রসযুক্ত । [পর্ব্বত ।
লবণাচল, দানার্থ লবণাদি নির্ম্মিত
লবণাব্ধিজ সামুদ্রিক লবণ, করকচ ।
লবণোত্তম, সৈন্ধব, অঙ্গার লবণ ।
লবণোদ, লবণ সমুদ্র, লবণাম্বু ।
লবন, ছেদন, কাটন ।
লবনী, ফলবিশেষ, নোনাফল ।
লবলী, ফলবিশেষ, নোয়াড়ি, নোড় ।
লবাণক, দাত্রাদি, কাটারি প্রভৃতি ।
লবিত্র, দাত্র, দা, কাটারি ।
লব্ধ, প্রাপ্ত ; লাভ ।
লব্ধপ্রতিষ্ঠ, প্রশংসাপ্রাপ্ত ; সুখ্যাত ।
লব্ধবর্ণ, পণ্ডিত, বুধ, কবি ।
লব্ধি, প্রাপ্তি, লাভ । [ধন ; যাচক ।
লভস, ঘোটক বন্ধন রজ্জু ; সম্পত্তি,
লভ্য, লব্ধব্য, প্রাপ্য ; লাভ ।
লমক, লম্পট,লোচ্চা,সিন্ধা,উপপতি ।
লম্পট, সিদ্ধা, উপপতি ; কামুক, লোচ্চা । [ভ্রষ্টতা ।
লম্পটতা, কামুকতা, লোচ্চামি ;
লম্পাক,লম্পট, লোচ্চা; দেশবিশেষ ।
লম্পাটহ, বাদ্যবিশেষ, পটহবাদ্য ।
লম্ফ, প্লুতগতি, লাফান, উল্লম্ফন, প্রোল্লম্ফন । [কোঁদা ।
লম্ফঝম্ফ, উৎপ্লব, লাফালাফি,
লম্ব, ক্ষেত্রাদিতে লম্বমান রেখা বা সূত্র ; দীর্ঘ, লম্বা ; নর্ত্তক ; অঙ্গ ; কান্ত ; উৎকোচ ।
লম্বকর্ণ, অঙ্কোটবৃক্ষ ; ছাগল; রাক্ষস; হস্তী ; দীর্ঘ কর্ণযুক্ত ।
লম্বদন্তা, পিপ্পলী বিশেষ ; বৃহদ্দন্ত বিশিষ্ট । [শ্লেষ্মা ।
লম্বন, অবলম্বন ; গ্রহণ ; ধারণ ; কফ,
লম্বমান, লম্বায়মান বস্তু ; দোলা, ঝোলা, লটকান ।

লম্বা, দীর্ঘ; লক্ষ্মী, গৌরী; তিক্ত তুম্বী, তিতলাউ; দক্ষকন্যা বিশেষ; হিমালয় পর্ব্বতের কন্যা বিশেষ।
লম্বাই, দীর্ঘতা, দীর্ঘ পরিমাণ।
লম্বালম্বি, দৈর্ঘ্যে, দীর্ঘপরিমাণে।
লম্বিকা, তালুর ঊর্দ্ধস্থ ক্ষুদ্র জিহ্বা, অলিজিহ্বা, আলজিব। [ঝুলিত।
লম্বিত, লম্বমান মাল্যাদি, স্রংসিত;
লম্বোদর, গণেশ, ঔদরিক, বৃহৎউদর।
লম্বোষ্ঠ, উষ্ট্র, উট; দীর্ঘ ওষ্ঠবিশিষ্ট।
লয়, বিনাশ, ধ্বংস, প্রলয়; গীত বাদ্যাদির তাল বিশেষ।
লয়গত, লয়প্রাপ্ত, বিনাশ হওয়া।
লয়পুত্রী, নর্ত্তকী, নটী, নৃত্যকারিণী।
লয়ারম্ভ, নট, নর্ত্তক।
লয়ালম্ব, নট, নর্ত্তক।
ললজ্জিহ্ব, উষ্ট্র, উট, কুক্কুর, কুকুর, হিংস্র, হিংসক।
ললৎ, বিলাসযুক্ত, চঞ্চল, জিহ্বা-ক্রিয়া বিশিষ্ট, ভাষণ বিশিষ্ট; উৎক্ষেপণ বিশিষ্ট।
ললন, কেলি, ক্রীড়া, চালন, শাল-বৃক্ষ; পিয়াল বৃক্ষ। [মাল্যাদি।
ললন্তিকা, নাভিলম্বিত হার; দীর্ঘ
ললনা, কামিনী, মহিলা; জিহ্বা।
ললনাপ্রিয়, কদম্ব বৃক্ষ; কামিনী-বল্লভ।
ললাট, অবয়ববিশেষ, কপাল, ভাল।
ললাটক, প্রশস্ত ললাট; ললাটমাত্র।
ললাটন্তপ, সূর্য্য, রবি, ভানু।
ললাটিকা, স্বর্ণাদি রচিত ললাট ভূষণ, টীকা, তিলক, ললাটস্থ চন্দন।
ললাম, ভূষা, ভূষণ, অলঙ্কার; চিহ্ন; ধ্বজ; শৃঙ্গ, প্রধান; বালধি, পুচ্ছ; অশ্ব ললাটস্থ চিহ্ন বিশেষ, গবাদির ললাটস্থ চিত্র।
ললামী, কর্ণভূষণ বিশেষ।
ললিত, সুন্দর, মনোজ্ঞ; কোমল; ঈপ্সিত; চলিত, দোলিত; শৃঙ্গার ভাব জাত ক্রিয়া বিশেষ।
ললিতকান্তা, মঙ্গলচণ্ডিকা, মঙ্গলচণ্ডী।
ললিতা, কস্তুরী; নারী; নদী বিশেষ; গোপিনী বিশেষ। [সপ্তমী।
ললিতাসপ্তমী, ভাদ্র মাসের শুক্লা-
লশুন, মূলবিশেষ, রশুন।
লশুনীয়, মূলবিশেষ, রশুন।
লষণীয়, বাঞ্ছনীয়, স্পৃহনীয়।
লষিত, বাঞ্ছিত, ইষ্ট, অভীষ্ট।
লষ, নর্ত্তক, নৃত্যকারক, নট।
লসা, হরিদ্রা, হলুদ।
লসিকা, লালা, লাল, মুখের অমৃত।
লসীকা, ইক্ষুরস, আউকের রস; ত্বক ও মাংসের মধ্যগত রস বিশেষ।
লস্ত, শ্লিষ্ট, ক্রীড়িত; শিল্পযুক্ত।
লস্তক, ধনুর মধ্যভাগ, ধনুকের মধ্য-দেশ।
লস্তকী, ধনুঃ, ধনুক, কার্ম্মুক।
লহরি, মহাতরঙ্গ, কল্লোল, ঢেউ।
লহরী, মহাতরঙ্গ, কল্লোল, ঢেউ।
লক্ষ, শরব্য, বাণের লক্ষ্য; দশ অযুত সংখ্যা, একশত সহস্র, লাক।
লক্ষণ, চিহ্ন, নিদর্শন; সুমিত্রা পুত্র, লক্ষ্মণ; ব্যাকরণের সূত্র; বিশেষ গুণ, আকার; ভাব। [হংসী।
লক্ষণা, শক্যসম্বন্ধ; অধ্যাহার, সারসী;
লক্ষণাক্রান্ত, বিশেষ চিহ্ন যুক্ত।
লক্ষা, লক্ষ, দশ অযুত সংখ্যা, লাক।
লক্ষিত, আলোচিত; দৃষ্ট; অঙ্কিত; লক্ষণাশ্রয়।
লক্ষিতা, পরকীয় নায়িকার অন্তর্গত নায়িকা বিশেষ। [শ্রেষ্ঠ।
লক্ষ্ম, চিহ্ন, লক্ষণ, নিদর্শন; প্রধান,
লক্ষ্মণ, চিহ্ন; নাম; শ্রীবিশিষ্ট; সারস পক্ষী; শ্রীরামচন্দ্রের ভ্রাতা, সৌমিত্রি।
লক্ষ্মণপ্রসূ, সুমিত্রা, লক্ষ্মণের মাতা।
লক্ষ্মণা, শ্বেতকণ্টকারী; সারসপক্ষিণী; ওষধি বিশেষ; দুর্য্যোধনের কন্যা।
লক্ষ্মী, বিষ্ণুপত্নী, কমলা, শ্রী; সম্পত্তি;

শোভা ; সীতা; বীরস্ত্রী ; স্থলপদ্মিনী, হরিদ্রা ; শমীধান্য।
লক্ষ্মীকান্ত, নারায়ণ, বিষ্ণু।
লক্ষ্মীগৃহ, রক্তোৎপল ; লক্ষ্মীর ঘর।
লক্ষ্মীছাড়া, শ্রীভ্রষ্ট, দুর্ভাগা, দরিদ্র।
লক্ষ্মীজনার্দ্দন, শালগ্রামশিলা বিশেষ, একদ্বারে চতুশ্চক্রযুক্ত বনমাল রহিত শিলা।
লক্ষ্মী নারায়ণ, শালগ্রাম শিলাবিশেষ, এক দ্বারে চতুশ্চক্র যুক্ত বনমাল ভূষিত শিলা।
লক্ষ্মীনৃসিংহ, শালগ্রাম শিলাবিশেষ, দ্বিচক্র বনমালা যুক্ত শিলা।
লক্ষ্মীপতি, বাসুদেব ; নরপতি ; মহ- ধনী ; লবঙ্গবৃক্ষ ; গুবাক্, শুপারী।
লক্ষ্মী পুত্র, কন্দর্প, মদন, কামদেব ; ঘোটক ; কুশ, লব।
লক্ষ্মীপুষ্প, মণিবিশেষ, পদ্মরাগমণি।
লক্ষ্মীফল, বিল্ববৃক্ষ, শ্রীফল।
লক্ষ্মীবান্, শ্রীযুক্ত, ধনবান্, শ্রীমান্ ; পনসবৃক্ষ, কাঁটাল গাছ।
লক্ষ্মীশ, বিষ্ণু, নারায়ণ।
লক্ষ্মীসমাহ্বয়া, সীতা, জানকী।
লক্ষ্মীসহজ, চন্দ্র, বিধু, সুধাকর।
লক্ষ্য, শরবেধ স্থান, বাণের নিশানা ; শরব্য, বেধ্য ; লক্ষণাদ্বারা বোধ্য।
লা, গ্রহণ, দান ; লাক্ষা, জতু।
লাউ, তুম্বী, অলাবু। [অযুত।
লাক, লক্ষ, শতসহস্র সংখ্যা, দশ-
লাগন, সংযোগ হওন, স্পর্শন ; ক্লেশন ; প্রবর্ত্তন ; নিকটস্থ হওন।
লাগা, সংযোগ, লগ্ন; সন্ন্যাসিবিশেষ।
লাগাইল, ধরা, মিল, অন্বেষণ, সন্ধান।
লাগান, সংযুক্তকরণ, মিলান, নিকটস্থ হওন ; প্রহারণ। [নিকটি।
লাগালাগি, যোগাযোগ, নিকটা-
লাগি, নিমিত্ত ; যোগ ; ধরা।
লাঘব, লঘুত্ব ; হ্রাসতা ; অল্পতা ; অপমান।
লাঘবী, অল্পব্যয়ী, ব্যয়কুণ্ঠ।
লাঙ্গল, ভূমিকর্ষণ যন্ত্র বিশেষ, হল ; পুষ্পবিশেষ ; তালবৃক্ষ।
লাঙ্গলগ্রহ, কৃষক, হলবাহক, চাষী, লাঙ্গলা। [লের ঈশ, ঈষা।
লাঙ্গলদণ্ড, লাঙ্গল মধ্যস্থ কাষ্ঠ, লাঙ্গ-
লাঙ্গলপদ্ধতি, লাঙ্গলরেখা, সিরাল।
লাঙ্গলা, চাষী, কৃষক, হলবাহক।
লাঙ্গলিক, স্থাবর বিষবিশেষ, কাঠবিষ।
লাঙ্গলিক, বৃক্ষবিশেষ, বিষলাঙ্গলা- গাছ। [গাছ।
লাঙ্গলিকী, বৃক্ষবিশেষ, বিষলাঙ্গলা-
লাঙ্গলী, বলরাম, হলধর ; লাঙ্গল- ধার ; নারিকেল, সর্প, লাঙ্গলাকার পুষ্প, জলজশাকবিশেষ; কাঁচড়াদাম।
লাঙ্গুল, পুচ্ছ, ল্যাজ, বালহস্ত, বালধি।
লাঙ্গুলী, বানর ; ঋষভনামে ঔষধ- বিশেষ। [লজ্জা।
লাজ, আর্দ্র তণ্ডুল ; ভিজা চাউল;
লাজা, অক্ষত, আলচাউল; ভৃষ্টধান্য, লাওয়া, খই।
লাজুক, লজ্জাশীল, লজ্জাযুক্ত।
লাঞ্ছন, চিহ্ন, গঞ্জন ; নিন্দা, তিরস্কার, ভর্ৎসন।
লাঞ্ছনা, তিরস্কার, ভর্ৎসনা ; যন্ত্রণা।
লাঞ্ছিত, তিরস্কৃত, ভর্ৎসিত, নিন্দিত।
লাট, দেশান্তর ; বস্ত্র ; জীর্ণ ভূষণাদি, নষ্ট।
লাটিম, ক্রীড়া সাধন দ্রব্য বিশেষ, বর্ত্তুলাকার খেলিবার বস্তু।
লাঠী, যষ্টি, দণ্ড, বাড়ী।
লাড়ন, স্থানান্তর করণ ; দোলন, হে- লান, চঞ্চল করণ।
লাড়া, ছেদিত ধান্যের অবশিষ্ট শাখা, বিচালীর গোড়া ; স্থানান্তর করা ; চঞ্চল করা, দোলান।
লাড়ু, লড্ডুক, মিষ্টদ্রব্য বিশেষ।
লাড়ুগোপাল, দেববিগ্রহ বিশেষ।
লাত, পদাঘাত, পদদ্বারা প্রহার।

লাথী, লাত, পদাঘাত, পদ প্রহার।
লাপ, কথন, বাক্য, বচন।
লাপ্য, কথনীয়, কথ্য।
লাফ, লম্ফ, উৎপ্লব।
লাফডিংরা, দুর্দ্দান্ত, দুষ্ট।
লাফন, লম্ফপ্রদান, উৎপ্লবন, আস্ফালন।
লাফানি, কাঁপনি, কুঁদনি।
লাব, পক্ষিবিশেষ, লাওয়া পাখী।
লাবণ, লবণ সংস্কৃত, লবণাক্ত।
লাবণিক, লবণের সংস্কৃত, লবণাক্ত, লবণসম্বন্ধীয়, লবণ বিক্রেতা, লবণপাত্র।
লাবণ্য, কান্তি, সৌন্দর্য্য, শ্রী, শোভা।
লাবণ্যার্জ্জিত, বিবাহকালীন শ্বশুরের নিকট লব্ধ ধন।
লাবা, পক্ষিবিশেষ, লাওয়া পাখী।
লাবু, অলাবু, লাউ, তুম্বী।
লাভ, মূলধন হইতে অধিক বাণিজ্যোপার্জ্জিত ধন, লভ্য, বৃদ্ধি, ব্যাজ, সুদ।
লাভকর, লভ্য জনক, ফলজনক।
লাভলুব্ধ, বৃদ্ধিজীবী, উত্তমর্ণ, মহাজন, বাণিজ্যকারী, ব্যবসায়ী।
লাভালাভ, ফলাফল, প্রাপ্যাপ্রাপ্তি।
লামজ্জক, বীরণমূল, বেনার মূল, তৃণ বিশেষ। [চামর।
লাম্পট্য, লম্পটত্ব, কামুকতা, লে-
লাল, লালা, থুথু, মুখামৃত।
লালচ, লালসা, অতিশয় স্পৃহা, লাভেচ্ছা; লোভ।
লালচিষ, অত্যন্ত লোভী, লিপ্সু।
লালন, অত্যন্ত স্নেহকরণ, প্রেমপূর্ব্বক বালকের আদর করণ, সোহাগ করণ, বাৎসল্যকরণ।
লালস, মহা অভিলাষ, ঔৎসুক্য, যাচ্ঞা; বাঞ্ছা, শ্রদ্ধা, লোল, চঞ্চল
লালসীক, পিচ্ছল, পিছল; লোভী, আকাঙ্ক্ষী।
লালা, মুখজ জল, লাল, মুখস্রাব।
লালাটিক, অদৃষ্টদর্শী, দৈবপরায়ণ; কার্য্যাক্ষম; ললাট সম্বন্ধীয়।
লালাবিষ, লূতাদি, মাকড়সা প্রভৃতি।
লালামেহ, প্রমেহ বিশেষ, ধাতুক্ষরণ।
লালাস্রাব, উর্ণনাভ, লূতা, মাকড়সা।
লালিক, মহিষ, তুলাপ।
লালিত্য, কোমলতা, মৃদুতা, সুরসতা, রম্যতা। [কারক।
লালুক, বাল্লুক, লোভী, লালচ্যুত
লাস, নৃত্য; স্ত্রীলোকের নৃত্য, যুষ, ঝোল।
লাসক, মর্কট, দাস, মত্ত ময়ুর।
লাসকী, নর্ত্তকী, নৃত্যকারিণী স্ত্রী।
লাস্য, নৃত্য, নৃত্য, তৌর্য্যত্রিক, নর্ত্তক, নট।
লাস্যা, নর্ত্তকী, নৃত্যকারিণী।
লাহ, লা, জতু, জৌ।
লাহর, লাহ, জতু, জৌ।
লাক্ষাদি, অর্থ প্রতি পাদক। [জতু, জৌ।
লাক্ষা, বকুলবৃক্ষ নির্য্যাস বিশেষ, লা।
লাক্ষাতরু, পলাশবৃক্ষ, কিংশুকগাছ।
লাক্ষাতৈল, পক্ব তৈল বিশেষ।
লিকুচ, ডহু, মাদার, ডেহুয়া, ঢেঁফল।
লিক্ষা, যুকাণ্ড, ক্ষুদ্রউকুন, লিকি।
লিখ, লেখন, লিপি [করণ।
লিখন, লেখন, লিপি, লেখা, চিত্র-
লিখিত, লিপি, লেখন, লিখিতপত্রাদি, মসিবিশেষ।
লিখিতব্য, লেখনীয়, লিখনার্হ।
লিখ্যা, পরিমাণ বিশেষ।
লিগু, মূর্খ, ভূপ্রদেশ, মৃগ।
লিঙ্গ, চিহ্ন, মেঢ্র, শিশ্ন, উপস্থ, শিব মূর্ত্তি বিশেষ, ব্যক্ত, সামর্থ্য।
লিঙ্গক, কপিত্থবৃক্ষ, কতবেল।
লিঙ্গবন্ধ, কপিত্থবৃক্ষ; শিশ্ন বৃদ্ধিকরণ।
লিঙ্গবর্দ্ধিনী, অপামার্গ বৃক্ষ, আপাং গাছ।

লিঙ্গবৃত্তি, জীবিকার্থ জটাদি চিহ্নধারী, ধর্ম্মধ্বজী।
লিঙ্গার্চ্চক, শিবপূজক। [ইন্দুর।
লিঙ্গালিকা, ক্ষুদ্র মূষিক, নেংটিয়
লিঙ্গিনী, লতা বিশেষ
লিঙ্গী, হর্ত্তা, কর্ত্তা; জীবিকার্থ জটাদি চিহ্নধর, ধর্ম্মধ্বজ।
লিপি, লিপি, অক্ষর সংস্থাপন, লিখন, লিখন, লেখন, অক্ষর রচনা, লিখিত পত্রাদি। [লেখক।
লিপিকার, লেখক, লিপিকর; চিত্র-
লিপিসজ্জা, লেখন সাধন বস্তু, লিখিবার দ্রব্য সামগ্রী।
লিপ্ত, কৃতলেপন, দিগ্ধ, চর্চ্চিত, মিলিত, সংযুক্ত।
লিপ্সন, [illegible] লাভ, [illegible]।
লিপ্সা, ইচ্ছা, অভিলাষ, বাঞ্ছা, স্পৃহা, লাভবাসনা।
লিপ্সিত, বাঞ্ছিত, অভিলষিত, অভীষ্ট
লিপ্সু, লাভেচ্ছু, [illegible], অভিলাষুক, লোলুপ, লোভী
লিম্প, লেপনকর্ত্তা, লেপকারী।
লিম্পাট, উপপতি, জার, লম্পট, লেম্পা। [গর্দ্দভ।
লিম্পাক, নিম্বু বিশেষ, পাতিনেবু,
লিবি, লিপি, লেখন; লিখিতপত্রাদি।
লিবিকর, লেখক, লিপিকারক।
লেখকর, লিপিকারক, লেখক, চিত্রকর।
লিসু, নর্ত্তক, নৃত্যকারক, নট।
লিক্ষ, যূকাণ্ড, লিকি, উকুনের ডিম।
লিক্ষা, লিকি, উকুনের ডিম।
লীঢ়, আস্বাদিত, লেহনকর, চাটা।
লীন, লয়প্রাপ্ত; মিশ্রিত, শ্লিষ্ট।
লীলা, কেলি, খেলা, বিলাস, শৃঙ্গার ভাব চেষ্টা।
লীলাবতী, কেলিযুক্তা, বিলাসবতী, শৃঙ্গার ভাব চেষ্টান্বিত, ভাস্করাচার্য্য পত্নী; অঙ্কগ্রন্থকর্ত্রী; বেশ্যা-বিশেষ; ন্যায়গ্রন্থ বিশেষ।
লীলোদ্যান, দেববন, দেবতাদের উপবন।
লীক্ষা, লিক্ষা, লিকি, উকুনবিশেষ।
লুই, পশু লোম নির্ম্মিত শীতবস্ত্র বিশেষ। [পলায়ন।
লুকন, গোপন, প্রচ্ছন্নভাবে থাকন, লুকান, ছাপান, আচ্ছাদিত করণ, ঢাকন।
লুক্কায়িত, অন্তর্হিত, লুকান, প্রচ্ছন্ন।
লুন্দী, [illegible] চক্রবস্ত্রবিশেষ।
লুচি, ঘৃতপাক গোধূম চূর্ণের পিষ্টক বিশেষ, পুরি।
লুট, বলপূর্ব্বক অপহরণ, অপহার।
লুটন, অপহরণ, উঠান
লুটিয়ার, দস্যু, লুটনকারক। [ঢেলা।
লুটী, বর্ত্তুলাকার ঘটাবস্ত্রাদি, গোল
লুণ্ঠন, অপহরণ, কাড়িয়া লওন।
লুঠন, বলদ্বারা গ্রহণ, লুণ্ঠন, ভূমিতে লোটন, গড়াগড়ি দেওন।
লুঠ, চৌর্য্য, লুণ্ঠকরণ, বলপূর্ব্বক অপহরণ।
লুণ্ঠিত, শ্রমশান্ত্যর্থ পুনঃ২ ভূমিতে পতিত, বলদ্বারা অপহৃত।
লুড়ী, ক্ষুদ্র ও স্থূলাগ্র, ক্ষুদ্রশিলা।
লুণিয়া, লবণ বিক্রেতা; লবণ প্রস্তুতকারক।
লুণ্টক, শাকবিশেষ, নটিয়া শাক।
লুণ্টাক, চোর, তস্কর দস্যু।
লুণ্টকী, চোর স্ত্রী, চোর নারী।
লুণ্ঠক, স্তেয়কারক, লুঠেরা, বলদ্বারা অপহারক।
লুণ্ঠন, লুঠন, লোটন; গড়াগড়িদেওয়া।
লুণ্ঠাক, কাক, বায়স।
লুঠ, লুঠন, গড়াগড়ি দেওন।
লুপ্, লোপ, নাশ, ধ্বংস।
লুপ্ত, চৌর্য্য ধন, লোপ্ত, নষ্ট, রহিত।
লুকন, উৎক্ষিপ্ত বস্ত্র হস্তদ্বারা ধারণ।
লুব্ধ, ব্যাধ, শিকারী; লোভী, আ-

কাঙ্ক্ষী, অভিলাষুক।
লুব্ধক, ব্যাধ, নিষাদ, লম্পট, কামুক।
লুভিত, বিমোহিত; আকাঙ্ক্ষিত।
লুলাপ, মহিষ, কাসর।
লুলাপকান্তা, মহিষী, স্ত্রী মহিষ।
লুলিত, আন্দোলিত, ঝোল।।
লুষভ, মত্তহস্তী, মাতোয়ালা হাতী।
লূত, কীটবিশেষ, মর্কটক, মাকড়সা, ঊর্ণনাভ।
লূতাজাল, মর্কটতন্তু, মাকড়সার জাল।
লূতাতন্তু, মাকড়সার সূতা, মাকডসার জাল।
লূতিকা, মর্কটক, মাকড়সা।
লূন, ছিন্ন, ছেঁড়া।
লূনক, ভেদিত, ছেদিত, পশু, জন্তু।
লূম, লাঙ্গূল, পুচ্ছ, ল্যাজ।
লেংট, উলঙ্গ, নগ্ন, বিবস্ত্র।
লেই, মণ্ড, কাই, মাড়।
লেখ, দেবতা; লেখ্য, লিপি।
লেখক, লেখনকর্ত্তা, লিপিকর।
লেখন, অক্ষর বিন্যাস, লিপি করণ, ভূর্জত্বক্ ভূর্জপত্র, দীপ্তি।
লেখনপড়ন, লেখা পড়া।
লেখনিক, লেখহারক, লিপিবাহক, লিপিকর, লেখক।
লেখনী, লেখনসাধন বস্তু, বর্ণতূলিকা, কলম। [নের বিষয়।
লেখনীয়, লেখ্য, লিখিতব্য, লিখ-
লেখর্ষভ, ইন্দ্র, সুরপতি, দেবরাজ।
লেখহার, লেখ্যহারক, পত্রবাহক, লিপি বাহক।
লেখা, লিপি, পত্র, লিখিত।
লেখাজোখা, হিসাব বহি, নিদর্শনপত্র, পরস্পর পত্র লিখন।
লেখাপড়া, লিখন পঠন।
লেখালেখি, পরস্পর পত্র লিখন; লিপিপ্রেরণ; পত্র চালাচালি।
লেখার্হ, বৃক্ষবিশেষ, লেখন যোগ্য, লেখনীয়।
লেখিত, লিখিত, লেখা, লিপিবদ্ধ।
লেখ্য, লিখিতব্য, লেখনীয়, লেখন যোগ্য। [কলম।
লেখ্যচূর্ণিকা, তুলিকা, তুলী; লেখনী,
লেখ্যপত্র, লেখনীয় পত্র, খতপত্র; তালবৃক্ষ, তালগাছ। [খানা।
লেখ্যস্থান, লেখনস্থল, আফিস, দপ্তর
লেঙ্গুড়, লেজ, লাঙ্গুল, পুচ্ছ।
লেজ, লাঙ্গুল, পুচ্ছ, লেঙ্গুড়।
লেঠা, ব্যাঘাত, উৎপাত, ঝঞ্ঝাট।
লেণ্ড, বিষ্ঠা, মল, গু, ল্যাড।
লেপ, লেপন, ম্রক্ষণ, চূণ সুরকী মাখা।
লেপক, জাতিবিশেষ, রাজমিস্ত্রী, থৈকর, লেপনকারক। [বিশেষ।
লেপন, চর্চ্চিত করণ; ম্রক্ষণ, গন্ধদ্রব্য
লেপ, ম্রক্ষিত, মাখা, লিপ্ত।
লেপাপোঁছা, নিকান, পরিষ্কৃত; চূণকাম করা।
লেপী, লেপক, লেপনকর্ত্তা; রাজমিস্ত্রী, থৈকর, লেপবিশিষ্ট।
লেপ্য, লেপনীয়, লেপনযোগ্য।
লেপ্যকৃৎ, লেপক, লেপনকারক।
লেপ্যময়ী, কাষ্ঠাদি ঘটিত পুত্তলিকা
লেপ্যস্ত্রী, সুগন্ধদ্রব্য লিপ্ত স্ত্রী।
লেফাফা, পত্রাদি আবরক কাগজ বিশেষ।
লেবু, জম্বীর, জামীর।
লেম, সংসর্গ, সংস্রব, এলাকা।
লেয়, সিংহ রাশি।
লেলান, অন্য জন্তু ধারণার্থ কুক্কুরাদিনিয়োজন, শীকার করাণ।
লেলিহান, পুনঃ২ লেহনকর্ত্তা, চাটনিয়া, সর্প, সাপ, শিব, মহাদেব।
লেশ, কণ, বিন্দু, কিঞ্চিৎ, অল্প।
লেষ্টু, লোষ্ট, মৃত্তিকা পিণ্ড।
লেষ্টুঘ্ন, লোষ্টভঙ্গ সাধন মুদ্গার, ডেলাভাঙ্গা মুগুর। [ছড়নদার।
লেসিক্ক, হস্তি আরোহক, হাতির
লেহ, আহার, ভক্ষণ; স্বাদন।

লেহন, জিহ্বাদ্বারা রসগ্রহণ, চাটন।
লেহাই, লেই, মণ্ড, কাই।
লেহ্য, লেহনীয়, চাটিবার যোগ্য; অমৃত, সুধা।
লৈঙ্গ, পুরাণ বিশেষ, লিঙ্গপুরাণ।
লোক, ভুবন, জগৎ, জন, ব্যক্তি।
লোককান্ত, ঔষধ বিশেষ।
লোকচক্ষু, সূর্য্য, দিবাকর, ভুবনস্থ জন সকলের লোচন।
লোকতঃ, ইহলোকে; সর্ব্বজন সমক্ষে।
লোকতুষার, কর্পূর।
লোকন, দর্শন, ঈক্ষণ, দেখন।
লোকনাথ, ব্রহ্মা; বিষ্ণু; শিব; নৃপ।
লোকপাল, রাজা, ভূপতি, দিক্‌পাল।
লোকবাদ, জনরব, জনশ্রুতি।
লোকবান্ধব, সূর্য্য, রবি, দিনকর।
লোকবাহ্য, সর্ব্বাচার বর্জ্জিত, সর্ব্বাচার বিহীন, যথেষ্টাচারী।
লোকবিশ্রুতি, জনশ্রুতি, কিংবদন্তী, জনরব। [লোকলজ্জা।
লোকভয়, লোককৃত অপবাদ শঙ্কা,
লোকমাতা, লক্ষ্মী, কমলা, রমা।
লোকযাত্রা, সংসার যাত্রা; লোকের কর্ত্তব্য কর্ম্ম।
লোকলোচন, সূর্য্য, ভানু, রবি।
লোকান্তর, পরলোক, অমুত্র, মৃত্যু, মরণ।
লোকাপবাদ, লোকতঃ তিরস্কার; জন সমক্ষে নিন্দা।
লোকায়ত, তর্ক বিশেষ, চার্বাক শাস্ত্র, নাস্তিকদের মত।
লোকায়তিক, চার্বাক, নাস্তিক।
লোকারণ্য, লোক সমূহ, জনতা, বহু ব্যক্তির সমাগম। [স্থান।
লোকালয়, লোকদের বাসস্থান, জন-
লোকালোক, পর্ব্বত বিশেষ, পৃথ্বী বেষ্টিত পর্ব্বত। [পার।
লোকেশ, ব্রহ্মা, প্রজাপতি; পারদ।
লোকেশ্বর, ভুবনেশ, অধিপতি, রাজা।

লোচ, অশ্রু, নেত্রজল।
লোচক, মাংসপিণ্ড; চক্ষুর তারকা; কজ্জল; স্ত্রীলোকের ললাট ভূষণ, কদলী, কলা; নীলবস্ত্র; নির্বুদ্ধি।
লোচন, চক্ষু, নেত্র, নয়ন।
লোচনাময়, চক্ষুরোগ বিশেষ।
লোটন, বলপূর্ব্বক পরদ্রব্যাপহরণ; অবলুণ্ঠন; কপোত বিশেষ, বদ্ধকেশ।
লোটা, ধাতু নির্ম্মিত জলপাত্র, ঘটী; লুণ্ঠিত; ঝোল। [ব্যয়করণ।
লোটান, অবলুণ্ঠন; দোলন; ঝুলন;
লোড়, শিলাপুত্র, পেষণশিলা।
লোণ, লবণ, ক্ষার।
লোণতৃণ, লবণতৃণ, লোনা ঘাস।
লোণা, লবণাক্ত; ফলবিশেষ।
লোণার, ক্ষারবিশেষ, লবণবিশেষ।
লোত, স্তেয়ধন, লোপ্ত্র; নেত্রাম্বু, অশ্রু, চক্ষুর জল, চিহ্ন। [অশ্রু।
লোত্র, স্তেয়ধন, লোত, নেত্রজল,
লোধ্র, বৃক্ষবিশেষ, লোধগাছ।
লোপ, বিনাশ, ধ্বংস, মিটান; অপচয়।
লোপা, অগস্ত্য মুনি পত্নী।
লোপাক, শৃগাল শিবা, শিয়াল।
লোপাপিকা, শৃগালী, শিয়ালী।
লোপামুদ্রা, অগস্ত্য মুনি পত্নী।
লোপাশক, শৃগাল, শিয়াল।
লোপাশিকা, শৃগালী, শিয়ালী।
লোপ্ত্র, লোত, স্তেয়ধন, চৌর্য্যধন, অপহৃত দ্রব্য, চোরা সামগ্রী।
লোপ্য, নাশ্য, ধ্বংস যোগ্য, রহিত-করিবার উপযুক্ত। [ফেলাবস্তুগ্রহণ।
লোফন, উৎক্ষিপ্ত দ্রব্য ধারণ, ঊর্দ্ধে
লোভ, আকাঙ্ক্ষা; পর দ্রব্যাভিলাষ; লিপ্সা, স্পৃহা, বাঞ্ছা।
লোভনীয়, লোভ করিবার যোগ্য, লোভ্য, লোভজনক দ্রব্য।
লোভান, লোভদেখান, প্রবৃত্তিজন্মান।
লোভান্বিত, লোভ বিশিষ্ট, গৃধ্নু, লোভী।

লোভী, লোভযুক্ত, লুব্ধ, অভিলাষুক, লোলুপ।

লোভ্য, লোভনীয়, বাঞ্ছনীয়, মুদ্গ, মুগ। [লাঙ্গুল, পুচ্ছ।

লোম, শরীরস্থ কেশ, তনুরুহ, রোম;

লোমকর্ণ, শল্লকি; শজারু, লোমযুক্ত কর্ণবিশিষ্ট।

লোমকূপ, লোমের মূলগর্ত্ত, রোমকূপ।

লোমঘ্ন, ইন্দ্রলুপ্তক কীট, টাকপোকা।

লোমপাদ, অঙ্গদেশীয় রাজা বিশেষ; ঋষ্যশৃঙ্গ মুনির শ্বশুর। [শেন: মেষ।

লোমশ, অতিশয় লোমযুক্ত; মুনি বি-

লোমশপুষ্পক, শিরীষ বৃক্ষ।

লোমশমার্জ্জার, মার্জ্জার বিশেষ, গন্ধগকুলা।

লোমশ্রেণী, লোমাবলী, রোমপঙ্ক্তি।

লোমশাতন, লোমপাতন, লোম-উন্মূলন।

লোমহর্ষণ, রোমাঞ্চ, শিহরণ; পুরাণ-কর্ত্তা, সূত ব্যাসশিষ্য।

লোমহৃৎ, হরিতাল।

লোমাঞ্চ, লোমহর্ষণ, পুলকোদ্গম, শিহরণ; গাত্রে কাঁটাদেওন

লোমাঞ্চিত, লোমাঞ্চযুক্ত, পুলকিত।

লোমালিকা, শৃগালিকা, উল্কামুখী, খেঁকশিয়ালী। [কাঙ্ক্ষ।

লোল, চঞ্চল, অস্থির, সস্পৃহ, স-

লোলক-নোলক, নাসিকাভরণবিশেষ।

লোলা, জিহ্বা; লক্ষ্মী; চঞ্চলা স্ত্রী।

লোলার্ক, সূর্য্য, ভাস্কর, ভানু।

লোলিত, শ্লথ, ঝোলা, দোলিত।

লোলুপ, অতিশয় লুব্ধ, অত্যন্ত লোভী।

লোষ্ট, লৌহমল, লোহার মড়িচা; মৃত্তিকাখণ্ড, ডেলা, ঢিল।

লোষ্টঘ্ন, লোষ্ট্রভঙ্গ সাধন মুদ্গর, ডেলা ভাঙ্গা মুগুর। [রক্ত।

লোহ, অগুরু; লৌহ, লোহা; রুধির,

লোহকণ্টক, মদন বৃক্ষ, ময়নাগাছ, লৌহময় কণ্টক।

লোহকার, লৌহকার, কামার, কর্ম্মকার

লোহকিট্ট, লৌহমল, লোহার মড়িচা

লোহচূর্ণ, লৌহকিট্ট, লৌহমল, লোহার মড়িচা।

লোহজ, লোহকিট্ট, লোহার মল।

লোহদ্রাবী, টঙ্কণ, সোহাগা।

লোহনাল, নারাচ, লৌহময় অস্ত্রবিশেষ।

লোহপ্রতিমা, লৌহময়ী প্রতিমা।

লোহবর, স্বর্ণ, হেম, কাঞ্চন।

লোহময়, লোহনির্ম্মিত।

লোহশঙ্কর, মিশ্রিত তৈজস।

লোহশ্লেষণ, টঙ্কণ, সোহাগা।

লোহা, ধাতুবিশেষ, লৌহ, অয়স।

লোহার, লৌহকার, কর্ম্মকার, কামার

লোহার্গল লৌহার্গলক; তীর্থবিশেষ

লোহিকা, লৌহপাত্র।

লোহিত, রক্তবর্ণ; কুঙ্কুম; রক্তচন্দন; রুধির; নদবিশেষ; রোহিত মৎস্য, রুইমাছ; মৃগবিশেষ।

লোহিতক, মঙ্গল গ্রহ; পদ্মরাগ মণি।

লোহিতচন্দন, কুঙ্কুম; রক্তচন্দন।

লোহিতনয়ন, রক্তবর্ণ চক্ষু, প্রচণ্ড।

লোহিতপুষ্পক, দাড়িম্ব বৃক্ষ, ডালিম।

লোহিতমুখ রক্তবর্ণ বদন, রাঙ্গামুখ।

লোহিতমৃত্তিকা, গৈরিক, গেরীমাটি; রক্তবর্ণ মৃত্তিকা। [পুনর্নবা শাক।

লোহিতা, রাগাদি দ্বারা রক্তবর্ণ, রক্ত-

লোহিতাঙ্গ, মঙ্গলগ্রহ; রক্তবর্ণ শরীর।

লোহিতানন, নকুল; রক্তবর্ণ মুখ।

লোহিতাক্ষ, বিষ্ণু; কোকিল; রক্তবর্ণ-চক্ষু যুক্ত।

লোহোত্তম, স্বর্ণ, হেম, সোনা।

লৌকায়তিক, তার্কিক বিশেষ, চার্ব্বাক-শাস্ত্রবেত্তা।

লৌকিক, লোকব্যবহারসিদ্ধ, লোকতঃ।

লৌকিকতা, লোক ব্যবহার সিদ্ধত্ব, লোকাচার।

লৌঠী, বাঁটুল, ভাঁটা, গেণ্ডুক।

লৌহ, লোহা ; ঔষধ বিশেষ।
লৌহকার, লোহার, কামার।
লৌহচারক, নরকবিশেষ।
লৌহজ, লৌহকিট্ট, লোহার মড়িচা।
লৌহভাণ্ড, অশ্মভাল, হামামদিস্তা ; লৌহনির্ম্মিত পাত্রবিশেষ।
লৌহমল, লৌহকিট্ট, লোহার মড়িচা।
লৌহশঙ্কু, নরকবিশেষ ; লৌহনির্ম্মিত কীলক। [সদৃশ।
লৌহিত্যীক, লোহিত বর্ণ তুল্য, রক্তবর্ণ-
লৌহিত্য, নদবিশেষ, ব্রহ্মপুত্র নদ।

শ

শ, শকার, শবর্গীয় প্রথম বর্ণ; ব্যঞ্জনের ত্রিংশ বর্ণ; কল্যাণ, শুভ ; শিব ; শাস্ত্র। [শুভান্বিত।
শংব, মুষলাগ্রস্থ লৌহ মণ্ডল ; বজ্র ;
শংবর, জল, সলিল, পানীয়।
শংযু, শুভান্বিত, কল্যাণযুক্ত।
শংসা, বাক্য ; বাঞ্ছা ; প্রশংসা।
শংসিত, নিশ্চিত ; হিংসিত ; স্তুত ; কথিত।
শংস্তু, স্তাবক, স্তবকর্ত্তা, স্তোতা।
শংস্থ, শুভান্বিত, কল্যাণযুক্ত।
শংস্থা, শুভান্বিতা, কল্যাণ বিশিষ্টা।
শংস্য, হিংস্য ; স্তুত্য ; কথনীয়, বাচ্য।
শক, ম্লেচ্ছজাতি বিশেষ ; নৃপবিশেষ; দেশবিশেষ ; বৎসর।
শকট, যানবিশেষ, গাড়ী ; বিষ্ণুবধ্য অসুর বিশেষ।
শকটহ, শ্রীকৃষ্ণ, শকটাসুর নাশক।
শকড়া, ক্ষুদ্র যান বিশেষ, গাড়ী।
শকরকন্দ, মিষ্ট মূল বিশেষ, রাঙ্গা-আলু।
শকল, ত্বক্, ছাল ; বৃক্ষের বল্কল ; শল্ক ; আঁইষ ; একদেশ, খণ্ড।
শকলী, মৎস্য, মীন, মাছ।
শকান্তক, বিক্রমাদিত্য রাজা।
শকাব্দা, শক নামক নৃপতির প্রচলিত-বৎসর ; বৎসর সংখ্যা বিশেষ।
শকার, রাজার অনূঢ়া স্ত্রীর ভ্রাতা।
শকারি, বিক্রমাদিত্য রাজা।
শকুন, শুভশংসক নিমিত্ত, সগুন ; পক্ষিবিশেষ, গৃধ্র।
শকুনজ্ঞা, জ্যেষ্ঠী, জ্যেঠী; শকুনজ্ঞাতা।
শকুনি, পক্ষী ; চিল্লপক্ষী, চিল ; কৌরবদিগের মাতুল ; করণ বিশেষ।
শকুনিপ্রপা, পক্ষির পানীয় শালা।
শকুনী, পক্ষি বিশেষ ; শামাপাখী ; চটকী ; গৃধ্রী, গিধিনী।
শকুনীশ্বর, গরুড়, বৈনতেয়।
শকুন্ত, পক্ষী; কীটবিশেষ; ভাসপক্ষী।
শকুন্তলা, মেনকা গর্ভে বিশ্বামিত্র মুনি কর্ত্তৃক জনিত কন্যা বিশেষ।
শকুন্তলাত্মজ, ভরতরাজ।
শকুন্তি, পক্ষিমাত্র ; ভাসপক্ষী।
শকুল, মৎস্যবিশেষ, শউল মাছ।
শকুলগণ্ড, মৎস্যবিশেষ, শালমাছ।
শকুলার্ভক, মৎস্যবিশেষ, গড়কমৎস্য, গড়ইমাছ।
শকলাক্ষক, শ্বেতদূর্ব্বা ; শাদা দূর্ব্বা।
শকুলাক্ষী, গণ্ডদূর্ব্বা, গাঁটিয়া দূর্ব্বা।
শকুলী, মৎস্য বিশেষ, মৃগাল মাছ।
শকৃৎ, বিষ্ঠা, মল, গু।
শকৃৎকরি, বৎস। [গুহ্যদ্বার।
শকৃদ্দ্বার, মলদ্বার, অপান, পায়ু, গুদ,
শক্কর, বৃষ, ষণ্ড, ষাঁড়।
শক্করি, বৃষ, ষণ্ড, ষাঁড়।
শক্করী, ছন্দো বিশেষ, নদী বিশেষ ; মেখলা ; চন্দ্রহার।
শক্ত, শক্তিবিশিষ্ট, সমর্থ, দৃঢ়, কঠিন।
শক্ততা, কাঠিন্য, দৃঢ়তা।
শক্তাই, দৃঢ়তা, কাঠিন্য, শক্ততা।
শক্তি, সামর্থ্য, বল, শৌর্য্য, পরাক্রম ; দেবী বিশেষ, গৌরী ; লক্ষ্মী।

শক্তিগ্রহ, শিব; কার্ত্তিকেয়; শব্দের শক্তিজ্ঞান। [গ্রহীতা।
শক্তিগ্রাহক, ব্যাকরণোপমানাদি; শক্তি
শক্তিধর, কার্ত্তিকেয়; শক্তিধারী।
শক্তিপর্ণ, সপ্তপর্ণ বৃক্ষ, ছাতিম গাছ।
শক্তিপাণি, কার্ত্তিকেয়, কুমার।
শক্তিভৃৎ, কার্ত্তিকেয়; শক্ত্যস্ত্রধারক।
শক্তিমান্, সামর্থ্য বিশিষ্ট, বলবান্, বলিষ্ঠ। [শাক্তীক।
শক্তিহেতিক, শক্ত্যস্ত্রধারি যোদ্ধা,
শক্তু, ভর্জ্জিত যবাদি চূর্ণ, ছাতু।
শক্তুক, বিষ বিশেষ।
শক্তুফলা, শমীবৃক্ষ, শাঁইগাছ।
শক্ত্রি, বশিষ্ঠ মুনির জ্যেষ্ঠ পুত্র।
শক্ল, প্রিয়ম্বদ, প্রিয়ভাষী।
শক্য, সমর্থনীয়, শক্ত্যাশ্রয়; বাচ্য, যত্ন দ্বারা নিষ্পাদ্য।
শক্র, ইন্দ্র, দেবরাজ; কুটজ বৃক্ষ; অর্জ্জুন বৃক্ষ; জ্যেষ্ঠা নক্ষত্র।
শক্রক্রীড়াচল, সুমেরু পর্ব্বত।
শক্রগোপ, ইন্দ্রগোপ কীট, সিঁদূরে পোকা।
শক্রজ, কাক, বায়স; ইন্দ্রজাত।
শক্রজিৎ, রাবণপুত্র, ইন্দ্রজিত্।
শক্রধনুঃ, ইন্দ্রধনু, গণ্ডী, রামধনুক।
শক্রধ্বজ, ইন্দ্রধ্বজ। [কারক।
শক্রনন্দন, অর্জ্জুন; ইন্দ্রের আনন্দ
শক্রপর্য্যায়, কুটজবৃক্ষ; ইন্দ্রবাচক।
শক্রপাদপ, বৃক্ষবিশেষ, দেবদারুবৃক্ষ; কুটজবৃক্ষ। [বৃক্ষ।
শক্রপুষ্পিকা, বৃক্ষবিশেষ, অগ্নিশিখা
শক্রবল্লী, লতাবিশেষ, ইন্দ্রবারুণী লতা, রাখাল সসা।
শক্রবাহন, মেঘ, ঘন, জলদ।
শক্রবীজ, ইন্দ্রযব।
শক্রভবন, স্বর্গ; অমরাবতী।
শক্রভিৎ, ইন্দ্রজিৎ, রাবণপুত্র।
শক্রমাতা, লতাবিশেষ, ভার্গীলতা; ইন্দ্রজননী।
শক্রমাতৃকা, শক্রধ্বজের অঙ্গ স্বরূপ যষ্টি বিশেষ।
শক্রমূর্দ্ধা, বল্মীক, উইপোকা।
শক্রশরাসন, ইন্দ্রধনু, রামধনু।
শক্রশাখী, বৃক্ষবিশেষ, কুটজবৃক্ষ।
শক্রশির, বল্মীক, উইপোকা; ইন্দ্রের মস্তক।
শক্রসারথি, ইন্দ্রসারথি, মাতলি।
শক্রসুত, বালিনামা বানর, ইন্দ্রপুত্র।
শক্রস্পৃষ্টা, হরীতকী।
শক্রাখ্য, পেচক, পেঁচা; ইন্দ্রনামক।
শক্রাণী, শচী, ইন্দ্রভার্য্যা, ইন্দ্রাণী।
শক্রাশন, ভঙ্গা, ভাঙ, সিদ্ধি; ইন্দ্রভোজন; কুটজ বৃক্ষ।
শক্রাহ্ব, ইন্দ্রযব; ইন্দ্রনামক।
শক্রি, মেঘ; বজ্র; হস্তী; পর্ব্বত।
শক্রোত্থান, উৎসব বিশেষ, শক্রধ্বজোৎসব। [থান জন্য উৎসব।
শক্রোৎসব, উৎসব বিশেষ, শক্রো-
শক্ল, প্রিয়ম্বদ, প্রিয়ভাষী।
শঙ্কর, বৃষ, ষণ্ড, ষাঁড়। [ছন্দোবিশেষ।
শঙ্করী, অঙ্গুলি; নদীবিশেষ; মেখলা;
শঙ্কা, হস্তী, করী, দন্তী, হাতী।
শঙ্ক, শকটাদি বাহক বৃষভ, গাড়ী বাহক বলদ।
শঙ্কনীয়, ত্রাসযোগ্য; ভয়ের বিষয়।
শঙ্কর, শিব, মহাদেব; মঙ্গলকারক, শুভজনক। [পাখী; শিববল্লভ।
শঙ্করপ্রিয়, তিত্তিরি পক্ষী, টেটারু
শঙ্করাচার্য্য, আচার্য্য বিশেষ, অদ্বৈতবাদী, বেদান্ত ভাষ্য কর্ত্তা।
শঙ্করাবাস, কর্পূর বিশেষ; পর্ব্বত বিশেষ, কৈলাশ পর্ব্বত।
শঙ্করী, মঞ্জিষ্ঠা লতা, শমী, শাঁইগাছ; শঙ্করভার্য্যা, দুর্গা।
শঙ্কা, ত্রাস, ভয়; বিতর্ক।
শঙ্কাস্পদ, ভয়ের স্থান, শঙ্কার বিষয়।
শঙ্কিত, শঙ্কান্বিত, ভীত, ত্রাসযুক্ত।
শঙ্কিতবর্ণক, চোর, তস্কর, দস্যু।

শঙ্কু, স্থাণু, মুড়াগাছ; মৎস্যবিশেষ; শাঁকোচ মাছ; শল্য অস্ত্র, শেল; সংখ্যাবিশেষ, দশলক্ষকোটি; কীল, গোঁজ; মেঢ্র, নখীনামে গন্ধদ্রব্য বিশেষ; দ্বাদশাঙ্গুলী পরিমাণ।
শঙ্কুকর্ণ, গর্দ্দভ, গাদা, খর।
শঙ্কুচি, মৎস্যবিশেষ, শঙ্কুমৎস্য।
শঙ্কুতরু, শালবৃক্ষ, শালগাছ।
শঙ্কুর, ত্রাসদায়ী, ভয়দায়ক, ভয়ানক।
শঙ্কুলা, পূগকর্ত্তনী, জাঁতি।
শঙ্কোচ, শঙ্কুমৎস্য, শাকোচ মাছ।
শঙ্খ, সমুদ্রজাত জন্তু বিশেষ, শাঁখ; ললাটের অস্থি; হস্তিদন্ত মধ্য; দশ নিখর্ব্ব সংখ্যা, লক্ষকোটী, ধর্ম্ম শাস্ত্র প্রযোজক মুনিবিশেষ; রণ-বাদ্য বিশেষ।
শঙ্খক, বলয়, বালা, করভূষণ; শিরো-রোগ বিশেষ। [শাঁখারি।
শঙ্খকার, বর্ণসঙ্কর জাতি বিশেষ,
শঙ্খচূর্ণ, শঙ্খজাত চূর্ণ, শাঁখের চুন।
শঙ্খজ, কপোত ডিম্ববৎ বৃহৎ মুক্তা, শঙ্খজাত বস্তু। [শাক।
শঙ্খধরা, হিলমোচিক শাক, হিংচা-
শঙ্খধ্মা, শঙ্খবাদক, শাঙ্খিক।
শঙ্খনখ, ক্ষুদ্রশঙ্খ, জোঙ্গড়া; নখী-নামে গন্ধদ্রব্য বিশেষ।
শঙ্খপুষ্পী, বৃক্ষ বিশেষ।
শঙ্খপ্রস্থ, চন্দ্রের চিহ্ন। [শাঁখারি।
শঙ্খবণিক, বর্ণসঙ্কর জাতি বিশেষ,
শঙ্খভৃৎ, বিষ্ণু, নারায়ণ।
শঙ্খমুখ, কুম্ভীর, নক্র, কুমীর।
শঙ্খমূল, মূলক, মূলা। [চোরকাঁটা।
শঙ্খিকা, তৃণবিশেষ, চোরবল্লী ঘাস,
শঙ্খিনী, চোরপুষ্পী; শ্বেত পুন্নাগ বৃক্ষ; চতুর্ব্বিধ স্ত্রীমধ্যে স্ত্রীবিশেষ; শঙ্খযুক্তা; উপদেবতা বিশেষ।
শঙ্খিনীফল, শিরীষবৃক্ষ।
শঙ্খিনীবাস, শাখোট বৃক্ষ, শাওড়া-গাছ।

শঙ্খী, বিষ্ণু; সমুদ্র, শাঙ্খিক, শঙ্খ-বিশিষ্ট।
শচি, ইন্দ্রপত্নী, পুলোমজা, ইন্দ্রাণী।
শচী, ইন্দ্রপত্নী, পুলোমজা, ইন্দ্রাণী।
শজারু, মৃগবিশেষ, শল্লকী।
শজিনা, বৃক্ষবিশেষ, শোভাঞ্জন বৃক্ষ।
শটা, জটা।
শটিত, বাসি, পর্য্যুষিত, ছাতাপড়া।
শটী, ওষধি বিশেষ; বনআদা।
শট্টক, ঘৃত জল মিশ্রিত শালিচূর্ণ; ময়দার শটা।
শঠ, কিতব ধূর্ত্ত; ক্রূর; তগরপুষ্প বৃক্ষ; কুক্কুর; লৌহ; ধুস্তুর বৃক্ষ, ধুতুরাগাছ, নায়কবিশেষ।
শঠতা, শঠের ধর্ম্ম, শাঠ্য, ধূর্ত্ততা; প্রতারণা, ঠকামি। [ওষধি বিশেষ।
শঠী, বনহরিদ্রা; সুগন্ধি দ্রব্যবিশেষ,
শড়ঙ্গা, শীর্ণ অথচ দীর্ঘ; কৃশ।
শড়া, শীর্ণ; ক্ষীণ, নিকৃষ্ট।
শড়শড়ি, ভৃষ্ট, ভাজা, ব্যঞ্জনবিশেষ।
শণ, ক্ষুদ্র বৃক্ষবিশেষ, শণগাছ।
শণপুষ্পিকা, ঘণ্টারবা বৃক্ষ, ঝনঝনিয়া, বনশোণ।
শণসূত্র, শণনির্ম্মিত সূতা।
শণালুক, আরেবত বৃক্ষ, শোণালু গাছ।
শণ্ড, পদ্মাদি সমূহ; নপুংসক, ক্লীব; বৃষ, ষাঁড়।
শণ্ডতা, ষণ্ডত্ব; নপুংসকত্ব।
শণ্ডা, মূর্খ অথচ বলবান্; গোঁয়ার।
শণ্ডিল, মুনি বিশেষ।
শণ্ঢ, অন্তর্মহল্লিক, অভ্যন্তর স্ত্রীরক্ষক, খোজা, নপুংসক, হিজড়ে; গোপতি; ষাঁড়; বন্ধ্যপুরুষ; উন্মত্ত।
শত, দশগুণিত দশ সংখ্যা, এক শ, দশতি। [খ্যক।
শতক, শতসংখ্যাবিশিষ্ট, একশত সং-
শতকুন্দ, করবীর বৃক্ষ, করবী।
শতকুম্ভ, পর্ব্বত বিশেষ। [সংখ্যা।
শতকোটি, বজ্র; বৃন্দ সংখ্যা; অক্ষ-

শতক্রতু, ইন্দ্র, শক্র, দেবরাজ।
শতখণ্ড, স্বর্ণ,সুবর্ণ, সোনা; শতভাগ।
শতগ্রন্থি, দূর্ব্বা।
শতঘ্নী, শস্ত্রবিশেষ; লতাবিশেষ, বিছাটী লতা; করঞ্জ, করমচা; গলরোগ বিশেষ।
শতচ্ছদ, কাষ্ঠকুট্টপক্ষী, কাট্‌ঠোকরা পাখী; শতদল পদ্ম।
শততম, শতের পূরণ।
শততারা, শতভিষা নক্ষত্র।
শতদন্তিকা, নাগদন্তী বৃক্ষ।
শতদ্রু, নদী বিশেষ, শতলজ নদী।
শতধা, শতপ্রকার; দূর্ব্বা।
শতধামা, বিষ্ণু, নারায়ণ।
শতধার, অশনি, বজ্র, শতধারাযুক্ত।
শতধৃতি, ইন্দ্র; ব্রহ্মা; স্বর্গ।
শতপত্র, পদ্ম; ময়ূর; সারস; দার্ব্বাঘাট পক্ষী, কাঠ ঠোকরা পাখী; নুরী পক্ষী।
শতপত্রক, দার্ব্বাঘাট পক্ষী, কাঠ্‌- [ঠোকরা পাখী।
শতপত্রনিবাস, ব্রহ্মা, পদ্মস্থ।
শতপত্রী, পুষ্পবিশেষ, সেউতীফুল; পাটলবর্ণ গোলাব ফুল।
শতপথিক, নানাপথগামী; নানামতাবলম্বী।
শতপদচক্র, নাম দ্বারা নক্ষত্র জ্ঞানার্থ [চক্র বিশেষ।
শতপদী, বহু পদযুক্ত কীট বিশেষ, কাণবিছা, কাণকোটারী, কেন্নাই, কর্ণজলৌকা; শতাবরী বৃক্ষ।
শতপদ্ম, শ্বেতকমল, শ্বেতপদ্ম।
শতপর্ব্বা, বংশ, বাঁশ, ইক্ষুবিশেষ; দূর্ব্বা; বচা; কোজাগর পূর্ণিমা।
শতপর্ব্বিকা, দূর্ব্বা; বচা; যব।
শতপর্ব্বেশ,শুক্রগ্রহ,ভৃগু, দৈত্যগুরু।
শতপাত, কর্ণজলৌকা, কাণকোটারী।
শতপাদিকা, কীটবিশেষ, কর্ণজলৌকা, কাণকোটারী।
শতপুষ্পা, শাকবিশেষ, শলুফা শাক।
শতপ্রাস, করবীর বৃক্ষ, করবীফুল।

শতবিধ, শতপ্রকার, শতরূপ।
শতবীর্য্যা, শ্বেতদূর্ব্বা; শতাবরী বৃক্ষ; দ্রাক্ষা বিশেষ।
শতভিষক্, শতভিষা নক্ষত্র।
শতভিষা, সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত নক্ষত্র বিশেষ।
শতমখ, ইন্দ্র, দেবরাজ, শতক্রতু।
শতমান, রূপ্য পল; আঢ়ক পরিমাণ।
শতমূলা, দূর্ব্বা; বচা, বচ্।
শতমূলী, ওষধি বিশেষ।
শতরঞ্চ, বিচিত্র সূত্রনির্ম্মিত আসন; ক্রীড়াবিশেষ।
শতরূপা, ব্রহ্মার কন্যা; ব্রহ্মপত্নী।
শতসহস্র, শতগুণিত সহস্র, লক্ষ,লাক।
শতহ্রদা, সৌদামিনী, বিদ্যুৎ; বজ্র; দক্ষকন্যা বিশেষ।
শতাঙ্গ, স্যন্দন, রথ; তিনিস বৃক্ষ।
শতানক, শ্মশান, প্রেতভূমি।
শতানন্দ, মুনি বিশেষ; জনক রাজের পুরোহিত; ব্রহ্মা; গৌতম মুনি।
শতানীক, বৃদ্ধ; মুনি বিশেষ, ব্যাস শিষ্য; রাজা বিশেষ। [ইন্দ্রভার্য্যা।
শতাবরী, ওষধিবিশেষ, শতমূলী লতা;
শতাবর্ত্ত, বিষ্ণু, শ্রীকৃষ্ণ।
শতার, বজ্র, অশনি, কুলিশ, বাজ।
শতারু, ওষধিবিশেষ, কুষ্ঠবিশেষ,কুড়।
শতাহ্বা, ওষধি বিশেষ, শতাবরী, শতমূলী লতা।
শতাক্ষী, রাত্রি; পার্ব্বতী; বৃক্ষবিশেষ।
শতিক, শতদ্বারা ক্রীত; শতের বিকার; শতসম্বন্ধীয়।
শতের, শত্রু, বৈরী; হিংসা, দ্বেষ।
শত্য, শতের বিকার; শতদ্বারা ক্রীত।
শত্রি, হস্তী, হাতী, করী। [প্র,তকূল।
শত্রু, রিপু, বৈরী, অরি, বিপক্ষ,
শত্রুঘ্ন, শ্রীরাম ভ্রাতা; শত্রুমর্দ্দন।
শত্রুঘ্নজননী, সুমিত্রা।
শত্রুজিৎ, রাজাবিশেষ। [জেতা।
শত্রুঞ্জয়, বিমলাদ্রি; রিপুজয়ী, শত্রু-

শত্রুতা, বিপক্ষতা, বৈরিতা। [দায়ক।
শত্রুন্তপ, বৈরিতাপকৃৎ,শত্রুর সন্তাপ-
শত্রুমর্দ্দন, শত্রুঘ্ন, রিপুনাশক।
শত্বরা. রাত্রি, রজনী, নিশা, সর্ব্বরী।
শদঃ, ক্ষেত্রফল, শস্য, ফলমূলাদি।
শদ্রি, মেঘ; হস্ত; বিদ্যুৎ।
শদ্রু, পতনকর্ত্তা; গন্তা, গমনকারী।
শনকাবলী, গজপিপ্পলী, গজপিপুল।
শনি, সপ্তমগ্রহ, সৌরি, শনৈশ্চর।
শনিপ্রসূ, ছায়া. সূর্য্যপত্নী।
শনিপ্রিয়, মণিবিশেষ, নীলকান্ত মণি, নীলমণি।
শনিবার, শনিভোগ্য সাবন দিন।
শনৈঃ, অদ্রুত, মন্দ, শনৈশ্চর।
শনৈঃশনৈঃ, ক্রমে২, মন্দ২, আস্তে২।
শনৈশ্চর, শনিগ্রহ, মন্দ।
শন্ন-শূন্য, রিক্ত; বিন্দু; অনুস্বার।
শপ, নির্ভর্ৎসন, গালিদান, তিরস্কার; শপথ, দিব্য।
শপথ, সত্যাবধারণ, বাক্যদ্বারা শরীর-স্পর্শন, দিব্য, সত্য; সময়, প্রতিজ্ঞা।
শপন, শপথ; গালি, নির্ভর্ৎসন।
শপ্ত, অভিশাপ গ্রস্ত; তৃণবিশেষ, উলুখড়।
শপশপ্যা. আর্দ্র, ভিজ, সজল।
শফ, গবাদির খুর; বৃক্ষমূল।
শফর, মৎস্য বিশেষ, পুঁটীমাছ।
শফরাধিপ, ইল্লীশমৎস্য,ইলীশামাছ।
শব, মৃতশরীর, মৃতদেহ, মরা, কুণপ।
শবকাম্য, কুক্কুর, কুকুর।
শবদাহ, মৃতশরীর দহন, মরাপোড়ান।
শবযান, শব বাহনার্থ খট্টা, মড়ার খাট, শবরথ।
শবর, ম্লেচ্ছজাতি বিশেষ, কিরাত, ব্যাধ; শিব; শাস্ত্র বিশেষ।
শবরথ, শবযান, মড়ার খাট।
শবরলোধ্র, বৃক্ষবিশেষ, শ্বেতলোধ্র, শাদা লোধগাছ।
শবরাবাস,শবরগৃহ, ম্লেচ্ছভবন,পক্কণ।
শবরালয়, ম্লেচ্ছগৃহ, শবরের ভবন।
শবল, কর্ব্বর বর্ণ, ভস্মবর্ণ।
শবলা,শবলবর্ণা গো,কর্ব্বুরবর্ণ গোরু।
শবসাধন, শবোপরি বসিয়া তপস্যা করণ, মড়ার উপর জপকরা।
শবসান, পথিক, পান্থ।
শব্দ, শ্রোত্রগ্রাহ্য গুণবিশেষ, নিনাদ, নিনদ, ধ্বনি, ধ্বান, রব, স্বন, স্বান, নির্ঘোষ; বাক্য; পদ।
শব্দকর,শব্দকার, ধ্বনিক রক। [গ্রন্থ।
শব্দকোষ, অভিমান, শব্দার্থ প্রকাশক
শব্দগ্রহ, কর্ণ, শ্রোত্র, শব্দের জ্ঞান।
শব্দচৌর, পদহর, কুকবি; বাক্যহারক।
শব্দন, শব্দকর্ত্তা, রবণ, শব্দমাত্র।
শব্দবেধী, অর্জ্জুন, দশরথ রাজা; শব্দ যোগে লক্ষ্য ভেদকারী।
শব্দভেদী, অর্জ্জুন; বাণবিশেষ।
শব্দযোনি, শব্দজাত; শব্দের আকর ধাতু।
শব্দশাস্ত্র, ব্যাকরণাদি শাস্ত্র। [চর।
শব্দাতীত, বাক্যাগম্য, ধ্বনির অগো-
শব্দাধিষ্ঠান, কর্ণ, শ্রোত্র, কাণ।
শব্দার্থ, শব্দের প্রতিপাদ্য,পদার্থ, শব্দ জন্য বোধ। [রম।
শম, মোক্ষ; অন্তঃকরণ সংযম, উপ-
শমক, শান্তিকারক. শান্তিকর্ত্তা।
শমতা, শান্তি, উপশম, খর্ব্বতা।
শমথ, শান্তি, উপশম; মন্ত্রী।
শমন, যজ্ঞার্থ পশুহনন; শান্তি, চর্ব্বণ; হিংসা, যম; মৃগবিশেষ; কলায়।
শমনস্বসা, যমুনা, কালিন্দী নদী।
শমনী, রাত্রি, রজনী, নিশা।
শমনীষদ, নিশাচর, রাক্ষস।
শমল, বিষ্ঠা, পুরীষ, গু; পাপ, কলুষ।
শমান্তক, কামদেব, মদন, কন্দর্প।
শমিত, শান্ত; শমতাপ্রাপ্ত।
শমির, শমীবৃক্ষ, শাঁইগাছ।
শমিরোহ, শিব, মহেশ, মহাদেব।
শমী, বৃক্ষবিশেষ, শাঁইগাছ; শান্ত.

ধীর; শমগুণ বিশিষ্ট।
শমীক, মুনি বিশেষ।
সমীগর্ভ, ব্রাহ্মণ; অগ্নি।
শমীধান্য, ধান্যবিশেষ; শস্যবিশেষ, মাষ কলায়াদি। [গাছ।
শমীপত্রা, লজ্জালু বৃক্ষ, লজ্জাবতী-
শম্পা, বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী।
শম্পাক,আরগ্বধ বৃক্ষ,সোঁদালি গাছ।
শম্পাত,আরগ্বধবৃক্ষ, সোঁদালি গাছ।
শম্ব, বজ্র; মুষলাগ্রস্থ লোহ মণ্ডল; লোহার গুলা; দরিদ্র; ভাগ্যবন্ত।
শম্বর, সলিল, জল; ব্রত; ধন; চিত্র; মৃগবিশেষ; মৎস্য বিশেষ; শৈলবিশেষ; যুদ্ধ; শ্রেষ্ঠ; চিত্রকবৃক্ষ; লোধ্রবৃক্ষ; অর্জ্জুন বৃক্ষ।
শম্বরচন্দন, চন্দনবিশেষ।
শম্বরসূদন, কামদেব. মদন, কন্দর্প।
শম্বরারি, মদন, কামদেব, কন্দর্প।
শম্বরী, আখুকর্ণীবৃক্ষ, ইঁদুরকাণীগাছ; মায়া, কপট। [ন্যের শুভদ্বেষ্টা।
শম্বল, পথ খরচ, পাথেয়; মৎসর. অ-
শম্বাকৃত, দ্বিবার কৃষ্ট ক্ষেত্র, দ্বিগুণাকৃত, দুই বার চষা ক্ষেত।
শম্বু, শম্বুক, জলশুক্তিবিশেষ, শামুক।
শম্বুক, শামুক, জলশুক্তি বিশেষ।
শম্বূক, শঙ্খ; ক্ষুদ্রশঙ্খ; গজকুম্ভান্তভাগ; শূদ্র তাপস; দৈত্যবিশেষ।
শম্বুকা, জলশুক্তি, শামুক।
শম্ভল, গ্রামবিশেষ, সম্বলমোরদাবাদ।
শম্ভলী, কুট্টিনী, দূতী।
শম্ভু, শিব, মহাদেব; ব্রহ্মা; বিষ্ণু; শ্বেত আকন্দ গাছ।
শম্ভুতনয়, কার্ত্তিকেয়; গণেশ।
শম্ভুনন্দন, কার্ত্তিকেয়, গণেশ।
শম্ভুপ্রিয়া, আমলকী; দুর্গা [প্রিয়।
শম্ভুবল্লভ, শ্বেতকমল, শুক্লপদ্ম; শিব-
শয়, হস্ত; শয্যা; সর্প; নিদ্রা; পণ।
শয়চান, শ্যেনপক্ষী, শিকরাপাখী।
শয়ণ্ড, নিদ্রাশীল, নিদ্রাযুক্ত।
শয়ত, নিদ্রালু, নিদ্রাবিশিষ্ট।
শয়তান, দুষ্ট, প্রতারক; ভূতরাজ।
শয়থ, অজগর সর্প; মৃত্যু; নিদ্রালু; বরাহ; মৎস্য।
শয়ন, নিদ্রা; শয্যা; মৈথুন।
শয়নগৃহ, শয়নাগার, শয়নমন্দির।
শয়নঘর, শয়নাগার, শয়নমন্দির।
শয়নীয়, শয্যা; শয়নযোগ্য।
শয়নীয়ক, শয্যা, বিছানা।
শয়ানক, সর্প; কৃকলাস, কাঁকলাস।
শয়ালু, নিদ্রালু, অজগর সর্প।
শয়িত, নিদ্রালু, সুপ্ত, নিদ্রিত।
শয্যা, শয়নীয়, তল্প, বিছানা।
শর, বাণ; জল; দধি দুগ্ধের অগ্রভাগ; তৃণবিশেষ, মুঞ্জ।
শরজ, হৈয়ঙ্গবীন, সদ্যোজাত ঘৃত।
শরজন্মা, কার্ত্তিকেয়, কুমার।
শরজাল, বিক্ষিপ্ত তীর সমূহ।
শরট, কৃকলাস, কাঁকলাস; কুসুম্ভশাক। [ঘাতক।
শরণ, গৃহ; রক্ষিতা; রক্ষণ; বধ,
শরণাগত, শরণাপন্ন, শরণার্থী।
শরণাপন্ন, আশ্রয়ে আগত, রক্ষাপ্রাপ্ত্যর্থ নিকটে আগত। [প্রার্থী।
শরণার্থী, শরণাগত, রক্ষণার্থ আশ্রয়-
শরণি, পন্থা, পথ; পৃথ্বী, ধরা।
শরণী, পথ,বর্ত্ম, মার্গ; প্রসারণীলতা।
শরণ্ড, পক্ষী; কামুক; ধূর্ত্ত; কাঁকলাস ভূষণবিশেষ। [যোগ্য
শরণ্য, শরণীয়, রক্ষণার্থ আশ্রয়ের
শরণ্যা, দুর্গা; শরণযোগ্যা।
শরণ্যু, বারিদ, মেঘ; বাত, বায়ু।
শরৎ, ঋতুবিশেষ, ভাদ্রআশ্বিন মাস; বৎসর।
শরৎকামী, কুক্কুর, কুকুর।
শরৎপদ্ম, সিতাম্ভোজ, শ্বেতপদ্ম।
শরৎপর্ব্ব, কোজাগর পূর্ণিমা।
শরদন্ত, হেমন্ত, শীতকাল।
শরদা, বৎসর; শরৎ ঋতু।

শরদিজ, শরৎ কাল জাত।
শরদুদাশয়, শরৎকালীন সরোবর।
শরদ, শরৎকাল, ভাদ্র আশ্বিন।
শরধি, তূণ, বাণাধার।
শরপুঙ্খা, বৃক্ষবিশেষ, বাণের পক্ষ।
শরবনোদ্ভব, কার্ত্তিকেয়, কুমার।
শরবর্ষণ, বাণবৃষ্টি, ভূরিং বাণক্ষেপণ।
শরবাণি, শরমুখ, বাণের অগ্রভাগ; পদাতিক।
শরব্য, লক্ষ্য, শরের নিশান।
শরভ, মৃগেন্দ্র বিশেষ; করভ, করিশাবক; বানরবিশেষ; উষ্ট্র; শলভ, পতঙ্গ, ফড়িঙ্গ।
শরভূ, কার্ত্তিকেয়, কুমার।
শরমল্ল, পক্ষিবিশেষ, গোসালিক; বাণদ্বারা যুদ্ধকারী।
শরযু, নদীবিশেষ।
শরল, বৃক্ষবিশেষ; নিন্দিত, বিগীত; স্বচ্ছহৃদয়, নির্ম্মলান্তঃকরণ।
শরলক, জল, পয়ঃ, সলিল।
শরাঘাত, বাণাঘাত, তীরবেঁধা।
শরাটি, পক্ষিবিশেষ, শরালি পক্ষী।
শরাব, মৃৎপাত্র বিশেষ, শরা, বর্দ্ধমানক; কুড়বদ্বয় পরিমাণ; চতুঃষষ্টিতোলক, এক সের।
শরাবতী, নদীবিশেষ। [আধ সের।
শরাবার্দ্ধ, কুড়বপরিমাণ, বত্রিশ তোলা,
শরাভ্যাস, বাণশিক্ষা, শস্ত্রশিক্ষা।
শরারি, পক্ষিবিশেষ, শরালিপাখী।
শরারু, হিংস্র, হিংসক।
শরারোপ, ধনুঃ, কার্ম্মুক, ধনুক।
শরালি, পক্ষিবিশেষ, শরালি পক্ষী।
শরাশ্রয়, তূণ, বাণাধার।
শরাসন, ধনুঃ, কার্ম্মুক, ধনুক।
শরাস্য, ধনুঃ, কার্ম্মুক, ধনুক।
শরী, এরকা তৃণ, ইকড়ঘাস।
শরীর, কলেবর, দেহ, বপুঃ, বর্ষ্ম, বিগ্রহ, কায়, তনু।
শরীরগ, শরীরস্থ, দেহস্থিত, কায়গত।
শরীরজ, পীড়া, রোগ; কামদেব; পুত্র; দেহজাত। [তিক্তা।
শরীরপণ, শরীর ধ্বংস পর্য্যন্ত প্র-
শরীরপতন, দেহধ্বংস, মরণ, শরীরনাশ।
শরীরপাক, দেহের শীর্ণতা, ক্ষীণতা।
শরীরবন্ধক, প্রতিভূ স্বরূপে পরহস্তে পুত্রাদি সমর্পণ; দেহবন্ধক।
শরীরসংস্কার, দেহ সংস্কার কর্ম্ম; শরীরের শোভন, দেহ মার্জ্জন।
শরীরাবরণ, চর্ম্ম; কায়বেষ্টন।
শরীরী, শরীর বিশিষ্ট, দেহী, দেহধারী। [অস্ত্র।
শরু, ক্রোধ; বজ্র; বাণ, আয়ুধ,
শরেষ্ট, আম্র, আম।
শর্করক, মধুর জম্বীর, মিটা লেবু।
শর্করজা, সিতাখণ্ড, মিছরী।
শর্করা, খণ্ডবিকৃতি, চিনী।
শর্করী, ছন্দোবিশেষ; নদী; মেখলা; লেখনী। [পানা।
শর্করোদক, শর্করাযুক্ত জল, চিনীর-
শর্দ্ধ, অপনোৎসর্গ, অধোবায়ু নিঃসরণ, বাতকর্ম্ম, মরুৎক্রিয়া।
শর্দ্ধন, বাতকর্ম্ম, মরুৎক্রিয়া।
শর্দ্ধংজহ, মাষ, মাষকলায়।
শর্ব্বর, তমঃ, অন্ধকার; কন্দর্প, কামদেব।
শর্ব্বরী, রাত্রি, রজনী, নিশা; স্ত্রী, নারী; হরিদ্রা; সন্ধ্যা।
শর্ব্বলা, অস্ত্রবিশেষ, তোমর অস্ত্র।
শর্ব্বাণী, পার্ব্বতী, দুর্গা।
শর্ম্ম, সুখ; স্বাচ্ছন্দ্য, আরাম।
শর্ম্মরা, দারু হরিদ্রা।
শর্ম্মা, ব্রাহ্মণের উপাধি বিশেষ।
শর্য্যা, রাত্রি, যামিনী। [ভরণ; অগ্নি।
শর্শরীক, হিংস্র, খল; অশ্ব; মঙ্গলা-
শল, শল্লকী লোম, সজারুর কাঁটা; ভৃঙ্গী; ক্ষেত্রবিশেষ; ব্রহ্মা; উষ্ট্র।
শলক, লূতা, মর্কট, মাকড়সা।
শলঙ্ক, লোকপাল; লবণবিশেষ।
শলভ, কীট বিশেষ, ফড়িং, পঙ্গপাল।

শলল, শল্লকী লোম, শজারুর কাঁটা।
শললী, শল্লকী লোম, শজারুর কাঁটা।
শলাকা, আলেখ্যকূর্চ্চিকা, তুলী, শলা; শারিকা পক্ষী; শল্লকী জন্তু।
শলাটু, অপক্ক ফল; ফলবিশেষ, বিল্ব।
শলাভোলি, উষ্ট্র, উট।
শলালু, সুগন্ধি দ্রব্যবিশেষ।
শলি, পরিমাণ বিশেষ, বিংশতি সের পরিমাণ।
শলিতা, দশা, বর্ত্তিকা, বাতী, পলিতা।
শলুকা, শাকবিশেষ, শুল্পাশাক।
শল্ক, খণ্ড; বল্কল; মৎস্যত্বক, আঁইষ।
শল্কময়, আঁইষ যুক্ত, আঁইষাল।
শল্কল, মৎস্য বল্কল, মাছের আঁইষ; বৃক্ষত্বক, গাছের বাকল।
শল্কলী, মৎস্য, মীন, মাছ।
শল্কী, মৎস্য, মীন, মাছ।
শল্মলি, শাল্মলী বৃক্ষ, শিমুলগাছ।
শল্মলী, শাল্মলী বৃক্ষ, শিমুলগাছ।
শল্য, অস্ত্রবিশেষ, শেল; তোমর; অস্ত্র, দুঃসহ; দুর্ব্বাক্য; অস্থি; যুধিষ্ঠিরের মাতুল; শলাকা; মৎস্য বিশেষ; শঙ্কু। [জন্তু, শজারু।
শল্যক, মদনবৃক্ষ, ময়নাগাছ; শল্লকী
শল্যকণ্ঠ, শল্লকী, শজারু।
শল্যলোম, শজারুর কাঁটা।
শল্যারি, যধিষ্ঠির রাজা।
শল্যোদ্ধার, বাস্তুভুমি হইতে মনুষ্যাদির অস্থি উঠাইয়া ফেলন; পাতিত বাণাদি উত্তোলন।
শল্ল, ত্বক, ছাল; ভেক, বেঙ্গ।
শল্লক, ত্বক, চর্ম্ম, ছাল; শোণবৃক্ষ, শোণগাছ।
শল্লকী, পশুবিশেষ, শজারু।
শল্ব, দেশবিশেষ, শাল্বদেশ।
শশ, মৃগবিশেষ, শশারু, খরগোশ; চন্দ্র লাঞ্ছন; লোধ্রবৃক্ষ; পুরুষবিশেষ।
শশক, শশ, শশারু, খরগোশ।
শশধর, চন্দ্র, বিধু, নিশাকর; কর্পূর।
শশপ্লুতক, নখাঘাত, নখদ্বারা বিদারণ
শশবিন্দু, বিষ্ণু; রাজা বিশেষ; চিত্ররথ রাজপুত্র। [অত্যলীক।
শশবিষাণ, অত্যন্ত অসম্ভব বিষয়
শশভৃৎ, চন্দ্র, শশী, বিধু, মৃগাঙ্ক।
শশভৃদ্ভৃত, শিব, মহেশ, মহাদেব।
শশলোম, শশকের লোম; শশোর্ণ।
শশশিম্বিকা, বৃক্ষবিশেষ, জীবন্তীবৃক্ষ
শশস্থলী, গঙ্গা যমুনার মধ্যবর্ত্তি দেশ, দোআব।
শশাঙ্ক, চন্দ্র, বিধু, নিশাকর; কর্পূর।
শশাদ, শ্যেনপক্ষী, শচান; শিকরা।
শশাদন, শ্যেনপক্ষী, শচান, শিকরা পাখী [ছন্দোবিশেষ।
শশিকলা, চন্দ্রের অংশ; চন্দ্রকলা;
শশিকান্ত, কুমুদ, কহ্লার; চন্দ্রকান্তমণি।
শশিপ্রভ, কুমুদ মুক্তা; চন্দ্রপ্রভাযুক্ত।
শশিপ্রভা, জ্যোৎস্না, কৌমুদী।
শশিভূষণ, শিব, মহেশ্বর, মহাদেব।
শশিলেখা, চন্দ্রকলা; গুড়ূচী লতা।
শশিশেখর, শিব, মহাদেব।
শশী, চন্দ্র, বিধু, নিশাকর।
শশোর্ণ, শশকের লোম, খরগশ লোম।
শশ্বৎ, পুনঃ পুনঃ, সদা, বার বার।
শস্কুল, ফলবিশেষ, ডরকরমচা।
শস্কুলী, তিল তণ্ডুল মাষ মিশ্রিত যবাগু, কর্ণরন্ধ্র; মৎস্য বিশেষ।
শষ্প, বালতৃণ, নূতন ঘাস।
শসন, যজ্ঞার্থ পশুহনন।
শস্কলী, পিষ্টক বিশেষ, পুলিপিঠা।
শস্ত, কল্যান; শরীর; কল্যাণযুক্ত; স্তুত; প্রশস্ত।
শস্তক, অঙ্গুলিত্রাণ।
শস্তকেশক, প্রশস্ত কেশযুক্ত।
শস্ত্র, সুমূল্য; অস্ত্র, খড়্গাদি আয়ুধ।
শস্ত্রকর, অস্ত্র নির্ম্মায়ক; অস্ত্রধারী।
শস্ত্রজীবী, শস্ত্রধারী, শস্ত্রব্যবসা দ্বারা জীবিকা কারী। [ধারী।
শস্ত্রপাণি, শস্ত্রহস্ত, শস্ত্রভৃৎ, শস্ত্র-

শস্ত্রভৃৎ, অস্ত্রধারী, শস্ত্রধারক।
শস্ত্রমার্জ, অস্ত্রমার্জন কর্ত্তা, সিকলকর, অসিধাবক। [নষ্ট।
শস্ত্রহত, শস্ত্রাঘাতে মৃত, অস্ত্রপ্রহারে
শস্ত্রহস্ত, শস্ত্রপাণি, শস্ত্রধারী।
শস্ত্রাজীব, অসিজীবী, সৈনিকবৃত্তি অবলম্বনকারী। [পরিচয়।
শস্ত্রাভ্যাস, অস্ত্রশিক্ষা; যুদ্ধবিদ্যায়
শস্ত্রায়স, লৌহ, লোহা, অয়স্।
শস্ত্রী, ছুরিকা, ছুরী; শস্ত্রবিশিষ্ট, অস্ত্রধারী।
শস্প, বালতৃণ, নূতন ঘাস। [ফল।
শস্য, বৃক্ষাদি হইতে নিষ্পন্ন, ফসল;
শস্যধ্বংসী, বৃক্ষ বিশেষ, তুন্ন বৃক্ষ; শস্য নাশক। [শীর্ষ, শীষ।
শস্যমঞ্জরী, অভিনব নির্গত ধান্যাদির
শস্যশালী, শস্যবিশিষ্ট, শস্যযুক্ত।
শস্যশূক, শস্যের তীক্ষ্ণ অগ্র, শুঙা।
শস্যসম্বর, বৃক্ষবিশেষ, শালবৃক্ষ।
শস্যাৎ, শস্যভক্ষক, শস্যখাদক।
শস্যারু, বৃক্ষ বিশেষ, ক্ষুদ্র শমীবৃক্ষ, ছোট শাঁই গাছ।
শাঁখ, শঙ্খ, কম্বু।
শাঁখচিন্নী, শঙ্খচূর্ণী, শাখিনী, পিশাচীবিশেষ, উপদেবতা বিশেষ।
শাঁখা, শঙ্খনির্ম্মিত করভূষণ বিশেষ।
শাঁখারি, শঙ্খকার, শঙ্খবণিক্।
শাঁখী, শঙ্খযুক্ত, শঙ্খবিশিষ্ট।
শাঁস, ফলাদির সার ভাগ।
শাক, পত্রপুষ্পাদি, শাগ; বৃক্ষবিশেষ, সেগোন্ গাছ; দ্বীপবিশেষ; বিক্রমাদিত্য রাজার অতীত অব্দ
শাকচুক্রিকা, চিঞ্চাশাক, চেঁচকো শাক।
শাকটাখ্য, বৃক্ষবিশেষ, ধববৃক্ষ, ধোয়া গাছ। [দ্দিক বিশেষ।
শাকটায়ন, অষ্ট শাব্দিকান্তর্গত শা-
শাকটিক, শকটগামী, শকটযোগে গমনকারী।
শাকতরু, বৃক্ষবিশেষ, সেগোন গাছ।
শাকপত্র, শোভাঞ্জন, শজিনা।
শাকবিল্বক, বার্ত্তাকু, বেগুণ।
শাকবীর, বাস্তুকশাক, বেতোশাক।
শাকবৃক্ষ, তরুবিশেষ, সেগোনগাছ।
শাকম্ভরী, ভগবতী, দুর্গা; নগরবিশেষ।
শাকম্ভরীয়, লবণবিশেষ, শাম্ভরি লোণ।
শাকরাজ, বাস্তুকশাক, বেতোশাক।
শাকশাকট, শাকক্ষেত্র, শাকের ক্ষেত।
শাকা, হরীতকী।
শাকাঙ্গ, মরিচ, কটুরসযুক্ত দ্রব্য বিশেষ। [চরী বিশেষ।
শাকিনী, শাকযুক্তা ভূমি, দুর্গার অনু-
শাকুন, পরের উত্তাপী, পরশ্রীকাতর।
শাকুনক, পশু পক্ষ্যাদিরূপ শকুন দ্বারা মনুষ্যের শুভাশুভ নিশ্চায়ক গ্রন্থ।
শাকুনিক, পক্ষিহন্তা, পাখিমারা, চিড়িমার।
শাকুনেয়, পক্ষিবিশেষ, শকুনসম্বন্ধীয়।
শাকুন্তলেয়, ভরতরাজ, দুষ্মন্ত রাজপুত্র, শকুন্তলা সম্বন্ধীয়।
শাক্কর, অনড্বান্, বৃষ, ষাঁড়।
শাক্ত, যাহার শক্তি দেবতা, শক্তির উপাসক। [শক্তিদ্বারা যুদ্ধকারী।
শাক্তীক, শক্তি নামে অস্ত্র ধারক;
শাক্য, বুদ্ধ। [বিশেষ।
শাক্যমুনি, শাক্যবংশাবতীর্ণ বুদ্ধ মুনি
শাক্রী, দুর্গা, পার্ব্বতী; ইন্দ্র জননী।
শাখা, বৃক্ষাঙ্গ বিশেষ, ডাল; বাহু; বেদভাগ; একদেশ। [সিজ্।
শাখাকন্ট, স্নুহীবৃক্ষ, সিজ্‌গাছ, মনসা
শাখানগর, উপনগর, ক্ষুদ্রনগর।
শাখাপুর, শাখানগর, উপনগর, ক্ষুদ্র নগর, নগরের তুল্য বহুজন বাসস্থান।
শাখামৃগ, মর্কট, বানর, কপি।
শাখারথ্যা, বর্ত্ম বিশেষ, ষোড়শ হস্ত প্রস্থ পথ, ক্ষুদ্রপথ। [জটা।
শাখাশিফা, বটাদির শাখা সম্বন্ধি

শাখী, বৃক্ষ, তরু, গাছ, রাজাবিশেষ।
শাখোট, বৃক্ষবিশেষ, শাওড়া গাছ।
শাখ্য, শাখা সম্বন্ধীয়।
শাঙ্কর, বলীবর্দ্দ, বলদ।
শাঙ্করি, কার্ত্তিকেয়; গণেশ; শিবপুত্র।
শাঙ্কুচী, মৎস্যবিশেষ, শঙ্কোচ মাছ।
শাঙ্খিক, বর্ণসঙ্কর জাতিবিশেষ, শঙ্খবণিক্, শাঁখারি।
শাজুষ্ঠা, গুঞ্জা, কুঁচ।
শাট, বস্ত্রবিশেষ।
শাটক, পট; নাটকবিশেষ। [বসন।
শাটিকা, শাটী, স্ত্রীলোকের পরিধেয়
শাটী, স্ত্রীলোকের পরিধেয় বসন বিশেষ, শাড়ী।
শাঠ্য, শঠতা, ধূর্ত্ততা; কাপট্য।
শাড়, শব্দ; স্পন্দ।
শাড়া, উত্তর; ধ্বনি; স্পন্দন।
শাড়ী, শাটী, স্ত্রীলোকের পরিধেয় বসন।
শাড্বল, শাদ্বল, ঘাসদ্বারা হরিদ্বর্ণস্থান।
শাণ, শণনির্ম্মিত বস্ত্র; কষপট্টিকা, কষ্টিপাতর; শানপাতর; করপত্র, করাৎ; ইষ্টক নির্ম্মিত স্থল।
শাণন, অস্ত্রতীক্ষ্ণকরণ, ধার দেওন।
শাণাজীব, অস্ত্রমার্জ্জক, অসিধাবক।
শাণিত, তীক্ষ্ণীকৃত; নিশিত; শাণদেওয়া, ধারাল।
শাণী, তাম্বু; সচ্ছিদ্র বস্ত্র; হস্ত কটাক্ষাদি সূচনা, ইশারা।
শাণ্ডিল্য, বিল্ব বৃক্ষ; মুনি বিশেষ, গোত্রপ্রবর্ত্তক মুনি।
শাত, সুখ; কৃশ, দুর্ব্বল; নিশিত, শানিত; ধুস্তূর, ধুতুরা। [করবীরবৃক্ষ।
শাতকুম্ভ, কাঞ্চন, সোণা; ধুস্তূর, ধুতুরা;
শাতকৌম্ভ, স্বর্ণ, হেম, সুবর্ণ।
শাতন, বিনাশন; কর্ত্তন; কৃশকরণ।
শাত্রব, শত্রুভাব; শত্রুতা; শত্রুসংহতি, রিপু সমূহ; শত্রু, রিপু।
শাদ, কর্দম, কাদা; শষ্প, নবীনতৃণ, নূতন ঘাস।
শাদহরিত, শাদ্বল, নবতৃণ বহুলদেশ।
শাদা, শুক্ল, শুভ্র, শ্বেতবর্ণ।
শাদ্বল, নবতৃণ বহুল দেশ, ঘাসদ্বারা সবুজবর্ণ স্থান। [পাতর।
শান, তিক্ষ্ণীকরণ; শানপাতর; কষ্টি-
শানক, মৃণ্ময় ভোজন পাত্রবিশেষ।
শানপাদ, চন্দন ঘর্ষণার্থ পাষাণবিশেষ চন্দন পিঁড়ী।
শানা, বস্ত্রনির্ম্মাণার্থ যন্ত্রবিশেষ।
শাম্বী, ইন্দ্রবারুণী লতা, রাখালসসা।
শান্ত, উপশমপ্রাপ্ত, শমিত; জিতেন্দ্রিয়, শমান্বিত; শিষ্ট; রসবিশেষ।
শান্তনব, শান্তনুরাজপুত্র, ভীষ্ম।
শান্তনু, রাজাবিশেষ, প্রতীপরাজপুত্র, ভীষ্মের পিতা।
শান্তা, লোমপাদ রাজার কন্যা; ঋষ্য শৃঙ্গ মুনির ভার্য্যা; শমীবৃক্ষ বিশেষ।
শান্তি, কামক্রোধাদির প্রশম; উপশম; গোপী বিশেষ; দুর্গা।
শান্তিকাম, শান্ত্যভিলাষী, শমতা পাইতে ইচ্ছুক।
শান্তিগৃহ, শান্ত্যালয়, যজ্ঞান্তে শান্তি জল দ্বারা স্নান করিবার গৃহ।
শান্ত্বনা, প্রবোধ; স্থিরতা, ধৈর্য্য।
শাপ, আক্রোশ, দিব্য; অভিসম্পাত; মন্যু। [শাপযুক্ত।
শাপগ্রস্ত, অভিশপ্ত, মন্যু বিশিষ্ট,
শাপটিক, ময়ূর, শিখী, কলাপী।
শাপান্ত, মুনি, ঋষি, তাপস।
শাফরিক, মৎস্যধারক, মৎস্যজীবী।
শাব, শাবক, শিশু; শবসম্বন্ধীয়।
শাবক, শিশু, বালক, বৎস।
শাবর, পাপ; অপরাধ; লোধ্রবৃক্ষ; শবরস্বামি কৃত ভাষ্যবিশেষ; শিব কৃত তন্ত্রবিশেষ; শবর সম্বন্ধীয়।
শাবরভেদাখ্য, তাম্র, তামা।
শাবরোৎসব, ম্লেচ্ছকৃত উৎসব।
শাবল, মৃত্তিকাদি খননার্থ লৌহাস্ত্রবিশেষ, খনিত্র।

শাব্দ, শব্দসম্বন্ধীয়; শব্দজন্য। [বোধ।
শাব্দবোধ, শব্দার্থ জ্ঞান, শব্দ জন্য
শাব্দিক, শব্দশাস্ত্রবেত্তা, বৈয়াকরণ।
শামন, মারণ; শান্তি, উপশম।
শামনী, দক্ষিণা দিক্; যমসম্বন্ধীয়।
শামলা, শ্যামবর্ণ, কৃষ্ণবর্ণ।
শাম, শ্যামাঘাস; পক্ষিবিশেষ।
শামিত্র, যজ্ঞ; পশুবন্ধন; যজ্ঞপাত্র।
শামীল, ভস্ম, ছাই।
শামূক, জলশুক্তি, শম্বুক।
শাম্য, শমতা; ক্ষমাযুক্ত।
শাম্বিক, শাঙ্খিক, শঙ্খবণিক্; শঙ্খ-নির্ম্মিত। [বাজী।
শাম্বরী, ইন্দ্রজালাদি মায়া; ভোজ-
শাম্বুক, শম্বুক, শামূক।
শাম্বূক, শম্বূক, শামূক।
শাম্ভব, দেবদারু বৃক্ষ; কর্পূর; গুগ-গুলু; বিষ বিশেষ; শম্ভুপুত্র; শম্ভু পূজক; শম্ভু সম্বন্ধীয়।
শাম্ভবী, নীলদূর্ব্বা; দুর্গা।
শায়ক, শর, বাণ; খড়্গ, খাঁড়া।
শার, কর্ব্বুর বর্ণ; বায়ু, বাতাস।
শারঙ্গ, মৃগ, হরিণ; হস্তী; ভৃঙ্গ; ময়ূর; কর্ব্বুর বর্ণ বিশিষ্ট।
শারঙ্গী, বাদ্য যন্ত্র বিশেষ।
শারদ, শ্বেত কমল, শুক্লপদ্ম, সস্য; বৎসর; শরৎকাল জাত।
শারদা, সরস্বতী; দুর্গা; বীণাবিশেষ।
শারদিক, শ্রাদ্ধ; রোগ।
শারদী, সপ্তপর্ণবৃক্ষ, ছাতিম গাছ; কোজাগর পূর্ণিমা; শরৎকালীন।
শারদীয়, শরৎকালীন, শরৎকাল সম্বন্ধীয়।
শারি, অক্ষোপকরণ, পাশকাদির বল, গুটিকা; পক্ষিণী বিশেষ; শ্রেণী; পংক্তি।
শারিকা, পক্ষিণী বিশেষ, ময়না।
শারিফল, পাশা খেলাইবার আধার, শারিখেলনাধার, ছক্।
শারিফলক, পাশাখেলাইবার আধার।
শারিশৃঙ্খলা, পাশক বিশেষ।
শারী, কুশা; পক্ষিণী বিশেষ, ময়না।
শারীর, বৃষ, ষাঁড়, শরীরজাত।
শারীরক, শঙ্করাচার্য্য কৃত বেদান্ত মীমাংসা ভাষ্য। [কায়িক।
শারীরিক, শরীর সম্বন্ধীয়, দৈহিক,
শারুক, হিংসক।
শার্ক, শর্করা, চিনী।
শার্কক, দুগ্ধফেণ; শর্করা পিণ্ড।
শার্কর, দুগ্ধফেণ; শর্করান্বিত দেশ, শর্করা সম্বন্ধীয়।
শার্করক, শর্করা বহুল দেশ।
শার্করীষ, শর্করাযুক্ত দেশ। [মাত্র।
শার্ঙ্গ, আর্দ্রক, আদা; বিষ্ণুধনু; ধনুক
শার্ঙ্গী, বিষ্ণু; ধনুর্ধারি মাত্র।
শার্দূল, ব্যাঘ্র; শ্রেষ্ঠার্থ বাচক; পশু-বিশেষ, সরভ, পক্ষিবিশেষ।
শার্ব্বর, ঘাতুক, রাত্রি সম্বন্ধীয়।
শার্ব্বরী, রাত্রি, রজনী, নিশা।
শাল, মৎস্যবিশেষ, গজাড়মাছ; বৃক্ষ-বিশেষ; বৃক্ষমাত্র; শূলাক্ষ।
শালগ্রাম, বিষ্ণুমূর্ত্তি বিশেষ, গণ্ডকী শিলা হইতে উদ্ভূত বজ্র কীট কৃত চক্রযুক্ত শিলা; ক্ষেত্র বিশেষ; ফল বিশেষ। [পর্ব্বত।
শালগ্রামগিরি, শালগ্রামোৎপাদক-
শালঙ্কি, মুনিবিশেষ।
শালজ, মৎস্যবিশেষ, শালমাছ।
শালনির্য্যাস, সর্জ্জরস, ধুনা।
শালপর্ণী, বৃক্ষবিশেষ, শালপাণী গাছ।
শালবেষ্ট, শালনির্য্যাস, ধুনা।
শালভঞ্জিকা, বেশ্যা; কাষ্ঠাদি নির্ম্মিত পুত্তলিকা, কাঠের পুতল।
শালভঞ্জী, কাষ্ঠাদি নির্ম্মিত পুত্তলিকা।
শালসার, দ্রুম, বৃক্ষ; হিঙ্গু।
শালা, ঘর, গৃহ; গৃহের একদেশ।
শালাকী, অস্ত্রবৈদ্য; নাপিত; শেল-ধারী।

শালাঙ্কী, পুত্তলিকা, পুতল। [স্ত্রী।
শালাজ, শ্যালার জায়া, শ্যালকের
শালাজির, শরাব, শরা।
শালাবৃক, বানর; কুক্কুর; শৃগাল, শিয়াল; মৃগ, হরিণ; বিড়াল।
শালামৃগ, শৃগাল, শিয়াল।
শালার, হস্তিনখ; সোপান, সিড়ি; পক্ষিপঞ্জর, পাখির খাঁচা।
শালি, ধান্য; ধান্যবিশেষ; গন্ধমার্জার।
শালিঞ্চ, শাকবিশেষ, শাঞ্চ্যা শাক।
শালিনীকরণ, ভৎর্সনা, তিরস্কার।
শালিপর্ণী, মাষপর্ণী, মাষাণী লতা।
শালিপিষ্ট, স্ফাটিক।
শালিবাহন, রাজা বিশেষ, শককর্ত্তা।
শালিহোত্র, ঘোটক, অশ্ব, ঘোড়া।
শালী, শালা সম্বন্ধীয়; কৃষ্ণজীরক, কেলেজীরা; ভার্য্যার ভগিনী, যুক্ত-বাচক। [সম্বন্ধীয়।
শালীন, অধৃষ্ট, অপ্রগল্ভ; শালা
শালু, কষায়দ্রব্য, চৌরক নামে ওষধি বিশেষ; ভেক, বেঙ্গ।
শালুক, কুমুদের মূল, পঙ্কশূরণ, গেঁড়।
শালূক, কুমুদাদির মূল; জাতীফল; মণ্ডূক, ভেক, বেঙ্গ।
শালূর, ভেক, মণ্ডূক, বেঙ্গ।
শালেয়, মধুরিকা, মৌরী; ক্ষেত্র বি-শেষ; শালা সম্বন্ধীয়।
শালতী, তরিবিশেষ, শালবৃক্ষ নির্ম্মিত ক্ষুদ্র ডোঙ্গা।
শাল্মল, শাল্মলী বৃক্ষ, শিমুলগাছ; দ্বীপ বিশেষ। [নরক বিশেষ।
শাল্মলি, বৃক্ষ বিশেষ, শিমুলগাছ;
শাল্মলিক, রোহিতক বৃক্ষ।
শাল্মলিনী, শাল্মলিবৃক্ষ, শিমুলগাছ।
শাল্মলিপত্রক, সপ্তচ্ছদ বৃক্ষ, ছাতিম গাছ।
শাল্মলিস্থ, গরুড়, বৈনতেয়।
শাল্মলী, শিমুলগাছ; গরুড়।
শাল্মলীকন্দ, শাল্মলি বৃক্ষের মূল, শিমুলগাছের গোড়া। [লের আটা।
শাল্মলীবেষ্ট, শাল্মলি নির্য্যাস, শিমু-
শাল্ব, দেশবিশেষ; রাজা বিশেষ।
শাশুড়ী, শ্বশ্রূ, শ্বশুরের স্ত্রী।
শাশ্বত, নিত্য, ধ্রুব; বেদব্যাস।
শাসক, শাসনকারী, শাসনকর্ত্তা।
শাসন, আজ্ঞা, আদেশ; শাস্তি, দণ্ড, দমন; শাস্ত্র; রাজদত্ত ভূমির লেখ্য।
শাসনহর, রাজদূত; আজ্ঞাবাহক।
শাসনীয়, শাস্য, শাসনযোগ্য, দমনীয়।
শাসান, ভয়প্রদর্শন, ধমকান; শাসন জনক উক্তি। [বাক্য।
শাসানি, শাসনকরণ; শাসন করণার্থ-
শাসিত, কৃতশাসন; শাসনকরা, দণ্ডিত।
শাসিতা, শাস্তা, শাসনকর্ত্তা, দেশক।
শাস্কুল, মাংসাশী, মাংস খাদক।
শাস্তা, শাসনকারক, শাসিতা; উপা-ধ্যায়; রাজা।
শাস্তি, শাসন, নিগ্রহ, দণ্ড। [বিদ্যা।
শাস্ত্র, গ্রন্থ, বেদাদি, বিধি; ব্যবস্থা;
শাস্ত্রকর্ত্তা, বিধিকারক মুনি; গ্রন্থকর্ত্তা।
শাস্ত্রকার, বিধিকারক; গ্রন্থকার; মুনি।
শাস্ত্রকৃৎ, ঋষি, মুনি; শাস্ত্রকর্ত্তা।
শাস্ত্রচর্চ্চা, বিদ্যার অনুশীলন, বিদ্যা-ভ্যাস।
শাস্ত্রচক্ষু, ব্যাকরণ; অতিশয় বিদ্বান্।
শাস্ত্রচারণ, শাস্ত্রদর্শী, শাস্ত্রজ্ঞ।
শাস্ত্রজ্ঞ, শাস্ত্রবেত্তা।
শাস্ত্রতত্ত্বজ্ঞ, গণক, দৈবজ্ঞ; লগ্নাচার্য্য; শাস্ত্রের মর্ম্মজ্ঞাতা।
শাস্ত্রদর্শী, শাস্ত্রজ্ঞ, শাস্ত্রবেত্তা।
শাস্ত্রবহির্মুখ, শাস্ত্রের বিধান পরি-ত্যাগী; অশাস্ত্র।
শাস্ত্রবিৎ, শাস্ত্রবেত্তা, বিধিজ্ঞ, পণ্ডিত।
শাস্ত্রবিপ্রতিসিদ্ধ, শাস্ত্রদ্বারা নিষিদ্ধ।
শাস্ত্রবেত্তা, শাস্ত্রজ্ঞ; ব্যবস্থাবেত্তা।
শাস্ত্রমত, শাস্ত্রপ্রমাণ; শাস্ত্রসম্মত।
শাস্ত্রশিল্পী, কাশ্মীরদেশ। [প্রমাণ।
শাস্ত্রসিদ্ধ, বিধি প্রতিপাদিত, শাস্ত্র-

শাস্ত্রী, শাস্ত্রজ্ঞ, শাস্ত্রবেত্তা।
শাস্ত্রীয়, শাস্ত্র সম্বন্ধীয়, শাস্ত্রসিদ্ধ, শাস্ত্রবিহিত।
শাস্ত্রোক্ত, শাস্ত্রবিহিত, শাস্ত্রসম্মত।
শাস্য, শাসনীয়, শাসিতব্য, শাসনযোগ্য। [যোগ্য ভূষণ।
শিঁথী, মস্তকাভরণ বিশেষ, সীমন্তধারণ
শিংশপা, বৃক্ষবিশেষ।
শিকড়, বৃক্ষাদির মূল, জড়, গোড়া।
শিকল, শৃঙ্খল, নিগড়।
শিকলী, শৃঙ্খলা, জিঞ্জির।
শিকা, শিক্য, দ্রব্যাদি রক্ষণার্থ রজ্জুময় আধার বিশেষ [লাক।
শিক্, শিক্য, শিকা; দীর্ঘ লৌহ শ-
শিক্থ, মধুজাত দ্রব্যবিশেষ, মোম।
শিক্প, ঘোটকের প্রোল্লম্ফন বিশেষ।
শিক্য, দ্রব্য রক্ষার্থ রজ্জুময় আধার বিশেষ, শিকা।
শিক্যা, দ্রব্য রক্ষণার্থ রজ্জুময় আধার বিশেষ, শিকা। [বাশ দ্রব্য।
শিক্যিত, শিক্যে স্থাপিত বস্তু, শিকায়
শিখক, লেখক, লিপিকর।
শিখণ্ড, ময়ূরপুচ্ছ, চূড়া।
শিখণ্ডক, কাকপক্ষ, জুল্পী: ময়ূরপুচ্ছ।
শিখণ্ডিক, কুক্কুট, কুঁক্ড়া, মুরগা।
শিখণ্ডিকা, শিখা; চূড়া। [রাজকন্যা।
শিখণ্ডিনী, ময়ূরী; গুঞ্জা; দ্রুপদ-
শিখণ্ডী, ময়ূর; ময়ূরপুচ্ছ; দ্রুপদরাজপুত্র; কুক্কুট; বাণ; গুঞ্জা।
শিখন, অভ্যাস করণ, শিক্ষা করা।
শিখর, পর্ব্বতাগ্র, কূট, শৃঙ্গ, শৈলাগ্রদেশ; অগ্রভাগ।
শিখরবাসিনী, দুর্গা, পার্ব্বতী।
শিখরা, মূর্ব্বা, মুজ লতা।
শিখরিণী, নবমালিকা; দ্রাক্ষাবিশেষ; মূর্ব্বা লতা।
শিখরী, পর্ব্বত; বৃক্ষ; অপামার্গ বৃক্ষ, আপাং গাছ। [গাছ।
শিখলোহিত, বৃক্ষবিশেষ, কুকুরমুড়া

শিখা, অগ্নিজ্বালা, অর্চ্চিঃ; শিরোমধ্যস্থ কেশ; চূড়া; জুটিকা; অগ্র।
শিখাকন্দ, গৃঞ্জন, গাজর।
শিখাগুক, কাকপক্ষ, জুলপি।
শিখাতরু, দীপবৃক্ষ, পিলসুজ, দেরুকা।
শিখাধর, ময়ূর, শিখী; শিখাধারী।
শিখাধার, ময়ূর, কলাপী, শিখী।
শিখান, শিক্ষা দেওন, অভ্যাস করাণ।
শিখানি, মন্ত্রণা, পরামর্শ; অধ্যাপনা।
শিখাবতী, মূর্ব্বা লতা; মুজ।
শিখাবর, পনসবৃক্ষ, কাঁটাল গাছ।
শিখাবল, ময়ূর, শিখী, কলাপী।
শিখাবলা, ময়ূরশিখা।
শিখাবান্, অগ্নি, অনল; চিত্রকবৃক্ষ, চিতাগাছ; কেতুগ্রহ; শিখাযুক্ত।
শিখাবৃদ্ধি, কায়িকা বৃদ্ধি, প্রত্যহ দেয় সুদ।
শিখাবৃক্ষ, দীপবৃক্ষ, পিলসুজ, দেরুকা।
শিখামূল, মূলবিশেষ, গৃঞ্জন, গাজর।
শিখালু, ময়ূর শিখা, ময়ূর চূড়া।
শিখিধ্বজ, ধূম, ধুঁয়া; কার্ত্তিকেয়।
শিখিনী, ময়ূর শিখা, ময়ূরের চূড়া।
শিখিপুচ্ছ, ময়ূর পুচ্ছ, শিখণ্ডক, মোর ছল।
শিখিবর্দ্ধক, কুষ্মাণ্ড, কুমুড়া।
শিখিবাহন, কার্ত্তিকেয়, কুমার।
শিখী, ময়ূর; অগ্নি; চিত্রক বৃক্ষ; বলীবর্দ্দ, বলদ; শর, বাণ; কেতুগ্রহ; বৃক্ষ; কুক্কুট, ঘোটক; পর্ব্বত; দীপ; শিখাযুক্ত।
শিগ্রু, শাক; বৃক্ষবিশেষ, শজিনাগাছ।
শিগ্রুজ, শোভাঞ্জন বীজ, শজিনারবীচি। [বীচি।
শিগ্রুবীজ, শোভাঞ্জনবীজ, শজিনার
শিঙ্গা, বাদ্যযন্ত্র বিশেষ।
শিঙ্গেল, বিষাণ যুক্ত, শৃঙ্গবিশিষ্ট।
শিঙ্ঘাণ, কাচপাত্র; লোহমল, লোহার মজিচা; নাসিকামল, শিক্নী। [কফ।
শিঙ্ঘাণক, নাসিকামল, শ্লেষ্মা, শিক্নী,

শিঙ্ঘিত, ঘ্রাত, ঘ্রাণকরা, সোঁকা।
শিচ্কা, লৌহময় শলাকা বিশেষ।
শিঞ্জন, অব্যক্ত ধ্বনি, ঝঞ্ঝনাদি শব্দ; অলঙ্কারশব্দ।
শিঞ্জা, ভূষণশব্দ, কঙ্কনাদির ধ্বনি; ধনুর্গুণ; ধনুকের ছিলা।
শিঞ্জিত, ভূষণধ্বনি, অলঙ্কার শব্দ।
শিঞ্জিনী, ধনুর্গুণ, ধনুকের ছিলা; নূপুর, পদাভরণ বিশেষ।
শিটা, মলা, গাদ, কাইট। [নুভব।
শিড়শিড়, শিহরণ, লোমাঞ্চ; শীতা-
শিড়শিড়ান, শিহরণ, লোমাঞ্চ হওন।
শিত, দুর্ব্বল, কৃশ; নিশিত, শানিত, তীক্ষ্ণ, ধারাল।
শিতদ্রু, শতদ্রু নদী, শতলজ্ নদী।
শিতশূক, যব; গো ধুম, গম।
শিতান, উপধান, বালিশ, শিয়র।
শিতি, শুক্ল; কৃষ্ণ; ভূর্জবৃক্ষ।
শিতিকণ্ঠ, শিব, মহাদেব; দাত্যূহপক্ষী।
শিতিচ্ছদ, হংস, হাঁস, মরাল।
শিথিল, শ্লথ, লোলিত, ঢিলা; মন্দ-বন্ধন; অনুৎসাহ।
শিপি, রশ্মি, দীপ্তি, কিরণ।
শিপিবিষ্ট, দুশ্চর্ম্ম, অনাবৃত মেঢ্র।
শিপ্রা, নদী বিশেষ। [মূল; জটা।
শিফ, বৃক্ষাদির জটাকার মূল, শিকড়,
শিফা, বৃক্ষাদির জটাকার মূল, শিকড়; নদী; শতপুষ্পাবৃক্ষ; হরিদ্রা; পদ্মকন্দ।
শিফাক, পদ্মমূল; শালুক। [শালুক।
শিফাকন্দ, পদ্মমূল, পদ্মের গেঁড়ো-
শিফাধর, শাখা, ডাল।
শিফারুহ, বটবৃক্ষ; বটগাছ।
শিব, শুভ, মঙ্গল; সুখ; জল; সৈন্ধব লবণ, সামুদ্র লবণ; মহাদেব, ঈশ; ব্রহ্মার সংজ্ঞা বিশেষ; মোক্ষ; কৃষ্ণ ধুস্তুর; পারদ, পারা; বিংশতিতম-যোগ।
শিবক, কীলক, খোঁটা, গোঁজ।
শিবকর, মঙ্গল কারক, শুভদায়ক; জিনবিশেষ।
শিবকীর্ত্তন, বিষ্ণু; শৈব, শিবোপাসক।
শিবঙ্কর, মঙ্গলকর্ত্তা; ক্ষেমঙ্কর, শুভদ।
শিবচতুর্দ্দশী, চতুর্দ্দশী কর্ত্তব্য ব্রত-বিশেষ, ফাল্গুণ মাসীয় কৃষ্ণা চতুর্দ্দশী।
শিবজ্ঞা, শিবোপাসিকা; মঙ্গলজ্ঞাত্রী।
শিবজ্ঞান, শুভাশুভকাল বোধকশাস্ত্র।
শিবতাতি, কল্যাণ কারিণী, শুভদায়িকা, ক্ষেমঙ্করী।
শিবদারু, বৃক্ষবিশেষ, দেবদারু বৃক্ষ।
শিবদূতিকা, মাতৃকাবিশেষ।
শিবদূতী, দুর্গা; যোগিনী বিশেষ।
শিবদ্রুম, বিল্ববৃক্ষ, শ্রীফলবৃক্ষ, বেল-গাছ।
শিবদ্বিষ্টা, কেতকী, কেয়াগাছ।
শিবধাতু, পারদ, পারা।
শিবনাভি, শিবলিঙ্গ বিশেষ।
শিবপুরী, কাশী, বারাণসী।
শিবপ্রিয়, রুদ্রাক্ষ, শিবের প্রিয়দ্রব্য; স্ফটিক; ধুতুরা।
শিবপ্রিয়া, দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
শিববল্লভা, শিবপ্রিয়া, দুর্গা, ভগবতী।
শিববাহন, অনড্বান, বৃষ, ষণ্ড, ষাঁড়।
শিববীজ, পারদ, পারা।
শিবমল্লী, বকবৃক্ষ, বকগাছ।
শিবরাত্রি, শিবচতুর্দ্দশী।
শিবলিঙ্গ, মৃত্তিকা বা প্রস্তরাদি দ্বারা নির্ম্মিত মহাদেবের চিহ্ন।
শিবলোক, কৈলাশ, শিবভুবন।
শিবশেখর, বকবৃক্ষ; ধুস্তুর; শিবমস্তক।
শিবসাযুজ্য, মুক্তিপ্রভেদ, মোক্ষ-বিশেষ।
শিবসুন্দরী, দুর্গা, ভগবতী।
শিবা ভগবতী, দুর্গা; মুক্তি; কল্যাণ-রূপা, শৃগাল; আমলকী; হরিদ্রা, দূর্ব্বা; গোরোচনা।
শিবানী, জয়ন্তীবৃক্ষ; দুর্গা, ভগবতী।
শিবাপ্রিয়, ছাগ; ভগবতীর প্রিয়।

শিবাপীড়, বকবৃক্ষ ; শিবার শেখর।
শিবাফলা, শমীবৃক্ষ, শাঁইগাছ।
শিবারাতি, কুক্কুর ; শিবার শত্রু।
শিবালয়, শিবগৃহ;শ্মশান; রক্ততুলসী।
শিবালু, শৃগাল, শিয়াল।
শিবাস্মৃতি, জয়ন্তী বৃক্ষ।
শিবাহ্লাদ, বকবৃক্ষ ; শিবের আনন্দ।
শিবাক্ষ, রুদ্রাক্ষ।
শিবি, হিংস্র পশু, ভূর্জ বৃক্ষ ; রাজা-বিশেষ। [পাল্কী।
শিবিকা, যানবিশেষ, ঝাঁপান্, ডুলী,
শিবিপিষ্ট, মহাদেব, শিব। [তাম্বু।
শিবির, আগন্তুক সৈন্যের বাসস্থান,
শিবীরথ, যানবিশেষ, ডুলী।
শিবেষ্ট, বকবৃক্ষ ; শিবপ্রিয়।
শিবেষ্টা, দূর্ব্বা।
শিম, শিম্বী।
শিমুল, শাল্মলী বৃক্ষ।
শিম্বা, কলায়াদির ত্বক্, সুঁটী, খোলা; ছিম্ড়া, শিম্বী, সিম।
শিম্বি, ছিম্ড়া, শিম।
শিম্বিক, কৃষ্ণমুদ্গ, কালমুগ।
শিম্বিকা, শিম, ছিম্ড়া।
শিম্বী, শিম্বা, শিম।
শিয়াল, শৃগাল, শিবা। [পথ।
শির, শিরা, ধমনী, রক্ত গমনাগমনের
শিরঃ, শিখর ; মস্তক ; প্রধান।
শিরঃকপালী, নরমস্তকের কপালধারী সন্ন্যাসী, উদাসীন বিশেষ।
শিরঃকম্পন, মস্তক কম্পন, মস্তক-ঘূর্ণন, মাথানাড়া। [ব্যথা।
শিরঃপীড়া, মস্তকের রোগ ; মাথা-
শিরঃশূল, মস্তক বেদনা রোগ।
শিরজ, কেশ, কচ, চুল।
শিরনামা,পত্রের উপরি লিখিত নাম।
শিরপা,ঘোটকের প্রোল্লম্ফনবিশেষ; অশ্বের অগ্রপদ উত্তোলন ; পারি-তোষিক, বকশিস।
শিরসিজ, কেশ, কচ, চুল।
শিরসিরুহ, কেশ, কচ, চুল।
শিরস্ক, শিরস্ত্রাণ, পাগড়ী, টুপি, টোপর ; শিরঃ সম্বন্ধীয়।
শিরস্ত্র, পাগড়ী, টোপ, টুপী।
শিরস্ত্রাণ, শিরোরক্ষণার্থ আবরণ বি-শেষ ; পাগড়ী, টুপি।
শিরস্থ, মস্তকস্থিত ; উপরিস্থ।
শিরস্য,নির্ম্মল কেশ, বিশদ কচ, মস্তক সম্বন্ধীয়। [পথ।
শিরা, ধমনী, শির, রক্ত গমনাগমনের
শিরাপত্র, হিন্তাল বৃক্ষ, হেঁতালগাছ ; কপিত্থ বৃক্ষ, কতবেল।
শিরাবৃত্ত, সীসক, সীসা।
শিরাল, কর্ম্মরঙ্গ ফল, কামরাঙ্গা ; শিরাবিশিষ্ট।
শিরালক, অস্থিভঙ্গ বৃক্ষ, হাড়ভাঙ্গা গাছ। [ফড়িঙ্গ।
শিরি, খড়্গ ; শর, বাণ; হিংস্র ; শলভ,
শিরীষ, বৃক্ষবিশেষ। [চন্দ্রশালা।
শিরোগৃহ, অট্টালিকার উপরিস্থ গৃহ,
শিরোস্ত্র, মস্তকের অগ্রভাগ।
শিরোধরা, গ্রীবা, গলা। [গ্রহণীয়।
শিরোধার্য্য, আরাধ্য, মস্তকের দ্বারা
শিরোধি, গ্রীবা, গলা ; ঘাড়।
শিরোনমন, মস্তক নম্রকরণ, নমস্কার, মাথা নোয়ান।
শিরোনামা,পত্রের উপরিলিখিত নাম।
শিরোবৃত্তফল, রক্ত অপামার্গ বৃক্ষ, রাঙ্গা আপাং।
শিরোবেষ্ট, শিরঃপ্রাবরণ, পাগড়ী, পাগ, উষ্ণীষ। [উষ্ণীষ।
শিরোবেষ্টন, শিরঃপ্রাবরণ, পাগড়ী,
শিরোমণি, মস্তকধার্য্য রত্ন বিশেষ ; চূড়ামণি ; পণ্ডিতের উপাধি বিশেষ।
শিরোমর্ম্মা, শূকর, কোল, বরাহ।
শিরোরত্ন, শিরোমণি, মস্তকে ধারণীয় রত্ন। [রোগ।
শিরোরুজা, সপ্তপর্ণ বৃক্ষ, মস্তকের
শিরোরুহ, কেশ, কচ, চুল।

শিরোরোগ, মস্তকের পীড়া।
শিরোর্ত্তি,শিরঃপীড়া, মস্তকের রোগ।
শিরোলুণ্ঠন,মস্তকলুণ্ঠন,মাথালোটান।
শিরোস্থি, মস্তকাস্থি, মাথার খুলী।
শিল, উঞ্ছ, উদ্ধৃত শস্যের শেষ আহরণ, জীবনোপায় বিশেষ; বর্ষোপল, করকা, শিল; প্রস্তর।
শিলা, পাষাণ; প্রস্তর; দ্বারের অধঃস্থিত কাষ্ঠ, গোবরাট; ধাতুবিশেষ, মনঃশিলা; কর্পূর।
শিলাকর্ণী, শল্লকী বৃক্ষ। [শেষ।
শিলাজতু, পর্ব্বত জাত উপধাতু বিশিলাটক, বিল, গর্ত্ত, গহ্বর।
শিলাত্মজ, লোহ।
শিলাধাতু, সিতোপল, খড়ী, খটিকা; গৈরিক বিশেষ, পীতবর্ণ গেরিমাটী।
শিলাপট্ট, পেষণার্থ শিল, পাটা।
শিলাপুত্র, পেষণযোগ্য শিলা, নোড়া, পেষণী। [ভেদক অস্ত্র।
শিলাভেদ, পাষাণভেদী বৃক্ষ; প্রস্তর
শিলাবৃষ্টি, করকার পতন পূর্ব্বক জল বর্ষণ, শিলবর্ষণ। [আসন।
শিলাসন, শৈলেয়; প্রস্তর নির্ম্মিত
শিলি, ভূর্জপত্রেরগাছ; দ্বারের অধঃস্থিত কাষ্ঠ, গোবরাট।
শিলিন্দ, মৎস্যবিশেষ, সিলন মাছ।
শিলী, দ্বারের অধঃস্থিত কাষ্ঠ, গোবরাট। [মৎস্য বিশেষ।
শিলীন্ধ্র, করকা, শিল; বৃক্ষবিশেষ;
শিলীন্ধ্রক,গোময়চ্ছত্রিকা,গোবরছাতা।
শিলীপদ, পাদরোগ বিশেষ, গোদ, শ্লীপদ। [ভূত।
শিলীমুখ, ভ্রমর; বাণ; যুদ্ধ; জড়ী-
শিলোচ্চয়, পর্ব্বত, শৈল, গিরি।
শিলোঞ্ছ, জীবিকা বিশেষ; উঞ্ছবৃত্তি; ক্ষেত্রহইতে শস্য চয়ন করিয়া লইয়া গেলে শেষে যাহা থাকে জীবিকার্থ তাহার অবচয়ন।
শিলোথ, গৈরিক ধাতুবিশেষ।

শিলোদ্ভব, শৈলেয়, চন্দনবিশেষ।
শিলৌকা, গরুড়, পক্ষিরাজ।
শিল্প, নির্ম্মাণাদি কর্ম্ম, হুনর, কারিগরী কর্ম্ম। [নিপুণ।
শিল্পকর,শিল্পকর্ত্তা,কারিগর, শিল্প-
শিল্পকার, শিল্পী, শিল্প বিদ্যা ব্যবসায়ী, কারিগর।
শিল্পকারী, শিল্পকর্ম্মকর্ত্তা,কারিগর।
শিল্পবিদ্যা, চিত্রাদি কর্ম্ম বিষয়ক বিজ্ঞান; শিল্পশাস্ত্র। [কারখানা।
শিল্পশালা, শিল্পকর্ম্ম করিবার ঘর,
শিল্পশাস্ত্র, শিল্পকর্ম্মের রীতিবত্ম প্রকাশক বিদ্যা, শিল্পকর্ম্মের গ্রন্থ।
শিল্পিকা, তৃণবিশেষ।
শিল্পিনী,শিল্পজ্ঞা স্ত্রী; হুনরী নারী।
শিল্পিশাল, শিল্পগৃহ, কারখানা।
শিল্পী, শিল্পকর্ত্তা, কারিগর।
শিশির, হিম; ঋতুবিশেষ, মাঘ ফাল্গুন মাস, শীতল, শীতগুণযুক্ত।
শিশু, বালক, পোত, অর্ভক, শাবক।
শিশুক,জলজন্তুবিশেষ, শুশুক, শিশুমার; বৃক্ষবিশেষ; বালক।
শিশুকাল, বাল্যকাল, শৈশব সময়।
শিশুগন্ধা, মল্লিকা বিশেষ।
শিশুচান্দ্রায়ণ, প্রায়শ্চিত্তাঙ্গ ব্রতবিশেষ।
শিশুতা, শিশুত্ব, বালকত্ব, শৈশব।
শিশুত্ব,বালকত্ব,বাল্যাবস্থা,ছেলেমি।
শিশুপাল, চেদিদেশীয় রাজা, দম ঘোষের পুত্র।
শিশুপালক, দমঘোষের পুত্র; কেলিকদম্ব বৃক্ষ; বালকের প্রতিপালক।
শিশুপালহা, শ্রীকৃষ্ণ, শিশুপালের বধকারী। [ছাগ, বন ছাগল।
শিশুবাহক, বালকের বাহক; বন-
শিশুভাব, শিশুত্ব বালকত্ব; তান্ত্রিক ভাব বিশেষ। [শুশুক।
শিশুমার, জলজন্তু বিশেষ, শোঁষ,
শিশ্ন, মেঢ্র, লিঙ্গ, উপস্থ।

শিশ্নোদরপরায়ণ, আহার বিহার মাত্র সম্পাদনে কৃতার্থম্মন্য।
শিশ্নদান, পাপকর্ম্মা, পাপী। [শিখা।
শিষ, শীষ, ধান্যাদির শীর্ষ; মঞ্জরী;
শিষ্ট, শান্ত, সুবুদ্ধি, ধীর।
শিষ্টতা, শান্ততা, সাধুতা, ধীরতা।
শিষ্টাচার, সাধু ব্যবহার, ভদ্রতা; বিশিষ্ট লোকের আচরণ।
শিষ্টি, আজ্ঞা, অনুমতি; শাসন।
শিষ্য, উপদিশ্য, ছাত্র, অন্তেবাসী।
শিহরণ,লোমাঞ্চ হওন; চমকন; ভয়াদি হেতু গাত্রস্পন্দন।
শিহ্লক, গন্ধদ্রব্য বিশেষ, শিহ্লা, লোবান্। [লোবান্।
শিহ্লক, গন্ধদ্রব্য বিশেষ, শিহ্লা,
শিক্ষক, শিক্ষাদায়ক, অধ্যাপক।
শিক্ষণ, বিদ্যাগ্রহণ, অভ্যসন, শিখন।
শিক্ষা, শিক্ষণ, অভ্যাস; শ্যোনাক বৃক্ষ; বেদাঙ্গ শাস্ত্র বিশেষ।
শিক্ষাকর, বেদব্যাস; শিক্ষাকর্ত্তা, অভ্যাসকারী।
শিক্ষাকরণ, অভ্যসন, শিক্ষা করা।
শিক্ষাকর্ত্তা, শিক্ষাকারক, অভ্যাসকারী।
শিক্ষাগুরু, বিদ্যাদাতা, উপদেষ্টা, অধ্যাপক, শিক্ষাদায়ক।
শিক্ষাদাতা, অধ্যাপক, উপদেশক, যিনি উপদেশ দেন। [দেশক।
শিক্ষাদায়ক, অধ্যাপক, শিক্ষক, উপ-
শিক্ষিত, শিক্ষাযুক্ত, শিক্ষাপ্রাপ্ত; বিজ্ঞ; কৃতবিদ্য।
শিক্ষিতাক্ষর, শিক্ষাকারী; ছাত্র।
শীকর, বাতাদি দ্বারা প্রেরিত জলকণা; জল বিন্দু; বায়ু, বাতাস।
শীকরী, জলকণা বিশিষ্ট, জলকণারসহিত মিলিত।
শীঘ্র, বিলম্বাভাব, ত্বরিত, ক্ষিপ্র, দ্রুত, তূর্ণ, অবিলম্বিত, আশু, ঝটিতি।
শীঘ্রগ, দ্রুতগামী, আশু গমনকারী; বায়ু, বাতাস।
শীঘ্রগামী, আশুগমনশীল, দ্রুতগামী।
শীঘ্রচেতন, কুকুর; আশু চেতনাযুক্ত।
শীঘ্রজন্মা, করঞ্জবিশেষ, কাঁটাকরঞ্জ।
শীঘ্রতা, সত্বরতা, দ্রুততা।
শীঘ্রবেধী, শীঘ্র শরবেধ কর্ত্তা, লঘুহস্ত।
শীত, হিমগুণ; হিমঋতু; শীতল; বেতসবৃক্ষ; বহুবারক বৃক্ষ, চালতাগাছ।
শীতক, শীতকাল; সুস্থিত; দীর্ঘসূত্রী; অনন্তপর্ণী বৃক্ষ; বৃশ্চিক।
শীতকর, চন্দ্র; শীতলহস্ত যুক্ত; শীতজনক, শীতল।
শীতকষায়, হিমদ্বারা কষায় বর্ণ।
শীতকাল, হিমঋতু, অগ্রহায়ণ ও পৌষ মাস, হেমন্ত।
শীতকিরণ, চন্দ্র, বিধু, হিমাংশু।
শীতকুম্ভ, করবীর বৃক্ষ, করবীগাছ।
শীতকুম্ভী, জলজ বৃক্ষবিশেষ।
শীতগন্ধ, শ্বেতচন্দন।
শীতগু, চন্দ্র, শশী, হিমকর।
শীতচম্পক, দর্পণ; প্রদীপ।
শীতড়ী, শীতকালীন গাত্রবস্ত্র।
শীতপর্ণী, লতাবিশেষ, অর্কপুষ্পিকা।
শীতপল্লবা, ভূমিজম্বু, ভুঁইজাম।
শীতপুষ্প, শিরীষ বৃক্ষ।
শীতপ্রভ, কর্পূর; শীতল প্রভাযুক্ত।
শীতফল, উডুম্বর, ডুমুর। [যুক্ত।
শীতবল্ক, উডুম্বর, ডুমুর; শীতলবল্কল
শীতবীর্য্য, শীতপ্রধান স্থান; অধিকশীতল। [যুক্ত।
শীতবীর্য্যক, প্লক্ষবৃক্ষ; শীতল বীর্য্য-
শীতলভানু, চন্দ্র, বিধু, হিমাংশু।
শীতভীত, শীত হেতু শঙ্কিত।
শীতভীরু, শীতভীত, হিমশঙ্কিত।
শীতমঞ্জরী, শেফালী, শিউলী।
শীতময়ূখ, চন্দ্র, শশী; কর্পূর।

শীতমরীচি, চন্দ্র, বিধু, শশাঙ্ক।
শীতমূলক, উশীর, বেণার মূল; শীতল মূল যুক্ত।
শীতরম্য, প্রদীপ; শীতে রমণীয়।
শীতরশ্মি, চন্দ্র, বিধু, হিমাংশু।
শীতল, শৈত্য গুণযুক্ত, স্নিগ্ধ; বীরণ মূল; বেণারমূল; বৃক্ষবিশেষ, চম্পক।
শীতলচ্ছদ, চম্পক, চাঁপা; শীতল পত্র।
শীতলজল, স্নিগ্ধ জল; হিমবারি; উৎপল।
শীতলতা, শীতলের ধর্ম্ম; স্নিগ্ধতা।
শীতলত্ব, শীতলের ধর্ম্ম, স্নিগ্ধতা।
শীতলপাটী, বৃক্ষত্বক্ নির্ম্মিত স্নিগ্ধ-আস্তরণ বিশেষ। [দায়ক।
শীতলপ্রদ, চন্দন; হিমদাতা; স্নিগ্ধতা
শীতলবাতক, বৃক্ষ বিশেষ, শীতল বায়ুযুক্ত।
শীতলষষ্ঠী, মাঘমাসের শুক্লা ষষ্ঠী।
শীতলা, বৃক্ষবিশেষ; দেবী বিশেষ, বসন্ত বিস্ফোটকাদির অধিষ্ঠাত্রী দেবী। [ছোপ্।
শীতলী, জলজ বৃক্ষবিশেষ, শিউলী-
শীতশিব, সৈন্ধব লবণ; শৈলেয় নামে গন্ধদ্রব্য বিশেষ।
শীতশিবা, শমীবৃক্ষ, শাঁইগাছ।
শীতশূক, যব; শীতল শূঙা যুক্ত।
শীতসহ, বৃক্ষবিশেষ; শীতে সহনীয়।
শীতক্ষার, শ্বেত টঙ্কণ, শাদা সোহাগা।
শীতা, লাঙ্গল পদ্ধতি; ওষধি বিশেষ, অতিবলা; দূর্ব্বা।
শীতাংশু, চন্দ্র, বিধু, হিমকর।
শীতাংশুতৈল, কর্পূরতৈল।
শীতাঙ্গী, বৃক্ষবিশেষ, শীতল অঙ্গ বিশিষ্ট।
শীতাদ, দন্তরোগ বিশেষ।
শীতাদ্রি, হিমালয় পর্ব্বত, হিমগিরি।
শীতার্ত্ত, শীত দ্বারা পীড়িত, শীতে কাতর, শীতে ক্লিষ্ট।
শীতালু, শীতার্ত্ত, শীতদ্বারা পীড়িত।
শীতাশ্ম, চন্দ্রকান্তমণি; শীতলপ্রস্তর।
শীতীভাব, মুক্তি, মোক্ষ; শীতলত্ব।
শীতোত্তম, জল, বারি, সলিল।
শীত্য, কৃষ্ট, চসা; শীতযোগ্য।
শীৎকার, শ্রেষ্ঠ স্ত্রীদের রতিকালীন ধ্বনি; শিহরণ।
শীৎকৃত, শীৎকার; শ্রেষ্ঠ স্ত্রীদের রতি কালীন ধ্বনি, শিহরণ।
শীধু, পক্ক ইক্ষু রস কৃত মদ্য; মধু।
শীধুগন্ধ, বকুলবৃক্ষ; মদ্যগন্ধ।
শীধুপ, শীধুপানকর্ত্তা, মদ্যপ।
শীন, ঘনীভূত ঘৃতাদি; মূর্খ; অজ-গর সর্প। [গাছ।
শীফালিকা, শেফালিকা বৃক্ষ, শীউলী
শীবল, শৈলেয় নামে গন্ধদ্রব্যবিশেষ; শৈবাল, শেওলা।
শীভর, শীকর, জলকণা; বায়ু।
শীভ্য, শিব, মহাদেব; বৃষ, ষাঁড়।
শীর্ণ, কৃশ, ক্ষীণ; শুষ্ক। [শীর্ণপত্র।
শীর্ণপত্র, কর্ণিকার বৃক্ষ; নিম্ব; বি-
শীর্ণপর্ণ, নিম্ববৃক্ষ; বিশীর্ণপত্র।
শীর্ণপাদ, অন্তক, যম; কৃশ চরণ।
শীর্ণবৃন্ত, ফলবিশেষ, তরমুজ।
শীর্ণমালা, বৃক্ষবিশেষ; বিশীর্ণমাল্য।
শীর্ণাঙ্ঘ্রি, অন্তক, যম; কৃশপাদ।
শীর্ব্বি, অপকারক; হিংসক।
শীর্ষ, মস্তক; শিরোভাগ; শীষ; কৃষ্ণ অগুরু।
শীর্ষক, শিরোরক্ষণ সন্নাহ, টোপ, পাগড়ী; রাহুগ্রহ; মস্তক।
শীর্ষঘাতী, মস্তকচ্ছেদক, শিরশ্ছেদক।
শীর্ষচ্ছেদিক, বধার্হ, বধযোগ্য, হননোপযুক্ত।
শীর্ষচ্ছেদ্য, মস্তকচ্ছেদনোপযুক্ত, বধ্য।
শীর্ষণ্য, শিরোরক্ষণ সন্নাহ, টোপ, টুপী, শিরস্ত্র।
শীর্ষরক্ষ, শিরস্ত্রাণ, টুপি; পাগড়ী।
শীল, স্বভাব; সদ্বৃত্ত; চরিত্র; অজ-গর সর্প।

শীলতা, সচ্চরিত্রতা, সুস্বভাবতা।
শীলন, অভ্যসন; চর্চ্চাকরণ; প্রবর্ত্তন।
শীলবান্, শীল বিশিষ্ট, সৎস্বভাব, সদ্বৃত্ত, সচ্চরিত্র।
শীলা, কৌণ্ডিন্য মুনির পত্নী।
শীলিত, চীর্ণ; অভ্যস্ত। [শেষ।
শীশ, মুখশব্দ বিশেষ; শীৎকার বি-
শুটী, শিম্বী, ছিমড়; কলায়শুটী; ফলত্বক্।
শুঠ, শুণ্ঠী, শুষ্ক আর্দ্রক।
শুঁড, করিকর, শুণ্ড, হাতির শুঁড়।
শুঁড়ী, শুণ্ডী, শৌণ্ডিক; মদ্যবিক্রেতা।
শুক, পক্ষিবিশেষ, শুয়াপাকী; ব্যাস পুত্র; গ্রন্থিপর্ণবৃক্ষ; বস্ত্র; বস্ত্রাঞ্চল, শিরস্ত্রাণ; শিরীষবৃক্ষ; শিয়ালকাঁটা।
শুকচ্ছদ, গ্রন্থিপর্ণবৃক্ষ, গাঁঠিয়াল গাছ।
শুকজিহ্বা, বৃক্ষবিশেষ, শুয়াঠোঁটী।
শুকতরু, শিরীষ বৃক্ষ।
শুকন, শুষ্ক করণ, শোষণ; কৃশ হওন।
শুকনা, শুষ্ক, নীরস; ম্লান। [যুক্ত।
শুকনাস, বৃক্ষ বিশেষ, শুকবৎ নাসা
শুকপুচ্ছ, গন্ধক; শুকপক্ষির লাঙ্গুল।
শুকপ্রিয়, শিরীষবৃক্ষ; শুক বল্লভ।
শুকপ্রিয়া, জম্বু, জাম।
শুকফল, অর্কবৃক্ষ, আকন্দ গাছ।
শুকবর্হ, গন্ধদ্রব্য বিশেষ, গাঁঠিআলা।
শুকবল্লভ, দাড়িম; শুকপক্ষির প্রিয়।
শুকবাহ, কামদেব, শুকপক্ষির বাহক।
শুকা, শুষ্ক; ক্ষীণ, কৃশ।
শুকাখ্যা, বৃক্ষ বিশেষ, শুয়াঠোঁটী।
শুকাদন, দাড়িম; শুকের খাদনীয় দ্রব্য। [করণ।
শুকান, শুষ্ক করণ, শোষণ, নীরস-
শুকী, কশ্যপ মুনি পত্নী; শুকপক্ষিণী।
শুকটি, শুষ্ক, শুকনা; নীরস। [নিষ্ঠুর।
শুক্ত, মাংস, কাঞ্জীক, দ্রবদ্রব্যবিশেষ;
শুক্তি, জলজন্তুবিশেষ, ঝিনুক; চারি-তোলা পরিমাণ।
শুক্তিকা, মুক্তাস্ফোট, ঝিনুক।
শুক্তিজ, মুক্তা, মৌক্তিক।
শুক্তিবীজ, মৌক্তিক, মুক্তা।
শুক্র, মজ্জাজাত ধাতু, পুংস্ত্ব, রেতঃ, বীর্য্য, তেজঃ; গ্রহবিশেষ; দৈত্যগুরু, ভার্গব; চতুর্বিংশতি যোগ; অগ্নি; চিত্রক বৃক্ষ; জ্যৈষ্ঠমাস।
শুক্রকর, মজ্জা; চন্দ্র; বীর্য্যকারক।
শুক্রবার, শুক্রগ্রহের ভোগ্য দিন।
শুক্রভুক, ময়ূর; রেতো ভোজক।
শুক্রভূ, মজ্জা; বীর্য্যজাত।
শুক্রশিষ্য, অসুর, দৈত্য, দানব।
শুক্রাঙ্গ, ময়ূর, কলাপী, শিখী।
শুক্ল, বর্ণবিশেষ, শাদা, শুভ্র; রজত; নবনীত; চক্ষুরোগবিশেষ; শ্বেত-এরণ্ড বৃক্ষ।
শুক্লক, শুক্লপক্ষ, শ্বেতবর্ণ।
শুক্লকণ্ঠক, দাত্যুহপক্ষী, শ্বেতগলযুক্ত।
শুক্লকর্ম্মা, অকৃষ্ণকর্ম্মা, সৎকর্ম্মকারী।
শুক্লকুষ্ঠ, শ্বেতবর্ণ কুষ্ঠরোগ বিশেষ।
শুক্লদুগ্ধ, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।
শুক্লধাতু, কঠিনী, খড়ী, শ্বেতবর্ণ ধাতু দ্রব্য।
শুক্লপক্ষ, সিতপক্ষ, চন্দ্রের বৃদ্ধিকাল।
শুক্লপুষ্প, কুন্দপুষ্পবৃক্ষ; শ্বেত কুসুম-যুক্ত। [পৃষ্ঠযুক্ত।
শুক্লপৃষ্ঠক, বৃক্ষ বিশেষ; শ্বেতবর্ণ-
শুক্লবায়স, বক; শ্বেত কাক। [বৃক্ষ।
শুক্লশাল, গিরিনিম্ববৃক্ষ; শ্বেত শাল-
শুক্লা, সরস্বতী, শর্করা; সুহীবৃক্ষ, সিজগাছ; শ্বেতবর্ণ।
শুক্লাঙ্গী, শেফালিকা, শিউলী; শ্বেত অবয়ব যুক্ত।
শুক্লাপাঙ্গ, ময়ূর; শ্বেতবর্ণ নেত্রান্ত।
শুক্লিমা, শুক্লতা, শ্বেতবর্ণত্ব। [প্রস্তর।
শুক্লোপলা, শর্করা, চিনী; শ্বেতবর্ণ-
শুঙ্গ, বটবৃক্ষ; আম্রাতক বৃক্ষ, আম-ড়াগাছ; শূক, শুঁয়া।
শুঙ্গন, ঘ্রাণ লওন, শোঁকন।
শুঙ্গা, বৃক্ষবিশেষ, ধান্যাদির শূক, ধানের শূঁয়া।

শুঙ্গাকর্ম্ম, পুংসবন, সংস্কার বিশেষ।
শুঙ্গী, প্লক্ষবৃক্ষ; বটবৃক্ষ; শুঙ্গা-বিশিষ্ট, শুঁয়াযুক্ত।
শুচা, শোক, খেদ, মনস্তাপ।
শুচি, অগ্নি; চিত্রক বৃক্ষ; আষাঢ়মাস; শুক্লবর্ণ; শৃঙ্গার রস; গ্রীষ্ম; শুক্ল-গুণবিশিষ্ট, শুদ্ধ, প্রযত।
শুচিতা, শুদ্ধতা, প্রায়ত্য।
শুচিত্ব, শুদ্ধতা, পবিত্রতা।
শুচিদ্রুম, অশ্বত্থবৃক্ষ; শুদ্ধবৃক্ষ।
শুচিপ্রণী, আচমন, আচাম।
শুচিমল্লিকা, নবমালিকা।
শুচিরোচিঃ, চন্দ্র; শুক্লকিরণ।
শুচীরতা, বীর্য্য, বল, শুক্র।
শুণ্ঠী, শুষ্ক আর্দ্রক, শুঁঠ।
শুণ্ড, করিকর, হাতির শুঁড়; মদনির্ঝর।
শুণ্ডক, শৌণ্ডিক, শুড়ী।
শুণ্ডা, মদ্যপান গৃহ; বেশ্যা; সুরা; হস্তিহস্ত, হাতির শুঁড়।
শুণ্ডাপান, মদ্যপান গৃহ, মদ্যস্থান।
শুণ্ডার, শৌণ্ডিক, শুঁড়া।
শুণ্ডাল, হস্তী, করী, দন্তী।
শুণ্ডিকা, অলিজিহ্বা, আলজিব।
শুণ্ডিনী, শুণ্ডির স্ত্রী, শুঁড়িনী।
শুণ্ডিমূষিকা, ছুছুন্দরী, ছুঁচা।
শুণ্ডী, শৌণ্ডিক, শুঁড়ী; হস্তী; হাতি-শুঁড়ার গাছ।
শুতদ্রি, শতদ্রুনদী, শতলজ্ নদী।
শুদ্ধ, নির্দ্দোষ, পবিত্র; অমিশ্রিত; কেবল; সৈন্ধব লবণ, মরিচ।
শুদ্ধজঙ্ঘ, গর্দ্দভ, গাধা; পবিত্র জঙ্ঘা যুক্ত। [লতা।
শুদ্ধবল্লিকা, গুড়ুচীলতা, গুলঞ্চ; পবিত্র-
শুদ্ধমতি, জিনবিশেষ; পবিত্রবুদ্ধি।
শুদ্ধমাংস, মাংস ব্যঞ্জন বিশেষ।
শুদ্ধসত্ত্ব, পবিত্র, প্রয়ত; পরিস্কৃত।
শুদ্ধান্ত, অন্তঃপুর; রাজযোষিৎ; রাজাদের অসর্ব্ব গোচর পুরবিশেষ, অশৌচান্ত।
শুদ্ধান্তপালক, অন্তঃপুর রক্ষক, গৃহ দৌবারিক।
শুদ্ধান্তা, রাজমহিষী, রাজযোষিৎ।
শুদ্ধি, মার্জনা; বৈদিক কর্ম্মার্হত্ব প্র-যোজক সংস্কার বিশেষ; পবিত্রতা; পরিষ্কার।
শুধরণ, শুদ্ধকরণ; সারণ।
শুধরাণ, শুদ্ধকরণ, পরিষ্কার করণ, প্রতীকার করণ।
শুধু, কেবল, শুদ্ধ।
শুন, কুক্কুর, কুকুর।
শুনঃশেফ, মুনিবিশেষ।
শুনক, কুক্কুর, কুকুর।
শুনন, আকর্ণন, শ্রবণ, শুনা।
শুনান, শ্রবণকরাণ, শ্রবণার্থ প্রেরণ।
শুনাশীর, ইন্দ্র, দেবরাজ।
শুনাসীর, দেবরাজ, ইন্দ্র।
শুনি, কুক্কুর, কুকুর।
শুনী, কুক্কুরী; কুষ্মাণ্ডী।
শুনীর, কুক্কুরী সমূহ।
শুন্ধ্যু, অগ্নি, বহ্নি, অনল।
শুন্য, কুক্কুরী সমূহ; রিক্ত।
শুভ, ক্ষেম, মঙ্গল, কল্যাণ; পদ্মকাষ্ঠ; ত্রয়োবিংশ যোগ।
শুভংযু, মঙ্গলান্বিত, কল্যাণযুক্ত।
শুভকর্ম্ম, মাঙ্গল্য ক্রিয়া, কল্যাণজনক কার্য্য। [শেষ।
শুভগন্ধক, বোলনামে গন্ধদ্রব্য বি-
শুভগ্রহ, সৌম্যগ্রহ, মঙ্গলজনক গ্রহ।
শুভঙ্কর, মঙ্গলকারক, ক্ষেমঙ্কর।
শুভঙ্করী, পার্ব্বতী, মঙ্গলকারিণী।
শুভচিন্তক, মঙ্গলচিন্তাকারক, হিতৈষী।
শুভধ্যায়ি, শুভচিন্তক, হিতৈষী।
শুভদ, কল্যাণদায়ক; অশ্বত্থ বৃক্ষ।
শুভদৃষ্টি, বরকন্যার পরস্পর দর্শন।
শুভপত্রিকা, শালপর্ণী বৃক্ষ, শাল-পাইন গাছ; মঙ্গল পত্রিকা।
শুভবাসন, মুখের সুবাসকর গন্ধ।
শুভলগ্ন, সুসময়, শুভক্ষণ।

শুভস্থলী, যজ্ঞভূমি ; মঙ্গলজনকভূমি।
শুভক্ষণ, শুভলগ্ন, শুভসময়।
শুভা, শোভা ; কান্তি ; ইচ্ছা ; বংশরোচনা ; শ্বেতদূর্ব্বা ; দেবসভা ; উমা সখী বিশেষ ; মঙ্গলজনিকা।
শুভাঙ্গী, কুবের পত্নী ; কামদেব পত্নী; মঙ্গল অবয়ব যুক্তা।
শুভাচারা, উমাসখী ; শোভন আচারবতী। [গাছ।
শুভাঞ্জন, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা
শুভাদৃষ্ট,সৌভাগ্য,শুভদায়ক ভাগ্য।
শুভান্বিত, মঙ্গলযুক্ত, কল্যাণ বিশিষ্ট।
শুভিতা, সৌভাগ্য , সুব্যবস্থা ; সুসঙ্গতি। [রৌপ্য।
শুভ্র, শুক্লবর্ণ ; শুক্লগুণযুক্ত ; অভ্রক ;
শুভ্রদন্তী, দিগ্গজ বিশেষ, উত্তর পশ্চিম কোণের অধিপতি।
শুভ্ররশ্মি, চন্দ্র, শশধর ; শ্বেতকিরণ।
শুভ্রাংশু, চন্দ্র, শশাঙ্ক।
শুভ্রি, ব্রহ্মা, প্রজাপতি।
শুম্ভ, দানব বিশেষ। [বধকারিণী।
শুম্ভঘাতিনী,দুর্গা, শুম্ভনামক দৈত্যের
শুম্ভপুর, শুম্ভদৈত্যের পুরী।
শুম্ভমর্দ্দিনী, দুর্গা, ভগবতী।
শুল্ক, ঘট্টাদিতে দেয়, মাসুল ; কর ; বিবাহের পণ।
শুল্ল, রজ্জু, দড়ী; তাম্র,তামা। [কর্ম্ম।
শুল্ব, তাম্র, তামা ; রজ্জু, দড়ী ; যজ্ঞ-
শুশুক, জলজন্তু বিশেষ, শিশুমার।
শুশুমা, শুক্রাচার্য্যের পত্নী।
শুশ্রুবান্, শ্রবণবিশিষ্ট।
শুশ্রূ, মাতা, জননী।
শুশ্রূষক, পরিচারক, শুশ্রূষাকারক, সেবক।
শুশ্রূষণ, সেবা, উপাসন, পরিচরণ।
শুশ্রূষা, উপাসনা, সেবা, পরিচর্য্যা ; শ্রবণেচ্ছা।
শুষণা, শোষ, শুষ্কতা।
শুষি, শোষ, শুষ্কতা ; বিল, ছিদ্র।
শুষির, বিবর, ছিদ্র, রন্ধ্র ; বংশ্যাদির বাদ্য ; ইন্দুর, মূষিক ; অগ্নি।
শুষিরা, নদী ; গন্ধদ্রব্য বিশেষ।
শুষিল, বায়ু, অনিল, বাতাস।
শুষ্ক, নিস্নেহ, শুক্না, নীরস ; ম্লান।
শুষ্কপত্র, স্নেহরহিত দল, শুকনাপাতা; আতপাদি দ্বারা শোষিত পট্টশাক, নালিতা শাক, শুক্তাপাতা।
শুষ্কবৃক্ষ, মৃতগাছ ; নীরস বৃক্ষ।
শুষ্কব্রণ, কিণ, কড়া।
শুষ্কমৎস্য, আতপাদি দ্বারা নিস্নেহীকৃত মীন, শুকটী মাছ।
শুষ্কমাংস, রৌদ্রাদি দ্বারা নীরসীকৃত মাংস।
শুষ্কল, আমিষ, মৎস্য মাংস যুক্ত ; আমিষাশী।
শুষ্কলী, শুষ্কমাংস ; মাংসমাত্র।
শুষ্কাঙ্গ, বৃক্ষ বিশেষ, স্নেহশূন্য-অবয়ব।
শুষ্কাঙ্গী, গোধিকা, গোসাপ।
শুষ্কার্দ্র, শুণ্ঠী, শুঁঠ।
শুষ্ণ, দিবাকর, সূর্য্য ; অগ্নি।
শুষ্ম, তেজঃ, পরাক্রম ; সূর্য্য ; অগ্নি; বায়ু ; পক্ষী।
শুষ্ম , অনল, অগ্নি ; চিত্রক বৃক্ষ।
শুষ্মি, বায়ু, বাতাস ; তেজঃ।
শূক, শ্মশ্রু তীক্ষ্ণাগ্র, শূঁয়া। [পোকা।
শূককীট, শূকযুক্ত কীট বিশেষ, শুয়া-
শূকতৃণ, তৃণবিশেষ, শূকড়ীঘাস।
শূকধান্য,শুঙ্গাযুক্তশস্য,ধান্য যবাদি।
শূকর, পশুবিশেষ, শূওর, বরাহ।
শূকরী, শূকর পত্নী, বরাহী।
শূকরেষ্ট,কেসুর; শূকরের প্রিয়দ্রব্য।
শূকল, দুর্ব্বিনীত ঘোটক, দুষ্টঘোড়া।
শূতিপর্ণ, আরগ্বধ বৃক্ষ, সোঁদালি গাছ। [অন্ত্যবর্ণ।
শূদ্র, চতুর্থ বর্ণ, অবর বর্ণ, জঘন্যজ,
শূদ্রকৃত্য, শূদ্রের কর্ত্তব্য কর্ম্ম।
শূদ্রধর্ম্ম, শূদ্রের শাস্ত্রবিহিতাচার।

শূদ্রপ্রিয়, পলাণ্ডু, পঁ্যাজ; শূদ্রের প্রিয় দ্রব্য।
শূদ্রপ্রেষ্য, শূদ্রের পরিচারক ব্রাহ্মণাদি। [পত্রাদি।
শূদ্রশাসন, শূদ্রের অধিকার বা লেখ্য
শূদ্রা, শূদ্রজাতি স্ত্রী।
শূদ্রান্ন, শূদ্র স্বামিক অন্ন।
শূদ্রাবেদী, শূদ্রাবিবাহ কর্ত্তা ব্রাহ্মণ।
শূদ্রী, শূদ্রভার্য্যা, শূদ্রস্ত্রী।
শূনা, প্রাণিবধস্থান; অধোজিহ্বিকা, আলজিব।
শূনাবান্, প্রাণিবধোপজীবী, কসাই।
শূন্য, আকাশ, বিন্দু; অভাববিশিষ্ট, খালি, রিক্ত; নির্জ্জন।
শূন্যতা, রিক্ততা, অভাবত্ব।
শূন্যবাদী, নাস্তিক।
শূন্যমধ্য, নল; শূন্যগর্ভ বস্তু।
শূন্যস্থান, রিক্তস্থান, নির্জ্জন স্থল।
শূন্যহস্ত, রিক্তহস্ত, খালিহাত।
শূন্যা, নলী; ফণিমনসা; বন্ধ্যা।
শূন্যালয়, নির্জ্জনগৃহ, খালিঘর।
শূপকার, শূদ্রাদির পাচক; রসুইয়া, রন্ধনকর্ত্তা।
শূম, কৃপণ, অদাতা, ব্যয়কুণ্ঠ।
শূয়া, শূঙ্গা, শুঁয়া।
শূয়াপোকা, কীটবিশেষ, কণ্টকীকীট।
শূয়ার, শূকর, বরাহ।
শূর, বীর, শৌর্য্যশালী; যাদব, শ্রীকৃষ্ণের পিতামহ; সূর্য্য; সিংহ; শূকর।
শূরণ, মূলবিশেষ, ওল।
শূরতা, শৌর্য্য, বিক্রম, বীর্য্য।
শূরত্ব, শৌর্য্য, বীর্য্য, বল।
শূরসেন, রাজাবিশেষ; দেশবিশেষ।
শূর্প, তণ্ডুলাদি স্ফোটনার্থ বংশাদি নির্ম্মিত পাত্রবিশেষ, কুলা; দ্রোণদ্বয় পরিমাণ।
শূর্পকর্ণ, হস্তী; কুলার তুল্য কর্ণযুক্ত।
শূর্পনখা, রাবণের ভগিনী।
শূর্পনখী, রাবণ ভগিনী।

শূর্পবাত, শূর্পের বায়ু, কুলার বাতাস।
শূর্পশ্রুতি, হস্তী, করী, মাতঙ্গ।
শূর্পী, ক্ষুদ্রশূর্প, ছোটকুলা; শূর্পনখা, রাবণ ভগিনী।
শূর্ম্মী, লৌহপ্রতিমা।
শূর্ম্মি, লৌহময় অস্ত্রবিশেষ।
শূল, রোগবিশেষ; অস্ত্রবিশেষ, বর্শা, সুতীক্ষ্ণ অয়ঃকীলক।
শূলক, দুর্ব্বৃত্ত ঘোটক।
শূলঘ্ন, বৃক্ষবিশেষ; শূলঘাতক।
শূলদ্বিট্, হিঙ্গু, হিং।
শূলধন্বা, মহাদেব, শিব।
শূলধর, শিব, মহাদেব।
শূলধরা, দুর্গা, ভগবতী।
শূলধারিণী, দুর্গা, ভগবতী।
শূলধৃক্, দুর্গা; মহাদেব।
শূলন, বেদনাকরণ, পীড়ন।
শূলব্যথা, শূলরোগ, শূলবেদনা।
শূলশত্রু, এরণ্ডবৃক্ষ, ভেরাণ্ডা গাছ।
শূলহন্ত্রী, যবানী, যোয়ানি।
শূলহৃৎ, হিঙ্গু, হিং।
শূলা, দুষ্টবধার্থ কীলক; বেশ্যা।
শূলাকৃত, লৌহাদি শলাকায় বিদ্ধ করিয়া পক্ব মাংস, কাবাব।
শূলিক, লৌহশলাকা দ্বারা দগ্ধ মাংস, কাবাব; শশক, খরগোষ, শূলযুক্ত।
শূলিনী, শূলধারিণী; দুর্গা, পার্ব্বতী।
শূলী, শিব, মহাদেব; শূলাস্ত্রধারক; শূলরোগ যুক্ত।
শূলফী, লৌহশলাকা; লৌহ নির্ম্মিত অস্ত্র বিশেষ। [মাংস, কাবাব।
শূল্য, লৌহাদি শলাকা দ্বারা দগ্ধ
শূক্ষ্ম, অল্প; অস্থূল, সরু, মিহি।
শৃকাল, শৃগাল, জম্বুক, শিবা, গোমায়ু, ফেরু, শিয়াল।
শৃগালকণ্টক, ক্ষুদ্রবৃক্ষ বিশেষ, শেয়াল কাঁটার গাছ। [কুলগাছ।
শৃগালকোলি, ক্ষুদ্রকোলিবৃক্ষ, শেয়া-
শৃগালিকা, শৃগালপত্নী, শেয়ালী,

ক্ষুদ্রশৃগাল ; খেঁকশিয়ালী।
শৃগালী, শৃগাল পত্নী, শিয়ালী ; খেঁক-শিয়ালী।
শৃঙ্খল, পুরুষের কট্যাভরণ, গোট ; হস্ত্যাদির লৌহময় পদবন্ধন, আঁদু, দাঁড়ুকা ; লৌহরজ্জু, শিকল ; বেড়ী।
শৃঙ্খলক, উষ্ট্র, উট ; শৃঙ্খল, শিকল।
শৃঙ্খলা, নিগড়, শিকল ; পুরুষের কটীবস্ত্রবন্ধ ; নিয়ম, রীতি।
শৃঙ্খলিত, শৃঙ্খলাযুক্ত; নিগড়িত, বদ্ধ।
শৃঙ্খলী, শৃঙ্খলযুক্ত ; বৃক্ষবিশেষ।
শৃঙ্গ, পর্ব্বতের উপরি ভাগ, কূট, শৈলাগ্র, শিখর; ক্রীড়াজল যন্ত্র; বিষাণ, সিং ; মহিষাদির শৃঙ্গনির্ম্মিত বাদ্য-বিশেষ, শিঙ্গা ; মুনিবিশেষ।
শৃঙ্গক, বৃক্ষবিশেষ, জীরক বৃক্ষ।
শৃঙ্গকন্দ, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।
শৃঙ্গজ, অগুরু ; শর, বাণ ; শৃঙ্গজাত।
শৃঙ্গবান্, পর্ব্বত বিশেষ ; শৃঙ্গবিশিষ্ট।
শৃঙ্গবের, আর্দ্রক, আদা ; শুণ্ঠী, শুঁঠ ; গুহ চণ্ডালের পুরী।
শৃঙ্গবেরক, আর্দ্রক, আদা।
শৃঙ্গমূল, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানীফল।
শৃঙ্গমোহী, চম্পক, চাঁপা।
শৃঙ্গাট, চতুষ্পথ, চৌমাথা রাস্তা ; পানীফল ; কামাখ্যাদেশস্থ পর্ব্বত-বিশেষ।
শৃঙ্গাটক, চতুষ্পথ, চৌমাথা রাস্তা ; জলজ লতাফল বিশেষ ; পানীফল, শিঙ্গাড়া।
শৃঙ্গার, সুরত, রতিক্রিয়া ; রমণ, মৈথুন ; নাট্যরস ; লবঙ্গ ; সিন্দূর ; আর্দ্রক, আদা ; গজভূষণ।
শৃঙ্গারক, সিন্দুর ; শৃঙ্গবিশিষ্ট।
শৃঙ্গারভূষণ, সিন্দূর, সিঁদুর।
শৃঙ্গারযোনি, কামদেব, মদন, কন্দর্প।
শৃঙ্গারী, শৃঙ্গার বিশিষ্ট ; সুবেশ ; গুবাক, সুপারী ; হস্তী, হাতী।
শৃঙ্গি, মৎস্যবিশেষ, শিঙ্গীমাছ।
শৃঙ্গিক, বিষ বিশেষ, একপ্রকার কাল-কূট।
শৃঙ্গিণ, মেষ, মেড়া, ভেড়া।
শৃঙ্গিণী, গো, রু ; শৃঙ্গবিশিষ্টা ; শ্লেষ্মঘ্নী বৃক্ষ ; মল্লিকা বৃক্ষ ; জ্যোতিষ্মতী-বৃক্ষ।
শৃঙ্গী, শৃঙ্গযুক্ত ; হস্তী ; বৃক্ষ ; পর্ব্বত ; মৎস্যবিশেষ, শিঙ্গীমাছ ; ওষধি-বিশেষ।
শৃঙ্গীকনক, অলঙ্কারের সুবর্ণ।
শৃণি, অঙ্কুশ, ডাঙ্গশ।
শৃত, পক্ব ক্ষীর, পক্ব ঘৃত, পক্বদুগ্ধ।
শেধু, বুদ্ধি ; গুহ্যদ্বার।
শেধূ, কুৎসিত, মন্দ ; অপান, গুহ্যদেশ।
শেখ, যবন জাতির উপাধি বিশেষ।
শেখর, শিখাবস্থিত মাল্য ; শৈলশৃঙ্গ ; লবঙ্গ ; শজিনার মূল।
শেখরী, শৃঙ্গবিশিষ্ট ; লতা বিশেষ।
শেপ, শিশ্ন, লিঙ্গ, মেঢ্র।
শেপাল, শৈবাল, শেওলা।
শেফ, শিশ্ন, লিঙ্গ, উপস্থ।
শেফালি, পুষ্পবৃক্ষ বিশেষ, শিউলী।
শেফালিকা, বৃক্ষবিশেষ, শিউলীগাছ।
শেফালী, পুষ্প বৃক্ষ বিশেষ, শেফা-লিকা বৃক্ষ।
শেব, উপস্থ, শিশ্ন, মেঢ্র ; উন্নত, উচ্চ ; অহি, সর্প।
শেবধি, নিধি, রত্ন, মাণিক্য।
শেবল, শৈবাল, শেওলা।
শেবলিনী, নদী, সরিৎ, তটিনী।
শেবাল, শৈবাল, শেওলা।
শেমুষী, বুদ্ধি, জ্ঞান, মতি।
শেয়ান, চতুর ; চালাক ; ধূর্ত্ত।
শেয়াল, শৃগাল, শিবা।
শেয়ালকাঁটা, কণ্টকময় বৃক্ষ বিশেষ।
শেয়ালা, শৈবাল, শেওলা।
শেল, শল্যনামে অস্ত্রবিশেষ ; শূল।
শেলু, বহুবারক বৃক্ষ, চালতাগাছ।
শেষ, অবশিষ্ট ; প্রসাদ ; বলদেব ;

অনন্ত নাগ; ভগবানের দ্বিতীয়া মূর্ত্তি; সমাপন, অনন্তর; সীমা।
শেষকাল, অন্ত্য সময়; চরমকাল।
শেষত্ব, অবশিষ্টত্ব; শেষের ধর্ম্ম।
শেষবেলা, বৈকাল, অপরাহ্ন, দিনশেষ।
শেষভুক্, উচ্ছিষ্ট ভোজী; শেষ আহারকারী।
শেষমন্দ, পশ্চাৎ ক্ষতি, পরে দুর্গতি।
শেষরাত্রি, রাত্রিশেষ; নিশাবসান।
শেষাবস্থা, শেষদশা; বৃদ্ধাবস্থা।
শেষে, অন্তে; পশ্চাতে, উত্তরকালে।
শৈখরিক, অপামার্গবৃক্ষ, আপাংগাছ।
শৈত্য, শীতলত্ব, স্নিগ্ধতা। [ত্বরতা।
শৈথিল্য, শিথিলত্ব; আলস্য; অস-
শৈনেয়, সাত্যকি, শ্রীকৃষ্ণের সারথি।
শৈব, শৈবাল, শেওলা; শিবপুরাণ; শিবসম্বন্ধীয়; শিবোপাসক; আচার বিশেষ। [শেওলা; পদ্মকাষ্ঠ।
শৈবল, জলজ তৃণ বিশেষ, শৈবাল,
শৈবলিনী, নদী, হ্রদিনী, তটিনী।
শৈবাল, জলজ দ্রব্যবিশেষ, শেওলা।
শৈব্য, শ্রীকৃষ্ণের ঘোটক বিশেষ; পাণ্ডবদের সেনাপতি বিশেষ; শিব সম্বন্ধীয়। [গিরি, ভূধর।
শৈল, শৈলেয়, শিলাজতু; পর্ব্বত,
শৈলক, শৈলজ নামে গন্ধদ্রব্যবিশেষ।
শৈলগন্ধ, চন্দনবিশেষ, শারব চন্দন।
শৈলজ, সুগন্ধি দ্রব্যবিশেষ, শৈলেয়।
শৈলজা, সৈংহলী লতা; গজপিপ্পলী; পার্ব্বতী, দুর্গা।
শৈলধন্বা, মহাদেব, শিব, শম্ভু।
শৈলধর, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
শৈলপত্র, বিল্ববৃক্ষ, শ্রীফল।
শৈলভিত্তি, টঙ্ক, সোহাগা।
শৈলরাজ, হিমালয় পর্ব্বত।
শৈলরাজসুতা, দুর্গা, পার্ব্বতী। [বিধি।
শৈলশিবির, সমুদ্র, পয়োনিধি, বা-
শৈলসুতা, পার্ব্বতী, দুর্গা; নওয়া-ফটকী গাছ।
শৈলাখ্য, শৈলজ নামে গন্ধদ্রব্য-বিশেষ।
শৈলাগ্র, শিখর, পর্ব্বতের শৃঙ্গ।
শৈলাজ, সুগন্ধি দ্রব্যবিশেষ।
শৈলাট, সিংহ; কিরাত, ব্যাধ।
শৈলালী, নট, নর্ত্তক।
শৈলী, সঙ্কেত; কৌশল।
শৈলূষ, বিল্ববৃক্ষ; নট, নর্ত্তক; ধূর্ত্ত।
শৈলূষিক, শৈলূষিক জাতীয়া স্ত্রী, নটী।
শৈলেন্দ্র, হিমালয়; পর্ব্বত শ্রেষ্ঠ।
শৈলেয়, শৈলজ নামে গন্ধদ্রব্য বিশেষ, সিংহ, ভ্রমর।
শৈলেয়ী, পার্ব্বতী, দুর্গা।
শৈল্য, শিলাসম্বন্ধীয়।
শৈশব, শিশুত্ব, বালকত্ব, বাল্য।
শৈশবাবস্থা, বাল্যকাল, বাল্যাবস্থা।
শৈশির, শ্যামবর্ণ চটক পক্ষী; শিশির-সম্বন্ধীয়। [পনা।
শৈষ্যোপাধ্যায়িক, শিষ্যদের অধ্য-
শৈক্ষিক, শিক্ষাশাস্ত্র বেত্তা।
শোওন, শয়ন, শয্যা গ্রহণ।
শোঁকন, ঘ্রাণ লওন, গন্ধ গ্রহণ।
শোক, চিত্তবিকলতা, ইষ্টবিয়োগ-অনিষ্ট প্রাপ্তি জনিত মনঃপীড়া, মন্যু, শুচা, খেদ।
শোকনাশন, অশোক বৃক্ষ।
শোকহারী, বনবাবুই; শোকনাশক।
শোকান্বিত, শোকযুক্ত, খেদিত, ক্ষুব্ধ।
শোকার্ত্ত, শোকে পীড়িত, সন্তাপিত।
শোচন, শোক করণ, মনঃপীড়া প্রকাশন।
শোচনা, শোকোৎপাদন; বিলাপ।
শোচি, প্রভা, দীপ্তি, রশ্মি।
শোচিষ্কেশ, অগ্নি, বহ্নি; চিত্রকবৃক্ষ, চিতা গাছ।
শোচ্যক, অবর, কনিষ্ঠ, ক্ষুদ্র, ছোট।
শোটীর্য্য, বীর্য্য; পরাক্রম।
শোঠ, মূর্খ; অলস; ধূর্ত্ত; নীচ, পাপে রত।

শোণ, সিন্দূর বর্ণ, রক্তবর্ণ; নদবিশেষ; অগ্নি; শ্যোনাক বৃক্ষ; সমুদ্র বিশেষ।
শোণক, বৃক্ষবিশেষ, শোণাক বৃক্ষ।
শোণপদ্মক, রক্ত কমল, রক্ত পদ্ম।
শোণপুষ্পক, বৃক্ষ বিশেষ।
শোণরত্ন, মণিবিশেষ, পদ্মরাগ মণি।
শোণা, শোণবর্ণ যুক্তা; শোণামুখী; শুক নাসিকা।
শোণিত, রক্ত, রুধির; কুঙ্কুম।
শোণিতচন্দন, রক্তচন্দন।
শোণিতাহ্বয়, রক্তবর্ণ সুগন্ধি চূর্ণ-বিশেষ, কুঙ্কুম।
শোণিতোৎপল, রক্তোৎপল।
শোণী, রক্তোৎপল তুল্য বর্ণা স্ত্রী।
শোণোপল, রত্নবিশেষ, মাণিক্য, মণি।
শোথ, রোগবিশেষ, স্ফীততা, গোদ।
শোথক, শোথ; গোদ, শ্লীপদ।
শোথঘ্নী, পুনর্নবাশাক; শালপর্ণীবৃক্ষ; শালপাইন গাছ; শোথনাশক।
শোথহৃৎ, শোথহারক; বৃক্ষবিশেষ।
শোধ, শোধন, বৈরনির্যাতন; প্রতি-ক্রিয়া।
শোধক, শুদ্ধিকারক, শোধনকর্ত্তা।
শোধন, শুদ্ধকরণ; নির্দ্দোষী করণ; পরিষ্কার করণ; শৌচ; লিখিত পত্রা-দির প্রমাণীকরণ।
শোধনী, সংমার্জ্জনী, ঝাঙ্গরা।
শোধনীবীজ, জয়পালের বীচী।
শোধনীয়, শোধিতব্য, শোধ্য।
শোধিত, শুদ্ধকরা; মক্ষিকাদির অপ-নয়নের দ্বারা কৃত শোধন ব্যঞ্জনাদি; সংমৃষ্ট; অপনীত মল।
শোফ, শোথরোগ; গোদ, শ্লীপদ।
শোফহৃৎ, ভল্লাতক, ভেলা; শোথ রোগ নাশক। [পঞ্চম যোগ।
শোভন, শোভাজনক; সুন্দর; গ্রহ;
শোভনক, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা-গাছ; শোভন শব্দ কারক।
শোভনা, হরিদ্রা; গোরোচনা।
শোভা, দীপ্তি; কান্তি, দ্যুতি, ছবি; হরিদ্রা, গোরোচনা।
শোভাকর, দীপ্তিমান্; শোভাযুক্ত।
শোভাঞ্জন, বৃক্ষবিশেষ, শজিনা গাছ।
শোভান্বিত, শোভাযুক্ত, দীপ্তিবিশিষ্ট।
শোভিত, শোভা বিশিষ্ট, প্রভাযুক্ত।
শোয়া, শয়ন; নিদ্রা যাওন।
শোলা, জলজতৃণবিশেষ। [যক্ষ্মারোগ।
শোষ, শোষণ, শুষ্কতা; রসাকর্ষণ;
শোষক, রসাকর্ষক, শোষণকর্ত্তা।
শোষণ, রসাকর্ষণ, চোষণ; স্নেহ রহিত করণ; কামদেবের বাণ বিশেষ।
শোষিত, কৃতশোষণ, চোষা।
শৌক্তিকেয়, মুক্তা, মৌক্তিক।
শৌক্তেয়, মুক্তা, শুক্তি সম্বন্ধীয়।
শৌক্ল্য, শুক্লতা, শুভ্রত্ব।
শৌচ, শুচিতা, শুচিত্ব, শুদ্ধি।
শৌচাচার, শুদ্ধিকর্ম্ম, শুদ্ধাচার।
শৌচিক, বর্ণসঙ্কর জাতি বিশেষ।
শৌচেয়, রজক, ধোবা।
শৌটীর, বীর; গর্ব্বান্বিত।
শৌটীর্য্য, বীর্য্য; গর্ব্ব, দর্প।
শৌণ্ড, মত্ত; বিহ্বল।
শৌণ্ডর্য্য, অহঙ্কার; গর্ব্ব। [শুঁড়ী।
শৌণ্ডিক, অন্ত্যজ জাতি বিশেষ,
শৌণ্ডী, শৌণ্ডিক জাতি, শুঁড়ী।
শৌণ্ডীর, অহঙ্কারী, গর্ব্বিত।
শৌদ্র, শূদ্রাপুত্র; শূদ্রাসম্বন্ধীয়।
শৌন, মাংস বিক্রয়ী; সজীবী।
শৌনক, মুনিবিশেষ।
শৌনিক, মাংস বিক্রয়কর্ত্তা; মৃগয়া।
শৌবস্তিক, ভাবি দিন স্থায়ি বস্তু।
শৌবাপদ, শ্বাপদ সম্বন্ধীয়, জন্তু-সম্পর্কীয়।
শৌভ, দেবতা; গুবাক, সুপারী; হরিশ্চন্দ্ররাজার পুরী। [গাছ।
শৌভাঞ্জন, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা

শৌভিক, ইন্দ্রজালিক, মায়াবী, ভোজ বিদ্যা ব্যবসায়ী।
শৌরি, বিষ্ণু ; শনৈশ্চর গ্রহ।
শৌর্পিক, শূর্পপরিমিত, কুলা পরিমাণ।
শৌর্য্য, শূরত্ব, বিক্রম, বল।
শৌল্ক, শুল্ক সম্বন্ধীয় ; মাস্থল গ্রহণে নিযুক্ত। [নিযুক্ত।
শৌল্কিক, শুল্কাধ্যক্ষ, মাস্থল গ্রহণে
শৌল্লিক, কাংস্যকার, কাঁসারি।
শৌষ্কিল, আমিষাশী, মৎস্য মাংস ভোজন শীল। [ভূমি।
শ্মশান, শবদাহস্থান, পিতৃবন, প্রেত-
শ্মশানকালী, কালিকা বিশেষ।
শ্মশানবাসিনী, দেবীবিশেষ, কালিকা দেবী। [স্থানে বাসকর্ত্তা।
শ্মশানবাসী, শিব, মহাদেব ; শবদাহ
শ্মশানবেশ্মা, শিব, মহাদেব, মহেশ।
শ্মশানালয়বাসিনী, দেবীবিশেষ, কালী।
শ্মশ্রু, পুরুষের মুখে বর্দ্ধিত লোম, দাড়ী।
শ্মশ্রুধারী, মুখলোম বিশিষ্ট, দাড়ী-ওয়ালা। [স্ত্রী।
শ্মশ্রুমুখী, শ্মশ্রুযুক্তা নারী, দাড়ীযুক্তা
শ্মশ্রুল, শ্মশ্রুবিশিষ্ট, দাড়ীওয়ালা।
শ্যাকুল, কণ্টকময় লতা বিশেষ।
শ্যাব, কপিশ বর্ণ, কৃষ্ণ পীত মিশ্রবর্ণ।
শ্যাবদন্ত, স্বাভাবিক কৃষ্ণবর্ণ দশনযুক্ত; প্রধান দন্তদ্বয় মধ্যস্থ ক্ষুদ্রদন্ত বিশিষ্ট, প্রধান দন্তোপরি দন্তান্তর যুক্ত।
শ্যাম, কৃষ্ণ গুণ বিশিষ্ট ; কালবর্ণ ; শ্রীকৃষ্ণ ; কোকিল, ধুস্তুর ; পীলুবৃক্ষ ; দমনক বৃক্ষ ; গন্ধতৃণ।
শ্যামক, রোহিষতৃণ, শ্যামাঘাস।
শ্যামকণ্ঠ, ময়ূর ; শিব ; পক্ষিবিশেষ।
শ্যামকাণ্ডা, গণ্ডদূর্ব্বা, গাঁঠিয়া দূর্ব্বা।
শ্যামপত্র, বৃক্ষবিশেষ, তমাল বৃক্ষ।
শ্যামল, কৃষ্ণবর্ণ ; কৃষ্ণগুণ বিশিষ্ট।
শ্যামলচূড়া, গুঞ্জা, কুঁচ।
শ্যামলতা, লতাবিশেষ, শ্যামা লতা ; কালিমা, শ্যামত্ব।
শ্যামলা, পার্ব্বতী ; বৃক্ষবিশেষ।
শ্যামলেক্ষু, কৃষ্ণবর্ণ ইক্ষু, কাজলী-আউক।
শ্যামসুন্দর, শ্রীকৃষ্ণ, বিষ্ণু।
শ্যামা, দেবী বিশেষ, কালিকা ; কৃষ্ণা, কৃষ্ণবর্ণা ; পক্ষিবিশেষ ; বিশেষগুণ যুক্তা স্ত্রী; অপ্রসূতাস্ত্রী; প্রিয়ঙ্গু বৃক্ষ; যমুনা ; রাত্রি ; গুগ্‌গুলু ; সোমলতা ; গুড়চী লতা ; কস্তুরী ; নীলদূর্ব্বা ; তুলসী।
শ্যামাক, তৃণধান্য বিশেষ, শ্যামাধান।
শ্যামাঙ্গ, বুধগ্রহ ; কৃষ্ণবর্ণ কলেবর।
শ্যামাসুন্দরী, দেবীবিশেষ, কালিকা।
শ্যাল, পত্নীর ভ্রাতা, শ্যালা।
শ্যালা, পত্নীর ভ্রাতা, শ্যালক।
শ্যালিক, শ্যাল, পত্নীর ভ্রাতা, শ্যালা।
শ্যালিকা, পত্নীর ভগিনী, শ্যালী, কেলি কুঞ্চিকা।
শ্যালী, পত্নীর ভগিনী, শালী।
শ্যেত, শ্বেত, শুক্লবর্ণ, শাদা।
শ্যেতকোলক, মৎস্যবিশেষ, পুঁটীমাছ।
শ্যেন, পাণ্ডুর বর্ণ, পক্ষিবিশেষ, সচান বা বাজপক্ষী ; যাগবিশেষ।
শ্যেনচিৎ, শ্যেনপক্ষি রক্ষক।
শ্যেনী, শ্বেতবর্ণা ; শ্যেনপক্ষির পত্নী।
শ্যৈনম্পাতা, মৃগয়া, শিকার।
শ্যোনাক, বৃক্ষবিশেষ, শোনাগাছ।
শ্রথন, বধ ; যত্ন ; পুনঃ২ হর্ষণ ; বন্ধন ; শিথিলী করণ। [ভক্তিমান।
শ্রদ্দধান, শ্রদ্ধাযুক্ত, শ্রদ্ধা বিশিষ্ট,
শ্রদ্ধা, শাস্ত্রার্থে দৃঢ় প্রত্যয় ; ভক্তি ; দৃঢ়বিশ্বাস ; আদর ; স্পৃহা ; মনের প্রসন্নতা।
শ্রদ্ধান্বিত, ভক্তিমান, শ্রদ্ধাবিশিষ্ট।
শ্রদ্ধাবান্, শ্রদ্ধাযুক্ত, শ্রদ্ধা বিশিষ্ট, ভক্তিমান।
শ্রদ্ধালু, শ্রদ্ধাযুক্ত, শ্রদ্ধাবিশিষ্ট।

শ্রদ্ধাশালী, শ্রদ্ধান্বিত, শ্রদ্ধাবিশিষ্ট।
শ্রন্থন, গ্রন্থন, গাঁথন।
শ্রন্থিত, গ্রন্থিত বদ্ধ; মুক্ত; হর্ষিত।
শ্রপিত, ঘৃতদুগ্ধ জলভিন্ন পক্কদ্রব্য।
শ্রপিতা, কাঞ্জিক, কাঁজী।
শ্রব, শ্রবণ, কর্ণ; ক্ষরণ, স্বরণ।
শ্রবণ, কর্ণ, শ্রুতি; কর্ণেন্দ্রিয় জন্য জ্ঞান, শুনা, শুনন; নক্ষত্রবিশেষ, শ্রবণা নক্ষত্র। [শুক্ল দ্বাদশী।
শ্রবণদ্বাদশী, শ্রবণা নক্ষত্র যুক্ত ভাদ্র
শ্রবণা, নক্ষত্র বিশেষ, অশ্বিনী আদি ২৭ নক্ষত্রের অন্তর্গতদ্বাবিংশ নক্ষত্র।
শ্রবণীয়, শ্রবণার্হ, শুনিবার যোগ্য।
শ্রবণেন্দ্রিয়, যে ইন্দ্রিয় দ্বারা শব্দগ্রহণ হয়, কর্ণ, কাণ।
শ্রবাপ্য, বলিযোগ্য পশু, যজ্ঞিয় পশু।
শ্রব্য, শ্রোতব্য, শ্রবণার্হ বাক্যাদি।
শ্রম, খেদ; ক্লান্তি; ক্লেশ, পরিশ্রম।
শ্রমান্বিত, শ্রমাসক্ত, শ্রমযুক্ত, পরিশ্রমী।
শ্রমী, শ্রমবিশিষ্ট, শ্রমশীল।
শ্রয়, আশ্রয়, অবলম্বন।
শ্রয়ণ, আশ্রয়; অবলম্বন।
শ্রাণ, পক; ঘৃতদুগ্ধ জলভিন্ন পকদ্রব্য।
শ্রাণা, যবাগূ, যাউ।
শ্রাদ্ধ, শাস্ত্রোক্ত বিধান পূর্ব্বক পিতৃকর্ম্ম, পিতৃকৃত্য; শ্রদ্ধাযুক্ত কর্ম্ম।
শ্রাদ্ধকর্ত্তা, শ্রাদ্ধ কারক।
শ্রাদ্ধকাল, শ্রাদ্ধের বিহিত সময়।
শ্রাদ্ধদেব, যম, অন্তক কাল। [দ্রব্য।
শ্রাদ্ধিক, শ্রাদ্ধভোক্তা; শ্রাদ্ধ সম্বন্ধীয়
শ্রাদ্ধী, শ্রাদ্ধ ভোক্তা।
শ্রাদ্ধীয়, শ্রাদ্ধের দ্রব্য।
শ্রান্ত, শ্রমযুক্ত; ক্লান্ত, অবসন্ন।
শ্রান্তি, অবসাদ, শ্রম, ক্লেশ।
শ্রাব, শ্রবণ, শুনন।
শ্রাবক, শাক্যমুনির শিষ্যবিশেষ; কাক; শ্রোতা, শ্রবণকর্ত্তা।
শ্রাবণ, চতুর্থমাস, শ্রাবণিক; শ্রবণা নক্ষত্র সম্বন্ধীয়; শ্রবণকরাণ, শুনান।
শ্রাবণিক, শ্রাবণমাস, নভঃ। [বিশেষ।
শ্রাবণী, শ্রাবণ মাসীয় পূর্ণিমা; বৃক্ষ-
শ্রাম, মাস; মণ্ডপ; কাল।
শ্রায়, শ্রয়ণ, আশ্রয়; শ্রীসম্বন্ধীয়।
শ্রায়স, কল্যাণজাত, শুভদ।
শ্রিত, সেবিত; আশ্রিত।
শ্রিতবান্, সেবাকারক, পরিচারক, আশ্রয়কারী। [মানে।
শ্রিয়ম্মন্যা, যে আত্মাকে শ্রী করিয়া
শ্রী, লক্ষ্মী; সরস্বতী; শোভা, বিভূতি; সম্পত্তি; প্রভা; কীর্ত্তি; বিল্ববৃক্ষ; ঋদ্ধিনামা ঔষধ; রাগবিশেষ, পঞ্চম রাগ। [দেশ।
শ্রীকণ্ঠ, শিব, মহাদেব; কুরুজাঙ্গল
শ্রীকণ্ঠসখ, কুবের, ধনেশ।
শ্রীকর, রক্তোৎপল, বিষ্ণু; স্মৃতি গ্রন্থকার বিশেষ, শোভাকারক।
শ্রীকরণ, লেখনী, কলম; শোভাকরণ।
শ্রীকান্ত, বিষ্ণু, নারায়ণ।
শ্রীকারী, মৃগবিশেষ, কুরঙ্গ।
শ্রীখণ্ড, চন্দন, গন্ধ।
শ্রীগর্ভ, বিষ্ণু, নারায়ণ; খড়্গ, খাঁড়া।
শ্রীগ্রহ, পক্ষির পানীয় শালা, শকুনিপ্রপা।
শ্রীজ, কামদেব, মদন; লক্ষ্মীপুত্র।
শ্রীতাল, তালবৃক্ষ সদৃশ বৃক্ষবিশেষ।
শ্রীদ, কুবের, ধনপতি; শোভাদাতা।
শ্রীধর, বিষ্ণু; শালগ্রাম বিশেষ।
শ্রীনন্দন, কামদেব; লক্ষ্মীপুত্র।
শ্রীনিকেতন, বিষ্ণু; শ্রীকৃষ্ণ।
শ্রীপতি, নারায়ণ, বিষ্ণু; পৃথিবীনাথ।
শ্রীপথ, রাজপথ, রাজমার্গ।
শ্রীপর্ণ, পদ্ম, কমল; বৃক্ষবিশেষ।
শ্রীপিষ্ট, সরলবৃক্ষ রস; টার্পিন; ধুনা।
শ্রীপুত্র, অশ্ব, ঘোটক; কামদেব।
শ্রীফল, বিল্ববৃক্ষ, বেলগাছ।
শ্রীফলা, নীলীবৃক্ষ; ক্ষুদ্র কারবেল্লী, ছোট করলা।

শ্রীফলিকা, ক্ষুদ্রকারবেল্লী, ছোটকরলা।
শ্রীফলী, আমলকী; নীলীবৃক্ষ।
শ্রীবৎস, বিষ্ণু, বিষ্ণুর চিহ্ন বিশেষ।
শ্রীবৎসভৃৎ, বিষ্ণু, নারায়ণ।
শ্রীবরাহ, বিষ্ণু, নারায়ণ।
শ্রীবল্লী, কণ্টকবৃক্ষ বিশেষ, কণ্টবল্লী।
শ্রীবাস, সরলবৃক্ষরস, টারপিন্; বিষ্ণু; নারায়ণ; শিব।
শ্রীবাসা, সরলবৃক্ষের দ্রব, টারপিন্।
শ্রীবিদ্যা, মহাবিদ্যা বিশেষ, ত্রিপুরা সুন্দরী।
শ্রীবৃক্ষ, অশ্বত্থবৃক্ষ; বিল্ববৃক্ষ।
শ্রীবেষ্ট, সরলবৃক্ষ নির্যাস, টারপিন্; ধুনা। [বিশেষ।
শ্রীভাগবত, বেদব্যাসপ্রণীত মহাপুরাণ
শ্রীভ্রষ্ট, শ্রীহীন, বিশ্রী; দুর্ভাগ্য।
শ্রীভ্রাতা, অশ্ব, ঘোটক; চন্দ্র।
শ্রীমতী, শ্রীযুক্তা; জীবিত স্ত্রীলোকের নামের পূর্ব্বে সদা প্রযুক্তা হয়।
শ্রীমৎ, শ্রীবিশিষ্ট; ঐশ্বর্য্যবন্ত।
শ্রীমান্, শ্রীবিশিষ্ট, ধনী; বিষ্ণু; শিব; কুবের; তিলগাছ, অশ্বত্থবৃক্ষ।
শ্রীমুখ, পত্রপৃষ্ঠে লিখিত শ্রীশব্দ; শোভাযুক্ত মুখ।
শ্রীমূর্ত্তি, দেববিগ্রহ, বিষ্ণুপ্রতিমা।
শ্রীযুক্ত, লক্ষ্মীবিশিষ্ট; শ্রীমান্, শোভান্বিত। [ন্বিত।
শ্রীযুত, লক্ষ্মীবান্, শ্রীবিশিষ্ট, শোভা-
শ্রীরঙ্গপত্তন, দেশ বিশেষ, সারংপটাম দেশ।
শ্রীরাগ, ছয় রাগের মধ্যে তৃতীয়রাগ।
শ্রীরাম, রামচন্দ্র, দশরথপুত্র, ত্রেতাবতার। [যুক্ত।
শ্রীল, শ্রীবিশিষ্ট; লক্ষ্মীবান; শোভা-
শ্রীলতা, মহাজ্যোতিষ্মতী লতা।
শ্রীশ, বিষ্ণু, নারায়ণ; শ্রীরাম।
শ্রীসংজ্ঞ, লবঙ্গ, লং।
শ্রীসহোদর, চন্দ্র, বিধু, শশাঙ্ক।
শ্রীহস্তিনী, বৃক্ষবিশেষ, হাতিশুঁড়াগাছ।

শ্রুগ্দারু, বিকঙ্কত বৃক্ষ, বঁইচীগাছ।
শ্রুত, শাস্ত্র; শ্রবণগোচর; আকর্ণিত।
শ্রুতকীর্ত্তি, জনকরাজের ভ্রাতৃ কুশধ্বজ রাজকন্যা; দেবর্ষি বিশেষ; কীর্ত্তিযুক্ত।
শ্রুতদেবী, সরস্বতী, বাণী। [বিশেষ।
শ্রুতবোধ, কালিদাস কৃত ছন্দোগ্রন্থ-
শ্রুতমশ্রুত, শুনা না শুনা; তুচ্ছীকৃত, অনাদৃত, অবজ্ঞাত। [বেত্তা।
শ্রুতাধ্যয়নসম্পন্ন, ধর্ম্মশাস্ত্রজ্ঞ, শাস্ত্র
শ্রুতান্বিত, শাস্ত্রজ্ঞ, পণ্ডিত।
শ্রুতায়ু, সূর্য্যবংশীয় রাজাবিশেষ।
শ্রুতার্থ, শ্রবণমাত্রে বোধ্য অর্থ।
শ্রুতার্ষি, ঋষিবিশেষ, সুশ্রুতাদি মুনি।
শ্রুতি, বেদ; শ্রোত্র, কর্ণ; শ্রবণ।
শ্রুতিকটু, কঠোর শব্দ; অলঙ্কারের দোষ বিশেষ।
শ্রুতিকথিত, শ্রুত্যুক্ত, বেদোক্ত।
শ্রুতিজীবিকা, ধর্ম্মশাস্ত্র, বেদ যাহার জীবনোপায়।
শ্রুতিতৎপর, সকর্ণ; বেদাভ্যাসে রত।
শ্রুতিধর, শ্রবণমাত্রে অভ্যাসকর্ত্তা।
শ্রুতিপাঠ, বেদাধ্যয়ন, বেদপাঠ।
শ্রুতিবর্জ্জিত, বধির, কালা; বেদরহিত।
শ্রুতিবেধ, কর্ণবেধ, কর্ণ সচ্ছিদ্র করণার্থ সংস্কার বিশেষ।
শ্রুব, যাগ; যজ্ঞীয় পাত্র বিশেষ।
শ্রুবাবৃক্ষ, বিকঙ্কতবৃক্ষ, বঁইচীগাছ।
শ্রেঢী, অঙ্কবিশেষ।
শ্রেণি, নিশ্ছিদ্র পংক্তি; পংক্তি, বীথী, আলি, রাজী, সমান শিল্পি সমূহ।
শ্রেণিক, মগধদেশীয় রাজবিশেষ।
শ্রেণী, পংক্তি, আবলী, রাজী, শারী।
শ্রেণীবদ্ধ, শারীগাঁথা, শারীবাঁধা।
শ্রেণীভূত, শারীকরা, শ্রেণীমত; শ্রেণী বিশিষ্ট।
শ্রেয়ঃ, ধর্ম্ম; মুক্তি; শুভ, অতিপ্রশস্ত।
শ্রেয়সী, শুভযুক্তা; হরীতকী; গজপিপ্পলী।

শ্রেয়াংশ, মঙ্গল, ভদ্রতা।
শ্রেয়ান্, শ্রেষ্ঠ, প্রধান; প্রশস্ত; শুভ যুক্ত। [ব্রাহ্মণ।
শ্রেষ্ঠ, প্রশস্ত, উত্তম; প্রধান, কুবের;
শ্রেষ্ঠতা, প্রাধান্য, উত্তমতা, ঔৎকর্ষ।
শ্রেষ্ঠা, স্থলপদ্মিনী, প্রধান; উত্তম।
শ্রেষ্ঠাশ্রম, গৃহস্থাশ্রম, প্রধান আশ্রম।
শ্রেষ্ঠী, বণিক বিশেষ; শ্রেষ্ঠ।
শ্রোণ, পঙ্গু, খোঁড়া, খঞ্জ।
শ্রোণা, পঙ্ক; শ্রবণা নক্ষত্র।
শ্রোণি, কটি, কোমর; পন্থা, পথ।
শ্রোণিফল, কটীদেশ, কোমর।
শ্রোণিফলক, কটিপার্শ্ব, কোমরের পাশ।
শ্রোণিবিম্ব কটিবন্ধন সূত্র, গোট, ঘুনসী। [সূত্র, ঘুনসী।
শ্রোণিসূত্র, খড়্গাবন্ধন সূত্র, কটিবন্ধন
শ্রোণী, কটি, কোমর; পন্থা, পথ।
শ্রোত, কর্ণ; নদীবেগ; ইন্দ্রিয়।
শ্রোতব্য, শ্রবণীয়, শুনিবার যোগ্য।
শ্রোতা, শ্রবণকর্ত্তা, শ্রবণকারক।
শ্রোত্র, কর্ণ, কাণ। [বেদজ্ঞ বিপ্র।
শ্রোত্রিয়, বেদাধ্যেতা ব্রাহ্মণ, সাঙ্গ
শ্রোত্রিয়তা, শ্রোত্রিয়ের ধর্ম্ম।
শ্রৌত, শ্রুতিবিহিতধর্ম্মাদি, বেদবিহিত।
শ্রৌত্র, কর্ণ; শ্রোত্রিয়ের কর্ম্ম।
শ্ল্যাহ্ব, পদ্ম, কমল।
শ্লথ, শিথিল, অদৃঢ়, ঢিলা।
শ্লক্ষ্ণ, অল্প; মনোজ্ঞ, মনোহর।
শ্লক্ষ্ণক, পূগফল, শুপারি; মনোহর।
শ্লক্ষ্ণত্বক্, অশ্মন্তক বৃক্ষ; সুন্দরবল্কল যুক্ত। [উপযুক্ত।
শ্লাঘনীয়, প্রশংসার যোগ্য, প্রতিষ্ঠার
শ্লাঘা, প্রশংসা, প্রতিষ্ঠা।
শ্লাঘ্য, শ্লাঘনীয়, প্রশস্য [কুলি।
শ্লিষা, আশ্লেষ, আলিঙ্গন; কোলা-
শ্লিষ্ট, শ্লেষযুক্ত শব্দাদি, ভিন্নার্থকএক রূপ পদ বা বাক্য; যুক্ত।
শ্লীপদ, স্ফীত পাদাদি, গোদ।
শ্লেষ, সংযোগ; আলিঙ্গন; শব্দাল-
ঙ্কার বিশেষ; ব্যঙ্গোক্তি, ঠাট্টা।
শ্লেষ্মক, কফ, ঠাণ্ডি।
শ্লেষ্মঘ্ন, কফনাশক, শ্লেষ্মা নাশকারী।
শ্লেষ্মঘ্নী, মল্লিকা; কেতকী; শ্লেষ্ম-নাশক।
শ্লেষ্মজনক, কফকারক।
শ্লেষ্মণ, কফী, কফযুক্ত।
শ্লেষ্মল, শ্লেষ্মাযুক্ত, কফবিশিষ্ট; বৃক্ষ বিশেষ, বহুয়ার গাছ।
শ্লেষ্মহ, কট্ফল বৃক্ষ; কফ নাশক।
শ্লেষ্মা, কফ, সর্দ্দি, ঠাণ্ডী।
শ্লেষ্মাত, বহুবার বৃক্ষ, চালতা গাছ।
শ্লেষ্মাতক, বহুবারবৃক্ষ, চালতা গাছ।
শ্লেষ্মান্তক, বৃক্ষবিশেষ, বহুবারগাছ।
শ্লৈষ্মিক, শ্লেষ্মোদ্ভব; শ্লেষ্মসম্বন্ধীয়।
শ্লোক, পদ্য, কবিতা; অষ্টাক্ষর ছন্দঃ।
শ্ব, অনাগত দিন, কল্য।
শ্বগণ, কুক্কুর সমূহ।
শ্বদংষ্ট্রক, লতাবিশেষ, গোক্ষুরীলতা।
শ্বদংষ্ট্রা, গোক্ষুরীলতা, কুক্কুরের দন্ত।
শ্বধূর্ত্ত, শৃগাল, শিয়াল।
শ্বপচ, চণ্ডাল, চাঁড়াল।
শ্বপাক, চণ্ডাল, অন্ত্যাবসায়ী, চাঁড়াল।
শ্বফল, বীজপূর, দাড়িম।
শ্ববৃত্তি, সেবা, চাকুরী, ভৃত্যতা।
শ্বব্যাঘ্র, হিংস্র পশু।
শ্বভীরু, শৃগাল, জম্বুক, শিয়াল।
শ্বভ্র, রন্ধ্র, ছিদ্র, বিল, গর্ত্ত।
শ্বযথু, রোগবিশেষ, শোথরোগ।
শ্বশুর, পতি পত্নীর পিতা।
শ্বশুর্য্য, দেবর, দেওর; শ্যালক, শালা।
শ্বশ্রূ, পতি পত্নীর জননী, শাশুড়ী।
শ্বশ্রেয়স, শুভ, কল্যাণ; সুখ; ভদ্র।
শ্বসন, নিশ্বাস; বায়ু; মদনবৃক্ষ, ময়না গাছ।
শ্বসনাশন, সর্প, অহি।
শ্বসনোৎসুক, সর্প, ভুজঙ্গ।
শ্বসিত, শ্বাস, নিশ্বাস।
শ্বসুন, ক্ষতঘ্ন বৃক্ষ, কুকুরশোঁকা গাছ।

শ্বস্তন, ভবিষ্যদ্বস্তু; ভবিষ্যৎকাল।
শ্বা, কুক্কুর, কুকুর।
শ্বান, কুক্কুর, কুকুর।
শ্বানী, কুক্কুরী, স্ত্রী কুকুর।
শ্বাপদ, হিংস্র পশু; ব্যাঘ্র।
শ্বাবিৎ, পশুবিশেষ, শজারু।
শ্বাস, নাসিকানির্গতবায়ু, রোগবিশেষ।
শ্বাসকাস, রোগবিশেষ, শ্বাসযুক্ত কাস-রোগ, হাঁপানি।
শ্বাসকুঠার শ্বাসরোগের ঔষধ বিশেষ।
শ্বাসপ্রশ্বাসধারণ, প্রাণায়াম।
শ্বাসহেতি, নিদ্রা, ঘুম।
শ্বাসী, বায়ু; শ্বাসযুক্ত।
শ্বিত্র, শ্বেত কুষ্ঠ, শ্বেত, ধবল।
শ্বিত্রঘ্নী, লতাবিশেষ, বিছুটী।
শ্বিত্রী, শ্বিত্ররোগযুক্ত।
শ্বেত, শুক্লবর্ণ; রূপ্য; দ্বীপবিশেষ; পর্ব্বতবিশেষ; কপর্দ্দক, কড়ী; শুক্ল-বর্ণযুক্ত। [কড়ী।
শ্বেতক, রূপ্য, রজত, রূপা; বরাটক,
শ্বেতকুঞ্জর, ঐরাবত হস্তী; শুক্লগজ।
শ্বেতকুশ, তৃণবিশেষ; সাদা কুশা।
শ্বেতকেতু, বুদ্ধ; কেতুগ্রহ বিশেষ।
শ্বেতকেশ, রাঙ্গা শজিনা, শুক্লবর্ণ কেশ।
শ্বেতকোল, শফরমৎস্য, পুঁটীমাছ।
শ্বেতখদির, শুক্লবর্ণ খদির।
শ্বেতগজ, ইন্দ্রহস্তী; শুক্লবর্ণহস্তী।
শ্বেতগুঞ্জা, শুক্লগুঞ্জা, শাদাকুঁচ।
শ্বেতচন্দন, শুক্লবর্ণচন্দন, শাদাচন্দন।
শ্বেতচ্ছদ, হংস; বাবুই তুলসী।
শ্বেতজীরক, গৌরবর্ণ জীরক, শাদা জীরা।
শ্বেতটঙ্কক, শ্বেতটঙ্কণ, শাদা সোহাগা।
শ্বেতদূর্ব্বা, গৌরবর্ণ দূর্ব্বা, শাদা দূর্ব্বা।
শ্বেতদ্বিপ, ইন্দ্রহস্তী, ঐরাবত; শুক্ল বর্ণ গজ।
শ্বেতদ্বীপ, দ্বীপ বিশেষ, বৈকুণ্ঠনামে বিষ্ণুধাম। [দ্রব্য।
শ্বেতধাতু, খটিকা, খড়ী; শুক্লবর্ণ ধাতু
শ্বেতধামা, চন্দ্র; কর্পূর; সমুদ্রফেণ।
শ্বেতনীল, মেঘ; শুক্ল ও নীলবর্ণ।
শ্বেতপত্র, হংস; শুক্লবর্ণ পাতা।
শ্বেতপত্ররথ, ব্রহ্মা, প্রজাপতি।
শ্বেতপদ্ম, শুক্লবর্ণ পদ্ম, শাদা কমল।
শ্বেতপর্ণা, বারিপর্ণী, পানা।
শ্বেতপিঙ্গ, সিংহ, কেশরী।
শ্বেতপিঙ্গল, সিংহ; শুক্ল কপিশ বর্ণ যুক্ত। [ফুল।
শ্বেতপুষ্প, সিন্ধুবার বৃক্ষ; শুক্লবর্ণ
শ্বেতপুষ্পক, করবীর বৃক্ষ; শুক্লপুষ্প যুক্ত। [ঘোষা লতা।
শ্বেতপুষ্পা, ঘোষাতকী লতা, শ্বেত-
শ্বেতপ্রসূনক, বৃক্ষবিশেষ; শুক্লপুষ্প যুক্ত। [শাদা বচ।
শ্বেতবচা, অতিবিষা লতা, শুক্লবচা,
শ্বেতবল্কল, উডুম্বর বৃক্ষ, ডুমুরগাছ; শুক্লবর্ণ ত্বক্। [ঘোটক।
শ্বেতবাজী, চন্দ্র; অর্জ্জুন; শুক্লবর্ণ-
শ্বেতবাসা, শুক্ল বস্ত্রধারী সন্ন্যাসী; পরিহিত শুক্ল বসন।
শ্বেতবাহ, দেবরাজ, ইন্দ্র; অর্জ্জুন।
শ্বেতবাহন, চন্দ্র; অর্জ্জুন।
শ্বেতবাহী, অর্জ্জুন; ইন্দ্রাণী, শচী।
শ্বেতবৃক্ষ, বরুণবৃক্ষ; শুক্লবর্ণ তরু, শাদা গাছ।
শ্বেতভণ্ডা, শ্বেতাপরাজিতা। [মরিচ।
শ্বেতমরিচ, শজিনার বীচী; শুক্লবর্ণ
শ্বেতমাল, মেঘ; ধূম, ধূঁয়া।
শ্বেতরক্ত, পাটলবর্ণ, গোলাবী রঙ্গ।
শ্বেতরঞ্জন, সীসক, সীসা।
শ্বেতরথ, শুক্রগ্রহ; শুক্লবর্ণ রথ।
শ্বেতরোচি, চন্দ্র, বিধু, সুধাংশু।
শ্বেতশিগ্রু, শুক্ল শোভাঞ্জন বৃক্ষ, শাদা শজিনা গাছ।
শ্বেতশুঙ্গ, যব, শুক্লবর্ণ শুঙ্গাযুক্ত।
শ্বেতশূরণ, বনশূরণ, বন ওল।
শ্বেতসর্ষপ, শাদা সরিষা, রাইসরিষা।
শ্বেতসার, খদির, খয়ের।

শ্বেতস্পন্দা, অপরাজিতা লতা।
শ্বেতহয়, ইন্দ্রঘোটক; অর্জ্জুন; শুক্ল বর্ণ অশ্ব।
শ্বেতহস্তী, ঐরাবতহস্তী; শুক্লবর্ণহাতী।
শ্বেতার্ক, শুক্লার্ক বৃক্ষ, শাদা আকন্দ গাছ।
শ্বেতেক্ষু, শুক্লবর্ণ ইক্ষু, শাদা আউক।
শ্বেতোদর, কুবের; শুক্লবর্ণ জঠর।
শ্বেতৌহী, ইন্দ্রাণী, শচী।
শ্বেত্র, শ্বিত্র, কুষ্ঠরোগবিশেষ, ধবল।

ষ

ষ, মূর্দ্ধন্য ষকার, চতুস্ত্রিংশৎ হলবর্ণের মধ্যে একত্রিংশ বর্ণ; কেশ, মনুষ্য; বিজ্ঞ, শ্রেষ্ঠ।
ষট্, সংখ্যাবিশেষ, ছয় সংখ্যা।
ষট্ক, ষট্সংখ্যা; ছয়; ছয়গুণ।
ষট্কন, পলায়ন, প্রস্থান।
ষট্কর্ণ, ছয় কর্ণ, ছয়কাণ; তিনব্যক্তির কর্ণগোচর।
ষট্কর্ম্ম, ষট্প্রকার শান্ত্যাদি কর্ম্ম।
ষট্কর্ম্মা, যাগাদি ছয়কর্ম্ম যুক্ত ব্রাহ্মণ।
ষট্কূটা, ভৈরবীবিশেষ।
ষট্কোণ, ষড়স্র, ছয়কোণ।
ষট্চক্র, শরীরস্থ পদ্মাকার ষট্প্রকার-চক্র। [পাদ।
ষট্চরণ, মধুকর, ভ্রমর; উকুণ; ছয়
ষট্তিলী, জন্মতিথ্যাদিতে তিল কর-ণক ছয় প্রকার কর্ম্মকারী।
ষট্ত্রিংশৎ, সংখ্যাবিশেষ, ছত্রিশ।
ষট্পদ, ভ্রমর; উকুণ; ছয় চরণ।
ষট্পদপ্রিয়, নাগকেশর বৃক্ষ।
ষট্পদাতিথি, আম্রবৃক্ষ; চম্পকবৃক্ষ।
ষট্পদানন্দবর্দ্ধন, বৃক্ষবিশেষ, কিং-কিরাত বৃক্ষ।
ষট্পদী, উকুণ; ভ্রমরী, ভ্রমরপত্নী।
ষট্পুরুষ, পিত্রাদি তিন এবং মাতামহা-দি তিন।
ষট্প্রজ্ঞ, কামুক, লম্পট; ধর্ম্মশাস্ত্রা-দিতে বিদ্বান্।
ষট্ক্ষণ, একদণ্ড পরিমিত কাল।
ষড়ঙ্গ, শরীরের ছয় অবয়ব; ছয়-বেদাঙ্গ, আদ্য শ্রাদ্ধীয় দানের অঙ্গ পীঠাদি। [জয়কারী।
ষড়ঙ্গজিৎ, বিষ্ণু, নারায়ণ; ছয় অঙ্গের
ষড়ভিজ্ঞ, বুদ্ধ, জিন।
ষড়শীতি, সূর্য্যের সংক্রমণ বিশেষ, মিথুন কন্যা ধনুঃ মীন রাশিতে সূর্য্যের সংক্রমণ; সংখ্যা বিশেষ, ছেয়াশী সংখ্যা।
ষড়ষ্টক, যোগবিশেষ, বরকন্যার স্বস্ব রাশি অপেক্ষা পরস্পর ষষ্ঠাষ্টম-রাশি সম্বন্ধ।
ষড়ক্ষীণ, মৎস্য, মীন, মাছ।
ষড়ানন, কার্ত্তিকেয়, স্কন্দ, কুমার।
ষড়ূষণ, মিশ্রিত ছয় কটু দ্রব্য।
ষড়্জায়া, ষড়বিধ গয়া, ছয়প্রকার গয়া।
ষড়্জাব, গোষট্ক যুক্ত হলাদি।
ষড়্গ্রন্থা, বচা, বচ; শ্বেতবচ; শটী; মহাকরঞ্জ বৃক্ষ।
ষড়গ্রন্থি, পিপ্পলীমূল, পিপুলের মূল; ষট্ পর্ব্ব, ছয় পাব।
ষড়গ্রন্থিকা, ওষধি বিশেষ, শটী।
ষড়গ্রন্থী, ওষধিবিশেষ, বচা, বচ।
ষড়্জ, তন্ত্রী কণ্ঠোত্থিত স্বর বিশেষ, ময়ূর স্বরতুল্য স্বর। [গড়।
ষড়্দুর্গ, ছয় প্রকার কোট্ট, ছয় প্রকার
ষড়্ধা, ষট্প্রকার, ছয়প্রকার, ষড়্বিধ।
ষড়্বক্ত্র, কার্ত্তিকেয়, কুমার; ছয় মুখ।
ষড়্বিধ, ষট্প্রকার, ছয় ধারা।
ষড়্বিন্দু, বিষ্ণু; কীটবিশেষ, শিরো-রোগঘ্ন পক্ব তৈল বিশেষ।
ষড়্ভুজ, ষড়্হস্তযুক্ত, চৈতন্যদেব; ছয় হাত। [দেবী বিশেষ।
ষড়্ভুজা, ফল লতা বিশেষ, খরবুজা;
ষড়্রস, মধুরাদি ষট্প্রকার রস, ছয় রস।
ষড়্রাত্র, ছয়রাত্রি।

ষড়্রেখা, ষড়্ভুজা; ছয়টী চিহ্ন।
ষণ্ড, বৃষভ, ষাঁড়; ক্লীব; সমূহ।
ষণ্ডালী, তৈলপান, ছটাক; কামুকী স্ত্রী।
ষণ্ঢ, নপুংসক, ক্লীব; বৃষ, ষাঁড়।
ষণ্মাস্য, ছয়মাসে সম্পাদনীয় কর্ম্ম।
ষণ্মুখ, কার্ত্তিকেয়, ষড়ানন; ছয় বদন।
ষত্ব, মূর্দ্ধন্য ষকারের ভাব।
ষর্ষপী, খঞ্জনাকৃতি পক্ষি বিশেষ।
ষষ্টি, সংখ্যা বিশেষ, ষাটি, ষাইট্।
ষষ্টিক, ধান্যবিশেষ, ষাটিয়া ধান; ষষ্টি সংখ্যায় ক্রীত।
ষষ্টিক্য, ষষ্টিক ধান্য উৎপন্নের উপযুক্ত ক্ষেত্র, ষাটিয়া ধানের ক্ষেত।
ষষ্টিতম, ষষ্টির পূরণ, ষাইটের পূরণ।
ষষ্টিধা, ষষ্টিপ্রকার, ষাইটপ্রকার।
ষষ্টিমত্ত, হস্তী, করী, হাতী।
ষষ্টিলতা, লতাবিশেষ, ভ্রমরমারী লতা।
ষষ্টিসম্বৎসর, প্রভবাদি ষষ্টি সংখ্যক বর্ষ।
ষষ্টিহায়ন, হস্তী, গজ; ধান্যবিশেষ, ষষ্টিসংখ্যক বৎসর। [পূর্ণ হয়।
ষষ্ঠ, ছয়ের পূরণ, যাহ দ্বারা ছয় সংখ্যা
ষষ্ঠিকা, দেবীবিশেষ, চামুণ্ডা।
ষষ্ঠী, দেবীবিশেষ, কাত্যায়নী; মাতৃকাবিশেষ; তিথি বিশেষ, চন্দ্রের কলা ক্রিয়া কাল।
ষহসানু, ক্ষমাবান্; যজ্ঞ; ময়ূর।
ষাঁড়, ষণ্ড, বৃষ।
ষাট্, সম্বোধন, আভিমুখ্যবিধান।
ষাট্‌পৌরুষিক, ছয়পুরুষ সম্বন্ধীয়।
ষাড়ব, গান; রাগ বিশেষ; ছয় স্বর মিলিত রাগ রাগিণী।
ষাড়্গুণ্য, রাজাদের রাজ্য রক্ষণের ছয় উপায়।
ষাণ্মাতুর, কার্ত্তিকেয়, কুমার।
ষাত্বণত্বিক, ষত্ব ণত্ব বিধায়ক শাস্ত্রব্যাখ্যান।
ষাষ্ঠ, ষষ্ঠ, ছয়ের পূরণ। [পতি।
ষিড়্গ, কামুক, লম্পট, লোচ্চা; উপ-
ষোডন, ছয়দন্তযুক্ত বৃষ; ছয় দাঁত বিশিষ্ট ষাঁড়। [লোর পূরণ।
ষোড়শ, সংখ্যাবিশেষ, ষোল; ষো-
ষোড়শকলা, চন্দ্রমণ্ডলের ষোলো ভাগ; ষোল অংশ। [দেয় দ্রব্য।
ষোড়শদান, শ্রদ্ধাদিতে ষোলপ্রকার
ষোড়শভুজা, ষোডশহস্তযুক্তা ভগবতী।
ষোড়শমাতৃকা, ষোড়শ সংখ্যক দেবী বিশেষ।
ষোড়শাংশু, শুক্র; ষোড়শকিরণযুক্ত।
ষোডশাঙ্গ, ষোডশ প্রকার সুগন্ধি দ্রব্য মিশ্রিত ধূপ।
ষোড়শাঙ্ঘ্রি, কর্কট, কাঁকড়া; ষোড়শ পদবিশিষ্ট। [চক্রযুক্ত।
ষোড়শাবর্ত্ত, শঙ্খ, শাঁখ; ষোলটী
ষোড়শার, ষোড়শদল পদ্ম।
ষোড়শার্চ্চি, শুক্রগ্রহ; ষোড়শ শিখা যুক্ত।
ষোড়শী, যজ্ঞপাত্র বিশেষ, দশ মহাবিদ্যান্তর্গত বিদ্যা বিশেষ।
ষোড়শোপচার, ষোড়শপ্রকার পূজার উপকরণ।
ষোঢ়া, ষট্ প্রকার, ছয়প্রকার।
ষোঢ়ান্যাস, বিধি পূর্ব্বক শরীরে মন্ত্র বিন্যাস।
ষোল, ষড়ধিক দশসংখ্যা, ষোড়শ।

স

স, দন্ত্য সকার, ব্যঞ্জনের দ্বাত্রিংশ বর্ণ, সহিত; সমান।
সই, সখী, সঙ্গিনী, বয়স্যা, মিত্রা।
সং, শোভনার্থ; সমার্থ; সঙ্গতার্থ; প্রকৃষ্টার্থ; নটাদির কৌতুকাবহ বেশ।
সংকলন, একত্রকরণ; সংগ্রহ।
সংকলিত, একত্রিত, সংগৃহীত।
সংক্রম, রাশিসঞ্চার; স্থানান্তর গমন।
সংক্রমণ, রাশিসঞ্চার রাশ্যন্তরে গমন।

সংক্রান্ত, সম্পর্কীয়, সংবদ্ধ; মিলিত।
সংক্রান্তি, সূর্য্যের রাশ্যন্তরে গমন।
সংখ্যা, গণনা; হিসাব।
সংখ্যাত, সংখ্যা করা, গণিত।
সংগুপ্ত, লুক্কায়িত, ছাপান, অব্যক্ত।
সংগৃহীত, সংকলিত, একত্র করা।
সংগোপন, লুকান, ছাপান, অপ্রকাশ।
সংগ্রহ, সঞ্চয়; আহরণ; একত্র করণ।
সংগ্রাম, যুদ্ধ, রণ, সমর, লড়াই।
সংগ্রাহক, সংগ্রহ কর্ত্তা; সংকলনকারী; সঞ্চয়কারী। [কূটজ বৃক্ষ।
সংগ্রাহী, সংগ্রহ কর্ত্তা, সঞ্চয়কারী;
সংগ্রাহ্য, সংগ্রহের যোগ্য; ব্যবহার্য্য।
সংঘটনা, যোগ; একত্র হওন, মিলন।
সংঘটিত, মিলিত; যুক্ত; সংশ্লিষ্ট।
সংঘট্ট, ঘটা; বহুলোকের জনতা।
সংজ্ঞপন, হনন, মারণ; বিজ্ঞাপন।
সংজ্ঞপ্তি, হনন, মারণ; বিজ্ঞাপন।
সংজ্ঞা, চেতনা; জ্ঞান; নাম; হস্তা-দির দ্বারা অর্থ সূচনা।
সংজ্ঞাসুত, শনিগ্রহ, শনৈশ্চর।
সংজ্বর, অগ্নিজ তাপ, অনল জন্য সন্তাপ; জ্বররোগ।
সংবৎ, বৎসর, বর্ষ; বিক্রমাদিত্য নামে প্রসিদ্ধ রাজা কর্ত্তৃক প্রচলীকৃত শক।
সংবৎসর, বৎসর, হায়ন, বর্ষ।
সংবদন, আলোচন, বশীকরণ; সং-বাদ দেওন। [আয়ত্ত করণ।
সংবদনা, বশক্রিয়া, মণি মন্ত্রাদি দ্বারা
সংবর, জল; দৈত্য বিশেষ; মৎস্য বিশেষ; হরিণবিশেষ।
সংবর্ত্ত, প্রলয়; মুনিবিশেষ; মেঘ।
সংবর্ত্তক, বলদেব; বলরামের লাঙ্গল; বড়বানল।
সংবর্ত্তকী, বলদেব, বলরাম।
সংবর্ত্তি, পদ্মের কেশর সমীপস্থ দল।
সংবর্দ্ধক, সংবর্দ্ধন কারী।
সংবর্দ্ধন, সম্যক্ বৃদ্ধি করণ; সন্দীপন।
সংবর্দ্ধিত, সম্যক্ বৃদ্ধি প্রাপ্ত।
সংবলিত, মিশ্রিত, একত্রীকৃত।
সংবসথ, গ্রাম; বসতিস্থান।
সংবহ, সপ্ত প্রকার বায়ুর অন্তর্গত বায়ু বিশেষ। [ফল।
সংবাটিকা, শৃঙ্গাটক, শিঙ্গাড়া, পানী-
সংবাদ, সন্দেশবাক্য, সমাচার, বার্ত্তা।
সংবাস, গৃহ; পুরবাসি দিগের বিহা-রার্থ অনাবৃত স্থান।
সংবাহ, অঙ্গবিমর্দ্দন, গাত্রমর্দ্দন।
সংবাহক, অঙ্গমর্দ্দনকারক, অঙ্গমর্দ্দক।
সংবাহন, অঙ্গমর্দ্দন; ভারাদি বহন।
সংবিৎ, অঙ্গীকার; জ্ঞান; সম্ভাষা; যুদ্ধ; সঙ্কেত; নাম; সমাধি।
সংবিত্তি, প্রতিপত্তি; চেতনা; বুদ্ধি।
সংবিদিত, অঙ্গীকৃত, স্বীকৃত।
সংবিদ, অঙ্গীকার; প্রতিজ্ঞা; নিয়ম।
সংবীত, রুদ্ধ; আবৃত, আচ্ছাদিত।
সংবীক্ষণ, অন্বেষণ, অনুসন্ধান, খোঁজা।
সংবৃত্ত, নিষ্পন্ন, জাত। [রণ।
সংবৃত্তি, সম্যক্ প্রকারে বর্ত্তন; আব-
সংবেগ, ভয়াদি জনিত ত্বরা; সম্যক্ বেগ। [জ্ঞান।
সংবেদ, অনুভব, প্রতীতি, বোধ,
সংবেশ, নিদ্রা; ভৃতি, বেতন; রতি।
সংবেশন, রতিক্রিয়া, রমণ, মৈথুন।
সংব্যান, উত্তরীয় বস্ত্র; বসন।
সংষ, কঙ্কাল; অস্থি, হাড়।
সংযত, বদ্ধ, কৃত সংযম।
সংযৎ, যুদ্ধ, রণ, সংগ্রাম।
সংযদ্বর, নৃপ, রাজা, ভূপতি।
সংযন্তা, সংযমন কর্ত্তা, নিয়ন্তা।
সংযম, ব্রতাদির অঙ্গীভূত পূর্ব্ব দিন কর্ত্তব্য আচার বিশেষ।
সংযমক, নিয়ন্তা; সংযম বিশিষ্ট।
সংযমন, বন্ধন; দমন।
সংযমনী, যমপুরী, যমালয়।
সংযমিত, কৃতসংযম, বদ্ধ, নিগৃহীত।

সংযমী, মুনি; নিগৃহীত ইন্দ্রিয়।
সংযাত্রা, দ্বীপান্তর গমন।
সংযান, সম্যক্ গমন।
সংযাব, পিষ্টক বিশেষ, ঘৃতক্ষীরাদি দ্বারা পক্ব গোধূম চূর্ণ, পেরাকী।
সংযাম, সংযমন, বন্ধন।
সংযুক্ত, সংযোগাশ্রয়, সংলগ্ন।
সংযুগ, যুদ্ধ, রণ, সমর।
সংযুত, সংযুক্ত, সংলগ্ন।
সংযোগ, মিলন, মিশ্রণ; একত্র হওন।
সংযোগিত, জাতসংযোগ,একত্রিত।
সংযোগী, সংযোগ বিশিষ্ট।
সংযোজন, মৈথুন; মিলন, একত্রকরণ।
সংযোজিত, সংযুক্তী কৃত, মিলিত; একত্রীকৃত।
সংরম্ভ, ক্রোধ; আটোপ; উৎসাহ।
সংরাব, শব্দ, ধ্বনি, নাদ।
সংরাবী, প্রশস্ত শব্দ বিশিষ্ট।
সংরুদ্ধ, আটকান; অবরুদ্ধ; রুদ্ধ।
সংরূঢ়, অঙ্কুরিত; জাত, উৎপন্ন।
সংরোধ, রোধন, আটক করণ।
সংলগ্ন, সংযুক্ত, মিলিত।
সংলয়, নিদ্রা; প্রলয়।
সংলাপ,পরস্পর সম্ভাষণ,উভয়ে কথন।
সংশয়, সন্দেহ, দ্বৈধ জ্ঞান।
সংশয়ান, সংশয়যুক্ত, সন্দেহবিশিষ্ট।
সংশয়াপন্ন, সংশয়াম্বিত, সন্দিগ্ধ।
সংশয়াপন্নমানস, সংশয় যুক্ত চিত্ত, সন্দিগ্ধ মনাঃ।
সংশয়ালু, সংশয়িতা, সংশয় বিশিষ্ট।
সংশয়িতা, সংশয়কর্ত্তা, সন্দেহকারক।
সংশরণ, রণারম্ভ, যুদ্ধোপক্রম।
সংশুদ্ধি, সম্যক্‌শোধন, শরীরমার্জ্জন।
সংশুষ্ক, আতপাদি দ্বারা সংশোষিত, নীরসীভূত।
সংশোধন, সংশুদ্ধি, সম্যক্‌প্রকারে শোধন।
সংশোধিত, শুদ্ধীকৃত বস্তু।
সংশ্চৎ, কুহক, কপট, মায়া।
সংশ্রব, অঙ্গীকার; সংযোগ, সম্পর্ক, সম্বন্ধ; মিশ্রণ।
সংশ্রয়, আশ্রয়; উপায়; গতি।
সংশ্রিত, আশ্রিত, আশ্রয়ে আগত; শরণাপন্ন।
সংশ্রুত, অঙ্গীকৃত; সম্পর্কিত,সংযুক্ত।
সংশ্লিষ্ট, আশ্লিষ্ট; মিলিত, যুক্ত।
সংশ্লেষ, আলিঙ্গন, মিলন, সংযোগ।
সংশ্বৎ, মায়া, কুহক, কপট।
সংসক্ত, সংলগ্ন, যুক্ত; অব্যবহিত।
সংসক্তি, অব্যবধান; সংযোগ।
সংসদ, সভা, সমাজ, পরিষদ।
সংসরণ, গমন; অসম্বাধে সৈন্য গমন; যুদ্ধারম্ভ।
সংসর্গ, সম্বন্ধ; মিলন; সহবাস।
সংসর্গী, সংসর্গ বিশিষ্ট; সঙ্গী, সম্পর্কিত; একত্রবাসী।
সংসর্প, সম্যক্ প্রকারে গমন; সর্পাদির গমনবৎ গমন।
সংসর্পী, সম্যক্ গমনশীল।
সংসার, মিথ্যা জ্ঞান জন্য বাসনা; গৃহস্থাশ্রম, ইহলোক।
সংসারগুরু, কামদেব; জগদ্গুরু।
সংসারমার্গ, যোনি, ভগ; সংসারের পথ।
সংসারাশ্রম, গৃহস্থাশ্রম, সংসারধর্ম্ম।
সংসারী, সংসার বিশিষ্ট প্রাণী; গৃহাশ্রমী, গৃহী; শরীরী।
সংসিদ্ধি,প্রকৃতি,স্বভাব; সম্যক্ সিদ্ধি।
সংসৃতি, সংসার; প্রবাহ।
সংসৃষ্ট, সংসর্গাম্বিত, একত্রিত; সহবাসী, সংযুক্ত।
সংসৃষ্টত্ব, সংসৃষ্টির ভাব, সংসর্গ।
সংসৃষ্টী, সংসৃষ্টত্ব বিশিষ্ট, বিভাগানন্তর একত্র সহবাসী।
সংস্কার, অদৃষ্ট বিশেষের জনক কর্ম্ম; বিবাহাদি দশবিধ কর্ম্ম; মানস ধর্ম্ম; গুণবিশেষ।
সংস্কারক, পরিষ্কার কর্ত্তা, শোধক।

সংস্কারবর্জ্জিত, উপনয়ন সংস্কারহীন, ব্রাত্য। [পন্ন।
সংস্কারযুক্ত,সংস্কারবিশিষ্ট,সংস্কারা-
সংস্কারাপন্ন, জ্ঞানবান্, শাস্ত্রে ব্যুৎপত্তি বিশিষ্ট।
সংস্কৃত, ভাষা বিশেষ, দেববাণী; শোধিত; মার্জ্জিত।
সংস্ক্রিয়া, শবদাহাদি ক্রিয়া; সংস্কার।
সংস্তব, পরিচয়; সম্যক স্তুতি।
সংস্তবান, সদ্বক্তা, বাগ্মী; হর্ষ।
সংস্তর, শয্যা; যজ্ঞ; পল্লবাদি রচিত আস্তরণ। [সম্যক্ স্তব বিষয়ী ভূত।
সংস্তুত, সম্যক প্রকারে স্তুতি প্রাপ্ত,
সংস্থ, চর; অবস্থিত; মৃত।
সংস্থা, ন্যায় পথে স্থিতি; সাদৃশ্য; নাশ; ব্যবস্থা; সমাপ্তি; সঞ্চয়।
সংস্থান, চতুষ্পথ; আকৃতি; মৃত্যু; উপায়; সম্যক্ স্থিতি।
সংস্থাপক, স্থিতিপ্রাপক, স্থিরীকর্ত্তা।
সংস্থাপন, সম্যক্ প্রকারে স্থিতি প্রাপণ; স্থিরীকরণ। [বিশিষ্ট।
সংস্থিত, মৃত; সম্যক্ প্রকারে স্থিতি
সংস্থিতি, সংস্থান; মৃত্যু; গৃহ; বাস।
সংস্পর্শ, সম্যক স্পর্শ,ত্বগিন্দ্রিয় গ্রাহ্য-গুণবিশেষ। [যোগ্য; স্পর্শনীয়।
সংস্পৃশ্য, সম্যক প্রকারে স্পর্শনের
সংস্পৃষ্ট, সংলগ্ন, সংযুক্ত।
সংস্ফাল, মেষ, অবি, মেড়া, ভেড়া।
সংস্ফুট, বিকশিত, প্রকাশিত; ব্যক্ত।
সংস্ফেট, যুদ্ধ, রণ, সমর।
সংস্ফোট, সংগ্রাম, যুদ্ধ, রণ।
সংস্মরণ, সম্যক্ প্রকারে মনে করণ, পূর্ব্বানুভূতের বোধ।
সংস্মৃতি, স্মরণ, মনে করা।
সংস্রব, মিশ্রণ, সংসর্গ, সংযোগ।
সংহত, মিলিত; দৃঢ়; সম্যক প্রকারে হত। [দ্বয়।
সংহততল, মিলিত পাণিদ্বয়, যুক্তহস্ত-
সংহতি, সমূহ, সংঘ, সকল।
সংহনন, শরীর; সম্যক্ আঘাত।
সংহরণ, বিনাশ করণ, সম্যক্ প্রকারে হরণ। [কারক।
সংহর্ত্তা, সংহার কর্ত্তা, ঘাতক, বধ-
সংহর্ষ, প্রমোদ, অতিশয় আহ্লাদ; স্পর্দ্ধা; বায়ু। [বিশেষ।
সংহার, বিনাশ; বধ, প্রলয়; নরক
সংহারক, বধকারক, নাশকর্ত্তা।
সংহারণ, বিনাশন, বধকরণ।
সংহারমুদ্রা, বিসর্জ্জন মুদ্রা।
সংহিত, মিলিত, যুক্ত; সঞ্চিত।
সংহিতা, মম্বাদি প্রণীত ধর্ম্ম শাস্ত্র; স্মৃতি, ধর্ম্মসংহিতা।
সংহূতি, বহু কর্ত্তৃক কৃত আহ্বান।
সংহৃত, সংহার করা; নাশিত।
সংহৃতি, সংহার, নাশ; প্রলয়।
সংক্ষয়, নাশ, প্রলয়। [বিশিষ্ট।
সংক্ষিপ্ত, সংক্ষেপ করা; সংক্ষেপ
সংক্ষুব্ধ, সঞ্চলন বিশিষ্ট; আকুল।
সংক্ষেপ, অল্পেতে অনেকের অভিধান; চুম্বক; স্বল্প।
সংক্ষেপণ, চুম্বক করা, প্রপঞ্চ করণের বৈপরীত্য।
সংক্ষোভ, চাঞ্চল্য, সঞ্চলন।
সকট, শাখোট বৃক্ষ, শাওড়া গাছ।
সকটান্ন, অশুদ্ধ অন্ন।
সকন্টক, শৈবাল, শেওলা; করঞ্জ বিশেষ, নাটা করঞ্জ; কন্টক যুক্ত।
সকর, হস্তযুক্ত; রাজস্ব বিশিষ্ট; শুণ্ড যুক্ত; কিরণ বিশিষ্ট।
সকরুণ, করুণাযুক্ত,সদয়,দয়াবিশিষ্ট।
সকর্ণ,শ্রবণশীল,শ্রুতিতৎপর; কর্ণযুক্ত।
সকর্ম্মক, কর্ম্মযুক্ত ধাতু।
সকল, সমুদায়, সর্ব্ব, অশেষ, কৃৎস্ন, সমস্ত, নিখিল, অখিল, সমগ্র।
সকলঙ্ক, কলঙ্কযুক্ত; অপবাদবিশিষ্ট।
সকাম, কামনাবিশিষ্ট, অভিলাষযুক্ত।
সকারবকার, আবাচ্য ভাষণ; ইতর কথন, নীচোক্তি।

সক্কাল, প্রাতঃকাল, প্রভাত সময়।
সকাশ, সমীপ, নিকট, সন্নিধি।
সকুল, মৎস্যবিশেষ, শলুমাছ।
সকুলী, মৎস্যবিশেষ, শলুমাছ।
সকুল্য, সগোত্র, অষ্টমাবধি দশম পুরুষ পর্য্যন্ত পুরুষত্রয়।
সকৃৎ, একবার; বিষ্ঠা, গু।
সকৃৎপ্রজ, বায়স, কাক; যাহার একমাত্র অপত্য হয়।
সকৃৎফলা, কদলী, রম্ভা, কলা।
সক্ত, অবিরত, নিয়ত; আসক্ত।
সক্তি, সঙ্গ, আসক্তি, অভিরতি।
সক্তু, ভৃষ্ট যবাদি চূর্ণ, ছাতু।
সক্তুক, বিষ বিশেষ; ছাতু।
সক্তুফলা, শমীবৃক্ষ, শাঁইগাছ।
সক্থি, ঊরু; শকটের অবয়ববিশেষ।
সখা, সৌহার্দ্দ যুক্ত, মিত্র, সুহৃৎ, বয়স্য, বন্ধু।
সখিতা, সখ্য, মিত্রতা, বন্ধুত্ব।
সখিত্ব, বন্ধুত্ব, মিত্রতা, সখ্য।
সখী, সহচরী, বয়স্যা।
সখ্য, মিত্রতা, সৌহৃদ্য, বন্ধুত্ব।
সগড়া, শকটবিশেষ, গাড়ী।
সগন্ধ, গন্ধযুক্ত; জ্ঞাতি।
সগর, সূর্য্যবংশীয় রাজা বিশেষ।
সগর্ভ, সহোদর; অভ্যন্তরিত সূক্ষ্ম পত্রাদি যুক্ত কুশাদি। [দরা।
সগর্ভা, গর্ব্ভবতী, অন্তরাপত্যা, সহো-
সগর্ভ্য, সহোদর, সোদর্য্য।
সগুণ, গুণবান্, গুণযুক্ত।
সগোত্র, কুল; জ্ঞাতি; বান্ধব।
সঙ্কট, সম্বাধ, আপদ্, বিপদ।
সঙ্কটা, দেবীবিশেষ; যোগিনীবিশেষ।
সঙ্কটাক্ষ, বৃক্ষবিশেষ, ধববৃক্ষ; কটাক্ষ সহিত।
সঙ্কথন, সম্যক্ ভাষণ।
সঙ্কথা, পরস্পর ভাষণ; সম্যক্ কথন।
সঙ্কর, সম্মার্জ্জনী দ্বারা ক্ষিপ্ত ধূল্যাদি, খাঙ্গরার ধূলা, অবস্কর; মিশ্রিতত্ব; বর্ণসঙ্কর জাতি। [বিশেষ।
সঙ্করীকরণ, নববিধ পাপান্তর্গত পাপ
সঙ্কর্ষণ, আকর্ষণ; সম্যক্ প্রকারেতে কর্ষণ; বলদেব, বলরাম।
সঙ্কল, সঙ্কলন, যোগ, একত্রকরণ।
সঙ্কলন, একত্রীকরণ, যোজন; ঠিক দেওন; মিলন; সংগ্রহ; সঞ্চয়ন।
সঙ্কলিত, যোজিতাঙ্ক, ঠিকদেওয়া-আঁক; সংগৃহীত; পুঞ্জীকৃত ধান্যাদি; একত্রীকৃত; যোজিত।
সঙ্কল্প, কর্ম্মের মানস, প্রবৃত্তি।
সঙ্কল্পজন্মা, কামদেব, মদন।
সঙ্কল্পভব, কামদেব, মদন।
সঙ্কল্পযোনি, মদন, কন্দর্প, কামদেব।
সঙ্কল্পিত, মনস্থ, অভিপ্রেত।
সঙ্কসুক, অস্থির; দুর্ব্বল; মন্দ; সংকীর্ণ; অপবাদশীল।
সঙ্কার, সম্মার্জ্জনী দ্বারা ক্ষিপ্ত ধূল্যাদি, খাঙ্গরার ধূলা।
সঙ্কাশ, সদৃশ, তুল্য, সমান।
সঙ্কিল, দাহকারক উল্কা বিশেষ।
সঙ্কীর্ণ, লোকাদি দ্বারা নিরবকাশ; নানা জাতির সংমিলন; আকীর্ণ, ব্যাপ্ত; অশুদ্ধ; অম্বষ্ঠকরণাদি চাণ্ডাল পর্য্যন্ত মিশ্রজাতি; মিশ্রিত রাগ।
সঙ্কীর্ত্তন, সম্যক্ প্রকারে দেবতার নামোচ্চারণ, গুণাদি কথন, যশোগায়ন। [গুণ কথিত।
সঙ্কীর্ত্তিত, সম্যক্ উচ্চারিত, সংস্তুত,
সঙ্কুচিত, সংকোচ যুক্ত, অপ্রফুল্ল, মীলিত, মুদ্রিত; কুণ্ঠিত।
সঙ্কুল, যুদ্ধ; পরস্পর পরাহত বাক্য; ক্লিষ্ট; জনাদি দ্বারা নিরবকাশ; সঙ্কীর্ণ। [শেষ; ঠার, ইঙ্গিত।
সঙ্কেত, স্বাভিপ্রায় ব্যঞ্জক চেষ্টা বি-
সঙ্কেতনিকেতন, প্রিয় মেলনার্থ অবধারিত গৃহ; গোপন স্থান। [কথা।
সঙ্কেতবাক্য, ইঙ্গিত বাক্য, ঠারের
সঙ্কোচ, মৎস্য বিশেষ; বহু বিষয়ক

বাক্যার্থাদির অল্প বিষয়ে স্থাপন; রোধ; কুণ্ঠিত।
সঙ্কোচপিশুন,গন্ধ দ্রব্যবিশেষ,কুঙ্কুম।
সঙ্কোচী, কুণ্ঠিত; সঙ্কোচ বিশিষ্ট।
সঙ্ক্রন্দন, ইন্দ্র; রোদন, ক্রন্দন।
সঙ্ক্রম, সাঁকো, সেতু; সম্যক্ প্রকারে রাশি সঞ্চার।
সঙ্ক্রমণ,গমন; সূর্য্যের রাশ্যন্তরপ্রবেশ।
সঙ্ক্রান্ত, সঙ্ক্রান্তিবিশিষ্ট; মিলিত,যুক্ত।
সঙ্ক্রান্তি, রাশ্যন্তর সংযোগানুকূল ব্যাপার, সূর্য্যের রাশ্যন্তরে গমন।
সংক্রাম, সাঁকো, সেতু, পুল। [যুক্ত।
সঙ্ক্লেদ, আর্দ্রীভাব, ভিজা, জলসং-
সঙ্খ্য, যুদ্ধ, রণ, সমর, সংগ্রাম।
সঙ্খ্যতা, সঙ্খ্যেয়তা, গণনীয়তা।
সঙ্খ্যা, একত্বাদি গণনা; নিরূপণ; বিচারণা।
সঙ্খ্যাত, কৃতসঙ্খ্য, গণিত; নিরূপিত।
সঙ্খ্যান, সঙ্খ্যা, গণনা।
সঙ্খ্যাবান্, পণ্ডিত; সঙ্খ্যাযুক্ত।
সঙ্খ্যেয়, সঙ্খ্যাযোগ্য, গণনীয়, গণ্য।
সঙ্গ, মেলন, সংসর্গ, সঙ্গম, সহবাস।
সঙ্গত, যুক্ত বাক্য; হৃদয়ঙ্গম কথা, যোগ্য, সম্ভবমত। [খরচ।
সঙ্গতব্যয়, পরিমিত ব্যয়, যথাযোগ্য
সঙ্গতি, সঙ্গম; সুযোগ; মিলন।
সঙ্গব, প্রাতঃকালের পর মুহূর্ত্তত্রয়।
সঙ্গম, সঙ্গ; নদ্যাদির মিলন স্থল; স্ত্রী পুরুষের মিথুনীভাব; সংযোগ।
সঙ্গর, শমীবৃক্ষের ফল; যুদ্ধ; আপৎ; অঙ্গীকার, প্রতিজ্ঞা, সম্বিৎ।
সঙ্গী,সঙ্গবিশিষ্ট,সাথী,সমভিব্যাহারী।
সঙ্গীত, প্রেক্ষণার্থ নৃত্য গীত বাদ্য; গীত, গান।
সঙ্গীতশাস্ত্র, গানশাস্ত্র, গীতবিদ্যা।
সঙ্গীতি, আলাপ; সঙ্গীত, গান।
সঙ্গীর্ণ, অঙ্গীকৃত, স্বীকৃত।
সঙ্গুপ্ত, সঙ্গোপনাশ্রয়; লুক্কায়িত।
সঙ্গূঢ়, সংবৃত; লুক্কায়িত; সঙ্কলিত।
সঙ্গোপন,সম্যক প্রকারে অপ্রকাশন, লুক্কায়ন।
সঙ্গৃহীত, সংকলিত, সঞ্চিত, আহৃত।
সঙ্গ্রহ, আহরণ, সঞ্চয়; গ্রন্থ বিশেষ।
সঙ্গ্রহণী গ্রহণীরোগ, প্রবাহিকা।
সঙ্গ্রাম, যুদ্ধ, রণ, সমর।
সঙ্গ্রামপটহ, রণবাদ্য; জয়ঢক্কা।
সঙ্গ্রাহক, সঞ্চয়কর্ত্তা; আহরণ কারক।
সঙ্গ্রাহী, সঞ্চয়কারী; কুটজ বৃক্ষ।
সঙ্ঘ, সমূহ, ব্যূহ, বৃন্দ। [গামী।
সঙ্ঘচারী, মৎস্য; বহু ব্যক্তির সহ-
সঙ্ঘটন, মেলন, সংযোগ, যোজন।
সঙ্ঘট্ট, অন্যোন্য বিমর্দ্দ; গঠন।
সঙ্ঘট্টন, মেলন; গঠন; ঘটনা।
সঙ্ঘট্টা, লতা, বল্লী।
সঙ্ঘটিকা, যোজিকা, কুট্টনী, দূতী।
সঙ্ঘটিত, যুক্ত, মিলিত। [হাত।
সঙ্ঘতল, মিলিত প্রতলদ্বয়, জোড়-
সঙ্ঘর্ষ, মর্দ্দন, ঘর্ষণ; স্পর্দ্ধা।
সঙ্ঘাটিকা যোজিকা, কুট্টনী; ঘ্রাণ, নাসিকা। [বিশেষ।
সঙ্ঘাত, সমূহ; হনন; কফ; নরক
সঙ্ঘুষিত, সম্যক্ ঘোষণাশ্রয়, প্রচারিত। [প্রচারিত।
সঙ্ঘুষ্ট, সম্যক প্রকারে ঘোষিত,
সচকিত, ত্রস্ত; তটস্থ; চমৎকৃত।
সচরাচর, সর্ব্ব সাধারণ; জগৎ।
সচল, চলনশক্তি বিশিষ্ট, গতিশক্তি যুক্ত; চঞ্চল; অস্থির।
সচি, ইন্দ্রপত্নী, ইন্দ্রাণী।
সচিন্ত, চিন্তান্বিত, চিন্তাযুক্ত,ভাবিত।
সচিব, মন্ত্রী; পরামর্শী, সহায়।
সচিল্লক, ক্লিন্নচক্ষু, পিচটীপড়া চক্ষুঃ।
সচী, ইন্দ্রপত্নী, ইন্দ্রাণী।
সচীনন্দন,ইন্দ্রপুত্র,জয়ন্ত। [সজ্ঞান।
সচেতন, চৈতন্য বিশিষ্ট, চেতনাযুক্ত,
সচেষ্ট, চেষ্টাযুক্ত, উদ্যোগী।
সচ্ছারা, হরিদ্রা, হলুদ।
সচ্চিৎ, ব্রহ্ম; নিত্যজ্ঞান স্বরূপ।

সচ্চিদানন্দ, নিত্যজ্ঞান সুখ স্বরূপ ব্রহ্ম।
সচ্ছল-স্বচ্ছল, বদান্য, দাতা, দানশীল, ব্যয়ী। [শীলতা।
সচ্ছলতা-স্বচ্ছলতা, দাতৃত্ব, ব্যয়-
সজম্বাল, পঙ্কিল, পঙ্কযুক্ত।
সজল, জলযুক্ত, জলসহিত, আর্দ্র।
সজাগ, জাগ্রৎ, ঈষৎ নিদ্রাযুক্ত।
সজাতি, সমানজাতি, একজাতি।
সজাতীয়, সমানধর্ম্মাক্রান্ত, সজাতি।
সজীব, জীবিত, জীবনযুক্ত, জীয়ন্ত।
সজ্জ, সন্নদ্ধ; সজ্জাযুক্ত, বেশবিশিষ্ট।
সজ্জন, সৎকুলোদ্ভব, সাধু, রক্ষণার্থ সৈন্যস্থান, চৌকী।
সজ্জনা, নায়কের আরোহণার্থ হস্তির সজ্জীকরণ। [ওয়া।
সজ্জা, বেশ ভূষা; সাজ; বর্ম্ম, সাঁজ-
সজ্জিত, ভূষিত; কৃতসজ্জ; সন্নদ্ধ, সাঁজোয়া পরা।
সঞ্চ, পুস্তক লেখনার্থ পত্র সমূহ, সাঁচ।
সঞ্চৎ, প্রতারক, বঞ্চক।
সঞ্চয়, সমূহ, সংগ্রহ, জমা।
সঞ্চয়ন, সংগ্রহকরণ; আহরণ।
সঞ্চয়ী, সঞ্চয় বিশিষ্ট; সংগ্রহকর্ত্তা।
সঞ্চর, সেতু, সাঁকো; দেহ।
সঞ্চলন, কম্পন, দোলন।
সঞ্চান, শ্যেনপক্ষী, শিকরে পাখী, শচান। [স্তরে সংক্রমণ।
সঞ্চার, চলন, গমন, গ্রহাদির রাশ্য-
সঞ্চারিকা, দূতী, কুট্টিনী; ঘ্রাণ।
সঞ্চারিণী, গমনকারিণী; সক্রমণশীলা।
সঞ্চারী, গমনশীল; সংক্রমণকারী; বায়ু; ধূপ; ভাব বিশেষ।
সঞ্চালী, গুঞ্জা, কুঁচ। [র্জ্জিত।
সঞ্চিত, সংগৃহীত; সঞ্চয় করা; উপা-
সঞ্জ, ব্রহ্মা; শিব, মহাদেব।
সঞ্জবন, অন্যোন্যাভিমুখ গৃহ চতুষ্টয়, চতুঃশাল, চকমিলন ঘর।
সঞ্জা, ছাগী, স্ত্রী ছাগ।
সঞ্জীবন, সম্যক্ প্রকারে প্রাণ ধারণ।
সঞ্জীবনী, জীবিতকারিণী, প্রাণদায়িনী।
সঞ্জ্ঞপন, সম্যক্ প্রকারে জানান।
সঞ্জ্ঞপ্তি, সম্যক্ প্রকারে জ্ঞাপন, জানান।
সঞ্জ্ঞা, নাম, আখ্যা।
সট, জটা, একত্রীকৃত কেশ। [শিখা।
সটা, জটা, একত্রীকৃত কেশ; কেশর;
সটাঙ্ক, সিংহ, কেশরী, মৃগরাজ।
সটী, গন্ধদ্রব্য বিশেষ; বনআদা, অম্ল হরিদ্রা।
সটীক, টিপ্পনী সহিত; যথার্থ।
সট্‌কন, পলায়ন, প্রস্থান।
সট্টা, পক্ষিবিশেষ; বাদ্য।
সড়ক, রাস্তা, বর্ত্ম, পথ।
সড়কা, দীর্ঘাকার, অস্থূল অথচ দীর্ঘ।
সড়কীপথ, ক্ষুদ্রপথ, গলী, সুঁড়ীপথ।
সড়ঙ্গা, দীর্ঘাকার, অস্থূল অথচ দীর্ঘ।
সড়ন, নষ্ট হওন; পচন।
সড়া, পচা, নষ্ট; জঘন্য।
সড়গড়, অভ্যাস, আয়ত্ত, মুখস্থ।
সড়সড়ান, নিঃসারণ; চুলকান।
সড়সড়ী, নীরস; শুষ্ক; ডাঙ্গা।
সণসূত্র, শণের দ্বারা নির্ম্মিত সুতা।
সণ্ড, যণ্ড, ষাঁড়, বৃষ।
সণ্ডিশ, সন্দংশ, শাঁড়াশি।
সণ্ডীন, পক্ষির গতি বিশেষ, উড়িয়া বৃক্ষাদিতে পতন।
সতত, নিরন্তর, অনবরত, সর্ব্বদা।
সতত্ত্ব, স্বভাব, প্রকৃতি।
সতর্ক, তর্কের সহিত বর্ত্তমান, সাবধান।
সতল, সমান, চৌরস।
সতা, সতিন, সপত্নী। [পুত্র।
সতানন্দ, মুনি বিশেষ, গৌতম মুনির
সতিন, সপত্নী, একস্বামির ভার্য্যা।
সতী, পতিব্রতা, সাধ্বী; সাবিত্রী; নিত্যা; বিদ্যমানা।
সতীর্থ, পরস্পর এক গুরুর শিষ্য, একধর্ম্মাক্রান্ত; একাশ্রমী।
সতীল, বংশ; বায়ু; কলায়।

সতীলা, কলায়বিশেষ, তেওড়াকলাই।
সতুষ, তুষযুক্ত শস্য; ধান্য।
সতৃষ্ণ, তৃষ্ণাযুক্ত, তৃষিত, পিপাসিত।
সতেজঃ, তেজাল, তেজস্বী; উর্ব্বর।
সতের, তুস; সপ্তদশ সংখ্যা।
সৎ, সাধু; বিদ্যমান; প্রশস্ত, উত্তম; ধীর; নিত্য ব্রহ্ম।
সৎকর্ত্তা, বিষ্ণু, সৎকর্ম্মকারক। [ক্রিয়া।
সৎকর্ম্ম, বেদ বিহিত ক্রিয়া; উত্তম
সৎকার, পূজা; শবদাহাদি ক্রিয়া।
সৎকুলীন, সদ্বংশজাত, উত্তমবংশীয়।
সৎকুলোদ্ভব, সদ্বংশ্য, ভদ্রসন্তান।
সৎকৃত, পূজিত, কৃত সৎকার। [পূজা।
সৎক্রিয়া, শবদাহাদি ক্রিয়া, সংস্কার,
সত্তম, অতিশোভন; পূজ্যতম; উত্তম।
সত্তা, বিদ্যমানতা; সাধুতা।
সত্র, যজ্ঞ, ক্রতু; আচ্ছাদন, অরণ্য; কৈতব; ধন; গৃহ; দান; সরোবর; সতত অন্নাদি দান।
সত্রশালা, অন্নাদি দানগৃহ; যজ্ঞশালা।
সত্রি, মেঘ; হস্তী; জয়শীল।
সত্রিজাতক, মাংসব্যঞ্জন বিশেষ।
সত্রী, গৃহপতি; সদা দান বা যজ্ঞাদি-কর্ম্মকারী।
সত্ত্ব, প্রকৃতির গুণবিশেষ; বল, আত্মা; রস; ধন; জন্তু। [প্রকাশক গুণ।
সত্ত্বগুণ, প্রকৃতির আদ্যগুণ; আনন্দ
সত্ত্বস্থ, সত্ত্ববৃত্তিশালী; সত্ত্বপ্রধান।
সৎপত্র, পদ্মের নবদল, নূতন পদ্মপত্র।
সৎপথ, প্রশস্ত পথ, সুপথ। [পশু।
সৎপশু, যজ্ঞীয়পশু, শোভনপশু, সুন্দর
সৎপুত্র, উত্তম সন্তান, পিত্রাদির বেদাদি বিহিত কার্য্য কর্ত্তা পুত্র।
সৎপুরুষ, পূজ্যমান পুরুষ, উত্তমপুরুষ।
সৎপ্রতিগ্রহ, সাধু জন কর্ত্তৃক দত্ত-দ্রব্যের গ্রহণ। [সমান জন।
সৎপ্রতিপক্ষ, তুল্য ব্যক্তি, প্রতিযোগী,
সৎফল, দাড়িম বৃক্ষ; শোভন ফল-বিশিষ্ট বৃক্ষ।

সৎমা, বিমাতা, সপত্নীমাতা।
সত্য, কৃতযুগ; যথার্থ, তথ্য; ব্রহ্ম; প্রতিজ্ঞা, শপথ; তপোলোকের ঊর্দ্ধ লোক।
সত্যক, সত্য; প্রতিজ্ঞা; বায়না।
সত্যঙ্কার, অবশ্য ক্রয় করিব এই-বলিয়া স্বীকার, বায়না।
সত্যতপাঃ, মুনিবিশেষ।
সত্যতা, যথার্থতা; নিশ্চয়তা।
সত্যধৃতি, ঋষিবিশেষ।
সত্যনারায়ণ, দেবতা বিশেষ, সত্যপীর।
সত্যপুর, বিষ্ণুলোক, বিষ্ণুপুর।
সত্যপ্রতিজ্ঞ, স্থিরবাক্; প্রতিজ্ঞা-পালক।
সত্যফল, বিল্ববৃক্ষ, শ্রীফল।
সত্যবচাঃ, ঋষি; সত্যবাদী।
সত্যবতী, ব্যাসমাতা; নারদপত্নী; ঋচীক মুনিপত্নী; সত্যবিশিষ্টা।
সত্যবতীসুত, পুরাণাদি প্রণেতা-প্রসিদ্ধ মুনি, ব্যাসদেব। [কথক।
সত্যবাক্, ঋষি, মুনি; যথার্থ বাক্য-
সত্যবাদী, যথার্থবক্তা, সত্যবাক।
সত্যবান, রাজাবিশেষ, সাবিত্রীর পতি।
সত্যবৃত্ত, সত্যবাদী, যথার্থ বক্তা।
সত্যব্রত, রাজাবিশেষ, সত্যপরায়ণ, সত্যনিষ্ঠ, সত্যধর্ম্মা।
সত্যভামা, শ্রীকৃষ্ণের পত্নী বিশেষ।
সত্যভারত, বেদব্যাস, ব্যাসদেব।
সত্যযুগ, প্রথমযুগ, কৃতযুগ।
সত্যলোক, সপ্ত লোকান্তর্গত লোক বিশেষ। [তুল্য।
সত্যসঙ্কাশ, সত্য সন্নিভ, যথার্থের
সত্যসঙ্গর কুবের; অন্যায় রহিতযুদ্ধ।
সত্যসন্ধ, সত্য প্রতিজ্ঞ; শ্রীরামচন্দ্র।
সত্যসন্ধা, দ্রৌপদী, পাণ্ডবপত্নী।
সত্যা, সীতা, রামপত্নী; সত্যবতী, ব্যাসমাতা; দুর্গা, ভগবতী।
সত্যাকৃতি, অবশ্য ক্রয় করিব এই প্রকার বলিয়া স্বীকার, বায়না।

সত্যানৃত, বাণিজ্য, ব্যবসা।
সত্যোদ্য, সত্যবাদী, যথার্থ বক্তা।
সত্র, যজ্ঞবিশেষ। [শ্বশুর।
সত্রাজিৎ, রাজাবিশেষ, শ্রীকৃষ্ণের
সত্রিজাতক, মাংস ব্যঞ্জন বিশেষ।
সত্ত্ব, গুণবিশেষ, প্রকৃতির প্রথম গুণ।
সত্বর, শীঘ্র, দ্রুত, তূর্ণ।
সৎসার, বৃক্ষবিশেষ ; চিত্রকর, কবি ; উত্তম সার যুক্ত।
সদংশক, কর্কটী, কাঁকড়া ; দংশযুক্ত।
সদংশবদন, পক্ষিবিশেষ, কঙ্কপক্ষী।
সদঞ্জন, অঞ্জনবিশেষ, কুসুমাঞ্জন।
সদন, গৃহ, আলয়, গেহ।
সদভিপ্রায়, উত্তম মানস, উৎকৃষ্ট-মত, প্রশস্ত বাসনা। [বিশিষ্ট।
সদয়, কৃপান্বিত, করুণান্বিত, দয়া-
সদর্থ, সদভিপ্রায়, উত্তমার্থ।
সদর্প, অহঙ্কার যুক্ত, গর্ব্বান্বিত।
সদসৎ, ভদ্রাভদ্র, উত্তমাধম, ভালমন্দ।
সদস, সভা, সমাজ, পরিষদ।
সদস্য, বিধিদর্শী, সভ্য, সামাজিক।
সদা, সর্ব্ব কাল, সর্ব্বদা, নিত্য।
সদাগতি, অনিল, বায়ু ; সূর্য্য ; নিত্য-গতি। [হার।
সদাচার, সাধুদিগের আচরণ, সদ্ব্যব-
সদাচারবান্, সদাচারবিশিষ্ট, সদাচারী
সদাতন, বিষ্ণু ; নিত্যভাবী।
সদাতোয়া, নদীবিশেষ, করতোয়ানদী।
সদাদান, ঐরাবত হস্তী ; মত্তহস্তী ; গণেশ ; নিত্য দান।
সদানন্দ, শিব ; সর্ব্বদা হর্ষ যুক্ত।
সদানর্ত্ত, খঞ্জনপক্ষী ; সর্ব্বদা নৃত্যকারক।
সদানীরবহা, নদীবিশেষ, করতোয়ানদী।
সদাপুষ্প, নারিকেল বৃক্ষ ; সর্ব্বদা-কুসুম যুক্ত। [গাছ।
সদাপুষ্পী, রক্তার্ক বৃক্ষ, রাঙ্গা আকন্দ-
সদাপ্রসূন, আকন্দ গাছ ; কুন্দবৃক্ষ।
সদাফল, নারিকেল ; উডুম্বর ; বিল্ব।
সদাভদ্রা, গাম্ভারীবৃক্ষ, গাম্বার গাছ।

সদাযোগী, বিষ্ণু ; সর্ব্বদা যোগ কারী।
সদার, স্ত্রীসহিত, সস্ত্রীক।
সদাশিব, মহাদেব, ত্রিলোচন, শঙ্কর।
সদৃক, তুল্য, সমান, সদৃশ।
সদৃশ, সম, তুল্য, সমান।
সদৃক্ষ, সদৃশ, তুল্য, সমান। [একদেশ।
সদ্দেশ, নিকট, সমীপ ; সমান দেশ,
সদ্দেশীয়, একদেশবাসী ; নিকটবাসী।
সদ্গতি, মুক্তি ; উত্তম গতি।
সদ্ভাব, বিদ্যমানতা, সত্তা ; প্রণয়।
সদ্ভূত, সত্য, যথার্থ।
সদ্ম, গৃহ, আলয়, ঘর।
সদ্যঃ, তৎক্ষণাৎ, তখনি ; তদ্দিবস।
সদ্যঃপ্রাণকর, তৎক্ষণাৎ বল বা আয়ুঃ কারক দ্রব্যাদি।
সদ্যঃপ্রাণহর, তৎক্ষণাৎ বল বা আ-য়ুঃ নাশক দ্রব্যাদি। [শুদ্ধতা।
সদ্যঃশুদ্ধি, সদ্যঃশৌচ, তৎক্ষণাৎ-
সদ্যঃশৌচ, তৎক্ষণাৎ শুদ্ধি।
সদ্যস্ক, নূতন, নব, নবীন।
সদ্যোজাত, তৎক্ষণাৎ উৎপন্ন ; নূতন বৎস ; শিব।
সদ্যোভাবী, সদ্যোজাত বৎস।
সদ্বক্তা, সৎকথক, বাগ্মী, বাক্‌পটু।
সদ্বসথ, গ্রাম ; উত্তম বসতি স্থান।
সদ্বৃত্ত, সাধুস্বভাব, সচ্চরিত্র।
সদ্বৃত্তিভাক্, সদ্বৃত্তি বিশিষ্ট, সুশীল।
সধবা, জীবৎপতিকা, সভর্তৃকা, পতি-বত্নী, সনাথা। [ক্রান্ত।
সধর্ম্মা, সদৃশ, তুল্য, সমান ; সমানধর্ম্মা-
সধর্ম্মচারিণী, ভার্য্যা, পত্নী, জায়া।
সধর্ম্মিণী, ভার্য্যা, পত্নী, জায়া।
সধর্ম্মী, সমান ধর্ম্মাচারী, তুলধর্ম্মী।
সধি, অগ্নি, বহ্নি, অনল।
সধ্রীচী, সখী, সহচরী।
সধ্র্যঙ্, সহচর, সঙ্গী।
সনক, বিষ্ণুর পারিষদ বিশেষ ; ব্রহ্মার চতুষ্পুত্রান্তর্গত পুত্র বিশেষ।
সনৎকুমার, মুনি বিশেষ, ব্রহ্মার পুত্র।

সনন্দ, ব্রহ্মার পুত্র চতুষ্টয়ের অন্তর্গত পুত্র বিশেষ; প্রমাণ স্বরূপ লিখিত পত্রাদি।
সনসূত্র, শোণের দ্বারা নির্ম্মিত সূতা।
সনাতন, নিত্য; সর্ব্বদা ভাবী; বিষ্ণু, শিব; ব্রহ্মা। [স্বর্তী।
সনাতনী, নিত্যা; দুর্গা; লক্ষ্মী; সর-
সনাথা, জীবৎভর্ত্তৃকা, পতিবত্নী, সধবা; সস্বামিকা। [তুলা; স্নেহযুক্ত।
সনাভি, সপিণ্ড, জ্ঞাতি; সহোদর;
সনাম, একনাম, সমান সংজ্ঞা।
সনামক, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা-গাছ; সমান নাম যুক্ত।
সনিত, প্রতিপন্ন, খ্যাতিযুক্ত। [মুখ।
সনিষ্ঠীব, বারি বিন্দুপূর্ণ মুখ, থুথুভরা
সনীড়, নিকট; সন্নিধান; নীড়যুক্ত।
সন্তত, সতত, নিত্য, নিরন্তর।
সন্ততাভ্যাস, নিরন্তর অভ্যাস।
সন্ততি, গোত্র; পুত্র; কন্যা, পংক্তি; বিস্তার।
সন্তপ্ত, পথ গমনাদি দ্বারা শ্রান্ত; সন্তাপিত; অগ্নিজন্য তাপযুক্ত।
সন্তমস, চতুর্দ্দিক্ আচ্ছন্নকারি অন্ধকার, ব্যাপক অন্ধকার।
সন্তরণ, হস্ত পদাদি চালন পূর্ব্বক জলোপরি ভাসিয়া বেড়ান, সাঁতার দেওন।
সন্তর্পণ, তৃপ্ত করণ, তোষণ।
সন্তান, বংশ, অপত্য, পুত্র; বিস্তার; কল্পবৃক্ষ। [মনস্তাপ, দুঃখ।
সন্তাপ, অগ্নিজাত তাপ; সম্যক্ তাপ,
সন্তাপন, সম্যক তাপকারক; কামদেবের পঞ্চ বাণান্তর্গত বাণবিশেষ।
সন্তাপিত, পথ গমনে শ্রান্ত; সন্তাপ বিশিষ্ট, দুঃখিত।
সন্তি, দান; অবসান।
সন্তুষ্ট, সন্তোষযুক্ত, হৃষ্ট, আহ্লাদিত।
সন্তোলন, সাঁতোলা, সন্তরণ, সম্যক্ প্রকারে তোলন।
সন্তোষ, সন্তুষ্টি, পরিতোষ; তৃপ্তি; আনন্দ, স্বাস্থ্য। [দায়ক।
সন্তোষক, তুষ্টিকর; হর্ষজনক, আনন্দ
সন্তোষী, হর্ষান্বিত, আহ্লাদ বিশিষ্ট।
সন্দংশ, সাঁড়াশী, জাঁতি, সোম্না।
সন্দংশিকা, সাঁড়াশী, চিম্টা; লৌহ নির্ম্মিত যন্ত্র বিশেষ, কাতারি।
সন্দর্ভ, রচনা, প্রবন্ধ, গ্রন্থ।
সন্দর্শন, সম্যক্ প্রকারে দর্শন, নিরীক্ষণ, অবলোকন, দেখন।
সন্দানিত, বদ্ধ, আটকান। [য়ালি ঘর।
সন্দানিনী, গোগৃহ, গোশালা, গো-
সন্দাব, পলায়ন, প্রস্থান।
সন্দিগ্ধ, সন্দেহ যুক্ত; সংশয় বিশিষ্ট।
সন্দিগ্ধচিত্ত, সংশয়াপন্ন মনাঃ, সন্দেহান্বিত অন্তঃকরণ।
সন্দিগ্ধচেতাঃ, সন্দেহযুক্ত অন্তঃকরণ; সংশয়িত মনাঃ।
সন্দিগ্ধমতি, সন্দেহান্বিত বুদ্ধি।
সন্দিগ্ধার্থ, সন্দেহের বিষয়ী ভুত অর্থ।
সন্দিত, বদ্ধ, বাঁধা।
সন্দিষ্ট, বার্ত্তা, কথিত, আদিষ্ট।
সন্দিষ্টার্থ, দূত, বার্ত্তাবহ।
সন্দিহান, সন্দিগ্ধ, সন্দেহান্বিত, সংশয় যুক্ত। [বিশেষ, মণ্ডা।
সন্দেশ, সংবাদ, সমাচার; মিষ্টান্ন
সন্দেশবাক্, সংবাদ, বার্ত্তা, সমাচার।
সন্দেশহর, দূত, বার্ত্তাবহ।
সন্দেশহারক, দূত, বার্ত্তাবহ।
সন্দেহ, ভাবাভাব প্রকারক বিরুদ্ধ জ্ঞান, দ্বৈধজ্ঞান, বিচিকিৎসা, সংশয়।
সন্দেহকল্প, সংশয় স্থল, সন্দিগ্ধ।
সন্দেহী, সন্দিগ্ধ, সন্দেহযুক্ত, সংশয়ান্বিত, দ্বৈধজ্ঞান সম্পন্ন।
সন্দোহ, সমূহ, রাশি, বহু।
সন্দ্রাব, পলায়ন,, প্রস্থান।
সন্ধা, স্থিতি; প্রতিজ্ঞা, সন্ধান।

সন্ধান, সঙ্ঘটন ; অন্বেষণ ; তত্ত্ব ; ধনুকে বাণ যোজন।
সন্ধানিত, সন্ধান বিশিষ্ট ; সঙ্ঘটিত।
সন্ধানিনী, গোগৃহ, গোশালা, গোয়ালি ঘর। [চেষ্টান্বিত।
সন্ধানী, সন্ধান বিশিষ্ট; অন্বেষণকারী,
সন্ধি, রাজাদির ছয় গুণের অন্তর্গত গুণবিশেষ ; সংযোগ, সঙ্ঘটন ; বর্ণদ্বয়ের মেলন ; উভয়ের মিলন ; গ্রন্থিস্থান।
সন্ধিচোর, চৌরবিশেষ,সিঁধাল চোর।
সিন্ধচ্যুত, সংযোগ ভ্রষ্ট ; গ্রন্থিভঙ্গ ; মিলনের অন্যথা।
সন্ধিত, সন্ধিযুক্ত, মিলিত, একত্রিত।
সন্ধিনী, বৃষভে আক্রান্তা গাভী; অকাল দুগ্ধা ধেনু।
সন্ধিপূজা, শারদীয় মহাপূজান্তর্গত তৃতীয়া পূজা, অষ্টমী নবমীর সন্ধিক্ষণে কর্ত্তব্য পূজা।
সন্ধিবন্ধ, ভূমিচম্পক, ভুঁইচাপা।
সন্ধিবন্ধন,শিরা, রক্ত সঞ্চালনের পথ।
সন্ধিবেলা, কাল বিশেষ, দিবা রাত্রির মেলন কাল।
সন্ধিলা, সুরুঙ্গ ; নদী ; মদিরা।
সন্ধিহারক, সন্ধিচোর, সিঁধাল চোর।
সন্ধ্যা, কালবিশেষ, দিবারাত্রি সন্ধি দণ্ডদ্বয়; সায়ং, দিনান্ত, সায়াহ্ন; যুগসন্ধি।
সন্ধ্যাংশ, যুগসন্ধি।
সন্ধ্যাকাল, সায়ংকাল,সূর্য্যাস্ত সময়।
সন্ধ্যাচল, পর্ব্বত বিশেষ।
সন্ধ্যানাটী, শিব, মহাদেব।
সন্ধ্যাপুষ্পী, পুষ্পবিশেষ, জাতীপুষ্প।
সন্ধ্যাবল, রাক্ষস, নিশাচর।
সন্ধ্যাবলি, শিবালয় স্থিত মৃত্তিকা কাষ্ঠাদি নির্ম্মিত বৃষ।
সন্ধ্যাভ্র, সুবর্ণবর্ণ গৈরিক মৃত্তিকা ; গেরিমাটী ; সন্ধ্যাকালীন মেঘবৎ রক্তবর্ণ।
সন্ধ্যারাগ, সিন্দূর।
সন্ধ্যারাম, ব্রহ্মা, প্রজাপতি।
সন্নকদ্রু, বৃক্ষবিশেষ, পিয়ালবৃক্ষ।
সন্নতি, প্রণতি ; ধ্বনি, নম্রতা।
সন্নদ্ধ, বর্ম্মিত, কৃতসন্নাহ, কবচযুক্ত ; ব্যূহ বিন্যাস যুক্ত ; সজ্জাদি সংযুত।
সন্নয়, সমূহ ; পৃষ্ঠদেশে স্থায়ি সৈন্য।
সন্নাহ, অঙ্গত্রাণ, সাঁজোয়া, বর্ম্ম, কবচ, তনুত্র।
সন্নাহ্য, যুদ্ধ যোগ্য হস্তী।
সন্নিকট, সন্নিকর্ষ, নিকট, সমীপ, অন্তিক, সবিধ।
সন্নিকর্ষ, সান্নিধ্য, নৈকট্য।
সন্নিকর্ষণ, সন্নিধান, সন্নিধি।
সন্নিকৃষ্ট, সন্নিকর্ষ বিশিষ্ট, নিকট ; সমীপবর্ত্তী।
সন্নিধ, সন্নিধান, নিকট, সমীপ।
সন্নিধান, নিকট, সমীপ।
সন্নিধি, সন্নিকর্ষ, নিকট।
সন্নিপতিত, একত্রীকৃত, মিশ্রিত।
সন্নিপাত, সম্যক্ প্রকারে পতন ; রোগ বিশেষ, বাত পিত্ত শ্লেষ্মার মিলন।
সন্নিপাতজ্বর, ত্রিদোষজন্য জ্বর; অষ্ট প্রকার জ্বরের অন্তর্গত জ্বর বিশেষ।
সন্নিবদ্ধ, সম্যক্ বন্ধন যুক্ত ; দৃঢ়বদ্ধ।
সন্নিবন্ধন, সম্যক নিশ্চিত বন্ধন।
সন্নিবিষ্ট, উপবিষ্ট ; নিকট ; মনোযোগী।
সন্নিবৃত্তি, সম্যক্ নিবর্ত্তন।
সন্নিবেশ, পুরাদির বহির্ব্বিহরণ ভূমি, গৃহাদির নিকটবর্ত্তি গমনাদি স্থান।
সন্নিহিত, নিকটবর্ত্তী, সমীপস্থ।
সন্ন্যস্ত, সম্যক্ ন্যাসীকৃত ; সমর্পিত ; পরিত্যক্ত।
সন্ন্যাস, কাম্য কর্ম্মাদির পরিত্যাগ, চতুর্থাশ্রম, ভিক্ষুক ধর্ম্ম।
সন্ন্যাসী, সন্ন্যাসাশ্রম বিশিষ্ট, চতুর্থাশ্রমী।

সপত্রকৃত, ক্ষত মৃগাদি; অত্যন্ত পীড়িত।
সপত্রাকরণ,অত্যন্ত পীড়ন। [পীড়িত।
সপত্রাকৃত, ক্ষত মৃগাদি; অত্যন্ত-
সপত্রাকৃতি, অত্যন্ত পীড়ন।
সপত্ন, শত্রু, বৈরী, রিপু।
সপত্নারি, বংশবিশেষ, বেউড় বাঁশ।
সপত্নী, সমান পতিকা, সতীন, এক পতির স্ত্রী। [পুত্র।
সপত্নীপুত্র, সপত্নীর সন্তান, সতীনের
সপদি, দ্রুত, শীঘ্র; তৎক্ষণ ৎ, হঠাৎ।
সপরিবার, পোষ্যবর্গ সহিত, পরিবার সহ, পুত্র কলত্র সমেত।
সপর্য্যা, পূজা, অর্চ্চা।
সপক্ষ, অনুকূল, সহায়।
সপক্ষতা, অনুকূলতা, পক্ষপাত; সহায়তা। [সওয়া।
সপাদ, চরণযুক্ত; চতুর্থভাগ সহিত,
সপাদপীঠ, পাদপীঠ যুক্ত সিংহাসনাদি। [সনাভি।
সপিণ্ড, সপ্তম পুরুষান্তর্গত জ্ঞাতি,
সপিণ্ডীকরণ, পূর্ণ সম্বৎসরে ক্রিয়মাণ শ্রাদ্ধ বিশেষ। [এককালীন পান।
সপীতি,আত্মীয়জনের সহিত মিলিয়া
সপ্ত, সংখ্যা বিশেষ, সাত।
সপ্তক, সাতের পূরণ, সপ্তম।
সপ্তকী,কাঞ্চী,স্ত্রীলোকের কট্যাভরণ।
সপ্তচ্ছদ, বৃক্ষবিশেষ, ছাতিম্ গাছ।
সপ্তজিহ্ব, অগ্নি, বহ্নি, আগুন।
সপ্ততন্তু, যজ্ঞ, যাগ।
সপ্ততি, সঙ্খ্যাবিশেষ, সত্তোর।
সপ্ততিতম, সত্তোর সঙ্খ্যার পূরণ।
সপ্তদশ, সংখ্যা বিশেষ, সতেরো; সপ্তদশের পূরণ, সতেরই।
সপ্তদীধিতি, অগ্নি, অনল, আগুন।
সপ্তদ্বীপপতি, সপ্তদ্বীপের অধিপতি।
সপ্তদ্বীপা, পৃথিবী, পৃথ্বী, বসুধা।
সপ্তধা, সপ্তপ্রকার; সাত বার।
সপ্তধাতব, শরীরস্থ সপ্তসংখ্যক ধাতু।
সপ্তপদীগমন, বিবাহাঙ্গী ভূত দম্পতীর সপ্তপদ গমন।
সপ্তপর্ণ, বৃক্ষবিশেষ, ছাতিম্ গাছ।
সপ্তপাতাল, সপ্তসংখ্যক অধোভুবন।
সপ্তভদ্র, বৃক্ষ বিশেষ, শিরীষ বৃক্ষ।
সপ্তম, সাতের পূরণ, সাতুইঁ।
সপ্তমী, তিথি বিশেষ, চন্দ্রের সপ্তম কলার ক্রিয়া কাল।
সপ্তর্ষি, সপ্ত সংখ্যক ঋষি-যথা মরীচি-অত্রি-অঙ্গিরা-পুলস্ত-পুলহ-ক্রতু-বশিষ্ঠ।
সপ্তলা, নবমালিকা পুষ্প; গুঞ্জা, কুঁচ।
সপ্তশতী, সপ্ত শত শ্লোকাত্মক গ্রন্থ বিশেষ; চণ্ডীপুস্তক।
সপ্তশলাক, বিবাহে শুভাশুভ দিন জ্ঞানার্থ তির্য্যগূর্দ্ধ সপ্তরেখা বিশিষ্ট চক্র বিশেষ।
সপ্তসপ্তি, সূর্য্য, রবি, দিনকর।
সপ্তসূ, সপ্ত পুত্র প্রসূতা স্ত্রী, সাত পুত্রের মাতা।
সপ্তাংশুপুঙ্গব, শনিগ্রহ, শনৈশ্চর।
সপ্তার্চ্চি; অগ্নি; চিত্রক বৃক্ষ, চিতাগাছ; শনিগ্রহ।
সপ্তাশ্ব, সূর্য্য, রবি, দিনকর।
সপ্তাশ্ববাহন, সূর্য্য, ভানু, দিনমণি।
সপ্তাস্র, সপ্তকোণ, সাত কোণা।
সপ্তাহ, সপ্ত দিন, সাত দিন।
সপ্তি, অশ্ব, ঘোটক, তুরঙ্গ।
সপ্রতিভ, অক্ষুব্ধ, বুদ্ধিমান, চতুর।
সপ্রমাণ, প্রমাণ সহিত; অসংশয়, সত্য।
সফর, মৎস্যবিশেষ, পুঁটীমাছ।
সফরী, মৎস্য বিশেষ, প্রোষ্ঠী, পুঁটী মাছ। [সুসিদ্ধ।
সফল, ফলবিশিষ্ট, ফলবান্; অমোঘ;
সব, যজ্ঞ; সূর্য্য; চন্দ্র; সর্ব্ব, সকল।
সবন, যজ্ঞে স্নান; যজ্ঞ, অধ্বর; প্রসব।
সবয়াঃ, সমবয়স্ক; বয়স্য, সখা, সহচর।
সবর, সলিল, জল; শিব, মহেশ।

সবর্ণ, সদৃশ, তুল্য ; সমান বর্ণ, তুল্য জাতি।
সবর্ণা,সূর্য্যপত্নী,ছায়া; সমানবর্ণা স্ত্রী।
সবল, বলবান, সামর্থ্যবান্ ; সৈন্য যুক্ত। [শৃঙ্খল।
সবলোট, লম্পট ; সর্ব্বভক্ষক, উৎ-
সবাধ, প্রতিবন্ধক যুক্ত; পীড়া যুক্ত, নিষেধযুক্ত।
সবিকাশ, বিকশিত, প্রফুল্ল।
সবিতা, সূর্য্য, রবি, দিবাকর।
সবিত্র, প্রসবকরণ।
সবিত্রিয়, সূর্য্য সম্বন্ধীয়।
সবিত্রী, মাতা, জননী ; প্রসবকারিণী।
সবিধ, নিকট, সমীপ ; সমানপ্রকার।
সবিশেষ, বিশেষযুক্ত, নিগূঢ় বিবরণ সহিত।
সবিষাণ, শৃঙ্গযুক্ত, শিঙ্গাল।
সবিষাদ, বিষাদযুক্ত, খেদিত,দুঃখিত
সবিস্ময, বিস্ময়াপন্ন, বিস্ময়যুক্ত।
সবেশ, নিকট, সমীপ, বেশযুক্ত, বেশান্বিত।
সব্য, বাম ; প্রতিকূল, বিষ্ণু।
সব্যসাচী, অর্জ্জুন, উভয় হস্তে সমবল যুক্ত।
সব্যেষ্ঠ, সারথি, রথচালক।
সব্রহ্মচারী,পরস্পর এক ব্রহ্মচর্য্য ব্রতাচারী, একগুরুর শিষ্য।
সভয়, ভয়যুক্ত, শঙ্কান্বিত, ত্রস্ত, ভীত।
সভর্তৃকা, বিদ্যমান পতিকা, পতিবত্নী, সধবা, সনাথা।
সভা, সমাজ, সমজ্যা,পরিষৎ, সমিতি, মজলিস, মিটীং।
সভাকার, সমাজকারক ; সকলকার।
সভাজন, গমনাগমনাদি সময়ে সুহৃৎ সঙ্গে আলিঙ্গন, আনন্দন, কুশলাদি প্রশ্নকরণ ; পূজন।
সভাপতি,সমাজাধিপতি,দ্যূতগৃহস্বামী।
সভাসদ, সভ্য, সামাজিক, পারিষদ, সভাস্থ।
সভাস্তার, সভ্য, সভাসদ, সভাস্থ।
সভাস্থ, সভ্য; সভাতে বর্ত্তমান।
সভিক, দ্যূতকারক, ফড়ের কর্ত্তা।
সভীক, দ্যূতকারক; ফড়ের কর্ত্তা।
সভোচিত, পণ্ডিত ; সভাযোগ্য।
সভ্য, সজ্জন, সাধু ; সভাসদ ; সভারঞ্জক ; সভাসম্বন্ধীয়।
সম, সর্ব্ব, সমান ; সাধু ; গীতবিষয়ে মানের প্রকার বিশেষ।
সমকন্যা, বিবাহের উপযুক্তা কন্যা।
সমকোণ,নব্বুই ডিগ্রী পরিমিত কোণ।
সমকোল, সর্প, ভুজঙ্গ, অহি।
সমগন্ধক, কৃত্রিম ধূপ। [গন্ধযুক্ত।
সমগন্ধিক, উশীর, বেণার মূল, তুল্য-
সমগ্র, সকল, সমুদয়, অখিল।
সমঙ্গা, মঞ্জিষ্ঠা লতা, লজ্জালু লতা ; বালা বৃক্ষ।
সমচিত্ত, এক বিষয়ক অন্তঃকরণবৃত্তি।
সমজ, বন ; পশুসমূহ ; মূর্খ সমূহ।
সমজ্ঞ, কীর্ত্তি, যশঃ, সুখ্যাতি।
সমজ্যা, সভা, সংসৎ, কীর্ত্তি।
সমঝন, বুঝন, বোধগম্য করণ।
সমঞ্জস, উচিত, সমীচীন, উত্তম ; পরিমিত ; ন্যায়।
সমতা, সমভাব, তুল্যতা ; স্থিরতা।
সমতিরিক্ত, সম্যক্ অধিক, সম্যক্ প্রকারে অতিরিক্ত।
সমদর্শী, সর্ব্বভূতে তুল্য দর্শন কারী ; সর্ব্ব প্রাণিতে সমান জ্ঞান।
সমদৃষ্টি, সর্ব্বত্র তুল্য দর্শন ; সমদর্শী।
সমধাতু, সর্ব্বধাতুর সাম্য ভাব,স্বাস্থ্যাবস্থা।
সমধিক, অধিক, অতিরিক্ত।
সমন্ত, সীমা, পর্য্যন্ত। [সর্ব্বতঃ।
সমন্ততঃ, চতুর্দ্দিকে অভিব্যাপ্ত,পরিত;
সমন্তদুগ্ধা, সুহী বৃক্ষ, সিজগাছ।
সমন্তভুক, অগ্নি,অনল,বহ্নি। [দিকে।
সমন্তাৎ, সর্ব্বতঃ, চতুর্দ্দিকে, চারি-
সমন্যু, শিব ; ক্রোধযুক্ত, কোপন।

সমন্বয়, পরস্পর মিলন; ঐক্যকরণ; সংযোগ।
সমন্বিত, সংযুক্ত, মিলিত, একত্রিত।
সমবর্ত্তী, সমানভাবে বর্ত্তন শীল।
সমবায়, সমূহ; সম্বন্ধবিশেষ; মিলন।
সমবেত, মিলিত, যুক্ত, সংযোগ-বিশিষ্ট।
সমভাব, তদবস্থ, সমতা, তুল্যতা।
সমভাবি, সমান ভাব বিশিষ্ট, তুল্য-অবস্থান্বিত।
সমভিব্যাহার, সহিত, সঙ্গ, সাথ।
সমভিব্যাহারী, সহচর, সঙ্গী, সাথী।
সমভিব্যাহৃত, সহ চলিত, সমভিব্যা-হারে গত।
সমভিহার, পৌনঃপুন্য, ভৃশার্থ, বারং।
সমভূমি, সমান স্থান; ভূমির সমান।
সমম্, সহিত, সঙ্গ।
সময়, কাল; অবসর; শপথ; আচার, প্রতিজ্ঞা, সঙ্কেত; সম্পৎ।
সময়কার, সঙ্কেত, ঠার, ইঙ্গিত।
সময়ক্রমে, কালানুসারে, উপযুক্ত-সময়ে। [ক্রমে।
সময়শিরে, উপযুক্ত সময়ে, সুযোগ-
সময়োচিত, কালোপযুক্ত, যথাকাল।
সমর, যুদ্ধ, রণ, সংগ্রাম।
সমর্থ, শক্তিষ্ঠ, বলবান্; ক্ষমতাপন্ন।
সমর্থতা, সামর্থ্য, শক্তি, বল।
সমর্থন, এ উচিত এ অনুচিত ইহা নিশ্চয় করণ; সামর্থ্য।
সমর্থনা, অশক্য বিষয়ে অধ্যবসায়, অসাধ্য কর্ম্মের অনুষ্ঠানার্থ উৎসাহ
সমর্দ্ধক, বরদ, বরদাতা, ইষ্টফল দাতা দেবতাদি। [সোঁপন।
সমর্পণ, সম্যক্ প্রকারে অর্পণ,
সমর্য্যাদ, সমীপ; মর্য্যাদা সহিত।
সমল, বিষ্ঠা; মলসহিত; মলিন।
সমষ্টি, সমস্ত, সকল; মিলিত।
সমসন, সংক্ষেপণ, চুম্বক করণ।
সমসময়কাল, তত্তৎ সময়, সেইংকালে।
সমসরল, অদ্যন্ত সমান, অবক্র, সোঝা।
সমসুপ্তি, কল্পান্ত, মহাপ্রলয়; তুল্য-শয়ন। [সূতা ধরা।
সমসূত্রপাত, সরলসূত্র বিন্যাস, সমান
সমস্ত, সম্পূর্ণ; অশেষ, কৃৎস্ন, নিখিল, সমগ্র, সকল, অখণ্ড।
সমস্থ, সমান; সমভাবে স্থিত।
সমস্থলী, গঙ্গা যমুনার মধ্য দেশ।
সমস্যা, শ্লোকের পাদপূরণার্থ প্রশ্ন; প্রশ্ন পূরণ।
সমজ্ঞা, যশঃ, কীর্ত্তি, সুখ্যাতি।
সমক্ষ, চক্ষুর সমীপ, প্রত্যক্ষ।
সমা, বৎসর, বর্ষ।
সমাংশ, সমান ভাগ, তুল্য অংশ।
সমাংশহারিণী, তুল্য ভাগাধিকারিণী।
সমাংশহর্ত্তা, সম ভাগার্হ, সমান অংশ যে লয়, সমাংশী।
সমাংশিক, তুল্যভাগী, সমভাগী।
সমাংশী, তুল্যভাগ বিশিষ্ট, তুল্য-ভাগী, সমান ভাগের অধিকারী।
সমাংসমীনা, প্রতিবর্ষ প্রসূতা গবী।
সমাকর্ষী, অতি দূরগামি গন্ধ।
সমাখ্য, কীর্ত্তি, যশঃ; সংজ্ঞা, নাম।
সমাগত, সম্যক্ আগমন বিশিষ্ট, উপস্থিত; মিলিত।
সমাগতি, সমাগমন, মিলন।
সমাগম, সম্যক্ আগমন, মিলন।
সমাঘাত, যুদ্ধ, রণ; বধ, হিংসা।
সমাচার, সম্যক্ আচরণ; বার্ত্তা, সং-বাদ, খবর। [সংসৎ, পরিষৎ।
সমাজ, পশু ভিন্নের সমূহ; সভা,
সমাদর, সম্মান, মর্য্যাদা, অভ্যর্থনা।
সমাদান, সমীচীন রূপে গ্রহণ, সমক্ গ্রহণ। [অভ্যর্থিত; মর্য্যাদান্বিত।
সমাদৃত, সমক্ প্রকারে আদর প্রাপ্ত;
সমাধা, নিষ্পত্তি, বিরোধ ভঞ্জন, মিটান।
সমাধান, ব্রহ্মেতে মনঃস্থিরী করণ; চিত্তের একাগ্রতা; অবধান, প্রণি-ধান; সিদ্ধান্তকরণ।

সমাধি, ধ্যান; ব্রহ্মেতে মনঃস্থিরীকরণ, ইন্দ্রিয় নিরোধন; যোগ।
সমাধিস্থ, ধ্যানে স্থিত, সমাধি বিশিষ্ট।
সমান, সম, তুল্য, সদৃশ; শরীরস্থ বায়ু বিশেষ। [উৎপত্তি শীল।
সমানকালীন, এককালীন; তুল্য কালে
সমানোদক, একোদক, জ্ঞাতি বিশেষ, চতুর্দ্দশ পুরুষ পর্য্যন্ত জ্ঞাতি।
সমানোদর্য্য, সহোদর, সোদর।
সমাপক, সমাপনকর্ত্তা; নিষ্পত্তিকারক।
সমাপন, পরিচ্ছেদ, সমাপ্তি; চুকান।
সমাপন্ন, সমাপ্ত; প্রাপ্ত; নিষ্পন্ন।
সমাপিকা, বাক্য সমাপক ক্রিয়া।
সমাপিত, কৃত সমাপন, সমাপন করা।
সমাপ্ত, সমাপন প্রাপ্ত, সমাপ্তি বিশিষ্ট, নিষ্পন্ন।
সমাপ্তি, অবসান, শেষ, নিষ্পত্তি।
সমাপ্ত্যর্থা, সমস্যা, শ্লোকের পাদ পূরণার্থ প্রশ্ন।
সমাপ্য, সমাপনীয়; নিষ্পাদনীয়।
সমাবর্ত্তন, বেদাধ্যয়নের পর গৃহস্থ ধর্ম্মে প্রবেশ। [মিলন।
সমাবায়, সমবায়, সমূহ, বৃন্দ, সকল;
সমাবিষ্ট, একাগ্রচিত্ত, নিবিষ্ট মনাঃ।
সমাবৃত, সমক্‌প্রকারে আবৃত; ব্যস্ত।
সমাবৃত্ত, বেদাধ্যয়ন হইতে নিবৃত্ত, ব্রহ্মচর্য্য সমাপনের পর গৃহস্থাশ্রমে প্রবিষ্ট। [জানান।
সমাবেদন, নিবেদন, সম্যক্ প্রকারে
সমাবেশ, একত্র সহাবস্থান, সহাবস্থিতি। [প্রাপ্ত
সমাবেশিত, সহ অবস্থিত, সমাবেশ
সমাযোগ, সংযোগ, সমবায়।
সমারোহ, ঘটা; বহুলোকাগম।
সমালম্ভ, কুঙ্কুমাদি বিলেপন।
সমালম্ভন, কুঙ্কুমাদি বিলেপন; মারণ।
সমাশ্রয়, সমক্‌ আশ্রয়; সহায়।
সমাশ্রিত, সম্যক প্রকারে আশ্রয় প্রাপ্ত, শরণাগত।

সমাস, সংক্ষেপ, চুম্বক, সমর্থন; সমাহার; বহুপদের একপদ করণ।
সমাসক্ত, সংযুক্ত, মিলিত।
সমাসঙ্গ, মেলন, সংযোগ।
সমাসন্ন, নিকট, সমীপ, সন্নিহিত।
সমাসাদিত, আহৃত; প্রাপ্ত; লব্ধ।
সমাসার্থা, সমস্যা, শ্লোকের পাদপূরণার্থ প্রশ্ন।
সমাহার, সমুচ্চয়; মিলন, একত্রকরণ।
সমাহিত, সমাধিস্থ; নিষ্পন্ন; নির্ব্বিবাদী কৃত।
সমাহৃত, সম্যক প্রকারে আহরণ করা, সংগৃহীত, একত্রী কৃত।
সমাহৃতি, সংগ্রহ, একত্রকরণ।
সমাহ্বয়, পশুপক্ষি প্রভৃতি দ্বারা দ্যূত ক্রীড়া; আহ্বান।
সমাহ্বা, নাম, সংজ্ঞা। [বিশেষ।
সমিক, শল্য, শেল; বড়শা নামে অস্ত্র
সমিতা, গোধূম চূর্ণ, ময়দা।
সমিতি, সভা; যুদ্ধ; সঙ্গ।
সমিথ, অগ্নি; যুদ্ধ, সমর।
সমিদ্, যুদ্ধ, সংগ্রাম; অগ্নি সন্দীপনার্থ তৃণ কাষ্ঠাদি।
সমিধ, অগ্নি, যজ্ঞীয় কাষ্ঠ।
সমিন্ধন, অগ্নি সন্দীপনার্থ তৃণকাষ্ঠাদি।
সমির, বায়ু, অনিল, বাত।
সমীক, যুদ্ধ, সমর, রণ।
সমীকরণ, তুল্যকরণ, সমান করা।
সমীকৃত, একীকৃত; সমানীকৃত।
সমীচ, সমুদ্র, জলধি, সাগর।
সমীচক, মৈথুন, স্ত্রীসংসর্গ।
সমীচীন, যথার্থ, সত্য, তথ্য; উত্তম, উপযুক্ত।
সমীদ, গোধূম চূর্ণ, ময়দা।
সমীন, বৎসর সম্বন্ধীয়।
সমীনিকা, প্রতিবর্ষ প্রসূতা গো।
সমীপ, নিকট, সন্নিধান।
সমীপতা, নৈকট্য, সান্নিধ্য, সামীপ্য।
সমীর, বায়ু, অনিল; সাঁই গাছ।

সমীরণ, বায়ু, অনিল, পবন।
সমীহা, লজ্জা; বহু চেষ্টা।
সমীক্ষ, সম্যক্ দর্শন; সাঙ্খ্যশাস্ত্র।
সমীক্ষণ, সম্যক্ প্রকারে দর্শন, উত্তম রূপে অবলোকন।
সমীক্ষা, মীমাংসা শাস্ত্র; যত্ন; বুদ্ধি।
সমুখ, বাগ্মী, বাবদূক, বাচাল।
সমুচিত, সম্যক উচিত, উপযুক্ত।
সমুচ্চয়, সমাহার, অনেকের মিলন।
সমুচ্ছেদ, বিনাশ, ধ্বংস।
সমুচ্ছ্রয়, বিরোধ; উৎসেধ, উচ্চতা।
সমুচ্ছ্রায়, উৎসেধ, উচ্চতা।
সমুচ্ছ্রিত, উন্নত, উচ্চ; বৃদ্ধিযুক্ত।
সমুজ্ঝিত, ত্যক্ত, ত্যাগ করা।
সমুৎক্রম, ঊর্দ্ধগমন।
সমুৎক্রোশ, কুরর পক্ষী; উচ্চৈঃ শব্দ।
সমুত্থ, সমুদ্ভব, সমুৎপন্ন।
সমুত্থান, ঊর্দ্ধগমন, সম্যক্ প্রকারে উত্থান।
সমুত্থিত, সম্যক্ উত্থিত, উঠা, উৎপন্ন।
সমুৎপন্ন, সমুদ্ভূত, সর্ব্বতোভাবে জাত।
সমুৎপিঞ্জ, অত্যন্ত ব্যাকুল; অতিশয় আকুল সৈন্য।
সমুৎসুক, অতিশয় উৎকণ্ঠিত, সম্যক্ ইষ্টার্থে উদ্যুক্ত; চেষ্টান্বিত; উদ্‌যোগী।
মুদক্ত, উদ্ধৃত; কূপাদির উদ্ধৃত জল।
মুদয়, সকল, সমূহ; যুদ্ধ; সমুদ্গাম।
মুদাগম, উত্তমরূপে জ্ঞান।
মুদাচার, আশয়, অভিপ্রায়।
মুদায়, সমূহ, সকল; যুদ্ধ।
মুদিত, সম্যক্ প্রকারে কথিত; উদয় প্রাপ্ত; সমুদ্ভূত।
দ্গা, সম্পুটক, কৌটা।
দ্গাক, সম্পুটক, কৌটা।
দ্গাম, ঊর্দ্ধগতি; উৎপত্তি; উদয়।
দ্গীত, উচ্চৈঃস্বরে গান করা।
দ্গীর্ণ, বমিত, বমনকরা; কথিত।
দ্ধত, অবিনীত, দুষ্ট, অশিষ্ট।

সমুদ্ধরণ, বান্তান্ন, ন্যাকার করা; উত্তোলন; মুক্তকরণ।
সমুদ্ধার, সম্যক্ প্রকারে উদ্ধার, উত্থাপন; মুক্তকরণ। [লিত।
সমুদ্ধৃত, মোচিত, উদ্ধার করা; উত্তো-
সমুদ্ভূত, সমুৎপন্ন, জাত।
সমুদ্র, জলসমূহ স্থান, অব্ধি, অকূপার, পারাবার, অর্ণব, সিন্ধু, সাগর।
সমুদ্রকফ, সমুদ্রের ফেণা।
সমুদ্রকান্তা, নদী, সরিৎ, তটিনী; পৃক্কা শাক, পিড়িংশাক।
সমুদ্রগা, নদী, সমুদ্র গামিনী।
সমুদ্রগৃহ, জলযন্ত্র গৃহ।
সমুদ্রচুলুক, অগস্ত্যমুনি।
সমুদ্রদয়িতা, নদী, তটিনী, হ্রদিনী।
সমুদ্রনবনীত, অমৃত; চন্দ্র।
সমুদ্রফল, ঔষধ বিশেষ।
সমুদ্রফেণ, সমুদ্রের ফেণা।
সমুদ্রবহ্নি, বাড়বানল।
সমুদ্রমেখলা, পৃথিবী, ধরিত্রী, ধরণী।
সমুদ্রযাত্রা, সমুদ্র গমন।
সমুদ্রযান, পোত, জাহাজ, অর্ণবপোত।
সমুদ্রযায়ী, সমুদ্রগামী।
সমুদ্ররসনা, পৃথ্বী, ধরা, বসুধা।
সমুদ্রলবণ, সমুদ্রের জল জাত লবণ, সৈন্ধব লোণ।
সমুদ্রসুভগা, গঙ্গা, জাহ্নবী।
সমুদ্রান্ত, জাতীফল; সমুদ্রতীর।
সমুদ্রাম্বরা, পৃথিবী, ধরিত্রী, ধরণী।
সমুদ্রারু, কুম্ভীর; সেতুবন্ধ; তিমিঙ্গিল মৎস্য। [সমুদ্রজাত।
সমুদ্রীয়, সমুদ্র সম্বন্ধীয়, সামুদ্রিক,
সমুন্দন, আর্দ্রীভাব, জলযুক্ত, ভিজা।
সমুন্ন, আর্দ্র, ভিজা, জলযুক্ত।
সমুন্নত, উচ্চ, মহৎ; বৃদ্ধিশীল।
সমুন্নতি, উচ্ছ্রায়, উৎসেধ, উচ্চতা, সম্যক্ প্রকারে বৃদ্ধি। [দ্ভূত।
সমুন্নদ্ধ, পণ্ডিতম্মন্য; গর্ব্বিত; সমু-
সমুপজোষ, আনন্দ, হর্ষ, আহ্লাদ।

সমুল্লসৎ, সম্যক্ উল্লাসযুক্ত।
সমুল্লিখন, পাদাদি দ্বারা ভূমি খনন।
সমূঢ়, পুঞ্জিত, রাশীকৃত ; বিবাহিত।
সমূল, মূলের সহিত বর্ত্তমান, মূল-সহিত, গোড়া সুদ্ধ।
সমূহ, অনেক, ব্যূহ, সন্দোহ, স্তোম, নিকর, ব্রাত, সংঘাত, সমুদায়, চয়, নিচয়, সমুচ্চয়, প্রচয়।
সমূহনী, সম্মার্জ্জনী, খাঙ্গরা, ঝাঁটা।
সমৃদ্ধ, সমৃদ্ধিযুক্ত, অধিক সম্পত্তি-শালী, ধনাঢ্য।
সমৃদ্ধি, সম্যক্ বৃদ্ধি, অতিশয় সম্পত্তি।
সমেত, সম্যক্ প্রাপ্ত ; সংযুক্ত, সহিত।
সমেধিত, সম্যক্ বর্দ্ধিত, উন্নত।
সমোদক, অর্দ্ধ জলযুক্ত ঘোল।
সম্পত্তি, বিভবোৎকর্ষ, শ্রী, সম্পদ্-ঐশ্বর্য্য।
সম্পদ্, সম্পত্তি, বিভব, ঐশ্বর্য্য।
সম্পদ্বর, রাজা, নৃপতি, ভূপতি।
সম্পন্ন, সাধিত; সম্পত্তিযুক্ত, ধনাঢ্য।
সম্পরায়, আপৎ, যুদ্ধ ; উত্তরকাল।
সম্পরায়ক, যুদ্ধ, সমর, সংগ্রাম।
সম্পর্ক, সংসর্গ, সম্বন্ধ, সংযোগ ; মেলক ; রতি।
সম্পর্কী, সম্পর্ক বিশিষ্ট, সম্বন্ধী।
সম্পর্কীয়, সম্পর্ক যুক্ত, সম্বন্ধীয়।
সম্পা, বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী।
সম্পাক, আরগ্বধ বৃক্ষ, সোঁদালি গাছ ; ধূর্ত্ত ; লম্পট।
সম্পাট, তর্কু, চরকার টেকো।
সম্পাত, পতন, পড়ন ; পক্ষিদিগের-গতি বিশেষ।
সম্পাদক, নিষ্পাদক, সম্পন্নকর্ত্তা।
সম্পাদন, নিষ্পাদন, নিষ্পন্নকরণ, সমাপন।
সম্পাদিত, নিষ্পাদিত, নিষ্পন্ন করা।
সম্পীড়ন, সম্যক প্রকারে ক্লেশ দেওন, অতিশয় দুঃখ দেওন। [পেটরা।
সম্পুট, আধার বিশেষ, কৌটা ;
সম্পুটক, আধার বিশেষ, কৌটা পেটরা। [রাগ রাগিণী
সম্পূর্ণ, সমগ্র; পরিপূর্ণ; সপ্তস্বর মিশ্রি
সম্পৃক্ত, মিশ্রিত, যুক্ত, মিলিত।
সম্প্রতি, ইদানী, অধুনা, সাংপ্রত এখন।
সম্প্রতিপত্তি, উত্তর বিশেষ।
সম্প্রতিরোধক, প্রতিবন্ধক, বাধা ব্যাঘাত।
সম্প্রতীতি, সম্যক্ খ্যাতি; সম্যক্ জ্ঞান
সম্প্রদাতা, সংপ্রদান কর্ত্তা, দাতা।
সম্প্রদান, সম্যক্ প্রকারে দান ; ষট কারকের অন্তর্গত কারক বিশেষ।
সম্প্রদায়, গুরু পরম্পরাবগত সদুপ দেশ ; পরম্পরাগত সদুপদিষ্ট ব্যক্তি সমূহ ; সমাজ ; দল।
সম্প্রদায়ী, সম্প্রদায়বিশিষ্ট, সমাজস্থ সামাজিক। [করণ
সম্প্রধারণা, উচিত অনুচিত নিশ্চয়
সম্প্রপদ, ভ্রমণ, পর্য্যটন।
সম্প্রয়োগ, মৈথুন ; রমণ, নিধুবন সম্বন্ধ। [যোজক
সম্প্রয়োগী, লম্পট, কামুক ; সংপ্র-
সম্প্রহার, যুদ্ধ ; গমন ; হনন।
সম্প্রাপ্ত, সম্যক প্রকারে প্রাপ্ত ; লব্ধ। [লাভ।
সম্প্রাপ্তি, সম্যক্ প্রকারে প্রাপণ ;
সম্প্রৈষ, নিয়োগ ; বিধি।
সম্ফাল, মেষ, অবি, মেঁড়া।
সম্ফুল্ল, বিকসিত, প্রফুল্ল।
সম্ব, জল, দুই বার চাস দেওয়া।
সম্বৎ, বিক্রমাদিত্য রাজা কর্ত্তৃ প্রচলীকৃত অব্দ।
সম্বৎসর, বর্ষ, বৎসর।
সম্বদ্ধ, সম্বন্ধযুক্ত, সম্পর্কিত।
সম্বন্ধ, সংসর্গ, সম্পর্ক; সংযোগ।
সম্বন্ধী, সম্বন্ধ বিশিষ্ট, সম্পর্কী শ্যালক, শ্যালা।
সম্বন্ধীয়, সম্পর্কীয় ; সম্বন্ধ বিশিষ্ট

সম্বর, সংযম; জল; সেতু; দৈত্য-বিশেষ; মৎস্য বিশেষ।
সম্বরণ, আবরণ; দমন, গোপন, লুকান; ইন্দ্রিয় সংযম। [তোলা।
সম্বরা, ব্যঞ্জনের পুনঃ পাক করণ, সাঁ-
সম্বরারি, কামদেব, মদন, কন্দর্প।
সম্বরী, শতাবরী লতা; থুলকুড়ীগাছ।
সম্বর্ত্ত, প্রলয়, যুগান্ত, যুগক্ষয়।
সম্বর্দ্ধক, সম্যক্ বৃদ্ধিকারক, বিশেষে বর্দ্ধমান; মর্য্যাদাকারী।
সম্বর্দ্ধন, সম্ভ্রম করণ, অভ্যর্থনা।
সম্বল, জল; পাথেয়; পুঁজী।
সম্বলিত, সমেত, মিলিত, সহিত।
সম্বাকৃত, বারদ্বয় কৃষ্ট ক্ষেত্র, দুই বার কর্ষণ করা ক্ষেত।
সম্বাদ, সমাচার, বার্ত্তা।
সম্বাধ, সঙ্কট; ভয়, নরক বর্ত্ম।
সম্বুদ্ধ, সম্যক্ বোধাশ্রয়।
সম্বুদ্ধি, সম্বোধন, ডাকা।
সম্বুল, গন্ধদ্রব্য বিশেষ, জটামাংসী।
সম্বেগ, সম্যক্ বেগ; শীঘ্রগতি।
সম্বোধন, আভিমুখ্য বিধান, অভিমুখী করণ, আমন্ত্রণ।
সম্ভব, হেতু; উৎপত্তি; যোগ্য।
সম্ভবন, মিলন; উৎপাদন।
সম্ভব্য, সম্ভবনীয়; কপিথ, কতবেল।
সম্ভল, নগর বিশেষ; সম্বল মুরাদাবাদ নগর। [সংশয়।
সম্ভাবন, অধ্যবসায়; উৎকট কোটিক
সম্ভাবনা, উৎকট কোটিক সংশয়; উপযুক্ততা, ঘটিবার যোগ্যতা।
সম্ভাবনীয়, সম্ভাব্য, উৎপত্তিযোগ্য, হওন যোগ্য। [উপযুক্ত।
সম্ভাবিত, সম্ভাবনা যোগ্য, হইবার
সম্ভার, সমূহ, রাশি; সম্পূর্ণত্ব।
সম্ভাষণ, কথন, আলাপন।
সম্ভাষা, সম্ভাষণ, কথন, আলাপন।
সম্ভিন্ন, সম্যক্ ভেদ বিশিষ্ট, যুক্ত।
সম্ভূত, উৎপন্ন, জাত, উদ্ভূত।
সম্ভূয়সমুত্থান, বণিক্ দিগের মিলিয়া বাণিজ্যকরণ, সাঝার কর্ম্ম। [ধৃত।
সম্ভৃত, সম্যক্ পুষ্ট; সম্যক্ প্রকারে
সম্ভৃতি, সম্যক্ পোষণ; সম্যক্ ধারণ।
সম্ভেদ, নদী সঙ্গম, মেলন; স্ফুটন।
সম্ভোগ, সম্যক্ প্রকারে ভোগ, সুরত, শৃঙ্গার বিশেষ।
সম্ভোগী, সম্ভোগ বিশিষ্ট; লম্পট।
সম্ভ্রম, ভয়াদি জনিত ত্বরা, আবেগ; ভয়; মর্য্যাদা, মান্যতা।
সম্ভ্রান্ত, সম্মানিত, মর্য্যাদাপন্ন।
সম্মত, অনুমত; অভিপ্রেত; স্বীকৃত।
সম্মতি, অনুজ্ঞা; মত; স্বীকার।
সম্মদ, হর্ষ, আনন্দ, আহ্লাদ।
সম্মর্দ্দ, যুদ্ধ, রণ, সংগ্রাম। [মত্ততা।
সম্মাদ, মৎস্যবিশেষ; সম্যক্ প্রকারে-
সম্মান, সম্ভ্রম, মর্য্যাদা।
সম্মানিত, সমাদৃত, গৌরবিত।
সম্মার্জ্জক, সম্মার্জ্জনী, খাঙ্গরা; সম্যক্ মার্জ্জন কর্ত্তা।
সম্মার্জ্জন, সংশোধন, মার্জন।
সম্মার্জ্জনী, মার্জ্জন সাধনী, কোঁস্তা, ঝাঁটা, খাঙ্গরা।
সম্মিত, সদৃশ, তুল্য।
সম্মিলন, একত্র হওন, পরস্পর যোগ।
সম্মিলিত, একত্রিত, যুক্ত।
সম্মিশ্র, সংযুক্ত, মিশ্রিত, মিলিত।
সম্মুখ, অভিমুখ, সমক্ষ।
সম্মুখী, দর্পণ, আর্শি, আয়না।
সম্মুখীন, অভিমুখ, সম্মুখবর্ত্তী।
সম্মূঢ়, সম্যক মোহ যুক্ত, মুগ্ধ।
সম্মূর্চ্ছন মোহ, অজ্ঞান, অচৈতন্য, অতিশয় উচ্চ হওন।
সম্মৃষ্ট, সংশোধিত, সম্মার্জ্জিত।
সম্মোদ, প্রীতি, হর্ষ, আনন্দ।
সম্মিশ্রিষ্ট, মিশ্রিত, সংযুক্ত, সংশ্রবান্বিত।
সম্যক্, মনোজ্ঞ; সঙ্গত; সত্যবচন।

র, উত্তম রূপ; সর্ব্বতো-
মণ্ডলেশ্বরত্ব, অধিরাজত্ব।
, মণ্ডলেশ্বর, রাজাধিরাজ, রাজ
চক্রবর্ত্তী।
সযত্ন, যত্নবান, চেষ্টান্বিত, সচেষ্ট।
সযোনি, সহোদর, এক প্রভব; ইন্দ্র।
সর, সরোবর, পুষ্করিণী; জল; দধির
সার, দুগ্ধসার।
সরঃ, সরোবর, পুষ্করিণী।
সরঃকাক, হংস, হাঁস, মরাল।
সরঃকাকী, হংসী। [ক্ষুদ্রপথ।
সরক, সরোবর; আকাশ; মধুপাত্র;
সরঘা, মধুমক্ষিকা, মৌমাছী।
সরঙ্গ, চতুষ্পদ; পক্ষী।
সরজ, নবনীত; সদ্যোজাত ঘৃত; পদ্ম।
সরজস্কা, ঋতুমতী, রজস্বলা।
সরজা, ঋতুমতী স্ত্রী।
সরট, কৃকলাস, কাঁকলাস।
সরটি, পবন, বায়ু; মেঘ, অভ্র।
সরটু, কৃকলাস, কাঁকলাস।
সরট,বায়ু; মেঘ; মধুমক্ষিকা;কৃকলাস।
সরণ, লৌহমল; গমন; স্খলন, ক্ষরণ।
সরণা, গন্ধভাদালিয়া লতা, গমনকর্ত্তা।
সরণি, পংক্তি, শ্রেণী; পথ; বর্ত্ম।
সরণী, পঙ্ক্তি; পথ, মার্গ।
সরণ্ড, দুষ্ট, ধূর্ত্ত; লম্পট, কামুক।
সরণ্য, গম্য, গন্তব্য।
সরণ্যু,মেঘ; বায়ু; জল; বসন্ত; অগ্নি।
সরতা, গুবাক ছেদনাস্ত্র, জাঁতী।
সরদ্বান্, গৌতমমুনি; গোতম মুনির
পুত্র।
সরপত্রিকা, পদ্মপত্র, পদ্মের পাতা।
সরভাগ, দুগ্ধের সারভাগ, সর।
সরমা, রাক্ষসী বিশেষ, বিভীষণ পত্নী;
কুক্কুরী।
সরয়ু, বায়ু; নদীবিশেষ, সরযূ নদী।
সরল, বৃক্ষ বিশেষ, সালগাছ; অবক্র,
সোজা।
সরলতা, সরলের ধর্ম্ম, সারল্য।
সরলদ্রব, সরল বৃক্ষের রস; টারপীন।
সরস, সরোবর, পুষ্করিণী; রসাল,
রস যুক্ত, স্বাদু। [সিজ।
সরসম্প্লুত, ত্রিকণ্টক বৃক্ষ, ঘেকাঁটা
সরসিজ, পদ্ম, পঙ্কজ, কমল।
সরসী, সরোবর, পুষ্করিণী।
সরসীক, পক্ষিবিশেষ, সারসপক্ষী।
সরসীরুহ, পদ্ম, কমল, পঙ্কজ।
সরস, সরোবর, পুষ্করিণী, জলাশয়।
সরস্বতী, বাগ্দেবতা, বাগ্দেবী; বাণী,
বাক্য; নদী বিশেষ; দুর্গা।
সরস্বান্, সমুদ্র, সাগর; রসিক।
সরা, নির্ঝর, ঝোরণা। [রিব র স্থান।
সরাই, পান্থশালা, পথিকদিগের উত্ত-
সরাগ, ক্রোধী; রাগান্বিত।
সরাণ, স্থানান্তর করণ, চালন।
সরাব, মৃত্তিকা পাত্র বিশেষ, শরা।
সরি, নির্ঝর, পর্ব্বতের ঝোরণা।
সরিতাংনাথ, সমুদ্র, পয়োনিধি।
সরিতাংপতি, সমুদ্র, সাগর, জলধি।
সরিতাম্বরা, গঙ্গা, সুরধুনী।
সরিৎ, নদী, তটিনী, তরঙ্গিনী।
সরিৎপতি, সমুদ্র, সাগর, জলনিধি।
সরিত্বান্, সমুদ্র, সাগর, জলধি।
সরিৎসুত, ভীষ্ম, গাঙ্গেয়।
সরিন্নাথ, নদীপতি, সমুদ্র, বারিধি।
সরিল, সলিল, জল, বারি।
সরিষপ, সর্ষপ, সরিষা।
সরিষা, শস্যবিশেষ, সর্ষপ।
সরী, নির্ঝর, পর্ব্বতের ঝোরণা।
সরীসৃপ, সর্প বৃশ্চিকাদি।
সরু, গজামুক্তি; ক্ষীণ, সূক্ষ্ম, মিহি
সরূপ, সদৃশ, সমান রূপ, তুল্য।
সরূপতা, সমরূপত্ব, তুল্যতা।
সরোজ,পদ্ম, সরোরুহ, পঙ্কজ, কম
সরোজিনী, পদ্ম; পদ্ম সমূহ।
সরোজী, ব্রহ্মা, বিধি, প্রজাপতি।
সরোৎসব, পক্ষি বিশেষ, সারসপ

সরোবর, জলাশয় বিশেষ, পুষ্করিণী।
সরোরুহ, পদ্ম, কমল, পঙ্কজ।
সরোরুহাসন, ব্রহ্মা, প্রজাপতি।
সর্ক, বায়ু; মনঃ; প্রজাপতি।
সর্গ, স্বভাব; অধ্যায়, সৃষ্টি; উৎসাহ।
সর্গবন্ধ, মহাকাব্য।
সর্জ্জ, শালবৃক্ষ। [বিসর্জ্জন; সৃষ্টি।
সর্জ্জন, সৈন্যের পশ্চাদ্ভাগ; ত্যাগ,
সর্জ্জরস, শালবৃক্ষের নির্য্যাস, ধুনা।
সর্জ্জু, বণিক, বেণিয়া।
সর্জ্জূ, তড়িৎ, বিদ্যুৎ; হার। [ভুজঙ্গ।
সর্প, হিংস্র জন্তুবিশেষ, সাপ, অহি,
সর্পদন্তী, নাগদন্তী বৃক্ষ।
সর্পফণজ, সর্পের ফণজাত মণি, সর্পের মস্তকের মণি।
সর্পভুক্ ময়ূর, সর্পভক্ষক।
সর্পভ্রম, রজ্জুতে মিথ্যা সর্প বোধ।
সর্পমণি, সর্পের মস্তকস্থ মণি।
সর্পরাজ, বাসুকি, সর্পের রাজা।
সর্পসত্র, সর্পনাশক যজ্ঞ বিশেষ।
সর্পসত্রী, সর্পনাশার্থ যজ্ঞকারী, জনমেজয় রাজা।
সর্পহা, নকুল, বেজী, নেউল।
সর্পাবাস, চন্দন বৃক্ষ, সর্পস্থান।
সর্পারাতি, গরুড়পক্ষী।
সর্পারি, নকুল; গরুড়।
সর্পাশন, ময়ূর, শিখী; গরুড়।
সর্পিণী, সর্পভার্য্যা, সাপিনী, ভুজঙ্গী।
সর্পিস, ঘৃত, হবি, আজ্য।
সর্পী, সাপিনী, গমনকর্ত্রী, গন্ত্রী।
সর্পেষ্ট, শ্রীখণ্ড, চন্দন।
সর্পেষ্ট, শ্রীখণ্ড, চন্দন।
সর্ব্ব, শিব; সম্পূর্ণ, সকল।
সর্ব্বংসহা, পৃথিবী, ধরণী, ধরা।
সর্ব্বকর্ত্তা, ব্রহ্মা; বিশ্বস্রষ্টা।
সর্ব্বকর্ম্মীণ, সকল কর্ম্ম কর্ত্তা।
সর্ব্বকাল, সকল সময়, সর্ব্বক্ষণ।
সর্ব্বকেশী, নট, নৃত্য কারক। [গামী।
সর্ব্বগ, শিব; ব্রহ্মা; আত্মা; সর্ব্বত্র-
সর্ব্বগত, বিশ্বব্যাপী, সর্ব্বত্র স্থিত।
সর্ব্বগা, প্রিয়ঙ্গু বৃক্ষ; সর্ব্বত্রগামিনী।
সর্ব্বজনীন, সর্ব্বজন সম্বন্ধীয়।
সর্ব্বজিৎ, সকলের জয়কর্ত্তা, বিশ্বজয়ী।
সর্ব্বজ্ঞ, শিব; বুদ্ধ, সকল জ্ঞাতা।
সর্ব্বজ্ঞা, সকল বিষয় জ্ঞাত্রী; দুর্গা, পার্ব্বতী।
সর্ব্বতঃ, চতুর্দ্দিক, সমস্ততঃ, পরিতঃ।
সর্ব্বতন্ত্র, সকল শাস্ত্র অধ্যেতা; সকল শাস্ত্র।
সর্ব্বতোভদ্র, ঈশ্বর গৃহবিশেষ, বৃহোৎসর্গ ব্রতপ্রতিষ্ঠাদিতে পূজাধার মণ্ডল বিশেষ; মনুষ্যের শুভাশুভ জ্ঞানার্থ চক্রবিশেষ, ব্যূহবিশেষ; চিত্রকাব্য বিশেষ।
সর্ব্বতোভাবে, সম্যক্ প্রকারে।
সর্ব্বতোমুখ, শিব; ব্রহ্মা; আত্মা; স্বর্গ, অগ্নি।
সর্ব্বত্র, সকল দিকে; সকল দেশে; সকল কালে; সকল স্থানে।
সর্ব্বত্রগ, বায়ু, সকলস্থানে গমনকারী।
সর্ব্বথা, সর্ব্বপ্রকারে; অবশ্য; পুনঃ২।
সর্ব্বদর্শী, সকল দর্শনকর্ত্তা।
সর্ব্বদ, সকল কালে, সদা। [শান্তি।
সর্ব্বদুঃখক্ষয়, মোক্ষ; সকল ক্লেশের
সর্ব্বদেবমুখ, অগ্নি, অনল।
সর্ব্বনাম, ব্যাকরণের সংজ্ঞা বিশেষ, সকলের সংজ্ঞা।
সর্ব্বনাশ, সকল ধ্বংস, সমস্ত ক্ষয়।
সর্ব্বনাশী, সকল নষ্টকারিণী, সমস্ত ক্ষয় কর্ত্রী। [প্রিয়।
সর্ব্বপ্রিয়, সকল জন বল্লভ, সকলের-
সর্ব্ববল্লভা, অসতী নারী, কুলটা; সকলের প্রিয়া।
সর্ব্ববিৎ, পরমেশ্বর, সর্ব্বজ্ঞ।
সর্ব্ববিধ, সকল প্রকার।
সর্ব্ববেদ, সকল বেদ অধ্যেতা ব্রাহ্মণ; সর্ব্বজ্ঞ। [বেশধারী।
সর্ব্ববেশী, নট; ভণ্ড, ভাঁড়; সকল-

সর্ব্বব্যাপক, সর্ব্বত্র গত, সকল স্থানে স্থিত।
সর্ব্বব্যাপী, সর্ব্বত্র স্থিত, সর্ব্বগত।
সর্ব্বব্যাপ্ত, সর্ব্বত্র বিস্তীর্ণ।
সর্ব্বভক্ষ, হুতাশন, অগ্নি।
সর্ব্বভক্ষা, ছাগী; সকল ভক্ষণ কর্ত্রী।
সর্ব্বমঙ্গলা, দুর্গা, ভগবতী।
সর্ব্বময়, সর্ব্বাত্মক, সর্ব্বস্বরূপ।
সর্ব্বমুখী, সম্মার্জ্জনী, খাঙ্গরা, ঝাঁটা।
সর্ব্বমূল্য, কপর্দ্দক, কড়ী।
সর্ব্বমূষক, সময়, কাল অন্তক।
সর্ব্বরস, ধূনা; বাদ্যভাণ্ড; বীণা বিশেষ; পণ্ডিত।
সর্ব্বরসোত্তম, লবণ রস, লবণ।
সর্ব্বরাত্র, সমস্ত রজনী, সকল রাত্রি।
সর্ব্বরী, রাত্রি, রজনী, নিশা।
সর্ব্বরীকর, চন্দ্র, নিশাকর।
সর্ব্বর্ত্তুপরিবর্ত্ত, বৎসর, বর্ষ।
সর্ব্বর্ত্তুফল, সকল ঋতু জাত ফল।
সর্ব্বলিঙ্গী, পাষণ্ড,পামর; সকল চিহ্নধারী।
সর্ব্বলী, অস্ত্র বিশেষ, তোমর অস্ত্র।
সর্ব্বলোহ, লৌহময় বাণ; সকলধাতু।
সর্ব্বশক্তিমান্, সকল সামর্থ্য যুক্ত; পরমেশ্বর।
সর্ব্বশান্তিকৃৎ, সকল শম কারক।
সর্ব্বশুদ্ধ, সর্ব্ব সাকল্য, সমুদায়; সকল সমেত, একুনে।
সর্ব্বসঙ্গত,ধান্যবিশেষ, ষষ্টিকা ধান্য; সকল সঙ্গতি যুক্ত।
সর্ব্বসম্মত, সর্ব্ববাদির অনুমত, সকলের একপ্রকার মত।
সর্ব্বসহ, সকল সহিষ্ণু।
সর্ব্বসাধারণ, সামান্যতঃ, সমুদায়।
সর্ব্বসাক্ষী, সর্ব্বজ্ঞ; পরমেশ্বর; সূর্য্য।
সর্ব্বসিদ্ধ, সকল লোক সমীপেপ্রসিদ্ধ।
সর্ব্বসিদ্ধি, শ্রীফল,বিল্ব; সকলসাধন।
সর্ব্বস্ব, সমুদায় ধন, সকল সম্পত্তি।
সর্ব্বস্বী, বর্ণসঙ্কর জাতি বিশেষ।
সর্ব্বহিত, সকলের উপকার।
সর্ব্বক্ষণ, সকল সময়, নিরন্তর, সর্ব্বদা।
সর্ব্বক্ষার, ক্ষারবিশেষ, সাবান্।
সর্ব্বাঙ্গ, সকল অবয়ব,সমুদায় শরীর।
সর্ব্বাঙ্গসুন্দররস, ঔষধবিশেষ।
সর্ব্বাঙ্গীণ, সর্ব্ব অবয়বের সম্বন্ধযুক্ত; সকল অবয়বে ব্যাপ্ত।
সর্ব্বাণী, দুর্গা, ভগবতী।
সর্ব্বান্তর্যামী, সর্ব্বজ্ঞ, পরমেশ্বর।
সর্ব্বান্নভক্ষক, সকলের অন্নভোক্তা, উদর পিশাচ, সর্ব্ব প্রকার অন্ন ভক্ষক।
সর্ব্বাবসর, অর্দ্ধরাত্র, নিশার্দ্ধ,নিশীথ।
সর্ব্বাভিসন্ধি, বিড়াল তপস্বী, ছদ্ম তাপস; সকল অভিসন্ধি বিশিষ্ট।
সর্ব্বার্থসাধিকা, দুর্গা; সকল প্রয়োজন সিদ্ধিকারিণী।
সর্ব্বার্থসিদ্ধ, বুদ্ধ; সকল প্রয়োজনসিদ্ধিযুক্ত। [ভগবতী।
সর্ব্বার্থানুসাধিনী, দুর্গা, পার্ব্বতী,
সর্ব্বাস্ত্রা, ষোড়শ বিদ্যা দেবীর অন্তর্গত দেবী বিশেষ; সকলাস্ত্র যুক্তা।
সর্ব্বাহ্ন, সমস্ত দিন, সমুদায় দিবস।
সর্ব্বেন্দ্রিয়, হস্তপদাদি সকল ইন্দ্রিয়।
সর্ব্বেশ্বর, শিব; সার্ব্বভৌম, সকলের অধিপতি।
সর্ব্বোপরি, সকলের উপর।
সর্ব্বৌষধি,ওষধি বর্গবিশেষ। [সমূহ।
সর্ব্বৌষধিগণ, মুরা মাংসাদি ওষধি-
সর্ষপ, শস্য বিশেষ, সরিষা। [তেল।
সর্ষপতৈল, সর্ষপজাত স্নেহ, সরিষার-
সলগ্ন, সঙ্গত; লগ্ন সহিত।
সলিল, জল, উদক, অম্বু।
সলিলকুন্তল, শৈবাল, শেওলা।
সলিলজ, পদ্ম; জলজাত।
সলিলদ, জলদাতা; মেঘ।
সলিলধি, সমুদ্র, অব্ধি, সাগর।
সলিলাশয়, জলাশয়, পুষ্করিণী।
সলিলেন্ধন, বাড়বানল।

সলীল, লীলাসহ বর্ত্তমান, কৌতুকী।
সল্লকী, জন্তু বিশেষ, সজারু।
সশঙ্ক, শঙ্কান্বিত, ভীত, সভয়।
সশস্যা নাগদন্তী বৃক্ষ; শস্যযুক্ত-ভূম্যাদি।
সশা, স্বনাম খ্যাত ফলবিশেষ, ক্ষীর।।
সশ্মশ্রু, শ্মশ্রুযুক্তা স্ত্রী, দাড়ী যুক্তা-নারী। [শিষ্ট।
সসজ্জ, বেশযুক্ত, সজ্জিত, ভূষা বি-
সসত্ত্বা, গর্ব্বিণী, গর্ভবতী, প্রাণিযুক্ত।।
সসন, যজ্ঞার্থ পশুহনন। [বর্ত্তমান।
সস্ত্রীক, স্ত্রীসহিত; ভার্য্যার সহিত
সস্মিত, ঈষদ্ধাস্য যুক্ত, সহাস্য।
সস্য, বৃক্ষাদির ফল; ধান্য, শাঁস।
সস্যসংবর, সালবৃক্ষ, সালগাছ।
সস্বেদা, দূষিতা কন্যা।
সহ, সহিত, সাক, সার্দ্ধ; অগ্রহায়ণ মাস; বল। [সহিত।
সহকার, অতিসৌরভ আম্র; সাহায্য;
সহকারী, সহায়, সঙ্গী, সাহায্যকারী।
সহক্রীড়, বয়স্য; বালবন্ধু, বাল্য-কালীন সখা।
সহগন্ত্রী, সহিত গমনকারিণী, মৃত পতির সহিত এক চিতারোহিণী।
সহগমন, সহিত গমন; অনুমরণ।
সহগামিনী, অনুমরণকারিণী, সহমৃতা।
সহগামী, এক সঙ্গে গমনকারী, পথা-নুবর্ত্তী। [সাথী।
সহচর, বয়স্য, সখা; অনুচর, সঙ্গী,
সহচরী, পত্নী, সখী, সঙ্গিনী।
সহজ, সহোদর; সহজাত; অনায়াস; নিসর্গজ; স্বাভাবিক। [বন্ধু।
সহজমিত্র, স্বাভাবিক সুহৃৎ, স্বাভাবিক
সহজাত সহোদর; যমজ, একত্রজাত।
সহজারি, স্বাভাবিক শত্রু, বৈমাত্রেয়-ভ্রাত্রাদি।
সহদেব, পাণ্ডব বিশেষ, পঞ্চম পাণ্ডব।
সহদেবী, বলা নামে লতা বিশেষ; সহদেব পত্নী।
সহধর্ম্মিণী, বেদবিধানেতে বিবাহিতা-স্ত্রী, বিবাহ সংস্কৃতা ভার্য্যা।
সহন, ক্ষমা, তিতিক্ষা; সহিষ্ণুতা।
সহনর্ত্তন, একত্র মণ্ডলাকারে নৃত্যকরণ।
সহনশীল, সহিষ্ণু, সহনক্ষম; সহ্য-কারী।
সহনীয়, সহিবার যোগ্য, সহনার্হ।
সহপান, একত্র মদ্যাদি পান।
সহবর্ত্তী, সঙ্গী, সাথী; অনুচর।
সহবসতি, একত্রবাস; প্রতিবাসী।
সহবাস, একত্র বাস, সংসর্গ।
সহভাবী, সহায়, সপক্ষ, অনুকূল।
সহভোজন, একত্র ভক্ষণ।
সহমরণ, মৃত স্বামির সহিত জ্বলচ্চিতা-রোহণ পূর্ব্বক মরণ, সহগমন।
সহমান, মানসহিত, সৌজন্য; স্নিগ্ধ।
সহমৃত, মৃত স্বামির সহিত জ্বলচ্চিতা-রোহণ কারিণী।
সহযায়ী, মিলিত হইয়া গমনকারী।
সহযোগ, একত্র মিলন, সাহিত্য, সঙ্গ।
সহর্ষ, হর্ষযুক্ত, আহ্লাদ বিশিষ্ট।
সহসা, হঠাৎ, অতর্কিত, অকস্মাৎ।
সহসাদৃষ্ট, হঠাৎ দৃষ্ট।
সহসানু, ময়ূর, যজ্ঞ; ক্ষমাযুক্ত।
সহস্, বল; অগ্রহায়ণ মাস, হেমন্ত কাল।
সহস্য, পৌষমাস।
সহস্র, দশশত সংখ্যা, হাজার।
সহস্রকাণ্ডা, শ্বেতদূর্ব্বা, শাদা দূর্ব্বা।
সহস্রকিরণ, সূর্য্য, রবি, দিনকর।
সহস্রদংষ্ট্র, মৎস্যবিশেষ, পাঠীনমৎস্য।
সহস্রদংষ্ট্রী, বোদাল মৎস্য, বোয়ালি মাছ। [বীর্য্যার্জ্জুন।
সহস্রদোঃ, দশশত বাহুবিশিষ্ট; কার্ত্ত-
সহস্রধার, বিষ্ণুচক্র।
সহস্রধারা, দেবতা স্নানার্থ সহস্র ছিদ্র যুক্ত পাত্র গলিত জলধারা; সহস্র ছিদ্রযুক্ত পাত্র বিশেষ।
সহস্রনয়ন, ইন্দ্র, দেবরাজ।

সহস্রনেত্র, ইন্দ্র, দেবরাজ ; বিষ্ণু।
সহস্রপত্র, পদ্ম, কমল, পঙ্কজ।
সহস্রপাদ্, বিষ্ণু, নারায়ণ।
সহস্রবদন, বিষ্ণু, নারায়ণ।
সহস্রবাহু, বাণরাজা ; হাজার বাহু বিশিষ্ট। [বৃক্ষ ; কস্তুরী।
সহস্রবেধী, সহস্র বেধকর্ত্তা ; জলবেতস
সহস্রভুজ, বিষ্ণু ; কার্ত্তবীর্য্যার্জ্জুন।
সহস্রভুজা, মহিষাসুর মর্দ্দিনী দেবী।
সহস্রমূর্দ্ধ, বিষ্ণু দশশত মস্তকবিশিষ্ট।
সহস্রমৌলি, বিষ্ণু; দশশত মস্তকযুক্ত।
সহস্ররশ্মি, সূর্য্য, দিবাকর।
সহস্রশিখর, বিন্ধ্য পর্ব্বত, বিন্ধ্য গিরি।
সহস্রশ্রবণ, বিষ্ণু ; সহস্র কর্ণযুক্ত।
সহস্রাংশু, সূর্য্য, দিবাকর, রবি।
সহস্রানন, বিষ্ণু ; দশ শত মুখযুক্ত।
সহস্রার, শিরোবস্থিত অধোমুখ সহস্র দল কমল।
সহস্রাক্ষ, ইন্দ্র ; বিষ্ণু। [সহস্রবিশিষ্ট।
সহস্রী, যে ব্যক্তি ধন সহস্রে বলবান ;
সহা, ঘৃতকুমারী ; পৃথিবী।
সহায়, অনুকূল, সহকারী, সপক্ষ।
সহায়তা, সাহায্য, আনুকূল্য, সপক্ষতা।
সহার, আম্রবৃক্ষ ; মহাপ্রলয়।
সহারোগ্য, নীরোগী, আরোগ্যযুক্ত।
সহার্দ্দ, সপ্রেম, স্নেহযুক্ত, প্রণয়ান্বিত।
সহিত, সমভিব্যাহৃত, সংযুক্ত, মিলিত।
সহিতা, সহনশীল; মিলিতা, সংযুক্তা।
সহিত্র, সহ্যকরণ, সহন।
সহিষ্ণু, সহনশীল, তিতিক্ষু, ক্ষমাযুক্ত।
সহিষ্ণুতা, তিতিক্ষা, ক্ষমা ; সহ্য।
সহুরি, সূর্য্য ; পৃথিবী।
সহৃদয়, প্রশস্তমনাঃ, উত্তম অন্তঃকরণ যুক্ত, সভ্য। [কুটীর।
সহোটজ, মুনিদিগের পর্ণশালা, পত্র-
সহোঢ়জ, দ্বাদশবিধ পুত্রান্তর্গত পুত্র-বিশেষ, গর্ভে বিবাহিত সন্তান।
সহোদর, এক মাতৃ গর্ভজাত ভ্রাতা, সোদর, সগর্ভ, সোদর্য্য।
সহোদরা, এক মাতার গর্ভজাতা ভগিনী, সোদরা।
সহোবল, দৌরাত্ম্য, উপদ্রব, উৎপাত।
সহোর, সাধু, সজ্জন, সুশীল।
সহ্য, সোঢ়ব্য, সহনীয় ; ক্ষমা ; আরোগ্য ; পর্ব্বতবিশেষ।
সক্ষম, ক্ষমতা বিশিষ্ট ; ক্ষমান্বিত।
সক্ষার, লবণযুক্ত, ক্ষার সহিত।
সাইজ, ভার ; ভার বহনের দণ্ড।
সাংখ্য, ছয় প্রকার দর্শন শাস্ত্রের মধ্যে এক দর্শন।
সাংঘাতিক, সম্যক্ প্রকারে হননকারক, মারাত্মক, প্রাণনাশক।
সাংদৃষ্টিক, দৃষ্টি পরিকল্পনা ন্যায়।
সাংবৎসর, গণক, দৈবজ্ঞ, সংবৎসর-সম্বন্ধীয়।
সাংবৎসরিক, সংবৎসরে উৎপত্তিশালী, বার্ষিক ; সংবৎসরে কর্ত্তব্য কর্ম্ম।
সাংবাদিক, নৈয়ায়িক ; সংবাদ দাতা।
সাংযাত্রিক, পোতবণিক, জাহাজ-যোগে ব্যবসা কারী, বিদেশীয় সওদাগর।
সাংযুগীন, যুদ্ধকুশল, রণপণ্ডিত।
সাংশয়িক, সংশয়যুক্ত, সন্দিহান।
সাংসারিক, সংসার সম্বন্ধীয়, ঐহিক।
সাংস্থানিক, সমানদেশীয় ; সংস্থান-যুক্ত, সঙ্গতি বিশিষ্ট।
সাঁকো, সেতু, পুল। [বিশেষ।
সাঁচ, সঞ্চৎ, পুস্তক লিখিবার পত্র-
সাঁচা, সত্য, যথার্থ।
সাঁচি, সত্য, যথার্থ, খাঁটী।
সাঁজ, সন্ধ্যাকাল, সায়ং সময়।
সাঁজো, সদ্যঃকৃত, সদ্যোজাত।
সাঁজোয়া, অস্ত্রনিবারণার্থ কবচ, বর্ম্ম।
সাটন, আহরণ, গ্রহণ।
সাঁড়াশী, সন্দংশ, লৌহনির্ম্মিত যন্ত্র-বিশেষ।
সাঁতার, সন্তরণ, জলোপরি ভাসন।

সাঁধন, প্রবেশন, অভ্যন্তরে গমন, ঢুকন।
সাঁধি, সন্ধি, ছিদ্র, ফাঁক।
সাক, সহ, সহিত।
সাকল্য, সমুদায়, সকল, সমূহ।
সাকাঙ্ক্ষ, আকাঙ্ক্ষান্বিত, ইচ্ছুক, অভিলাষুক।
সাকার, আকার বিশিষ্ট, মূর্ত্তিমান্, [দেহধারী।
সাকেত, অযোধ্যা নগর।
সাক্তুক, যব ; সক্তু সমূহ, সক্তু সম্বন্ধীয়।
সাখেয়, সখিসম্বন্ধীয়, মিত্র সম্পর্কীয়।
সাখ্য, সখ্য, সখিতা, বন্ধুত্ব।
সাগর, সমুদ্র, জলনিধি, সংখ্যা বিশেষ, দশপদ্ম সংখ্যা।
সাগরগামিনী, নদী, সমুদ্রে পতন [শীলা।
সাগরনেমি, পৃথিবী, ধরা, ধরিত্রী।
সাগরমেখলা, পৃথ্বী, ধরণী, ধরিত্রী।
সাগরাম্বরা, পৃথিবী, ধরণী, ধরা।
সাগরালয়, বরুণ, জলাধিষ্ঠাতৃ দেবতা বিশেষ।
সাগরোত্থ, সমুদ্রলবণ, সৈন্ধবলোণ।
সাগ্র, অগ্রবিশিষ্ট, অগ্রসহিত, আগাল।
সাঙ্কৃতি, মুনিবিশেষ। [বিশেষ।
সাঙ্খ্য, কপিল মুনি কৃত দর্শন শাস্ত্র
সাঙ্গ, অঙ্গের সহিত বর্ত্তমান, সম্পূর্ণ।
সাঙ্গৎ, সখা ; সঙ্গী, সহচর।
সাঙ্গোপাঙ্গ, সম্পূর্ণ, সর্ব্বাঙ্গ সম্বলিত।
সাঙ্গ্রামিক, যুদ্ধসম্পর্কীয় ; সেনাপতি।
সাঙ্ক্ষেপিক, সংক্ষিপ্ত; সংক্ষেপকারক।
সাচি, তির্য্যক, বক্র।
সাচিব্য, মন্ত্রিত্ব ; আনুকূল্য, সুসার।
সাচীকৃত, বক্রীকৃত, বাঁকা। [শস্ত্রাদি।
সাজ, বেশ, সজ্জা ; ভূষণ দ্রব্য ; অস্ত্র-
সাজা, দণ্ড, শাস্তি, সাধারণ, অবিভক্ত, দুগ্ধ ঘনীকরণার্থ অম্লীভূত দধি।
সাজান, বেশভূষা করণ, সজ্জীভূত করা। [বিশেষ।
সাজী, বংশ শলাকা নির্ম্মিত পুষ্পপাত্র
সাজন, ককলাস, কাঁকলাস।

সাট, সংক্ষেপ, স্বল্পতা।
সাড়, চৈতন্য, জ্ঞান; স্পর্শজন্য বোধ।
সাড়া, শব্দ ; উত্তর, ঠার।
সাড়ে, সার্দ্ধ, অর্দ্ধ সহিত।
সাত, সুখ ; দত্ত ; নষ্ট ; সপ্তসংখ্যা।
সাতয়, সুখজনক, সুখপ্রদ।
সাতি, অবসান ; দান, তীব্রবেদনা।
সাতিশয়, আধিক্যযুক্ত, অধিক।
সাতিসার, অতিসার রোগযুক্ত, অতিসারকী। [শ্রীকৃষ্ণের সারথি।
সাত্যকি, বৃষ্ণি বংশীয় সত্যক পুত্র ;
সাত্যবত, বেদব্যাস, ব্যাসদেব।
সাত্বত, বলদেব; বিষ্ণু; বিষ্ণুভক্ত বিশেষ।
সাত্ত্বিক, ব্রহ্মা; ত্রিবিধ ভাবান্তর্গত ভাববিশেষ ; সত্ত্বগুণ সম্পন্ন, সাধু।
সাত্ত্বিকী, দুর্গা ; পূজাবিশেষ, সত্ত্বগুণাবলম্বি কর্ত্তৃক ক্রিয়মাণ ক্রিয়া।
সাথী, সঙ্গী, অনুচর, সহায়।
সাদ, শুক্ল, শ্বেত ; অকুটিল।
সাদি, সারথি; যোদ্ধা ; অবসন্ন ; বায়ু।
সাদিত, বিষাদিত; শরণ প্রাপিত; গমিত। [রোহী।
সাদী, অশ্বারূঢ় ; গজারোহী ; রথা-
সাদৃশ্য, সদৃশত্ব, তুল্যতা, সাম্য।
সাধ, বাসনা, অভিলাষ; গর্ভিণীর ইচ্ছাপূর্ব্বক ভোজন। [সক।
সাধক, সাধনকর্ত্তা, নিষ্পাদক ; উপা-
সাধন, করণ কারক বিশেষ; মারণ, নিষ্পাদন ; উপকরণ; উপায় ; হেতু, লিঙ্গ, প্রমাণ, মন্ত্র সিদ্ধিকরণ ; উৎপাদন।
সাধনা, সিদ্ধি; নিষ্পাদন ; আরাধনা।
সাধনীয়, নিষ্পাদ্য, সাধনযোগ্য, আরাধনীয়।
সাধয়ন্ত, ভিক্ষুক, যাচক।
সাধয়ন্তী, উপাসনা কারিণী।
সাধারণ, সমান, সদৃশ; সামান্য; সকল।

সাধারণধর্ম্ম, চতুর্ব্বর্ণের কর্ত্তব্য কর্ম্ম; সামান্য ধর্ম্ম।
সাধারণস্ত্রী, বেশ্যা, বারাঙ্গনা, সর্ব্ব-ভোগ্যা নারী। [অনেকের সম্বন্ধ।
সাধারণ্য, সামান্য, এক বস্তুতে
সাধিকা,সাধনকর্ত্রী; সুষুপ্তি। [কৃত।
সাধিত, দাপিত; নিষ্পাদিত; সিদ্ধী-
সাধিষ্ঠ, দৃঢ়তম, ন্যায্য, অতিশয় সাধু।
সাধীয়ান,অতিশয় দৃঢ়; অতিশয় সাধু।
সাধু, উত্তম কুলোদ্ভব, সজ্জন, শিষ্ট; বার্দ্ধুষিক, উত্তমর্ণ, মহাজন; উত্তম।
সাধুজ, উত্তম কুলোদ্ভব, সৎকুলীন।
সাধুধী, শ্বশ্রূ, শাশুড়ী; সুন্দর বুদ্ধি।
সাধুপুষ্প, স্থলপদ্ম; উত্তম ফুল।
সাধুবাহ, বিনীতাশ্ব, উত্তম ঘোটক; সুন্দর বাহন। [ক্ষিত অশ্ব।
সাধুবাহী,উত্তমরূপে বহনশীল,সুশি-
সাধুবৃত্তি, উত্তম জীবিকা, সদ্বিবরণ; সুন্দর বর্ত্তন।
সাধুবৃক্ষ, কদম্ব তরু; শোভন বৃক্ষ।
সাধৃত, ময়ূর সমূহ; বাজার,পণ্যবীথী; আতপত্র, ছত্র।
সাধেং, ইচ্ছায়, সাধক্রমে।
সাধ্য, গণদেবতা বিশেষ; নিষ্পাদ্য, সাধন যোগ্য।
সাধ্যক্রমে, যথাসাধ্য, শক্ত্যনুসারে।
সাধ্যসাধনা,মানাপনয়নার্থ যত্ন, বিনয়, অনুনয়। [প্রাপ্তি।
সাধ্যসিদ্ধি, অভীষ্ট সিদ্ধি, বাঞ্ছিত-
সাধ্বস, ভয়, ত্রাস, শঙ্কা।
সাধ্বী, পতিব্রতা, সতী।
সান, সাড়, চৈতন্য।
সানন্দ, আহ্লাদযুক্ত, হর্ষান্বিত, হৃষ্ট।
সানসি, সুবর্ণ, স্বর্ণ, হেম, সোনা।
সানিকা, বংশী, বাঁশী; সানায়ী।
সানু, পর্ব্বত সম ভূভাগ, পর্ব্বতের সমান স্থান।
সানুকূল, সহায়, সপক্ষ প্রসন্ন।
সানুমান্, পর্ব্বত, শৈল, গিরি।

সানেয়িকা, বংশী, বাঁশী; সানাই।
সানেয়ী, বংশী, বাঁশী; সানাই।
সান্তপন, ব্রতবিশেষ।
সান্তর, বিরল, নির্জ্জন, অন্তরের সহিত বর্ত্তমান। [জনক বাক্য।
সান্ত্ব, অত্যর্থ মধুর; কর্ণ মনের প্রীতি
সান্ত্বন, প্রবোধ দেওন; সন্তুষ্টকরণ।
সান্ত্বনা, প্রবোধ বাক্য, তুষ্টিকরণ।
সান্ত্ববাদ, সান্ত্বনাবাক্য, প্রিয়কথন।
সান্দৃষ্টিক, দৃষ্ট পরিকল্পনা ন্যায়।
সান্দ্র, বন, অরণ্য; ঘন, নিবিড়।
সান্দ্রস্নিগ্ধ, অতিশয় স্নিগ্ধ, মেদুর।
সান্ধিক শৌণ্ডিক, শুঁড়ী; সন্ধিকর্ত্তা।
সান্ধ্য, সন্ধ্যাসম্বন্ধীয়, সায়ংকালীন।
সান্নিধ্য, নৈকট্য, সামীপ্য।
সান্নিপাতিক, সন্নিপাতে জাত রোগ।
সান্ন্যাসিক, সন্ন্যাসী, ভিক্ষু, যতি।
সাপ, সর্প, অহি, ভুজঙ্গ।
সাপকর্ম্ম, অপকৃষ্ট, মন্দ।
সাপত্য, পুত্রবান্, পুত্রবিশিষ্ট।
সাপত্ন্য, শত্রু; সপত্নী পুত্র।
সাপরাধ, অপরাধান্বিত, দোষী।
সাপিণ্ড্য, সপিণ্ডতা, জ্ঞাতিত্ব।
সাপুড়িয়া,ব্যালগ্রাহী,ওঝা,বিষবৈদ্য।
সাপেক্ষ, অপেক্ষাকারী, আশাযুক্ত।
সাপ্টন, সংগ্রহ করণ; একত্রধারণ।
সাপ্টা, মিশ্রিত, একত্রিত।
সাপ্তপদীন, সখ্য, বন্ধুতা। [সিদ্ধি
সাফল্য,সফলতা;ফলোৎপত্তি,অভীষ্ট
সাবক, শাবক, শিশু,বালক। [সময়
সাবকাশ, অবকাশ যুক্ত; কর্ম্ম রহিত
সাবধান, সচেতন, সতর্ক, সচৈতন্য।
সাবন, সৌর দিবস, সূর্য্য সম্বন্ধীয়; যজমান; বরুণ; মাস বিশেষ।
সাবনদিন, এক প্রভাত অবধি অপর প্রভাত পর্য্যন্ত কাল।
সাবর, পাপ; অপরাধ।
সাবর্ণলক্ষ্য, চর্ম্ম, চামড়া।
সাবর্ণি, অষ্টম মনু।

সাবিত্র, যজ্ঞোপবীত,যজ্ঞসূত্র, ব্রাহ্মণ।
সাবিত্রী, সাল্বদেশীয় সত্যবান রাজার পত্নী; ব্রহ্মবিদ্যা বিশেষ, গায়ত্রী।
সাবিত্রীব্রত, জ্যৈষ্ঠ মাসের কৃষ্ণ চতুর্দ্দশীতে কর্ত্তব্য নিয়ম বিশেষ।
সাবিত্রীসূত্র, যজ্ঞোপবীত, পৈতা।
সাব্যস্ত, নিশ্চিত, নির্ণীত; সপ্রমাণ।
সাম, বেদবিশেষ, তৃতীয় বেদ, শত্রু বশীভূত করণার্থ উপায় বিশেষ।
সামক, মূল ঋণ; তর্কুশাণ, টেকোর শাণ। [পাঠক।
সামগ, সামবেদী ব্রাহ্মণ, সামবেদ
সামগর্ভ, বিষ্ণু, নারায়ণ।
সামগী, সামবেদি ব্রাহ্মণের পত্নী।
সামগ্রী, কারণ সমূহ; দ্রব্য, বস্তু।
সামগ্র্য, সমুদায়ত্ব, সাকল্য।
সামজ, হস্তী, করী, দন্তী, গজ।
সামঞ্জস্য, ঔচিত্য; সমত, সমানভাব।
সামনী, পশু বন্ধনার্থ রজ্জু।
সামন্ত, স্ববিষয়ানন্তর বর্ত্তি রাজা, সীমাস্থ রাজা; নিকটস্থ; সভ্য।
সামন্য, সামবেদজ্ঞ ব্রাহ্মণ, সামবেদবেত্তা দ্বিজ।
সামবায়িক, মন্ত্রী, অমাত্য।
সাময়িক, সময়োচিত, কালোপযুক্ত; যথা সময়। [গজ।
সামযোনি, ব্রহ্মা, প্রজাপতি; হস্তী,
সামর্থ্য, যোগ্যতা; শক্তি, বল।
সামাজিক, সভ্য, সভাস্থ; সমাজ।
সামান্য, অনেকের সম্বন্ধে এক বস্তু, সাধারণ; অপকৃষ্ট।
সামান্যশাসন, অপকৃষ্ট শাসন।
সামান্যা, সাধারণী নায়িকা।
সামাল, সাবধান।
সামালন, সাবধান হওন; স্থির হওন; রক্ষণ। [পান করা।
সামিপীত, অর্দ্ধপান কৃত, অর্দ্ধেক
সামিভুক্ত, অর্দ্ধভুক্ত।
সামিল, সম্বলিত, অন্তর্গত; সংক্রান্ত।
সামীচী, বন্দনা, স্তুতিবাদ।
সামীপ্য, সমীপত্ব, নৈকট্য, সান্নিধ্য।
সামুদ্র, সমুদ্র লবণ; করকচ লবণ; ফেন, সমুদ্রজাত।
সামুদ্রক, সমুদ্রজাত লবণ; মানবজাতীয় স্ত্রী পুরুষের হস্তপদাদির চিহ্ন দ্বারা শুভাশুভ ফল প্রকাশক গ্রন্থ বিশেষ। [সমুদ্র সম্বন্ধীয়।
সামুদ্রিক, স্ত্রী পুরুষের চিহ্নবেত্তা;
সাম্পরায়িক, যুদ্ধ, রণ; পারলৌকিক।
সাম্প্রত, যুক্ত; ইদানী, এক্ষণে।
সাম্প্রদায়িক, সভ্য, সামাজিক; সম্প্রদায়ের কর্ত্তা, দলপতি।
সাম্বৎসরিক, সংবৎসরে কর্ত্তব্য কর্ম্ম, বার্ষিক ক্রিয়া। [কারক।
সাম্বাদিক, নৈয়ায়িক; দূত; সম্বাদ-
সাম্য, সমতা, তুল্যত্ব, সাদৃশ্য।
সাম্রাজ্য,সমস্ত রাজ্য; রাজচক্রবর্ত্তিত্ব।
সাম্লান, সুস্থ হওন; আত্ম রক্ষণ।
সায়, সন্ধ্যা, দিনান্ত; স্বীকার; সম্মতি।
সায়ংকাল, সায়াহ্ন, সূর্য্যাস্তের সময়।
সায়ংকালীন,সন্ধ্যাকালে কর্ত্তব্য কর্ম্ম।
সায়ংসন্ধ্যা, সায়ংকালে কর্ত্তব্য উপাসনা বিশেষ।
সায়ক, শর, বাণ; খড়্গ, অসি।
সায়ন্তন, সায়ংকাল সম্বন্ধীয়।
সায়াহ্ন,পঞ্চধা বিভক্ত দিন পঞ্চমাংশ, দিবসের শেষ মুহূর্ত্তত্রয়।
সাযী, অশ্বারূঢ়, ঘোটকারোহী।
সাযুজ্য,সহযোগ;একত্র; মুক্তিবিশেষ।
সায়ে, দিনান্তে, সায়ংকালে।
সার, বল; স্থিরাংশ; ধন; নবনীত; মজ্জা, অতি দৃঢ়; শ্রেষ্ঠ; তেজঃ।
সারক, রেচক; জয়পাল বীজ।
সারকুড, ক্ষারাদি নিক্ষেপ স্থান।
সারগন্ধ, চন্দন।
সারগ্রাহী, সারগ্রহণ কর্ত্তা, ভাবজ্ঞ।

সারঘ, মধু, আসব।
সারঙ্গ, চাতক পক্ষী; হরিণ; হস্তী; বাদ্য বিশেষ; ধনুঃ; আভরণ।
সারঙ্গিক, ব্যাধ, নিষাদ।
সারঙ্গী, বাদ্য যন্ত্র বিশেষ।
সারজ, নবনীত, ননী।
সারণিক, পথিক, পান্থ।
সারণিকঘ্ন, দস্যু, ডাকাইত।
সারতরু, কদলী বৃক্ষ, কলাগাছ।
সারথি, রথাদির ঘোটক নিয়োগকর্ত্তা, যন্তা, সূত, রথনাগর।
সারদা, সরস্বতী; দুর্গা; সার দায়িনী।
সারদ্রুম, খদির বৃক্ষ, খয়ের গাছ।
সারবর্জ্জিত, স্থিরাংশ রহিত, অসার বস্তু, সারহীন।
সারমাটী, সারযুক্ত মৃত্তিকা, ওঁচলা।
সারমিতি, বেদ, শ্রুতি, আপ্তবাক্য।
সারমৃত্তিকা, সারমাটী, গোময়াদি যুক্ত-মৃত্তিকা।
সারমেয়, কুক্কুর, শ্বা, কুকুর।
সারমেয়ী, কুক্কুরী, শুনী।
সারলোহ, লৌহ সার, ইস্পাত।
সারল্য, ঋজুভাব, অবক্রতা, সরলতা।
সারসংগ্রহ, সার ভাগ আকর্ষণ পূর্ব্বক গ্রন্থ নিবন্ধন।
সারস, পক্ষি বিশেষ; পদ্ম, স্ত্রীকট্যা- [ভরণ।
সারসন, কাঞ্চী, স্ত্রীলোকের কট্যাভরণ।
সারসী, সারস পক্ষিণী।
সারস্বত, বিল্বদণ্ড; দেশবিশেষ।
সারস্বতব্রত, সরস্বতীর ব্রতবিশেষ।
সারস্বতোৎসব, সরস্বতীর উৎসব।
সারহীন, সারবর্জ্জিত, অসার।
সারা, শুদ্ধ করা; সকল, অখিল, সমুদায়; হত্যা।
সারাণ, সম্পাদন; শুধরাণ; দৃঢ়করণ।
সারাৎসার, সর্ব্বশ্রেষ্ঠ; অত্যুত্তমাংশ।
সারার্থ, স্থিরাংশ, সারবস্তু।
সারাল, তিল; সারযুক্ত, শক্ত।
সারি, পাশক, পাশা; শ্রেণী, পংক্তি।
সারিকা, পক্ষিবিশেষ, শালিকপাখী।
সারিন্দা, বাদ্য যন্ত্র বিশেষ।
সারিবা, লতাবিশেষ, অনন্তমূল।
সারী, সারিকাপক্ষিণী, শালিকপাখী।
সারূপ্য, মুক্তি বিশেষ; তুল্যাকৃতি, সমান রূপতা।
সারোদ্ধার, সার বস্তু গ্রহণ; নির্ব্বাচন পূর্ব্বক পদার্থ সংগ্রহ।
সার্থ, জন্তুসংঘ, বণিক্ সমূহ; অর্থের সহিত বর্ত্তমান, অর্থযুক্ত; সাথী, সঙ্গী।
সার্থক, অর্থের সহিত বর্ত্তমান, অর্থ যুক্ত; ফলজনক, সফল।
সার্থক্য, সাফল্য, সার্থকতা।
সার্থবাহ, বণিক্, বেণিয়া।
সার্দ্র, ভিজা, জলমিশ্রিত।
সার্দ্ধ, অর্দ্ধ সহিত, অর্দ্ধের সহিত বর্ত্তমান, অর্দ্ধযুক্ত, দেড়া। [স্কৃত বস্তু।
সার্পিষ, ঘৃত সম্বন্ধীয়, ঘৃতদ্বারা সং-
সার্পিষ্ক, ঘৃতদ্বারা সংস্কৃত বস্তু।
সার্ব্ব, বুদ্ধ; সর্ব্বসম্বন্ধীয়।
সার্ব্বকালিক, সর্ব্বকালোপযুক্ত, সকল সময়ে উৎপত্তিশালী।
সার্ব্বজনিক, সকল জন সম্বন্ধীয়, সার্ব্ব জনীন, সকল লোকে প্রসিদ্ধ।
সার্ব্বজনীন, সকল জন সম্বন্ধীয়।
সার্ব্বত্রিক, সর্ব্বত্র ব্যাপ্ত; সকল স্থানে ব্যাপক। [বেদ বেত্তা।
সার্ব্ববেদ্য, সকল বেদজ্ঞ ব্রাহ্মণ, সর্ব্ব
সার্ব্বভৌম, উত্তর দিক্‌গজ; সর্ব্ব ভূমীশ্বর, চক্রবর্ত্তী।
সার্ব্বলৌকিক, সর্ব্বজন বিদিত, সকল ব্যক্তির জ্ঞাত।
সার্ষপ, সর্ষপ সম্বন্ধীয়, সরিষা জাত।
সাল, মৎস্য বিশেষ, সালমাছ; বৃক্ষ-মাত্র, শালবৃক্ষ।
সালঙ্ক, রাগের প্রকার বিশেষ।
সালন, সর্জ্জরস, ধুনা।
সালনির্য্যাস, ধুনক, ধুনা, সর্জ্জরস।
সালপর্ণী, সালপানি গাছ।

সালপুষ্প, স্থলপদ্ম।
সালবাহন, শালিবাহন রাজা।
সালবেষ্ট, ধূনক, ধূনা, সর্জ্জরস।
সালভঞ্জিকা, পুত্তলিকা, পুতুল; বেশ্যা, বারাঙ্গনা।
সালরস, ধূনা, শালগাছের নির্যাস।
সালা, শাল, গৃহ, ভবন, বেশ্ম।
সালাবৃক, কুক্কুর, শৃগাল।
সালার, দ্রব্য রক্ষণার্থ ভিত্তিস্থ কীলক, দাণ্ডা, গোঁজ।
সালুর, মণ্ডুক, ভেক, ব্যাঙ্গ।
সালেয়, মধুরিকা, মৌরী।
সাল্ব, দেশবিশেষ; রাজ বিশেষ।
সাল্বহা, বিষ্ণু, নারায়ণ।
সাল্বিক, পক্ষি বিশেষ, সালিকপাখি।
সাশযন্দক, জ্যেষ্ঠী, জ্যেঠী, টিকটিকী
সাশ্রয়, সাহায্য; সুমূল্য, সুলভ; কল্যাণ।
সাশ্রুধী, শ্বশ্রূ, শাশুড়ী।
সাস্না, গোরুর গল কম্বল।
সাস্র, নেত্রজল সহিত বর্ত্তমান, কোণ বিশিষ্ট।   [দাম্ভিক, অহঙ্কৃত।
সাহঙ্কার, অহঙ্কারান্বিত, গর্ব্বান্বিত,
সাহচর্য্য, সহচরের ভাব; সহ গমন, সঙ্গ, নৈকট্য।
সাহস, বলাৎকার কৃত কার্য্য, দোষা-দোষ বিবেচনা না করিয়া কৃত কর্ম্ম, নির্ভয়তা; অন্তঃকরণের বিক্রম; উৎসাহ, অগ্নি বিশেষ।
সাহসশালী, সাহসবিশিষ্ট; নির্ভয়।
সাহসাঙ্ক, বিক্রমাদিত্য রাজা।
সাহসিক, মনুষ্য মারক, চোর; পার-দারিক; সাহসী, বিক্রমযুক্ত, নির্ভয়।
সাহস্র, বহু সহস্র; সহস্রমাত্র; সহস্র সম্বন্ধীয়।
সাহায্য, সহায়তা, সহকারিতা, সপক্ষতা।
সাহিত্য, মেলন, সহিতত্ব, কাব্য গ্রন্থ-বিশেষ।
সাহুকার, ধনাঢ্য, ধনী, ভাগ্যবান।
সাহ্ব, মেলন, সহিতত্ব।
সাহ্বকৃৎ, সমভিব্যাহারী, সঙ্গী।
সাহ্বয়, মেষাদি প্রাণিদ্বারা দ্যূতক্রীড়া।
সাক্ষর, অক্ষরযুক্ত; লিপিজ্ঞ।
সাক্ষাৎ, প্রত্যক্ষ, গোচর; তুল্য, স্বরূপ।   [দেখা।
সাক্ষাৎকার, প্রত্যক্ষ দর্শন, সমক্ষে
সাক্ষী, দ্রষ্টা; প্রত্যক্ষ দর্শন করিয়া বিষয় জ্ঞাতা।
সাক্ষ্য, সাক্ষির কর্ম্ম; প্রমাণ দেওয়া।
সিউনী, বংশাদি নির্ম্মিত জলসেচন পাত্র বিশেষ, সেচনী।
সিংহ, স্বনামে খ্যাত পশু বিশেষ, মৃগেন্দ্র, কেশরী, পদান্তে শ্রেষ্ঠার্থ বাচক; পঞ্চম রাশি।
সিংহকেশর, বকুল; সিংহের জটা।
সিংহতল, কৃতাঞ্জলি, করদ্বয় যোজন, করপুট, যোড় হাত।   [ধান দরজা।
সিংহদ্বার, প্রবেশদ্বার, পুরদ্বার, প্র-
সিংহধ্বনি, সিংহের শব্দ, সিংহনাদ-সদৃশ চীৎকার।   [জন্য রব।
সিংহনাদ, যোদ্ধাদিগের রণোৎসাহ-
সিংহপুচ্ছিকা, ক্ষুদ্র চাকুলিয়া গাছ।
সিংহবাহিনী, দুর্গা, ভগবতী, পার্ব্বতী।
সিংহবিক্রান্ত, অশ্ব, ঘোটক; সিংহ তুল্য বিক্রম বিশিষ্ট।
সিংহযানা, দুর্গা, পার্ব্বতী, ভগবতী।
সিংহল, বঙ্গ, রঙ্গ, দেশবিশেষ, শিলোন।
সিংহলাস্থান, তালবৃক্ষ সদৃশ বৃক্ষ বিশেষ।
সিংহা, শিরা, রক্ত সঞ্চালনের পথ।
সিংহাণ, লৌহমল, লোহার মড়িচা।
সিংহান, লৌহমল; নাসিকামল, কফ, সিকনী।
সিংহাসন, স্বর্ণময় রাজাসন, রাজাদের প্রধান উপবেশন স্থান।   [স্থিত।
সিংহাসনস্থ, সিংহাসনারূঢ়, ভদ্রাসন-
সিংহিক, কশ্যপপত্নী; রাহুর মাতা।
সিংহিকাসূনু, রাহু।
সিংহী, সিংহপর্ণী; বার্ত্তাকী, কণ্ট-

কারী বৃক্ষ; রাহুমাতা।
সিঁড়া, সোপান, অধিশ্রয়ণী, পৈঠা।
সিঁধ, সন্ধি, সুড়ঙ্গ।
সিঁধকাটী, সন্ধিভেদনাস্ত্র, সিঁধ কাটিবার অস্ত্র।
সিঁধাল, সন্ধিভেদি চৌর, যে সন্ধি ভেদ করিয়া চুরি করে, সুড়ঙ্গকারী।
সিকতা, বালুকাযুক্ত ভূমি; বালি।
সিকতাবান্, বালুকাবহুল দেশ, বালীযুক্ত স্থান। [তর
সিকতাময়, বালুকাময় তট, বালিযুক্ত
সিকি, চতুর্থাংশ, মুদ্রার চারি ভাগের একভাগ।
সিক্ত, সেকাশ্রয়, কৃতসেচন, সেচনকরা।
সিক্থ, মধূচ্ছিষ্ট, মোম।
সিঙ্ঘাণ, নাসিকা মল, কফ, সিকনী।
সিঙ্ঘাণ, নাসিকা মল, সিকনী।
সিঙ্ঘিনী, নাসিকা, নাক।
সিচয়, বসন, বস্ত্র, জীর্ণবস্ত্র।
সিজন, সিদ্ধ হওন, অগ্নিতে পাক হওন, স্বিন্ন করণ। [করা।
সিজান, সিদ্ধ করাণ, পাক করা; স্বিন্ন-
সিঞ্চতা, পিপ্পলী, পিপুল।
সিঞ্জা, অলঙ্কার ধ্বনি, ভূষণ শব্দ।
সিত, রজত, রৌপ্য, চন্দন; শুক্লবর্ণ, শুক্রাচার্য্য। [কণ্টকারী গাছ।
সিতকণ্টা, শ্বেতকণ্টকারী বৃক্ষ, শাদা-
সিতকণ্ঠ, দাত্যূহ পক্ষী, পানকোড়া; শ্বেতকণ্ঠ যুক্ত।
সিতকর, চন্দ্র, নিশাকর; কর্পূর।
সিতকুঞ্জর, ইন্দ্র; ইন্দ্রের হস্তী।
সিতগুঞ্জা, শ্বেতগুঞ্জা, শাদা কুঁচ।
সিতচঙ্গু, বালুকাগড় মৎস্য, বেলিয়ামাছ।
সিতচ্ছত্র, রাজচ্ছত্র।
সিতচ্ছত্রিত, শ্বেত ছত্র যুক্ত।
সিতচ্ছদ, হংস, হাঁস, মরাল।
সিতচ্ছদা, শ্বেত দূর্ব্বা।
সিতদর্ভ, শ্বেতকুশ, শাদা কুশ।
সিতদীধিতি, চন্দ্র, শশী, হিমকর।
সিতদীপ্য, শ্বেত জীরক, শাদা জীরা।
সিতদূর্ব্বা, শ্বেত দূর্ব্বা, শাদা দূর্ব্বা।
সিতধাতু, কঠিনী, খড়ী; শুক্লবর্ণ ধাতু।
সিতপক্ষ, হংস, হাঁস; শুক্লপক্ষ।
সিতপুষ্প, কৈবর্ত্তী মুস্তক, কেউটিয়া মুতা; তগরবৃক্ষ; কাশবৃক্ষ।
সিতপুষ্পা, মল্লিকা।
সিতপুষ্পী, শ্বেত পরাজিতা।
সিতমরিচ, শ্বেতমরিচ, শাদা মরিচ।
সিতমাষ, রাজমাষ, বরবটী।
সিতরঞ্জন, পীতবর্ণ।
সিতরশ্মি, চন্দ্র, নিশাকর।
সিতশিব, সৈন্ধব লবণ।
সিতশিম্বিক, গোধূম, গম।
সিতশূক, যব।
সিতশূরণ, বনশূরণ, বুনো ওল।
সিতসপ্তি, অর্জ্জুন; শ্বেত ঘোটক।
সিতসর্ষপ, গৌর সর্ষপ, শ্বেত সরিষা।
সিতসার, শাকবিশেষ, শালিঞ্চ শাক।
সিতসিন্ধু, গঙ্গা, জাহ্নবী।
সিতা, শর্করা, চিনা; মল্লিকা; শ্বেতকণ্টকারী বৃক্ষ; শাদা দূর্ব্বা।
সিতাংশু, চন্দ্র, নিশাকর; কর্পূর।
সিতাংশুতৈল, কর্পূরতৈল।
সিতাখণ্ড, মধুজাত শর্করা, মধু হইতে উৎপন্ন চিনা।
সিতাগ্র, কণ্টক, কাঁটা।
সিতাঙ্ক, বালুকা গড় মৎস্য, বেলিয়া মাছ। [রুই মাছ।
সিতাঙ্গ, শ্বেত রোহিত মৎস্য, চাঁদ-
সিতাজাজী, শ্বেতজীরক, শাদা জীরা।
সিতাদি, গুড়, খণ্ড, খাঁড়।
সিতানন, গরুড়; শুক্লমুখ যুক্ত।
সিতাপাঙ্গ, ময়ূর, শিখী, কলাপী।
সিতাবর, শাকবিশেষ, সুসুনী শাক।
সিতাব্জ, শ্বেত কমল, শ্বেত পদ্ম।
সিতাভ, কর্পূর, কাপুর।
সিতাভ্র, কর্পূর, কাপুর।

সিতাম্বর, শ্বেতবস্ত্র পরিহিত ব্রতী; শুক্লবস্ত্র পরিধায়ী।
সিতাম্ভোজ, শ্বেতপদ্ম, শাদা কমল।
সিতার্জ্জক, শ্বেত তুলসী।
সিতালতা, শাদা দূর্ব্বা।
সিতাসিত, বলদেব, বলরাম; শুক্র-সহিত শনি; শুক্র সহিত কৃষ্ণবর্ণ।
সিতি, শুক্ল, শ্বেত; কৃষ্ণ, কাল।
সিতিকণ্ঠ, শিব, মহাদেব।
সিতিবাসা, বলদেব, বলরাম।
সিতিমা, শুক্লতা; কৃষ্ণতা।
সিতেতর, শ্যামশালি, শ্যামাধান; কালধান; শুক্লেতর বর্ণ।
সিতেতরগতি, অগ্নি, অনল, বহ্নি।
সিতেক্ষু, শ্বেত ইক্ষু, শাদা আউক।
সিতোদর, কুবের; শুক্ল কুক্ষিযুক্ত।
সিতোদ্ভব, শ্বেত চন্দন, শর্করা জাত।
সিতোপল, কঠিনী, খড়ি, খটিকা; স্ফটিক।
সিতোপলা, শর্করা, চিনী।
সিদ্ধ, দেবযোনি বিশেষ; প্রসিদ্ধ; নিত্য; নিষ্পন্ন; মুক্ত; পক্ব; মন্ত্রসিদ্ধি বিশিষ্ট।
সিদ্ধগঙ্গা, মন্দাকিনী, স্বর্গগঙ্গা।
সিদ্ধজল, কাঞ্জিক, কাঁজী; পক্ব জল।
সিদ্ধদেব, শিব, মহেশ, মহাদেব।
সিদ্ধধাতু, পারদ, পারা।
সিদ্ধপীঠ, সিদ্ধস্থান, মহাপীঠস্থান।
সিদ্ধপুর, দেশবিশেষ, সিদ্ধদেশ।
সিদ্ধপুরুষ, মন্ত্রাদি সাধন যুক্ত পুরুষ।
সিদ্ধপুষ্প, করবীর বৃক্ষ, করবী গাছ।
সিদ্ধবিদ্যা, মহাবিদ্যা বিশেষ।
সিদ্ধমন্ত্র, সিদ্ধি প্রাপ্ত মন্ত্র; সাধন যুক্ত মনু।
সিদ্ধযোগিনী, যোগিনী বিশেষ।
সিদ্ধরস, পারদ, পারা।
সিদ্ধসলিল, কাঞ্জিক, কাঁজী; পক্বজল।
সিদ্ধসাধন, সিদ্ধ বস্তুর সাধন; সিদ্ধ মন্ত্র উপসনা।
সিদ্ধসাধ্য, মন্ত্রবিশেষ।
সিদ্ধসিন্ধু, গঙ্গা, জাহ্নবী, সুরধুনী।
সিদ্ধসুসিদ্ধ, মন্ত্র বিশেষ।
সিদ্ধসেন, কার্ত্তিকেয়, কুমার, ষড়ানন।
সিদ্ধসেবিত, বটুক ভৈরব; সিদ্ধ জন কর্ত্তৃক উপাসিত।
সিদ্ধান্ত, পূর্ব্বপক্ষ নিরাস পূর্ব্বক সিদ্ধ পক্ষ স্থাপন, মতামত।
সিদ্ধান্তাচার, আচার বিশেষ, তান্ত্রিকাচার।
সিদ্ধান্তী, মীমাংসক, সিদ্ধান্তকারক।
সিদ্ধাপগা, গঙ্গা, সুরধুনী।
সিদ্ধারি, মন্ত্র বিশেষ।
সিদ্ধার্থ, বুদ্ধ বিশেষ; শ্বেত সর্ষপ, শাদা সরিষা; প্রসিদ্ধার্থ।
সিদ্ধি, নিষ্পত্তি; সুমঙ্গল; মাদক দ্রব্যবিশেষ; দুর্গা, ঋদ্ধিনামে ঔষধ; সপ্তবিংশতি যোগের অন্তর্গত যোগ বিশেষ।
সিদ্ধিদ, বটুক ভৈরব; সিদ্ধিদাতা।
সিদ্ধিযোগ, তিথি বার ঘটিত শুভ-যোগ বিশেষ।
সিদ্ধিযোগিনী, যোগিনী বিশেষ।
সিদ্ধিলা, ক্ষুদ্র পিপালিকা; ছোট-পিপালিকা।
সিদ্ধিস্থান, পুণ্যস্থান বিশেষ।
সিধ্ম, রোগবিশেষ, কিলাস রোগ।
সিধ্মল, কিলাস রোগী, কিলাসী।
সিধ্মা, রোগবিশেষ, কিলাস রোগ।
সিধ্রকারণ্য, দেবোদ্যান, দেবকানন।
সিন, শরীর; গ্রাস; কাণ; শুক্লগুণ বিশিষ্ট।
সিনী, শুক্লগুণবিশিষ্টা, শ্বেতগুণযুক্তা।
সিনীবালী, দৃষ্টেন্দুকলা অমাবস্যা; দুর্গা, ভগবতী।
সিন্দুবার, বৃক্ষবিশেষ, নিসিন্দা গাছ।
সিন্দুর, রক্তবর্ণ চূর্ণ বিশেষ, সিঁদূর; বৃক্ষবিশেষ; হস্তী।
সিন্দূরকারণ, সীসক, সীসা।

সিন্দূরতিলক, হস্তী, করী; সিন্দূরের ফোঁটা। [ভর্ত্তৃকা স্ত্রী।
সিন্দূরতিলকা, সধবা নারী, জীবৎ-
সিন্দূরপুষ্পী, পুষ্পবৃক্ষ বিশেষ।
সিন্ধু, সমুদ্র; দেশবিশেষ; নদবিশেষ; নিসিন্দা গাছ; রাগবিশেষ; নদী।
সিন্ধুক, নিসিন্দাগাছ; কাষ্ঠময় আধার বিশেষ।
সিন্ধুকফ, সমুদ্রফেণ, সমুদ্রের ফেণা।
সিন্ধুকর, শ্বেতটঙ্কণ, শাদা সোহাগা।
সিন্ধুখেল, দেশবিশেষ, সিন্ধুদেশ।
সিন্ধুজ, সৈন্ধব লবণ; সমুদ্রজাত।
সিন্ধুজন্ম, সৈন্ধব লবণ।
সিন্ধুজন্মা, চন্দ্র বিধু, সুধাংশু।
সিন্ধুজা, লক্ষ্মী, রমা, কমলা, শ্রী।
সিন্ধুড়, রাগিণী বিশেষ, মালবরাগ ভার্য্যা।
সিন্ধুনন্দন, চন্দ্র, শশী, শশধর।
সিন্ধুনাথ, সমুদ্র, সাগর, পয়োনিধি।
সিন্ধুপুষ্প, শঙ্খ, শাঁখ।
সিন্ধুবার, বৃক্ষবিশেষ, নিসিন্দা গাছ।
সিন্ধুবেষণ, গাম্ভারীবৃক্ষ, গামারগাছ।
সিন্ধুসহজ, সৈন্ধব লবণ।
সিন্ধুর, হস্তী, গজ।
সিন্ধুরদ্বেষী, সিংহ, কেশরী, মৃগরাজ।
সিন্ধুলবণ, সৈন্ধব লোণ।
সিন্ধুশয়ন, বিষ্ণু, নারায়ণ।
সিন্ধুসঙ্গম, নদী নদ সমুদ্রাদির পরস্পর মেলন। [লবণ।
সিন্ধূদ্ভব, সৈন্ধব লবণ, সমুদ্রজাত
সিপ্র, সরোবর বিশেষ; চন্দ্র; ঘর্ম্ম।
সিপ্রা, নদী বিশেষ।
সিবর, হস্তী, মাতঙ্গজ, করী।
সিম, সিম্বী, ফলবিশেষ।
সিম্বি, সিম, ফলবিশেষ।
সিম্বিজা, ধান্যবিশেষ, শমীধান্য।
সিম্বী, শিম, ফলবিশেষ।
সিয়ন, বস্ত্রাদি সীবন, সূচীকর্ম্ম।
সিয়ান, চতুর, চালাক।

সিরা, শিরা, রক্ত চলিবার পথ।
সিস্থক, স্ফটিকরণের বাঙ্গা।
সিহুণ্ড, মুহীবৃক্ষ, সিজ্ গাছ।
সিহ্ল, গন্ধদ্রব্য বিশেষ, সিহ্লা।
সিহ্লকী, জন্তুবিশেষ, সল্লকী।
সিক্থ্য, স্ফটিক।
সীকর, শীকর, জলকণা।
সীতা, লাঙ্গলপদ্ধতি, লাঙ্গলের রেখা; শ্রীরামপত্নী; স্বর্গগঙ্গা।
সীতাপতি, রামচন্দ্র, রঘুনাথ, শ্রীরাম।
সীৎকার, মনুষ্যদিগের গুণানুরাগ জন্য শব্দ, অব্যক্ত কণ্ঠধ্বনি বিশেষ।
সীত্য, ধান্য, শালি; কৃষ্টক্ষেত্রাদি, চষা ক্ষেত প্রভৃতি।
সীদ্য, আলস্য।
সীধু, মদিরা, মদ্য; মধু।
সীধুপুষ্প, কদম্ব; বকুল।
সীধুরস, আম্রবৃক্ষ, আঁব গাছ।
সীধুসংজ্ঞ, বকুল বৃক্ষ, বকুলগাছ।
সীপ, তর্পণাদ্যর্থ জলপাত্র, কোষা।
সীবন, তন্তুসন্তান, সূচীকর্ম্ম, সেয়ান।
সীবনী, লিঙ্গমণির অধঃসূত্র, লিঙ্গাগ্র হইতে গুহ্য পর্য্যন্ত সেয়ান।
সীমন্ত, সিঁতি; সংস্কার বিশেষ, সীমন্তোন্নয়ন সংস্কার; কেশবিন্যাস।
সীমন্তক, সিন্দূর, সিঁদুর।
সীমন্তিনী, স্ত্রী, নারী, রমণী।
সীমন্তোন্নয়ন, সংস্কার বিশেষ।
সীমা, গ্রামাদির নির্ণীত অন্ত ভাগ।
সীমানা, অবধি; অঞ্চল; গ্রামাদির অন্ত ভাগ। [কলহ।
সীমাবিবাদ, গ্রামাদির সীমা বিষয়ক
সীমিক, বৃক্ষবিশেষ; বল্মীক, সূক্ষ্ম কৃমি জাতি।
সীর, সূর্য্য; লাঙ্গল, হল; অর্কবৃক্ষ।
সীরক, জলজন্তু বিশেষ, শিশুমার, শুশুক।
সীরপাণি, বলদেব, বলরাম।
সীরী, বলদেব, বলরাম।

সীলন্ধ, মৎস্যবিশেষ, সীলিন্দা মাছ।
সীস, সীসক, ধাতুবিশেষ, সীসা।
সীসক, ধাতুবিশেষ, সীসা।
সু, ভাল, সুন্দর, শোভন। [পথ।
সুঁড়ী, অপ্রশস্ত পথ, ক্ষুদ্রবর্ত্ম, গলী
সুঁতী, ক্ষুদ্রখাল, নালা; জলপ্রণালী; মন্দ স্রোতঃ জলপথ।
সুকণ্টকা, ঘৃতকুমারী।
সুকণ্ঠ, সুস্বর বিশিষ্ট, সুন্দর গায়ক।
সুকণ্ডু, কণ্ডূরোগ, চুলকনা।
সুকন্দক, পলাণ্ডু, পেঁয়াজ।
সুকন্দী, শূরণ, ওল। [সহজ।
সুকর, সুখকর; অক্লেশসাধ্য, সুসাধ্য,
সুকরা, সুশীলা গো, সুন্দর গোরু।
সুকর্ণী, লতা বিশেষ, রাখাল সস।
সুকর্ম্মা, যোগ বিশেষ; বিশ্বকর্ম্মা; শোভন কর্ম্মযুক্ত, সৎক্রিয়ান্বিত।
সুকল, দাতা ভোক্তা ব্যক্তি।
সুকাণ্ড, কারবেল্ল লতা, করলা উচ্ছা; সুন্দর কাণ্ড যুক্ত।
সুকাণ্ডী, ভ্রমর, অলি; সুন্দরকাণ্ডযুক্ত।
সুকুন্দক, পলাণ্ডু, পেঁয়াজ। [বালক।
সুকুমার, কোমল, ললিত; উত্তম
সুকুমারক, তমালপত্র; সুন্দর বালক।
সুকুমারা, জাতী পুষ্প লতা; নবমালিকা; কদলী; পৃক্কাশাক, পিড়ীং শাক; মালতী লতা। [নবমালিকা।
সুকুমারী, কোমলাঙ্গী, ললিতাঙ্গী;
সুকৃত, পুণ্য; শুভ; সুবিহিত; অকষ্ট সাধ্য। [দৃষ্ট।
সুকৃতি, পুণ্য; মঙ্গল; সৎকর্ম্ম; শুভা-
সুকৃতিপত্র; শপথলিপি।
সুকৃতী, পুণ্যবান্; শুভযুক্ত।
সুকৃৎ, পুণ্যবান্, ধার্ম্মিক, সাধু।
সুকেশর, বীজপুর, দালিম।
সুকেশী, স্বর্গবেশ্যা বিশেষ; শোভন কেশ বিশিষ্টা স্ত্রী।
সুকোলী, লতাবিশেষ, ক্ষীরকাকোলী; শোভন বদরী।

সুখ, আত্মবৃত্তি গুণ বিশেষ, শর্ম্ম, প্রীতি, হর্ষ, প্রমোদ, আমোদ, আনন্দ। [হর্ষজনক।
সুখকর, সুখদায়ক; আনন্দকারক,
সুখগ, সুখে গমন কর্ত্তা।
সুখঙ্করী, জীবন্তী বৃক্ষ; সুখদায়িকা।
সুখচর, সুখগামী, সুখে গমনকারী।
সুখচার, উৎকৃষ্ট অশ্ব, উত্তম ঘোটক।
সুখজাত, সুখী, সুখাসক্ত।
সুখড়, সুখী। [বিষ্ণুর স্থান।
সুখদ, সন্তোষ জনক; হর্ষদায়ক;
সুখদা, সুখদাত্রী; স্বর্গবেশ্যা; শমী-বৃক্ষ, শাঁইগাছ।
সুখদায়িকা, সুখজনক।
সুখবাস, ফলবিশেষ, তরমুজ।
সুখবাসন, মুখবাসন গন্ধদ্রব্য।
সুখভাক্, সুখী, সুখভাগী। [রাত্রি।
সুখরাত্রি, দীপান্বিতা অমাবস্যার-
সুখশালী, সুখবিশিষ্ট, সুখী।
সুখসাগর, আনন্দার্ণব, অতিশয় সুখ।
সুখাসেব্য, স্বচ্ছন্দে সেবনীয়, সুব্যবহার্য্য।
সুখা, বরুণপুরী, বরুণালয়।
সুখাত্মক, সুখস্বরূপ, আনন্দময়।
সুখাধার, স্বর্গ; সুখজনক স্থান।
সুখাবহ, সুখদাতা, সুখজনক।
সুখায়ত, সুশিক্ষিত অশ্ব, উত্তম ঘোটক।
সুখায়ন, সুখের স্থান, স্বর্গ।
সুখাশ, বরুণ; সুখভোজন।
সুখী, সুখবিশিষ্ট, হর্ষযুক্ত। [সব।
সুখোৎসব, পতি, স্বামী, আনন্দোৎ
সুখোদক, মুখ জনক তপ্তজল। [যুক্ত।
সুখ্যাত, প্রশংসিত, যশস্বী, সুখ্যাতি
সুখ্যাতি, সুন্দর খ্যাতি, যশঃ, কীর্ত্তি।
সুগ, বিষ্ঠা, মল; সুন্দরগামী।
সুগঠন, সুন্দর নির্ম্মাণ, শোভন মূর্ত্তি, সুডৌল।
সুগত, বুদ্ধ; সুন্দর গমন বিশিষ্ট।

সুগতিক, উত্তম অবস্থান্বিত ; কল্যাণকর।
সুগন্ধ, গন্ধতৃণ ; নীলোৎপল ; চন্দন ; সুবাস, সদ্গন্ধ বিশিষ্ট।
সুগন্ধমূলা, স্থলপদ্মিনী।
সুগন্ধামলক, মিলিত ঔষধ বিশেষ।
সুগন্ধি, সদ্গন্ধ, সুরভি, সুগন্ধযুক্ত।
সুগন্ধিক, কহ্লার, কুমুদ ; পদ্মের মূল ; উশীর, বেণারমূল। [সুগন্ধি পুষ্প।
সুগন্ধিকুসুম, পীত করবীর পুষ্প ;
সুগন্ধিকুসুমা, পৃক্কাশাক, পিড়িংশাক।
সুগন্ধিতা, সৌগন্ধ্য, সৌরভ।
সুগন্ধিমূল, উশীর, বেণাগাছ।
সুগন্ধিমূষিক, ছুছুন্দরী, ছুঁচা।
সুগম, সহজ, অনায়াস।
সুগহন, নিবিড় বন, গহন কানন।
সুগৃহীত, সুন্দররূপে কৃত গ্রহণ, উত্তম রূপে গ্রহণ করা।
সুগোচ, সদুপায় ; সুযোগ, পন্থা।
সুগোচর, বিদিত, জ্ঞাত, ব্যক্ত।
সুগ্রন্থি, চোরক নামে গন্ধদ্রব্যবিশেষ ; সুন্দর গ্রন্থি যুক্ত।
সুগ্রীব, বিষ্ণুর অশ্ব ; বানরাধিপ ; কিষ্কিন্ধ্যাধিপতি, শ্রীরাম সখা ; শিব, ইন্দ্র ; রাজহংস ; সুন্দর গ্রীবাযুক্ত।
সুগ্রীবেশ, শ্রীরামচন্দ্র, রাঘব।
সুঘটন, সুযোগ, সুন্দর সম্ভাবনা।
সুচরিত্র, উত্তম স্বভাব, সুন্দর রীতি।
সুচরিত্রা, সাধ্বী ; শোভন চরিত্রযুক্তা।
সুচর্ম্মা, ভূর্জবৃক্ষ ; শোভন চর্ম্মবিশিষ্ট।
সুচক্ষু, উডুম্বরবৃক্ষ, ডুমুরগাছ ; সুন্দর লোচন।
সুচারু, মনোহর, সুন্দর, মনোজ্ঞ।
সুচিত্রক, মৎস্যরঙ্ক পক্ষী, মাছরাঙ্গা পাখী ; চিত্রসর্প ; চিতিসাপ, সুন্দর চিত্রযুক্ত।
সুচির, চিরকাল, বহু সময়।
সুচিরায়ু, দেবতা, সুর, অমর।
সুচুটী, অগ্ন্যাদি উদ্ধরণার্থ লৌহাদি নির্ম্মিত যন্ত্র বিশেষ, চিমটা।
সুচেতাঃ, সতর্ক, সচকিত ; সুন্দর চিত্তযুক্ত।
সুচেলক, শোভনবস্ত্র ; সরু কাপড়।
সুচ্ছত্রী, শতদ্রু নদী, শতলজ্।
সুজন, সাধু, সজ্জন, সল্লোক।
সুজনতা, সৌজন্য, সুশীলতা।
সুজন্ম, সুজাতক, ঔরসজাত।
সুজল, কমল, পদ্ম, সুন্দর জল।
সুজল্প, বাক্য বিশেষ।
সুজি, গোধূম চূর্ণ বিশেষ।
সুজীর্ণ, অতিশয় পুরাতন ; সুপাক।
সুড়ঙ্গ, সন্ধি, সিঁধ ; গর্ত্ত।
সুড়ি, নিম্ন ; ক্ষুদ্র, অল্প।
সুডৌল, সুগঠন, সুন্দর আকৃতি।
সুঢপ, সুগঠন, সুন্দর আকৃতি।
সুত, পুত্র, সন্তান, তনয়।
সুতনু, নর্ত্তকী, স্ত্রী ; শোভন শরীর।
সুতপ, সূর্য্য ; মুনি ; শোভন তপস্যান্বিত। [অবধারণ, অবশ্য।
সুতরাং, অবধারিতার্থ প্রতিপাদক,
সুতর্দ্দন, কোকিল, পিক, বনপ্রিয়।
সুতল, নাগলোক বিশেষ, পাতালের ষষ্ঠ খণ্ড। [বিশেষ।
সুতহিবুকযোগ, বিবাহোক্ত যোগ-
সুতা, স্ত্রী অপত্য, কন্যা, পুত্রী।
সুতাত্মজ, পৌত্র ; দৌহিত্র।
সুতাত্মজা, পৌত্রী ; দৌহিত্রী।
সুতান, সুস্বর, উত্তম গান, সুরাগ।
সুতার, সুস্বাদ, সুরস, রসাল।
সুতিক্ত, অতিশয় তিক্ত।
সুতিক্তক, ভূনিম্ব ; চিরতা।
সুতী, পুত্রেচ্ছু, পুত্রবৎ আচরণকর্ত্তা ; পুত্রবান্।
সুতীক্ষ্ণ, অতিশয় প্রখর ; শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ ; মুনি বিশেষ।
সুতুঙ্গ, নারিকেলবৃক্ষ ; অতিশয় উচ্চ।
সুত্রামা, ইন্দ্র, সুররাজ, দেবেন্দ্র।
সুদ, বৃদ্ধি ; ধন প্রয়োগের লাভ।

সুদণ্ড, বেত্র, বেত।
সুদন্ত, নট; শোভন দন্ত।
সুদর্শন, ইন্দ্রনগর; বিষ্ণুচক্র, শোভন দর্শন, সুদৃশ্য।
সুদর্শনচূর্ণ, জ্বররোগের ঔষধ বিশেষ।
সুদর্শনদ্বীপ, জম্বুদ্বীপ।
সুদর্শনী, অমরাবতী, ইন্দ্রপুরী।
সুদান্ত, শাক্যমুনির শিষ্য বিশেষ।
সুদামা, মেঘ; পর্ব্বত; গোপবিশেষ; সমুদ্র; শ্রীকৃষ্ণের শরণাগত বিপ্রবিশেষ। [দান।
সুদায়, দেয় যৌতুকাদি; যৌতুকাদি
সুদি, শুক্ল পক্ষ, সিত পক্ষ।
সুদিন, শুভ দিবস, উত্তম দিন।
সুদিনাহ, প্রশস্ত দিন, পুণ্যাহ।
সুদীর্ঘ, অতি বিস্তার, অতিশয় লম্বা।
সুদীর্ঘফলিকা, বার্ত্তাকু বিশেষ; সিঙ্গা বেগুন। [সন্তাপিত।
সুদুঃখিত, অতিশয় ব্যথিত, অত্যন্ত
সুদুর্ল্লভ, অতি দুষ্প্রাপ্য, অতিশয় অপ্রাপ্য।
সুদুশ্চর, অতি দুঃখে আচরণীয়।
সুদুষ্কর, অত্যন্ত ক্লেশকর, দুঃসাধ্য, কষ্টসাধ্য।
সুদুস্তর, অতি দুঃখে তরণীয়; যাহার পার যাওয়া অসাধ্য।
সুদুস্ত্যজ, অতি দুঃখে ত্যাজ্য, অতিশয় ক্লেশে যাহা ত্যাগ হয়।
সুদূর, অতি দূরতর, দবীয়ান, দবিষ্ঠ।
সুদূরপরাহত, অতি দূরে নিরাকৃত, চিরধ্বস্ত; অত্যন্ত অসম্ভব।
সুদৃক্, সুন্দর চক্ষুর্যুক্ত; শোভন নয়ন।
সুদৃঢ়, গাঢ়; অতিশয় শক্ত, অতিকঠিন।
সুদ্ধ, সমেত, সহিত; কেবল, তন্মাত্র।
সুধন্বা, উত্তম ধনুর্ধারী, প্রৌঢ় ধানুষ্ক; বিশ্বকর্ম্মা; রাজবিশেষ।
সুধন্বাচার্য্য, জাতি বিশেষ।
সুধর্ম্মা, দেবসভা।
সুধর্ম্মী, দেবসভা।
সুধা, অমৃত; রস; জল; লেপন।
সুধাংশু, চন্দ্র, শশী, নিশাকর।
সুধাংশুতৈল, কর্পূর তৈল।
সুধাংশুরত্ন, মৌক্তিক, মুক্তা।
সুধাকর, চন্দ্র, নিশাপতি, শশধর।
সুধাজীবী, ইষ্টকাদিময় গৃহ নির্ম্মাতা, রাজমিস্ত্রী।
সুধাধার, চন্দ্র; অমৃতের পাত্র।
সুধান, জিজ্ঞাসন, প্রশ্নকরণ।
সুধানিধি, চন্দ্র, শশাঙ্ক, বিধু।
সুধাপয়, মনুহী বৃক্ষের ক্ষীর, সিজ্গাছের আটা।
সুধাপাণি, দেবতাদের বৈদ্য, ধন্বন্তরি।
সুধাবাস, চন্দ্র, হিমাংশু, নিশাকর।
সুধাভুক্, দেবতা, সুর, অমর।
সুধাভৃতি, চন্দ্র; যজ্ঞ।
সুধাময়, রাজবাটী; অমৃত স্বরূপ।
সুধাসিন্ধু, অমৃতের সমুদ্র।
সুধাসূতি, যজ্ঞ; চন্দ্র; পদ্ম।
সুধাস্রবা, অলিজিহ্বিকা, আলজিব; বৃক্ষ বিশেষ।
সুধাহর, গরুড়, পক্ষিরাজ, বৈনতেয়।
সুধী, বিদ্বান্, পণ্ডিত, সুন্দর বুদ্ধি, শোভন বুদ্ধিযুক্ত।
সুধু, কেবল, তন্মাত্র; সুদ্ধ, একমাত্র।
সুধোদ্ভব, দেবতাদের বৈদ্য, ধন্বন্তরি।
সুধোদ্ভবা, হরীতকী।
সুনন্দ, বলরামের মুষল; সুন্দর আনন্দ জনক; শ্রীকৃষ্ণের পার্ষদ বিশেষ; রাজ গৃহ বিশেষ।
সুনন্দা, উমা; গোরোচনা; নারী।
সুনয়ন, মৃগ; সুন্দর চক্ষুর্যুক্ত।
সুনয়না, নারী, রমণী; কামিনী।
সুনাভ, পর্ব্বতবিশেষ, মৈনাকপর্ব্বত।
সুনার, শুনীস্তন্য, কুকুরের স্তন দুগ্ধ; সর্পাণ্ড, সাপের ডিম।

সুনালক, বকপুষ্প বৃক্ষ ; সুন্দর নাল যুক্ত।
সুনাসিকা, শোভন নাসা, সুন্দর নাক।
সুনাসীর, ইন্দ্র, শক্র, দেবরাজ।
সুনিশ্চিত, সুন্দর নিশ্চয় বিষয়ীভূত, স্থিরী ভূত।
সুনিষণ্ণক, শাকবিশেষ, সুষুণীশাক।
সুনিষ্টপ্ত, অতিশয় উত্তপ্ত, অত্যন্ত উষ্ণ। [বিশিষ্ট।
সুনীতি, শোভন নয় ; উত্তম নীতি-
সুনীল, দাড়িম ; সুন্দর নীলবর্ণ।
সুনৃত, সত্য, অথচ প্রিয় বাক্য।
সুন্দ, বানর বিশেষ ; দৈত্যবিশেষ।
সুন্দর, মনোহর, রুচির, চারু, শোভন, মনোজ্ঞ, কামদেব ; বৃক্ষ বিশেষ, সুঁদরী গাছ।
সুন্দরী, নারী বিশেষ ; সুরূপ স্ত্রী।
সুপক্ক, সুগন্ধি আম্র, শোভন পরিণত, উত্তম পাকা।
সুপত্র, তেজপত্র, তেজপাত।
সুপত্রিকা, জতুকা, জোঁ।
সুপথ, সৎপথ, সুমার্গ, সুন্দর বর্ত্ম।
সুপথ্য, অপীড়াকর আহার।
সুপন্থা, সৎপথ, সুমার্গ।
সুপদ্মা, বচা, বচ।
সুপর্ণ, গরুড়, স্বর্ণচূড় পক্ষী ; শোভন পত্র বিশিষ্ট। [গরুড়।
সুপর্ণক, সপ্তচ্ছদ বৃক্ষ ; ছাতিম্‌গাছ ;
সুপর্ণকেতু, বিষ্ণু, নারায়ণ।
সুপর্ণা, পদ্মিনী, কমলিনী।
সুপর্ণাখ্য, নাগকেশর বৃক্ষ।
সুপর্ণী, কমলিনী ; গরুড় মাতা।
সুপর্ণীতনয়, গরুড়, খগেন্দ্র।
সুপর্ব্বা, দেবতা ; বাণ ; বংশ ; সুন্দর পর্ব্ব বিশিষ্ট।
সুপাক্য, লবণ বিশেষ, বিট্‌লবণ।
সুপাত্র, যোগ্যব্যক্তি, উপযুক্ত লোক।
সুপান, পানযোগ্য। [পারী।
সুপারী, গুবাক ফল, পুগ, গুয়া, সু-
সুপার্শ্ব, প্লক্ষবৃক্ষ, পাকুড়গাছ ; পক্ষি বিশেষ। [মর্দ্দন।
সুপীডন, সুষ্ঠু মর্দ্দন, গা চাপা, গাত্র-
সুপুত্র, পিত্রাদির কার্য্যকারি পুত্র, সৎসন্তান।
সুপুত্রিকা, জতুকা, জোঁ।
সুপুষ্প, লবঙ্গ, রক্তপুষ্পক, পালিতামাদার ; শিরীষ পুষ্প।
সুপুষ্পী, শ্বেত অপরাজিতা ; দ্রোণ পুষ্প ; কদলী বৃক্ষ।
সুপূর, বীজপূর, দাড়িম। [গাছ।
সুপূরক, বকপুষ্প বৃক্ষ, বক ফুলের
সুপ্ত, নিদ্রিত, নিদ্রাণ, শয়িত।
সুপ্তঘাতক, হিংস্র, হিংসক।
সুপ্তজন, অর্দ্ধরাত্র ; নিদ্রিত লোক।
সুপ্তজ্ঞান, স্বপ্ন, স্বপন।
সুপ্তি, নিদ্রা, শয়ন, ঘুমান। [প্রস্ফুট।
সুপ্রকাশ সুদীপ্ত, সুন্দর আভাযুক্ত ;
সুপ্রতিভা, মদির, সুরা, মদ্য।
সুপ্রতিষ্ঠিত, উড়ুম্বর বৃক্ষ, ডুমুরগাছ ; সুন্দর প্রতিষ্ঠাযুক্ত।
সুপ্রতীক, ঈশান দিগ্‌গজ ; শিব ; কামদেব ; শোভন অঙ্গ।
সুপ্রভ, সুন্দর প্রভাযুক্ত।
সুপ্রভা, শোভন দীপ্তি, বাকুচী, হাকুচ।
সুপ্রভাত, শুভ সূচক প্রাতঃকাল ; প্রভাতে পাঠ্য মঙ্গল বাক্য ; প্রাতঃকাল। [নদী বিশেষ।
সুপ্রভাতা, শোভন প্রভাতযুক্তা রাত্রি ;
সুপ্রযুক্ত, শোভন প্রয়োগ বিশিষ্ট।
সুপ্রয়োগবিশিখ, সুশিক্ষিত বাণ মোক্ষক, সুধন্বা।
সুপ্রলভ্য, সুখলভ্য, অনায়াস প্রাপ্য।
সুপ্রলাপ, সুবচন, সুন্দর কথন।
সুপ্রসন্ন, কুবের, সুন্দর প্রসাদ যুক্ত।
সুপ্রসাদ, শিব ; সুন্দর প্রসন্নতা।
সুপ্রিয়া, সুন্দরহৃদ্যা, শোভনপ্রিয়া স্ত্রী
সুফল, কর্ণিকার বৃক্ষ ; দাড়িম ; বদরী কুল ; শোভন ফল দায়ক।

সুফেন, সমুদ্র ফেনা।
সুবক্ত্র, বন বাবুই, সুন্দর বদন।
সুবচন, শোভন উক্তি, সুন্দর কথন।
সুবচনী, দেবী বিশেষ, বিপদ্‌কালে স্ত্রীলোকদিগের পূজনীয়া দেবী।
সুবচা, বাগ্মী, বাচাল, বক্তা।
সুবন, সূর্য্য; অগ্নি; চন্দ্র।
সুবর্চ্চলা, অতসী পুষ্প; সূর্য্যমুখী পুষ্প; দেশ বিশেষ।
সুবর্চ্চা, শোভন তেজো বিশিষ্ট।
সুবর্চ্চিক, জতুকা, জৌ।
সুবর্ণ, ধাতুবিশেষ, সোণা, হেম, কনক স্বর্ণ; নাগকেশর বৃক্ষ, অশীতি রক্তিকা পরিমিত স্বর্ণ; ধুস্তুরবৃক্ষ, সুষ্ঠুবর্ণ।
সুবর্ণক, পিত্তল; সুবর্ণযুক্ত; সোঁদালী গাছ।
সুবর্ণকদলী, কদলী বিশেষ, চাঁপাকলা।
সুবর্ণকার, স্বর্ণকার, সেকরা।
সুবর্ণগৈরিক, গৈরিক বিশেষ, বর্ণক-মাটী, গেরিমাটী।
সুবর্ণবণিক্, জাতি বিশেষ, সোণার বেণিয়া। [রং।
সুবর্ণবর্ণ, স্বর্ণ তুল্য বর্ণ, সোণার ন্যায়
সুবর্ণবর্ণা, হরিদ্রা, হলুদ; স্বর্ণবর্ণ যুক্তা।
সুবর্ণযূথী, পুষ্পবিশেষ, স্বর্ণযূঁই।
সুবর্ণা, কৃষ্ণ অগুরু, স্বর্ণক্ষীরী বৃক্ষ; হরিদ্রা, হলুদ। [ধুস্তুর গাছ।
সুবর্ণাখ্য, নাগকেশর বৃক্ষ, ধুস্তুর বৃক্ষ,
সুবয়ঃ, প্রৌঢ়া স্ত্রী, প্রবীণা।
সুবসন্ত, সুন্দর বসন্তকাল, সুজাতীয় বসন্ত রোগ। [সব।
সুবসন্তক, উৎসব বিশেষ, মদনোৎ-
সুবহ, সুখবাহ্য; সম্যক্ বহন।
সুবহা, শেফালিকা, শিউলি; বীণা।
সুবাস, শোভন গন্ধ; উত্তম নিবাস।
সুবাসিনী, লতাবিশেষ; সুখে বসতি কারিণী।
সুবিদত্র, কুটুম্ব, পরিজন।
সুবিদল্ল, অন্তঃপুর।
সুবিদল্লা, ঊঢ়া নারী, বিবাহিতা স্ত্রী।
সুবিদ্, পণ্ডিত; বিজ্ঞ; গুণযুক্ত।
সুবিধ, উত্তম; সহজ, অনায়াস।
সুবিধি, উত্তম বিধান, সুনিয়ম।
সুবিনীত, অতিশয় বিনয় বিশিষ্ট; সুশিক্ষিত; বিনয়ান্বিত।
সুবীরাম্ল, কাঞ্জিক, কাঁজী।
সুবীর্য্য, বদরীফল, কুল; উত্তম বীর্য্য।
সুবুদ্ধি, সুন্দর মতি, সুধী, বুদ্ধিমান্।
সুবৃত্ত, সুন্দর বর্ত্তুল; শূরণ, ওল।
সুবেল, ত্রিকূট পর্ব্বত; প্রণত; শান্ত।
সুবেশ, সুন্দর বেশযুক্ত; শোভন ভূষণ বিশিষ্ট, শ্বেত ইক্ষু।
সুবেশা, সুন্দর বেশযুক্তা, উত্তম ভূষা বিশিষ্টা। [বিশিষ্ট।
সুবোধ, উত্তম জ্ঞানযুক্ত; সুন্দর বুদ্ধি
সুব্রহ্মণ্য, কার্ত্তিকেয়, কুমার; সুন্দর ব্রহ্মধর্ম্মা।
সুভগ, সুদৃশ্য; শোভন ঐশ্বর্য্যাদি যুক্ত; টঙ্কণ, সোহাগা; চম্পক, চাঁপা; অশোক বৃক্ষ।
সুভগা, পতিপ্রিয়া, সৌভাগ্যবতী; কেউটিয়া মুতা; হরিদ্রা; নীলদূর্ব্বা; সুবর্ণ কদলী।
সুভগাসুত, সুভগা স্ত্রীর পুত্র।
সুভঙ্গ, নারিকেল বৃক্ষ। [মঙ্গলযুক্ত।
সুভদ্র, বিষ্ণু; রাজা বিশেষ; শোভন
সুভদ্রক, বিমান, দেবরথ, বিল্ববৃক্ষ।
সুভদ্রা, শ্যামালতা; শ্রীকৃষ্ণের ভগিনী, অর্জ্জুন ভার্য্যা।
সুভদ্রাসুত, অভিমন্যু।
সুভদ্রেশ, অর্জ্জুন। [গাছ।
সুভাঞ্জন, শোভাঞ্জন বৃক্ষ, শাজনা
সুভাষিত, সুন্দর কথিত; বৃদ্ধবিশেষ।
সুভিক্ষ, সুলভ ভৈক্ষ দ্রব্য; সুলভ ভৈক্ষযুক্ত কাল, শস্যাদির বাহুল্য সময়।
সুভীরক, পলাশ বৃক্ষ।
সুভূ, সুজন্মা, সুজাত; উৎকৃষ্ট ভূমি।

সুভূতিক, বিল্ব বৃক্ষ, শ্রীফল গাছ।
সুভৃশ, বাঢ়, গাঢ়; অতিশয়।
সুভোক্তা, যথেষ্ট আহারকারী, অতিশয় ভোক্তা।
সুভ্রূ, নারী, সুন্দর ভ্রূযুক্তা স্ত্রী।
সুম, পুষ্প, কুসুম; চন্দ্র; আকাশ।
সুমঙ্গল, শোভন কল্যাণ, অতিশয় শুভ।
সুমঙ্গলা, মাকড়ছাড়ার গাছ; অতিশয় মঙ্গল যুক্তা। [রে সম্মত।
সুমত, সুন্দর জ্ঞান বিষয়; সম্যক প্রকা-
সুমতি, সুন্দর বুদ্ধিযুক্ত; উত্তম বুদ্ধি।
সুমদন, আম্রবৃক্ষ, আঁবগাছ।
সুমদাত্মজা, অপ্সর, স্বর্গবেশ্যা।
সুমধুর, অত্যর্থ মিষ্ট বাক্য; অতিশয় মধুর রসযুক্ত।
সুমন, গোধুম; গম; ধুস্তুর, ধুতুরা; পুষ্প; শোভন মনোযুক্ত।
সুমনঃফল, জাতীফল, জায়ফল; কপিত্থ বৃক্ষ, কতবেল।
সুমনস, পুষ্প, কুসুম। [মালতী পুষ্প।
সুমনা, শোভন মনোবিশিষ্ট; পণ্ডিত,
সুমনোরজঃ, পুষ্পধূলি, পরাগ।
সুমন্তু, মুনিবিশেষ, অথর্ব্ববেদের শাখা প্রচারক মুনি; অতিশয় অপরাধী।
সুমন্ত্র, দশরথ রাজার সারথি এবং মন্ত্রী।
সুমানুষ, সজ্জন, উত্তম ব্যক্তি।
সুমিত্রা, দশরথ রাজপত্নী, লক্ষ্মণ ও শত্রুঘ্নের মাতা।
সুমুখ, উত্তম বদন; গরুড় পুত্র; গণেশ; নাগবিশেষ; পণ্ডিত; বাবুই গাছ; মনোজ্ঞ, সুন্দর।
সুমুখী, সুন্দরী নারী, সুন্দর মুখযুক্তা।
সুমূলা, শালপর্ণীবৃক্ষ; সুন্দর মূলযুক্তা।
সুমেখল, মুঞ্জ, মুজলতা, শোভন মেখলা যুক্ত।
সুমেধা, সুবুদ্ধি, সুন্দর বুদ্ধি সম্পন্ন।
সুমেরু, পর্ব্বতবিশেষ, রত্নসানু, সুরালয়।
সুমেল, সুন্দর মেলন, অবয়বের সমতা, সংলগ্নতা।
সুম্ভ, দেশবিশেষ।
সুযামুন, বিষ্ণু; অট্টালিকা, প্রাসাদ, পর্ব্বত বিশেষ; মেঘবিশেষ।
সুযোগ, সুঘটন; উত্তম সময়, সুন্দর লগ্ন; সদুপায়।
সুযোধন, দুর্য্যোধন রাজা।
সুর, দেবত, অমর, সূর্য্য; পণ্ডিত।
সুরকারু, বিশ্বকর্ম্মা।
সুরকৃতা, গুডুচী, গুলঞ্চ লতা।
সুরক্ত, শোভন রাগযুক্ত; অতিশয় রক্ত বিশিষ্ট।
সুরগণ্ড, রোগ বিশেষ, রাজগাঁড়।
সুরগুরু, বৃহস্পতি, সুরাচার্য্য।
সুরগ্রামণী, ইন্দ্র, সুরপতি।
সুরঙ্গ, হিঙ্গুল; গর্ত্তবিশেষ, সুড়ঙ্গ।
সুরঙ্গধাতু, গৈরিক, গেরিমাটী।
সুরঙ্গা, সন্ধি, সিঁধ; সুড়ঙ্গ।
সুরঙ্গিকা, মূর্ব্বা লতা, মুর্ব্বা।
সুরজঃফল, পনস বৃক্ষ, কাঁটাল।
সুরজনী, রাত্রি, নিশা, যামিনী।
সুরজ্যেষ্ঠ, ব্রহ্মা, বিধাতা, প্রজাপতি।
সুরঞ্জন, গুবাক বৃক্ষ, শুপারীগাছ।
সুরত, মৈথুন, স্ত্রীসংসর্গ, নিধুবন।
সুরততালী, দূতী, কুট্টিনী।
সুরতা, দেবত্ব; সুরসমূহ।
সুরতোষক, কৌস্তুভমণি; দেবতাদের প্রীতিকারক।
সুরথ; চন্দ্রবংশীয় রাজা বিশেষ।
সুরদারু, দেবদারু বৃক্ষ।
সুরদীর্ঘিকা, স্বর্গগঙ্গা, মন্দাকিনী।
সুরদ্রুম, দেবদারু বৃক্ষ।
সুরদ্বিট্, অসুর, দেবদ্বেষ্টা।
সুরদ্বিপ, দেবহস্তী।
সুরধনুঃ, ইন্দ্রধনু, রামধনুক।
সুরধুনী, গঙ্গা, জাহ্নবী, ত্রিপথগা।
সুরনদী, গঙ্গা, জাহ্নবী।
সুরনন্দা নদীবিশেষ।

সুরনিম্নগা, গঙ্গা, জাহ্নবী, সুরধুনী।
সুরপতি, ইন্দ্র, শক্র, দেবরাজ।
সুরপথ, আকাশ, গগণ, অম্বর।
সুরপর্ণ, ওষধি বিশেষ।
সুরপর্ণিকা, বৃক্ষবিশেষ, পুন্নাগ বৃক্ষ।
সুরপাদপ, কল্পবৃক্ষ, দেবতরু।
সুরপুরী, অমরাবতী, স্বর্গপুরী।
সুরপ্রিয়, ইন্দ্র; বৃহস্পতি; দেবহৃদ্য, দেবতার প্রীতিজনক। [কলা।
সুরপ্রিয়া, জাতীপুষ্প, স্বর্ণরম্ভা, চাঁপা
সুরবর্ত্ম, আকাশ, গগণ, অম্বর।
সুরবল্লভা, শ্বেতদূর্ব্বা, শাদা দূর্ব্বা।
সুরবল্লী, তুলসী বৃক্ষ।
সুরবৈরী, অসুর, দানব, দৈত্য।
সুরভি, সাধুগন্ধ, সুগন্ধ; চম্পক; বসন্ত ঋতু; জর্ত্তাফল বৃক্ষ; গন্ধতৃণ; বকুল বৃক্ষ; চৈত্রমাস; বনমালিকা; ধেনু বিশেষ।
সুরভিকা, স্বর্ণকদলী, চাঁপাকলা।
সুরভিগন্ধি, শোভন গন্ধযুক্ত।
সুরভিত্রিফলা, সুগন্ধ ত্রিফলা।
সুরভিদারু, বৃক্ষবিশেষ, সরলবৃক্ষ।
সুরভিপত্রা, জম্বু বৃক্ষ, জামগাছ।
সুরভিবল্কল, গুড়ত্বক্, দারুচিনী।
সুরভিবাণ, কামদেব, মদন, কন্দর্প।
সুরভী, সুগন্ধি; ধেনুবিশেষ।
সুরভূরুহ, দেবদারু বৃক্ষ।
সুরর্ষি, দেবমুনি, নারদাদি ঋষি।
সুরলা, জাহ্নবী, গঙ্গা; নদী বিশেষ।
সুরলাসিকা, বংশীবাদ্য, বাঁশীর শব্দ।
সুরলোক, স্বর্গ, দেবালয়, অমরাবতী।
সুরশত্রু, অসুর, দনুজ, দানব।
সুরশাখী, কল্পবৃক্ষ, সুরতরু।
সুরস, স্বাদু, সুন্দর রসযুক্ত; গন্ধতৃণ; সিন্ধুবার বৃক্ষ, নিসিন্দাগাছ।
সুরসদ্ম, স্বর্গ, সুরলোক।
সুরসরিৎ, গঙ্গা, জাহ্নবী, ভাগীরথী।
সুরসা, সুন্দর রসযুক্তা; তুলসী; ব্রাহ্মী বৃক্ষ; দুর্গা; নদী বিশেষ।

সুরসিন্ধু, গঙ্গা, জাহ্নবী, ভাগীরথী।
সুরসুন্দরী, স্বর্গবেশ্যা, অপ্সরা; দুর্গা; যোগিনী বিশেষ।
সুরা, মদ্য, মদিরা। [পতিস্থান।
সুরাকর, নারিকেল বৃক্ষ; মদ্য উৎ-
সুরাঙ্গনা, দেবপত্নী; অপ্সরা, স্বর্বেশ্যা।
সুরাচার্য্য, বৃহস্পতি, দেবগুরু।
সুরাজক, উত্তম রাজার অধিকৃতদেশ।
সুরাজা, শোভনরাজা, সুন্দর নৃপতি।
সুরাজীবী, শৌণ্ডিক, শুঁড়ী।
সুরাপ, সুরাপানকর্ত্তা, মদ্যপায়ী।
সুরাপগা, গঙ্গা, ভাগীরথী, সুরধুনী।
সুরাপান, মদ্যপান, মদিরা সেবন।
সুরাভাগ, মদিরার অগ্রভাগ, মদের গোড়া, সুরামণ্ড।
সুরারি, অসুর, দৈত্য, দনুজ।
সুরারিহন্তা, বিষ্ণু, নারায়ণ।
সুরার্হ, হরিচন্দন, স্বর্ণ।
সুরালয়, সুমেরুপর্ব্বত; স্বর্গ; দেবালয়; মদ্যালয়।
সুরাষ্ট্র, দেশবিশেষ, সুরাট দেশ।
সুরাহ্ব, বৃক্ষবিশেষ, দেবদারু গাছ।
সুরুঙ্গ, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ।
সুরুঙ্গা, সিঁধ, সুড়ঙ্গ, সান্ধ।
সুরুঙ্গাহি, চৌরবিশেষ, সিঁধাল চোর।
সুরূপ, শোভন রূপ বিশিষ্ট, সুন্দর, মনোজ্ঞ, মনোহর।
সুরূপা, শালপর্ণী বৃক্ষ, শালপাইন গাছ; সুন্দরী, উত্তম রূপ যুক্তা।
সুরেজ্য, বৃহস্পতি, সুরগুরু।
সুরেজ্যা, তুলসী বৃক্ষ।
সুরেন্দ্র, দেবরাজ, সুরপতি, ইন্দ্র।
সুরেন্দ্রজিৎ, গরুড়পক্ষী; রাবণ পুত্র, ইন্দ্রজিৎ।
সুরেবট, রামপূগ, রাম গুপারী।
সুরেভ, রঙ্গ, রাং।
সুরেশ্বর, রুদ্র; ইন্দ্র; বিষ্ণু।
সুরেশ্বরী, স্বর্গগঙ্গা, মন্দাকিনী; দুর্গা।
সুরোত্তম, সূর্য্য; দেবশ্রেষ্ঠ।

সুরোত্তর, চন্দন, শ্রীখণ্ড।
সুরোদ, সুরাসমুদ্র। [সুলভ্য।
সুলভ, সুখলভ্য, অনায়াস প্রাপ্য,
সুলক্ষণা, উমার সখী বিশেষ; সুন্দর
লক্ষণ যুক্তা। [চক্ষুযুক্ত।
সুলোচন, হরিণ; দুর্য্যোধন; সুন্দর
সুলোচনা, মাধবরাজ পত্নী; উত্তম
নয়নযুক্তা নারী।
সুলোহক, পিত্তল, পিতল।
সুলোহিতা, অগ্নি জিহ্বা বিশেষ;
সুন্দর রক্তবর্ণ।
সুশবী, কারবেল্ল, করলা উচ্ছা; কৃষ্ণ
জীরক, কাল জীরা।
সুশর্ম্মা, নিন্দিত ব্রাহ্মণ বিশেষ; শো-
ভন সুখ বিশিষ্ট।
সুশল্য, খদির, খয়ের।
সুশাক, আর্দ্রক, আদা।
সুশিখ, অগ্নি, উত্তম শিখাযুক্ত।
সুশিখা, ময়ূর শিখা।
সুশীত, পীতচন্দন, অতিশয় শীত।
সুশীতল, গন্ধতৃণ; অতিশয় শীত গুণ
বিশিষ্ট, অতিশয় স্নিগ্ধ।
সুশীম, শীতগুণ; স্নিগ্ধ।
সুশীল,শোভনশীল বিশিষ্ট, সচ্চরিত্র,
সুস্বভাব। [রিত্র।
সুশীলতা, সৎস্বভাব, সুশীলত্ব, সচ্চ-
সুশীলা, শ্রীকৃষ্ণের মহিষী বিশেষ; যম
ভার্য্যা; সৎস্বভাবা নারী।
সুশৃঙ্খল,উত্তম নিয়মযুক্ত, সুধারান্বিত,
সুরীতি। [জনক।
সুশ্রাব্য, সুন্দর শ্রবণযোগ্য, সুখশ্রবণ
সুশ্রী, সুন্দর শ্রীযুক্ত, শোভনাকৃতি,
সুন্দর। [শ্রী বিশিষ্টা।
সুশ্রীকা, জন্তুবিশেষ, শল্লকী; সুন্দর
সুশ্রুত, বিশ্বামিত্র মুনিপুত্র, চিকিৎসা
শাস্ত্রকর্ত্তা।
সুষবী, কারবেল্ল, করলা উচ্ছা; কৃষ্ণ
জীরক, কাল জীরা।
সুষম, শোভন, সুন্দর; সম, সমান।
সুষমা, পরম শোভা।
সুষীম, সর্প বিশেষ; চন্দ্রকান্ত মণি;
শীতগুণযুক্ত; মনোজ্ঞ।
সুষুপ্ত, সুষুপ্ত্যবস্থা, সুষুপ্তিযুক্ত,গভীর
নিদ্রান্বিত। [প্রধান অজ্ঞান।
সুষুপ্তি, সুনিদ্রা, অচেতনে নিদ্রা, সত্ত্ব
সুষুম্না, মেরুদণ্ডের বাহ্যে ইড় পিঙ্গলা
নাড়ী মধ্যস্থ নাড়ী বিশেষ।
সুষ্ঠু, প্রশংসা; অতিশয়; সুন্দর,
উত্তম, উৎকৃষ্ট।
সুস্য, রজ্জু, দড়ী, রশি।
সুসংযত, যথাবিধি সংযম বিশিষ্ট।
সুসংস্কৃত, ঘৃতাদি নানা দ্রব্যে যত্ন
পূর্ব্বক সংস্কৃত ব্যঞ্জনাদি; উত্তম-
সংস্কার বিশিষ্ট। [ভূষান্বিত।
সুসজ্জ, উত্তম সজ্জা যুক্ত, শোভন
সুসত্য, জনক রাজ ভার্য্যা।
সুসময়, উত্তম কাল, শোভন কাল,
সম্পত্তির সময়। [ঐশ্বর্য্য বিশিষ্ট।
সুসম্পদ্, সৌভাগ্য, পরভাগ; উত্তম
সুসহ, সুখসহ্য, সুসহ্য।
সুসাধ্য, অনায়াস সাধ্য, অক্লেশে-
সাধনীয়, সহজ।
সুসার, রক্ত খদির, অতিশয় সার বি-
শিষ্ট, কুলীন, প্রতুল।
সুসিকতা,শর্করা চিনা, উত্তম বালুকা।
সুস্থ, অরোগী, স্বচ্ছন্দ, নীরোগ।
সুস্থতা, আরোগ্য, স্বাচ্ছন্দ্য।
সুস্থির, স্থিরতর; অচঞ্চল, দৃঢ়।
সুস্না, দ্বিদল বিশেষ, খেসারার দাল।
সুস্নাত, সুন্দর রূপে কৃত স্নান।
সুস্পষ্ট, অতিশয় ব্যক্ত, স্ফুট, সুপ্র-
কাশ। [যুক্তা।
সুস্মিতা, স্ত্রীবিশেষ; সুন্দর ঈষদ্ধাস্য
সুহিত, বিহিত; তৃপ্ত।
সুহৃৎ, মিত্র, বন্ধু, সখা। [করণ।
সুহৃদয়,প্রশস্তমনাঃ, সহৃদয়,শুদ্ধান্তঃ-
সুহৃদ্ভেদ, সুহৃদ্ভঙ্গ, বন্ধুবিচ্ছেদ।
সুঁই, সূচি,সুঁচ, সীবনার্থ সূক্ষ্ম লৌহ

শলাকা বিশেষ।
সূক, বাণ; বায়ু; উৎপল।
সূকর, শূকর, বরাহ; কুম্ভকার, কুমার; মৃগ বিশেষ।
সূকরী, বরাহক্রান্তালতা; স্থকরভার্য্যা।
সূক্ত, শোভন উক্তি বিশিষ্ট, বেদোক্ত স্তোত্র মন্ত্রাদি।
সূচ, কুশাঙ্কুর; সূচি, সূঁই, মূঁচ।
সূচক, পিশুন; সীবনদ্রব্য, সূঁচ; কুক্কুর; বিড়াল; কাক; পিশাচ; সূত্রধার; জ্ঞাপক; প্রকাশক।
সূচন, জ্ঞাপন, বোধন; অনুষ্ঠান।
সূচনা, কল্পনা, অনুষ্ঠান।
সূচল, সূচ্যগ্রবৎ সূক্ষ্মাগ্র, সরু আগা।
সূচি, সীবনী, সূঁচ, অগ্রভাগ, শিখা।
সূচিক, সূচিজীবী, দরজী, সৌচিক।
সূচিকাধর, হস্তী, করী, গজ।
সূচিকাভরণ, ঔষধ বিশেষ।
সূচিকামুখ, শঙ্খ, সূঁচের ন্যায় মুখ।
সূচিজীবী, দরজী, সৌচিক।
সূচিত, কথিত; বোধিত, জ্ঞাপিত।
সূচিপত্র, নির্ঘণ্ট পত্র।
সূচিপুষ্প, কেতক বৃক্ষ, কেয়াগাছ।
সূচিবদন, নকুল, বেজী; মশক, মশা।
সূচিবান্, গরুড়, বৈনতেয়।
সূচিরোমা, বরাহ, শূকর।
সূচিশালি, সূক্ষ্ম শালি, সরুধান্য।
সূচী, সীবন দ্রব্য, সূঁচ, সূঁই।
সূচীপত্র, নির্ঘণ্ট পত্র, অনুক্রমণিকা।
সূচীপত্রা, গণ্ডদূর্ব্বা, গাঠিয়া দূর্ব্বা।
সূচীপুষ্প, কেতকী পুষ্প, কেয়াফুল।
সূচীমুখ, হীরক; সূঁচের ন্যায় মুখ।
সূচীরোমা, শূকর; সূচী তুল্য লোম বিশিষ্ট।
সূচ্যগ্রস্থূলক, তৃণবিশেষ, উলুখড়।
সূচ্যাস্য, মূষিক, উন্দুর; সূঁচের তুল্য মুখ।
সূত, সারথি; ক্ষত্রিয় হইতে ব্রাহ্মণী গর্ভজ সন্তান; বন্দী; সূর্য্য; পুরাণ বক্তা; প্রসবকরা।
সূতক, জন্ম; জননাশৌচ।
সূতকা, সূতিকা, নবপ্রসূতা।
সূতকাগৃহ, সূতিকা গৃহ, প্রসবাগার।
সূততনয়, কর্ণরাজ।
সূতলী, রজ্জু, দড়ী, সূতা।
সূতরাট্, পারদ, পারা।
সূতা, সূত্র, তন্তু।
সূতি, জনন; সীবন, সেলাই।
সূতিকা, নবপ্রসূতা।
সূতিকাগার, প্রসবগৃহ, প্রসবালয়।
সূতিকারোগ, নব প্রসূতা স্ত্রীর পীড়া বিশেষ। [দেবী বিশেষ।
সূতিকাষষ্ঠী, সূতিকাগারে পূজনীয়া
সূতিগৃহ, প্রসবাগার, সূতিকা ঘর।
সূতিমাস, প্রসবমাস।
সূতীগৃহ, প্রসবাগার, সূতিকালয়।
সূৎকার, অনুকরণ শব্দ বিশেষ, সীৎকার।
সূত্থান, চতুর; সুন্দর উত্থান।
সূত্য, যজ্ঞস্নান, সোমলতা রস পান।
সূত্যাশৌচ, জননাশৌচ।
সূত্র, সূতা, তন্তু; অনেকার্থ বোধক সংক্ষিপ্ত বাক্য, ব্যাকরণের লক্ষণ।
সূত্রকণ্ঠ, ব্রাহ্মণ, বিপ্র, দ্বিজ; খঞ্জন পক্ষী, খঞ্জরীট; কপোত, পায়রা।
সূত্রকোণ, বাদ্যযন্ত্র বিশেষ, ডমরু।
সূত্রগণ্ডিকা, তন্তুবায়ের উপকরণ বিশেষ, সূতার নলী।
সূত্রতন্তু, সূত্র, সূতা।
সূত্রতর্কুটী, চরকার টেকো।
সূত্রধর, বাড়ুই, ছুতার।
সূত্রধার, শচীপতি, ইন্দ্র; প্রধান নট।
সূত্রপাত, স্থলমাপ করা; গৃহাদির পত্তনার্থ সূতা ফেলা।
সূত্রপুষ্প, কার্পাস, কাপাস।
সূত্রভিদ, সৌচিক, সূচিজীবী, দরজী।
সূত্রবেষ্টন, তন্তুবায়ের উপকরণ বিশেষ, তাসনী।

সূত্রযন্ত্র, সূত্রবেষ্টন কাষ্ঠ, তাঁত।
সূত্রলা, চরকার টেকো।
সূত্রামা, ইন্দ্র, দেবরাজ, পুরন্দর।
সূত্রী, কাক, বায়স; সূত্র বিশিষ্ট।
সূদ, সূপকার, পাচক, রন্ধনকর্ত্তা; সূপ; ব্যঞ্জন; অপরাধ; পাপ।
সূদন, অঙ্গীকার করণ; হনন; নিঃক্ষেপণ।
সূদশালা, পাকশালা, রন্ধনগৃহ।
সূদাধ্যক্ষ, পাকশালার অধ্যক্ষ।
সূন, প্রসব; পুষ্প; বিকসিত; জাত।
সূনা, পুত্রী; বধস্থান, মৃগ পক্ষিদের হত্যা স্থল; মাংস বিক্রয়।
সূনী, ব্যাধ; মাংস বিক্রয়ী।
সূনু, পুত্র, তনয়, আত্মজ; অর্কবৃক্ষ, আকন্দগাছ।
সূনূ, কন্যা, পুত্রী, তনয়া।
সূনৃত, সত্য অথচ প্রিয়বাক্য; মঙ্গল।
সূন্মদ, উন্মত্ত, ক্ষিপ্ত, পাগল।
সূপ, ব্যঞ্জন বিশেষ; দালি; পাচক; ভাণ্ড, ভাঁড়।
সূপকার, পাককর্ত্তা, পাচক।
সূপশ্রেষ্ঠ, দ্বিদল বিশেষ, মুদগ, মুগ।
সূপাঙ্গ, হিঙ্গু, হিং।
সূম, ক্ষীর; জল; আকাশ।
সূর, সূর্য্য, ভাস্কর, রবি; অর্কবৃক্ষ।
সূরণ, মূলবিশেষ, ওল।
সূরত, কৃপালু, দয়াবিশিষ্ট, দয়ালু।
সূরসূত, অরুণ, সূর্য্য সারথি।
সূরি, পণ্ডিত, শাস্ত্রজ্ঞ; সূর্য্য।
সূরী, পণ্ডিত, বিদ্বান্।
সূর্প, শূর্প, কুলা।
সূর্ম্মী, রাজমিস্ত্রীর অস্ত্র বিশেষ।
সূর্য্য, দিবাকর, দিনপতি; দানব বিশেষ। [মণি।
সূর্য্যকান্ত, মণিবিশেষ; স্ফটিক; কাচ-
সূর্য্যকান্তি, পুষ্প বিশেষ।
সূর্য্যকাল, দিবস, দিবা। [গ্রহণ।
সূর্য্যগ্রহ, প্রথমগ্রহ: আদিত্য; সূর্য্যের
সূর্য্যগ্রহণ, সূর্য্যোপরাগ, সূর্য্যের রাহুগ্রস্ত হওন।
সূর্য্যজ, সুগ্রীব বানর; শনিগ্রহ।
সূর্য্যজা, যমুনা নদী।
সূর্য্যতনয়, শনৈশ্চর গ্রহ; যম।
সূর্য্যতনয়া, যমুনা নদী।
সূর্য্যপুত্র, বরুণ; শনি; যম।
সূর্য্যপুত্রী, যমুনা নদী।
সূর্য্যফণিচক্র, সর্ব্বকার্য্যে শুভাশুভ জ্ঞাপক চক্র বিশেষ। [বিশেষ।
সূর্য্যবংশ, সূর্য্যের সন্তান; বংশ
সূর্য্যভক্ত, বন্ধূক পুষ্প বৃক্ষ; সূর্য্যপূজক। [বিশেষ।
সূর্য্যমণি, সূর্য্যকান্ত মণি; পুষ্প বৃক্ষ
সূর্য্যমণ্ডল, সূর্য্য সন্নিধি বেষ্টন।
সূর্য্যমুখী, পুষ্পবিশেষ।
সূর্য্যলোক, সৌরভুবন, সূর্য্যস্থান।
সূর্য্যহৃদয়, সূর্য্যের স্তব বিশেষ।
সূর্য্যা, সূর্য্যভার্য্যা; নবোঢ়া স্ত্রী।
সূর্য্যাবর্ত্ত, ক্ষুদ্র বৃক্ষ বিশেষ, হুড়হুড়িয়া গাছ; শাকবিশেষ; সুলচিয়া শাক।
সূর্য্যার্ঘ্য, সূর্য্য সম্প্রদানক অর্ঘ্য।
সূর্য্যালোক, সূর্য্যের কিরণ, আতপ।
সূর্য্যাশ্মা, মণি বিশেষ, সূর্য্যকান্ত মণি।
সূর্য্যাশ্ব, সূর্য্যের ঘোটক।
সূর্য্যাস্ত, সূর্য্যের অস্তাচল গমন, দিবাকরের অন্তর্ধান, সায়ংকাল, সন্ধ্যা।
সূর্য্যাহ্ব, ধাতু বিশেষ, তাম্র, তামা; আকন্দগাছ। [চন্দ্রের মেলন।
সূর্য্যেন্দুসঙ্গম, অমাবস্যা; সূর্য্য ও
সূর্য্যোঢ়, সূর্য্যাস্ত কালে প্রাপ্ত অতিথি।
সূর্য্যোদয়, সূর্য্যের প্রকাশ।
সূর্ক্ষণ, অনাদর, তাচ্ছল্য, হেয়জ্ঞান।
সূক্ষ্ম, মিহি, সরু; অতিক্ষীণ; অল্প।
সূক্ষ্মদর্শী, অতিশয় বুদ্ধিমান্, কুশাগ্রীয় বুদ্ধি।
সূক্ষ্মপত্র, বাবল বৃক্ষ, বাবলাগাছ।
সূক্ষ্মভূত, অপঞ্চীকৃত আকাশাদি পঞ্চ।

সূক্ষ্মবস্ত্র, সূক্ষ্ম বসন, সরু কাপড়।
সূক্ষ্মমক্ষিক, মশক, মশা।
সূক্ষ্মশর্করা বালুকা, বালী।
সূক্ষ্মশালি, ধান্য বিশেষ; সরুধান্য।
সূক্ষ্মা, সরু; যূথিকা, যুঁই; বালুকা।
সূক্ষ্মৈলা, ক্ষুদ্র এলাচি, গুজরাটী এলাইচ। [সুঁদীফুল; পদ্ম; বাণ; বায়ু।
সৃক, জলজ পুষ্প বিশেষ, কৈরব;
সৃকণ্ডু, কণ্ডূরোগ, চুলকণা।
সৃকাল, শৃগাল, শিয়াল।
সৃক্ক, ওষ্ঠের দুই প্রান্ত ভাগ।
সৃক্কণী, ওষ্ঠের দুই প্রান্ত ভাগ।
সৃক্কি, ওষ্ঠের দুই প্রান্ত ভাগ।
সৃক্কিণী, ওষ্ঠের দুই প্রান্ত ভাগ।
সৃগাল, শৃগাল, জম্বুক, শিয়াল।
সৃজন, রচন, নির্ম্মাণ; জন্মান, উৎপাদন; কল্পন।
সৃণি, শত্রু, বৈরী; অঙ্কুশ, ডাঙ্গশ।
সৃত, গত; পক্ব, জ্বাল দেওয়া।
সৃতি, গমন, প্রয়াণ; মার্গ, পন্থা, পথ, বর্ত্ম, রাস্তা।
সৃদর, সর্প, ভুজঙ্গ, অহি, সাপ।
সৃদাকু, বায়ু; বজ্র; অগ্নি; নদী।
সৃপাটিকা, চঞ্চু, ঠোঁট।
সৃপ্র, চন্দ্র, নিশাকর, শশাঙ্ক।
সৃষ্ট, নির্ম্মিত; রচিত, গঠিত।
সৃষ্টি, নির্ম্মিতি, নির্ম্মাণ; রচনা; স্বভাব; সংসার। [পরমেশ্বর।
সৃষ্টিকর্ত্তা, সৃজনকারক, বিধাতা,
সৃষ্টিকারক, বিধাতা, রচনাকারী।
সেঁওতী, পুষ্প বিশেষ, সেবন্তী ফুল।
সেঁকটন, ন্যাক্কার বোধে মুখ নাসিকা বিকৃত করণ।
সেঁটন, লুণ্ঠন, লুঠ করণ।
সেঁতসেঁতিয়া, আর্দ্র, সরস, ভিজা।
সেঁতান, আর্দ্র, সরস, ভিজা।
সেঁধান, প্রবেশ করণ, প্রবিষ্ট হওন, ঢুকন।

সে, বুদ্ধিস্থ ব্যক্তি; ঐ।
সেই, অনন্য, তাহাই।
সেক, সেচন, জলপ্রক্ষেপ; ভিজান।
সেকন, উত্তপ্তকরণ, তাপদেওন; স্বিন্ন করণ। [সিউনী।
সেকপাত্র, জলসেচনাধার, সেচনী,
সেকরা, স্বর্ণকার, সোণার, স্বর্ণ জীবি জাতি বিশেষ।
সেক্তা, সেচনকর্ত্তা; ভর্ত্তা, স্বামী।
সেক্ত্র, সেকপাত্র, সেচনী, সিউনী।
সেখানে, সেথা, সেই স্থানে, তথা, তত্র।
সেগুন, বৃক্ষ বিশেষ।
সেচক, সেচনকর্ত্তা; মেঘ। [দেওন।
সেচন, ভিজান, আর্দ্রীকরণ, জল-
সেট্টু, ফল বিশেষ, তরমুজ।
সেতিকা, অযোধ্যা, কোশলা নগরী।
সেতু, ক্ষেত্রাদির আলি; জাঙ্গাল, ভেড়ী; পুল, সাঁকো।
সেতুবন্ধ, তীর্থবিশেষ; লঙ্কা গমনার্থ শ্রীরামচন্দ্র কর্ত্তৃক কৃত সমুদ্র বন্ধন।
সেত্র, নিগড়, বেড়ী।
সেথুয়া, সার্থ, একসঙ্গী, পথ দর্শক।
সেনা, সৈন্য, ফৌজ, লস্কর।
সেনাকদম্ব, বহুসৈন্য, সেনা সমূহ।
সেনাঙ্গ, হস্তি অশ্ব রথ পদাতির সমূহ।
সেনাচর, সৈন্যদের অনুগামী।
সেনাধ্যক্ষ, সেনানী, সৈন্যের কর্ত্তা, সেনাপতি।
সেনানী, সেনাপতি, সৈন্যাধ্যক্ষ; কার্ত্তিকেয়, কুমার। [সেনানী।
সেনাপতি, কার্ত্তিকেয়; সেনাধ্যক্ষ,
সেনারক্ষ, সৈন্যরক্ষক প্রহরী, সৈনিক।
সেপ্রকার, সেইরূপ, তেমন, তদ্রূপ, তাদৃশ, তথাবিধ।
সেবক, উপাসক; পরিচারক; দাস।
সেবতী, পুষ্পবিশেষ, সেঁউতী ফুল।
সেবধি, নিধি, রত্ন।
সেবন, পরিচর্য্যা করণ, উপাসনা করণ;

খাওন; নিয়ন, সুচ্যাদি দ্বারা বস্ত্রাদি সীবন, সেলাই।
সেবনী, সুচী, সুঁই, সুঁচ।
সেবা, পরিচর্য্যা, উপাসনা, শুশ্রূষা।
সেবাত, পূজারী, পূজক, পাণ্ডা।
সেবি, ফলবিশেষ, সেও। [বিশেষ।
সেবিকা, পরিচর্য্যাকারিণী; মিষ্টান্ন-
সেবিত, উপাসিত, আরাধিত।
সেব্য, সেবাপাত্র, উপাস্য; সেবার্হ্য; বৃক্ষ বিশেষ, অশ্বত্থ বৃক্ষ।
সেমতী, পুষ্পবিশেষ, সেঁউতী ফুল।
সের, পরিমাণ বিশেষ, ষোড়শ ছটাক, চারি পোয়া।
সেক্তৃ, বন্ধনকর্ত্তা, বাঁধনিয়া।
সেরূপ, সেমত, তৎপ্রকার, তাদৃশ।
সেহু, বৃক্ষবিশেষ, চালতিয়া গাছ।
সৈংহ, সিংহতুল্য; সিংহ সম্বন্ধীয়।
সৈংহিক, রাহু, গ্রহ বিশেষ।
সৈংহিকেয়, রাহু, গ্রহ বিশেষ।
সৈংহী, সিংহ সম্বন্ধীয়।
সৈকত, বালুকাময় তট।
সৈকতবাহিনী, বাহুদা নদী। [জীবী।
সৈকতিক, সন্ন্যাসি বিশেষ; সন্দেহ-
সৈকতেষ্ট, আর্দ্রক, আদা।
সৈদ্ধান্তিক, সিদ্ধান্তজ্ঞ, মীমাংসক।
সৈনাপত্য, সেনাপতির কর্ম্ম।
সৈনিক, সেনা সম্বন্ধীয়; সেনারক্ষক।
সৈন্ধব, লবণবিশেষ, সিন্ধুদেশীয় বস্তু; ঘোটক।
সৈন্ধী, তালাদির রস। [হস্তী রথাদি।
সৈন্য, সেনা, বল, একত্রিত পদাতিক
সৈবাল, শৈবাল, সেওলা।
সৈরিক, কৃষক, কৃষাণ।
সৈরিন্ধ্রী, যে স্ত্রী পরের গৃহে স্ববশে থাকিয়া শিল্পকর্ম্ম করে; দ্রৌপদী।
সৈরিভ, মহিষ; দেবলোক, স্বর্গ।
সোঁটা, গদা, যষ্টি, লাঠি।
সোঁতা, স্রোতঃ, খাল, নালা।
সোঁধান, বাসান, গন্ধান।

সোঁপড়, সমূলে, সমান।
সোঁপন, গছান, সমর্পণ।
সোজা, সরল, সমান; সহজ, স্পষ্ট; অবক্র, অকুটিল। [পাট।
সোজাসোজি, স্পষ্ট; সহজ; নিষ্ক-
সোঢ়, ক্ষান্ত, দুঃখাদি সহনশীল।
সোঢ়া, সহনশীল, ক্ষমাযুক্ত, শক্ত।
সোণা, স্বর্ণ, কনক, হিরণ্য।
সোণালা, স্বর্ণময় সুসূক্ষ্ম পত্র।
সোণা, স্বর্ণকারের চিমটা।
সোতা, স্রোতঃ, সোঁতা, খাল, নালা।
সোৎকণ্ঠ, উৎকণ্ঠা যুক্ত, উদ্বিগ্ন, ভাবিত, চিন্তিত।
সোৎপ্রাস, প্রিয়বাক্য; সশব্দ হাস্য।
সোদর, সহোদর, এক গর্ভজাত।
সোদরা, একোদর জাতা ভগিনী।
সোদর্য্য, সহোদর ভ্রাতা।
সোনহ, লশুন, রশুন।
সোন্মাদ, উন্মত্ত, ক্ষিপ্ত, পাগল।
সোপকরণ, উপকরণ বিশিষ্ট, উপকৃত।
সোপকার, উপকার বিশিষ্ট। [শিষ্ট।
সোপদ্রব, উৎপাতযুক্ত, উপপ্লব বি-
সোপধ, সচ্ছদ্ম দান; উপাধিযুক্ত কর্ম্ম।
সোপপ্লব, উপদ্রবান্বিত, উৎপাতযুক্ত।
সোপাধি, উপাধিযুক্ত, সচ্ছদ্ম, ছলান্বিত। [প্রস্তাব; সূচনা।
সোপান, পইটা, সিঁড়ী; আরোহণ;
সোভাঞ্জন, বৃক্ষবিশেষ, শজিনাগাছ।
সোম, চন্দ্র, বিধু; দ্বিতীয় গ্রহ, কর্পূর; বানর; কুবের, জল; ওষধি বিশেষ, সোমলতা।
সোমত্ত, যুবা, তরুণ; বলবান্; স্থূল।
সোমধারা, আকাশ, অন্তরীক্ষ, গগন।
সোমপত্র, তৃণবিশেষ, উলুখড়।
সোমপা, যজ্ঞে সোমলতা রস পান কর্ত্তা।
সোমবংশ, চন্দ্র সন্তান; যুধিষ্ঠিররাজ।
সোমবন্ধু, কুমুদ, জলজপুষ্প বিশেষ; সূর্য্য; বুধ।

সোমবল্ক, শ্বেতখদির ; কট্‌ফল।
সোমবল্লী, গুড়ূচী ; সোমলতা ; সোমরাজ। [কর্ত্তা।
সোমবিক্রয়ী, সোমলতা রস বিক্রয়-
সোমবার, দ্বিতীয়বার, চন্দ্রের বাসর।
সোমযাগ, সোম লতা পানাঙ্গ ত্রৈবার্ষিক যজ্ঞ বিশেষ।
সোমযাজী, সোমযাগ কর্ত্তা।
সোমযোনি, চন্দন বিশেষ। [হাবুচ।
সোমরাজী, ঔষধি বিশেষ, সোমরাজ,
সোমলতা, যজ্ঞীয় লতা বিশেষ।
সোমলতিকা, গুড়ূচী।
সোমক্ষয়, অমাবস্যা।
সোমাখ্য, রক্ত কৈরব, রাঙ্গা সুঁদী।
সোমাজি, সুঁই, বড় সুঁচ। [দিন।
সোমাহ, সোমবার, চন্দ্রের ভোগ্য
সোমোদ্ভবা, নদীবিশেষ, নর্ম্মদা নদী
সোসর, সাহায্য, আনুকূল্য।
সোমরী, মই, বাঁশই। [স্নেহ প্রকাশ।
সোহাগ, আদর করণ, বাৎসল্য করণ,
সোহাগা, টঙ্কণ।
সোহাগিনী, সুভগা।
সোহামা, টঙ্কণ।
সৌকর, শূকর সম্বন্ধীয়।
সৌকরিক, ব্যাধ, নিষাদ, শিকারী।
সৌকীন, সুখার্থী, সুখাভিলাষী।
সৌকর্য্য, অনায়াস ; সহজ, শূকরের ক্রিয়া। [স্তুতিপাঠক।
সৌখসুপ্তিক, বৈতালিক, প্রভাতে
সৌখিক, সুখার্থী, সুখাভিলাষী, সৌকীন।
সৌখ্য, সুখ, স্বাচ্ছন্দ্য, সুখের ভাব।
সৌগত, বুদ্ধ বিশেষ ; শূন্যবাদী, নাস্তিক।
সৌগন্ধ, তৃণবিশেষ, সুবাস, সুরভি।
সৌগন্ধিক, সুগন্ধ ব্যবহারী, তৃণবিশেষ ; জলজ পুষ্পবিশেষ, কহ্লার ; নীলবর্ণ উৎপল, পদ্মরাগ মণি, গন্ধক।
সৌগন্ধ্য, সুগন্ধিদ্রব্য ; সৌরভ।
সৌচি, সূচি কর্ম্মোপজীবী, তুন্নবায়, দরজী। [তুন্নবায়।
সৌচিক, সূচী কর্ম্মোপজীবী, দরজী ;
সৌজন্য, সুজনতা, শিষ্টাচার।
সৌত্র, ব্রাহ্মণ, বিপ্র, সূত্র সম্বন্ধীয়।
সৌত্রামণী, যাগবিশেষ। [বিশেষ।
সৌদামনী, তড়িৎ, বিদ্যুৎ, স্বর্বেশ্যা-
সৌদামিনী, বিদ্যুৎ, তড়িৎ।
সৌদায়িক, পিতৃ মাতৃ ভর্তৃকুল লব্ধ স্ত্রীধন। [অট্টালিকা।
সৌধ, রাজসদন, ইষ্টকাদি নির্ম্মিত
সৌধাল, শিব মন্দির।
সৌনন্দ, বলরামের মুষল।
সৌনন্দী, বলদেব, বলরাম।
সৌনিক, পশুপক্ষির মাংস বিক্রয়কর্ত্তা।
সৌন্দর্য্য, রূপবত্তা, সুন্দরতা, কান্তি, শ্রী।
সৌপর্ণ, মরকত মণি, শুণ্ঠী, শুঁঠ, সুপর্ণ সম্বন্ধীয়।
সৌপ্তিক, রাত্রিযুদ্ধ, নিশারণ।
সৌবর্ণ, সুবর্ণময়, হিরণ্য রচিত।
সৌবস্তিক, পুরোহিত।
সৌবিদ, অন্তঃপুর রক্ষক, কঞ্চুকী।
সৌবিদল্লক, অন্তঃপুর রক্ষক, কঞ্চুকী।
সৌবীর, বদর, কুল ; কাঞ্জিক, কাঁজী ; অঞ্জন বিশেষ ; দেশ বিশেষ।
সৌবীরক, বদর বৃক্ষ, কুলগাছ।
সৌবীরাঞ্জন, অঞ্জন বিশেষ।
সৌভদ্র, সুভদ্রাপুত্র ; অভিমন্যু।
সৌভদ্রেয়, বিভীতক বৃক্ষ ; সুভদ্রার পুত্র, অভিমন্যু। [সুভগা পুত্র।
সৌভাগিনেয়, সুভগার গর্ভজাত,
সৌভাগ্য, শুভাদৃষ্ট, সুভগত্ব ; সিন্দূর ; যোগবিশেষ।
সৌভাগ্যচিন্তামণি, ঔষধ বিশেষ।
সৌভাঞ্জন, শোভাঞ্জন বৃক্ষ, শজিনা গাছ। [কর।
সৌভিক, ঐন্দ্রজালিক, ভোজবাজী-
সৌমমস্য, শ্রাদ্ধে পিণ্ডদানানন্তর

ব্রাহ্মণ হস্তে পুষ্পদান মন্ত্র।
সৌমিত্র, সুমিত্রা পুত্র, লক্ষ্মণ।
সৌমিত্রি, সুমিত্রাপুত্র, লক্ষ্মণ।
সৌমেধিক,সিদ্ধ; উত্তম মেধা সম্বন্ধীয়।
সৌম্য, বুধগ্রহ; সুন্দর, মনোজ্ঞ, উত্তম ধীর, উত্তর দিক।
সৌম্যগ্রহ, শুভগ্রহ।
সৌম্যধাতু, কফ, শ্লেষ্মা।
সৌম্যা, দুর্গা; ওষধি বিশেষ, শটী।
সৌর, সূর্য্য সম্বন্ধীয়; সূর্য্যের উপাসক; শনৈশ্চর। [সৌরজাত।
সৌরজ্য, বৃক্ষ বিশেষ, তুম্বুরু বৃক্ষ;
সৌরদিবস, সূর্য্য সম্বন্ধীয় দিন।
সৌরবৎসর, সূর্য্যের দ্বাদশ রাশি ভোগ কাল।
সৌরভ, কুঙ্কুম; সদ্‌গন্ধ, সুগন্ধ।
সৌরভেয়, বৃষ, ষাঁড়; সুরভিসম্বন্ধীয়।
সৌরভ্য, সৌগন্ধ্য, সুবাস; মনোজ্ঞত্ব, সৌন্দর্য্য। [কাল।
সৌরমাস, সূর্য্যের এক রাশি ভোগ
সৌরাষ্ট্র, দেশবিশেষ, সুরাট্‌ দেশ।
সৌরাষ্ট্রী, সৌরাষ্ট্র দেশীয় সুগন্ধি মৃত্তিকা; সৌরাষ্ট্র দেশীয়া। [বৃক্ষ।
সৌরি, শনিগ্রহ; বৃক্ষবিশেষ, অসন
সৌরিক, স্বর্গ; সুরা বিক্রয়কর্ত্তা; শনি।
সৌরিরত্ন, নীলমণি।
সৌষ্ঠব, উৎকর্ষ, সৌন্দর্য্য; আতিশয্য; প্রাচুর্য।
সৌহার্দ্দ, প্রণয়, বন্ধুতা, সখ্য।
সৌহিত্য, তৃপ্তি।
সৌহৃদ্য, সখ্য, বন্ধুত্ব।
সৌক্ষ্ম্য, সূক্ষ্মতা, অস্থৌল্য।
স্কন্দ, কার্ত্তিকেয়, কুমার।
স্কন্দন, রেচন; গমন; শোষণ।
স্কন্দাংশক, পারদ, পারা।
স্কন্ধ, অংস, কাঁধ, কন্ধর। [শেষ।
স্কন্ধচাপ, বংশাদি নির্ম্মিত পাত্র বি-
স্কন্ধতরু, নারিকেল বৃক্ষ।
স্কন্ধদেশ, কন্ধর, কাঁধ।
স্কন্ধফল, নারিকেল বৃক্ষ; ডুমুরগাছ।
স্কন্ধবাহক, শকটাদি বাহক বৃষ।
স্কন্ধরুহ, বটবৃক্ষ।
স্কন্ধশৃঙ্গ, মহিষ।
স্কন্ধা, শাখা; লতা।
স্কন্ধী, বৃক্ষ।
স্কন্ন, চ্যুত, ক্ষরিত; বিরহিত। [পাদন।
স্খদন, বিদারণ; পাটন; ক্লেশোৎ-
স্খলদ্বাক্য, উচ্চারণে ত্রুটি।
স্খলন, পতন, পিছলন; উচোট খাওন; ছাড়িয়াপড়ন, ভ্রষ্টহওন।
স্খলিত, বিচলিত, চ্যুত, পতিত, ভ্রষ্ট।
স্তন, পয়োধর, বক্ষোরুহ, কুচ, মাই; বাঁট।
স্তনন্ধয়, অতি শিশু।
স্তনন্ধয়া, অতি বালিকা।
স্তনপ, অতি শিশু।
স্তনপান, স্তন্যপান, দুগ্ধপান করা।
স্তনপায়িকা, অতি বালিকা।
স্তনবৃন্ত, স্তনাগ্র, চুচুক, কুচাগ্র, স্তনের বোঁটা।
স্তনয়িত্নু, মেঘধ্বনি; বিদ্যুৎ; রোগ।
স্তনশিখা, স্তনের বোঁটা।
স্তনাগ্র, স্তনের বোঁটা।
স্তনান্তর, হৃদয়, বক্ষঃস্থল। [শব্দ।
স্তনিত, মেঘনির্ঘোষ; করতালি শব্দ;
স্তন্য, স্তন নিঃসৃত দুগ্ধ।
স্তন্যপ য়ী, স্তন্যভুক্, দুগ্ধপোষ্য।
স্তবক, গুচ্ছ, থোলো। [র্ত্তন, সাধনা।
স্তবপাঠ, স্তুতি,নুতি, গুণকথন, কীর্ত্তী-
স্তবেয্য, ইন্দ্র, দেবরাজ।
স্তব্ধ, স্তম্ভিত, দৃঢ়ীভূত, স্পন্দ রহিত, মূর্চ্ছাপন্ন, অজ্ঞান, অবাক্; নিবৃত্ত; স্থগিত, স্থিরীকৃত; মুগ্ধ।
স্তম্ব, ধান্য তৃণাদির আটি, গোছা।
স্তম্বকার, শস্যবিশেষ, ধান্য। [খনিত্র।
স্তম্বঘন, তৃণাদির উন্মূলন কারক
স্তম্বেরম, হস্তী, করী, দন্তী, গজ।
স্তম্ভ, থাম, খুঁটী; জড়তা।

স্তম্ভকর, থাম নির্ম্মাতা ; জড়তাজনক।
স্তম্ভন, জড়ীকরণ, স্পন্দ রহিত করণ, অজ্ঞানতা জনন, মোহন ; কন্দর্পের বাণ বিশেষ। [আকার।
স্তম্ভাকার, স্থূলবৎ আকৃতি, থামবৎ
স্তম্ভিত, জড়ীভূত ; জড়ীকৃত।
স্তাবক, স্তুতিকারক, গুণগাথক, স্তবকর্ত্তা। [স্থিরীকৃত।
স্তিমিত, আর্দ্র, ক্লিন্ন, ভিজ ; অচঞ্চল,
স্তিম্ভি, সমুদ্র, নাগর ; বাধা।
স্তীর্ব্বি, আকাশ, অন্তরীক্ষ, গগণ ; রুধির, রক্ত ; জল ; ইন্দ্র। [র্ত্তিত।
স্তুত, স্তুতির বিষয়, প্রশংসিত, সঙ্কী-
স্তুতি, স্তব, গুণপাঠ, প্রশংসা।
স্তুতিপাঠক, স্তবকর্ত্তা, বন্দী। [বাক্য।
স্তুতিবাদ, স্তববাক্য, মিথ্যা প্রশংসা-
স্তুতিব্রত, স্তুতিপাঠক, স্তাবক।
স্তুত্য, স্তবনীয, স্তবার্হ।
স্তূক, ছাগ, ছাগল।
স্তূপ, রাশি,সমূহ, রাশীকৃত মৃত্তিকাদি।
স্তেন, চৌর, চোর, তস্কর ; চৌর্য্য।
স্তেম, আর্দ্রীভাব, সরসতা।
স্তেয়, চৌর্য্য, অপহরণ ;
স্তেয়ী, চোর, তস্কর।
স্তৈন্য, চৌর্য্য, অপহরণ, তস্করতা।
স্তৈমিত্য, জড়তা, নিস্পন্দতা।
স্তোক, অল্প, ঈষৎ ; পক্ষি বিশেষ, চাতক পক্ষী ; ব্যাজ, ছল।
স্তোকক, চাতকপক্ষী।
স্তোকে২, অল্পে২ ; ক্রমে২ ; ধীরে২।
স্তোতা, স্তবকর্ত্তা, স্তাবক, গুণগাথক।
স্তোত্র, স্তব, গুণগান। [স্তম্ভন।
স্তোভ, মিথ্যা প্রবোধ ; কপট বাক্য,
স্তোম, মস্তক ; ধন ; শস্য ; লৌহাগ্র দণ্ড ; বক্র, বাঁকা ; সমূহ ; যজ্ঞ ; স্তব।
স্ত্যান, স্নিগ্ধ, প্রতিধ্বনি ; শব্দকারক।
স্ত্যেন, তস্কর, চৌর, অমৃত।
স্ত্রী, স্তনযোন্যাদি মতী, নারী, অবলা, যোষিৎ।
স্ত্রীআচার, বিবাহকালীন স্ত্রীলোকের ব্যবহার।
স্ত্রীগবী, ধেনু, গাভী, গাই।
স্ত্রীগ্রহণ, বিবাহকরণ, দার পরিগ্রহ।
স্ত্রীঘোষ, প্রত্যূষ, প্রভাত, উষাসময়, প্রাতঃকাল।
স্ত্রীচিহ্ন, ভগ, যোনি, নারীলক্ষণ।
স্ত্রীচৌর, কামুক, লম্পট, লোচ্চা।
স্ত্রীজিত, স্ত্রীর বশীভূত, ভার্য্যাধীন।
স্ত্রীত্ব, যোষিদ্ভাব, নারীত্ব।
স্ত্রীধন, স্ত্রীস্বত্বাস্পদীভূত ধন, যে ধনে পতির নিরপেক্ষে স্ত্রীর অধিকার আছে। [কর্ম্ম।
স্ত্রীধর্ম্ম, ঋতু, রজঃ, স্ত্রীর অনুষ্ঠেয়
স্ত্রীধর্ম্মিণী, ঋতুমতী, রজস্বলা।
স্ত্রীপর, নারীপ্রিয়, লম্পট, কামুক।
স্ত্রীপুংধর্ম, পতি পত্নীর কর্ত্তব্য কর্ম্ম ; স্ত্রীপুরুষের ব্যবহার।
স্ত্রীপূর্ব্ব, স্ত্রীজিত, স্ত্রীর বশীভূত।
স্ত্রীপ্রিয়, নারীর অভিলষণীয়।
স্ত্রীবিয়োগ, গৃহশূন্য, স্ত্রীর মরণ।
স্ত্রীরঞ্জন, তাম্বূল, পান।
স্ত্রীরোগ, নারীদিগের পীড়াবিশেষ।
স্ত্রীলিঙ্গ, যোষিদ্বাচক, স্ত্রীচিহ্ন।
স্ত্রীসংগ্রহণ, পরস্ত্রী হরণ।
স্ত্রীসংসর্গ, মৈথুন, রমণ, রতিক্রিয়া।
স্ত্রীসঙ্গ, সম্ভোগ, মৈথুন।
স্ত্রীস্বভাব, নারীদের প্রকৃতি ; স্ত্রী-লোকের শীল।
স্ত্রীহরণ, পরস্ত্রীতে বলাৎকার করণ।
স্ত্রৈণ, স্ত্রীসম্বন্ধীয়, স্ত্রীবাধ্য, স্ত্রীজিত।
স্ত্রৈণতা, স্ত্রীর বশতা, স্ত্রীর বাধ্যতা।
স্থ, স্থিত, বর্ত্তমান, স্থল।
স্থকিত, স্থগিত, নিবৃত্ত, নিবারিত ; সম্প্রদায়ের বহিভূর্ত, অব্যবহার্য্য।
স্থগ, ধূর্ত্ত, নির্লজ্জ। [অব্যবহার্য্য।
স্থগিত, তিরোহিত ; রুদ্ধ, নিবৃত্ত ;
স্থগী, তাম্বূলপাত্র, পানের বাটা।
স্থণ্ডিল, চত্বর, যাগার্থ প্রস্তুত ভূমি ;

বালুকা রচিত হোমীয়াগ্নি স্থান।
স্থণ্ডিলশায়ী, চত্বরে শয়নকর্ত্তা।
স্থপতি, ইষ্টকাদি গৃহ নির্ম্মাণকর্ত্তা, রাজমিস্ত্রী।
স্থল, জলশূন্য অকৃত্রিম ভূভাগ, স্থান।
স্থলকন্দ, অগ্রাম্য মূলবিশেষ, বন ওল।
স্থলকমল, স্থলপদ্ম।
স্থলকুমুদ, করবীর।
স্থলচর, ভূচর, ভূমিস্থ।
স্থলপথ, পদব্রজে গমনীয় বর্ত্ম।
স্থলপদ্ম, পুষ্প বিশেষ।
স্থলপদ্মিনী, স্থলপদ্ম।
স্থলভেদ, স্থানান্তর, পদ পরিবর্ত্ত।
স্থলমঞ্জরী, অপামার্গ, আপাংগাছ।
স্থলা, জলশূন্য অকৃত্রিম ভূমি।
স্থলী, স্থান, জলশূন্য অকৃত্রিম ভূমি।
স্থলীদেবতা, গ্রাম্য দেবতা।
স্থলীয়, স্থানীয়, স্থল সম্বন্ধীয়।
স্থলে, স্থানে; পরিবর্ত্তে; ঠাঁই।
স্থবি, তন্তুবায়, তাঁতী। [স্থির।
স্থবির, প্রাচীন, বৃদ্ধ; ব্রহ্মা; অচল,
স্থবিরা, বৃদ্ধা, প্রাচীনা।
স্থবিষ্ঠ, অতিশয় স্থূল, মাংসল।
স্থাণু, শিব; নিঃশাখ বৃক্ষ, মুড়াগাছ; শঙ্কু, খুঁটি; স্থির; স্তম্ভ, থাম।
স্থাণুতীর্থ, তীর্থ বিশেষ।
স্থাণ্ডিল, স্থণ্ডিলশায়ী, ভূমিশায়ী।
স্থাণ্বীশ্বর, শিবলিঙ্গ বিশেষ।
স্থাতব্য, স্থেয়, স্থানীয়।
স্থাতা, স্থিতিকর্ত্তা, স্থিরীকারক।
স্থান, অবকাশ; স্থিতি; সন্নিবেশ; বসতি; নিকট; স্থল, ঠাঁই।
স্থানক, আলবাল, গাছের গোড়ার কেয়ারি; নগর। [চ্যুত।
স্থানচ্যুত, স্থানভ্রষ্ট, স্থানছাড়া, পদ-
স্থানাধ্যক্ষ, স্থানরক্ষক, স্থাপন।
স্থানী, স্থানবিশিষ্ট, স্থলযুক্ত।
স্থানীয়, নগর; স্থান সম্বন্ধীয়, স্থলীয়।
স্থানে, নিকটে, সমীপে।
স্থাপক, স্থাপনকর্ত্তা, স্থিতিকারক।
স্থাপত্য, অন্তঃপুর রক্ষক, অন্তঃপুর-চারী।
স্থাপন, স্থিতিকরণ, রক্ষণ।
স্থাপনা, স্থাপন, পত্তন; স্থিতিকরণ।
স্থাপয়িতা, স্থাপনকর্ত্তা; রক্ষক।
স্থাপিত, রক্ষিত, স্থিতীকৃত।
স্থাপ্য, স্থাপনীয়, রক্ষণীয়।
স্থাবর, পর্ব্বত; জঙ্গমেতর; অচল-বস্তু; স্থায়ী।
স্থাবির, স্থবিরত্ব, বৃদ্ধত্ব, প্রাচীনত্ব।
স্থাম, সামর্থ্য, শক্তি, বল।
স্থায়িত্ব, স্থিরীভাব; স্থিতি শীলতা।
স্থায়িভাব, রসের ত্রিবিধ ভাবান্তর্গত ভাব বিশেষ।
স্থায়ী, ভাব বিশেষ; স্থিতি বিশিষ্ট, স্থিতিশীল, স্থির, অনড়।
স্থায়ুক, এক গ্রামাধিকৃত, এক গ্রাম *নিয়োজিত; গ্রামের অধ্যক্ষ, মণ্ডল।*
স্থাল, হেমাদিকৃত ভোজনপাত্র, থাল।
স্থালী, পাকপাত্র বিশেষ, হাঁড়ী।
স্থালীপক্ব, হাঁড়ীতে পাক করা।
স্থালীপাক, হাঁড়ীতে পক্ব অন্নাদি।
স্থালীবিল, পাকপাত্রের অভ্যন্তর, স্থালীর মধ্য ভাগ।
স্থালীবিলীয়, পাকযোগ্য তণ্ডুলাদি।
স্থাসক, জলাদির বুদ্বুদ, জলবিম্ব।
স্থাস্নু, স্থিরতর, শাশ্বত, নিত্য।
স্থিত, স্থির, স্থায়ী; নিশ্চল।
স্থিতপ্রেমা, স্থিরতর বন্ধু।
স্থিতি, অবস্থান, থাকা; সংস্থান, মর্য্যাদা।
স্থিতিকর, স্থাপনকর্ত্তা, রক্ষক।
স্থিতিশীল, অচল, স্থায়ী।
স্থিতিস্থাপক, প্রকৃতি প্রাপক, চিমড়া।
স্থির, অচল; স্থায়ী; পর্ব্বত; বৃক্ষ।
স্থিরগন্ধ, চম্পক বৃক্ষ; চিরস্থায়ি সৌরভযুক্ত।
স্থিরগন্ধা, পাটলা বৃক্ষ; কেতকীবৃক্ষ।

স্থিরচিত্ত, অচঞ্চল মনাঃ, প্রকৃতিস্থ, সদন্তঃকরণ।
স্থিরচ্ছদ, ভূর্জ্জপত্র, ভোজপাত।
স্থিরচ্ছায়, বৃক্ষমাত্র, ছায়াতরু।
স্থিরজিহ্ব, মৎস্য, মীন, মাছ।
স্থিরজীবিতা, শাল্মলি বৃক্ষ, শিমুল গাছ। [অতিস্থির।
স্থিরতর, অতিশয় স্থির, স্থাস্নু, দৃঢ়তর,
স্থিরতা, স্থৈর্য্য, নিশ্চয় অবধারণ।
স্থিরদংষ্ট্র, ভুজঙ্গ, সর্প, সাপ।
স্থিরধী, নিশ্চিন্ত মনাঃ, স্থির বুদ্ধি।
স্থিরপত্র, হিন্তাল বৃক্ষ, হেন্তালগাছ।
স্থিরপুষ্প, চম্পক বৃক্ষ; বকুল বৃক্ষ।
স্থিরবাদী, দৃঢ়বাক্য; বক্তা, সত্যবাদী।
স্থিরভাব, স্থায়িত্ব, স্থৈর্য্য।
স্থিরমতি, নিশ্চলা বুদ্ধি, অচঞ্চল বুদ্ধি।
স্থিরযৌবন, বিদ্যাধর, চিরস্থায়ি তরুণাবস্থান্বিত।
স্থিরশ্রী, স্থিরলক্ষ্মীযুক্ত, অচল লক্ষ্মী।
স্থিরা, স্থৈর্য্যযুক্তা স্ত্রী; পৃথিবী, শালপর্ণী বৃক্ষ; শাল্মলী বৃক্ষ।
স্থিরাংহ্রিপ, হিন্তালবৃক্ষ, হেন্তালগাছ।
স্থিরায়ু, শাল্মলি বৃক্ষ, চিরজীবী।
স্থূণা, গৃহস্তম্ভ, খুঁটী।
স্থূম, প্রকাশ, দীপ্তি, চন্দ্র, নিশাকর
স্থূর, ষাঁড়, বৃষ; মনুষ্য।
স্থূরী, পৃষ্ঠেতে ভারবাহক ঘোটক।
স্থূল, উপচিত অবয়ব, মোট, পীন।
স্থূলক, তৃণ বিশেষ, উলুখড়, স্থূল, মোটা।
স্থূলকঙ্গু, বোর ধান্য।
স্থূলকণা, স্থূলজীরক, মোটা জীরা।
স্থূলকণ্টকিকা, শাল্মলি বৃক্ষ, শিমুল গাছ। [ওল; মানকচু।
স্থূলকন্দ, রক্ত লশুন, রাঙ্গা রশুন, শূরণ,
স্থূলচাপ, তুলা পরিষ্কারার্থধনু, ধুনখর।
স্থূলজীরক, জীরক বিশেষ, কালজীরা।
স্থূলতঃ, গড়ে; মোটামোটি।
স্থূলতা, পীনতা, পুষ্টতা, স্থৌল্য।
স্থূলতাল, হিন্তাল বৃক্ষ, হেঁতালগাছ।
স্থূলনাস, শূকর, বরাহ। [মোটা নাক।
স্থূলনাসিক, শূকর; স্থূল নাসাযুক্ত,
স্থূলপট, পীবরবস্ত্রযুক্ত; মোটা কাপড়।
স্থূলপট্ট, কার্পাস, কাপাস।
স্থূলপট্টাক, স্থূলবস্ত্র, মোটা কাপড়।
স্থূলপাদ, হস্তী; শ্লীপদী, গোদা।
স্থূলপুষ্প, বনবৃক্ষ।
স্থূলফল, শাল্মলি বৃক্ষ, শিমুলগাছ।
স্থূলবল্কল, রক্তলোধ্র বৃক্ষ।
স্থূলবুদ্ধি, মোটাবুদ্ধি, জড়, মূর্খ।
স্থূলভূত, পঞ্চীকৃত আকাশাদি।
স্থূললক্ষ, বহুপ্রদ, অতিশয় দাতা।
স্থূলশর, শরবিশেষ, মোটা শর।
স্থূলশাটক, পীনবস্ত্র, মোটা কাপড়।
স্থূলশালি, ধান্যবিশেষ।
স্থূলশির, বৃহন্মস্তক, বড় মাতা।
স্থূলশীর্ষিকা, ক্ষুদ্র পিপীলিকা, ছোট পিপীড়।
স্থূলষট্পদ, বরেল, বোলতা।
স্থূলহস্ত, হস্তিশুণ্ড; মোটা হাত।
স্থূলক্ষেড, বাণ, শর, ইষু।
স্থূলাস্য, সর্প, বৃহৎ মুখ।
স্থূলী, উষ্ট্র উট। [গাছ।
স্থূলৈরণ্ড, বৃহৎএরণ্ড বৃক্ষ, বড় ভেরাণ্ডা
স্থূলৈলা, এলাইচবিশেষ, বড় এলাইচ।
স্থেয়, স্থিরতর, স্থিতিশীল, পুরোহিত।
স্থেয়ান্, স্থিরতর; শাশ্বত, নিত্য।
স্থেষ্ঠ, অতিস্থির।
স্থৈর্য্য, স্থিরত্ব, স্থিরতা।
স্থোরী, ভারবাহক ঘোটক।
স্থৌনেয়, গন্ধদ্রব্য বিশেষ, গাঁঠিয়ালা।
স্থৌরী, ভারবাহক ঘোটক।
স্থৌলশীর্ষ, বৃহৎ মস্তকযুক্ত।
স্থৌল্য, স্থূলতা, পীনতা।
স্নপন, স্নান, অবগাহন।
স্নপিত, কৃতস্নান, স্নান করা।
স্নব, স্রব, ক্ষরণ, ঝরণ।
স্নাত, কৃতস্নান, স্নান করা।

স্নাতক, আপ্লুত ব্রতী, সমাবর্ত্তনানন্তর গৃহস্থ। [বিষ্ট; স্নানকর্ত্তা।
স্নাতা, ব্রহ্মচর্য্যানন্তর গৃহাশ্রমে প্র-
স্নান, মজ্জন, অবগাহন, উপস্পর্শন।
স্নানকুণ্ড, স্নানপাত্র, স্নানাধার।
স্নানতৃণ, কুশ, কুশা।
স্নানযাত্রা, জ্যৈষ্ঠী পৌর্ণমাসীতে জগন্নাথের স্নানবিধি।
স্নানীয়, স্নানযোগ্য, স্নান সম্পাদক দ্রব্য। [সিক্ত।
স্নাপিত, অবগাহিত, জলাদি দ্বার
স্নায়ী, স্নানকর্ত্তা, স্নানকারক। [মস্থর।
স্নায়ু, নাড়ীবিশেষ, বায়ুবাহিনী নাড়ী,
স্নিগ্ধ, চিক্কণ, স্নেহযুক্ত, অরুক্ষ; শীতল; হৃদ্য, প্রিয়।
স্নিগ্ধতণ্ডুল, ষষ্টিশালি, ষাটিয়া ধান্।
স্নিগ্ধতা, প্রিয়তা, স্নেহ।
স্নিগ্ধদারু, সরল বৃক্ষ; দেবদারু।
স্নিগ্ধপত্রা, বদরী, কুল।
স্নিগ্ধমূর্ত্তি, শান্তমূর্ত্তি; ক্ষমাশীল।
স্নুক, স্নুহী বৃক্ষ, সিজগাছ।
স্নুত, ক্ষরিত জলাদি।
স্নুষা, পুত্রবধূ, স্নুহী বৃক্ষ।
স্নুহা, সিজগাছ, মনসা সিজ।
স্নুহী, সিজগাছ, মনসা সিজ।
স্নেহ, প্রেম, প্রণয়, তৈলাদি রস।
স্নেহদ্রব্য দ্রবদ্রব্য, তৈল ঘৃতাদি।
স্নেহপ্রিয়, প্রদীপ; তৈলাদি প্রিয়।
স্নেহবিদ্ধ, দেবদারু বৃক্ষ।
স্নেহবীজ, পিয়াল বৃক্ষ, স্নেহ কারণ।
স্নেহভূ, শ্লেষ্মা, কফ; স্নিগ্ধভূমি।
স্নেহরঙ্গ, তিল।
স্নেহা, রোগবিশেষ; বন্ধু; চন্দ্র।
স্নেহাশ, প্রদীপ।
স্নেহিত, বন্ধু; স্নেহযুক্ত।
স্নেহী, বয়স্য, মিত্র; স্নেহযুক্ত।
স্নেহু, রোগবিশেষ; চন্দ্র, নিশাকর।
স্পন্দ, স্ফুরণ, ঈষৎ কম্পন।
স্পন্দন, স্ফুরণ, ঈষৎ কম্পন।
স্পন্দিত, কম্পিত, চালিত।
স্পরিশ, স্পর্শ, ছোঁয়া।
স্পর্দ্ধা, সংহর্ষ; সাহস; আত্মশ্লাঘা।
স্পর্দ্ধিত, সংহর্ষিত; আস্পর্দ্ধা প্রাপ্ত, জাত সাহস।
স্পর্শ, ছোঁয়া, স্পর্শন; বায়ু; বর্গাক্ষর।
স্পর্শক, স্পর্শনকর্ত্তা।
স্পর্শন, ছুওন, স্পর্শ; দান; বায়ু।
স্পর্শনীয়, স্পৃশ্য বস্তু।
স্পর্শমণি, স্পর্শমাত্রে স্বর্ণজনক প্রস্তর বিশেষ, পরশ পাতর।
স্পর্শশৃঙ্গা, শতমূলী লতা।
স্পর্শস্যন্দ, ভেক, মণ্ডুক, ব্যাঙ।
স্পর্শা, কুলটা, ব্যভিচারিণী।
স্পর্শানন্দা, অপ্সরা, স্বর্বেশ্যা।
স্পশ, চর, গূঢ় পুরুষ।
স্পষ্ট, ব্যক্ত, স্ফুট, প্রকট। [কথক।
স্পষ্টবক্তা, যথার্থবাদী, স্ফুটবাক্য
স্পষ্টবোধ, নিশ্চয় জ্ঞান; ব্যক্তবোধ।
স্পষ্টীকৃত, ব্যক্তীকৃত, স্পষ্টকরা।
স্পশী, কণ্টকারী বৃক্ষ।
স্পৃশ্য, স্পর্শন যোগ্য; ত্বগিন্দ্রিয় গ্রাহ্য।
স্পৃষ্ট, কৃতস্পর্শ, স্পর্শকরা। [ছুয়ি।
স্পৃষ্টাস্পৃষ্ট, পরস্পর স্পর্শন, ছোঁয়া-
স্পৃষ্টি, স্পর্শ, স্পর্শন, ছোয়া।
স্পৃহনীয়, বাঞ্ছনীয়, অভিলাষের যোগ্য।
স্পৃহয়ালু, স্পৃহাশীল, লোভী, লোলুপ।
স্পৃহা, বাঞ্ছা, ইচ্ছা; রুচি।
স্পৃহী, ইচ্ছান্বিত, স্পৃহাযুক্ত, লোলুপ।
স্পৃহ্য, অভিলষণীয়, বাঞ্ছনীয়; স্পৃহার বিষয়।
স্ফটা, ফণা। [মণি, ফটিক।
স্ফটিক, সূর্য্যকান্তমণি; স্বনামে খ্যাত
স্ফটিকাচল, স্ফটিকময়পর্ব্বত, কৈলাস পর্ব্বত।
স্ফটিকাভ্র, কর্পূর।
স্ফটিকারী, শ্বেতবর্ণ বণিক্ দ্রব্যবিশেষ, ফটুকিরী। [ফটকিরী।
স্ফটী, শ্বেতবর্ণ বণিক্ দ্রব্য বিশেষ,

স্ফরণ, স্ফুরণ, নাচন ; প্রকাশন।
স্ফাটিক, স্ফটিক, ফটিক।
স্ফাটিকোপল, স্ফটিক, ফটিক।
স্ফাত, বৃদ্ধিযুক্ত, উন্নতিশীল।
স্ফাতি, বৃদ্ধি, উন্নতি।
স্ফার, প্রচুর ; বিকট ; বিপুল।
স্ফারণ, স্ফুরণ, প্রকাশন; বিস্তৃত হওন।
স্ফির, প্রচুর, যথেষ্ট, অতিশয়।
স্ফীত, বর্দ্ধিত, উন্নত, ফোলা, ফাঁপা।
স্ফুট, স্পষ্ট, ব্যক্ত ; বিকসিত।
স্ফুটন, বিদরণ ; বিকসন ; প্রকাশন।
স্ফুটি, পাদস্ফোট রোগ, নির্ভিন্ন কর্কটী ফল, ফুটি।
স্ফুটিত, বিকসিত, প্রকাশিত ; ভিন্ন, বিদারিত ; ব্যক্তীকৃত।
স্ফুটী, পাদস্ফোট রোগ ; নির্ভিন্ন কর্কটী ফল, ফুটী।
স্ফুৎকর, অগ্নি, অনল, বহ্নি।
স্ফুৎকার, ফুৎকার, ফুঁ দেওয়া।
স্ফুরণ, ঈষৎ চলন, স্পন্দন, কম্পন।
স্ফুরৎ, কম্পনযুক্ত ; স্ফূর্ত্তি বিশিষ্ট।
স্ফুরিত, স্পন্দিত; স্ফুরণ বিশিষ্ট; কম্পনযুক্ত।
স্ফুর্জথু, বজ্রপতন জনিত শব্দ।
স্ফুল, বস্ত্রবেশ্ম, তাঁবু, কানাৎ।
স্ফুলন, স্ফুরণ, কম্পন ; স্ফীতহওন।
স্ফুলিঙ্গ, অগ্নিকণ, ফিন্‌কী, ফিন্‌কুটী।
স্ফূর্জথু, বজ্রপতন জনিত শব্দ, বজ্রনিস্পেষ। [চলন ; প্রফুল্লতা।
স্ফূর্ত্তি, স্ফুরণ, স্পন্দন ; কম্পন ;
স্ফূর্ত্তিমান, স্ফূর্ত্তি বিশিষ্ট; পরিপুষ্ট।
স্ফোট, বৃহৎ ব্রণ বিশেষ, ফোড়া।
স্ফোটক, বৃহৎ ব্রণবিশেষ, ফোড়া।
স্ফোটন, বিদারণ; প্রকাশন; ব্যক্ত হইয়া পড়ন। [ভোঙরী, ভুরপণ।
স্ফোটনী, কাষ্ঠাদি বেঁধন অস্ত্র,
স্ফোটা, সর্পফণা।
স্ফোটায়ন, মুনি বিশেষ।
স্ময়, অদ্ভুত ; গর্ব্ব, অভিমান।
স্মর, কামদেব, মদন, কন্দর্প।
স্মরকূপ, ভগ, যোনি।
স্মরকূপিকা, যোনি, ভগ।
স্মরগৃহ, যোনি, ভগ। [চিন্তা।
স্মরণ, মনে করণ, স্মৃতি ; আধ্যান ;
স্মরণী, স্মরণার্থ বস্তু, স্মারক দ্রব্য।
স্মরণীয়, স্মৃতিযোগ্য, স্মর্ত্তব্য।
স্মরদশা, কামাবস্থা, মদনের দশা।
স্মরধ্বজ, যোনি, ভগ ; বাদ্য ; লিঙ্গ।
স্মরপ্রিয়া, রতি, কামদেবের পত্নী।
স্মরবল্লভ, অনিরুদ্ধ, উষাপতি।
স্মরবীথিকা, বেশ্যা, বারাঙ্গনা।
স্মরমন্দির, যোনি, ভগ।
স্মরলেখনী, শারিকা পক্ষী।
স্মরসখ, চন্দ্র ; কামদেবের সখা।
স্মরস্তম্ভ, উপস্থ, লিঙ্গ।
স্মরস্মর্য্য, গর্দ্দভ, গাদা, খর।
স্মরহর, শিব, মহাদেব, মহেশ।
স্মরাগার, ভগ, যোনি।
স্মরাঙ্কুশ, নখ, নখর। [বিশেষ।
স্মরাসব, মুখামৃত, লালা, থুথু ; মদ্য-
স্মারক, স্মৃতিশীল, স্মরণকারক।
স্মারকতা, স্মরণকারির ধর্ম্ম, স্মরণশক্তি।
স্মার্ত্ত, স্মৃতিসম্বন্ধীয় ; স্মৃতিশাস্ত্র ব্যবসায়ী ; স্মৃতি শাস্ত্রোক্ত কর্ম্ম।
স্মিত, ঈষদ্ধাস্য ; বিকসিত।
স্মৃত, স্মৃতির বিষয়, কৃতস্মরণ।
স্মৃতি, অনুভূত বিষয়ের জ্ঞান, স্মরণ, আধ্যান, মন্বাদি মুনি প্রণীত ধর্ম্ম শাস্ত্র, ধর্ম্ম সংহিতা।
স্মৃতিপত্র স্মরণার্থ পত্রিকা।
স্মৃতিপথ, স্মরণের বিষয়, স্মরণ দ্বার।
স্মৃতিবিরুদ্ধ, ধর্ম্মশাস্ত্রের বিপরীত।
স্মৃতিমান্, স্মৃতি বিশিষ্ট ; স্মরণশক্তি বিশিষ্ট, চিন্তাযুক্ত।
স্মৃতিশাস্ত্র, ধর্ম্মসংহিতা।
স্মৃতিহেতু, স্মরণের কারণ, সংস্কার।

স্মৃত্যপেত, স্মৃতি বিরুদ্ধ, স্মৃতিশাস্ত্রের বিপরীত।
স্মের, বিকসিত; ঈষৎ হসনশীল; ঈষদ্ধাস্য যুক্ত।
স্মেরবিষ্কির, ময়ূর, শিখী, কলাপী।
স্মেরানন, হাস্যযুক্ত মুখ; ঈষদ্ধাস্য যুক্ত বদন।
স্যদঃ, বেগ, শীঘ্রতা।
স্যন্দন, চক্রযুক্ত যুদ্ধপ্রয়োজনীয় যান, রথ; বায়ু; ক্ষরণ, ঝরণ।
স্যন্দনদ্রুম, তিনিশ বৃক্ষ।
স্যন্দনারোহ, রথস্থিত যোদ্ধা, রথী।
স্যন্দনি, তিনিশ বৃক্ষ।
স্যন্দী, স্রাবক, ঝরণকারী।
স্যন্ন, স্রুত জলাদি, ক্ষরিত জলাদি।
স্যন্নবাণ, স্তুত, কৃতস্তব।
স্যমন্তক, শ্রীকৃষ্ণের হস্তস্থ মণি।
স্যমীক, বল্মীক, উইপোকা, বৃক্ষ বিশেষ, কৃষ্ণবর্ণ, কাল, মেঘ।
স্যানা, চালাক, চতুর।
স্যাল, শ্যালক, শ্যালা, সম্বন্ধী।
স্যুত্ন, আহ্লাদ, হর্ষ, আনন্দ।
স্যুত, সূত্রিত, তন্তুসন্তত, বোনা; সূত্র রচিত ভাণ্ড।
স্যুতি, সূঁচ ইত্যাদি দ্বারা বস্ত্রাদি-সীবন, সীবনী, সেলাই।
স্যুন, কিরণ, সূর্য্য, ধুকড়ী, কাঁথা।
স্যুম, জল; কিরণ, রশ্মি।
স্যোত, সেলাইকরা; কন্থা, কাঁথা।
স্রংসন, অধঃপতন; চ্যুতহওন।
স্রংসিনীফল, শিরীষ বৃক্ষ।
স্রংসী, অধঃপতন শীল।
স্রক, মালা; হার।
স্রগ্বান্, মাল্য বিশিষ্ট, মালাযুক্ত।
স্রগ্বী, মাল্যবান্, মালাধারী।
স্রদ্ধু, বাতকর্ম্ম, মরুৎক্রিয়া।
স্রব, স্রবণ, ক্ষরণ, ঝরণ।
স্রবণ, ক্ষরণ, ঝরণ; মূত্র; ঘর্ম্ম।
স্রবদ্রঙ্গ, পণ্যবীথী, হট্ট, বাজার।
স্রবন্তী, ক্ষরণ বিশিষ্ট, নদী, ওষধি বিশেষ।
স্রষ্টা, ব্রহ্মা, প্রজাপতি; সৃষ্টিকর্ত্তা।
স্রস্ত, চ্যুত, ক্ষরিত, বিগলিত।
স্রস্তর, আসন, উপবেশনার্থ আধার।
স্রাব, ক্ষরণ, ঝরণ।
স্রাবক, ক্ষরক, ঝরণকর্ত্তা।
স্রুক, যজ্ঞপাত্র বিশেষ।
স্রুত, ক্ষরিত, চ্যুত।
স্রুব, যজ্ঞপাত্র বিশেষ।
স্রোতঃ, বেগে জলবহন, জলপ্রবাহ।
স্রোতঈশ, সমুদ্র, জলধি, সাগর।
স্রোতস্বতী, নদী, সরিৎ, তটিনী।
স্রোতস্য, শিব, তস্কর, চৌর।
স্রোতোবহা, নদী, হ্রদিনী, ধুনী।
স্ব, ধন, সম্পত্তি; সুহৃৎ; জ্ঞাতি, আত্মা।
স্বক, স্বীয়, আত্মীয়, স্বকীয়।
স্বকম্পন, বায়ু, বাত, অনিল।
স্বকর্ম্ম, আত্ম কৃত কার্য্য; আপনার কর্ত্তব্য কর্ম্ম। [কর্ম্মকর্ত্তা।
স্বকর্ম্মকৃৎ, নিজকার্য্যকারী, আপন
স্বকীয়, স্বীয়, নিজ, আত্মীয়। [নাশ।
স্বকুলক্ষয়, মৎস্য, মীন; নিজ বংশ-
স্বগণ, নিজ পরিবার; আত্মপক্ষ।
স্বগত, মনোগত, মনঃস্থিত। [বাটী।
স্বগৃহ, নিজালয়, আত্মভবন, আপন-
স্বঙ্গ, সুন্দরাঙ্গ বিশিষ্ট, সুরূপ।
স্বচ্ছ, নির্ম্মল, পরিষ্কার, রোগবিমুক্ত; সুস্থ; শুক্ল; স্ফটিক।
স্বচ্ছন্দ, স্বাধীন, স্বতন্ত্র; নিরুদ্বেগ।
স্বচ্ছপত্র, অভ্রক, ধাতু দ্রব্যবিশেষ।
স্বচ্ছমণি, স্ফটিক, ফটিক।
স্বচ্ছল, প্রতুল; দাতা।
স্বচ্ছা, শ্বেতদূর্ব্বা, শাদা দূর্ব্বা।
স্বজ, রক্ত; ঘর্ম্ম; পুত্র।
স্বজন, জ্ঞাতি; আত্মীয় লোক।
স্বজা, কন্যা, দুহিতা।
স্বজাতি, আপন জাতি, নিজবর্ণ।

স্বজাতীয়, স্ব ষবর্ণ, স্বশ্রেণিস্থ।
স্বজ্ঞান, আত্মবোধ, নিজবুদ্ধি।
স্বতঃ, আপন হইতে।
স্বতন্ত্র, স্বাধীন, স্বচ্ছন্দ, স্বরুচি।
স্বতন্ত্রত, আত্মবশতা, স্বেচ্ছাধীনত।
স্বত্ব, শাস্ত্র সম্মত যথেষ্ট বিনিযোগ-ইচ্ছ, অধিকার।
স্বত্ববান্, স্বামী, স্বত্বাধিকারী।
স্বত্বাস্পদ, অধিকারের বিষয়, অধিকৃত
স্বত্র, অন্ধ, দৃষ্টিহীন।
স্বদন, ভক্ষণ, ভোজন, লেহন, চাটা।
স্বদার, স্বর্ঝা, স্বীয়ভর্য্যা। [বাসী।
স্বদেশী, একদেশস্থ, এক দেশের নি-
স্বদেশীয়, একদেশে উৎপন্ন।
স্বধর্ম্ম, স্বজাত্যুক্ত আচার, নিজধর্ম্ম।
স্বধর্ম্মত্যাগ, স্বকীয় ধর্ম বিসর্জ্জন করণ, ধর্ম্মভ্রংশ
স্বধা, দেবতার উদ্দেশে হবিদান মন্ত্র, পিত্রাদির উদ্দেশে দানমন্ত্র।
স্বধাপ্রিয়, কৃষ্ণতিল, অগ্নি।
স্বধাভুক্, পিতৃগণ, দেবত।
স্বধিতি, পরশু, কুঠার, কুড়াল।
স্বধিতিহেতিক, পরশুধারি যোদ্ধা।
স্বন, শব্দ, ধ্বনি।
স্বনাম, নিজ নাম।
স্বনি, শব্দ, ধ্বনি, নাদ।
স্বনিত, গর্জ্জিত, শব্দিত, ধ্বনিত।
স্বপন, নিদ্রা, নিদ্রায় অদ্ভুত দর্শন।
স্বপক্ষ, নিজদল, আত্মগণ।
স্বপিণ্ডা, পিণ্ড খর্জ্জুরা, পিণ্ডী খাজুর।
স্বপ্ন, নিদ্রা, প্রসুপ্ত ব্যক্তির বিজ্ঞান, নিদ্রাবস্থায় দর্শন। [নী শাক।
স্বপ্নকৃৎ, স্বপ্নকারক, শাকবিশেষ, সুযু-
স্বপ্নক, নিদ্রাশীল, নিদ্র বিশিষ্ট।
স্বপ্নদর্শন, নিদ্রাবস্থায় বিজ্ঞান, স্বপ্ন-দেখা। [স্বপ্নে স্ত্রীসংসর্গ
স্বপ্নদোষ, নিদ্রাবস্থায় রেতঃস্খলন,
স্বপ্নবৎ, অবাস্তব, মিথ্যা।
স্বপ্নবিচারী, স্বপ্নবিচার কর্ত্তা স্বপ্ন-জন্য শুভাশুভ ব্যাখ্যাকর্ত্তা।
স্বপ্রকাশ, আপনা হইতে আবির্ভাব; আত্ম যশঃ প্রশংসা।
স্ববশ, নিজতন্ত্র, স্বাধীন, স্বায়ত্ত।
স্ববাসিনী, বিবাহিতা অথবা অবিবাহিতা পিতৃ গৃহে স্থিতা কন্যা।
স্ববীজ, আত্মা; নিজকারণ; স্বীয় বীর্য্য।
স্বভাজন, আনন্দন, আহ্লাদকরণ।
স্বভাব, স্বকীয় ভাব, প্রকৃতি, স্বরূপ।
স্বভাবতঃ, প্রকৃতি বশতঃ, স্বরূপতঃ।
স্বভিন্ন, আত্ম হইতে পৃথক্, অন্য, পর।
স্বভু, বিষ্ণু; ব্রহ্মা, শিব।
স্বমেক, সম্বৎসর, বর্ষ।
স্বয়ং, আপনি, আপনা আপনি।
স্বয়ংকৃত, আত্মকৃত, আপনার করা।
স্বয়ংদত্ত, পুত্রবিশেষ, পিতৃ মাতৃ বিহীন যে পুত্র স্বয়ং অন্যের পুত্রতা স্বীকার করে।
স্বয়ংবরা, যে স্ত্রী স্বয়ং পতি বরণ করে, স্বেচ্ছাপূর্ব্বক বিবাহ কারিণী।
স্বয়ংসিদ্ধ, আত্মগুণে খ্যাত, নিজ-কার্য্য প্রসিদ্ধ। [আগত।
স্বয়মুপস্থিত, স্বয়মাগত, আপনি-
স্বয়ম্ভু, ব্রহ্ম, প্রজাপতি; স্বয়ংজাত।
স্বয়ম্ভুব, আদি মনু; ব্রহ্মা।
স্বয়ম্ভু, ব্রহ্মা, কামদেব, বিষ্ণু; শিব।
স্বর, কণ্ঠশব্দ, উদাত্তাদি ত্রয়, রব, ধ্বনি; আকারাদি বর্ণ।
স্বরবান্, সুস্বর যুক্ত।
স্বরভঙ্গ, গলরোগবিশেষ, গলাভাঙ্গা।
স্বরভেদ, স্বরভঙ্গ রোগ।
স্বরমণ্ডলিক, বীণাবিশেষ।
স্বরনাশক, বংশী, বাঁশী।
স্বরস, শিলাপিষ্ট কল্ক, কষায় বিশেষ; প্রেম, আত্মরস।
স্বরাপগা, স্বর্গঙ্গা, মন্দাকিনী।
স্বরাম্বু, বচ, বচ।

স্বরিত, স্বরবিশেষ; স্বরযুক্ত।
স্বরু, বজ্র, অশনি, বাজ; যজ্ঞ; শর, বাণ; সূর্য্যের কিরণ।
স্বরুচি, স্বতন্ত্র, স্বাধীন; স্বেচ্ছা।
স্বরূপ, স্বভাব, নিজরূপ; যথার্থ; পণ্ডিত, উত্তম, মনোজ্ঞ।
স্বরূপতঃ, যথার্থতঃ; স্বভাবতঃ।
স্বরূপযোগ্য, ক্ষমতাবান্; পারক।
স্বরূপযোগ্যতা, সাদৃশ্য; ক্ষমতা।
স্বরূপাখ্যান, যথার্থ কথন।
স্বর্গ, দেবতাদিগের আলয়, সুরলোক।
স্বর্গগামী, স্বর্গে গমনকর্ত্তা।
স্বর্গঙ্গা, মন্দাকিনী, স্বর্গগঙ্গা।
স্বর্গপতি, ইন্দ্র, সুরপতি, শক্র।
স্বর্গপুর, অমরাবতী, স্বর্লোক।
স্বর্গবধূ, অপ্সরা, স্বর্বেশ্যা।
স্বর্গলোকেশ, ইন্দ্র, দেবরাজ; শরীর।
স্বর্গসরিদ্বরা, মন্দাকিনী, স্বর্গগঙ্গা।
স্বর্গাপগা, মন্দাকিনী, স্বর্গগঙ্গা।
স্বর্গিগিরি, সুমেরু পর্ব্বত।
স্বর্গিবধূ, অপ্সরা, স্বর্বেশ্যা।
স্বর্গী, দেবতা; স্বর্গগামী, স্বর্গবাসী।
স্বর্গীয়, স্বর্গপ্রাপ্ত, স্বর্গগত; স্বর্গসম্বন্ধীয়। [বাসী।
স্বর্গৌকা, দেবতা, সুর, অমর; স্বর্গ-
স্বর্গ্য, স্বর্গীয়, স্বর্গ সম্বন্ধীয়। [পুষ্প।
স্বর্ণ, কাঞ্চন, সুবর্ণ; ধুতুরা; নাগকেশর-
স্বর্ণকণিকা, কনকের কণা, সোণার কুঁচি।
স্বর্ণকায়, গরুড়, স্বর্ণময় শরীর।
স্বর্ণকার, জাতিবিশেষ, সেকরা।
স্বর্ণকেতকী, হরিদ্রাবর্ণ কেতকী পুষ্প।
স্বর্ণগৈরিক, সুবর্ণ গৈরিক, বর্ণকমাটী।
স্বর্ণচূড়, পক্ষি বিশেষ।
স্বর্ণজ, রঙ্গ, রাং।
স্বর্ণদীধিতি, অগ্নি, অনল, বহ্নি।
স্বর্ণদ্রু, আরগ্বধ বৃক্ষ, সোঁদালী গাছ।
স্বর্ণপক্ষ, গরুড়, পক্ষিরাজ।
স্বর্ণগঙ্গা, স্বর্গঙ্গা, মন্দাকিনী।
স্বর্ণপাঠক, টঙ্কণ; সোহাগা।
স্বর্ণপুষ্প, আরগ্বধ বৃক্ষ, সোঁদালী গাছ; চম্পক বৃক্ষ, চাঁপা গাছ।
স্বর্ণপুষ্পী, আরগ্বধ বৃক্ষ, সোঁদালী গাছ; স্বর্ণকেতকী বৃক্ষ।
স্বর্ণবণিক্, বর্ণসঙ্কর জাতি বিশেষ, সোণার বেণিয়া।
স্বর্ণবর্ণ, কাঞ্চন তুল্যবর্ণ, সোণার রঙ্গ।
স্বর্ণবর্ণা, হরিদ্রা; সুবর্ণ সদৃশ বর্ণযুক্তা।
স্বর্ণবিন্দু, বিষ্ণু; সুবর্ণের কণিকা, সোণার কুঁচি।
স্বর্ণমাক্ষিক, স্বনাম খ্যাত উপধাতু বিশেষ। [ফটকা।
স্বর্ণলতা, জ্যোতিষ্মতী লতা, নওয়া-
স্বর্ণসেফালিকা, আরগ্বধ বৃক্ষ, সোঁদালী গাছ; পীতবর্ণ সেফালিকা।
স্বর্ণক্ষীরী, ওষধি বিশেষ।
স্বর্ণাঙ্গ, আরগ্বধ বৃক্ষ, সোঁদালীগাছ।
স্বর্ণারি, গন্ধক।
স্বর্ণদী, স্বর্গঙ্গা, সুরনদী, মন্দাকিনী।
স্বর্ব্বধূ, স্বর্গবেশ্যা, অপ্সরা; স্বর্গীয় স্ত্রী মাত্র।
স্বর্ব্বাপী, গঙ্গা, ভাগীরথী।
স্বর্ব্বেশ্যা, উর্বশী আদি অপ্সরা।
স্বর্ব্বৈদ্য, অশ্বিনী কুমার।
স্বর্ভানব, রত্নবিশেষ, গোমেদক মণি।
স্বর্ভানু, গ্রহ বিশেষ, রাহু।
স্বর্ভানুসূদন, সূর্য্য, ভানু, দিনমণি।
স্বর্যাত, মৃত, স্বর্গপ্রাপ্ত।
স্বর্লোক, স্বর্গ, সুরলোক, অমরপুর।
স্বল্প, অত্যল্প, কিঞ্চিৎ।
স্বল্পাহারী, অল্পাশী, অত্যল্পভোক্তা।
স্ববাসিনী, পিতৃ গৃহস্থিতা বিবাহিতা বা অবিবাহিতা কন্যা।
স্ববীজ, আত্মা; নিজকারণ; স্বীয়বীর্য্য।
স্বসা, ভগিনী, বহিনা, সহোদরা।
স্বস্তি, মঙ্গল, ক্ষেম; আশীর্ব্বাদ, পুণ্যাদি।
স্বস্তিক, ধনিদিগের গৃহ বিশেষ; যোগাঙ্গ বিশেষ, মাঙ্গল্য দ্রব্য বি-

শেষ; তণ্ডুল চূর্ণনির্ম্মিত ত্রিকোণাকার অধিবাস দ্রব্য।
স্বস্তিবাচন, মঙ্গল কথন, মাঙ্গল্য কর্ম্মারম্ভ কালীন মন্ত্রোচ্চারণ পূর্ব্বক তণ্ডুল বিকিরণ।
স্বস্তিমুখ, ব্রাহ্মণ; বন্দী, স্তুতিপাঠক।
স্বস্ত্যয়ন, মঙ্গলোদ্দেশে দৈব কর্ম্মানুষ্ঠান।
স্বস্থ, সুস্থ, নিরুদ্বেগ।
স্বস্রীয়, ভাগিনেয়; ভগিনীপুত্র।
স্বস্রীয়া, ভাগিনেয়ী, ভগিনী কন্যা।
স্বাকার, স্বীয় আকৃতি, আত্মরূপ।
স্বাগত, কুশল প্রশ্ন।
স্বাচ্ছন্দ্য, স্বচ্ছন্দের ভাব, স্বচ্ছন্দতা।
স্বাতন্ত্র্য, স্বতন্ত্রতা, অনধীনতা; আত্মবশতা, পৃথকত্ব।
স্বাতি, স্বাতী, সপ্তবিংশতি নক্ষত্রের অন্তর্গত পঞ্চদশ নক্ষত্র।
স্বাদ, রসগ্রহণ; রস, মিষ্টতা।
স্বাদন, আস্বাদ লওন, রসগ্রহণ।
স্বাদিত, প্রীত, আস্বাদিত, রসযুক্ত।
স্বাদু, মধুর রস, সুরস, ইষ্ট, মনোজ্ঞ; মধুর, মিষ্ট। [গোক্ষুরা লতা।
স্বাদুকণ্টক, বিকঙ্কতবৃক্ষ, বঁইচাগাছ;
স্বাদুখণ্ড, গুড়; মধুরভাগ।
স্বাদুগন্ধা, ভূমি কুষ্মাণ্ড; রাঙ্গা শজিনা।
স্বাদুবস্থা, কামদেব, মদন, কন্দর্প।
স্বাদুপিণ্ডা, পিণ্ডখর্জ্জুরা, পিণ্ডাখাজুর।
স্বাদুফল, বদরী ফল, কুল।
স্বাদুমূল, মূলবিশেষ, গর্জ্জর, গাজর।
স্বাদুরসা, দ্রাক্ষা বিশেষ; আম্রাতক ফল, আমড়া; মদিরা।
স্বাদুশুদ্ধ, সৈন্ধব লবণ, সামুদ্র লবণ।
স্বাদম্ল, দাড়িম বৃক্ষ, ডালিম গাছ।
স্বাদ্বী, দ্রাক্ষা, কিসমিস।
স্বাধিকার, নিজাধিকার, আত্মস্বত্ব।
স্বাধিষ্ঠান, ষট্‌চক্রের অন্তর্গত দ্বিতীয় চক্র, আত্মার আধার।
স্বাধীন, স্বতন্ত্র, আত্মবশ, অপরাধীন।
স্বাধীনতা, স্বতন্ত্রতা, আত্মবশতা, অনধীনতা।
স্বাধীনপতিকা, নায়িকা বিশেষ; যে নায়িকার নায়ক বশীভূত।
স্বাধীনা, স্বতন্ত্রা, আত্মপ্রধানা, স্বৈরিণী, কুলটা, বেশ্যা।
স্বাধ্যায়, বেদাধ্যয়ন; অধ্যয়নকাল।
স্বাধ্যায়বান্, স্বাধ্যায় বিশিষ্ট, বেদপাঠক। [বেদাধ্যায়ী।
স্বাধ্যায়ী, বণিক বিশেষ; বেদপাঠক,
স্বান, শব্দ, ধ্বনি, নিনাদ। [শব্দিত।
স্বান্ত, মনঃ, অন্তঃকরণ; গহ্বর;
স্বাপ, নিদ্রা; শয়ন; অজ্ঞান।
স্বাপতেয়, ধন, সম্পদ, বিভব।
স্বাপদ, ব্যাঘ্রাদি হিংস্র জন্তু।
স্বাভাবিক, স্বভাবাসক্ত, স্বভাবতঃ উৎপন্ন, সহজ, স্বরূপজাত।
স্বামিজঙ্ঘী, পরশুরাম।
স্বামিত্ব, প্রভুত্ব, কর্ত্তৃত্ব, স্বত্ব।
স্বামী, অধিপতি; ভর্ত্তা, পতি; নায়ক, নেতা; প্রভু, রাজা। [হিত কারক।
স্বাম্যুপকারক, অশ্ব, ঘোটক; প্রভুর
স্বায়ম্ভুব, প্রথম মনু, আদ্য মনু।
স্বারাট্, ইন্দ্র, শক্র, সুরপতি।
স্বারোচিষ, দ্বিতীয় মনু। [সঞ্চিত।
স্বার্জিত, আত্ম অর্জিত, আপনার
স্বার্থ, স্বীয় অভিধেয়; স্বকীয় ধন, স্বীয়বস্তু; আত্ম প্রয়োজন। [পর।
স্বার্থপর, স্বার্থী, আপন কার্য্যে তৎ-
স্বার্থী, স্বার্থপর, আত্মকার্য্যে তৎপর।
স্বাস্থ্য, আরোগ্য, সুস্থতা; সন্তোষ।
স্বাস্থ্যজনক, আরোগ্য জনক; স্বচ্ছন্দতা দায়ক; সন্তোষ কারক।
স্বাহা, দেবহ বির্দ্ধান মন্ত্র; অগ্নিভার্য্যা।
স্বাহাপতি, অগ্নি, বহ্নি, অনল।
স্বাহাভুক, দেবতা, সুর, অমর।
স্বাক্ষপাদ, নৈয়ায়িক, তার্কিক।
স্বাক্ষর, স্বীয় অক্ষর, সহী, দস্তখত।
স্বিৎ, প্রশ্ন; বিতর্ক।

স্বিদিত, স্বেদিত, ঘর্ম্মাক্ত।
স্বিন্ন, ঘর্ম্মযুক্ত, ঘর্ম্মাক্ত, পাক।
স্বীকার, অঙ্গীকার, প্রতিজ্ঞা।
স্বীকৃত, অঙ্গীকৃত, প্রতিজ্ঞাত।
স্বীয়, স্বকীয়, আত্মীয়, নিজ, আত্মসম্বন্ধীয়।
স্বীয়া, নায়িকা বিশেষ।
স্বেচ্ছা, স্বকীয় ইচ্ছা, যদৃচ্ছা; আত্মেচ্ছা, নিজবাসনা। [ইচ্ছায়।
স্বেচ্ছাক্রমে, আত্মমতানুসারে, নিজ
স্বেচ্ছাচার, স্বেচ্ছাধীন, আপনার ইচ্ছামত আচার।
স্বেচ্ছামৃত্যু, ভীষ্ম, আত্ম ইচ্ছায় মরণ।
স্বেদ, ঘর্ম্ম, ঘাম; স্বেদন, ভাবরা, উত্তাপ। [কাদি।
স্বেদজ, ঘর্ম্মজাত জন্তু, ক্রিমি মশ-
স্বেদন, স্বেদ, ঘর্ম্ম, ঘাম।
স্বেদনিকা, লোহপাত্র বিশেষ, ভর্জ্জন পাত্র, ভাজনা খোলা।
স্বেদনী, লোহময় পাত্র, তাওয়া
স্বেদবিপ্রুট, ঘর্ম্মবিন্দু।
স্বৈর, স্বচ্ছন্দ, স্বতন্ত্র, অবাধ্য।
স্বৈরতা, যথেচ্ছাচরণ, যদৃচ্ছা; স্বতন্ত্রতা।
স্বৈরিণী, ব্যভিচারিণী, কুলটা।
স্বৈরিন্ধ্রী, পরগৃহ স্থিতা স্ববশা শিল্পকারিণী নারী।
স্বৈরী, স্বতন্ত্র, স্বাধীন, আত্মবশ।
স্বোপার্জ্জিত, আপনার অর্জ্জিত, নিজ আহৃত ধন, আত্ম উপার্জ্জিত বস্তু।
স্বোবশীয়, কল্যাণ, মঙ্গল, শুভ।
স্বোরস, তৈলের গাদ, কাইট, মল।

হ

হ, হকার, ব্যঞ্জনের ত্রয় ত্রিংশৎ বর্ণ, সম্বোধন; কুৎসা; শিব; জল; শূন্য।
হওন, বর্ত্তন, সম্ভবন, জন্মন।
হওয়া, জন্মান, উৎপত্তি।
হংস, পক্ষি বিশেষ, হাঁস, বিষ্ণু, সূর্য্য; পরমাত্মা; যোগি বিশেষ।
হংসক, পাদাভরণ বিশেষ, পাঁইজোর।
হংসগদ্গদা, মধুরভাষিণী, মধুরনিস্বনা।
হংসগামিনী, হংসতুল্য গমনা।
হংসনাদিনী, নারী বিশেষ।
হংসপদ, পতিতাক্ষরের বোধক চিহ্ন।
হংসপাদ, হিঙ্গুল, হংসের চরণ।
হংসবাহন, ব্রহ্মা।
হংসবীজ, হংসডিম্ব, হাঁসের ডিম।
হংসমালা, হংস সমূহ, হাঁসের শ্রেণী।
হংসরথ, ব্রহ্মা।
হংসলোহক, পিত্তল, পিতল।
হংসাঙ্ঘ্রি, হিঙ্গুল, হংসপদ।
হংসাভিখ্য, রূপ্য, রজত, রূপা।
হংসারূঢ়, ব্রহ্মা।
হংসারূঢ়া, ব্রহ্মাণী।
হংসিকা, হংসী, হংসভার্য্যা।
হংসী, হংস ভার্য্যা।
হংহো, সম্বোধন, প্রশ্ন।
হক্কার, আহ্বান, ডাকন, হাঁক।
হঞ্জা, নাট্যোক্তিতে চেটী সম্বোধন।
হঞ্জে, নাট্যোক্তিতে চেটী সম্বোধন।
হটন, পশ্চাৎ গমন, পরাস্ত হওন।
হটপর্ণি, শৈবাল, শেওলা।
হট্ট, ক্রয়বিক্রয় স্থান, হাট, বাজার।
হট্টচৌরক, চৌর বিশেষ, হাটচোর।
হট্টবিলাসিনী, গন্ধদ্রব্যবিশেষ, হরিদ্রা।
হঠ, বলাৎকার।
হঠন, হারণ, পরাভূত হওন, পিছন।
হঠপর্ণী, শৈবাল, শেওলা।
হঠযোগ, যোগবিশেষ।
হঠাৎ, অকস্মাৎ, দৈবাৎ।
হঠান, পরাস্তকরণ, পরাভব করণ।
হঠালু, কুম্ভিকা, পান।
হড়ি, কাষ্ঠ যন্ত্রবিশেষ, হাইড় কাঠ।
হড়িক, নীচ জাতিবিশেষ, হাড়ি।
হড়কা, আঘাত, ধাক্কা, ঠেলা।
হড্ড, অস্থি, হাড়।

হড্ডক, নীচ জাতিবিশেষ, হাড়ি।
হড্ডজ, মজ্জা।
হড্ডি, নীচ জাতিবিশেষ, হাড়ি।
হড্ডিক, নীচ জাতিবিশেষ, হাড়ি।
হড্ডিপ, নীচ জাতিবিশেষ, হাড়ি।
হড়বড়ন, চমকন, বিস্ময়াপন্ন হওন; অস্পষ্ট কথন।
হড়হড়, অব্যক্তধ্বনি, মেঘাদির শব্দ।
হড়্‌হড়ী, গোলমাল।
হণ্ডা, নাট্যোক্তিতে নীচ সম্বোধন; বৃহৎ মৃত্তিকাপাত্র, হাঁড়া।
হণ্ডিকা, মৃৎপাত্র বিশেষ, হাঁড়ি।
হণ্ডিকাসুত, ক্ষুদ্রহণ্ডিকা, ছোটহাঁড়ি।
হণ্ডী, মৃত্তিকাপাত্র বিশেষ, হাঁড়ী।
হণ্ডে, নাট্যোক্তিতে নীচসম্বোধন।
হত, নষ্ট, বিনাশিত; আশারহিত।
হতক, নীচলোক।
হতাত্ত্ব, ভগ্নাশ, নিরাশ; ভগ্নমনাঃ;
হতান্তঃকরণ, মনস্তাপিত।
হতজ্ঞান, জ্ঞানশূন্য, অজ্ঞান। [দুষ্ট।
হতপর, অধার্ম্মিক, বিশ্বাসঘাতক;
হতপ্রায়, মৃতকল্প, মৃত্য তুল্য।
হতভাগ্য, মন্দভাগ্য, দুর্ভাগ্য, দুরদৃষ্ট।
হতমূর্খ, অতি মূর্খ, অতিশয় মূঢ়।
হতলজ্জ, নির্লজ্জ, লজ্জাহীন। [জ্ঞাত।
হতাদর, অসম্মান, অমর্য্যাদা; অব-
হতাশ, আশারহিত; বন্ধ্য।
হতি, অপকর্ষ; হত্যা।
হতিয়ার, অস্ত্র; খড়্গাদি।
হত্নু, ব্যাধি, পীড়া; শস্ত্র।
হত্যা, হনন, বধ।
হথ, বিষণ্ণ, বিমর্ষ।
হনন, মারণ, বধ, ঘাতন।
হননীয়, হননযোগ্য, বধ্য।
হনু, গাল; কপোলদ্বয়ের পরভাগ, চোয়ালি; রোগ; অস্ত্র; মৃত্যু।
হনুমান্, বানর বিশেষ, অঞ্জনা বানরীর পুত্র।
হনুষ, রাক্ষস, নিশাচর, রক্ষঃ।
হনূ, গাল, কপোলদ্বয়ের পরভাগ; চোয়ালি।
হনূমান্, বানরবিশেষ, পবন নন্দন।
হনূষ, রাক্ষস, নিশাচর।
হন্ত, হর্ষ; অনুকম্পা; সম্ভ্রম, খেদ।
হন্তা, হননকর্ত্তা, বধকারক, ঘাতক।
হন্তু, মৃত্যু, মরণ; বৃষ।
হন্ন, কৃতপুরীষোৎসর্গ, কৃত মলত্যাগ।
হন্যমান, মার্য্যমাণ, বধ্যমান।
হন্যা, উগ্র, ক্ষিপ্ত হিংস্রজন্তু।
হবন, হোম।
হবনায়ু, অগ্নি, বহ্নি, অনল।
হবনী, হোমকুণ্ড।
হবনীয়, হোমীয়দ্রব্য, হোমযোগ্য বস্তু।
হবিঃ, হবনীয় দ্রব্য, ঘৃত।
হবিত্রী, হোমকুণ্ড।
হবিরশন, অগ্নি; ঘৃতভোজন।
হবির্গেহ, হোমগৃহ।
হবির্মন্থ, গণিকারি বৃক্ষ, গণেরীগাছ।
হবিষ্য, ঘৃত; হবিষ্যান্ন। [বিশেষ।
হবিষ্যান্ন, ব্রতাদিতে ভক্ষণীয় দ্রব্য-
হব্য, হবনীয় দ্রব্য।
হব্যপাক, চরু।
হব্যবাহ, অগ্নি, অনল, পাবক।
হব্যাশ, অগ্নি, হুতাশন, বহ্নি।
হম্বা, গোধ্বনি, গোরুর শব্দ।
হম্ভা, গোধ্বনি, গোরুর রব।
হয়, ঘোটক, অশ্ব, ঘোড়া।
হয়গন্ধ, কাচ লবণ।
হয়গন্ধা, অশ্বগন্ধা, অজমোদা।
হয়গ্রীব, অবতার বিশেষ; বিষ্ণু বধ্য দৈত্য বিশেষ।
হয়গ্রীবহা, বিষ্ণু, নারায়ণ।
হয়ঙ্কষ, ইন্দ্রের সারথি।
হয়প্রিয়, যব।
হয়প্রিয়া, অশ্বগন্ধ বৃক্ষ; খর্জ্জুরী।
হয়মার, করবীর, করবী।
হয়মারণ, অশ্বত্থ বৃক্ষ।
হয়শালা, অশ্বালয়, আস্তবল।

হয়শীর্ষ, বিষ্ণু, নারায়ণ।
হয়া, অশ্বগন্ধা বৃক্ষ।
হয়াধ্যক্ষ, অশ্বাধ্যক্ষ ; অশ্বরক্ষক।
হয়ায়ুর্ব্বেদ, ঘোটক চিকিৎসা শাস্ত্র।
হয়ী, ঘোটকী, ঘুড়ী।
হয়েষ্ট, যব।
হয়োত্তম, শ্রেষ্ঠ ঘোটক।
হর, শিব ; অগ্নি, গর্দ্দভ ; হরণ।
হরক, শিব ; চৌর, হরণকারক।
হরগৌরী, অর্দ্ধনারীশ্বর মূর্ত্তি।
হরচূড়ামণি, চন্দ্র ; শিব শিরোরত্ন।
হরণ, চুরিকরণ, অজ্ঞাতে দ্রব্যাদি গ্রহণ; ভাজ্যাঙ্ক হইতে ভাজকাঙ্ক দ্বারা ভাগ গ্রহণ।
হরতেজঃ, পারদ, পারা ; শিববীর্য্য।
হরনেত্র, শিবচক্ষুঃ ; তিন সংখ্যা।
হরবীজ, ধাতুবিশেষ, পারদ, পারা।
হররূপ, শিব, মহেশ।
হরশেখরা, গঙ্গা, জাহ্নবী।
হরা, পরদ্রব্য গ্রহণকরা, পরস্বহরণ।
হরাদ্রি, কৈলাস পর্ব্বত।
হরি, বিষ্ণু ; সিংহ ; শুকপক্ষী; বানর; সূর্য্য ; অশ্ব ; কিরণ ; ইন্দ্র ; পিঙ্গল বর্ণ ; হরিদ্বর্ণ।
হরিক, পীত বা হরিত বর্ণ অশ্ব; চৌর; অক্ষক্রীড়ক, পাশাখেলক।
হরিকেলীয়, বঙ্গদেশ, গৌড়দেশ।
হরিকেশ, শিব ; শিব ভক্ত যক্ষবিশেষ।
হরিচন্দন, দেবতরু বিশেষ; চন্দন বিশেষ ; জ্যোৎস্না; কুঙ্কুম।
হরিণ, পশু বিশেষ, মৃগ, কুরঙ্গ।
হরিণহৃদয়, ভীরু, ভীত।
হরিণাঙ্ক, চন্দ্র, শশাঙ্ক।
হরিণী, মৃগী ; নারীবিশেষ ; তরুণী, বরস্ত্রী, শ্রেষ্ঠা নারী।
হরিত, হরিদ্বর্ণ, হরিদ্বর্ণ যুক্ত।
হরিতা, দূর্ব্বা ; হরিদ্রা।
হরিতাল, পীতবর্ণ ধাতু বিশেষ।
হরিতালিকা, দূর্ব্বা ; সৌর ভাদ্রের শুক্ল চতুর্থী।
হরিতালী, দূর্ব্বা ; আকাশ রেখা ; সৌর ভাদ্র মাসের শুক্ল চতুর্থী।
হরিৎ, নীলপীত মিশ্রিত বর্ণ; সবুজ-রঙ্গ ; অশ্ববিশেষ, সূর্য্যাশ্ব, দিক্ ; হরিদ্রা ; তৃণ।
হরিৎখন্দ, ফল মূলাদি। [যুক্ত।
হরিৎপর্ণ, মূলক, মূলা ; হরিদ্বর্ণ পত্র
হরিদশ্ব, সূর্য্য, রবি ; অর্কবৃক্ষ, আ-কন্দ গাছ।
হরিদ্গর্ভ, হরিদ্বর্ণ কুশ।
হরিদ্রা, হলুদ।
হরিদ্রাভ, পীতবর্ণ, জরদ রঙ্গ।
হরিদ্রু, বৃক্ষ, দারু হরিদ্রা। [বিশেষ।
হরিদ্বার, স্বনাম খ্যাত নগর, তীর্থ-
হরিনাম, হরির আখ্যা, বিষ্ণুর নাম।
হরিনেত্র, শ্বেতপদ্ম, হরির লোচন হরিদ্বর্ণ চক্ষু ; পেচক, পেচা।
হরিন্মণি, মরকত মণি।
হরিপ্রিয়া, লক্ষ্মী ; তুলসী ; দ্বাদশী তিথি। [বিশেষ।
হরিবংশ, শ্রীকৃষ্ণের সন্তান ; গ্রন্থ-
হরিবর্ষ, জম্বুদ্বীপের নব বর্ষান্তর্গত বর্ষ বিশেষ।
হরিবল্লভা, তুলসী ; লক্ষ্মী।
হরিবান্, ইন্দ্র ; হরিবিশিষ্ট।
হরিবাসর, শ্রীহরির দিন, একাদশী ও দ্বাদশী তিথি।
হরিবাহন, গরুড়, বৈনতেয়।
হরিবীজ, হরিতাল।
হরিভক্ত, হরিসেবক, শ্রীকৃষ্ণের ভক্ত।
হরিভুক, সর্প, অহি, ভুজগ।
হরিমন্থ, গণিকারিকা বৃক্ষ, গণেরীগাছ; চণক, ছোলা ; দেশবিশেষ।
হরিমন্থক, চণক, ছোলা। [কালমুগ।
হরিমন্থজ, চণক, ছোলা ; কৃষ্ণমুদ্গ,
হরিয়, পীতবর্ণ ঘোটক।
হরিলোচন, কাঁকড়া ; পেচক, পেচা ; হরিদ্বর্ণ চক্ষুযুক্ত।

হরিশয়ন, শ্রীহরির নিদ্রা।
হরিশ্চন্দ্র, রাজা বিশেষ, ত্রেতাযুগে সূর্য্য বংশীয় অষ্টাবিংশ রাজা।
হরিশ্চন্দ্রপুর, হরিশ্চন্দ্র রাজার নগর।
হরিষ, হর্ষ, আহ্লাদ, আনন্দ।
হরিসঙ্কীর্ত্তন, শ্রীহরির নামোচ্চারণ।
হরিহয়, ইন্দ্র; সূর্য্য; কার্ত্তিকেয়; গণেশ।
হরিহর, সংযুক্ত হরিহর মূর্ত্তি।
হরিহরক্ষেত্র, তীর্থবিশেষ।
হরিহরাত্মক, গরুড়; হরিহর ক্ষেত্র।
হরীতকী, স্বনামে খ্যাত বৃক্ষ।
হরীষা, মাংসব্যঞ্জন বিশেষ।
হরেণু, রেণুকা নামে গন্ধদ্রব্য, কুলস্ত্রী।
হরেণুক, কলায়, কলাই।
হর্ত্তব্য, হরণীয়, হরণের যোগ্য।
হর্ত্তা, হরণ কর্ত্তা।
হর্ত্তাকর্ত্তা, সৃষ্টিস্থিতি কারক।
হর্ম্ম, জৃম্ভণ, হাই।
হর্ম্মিত, ক্ষিপ্ত; দগ্ধ; জৃম্ভিত।
হর্ম্মুট, সূর্য্য, দিবাকর, কচ্ছপ, কাছিম।
হর্ম্ম্য, ধনিদিগের আবাস, অট্টালিকা, প্রাসাদ, ইষ্টকাদি রচিত গৃহ।
হর্য্যশ্ব, ইন্দ্র, সুরপতি, দেবরাজ।
হর্য্যক্ষ, সিংহ, কেশরী; কুবের।
হর্ষ, ইষ্ট শ্রবণ জন্য সুখ, আহ্লাদ, প্রীতি, প্রমোদ, আনন্দ।
হর্ষক, পর্ব্বত বিশেষ; হর্ষকারক।
হর্ষণ, হর্ষ, সপ্তবিংশতি যোগের অন্তর্গত চতুর্দ্দশ যোগ; চক্ষুরোগ, হর্ষকারক, আনন্দজনক।
হর্ষবিষাদ, হর্ষাবস্থায় দুঃখ।
হর্ষমাণ, হর্ষযুক্ত, হৃষ্টমানস।
হর্ষয়িষ্ণু, পুত্র, স্বর্ণ; হর্ষণশীল।
হর্ষস্বন, আনন্দ ধ্বনি, আহ্লাদ শব্দ।
হর্ষিত, আহ্লাদিত, প্রমুদিত, হর্ষযুক্ত।
হর্ষুল, মৃগ; কামুক; হর্ষণশীল।
হল, লাঙ্গল।
হলদ্দী হরিদ্রা, হলুদ।
হলধর, বলদেব, বলরাম।
হলভূতি, কৃষিকর্ম্ম।
হলভৃতি, মুনিবিশেষ; কৃষিকর্ম্ম, চাষ।
হলভৃৎ, বলদেব, বলরাম।
হলা, নাট্যোক্তিতে সখীর প্রত্যাহ্বান; সখী সম্বোধন।
হলায়ুধ, বলদেব, বলরাম।
হলাহ, অশ্ববিশেষ, চিত্রিত অশ্ব।
হলাহল, বিষ বিশেষ, কালকূট।
হলি, বৃহৎ হল, বড় লাঙ্গল।
হলিনী, লাঙ্গলিকী বৃক্ষ, বিষলাঙ্গলা- [গাছ।
হলিপ্রিয়, কদম্ব বৃক্ষ।
হলিপ্রিয়া, মদিরা, সুরা, মদ্য।
হলী, বলরাম; কৃষিকর্ম্ম কর্ত্তা, কৃষক।
হলীমক, রোগ বিশেষ।
হলুদ, হরিদ্রা, বরবর্ণিনী, হলদ্দী।
হল্কা, লঘু, পাতলা; অগ্নিশিখা।
হল্য, কর্ষিত ক্ষেত্র, চষা ক্ষেত; লাঙ্গল সম্বন্ধীয়।
হল্লক, রক্তকহ্লার, হেল[illegible]ল।
হলহল, শিথিল, ঢিলা, আলগা।
হস, হাস, হাস্য।
হসন, হাস্যকরণ, হাস্য।
হসনী, অঙ্গারধানী, আঙ্গটা।
হসনীমণি, অগ্নি, অনল, বহ্নি।
হসন্তিকা, অঙ্গারধানী, আঙ্গটা।
হসন্তী, অঙ্গারধানিকা, আঙ্গটা।
হসিকা, হাস্যকর্ত্রী।
হসিত, হাস্য; কৃতহাস; বিকসিত।
হস্ত, শরীরের অবয়ব বিশেষ, হাত, পাণি, ভুজ।
হস্তগত, হস্তে প্রাপ্ত; আয়ত্ত।
হস্তদোহার, সহকারী, হাতিয়ার, অস্ত্র।
হস্তধারণ, মারণোদ্যত ব্যক্তিকে নিবারণ করণ, কর গ্রহণ।
হস্তপুচ্ছ, হস্তের অবয়ব বিশেষ, হাতের পোঁচা।

হস্তবারণ, পরিত্রাণ; হস্তদ্বারা নিষেধ।
হস্তসিদ্ধি, ভৃতি, বেতন; করদ্বারা সাধন।
হস্তসূত্র, বলয়, বালা। [নক্ষত্র।
হস্তা, ২৭ নক্ষত্রের অন্তর্গত ত্রয়োদশ
হস্তাঙ্গুলি, করশাখা, করাঙ্গুল।
হস্তান্তরগত, পরহস্ত স্থিত।
হস্তামলক, করস্থিত আমলকী ফল; বেদান্ত গ্রন্থ বিশেষ।
হস্তিকন্দ, বৃহৎ মূল বিশেষ।
হস্তিকক্ষ্য, সিংহ; ব্যাঘ্র।
হস্তিগিরি, দেশবিশেষ, কাঞ্চীদেশ।
হস্তিঘ্ন, মনুষ্য; করিনাশক।
হস্তিদন্ত, দ্রব্যরক্ষণার্থ ভিত্তিস্থ কীলক, তাক, দাণ্ডা; গজদশন।
হস্তিনখ, পুরদ্বারোপরিস্থ মৃত্তিকা-রাশি, দমদমা, বুরুজ।
হস্তিনপুর, পরিক্ষিৎগড়; দিল্লীনগরী।
হস্তিনাপুর, পরিক্ষিৎগড়; দিল্লীনগরী।
হস্তিনী, গজপত্নী, হাতিনী, করেণু; স্ত্রীবিশেষ। [পালক।
হস্তিপ, হস্ত্যারোহ; মাহুত, হস্তি-
হস্তিপক, হস্ত্যারোহ; মাহুত; হস্তি-পালক।
হস্তিবাহ, অঙ্কুশ, ডাঙ্গশ; গজবাহক।
হস্তিমদ, হস্তির গণ্ডদেশ হইতে ক্ষরিত জল, গজদান।
হস্তিমল্ল, গণেশ; ঐরাবত হস্তী। [খানা।
হস্তিশালা, হস্তি থাকিবার স্থান, ফীল-
হস্তিশুণ্ডা, বৃক্ষবিশেষ, হাতিশুঁড়া।
হস্তিশ্যামাক, শস্যবিশেষ, হাতিয়া-শামা। [করী, দন্তী।
হস্তী, বৃহৎ কায় পশু বিশেষ, হাতী,
হস্তেকরণ, পাণিগ্রহণ, বিবাহ।
হস্ত্যধ্যক্ষ, গজাধ্যক্ষ, হস্তির অধিপতি।
হস্ত্যায়ুর্ব্বেদ, হস্তি চিকিৎসা শাস্ত্র।
হস্ত্যারোহ, হস্তিপক, মাহুত, হস্তি-পালক; হস্তির উপরি আরোহণ-কারী।

হস্র, মূর্খ, মূঢ়, অজ্ঞ।
হহল, হালাহল, বিষ, কালকূট।
হা, বিষাদ, শোক; কুৎসা।
হাই, জৃম্ভণ।
হাইর, পরাভব, পরাজয়।
হাইল, নৌকাদণ্ড, বহিত্র।
হাঁ, স্বীকার; সম্মতি।
হাঁক, দীর্ঘ চীৎকার, ডাক।
হাঁকন, চীৎকার করণ, ডাকন।
হাঁকার, অতিশয় চীৎকার।
হাঁচন, ক্ষুতকরণ, ছিঁকন।
হাঁচি, ক্ষুত।
হাঁটন, চলন, গমন, সরণ, যাওন।
হাঁটান, চলান; গমনকরাণ; ভাঁড়ান।
হাঁটু, জানুসন্ধি।
হাঁড়ল, গহ্বর, গর্ত্ত, গাড়া।
হাঁড়া, বৃহৎ মৃত্তিকা পাত্র।
হাঁড়ী, মৃত্তিকা পাত্র বিশেষ, হণ্ডী।
হাঁপ, শ্বাসত্যাগ, শ্রমজন্য দীর্ঘ নিঃ-শ্বাস। [শ্বাসকাশ।
হাঁপানি, রোগ বিশেষ, দুষ্টশ্বাস;
হাঁপাল, প্রতাপ; দবদবা।
হাঁস, হংস, মরাল।
হাগা, মলত্যাগ, পুরীষোৎসর্গ।
হাঙ্গর, বৃহৎ জলজন্তু বিশেষ।
হাজা, শস্য বিনাশ; জলপ্লাবনে নষ্ট।
হাট, হট্ট, বাজার, ক্রয় বিক্রয় স্থান।
হাটক, সুবর্ণ, স্বর্ণ; ধুস্তুর, ধুতুরা।
হাটকময়, স্বর্ণময়।
হাটকেশ্বর, গোদাবরী তীরস্থ শিব।
হাটুরিয়া, হাটে ক্রয় বিক্রয় কারী।
হাড়, অস্থি, হড্ড।
হাড়গিলা, অস্থি ভক্ষক পক্ষিবিশেষ।
হাড়ি, হড্ডক, নীচ জাতি বিশেষ।
হাড়িকাঠ, পশ্বাদি বলিচ্ছেদনার্থ কাষ্ঠ বিশেষ; পাদবন্ধন কাষ্ঠ।
হাড়িগিলা, গৃধ্র বিশেষ, শবাদি ভক্ষক বৃহৎ পক্ষী।
হাত, হস্ত, কর, পাণি।

হাতকড়ি, বন্ধন শৃঙ্খল, বেড়ী।
হাতচালা, মন্ত্রদ্বারা হস্তচালন।
হাতছানী, হস্ত দ্বারা আহ্বান, হস্ত-সঙ্কেতে ডাকন।
হাতড়ন, হস্তদ্বারা অন্বেষণ, হস্তবুলান।
হাতড়ী, লৌহ মুদ্গর বিশেষ; আঘাত যন্ত্র।
হাতব্য, ত্যক্তব্য, ত্যাগযোগ্য।
হাতযোড়, করপুট, কৃতাঞ্জলি।
হাতা, দর্ব্বী, খজাকা, পাত্রবিশেষ।
হাতাহাতি, হস্তযুদ্ধ, বাহুযুদ্ধ।
হাতিয়ার, অস্ত্র।
হাতী, হস্তী, করী, দন্তী।
হাতুড়িয়া, মূর্খ বৈদ্য, কুচিকিৎসক।
হাতুয়া, মৃতবৎসা গো, বৎস বিনা দোহনীয়া গাভী।
হাত্র, বেতন; প্রমথন, মারণ; রাক্ষস।
হানন, প্রহারণ, আঘাত করণ; মারণ।
হানা, অস্ত্রাঘাতে আঘাতিত; জল স্রোতে উৎপন্ন গর্ত্ত।
হানি, ক্ষতি, অপকার, অপচয়, নাশ।
হানিকর, ক্ষতিকর, অপকারক।
হানুক, ঘাতুক, হত্যাকারক।
হাপর, ধাতু আবর্ত্তনপাত্র, মুচিভাঁড়।
হাফিকা, জৃম্ভা, হাই।
হাব, আহ্বান; স্ত্রীলোকের শৃঙ্গার ভাব জাত ক্রিয়া বিশেষ।
হাবজা, ওঁচলা, জঞ্জাল।
হাবড়, অতিশয় কর্দ্দম, কাদা।
হাবা, নির্বোধ, জড়; বাক্যহীন ব্যক্তি।
হাবাতিয়া, হতভাগ্য, মন্দাদৃষ্ট; নির্ধন।
হাম, ব্রণ রোগ বিশেষ, মিল্‌মিলা।
হামা, হাঁটুদ্বারা গমন।
হামাগুড়ী, জানু ও করদ্বারা চলন।
হাম্‌লান, গোরুর চীৎকার; হম্বারব করণ।
হায়, খেদ প্রকাশক শব্দ।
হায়ন, বৎসর, বর্ষ; ধান্য বিশেষ; অগ্নিশিখা।
হার, মুক্তার মালা; স্বর্ণাদি মালা।
হারক, চোর; হরণকারক; ভাজকাঙ্ক।
হারণ, পরাভব, পরাজিত হওন।
হারহুর, মদ্য, সুরা, মদিরা।
হারহূরা, দ্রাক্ষা, কিস্‌মিস।
হারাণ, পরাজয় করণ, পরাস্ত করণ।
হারাবলী, পুরুষোত্তম কৃত কোষ বিশেষ; হারশ্রেণী।
হারি, দ্যূতাদিতে ভঙ্গ; পরাভব; রুচির, মনোহর।
হারিকণ্ঠ, কোকিল; হারযুক্ত গলদেশ।
হারিণিক, ব্যাধ, হরিণ ঘাতক।
হারিত, পক্ষিবিশেষ; পরাভূত; মুনি বিশেষ।
হারিদ্র, হরিদ্রা রঞ্জিত; হরিদ্রাবর্ণ।
হারী, হার বিশিষ্ট, হরণকর্ত্তা।
হারীত, মুনি বিশেষ, ধর্ম্মশাস্ত্রকর্ত্তা।
হারীতক, হারীত পক্ষী, হারিল্ অথবা হরিতাল পক্ষী।
হার্দ্দ, প্রেম, স্নেহ।
হার্দ্দী, স্নেহযুক্ত, প্রেমবিশিষ্ট।
হার্য্য, হর্ত্তব্য, হরণ যোগ্য; হরণীয়াঙ্ক, ভাজ্য।
হাল, বলরাম; শালিবাহন রাজা; হল, লাঙ্গল।
হালহল, বিষ বিশেষ, হলাহল।
হালা, মদ্য; তালাদির নির্য্যাস, তাড়ী।
হালাহল, বিষবিশেষ, কালকূট; মদ্য; সুরা; কীট বিশেষ।
হালাহলধর, সর্প, বিষধর, ভুজঙ্গ।
হালাহলা, ক্ষুদ্র মূষিক, নেংটিয়া ইন্দুর।
হালাহলী, মদিরা, সুরা, মদ্য।
হালি, নৌকাদণ্ড, হাইল, বহিত্র।
হালিয়া, হালবাহক; কৃষক।
হালী, কনিষ্ঠা শ্যালিকা, ছোটশ্যালী।
হাল্লু, দন্ত, রদন, দাঁত।
হাল্‌কা, লঘু; পাতলা।
হাস, হাস্য, হাসি।
হাসকুড়্যা, অতিশয় হাস্যকারী।
হাসন, হাস্যকরণ।

হাসিক, হাস্য, হাস।
হাস্তিক, হস্তি সমূহ, হস্ত্যারোহ।
হাস্তিন, হস্তিনাপুর, দিল্লী নগরী।
হাস্য, কৌতুকোদ্ভব রসবিশেষ, হাস, হসন। [ব্যাপার।
হাস্যরস, রস বিশেষ; কৌতুকোদ্ভব
হাহতোক্তি, খেদোক্তি, হাহাশব্দ।
হাহল, হলাহল, বিষ।
হাহা, গন্ধর্ব্ব বিশেষ, খেদজনক শব্দ, শোকধ্বনি। [শোকধ্বনি।
হাহাকার, কাতরতা জন্য কলরব,
হাহাল, বিষ, কালকূট।
হিং, হিঙ্গু, বণিক দ্রব্য বিশেষ।
হিংসক, হিংস্রপশু, শত্রু; হিংসাকারক; ঘাতুক।
হিংসন, বধকরণ, নষ্টকরণ; দ্বেষকরণ।
হিংসা, ঘাত; চৌর্য্যাদি কর্ত্তৃক অপকার; পরানিষ্ট। [চার।
হিংসাকর্ম্ম, মারণ উচ্চাটনাদি, অভি-
হিংসারু, বাঘ, ব্যাঘ্র, শার্দ্দূল।
হিংসালু, হননশীল, ঘাতুক; হিংসক।
হিংসালুক, হিংসাশীল কুক্কুর, হননশীল।
হিংসিত, হিংসাপ্রাপ্ত, বিদ্বিষ্ট।
হিংসীর, ব্যাঘ্র; খল; দুষ্ট।
হিংসেচ্ছা, বধেচ্ছা, অপকার করিবার মানস, হনন বাঞ্ছা।
হিংস্র, হিংসাশীল; হিংসাকারী, ঘাতুক, হন্তা। [হিংসাকারক।
হিংস্রক, হিংসক জন্তু, হিংস্র পশু,
হিঁচড়ন, কেশমার্জ্জন, টানন, আকর্ষণ।
হিঁয়ালী, প্রহেলিকা, গূঢ়ার্থ প্রশ্ন।
হিক্কা, রোগের উপসর্গ বিশেষ, হেঁচকী।
হিঙ্কার, ব্যাঘ্র, বাঘ।
হিঙ্গু, মূল বিশেষের আঠা, হিং।
হিঙ্গুনির্য্যাস, হিঙ্গুরস। [রক্তপারদ।
হিঙ্গুল, রাগদ্রব্য বিশেষ, হিঙ্গুলু,
হিঙ্গুলী, বার্ত্তাকা, বেগুণ।

হিচ্‌কন, হিক্কা উঠন, হেঁচ্‌কী মারণ।
হিজড়া, ক্লীব, নপুংসক।
হিজ্জ, হিজ্জল বৃক্ষ, হিজল গাছ।
হিজ্জল, বৃক্ষবিশেষ, হিজল গাছ।
হিড়িম্ব, রাক্ষস বিশেষ।
হিড়িম্বা, হিড়িম্ব রাক্ষসের ভগিনী।
হিণ্ডন, ভ্রমণ; রমণ; লেখন।
হিণ্ডিক, লগ্নাচার্য্য, দৈবজ্ঞ।
হিণ্ডির, সমুদ্রের ফেণা।
হিণ্ডীর, সমুদ্র ফেণ, বার্ত্তাকু।
হিত, পথ্য; ইষ্ট সাধন; উপকার, মঙ্গল; মিত্র।
হিতক, শিশু, বালক।
হিতকর, মঙ্গলজনক, কল্যাণ দায়ক।
হিতকারি, মঙ্গলকারক, কল্যাণকর্ত্তা।
হিতজনক, শুভজনক, মঙ্গলদায়ক।
হিতবাদী, হিতকথন শীল, সৎপরামর্শী, সুমন্ত্রী।
হিতবান্, শুভকারক, হিতজনক।
হিতেচ্ছা, মঙ্গলচেষ্টা, কল্যাণ বাসনা।
হিতৈষী, হিতেচ্ছাকারী, শুভচেষ্টক।
হিতোক্তি, উপকারার্থ বাক্য, কল্যাণ বচন।
হিতোপদেশ, সৎপরামর্শ দান; বিষ্ণুশর্ম্মার কৃত নীতি শাস্ত্র।
হিন্তাল, বৃক্ষ বিশেষ, হেঁতাল গাছ।
হিন্দু, জাতি বিশেষ, হিঁদু।
হিন্দোল, শ্রাবণ মাসের শুক্ল পক্ষ বিহিত ভগবৎ যাত্রা বিশেষ, ঝুলনযাত্রা; রাগবিশেষ, হিঁডোল।
হিন্দোলক, যানবিশেষ, দোলা।
হিন্দোলা, যান বিশেষ, দোলিক, দোলা।
হিম, শীতগুণ বিশিষ্ট, শীতল বস্তু; তুষার, শিশির, নীহার।
হিমক, বিকঙ্কত বৃক্ষ, বঁইচী গাছ।
হিমকর, চন্দ্র, নিশাকর।
হিমগিরি, হিমালয় পর্ব্বত।
হিমজ, মৈনাক পর্ব্বত।

হিমজা, পার্ব্বতী, দুর্গা ; শটীবৃক্ষ।
হিমজ্ঝটি, কুজ্ঝটী, কুয়াশা।
হিমতৈল, কর্পূর তৈল।
হিমদুর্দ্দিন, হিম সমূহ পতনে দুঃখ দায়ক দিন।
হিমদ্যুতি, চন্দ্র, বিধু, শশাঙ্ক।
হিমদ্রুম, মহা নিম্ববৃক্ষ।
হিমধাতু, হিমালয় পর্ব্বত।
হিমবৎসুত, মৈনাক পর্ব্বত।
হিমবৎসুতা, গঙ্গা ; পার্ব্বতী, উমা।
হিমবান্, হিমালয় পর্ব্বত, হিমযুক্ত।
হিমবালুক, কর্পূর।
হিমশৈলজা, দুর্গা, পার্ব্বতী।
হিমসংহতি, হিম সমূহ, বরফ।
হিমাংশু, চন্দ্র, নিশাকর, বিধু।
হিমাগম, হেমন্ত, শিশির, শীতকাল।
হিমাঙ্গ শীতল অঙ্গ, হিমকায়।
হিমাদ্রি, হিমালয় পর্ব্বত।
হিমাদ্রিজা, ক্ষীরিণী বৃক্ষ; দুর্গা।
হিমাদ্রিতনয়া, দুর্গা, পার্ব্বতী।
হিমাদ্রিতনয়াপতি, শিব, মহাদেব।
হিমানী, হিমসংহতি, হিমসমূহ, তুষার।
হিমারাতি, অগ্নি, সূর্য্য ; চিত্রক বৃক্ষ, চিতাগাছ। [গিরি।
হিমালয়, হিমপর্ব্বত, হিমাদ্রি, হিম-
হিমালয়সুতা, উমা, দুর্গা, পার্ব্বতী।
হিমিক, তৃণের উপরি পতিত হিম।
হিমেলু, হিম দ্বারা ক্লেশিত, হিমার্ত্ত, হিমে পীড়িত।
হিমোদ্ভব, ওষধি বিশেষ, শটী।
হিম্য, হিমজাত, হিমোৎপন্ন।
হিয়া, হৃদয়, বক্ষঃস্থল, বুক।
হিরঙ্গু, অষ্টমগ্রহ, রাহু। [টক, কড়ী।
হিরণ, শুক্র, রেতঃ; স্বর্ণ, সোনা ; বরা-
হিরণ্ময়, সুবর্ণময় ; ব্রহ্মা ; বর্ষ বিশেষ।
হিরণ্য, সুবর্ণ, স্বর্ণ, সোনা ; ধুতুরা ; রেতঃ, শুক্র ; দ্রব্য ; বরাটিক, কড়ী ; রজত ; ধন। [পিতা।
হিরণ্যকশিপু, দৈত্য বিশেষ, প্রহ্লাদের
হিরণ্যকশিপুহা, বিষ্ণু, নারায়ণ।
হিরণ্যগর্ভ, ব্রহ্মা, প্রজাপতি, বিধাতা।
হিরণ্যদ, সমুদ্র ; হিরণ্যদাতা, স্বর্ণদান কর্ত্তা।
হিরণ্যদা, পৃথিবী, পৃথ্বী, ধরিত্রী।
হিরণ্যনাভ, পর্ব্বত বিশেষ, মৈনাক পর্ব্বত।
হিরণ্যব, দৈবধন ; দেবস্ব।
হিরণ্যবর্ণা, নদী, তটিনী, ধুনী।
হিরণ্যবাহ, নদবিশেষ, শোণ নদ।
হিরণ্যবাহু, নদবিশেষ, শোণনদ; শিব।
হিরণ্যরেতাঃ, অগ্নি ; সূর্য্য ; শিব ; চিত্রক বৃক্ষ, চিতাগাছ।
হিরণ্যাক্ষ, দৈত্য বিশেষ।
হিলমোচি, হিলমোচিকা শাক, হিংচা শাক, হেলঞ্চা।
হিলমোচিকা, শাকবিশেষ, হিংচা শাক, হেলঞ্চা। [শরাই।
হিল্ল, পক্ষি বিশেষ, শরারি পক্ষী,
হিল্লোল, তরঙ্গ, ঢেউ, জল কল্লোল।
হিহি, আহ্লাদ জনক অনুকরণ শব্দ, হাস্য ধ্বনি বিশেষ।
হীন, রহিত, ঊন ; গর্হ্য, অধম।
হীনজাতি, নীচবর্ণ, অধমজাতি।
হীনবাদ, উত্তরাভাস; উত্তরে অন্যথা বচন। [রুদ্ধার্থ বাদী।
হীনবাদী, বাক্য বর্জ্জিত, বোবা ; বি-
হীনসখ্য, নীচের সহিত মিত্রতা।
হীনাঙ্গ, স্বভাবতঃ ন্যূন অবয়ব বিশিষ্ট, অঙ্গ রহিত ; বিকলাঙ্গ, ব্যঙ্গ।
হীনাঙ্গী, ক্ষুদ্রপিপীলিকা; বিকলাঙ্গী।
হীন্তাল, হিন্তাল বৃক্ষ, হেঁতালগাছ।
হীর, রত্নবিশেষ ; শিব ; সর্প।
হীরক রত্নবিশেষ, হীরা।
হীরা, লক্ষ্মী ; পিপীলিকা; রত্নবিশেষ।
হীরামন, পক্ষি বিশেষ, শুকপাখী।
হীল, রেতঃ, শুক্র, বীর্য্য। [রম সরাপ।
হীলুক, গৌড়ীমদিরা, গুড়জাত সুরা,
হীহী, আনন্দ সূচক শব্দ ; হাস্যধ্বনি।

হুঁ, স্বীকার বোধক শব্দ।
হুঁকা, তামাকুর ধূমপানার্থ যন্ত্র।
হুংকৃত, হুঙ্কার ধ্বনি; বন্য বরাহের শব্দ; গর্জন। [কাহিনী।
হুচুক, বিস্ময় জনক বাক্য; মিথ্যা
হুড়, মেষ; চৌরাদি নিবারণার্থ লৌহময় তীক্ষ্ণ শঙ্কুবিশেষ, লগুড়; গোল।
হুড়কা, দ্বারবন্ধ করিবার কাষ্ঠ, খিল; পতি সংসর্গ ত্যাগিনী স্ত্রী।
হুড়ান, ঠেলন; পদাঘাতকরণ; বাক্যের দ্বারা অভিভব করণ।
হুড়াহুড়ী, ঠেলাঠেলী, মারামারী।
হুড়ুক, বাদ্যবিশেষ; দাত্যূহ পক্ষী; মদমত্ত; দ্বারবন্ধকরিবার কাষ্ঠ, হুড়্কা।
হুড়ুৎ, অব্যক্ত শব্দ; ষাঁড়ের ডাক।
হুড়ুম, ভ্রষ্ট চিপিটক, চিড়াভাজা; হুড়ুম ভাজা। [রাক্ষস।
হুণ্ড, ব্যাঘ্র, বাঘ; গ্রাম্য শূকর; মূর্খ;
হুণ্ডী, অর্থ সম্বন্ধীয় পত্র, টাকার চিঠী।
হুত, অগ্নিতে প্রক্ষিপ্ত ঘৃতাদি; হোম।
হুতবহ, অগ্নি, অনল, বহ্নি।
হুতভুক্, অগ্নি, অনল; চিত্রক বৃক্ষ, চিতাগাছ।
হুতাশ, অনল, অগ্নি; ভয়।
হুতাশন, অগ্নি, বহ্নি; শিব, মহেশ।
হুতি, হবন, হোম।
হুপাল, নির্ভয়, সাহসী, ভরসান্বিত।
হুমবাঘ, বৃহৎ ব্যাঘ্র, ভয়ানক বাঘ।
হুমা, নদীর বন্যা, আকস্মিক জলাগম।
হুল, সূক্ষ্মাগ্র ভাগ।
হুলহুলী, স্ত্রীলোকের মঙ্গল জনক মুখ শব্দ, হুলুহু।
হুলা, পুংবিড়াল।
হুলান, প্রেরণ।
হুলু, স্ত্রীলোকদের মঙ্গল ধ্বনি।
হুলুস্থুল, গোলযোগ, গোলমাল।
হুহু, গন্ধর্ব্ব বিশেষ।
হুঙ্কার, ভয়ানক ধ্বনি; গম্ভীর শব্দ।
হূড়, গোলযোগ, বাক্‌কলহ।
হূত, আহূত, আহ্বানী কৃত।
হূতি, আহ্বান, ডাকা।
হূন, ম্লেচ্ছ জাতি বিশেষ।
হূরব, শৃগাল, জম্বুক।
হূর্চ্ছন, কৌটিল্য, কুটিলতা।
হূহূ, গন্ধর্ব্ব বিশেষ।
হৃচ্ছয়, কামদেব; হৃদয়শায়ী।
হৃচ্ছূল, হৃদয়জাত শূলরোগ।
হৃণিয়া, নিন্দা, কুৎসা, গর্হা। [দ্রব্য।
হৃত, অপহৃত বস্তু, চৌর্য্যধন, চোরা
হৃৎ, হৃদয়, চিত্ত; বক্ষঃস্থল, বুক।
হৃৎকম্প, হৃদয় কম্পন, বক্ষঃস্থলের স্পন্দন।
হৃৎপদ্ম, হৃদয় স্বরূপ পদ্ম; বক্ষঃস্থল।
হৃদয়, বুক, বক্ষঃস্থল; মনঃ।
হৃদয়গ্রন্থি, হৃদ্বন্ধ।
হৃদয়ঙ্গম, যুক্তিযুক্ত বাক্য, সঙ্গত, মনোগত, চিত্ত প্রবোধক।
হৃদয়স্থান, বক্ষঃস্থল, উরঃ, ভুজান্তর।
হৃদয়ালু, প্রশস্তমনাঃ, সুহৃদয়; বৎসল।
হৃদয়েশ, ভর্ত্তা, স্বামী, কান্ত। [কান্তা।
হৃদয়েশা, ভার্য্যা, প্রেয়সী, প্রিয়া,
হৃদিস্পৃক্, হৃদ্য; হৃদয় স্পর্শকারী।
হৃদ্, হৃদয়; মনঃ। [চিত্তবোধ।
হৃদ্বোধ, মনোনীত বিশেষ জ্ঞান,
হৃদ্য, মনোহর, মনোজ্ঞ, উত্তম; হৃদয়ের প্রিয়। [বিল্ববৃক্ষ।
হৃদ্যগন্ধ, ক্ষুদ্র জীরক, ছোট জীরা;
হৃদ্যগন্ধি, ক্ষুদ্রজীরক, ছোট জীরা।
হৃদ্যতা, স্নেহ, প্রিয়ত্ব; প্রণয়, সদ্ভাব।
হৃদ্যা, বৃদ্ধি নামে ওষধী বিশেষ।
হৃদ্রোগ, কুম্ভরাশি; কাম; হৃদয়ের পীড়া।
হৃদন্টক, জঠর, উদর, পেট।
হৃল্লাস, হিক্কা, হেঁচ্‌কী।
হৃল্লেখ, জ্ঞান, তর্ক।
হৃল্লেখা, ঔৎসুক্য।
হৃষিত, আহ্লাদিত, হৃষ্ট; প্রীত, প্রণত; বর্ম্মিত, সাঁজোয়া পরা।

হৃষীক, ইন্দ্রিয়।
হৃষীকেশ, বিষ্ণু, নারায়ণ।
হৃষ্ট, প্রীত; জাতহর্ষ, আহ্লাদিত, রোমাঞ্চিত।
হৃষ্টচিত্ত, সাহ্লাদ মনঃ, আনন্দিত।
হৃষ্টপুষ্ট, স্থূলকায়; সুস্থ শরীর।
হৃষ্টমানস, হৃষ্টচিত্ত, প্রমুদিত, প্রীতমনাঃ।
হৃষ্টরোমা, রোমাঞ্চিত, পুলকিত।
হৃষ্টি, আনন্দ, আমোদ।
হে, সম্বোধন; আহ্বান।
হেঁউত, উপদ্রব, উৎপাত।
হেঁচ্‌কন, অকস্মাৎ টানন; খেঁচন।
হেঁচকী, হিক্কা; আকর্ষণ, টানন।
হেঁট, অধোমুখ; নম্র।
হেঁতাল, বৃক্ষবিশেষ, হিন্তাল বৃক্ষ।
হেঁয়াল, শিশির, হিম।
হেঁয়ালি, প্রহেলিকা, অস্পষ্টার্থ প্রশ্ন [বাক্য।
হেক্কা, হিক্কা, হেচ্‌কী।
হেচ্‌কন, আকর্ষণ, টানন।
হেট, নম্র; অধোমুখ; নীচ।
হেটমুখ, নম্রমুখ, অধোবদন।
হেঠ, বাধা; নিবারণ।
হেড়ম্ব, ক্রোধ, কোপ, রোষ।
হেড়াবুক্ক, অশ্ব বিক্রয়কারী।
হেতি, অস্ত্র; সূর্য্যকিরণ; অগ্নিশিখা; কারণ, সাধন।
হেতু, কারণ; বীজ, আদি, মূল।
হেতুক, কারণ, নিমিত্ত।
হেতুতা, কারণতা, হেতুত্ব।
হেতুবাদ, পূর্ব্ব কথিতের প্রমাণ, হেতুপ্রদর্শনার্থ বাক্য।
হেতুমান্, কারণবান্, সকারণ।
হেত্বাভাস, হেতুদোষ, ব্যভিচার; বিরুদ্ধ হেতু।
হেথা, অত্র, এখানে।
হেদ্যান, উৎকণ্ঠিত হওন, উদ্বেগকরণ; কাতরণ।
হেন, সদৃশ, তুল্য।
হেম, সুবর্ণ, সোণা।
হেমকন্দল, রত্নবিশেষ, প্রবাল, পলা।
হেমকান্তি, দারু হরিদ্রা, স্বর্ণবৎ দ্যুতি বিশিষ্ট।
হেমকার, হেমকর্ত্তা, স্বর্ণকার, সেকরা।
হেমকিঞ্জল্ক, নাগকেশর পুষ্প।
হেমকূট, পর্ব্বত বিশেষ।
হেমকেতকী, স্বর্ণকেতকী।
হেমকেলি, অগ্নি, বহ্নি, অনল।
হেমকেশ, শিব, মহাদেব।
হেমগৌর, কিঙ্কিরাত বৃক্ষ; স্বর্ণবৎ গৌরবর্ণ যুক্ত।
হেমগৌরাঙ্গ, স্বর্ণতুল্য গৌরবর্ণাঙ্গ-[বিশিষ্ট।
হেমচন্দ্র, অভিধান চিন্তামণি নামে-কোষকর্ত্তা; স্বর্ণময় শশী, সোণার চাঁদ।
হেমজ্বাল, অগ্নি, অনল, বহ্নি।
হেমদুগ্ধ, উড়ুম্বর বৃক্ষ, ডুমুর গাছ।
হেমদুগ্ধক, উড়ম্বর বৃক্ষ; পীতবর্ণ ক্ষীর যুক্ত।
হেমদুগ্ধী, যজ্ঞ ডুম্বর।
হেমন্ত, ঋতু বিশেষ, হিমাগম, অগ্রহায়ণ ও পৌষ মাস।
হেমপর্ব্বত, সুমেরু গিরি।
হেমপুষ্প, অশোক পুষ্প, যবা পুষ্প; চম্পক বৃক্ষ।
হেমপুষ্পক, চম্পক বৃক্ষ; লোধ্রবৃক্ষ।
হেমবল, মৌক্তিক, মুক্তা।
হেমমালা, যমপত্নী; স্বর্ণমাল্য।
হেমমালী, সূর্য্য, রবি, ভাস্কর।
হেমযূথিকা, স্বর্ণযূথিকা, স্বর্ণযূঁই।
হেমরাগিণী, হরিদ্রা, হলুদ।
হেমল, স্বর্ণকার, সেকরা; কৃকলাস; কাঁকলাস; প্রস্তরবিশেষ, কষ্টিপাতর।
হেমশঙ্খ, বিষ্ণু, নারায়ণ।
হেমসূত্রক, হারবিশেষ।
হেমা, অপ্সরা; সুন্দরী স্ত্রী।
হেমাঙ্গ, হেমবর্ণ শরীর, গরুড়; সিংহ; সুমেরু; ব্রহ্মা; চম্পক বৃক্ষ।
হেমাদ্রি, সুমেরু পর্ব্বত; ক্ষত্রিয় রাজ বিশেষ।

হেয়, ত্যাজ্য; তুচ্ছ, অপকৃষ্ট।
হেয়জ্ঞান, তুচ্ছবোধ, অপকৃষ্ট জ্ঞান।
হেয়তা, তুচ্ছতা, জঘন্যতা।
হের, মুকুট বিশেষ; হরিদ্রা।
হেরণ, নিরীক্ষণ, দেখন, দর্শন।
হেরম্ব, লম্বোদর, গণেশ, মহিষ; শৌর্য্য গর্ব্বিত।
হেরম্বজননী, দুর্গা, ভগবতী।
হেরম্বহট্ট, দেশবিশেষ।
হেরিক, চর; দূত। [শাক।
হেলঞ্চী, হিলমোচিকা শাক, হিংচা-
হেলন, অবজ্ঞাকরণ, অবহেলা; বক্র-হওন, ঝোঁকন।
হেলা, অবজ্ঞা; আলস্য; স্ত্রীলোকের শৃঙ্গার ভাব জাত ক্রিয়া বিশেষ; ঝোঁকা; জলজ পুষ্পবিশেষ।
হেলান, বক্র ভাব করণ; দোলান।
হেলায়, অনায়াসে, অক্লেশে।
হেলি, সূর্য্য; আলিঙ্গন; হেলা নামে-পুষ্প বিশেষ।
হেষা, ঘোটকের ধ্বনি, হ্রেষা।
হেষী, অশ্ব, ঘোটক, ঘোড়া।
হৈ, সম্বোধন; আহ্বান।
হৈতুক, সদ্‌যুক্তি ব্যবহারী, হেতুদ্বারা সৎকর্ম্মে সন্দেহ কর্ত্তা।
হৈম, প্রাতঃকালের হিমোদ্ভব জল; হিমজাত; হেমজাত। [জাত।
হৈমন, হেমন্ত ঋতু; স্বর্ণজাত; হিম-
হৈমন্ত, হেমন্ত ঋতু, হেমন্ত সম্বন্ধীয়।
হৈমন্তিক, শালিধান্য, আমনধান; হেমন্ত কালজাত।
হৈমবত, ভারতবর্ষ; বিষ বিশেষ।
হৈমবতবর্ষ, ভারতবর্ষ।
হৈমবতী, পার্ব্বতী; হরীতকী; স্বর্ণ-ক্ষীরী বৃক্ষ; গঙ্গা।
হৈমমুদ্রিক, স্বর্ণ মুদ্রিকা বিশিষ্ট।
হৈমল, হেমন্ত ঋতু; হেমন্তকাল জাত।
হৈয়ঙ্গবীন, সদ্যোজাত গোদোহো-দ্ভব ঘৃত; নবনীত।
হৈরিক, চৌর, তস্কর।
হৈহয়, দেশবিশেষ।
হৈহেয়, কার্ত্তবীর্য্য রাজা।
হো, সম্বোধন; আহ্বান; বিস্ময়।
হোড়, নৌকা বিশেষ, বহিত্র, হুড়ী; পঙ্ক, পাঁক, কাদা।
হোড়া, চোর, তস্কর।
হোতা, ঋগ্বেদ বেত্তা; হোমকর্ত্তা।
হোত্র, হবিঃ, ঘৃত; হোম, যজ্ঞ।
হোত্রী, যজমান রূপা শিবের মূর্ত্তি।
হোথা, তত্র, তথা, সেখানে।
হোম, পঞ্চ মহা যজ্ঞান্তর্গত যজ্ঞ-বিশেষ, দেবযজ্ঞ।
হোমক, হোতা, হোমকর্ত্তা।
হোমকুণ্ড, হোমার্থ কুণ্ড, যজ্ঞকুণ্ড।
হোমধান্য, তিল।
হোমধূম, হোমীয়াগ্নির ধূম।
হোমভস্ম, হুতভস্ম, হোমের ছাই।
হোমাগ্নি, যজ্ঞবহ্নি, হোমীয় অনল।
হোমি, অগ্নি; ঘৃত; জল।
হোমী, হোমকর্ত্তা, যজ্ঞকারক।
হোমীয়, যজ্ঞসম্বন্ধীয়।
হোম্য, ঘৃত, হোমীয় দ্রব্যমাত্র।
হোরা, লগ্ন; রাশির অর্দ্ধ; দণ্ডদ্বয়-পরিমিত কাল, ঘণ্টা।
হোল, মুষ্ক; অণ্ডকোষ।
হোলা, অশক্ত শ্লথ, ঢিলা।
হোলাকা, বসন্তোৎসব, হোলী, ফল-গূৎসব। [গূৎসব।
হোলী, দোলযাত্রা, বসন্তোৎসব, ফল-
হৌম্য, ঘৃত; হোমীয় দ্রব্য।
হ্যঃ, গত দিন, গতদিবস।
হ্যস্তন, গতদিবসীয়, কল্যকার।
হ্রদ, অগাধ জলাশয়; বৃহৎ গর্ত্ত।
হ্রদগ্রহ, কুম্ভীর, নক্র।
হ্রদিনী, নদী, তটিনী, ধুনী।
হ্রসিমা, হ্রস্বতা, লঘুতা।
হ্রসিষ্ঠ, অতিশয় হ্রস্ব, অতিশয় খাট।
হ্রস্ব, বামন, বাউনে; খাট, খর্ব্ব।

হ্রস্বকুশ, শ্বেতকুশ, শাদা কুশা।
হ্রস্বগর্ভ, কুশতৃণ, কুশা।
হ্রস্বতা, অল্পতা; উপশম।
হ্রস্বদর্ভ, শ্বেতকুশ, শাদা কুশা।
হ্রস্বমূল, রক্তেক্ষু, রক্তবর্ণ আউক।
হ্রস্বশাখাশিফ, ক্ষুপ, ঝোপ, ক্ষুদ্রবৃক্ষ।
হ্রস্বা, মুদ্গপর্ণীবৃক্ষ, নাগবলা, খর্ব্ব, খাট, বামন।
হ্রস্বাঙ্গ, বামন, খর্ব্ব।
হ্রাদ, শব্দ; হিরণ্যকশিপুর পুত্র।
হ্রাদিনী, বিদ্যুৎ; বজ্র; নদী।
হ্রাদী, শব্দ বিশিষ্ট, ধ্বনি যুক্ত।
হ্রাস, ক্ষয়; ক্ষীণতা; ন্যূনতা।
হ্রিণীয়া, ত্রপা, লজ্জা; ঘৃণা।
হ্রিত, লজ্জিত; বিভক্ত।
হ্রী, লজ্জা, ত্রপা, ব্রীড়া।
হ্রীকা, ত্রাস, লজ্জা, ত্রপা।
হ্রীজিত, লজ্জাশীল, লজ্জা যুক্ত।
হ্রীণ, লজ্জিত, লজ্জা বিশিষ্ট।
হ্রেষা, অশ্বের কণ্ঠনির্গত শব্দ।
হ্লাদ, হর্ষ, আহ্লাদ, আনন্দ।
হ্লাদিনী, বিদ্যুৎ; বজ্র; শক্তিবিশেষ।
হ্লীকা, লজ্জা, ত্রপা।
হ্লেষা, ঘোটকের কণ্ঠধ্বনি।

ক্ষ

ক্ষ, ক্ষকার, ব্যঞ্জনের চতুস্ত্রিংশ বর্ণ; রাক্ষস; বিদ্যুৎ; ক্ষেত্র; ক্ষেত্রপাল।
ক্ষণ, ত্রিংশৎ কলা পরিমিত কাল; দশপল পরিমিত সময়; উৎসব, পর্ব্ব; অবসর।
ক্ষণদ, জল, সলিল; গণক, দৈবজ্ঞ।
ক্ষণদা, রাত্রি, নিশা; হরিদ্রা, হলুদ।
ক্ষণন, বধ, নাশ, হিংসা।
ক্ষণনিশ্বাস, শিশুমার জন্তু, শুশুক।
ক্ষণপ্রভা, বিদ্যুৎ, তড়িৎ, সৌদামিনী।
ক্ষণভঙ্গুর, ক্ষণেকে নাশ্য, ক্ষণমাত্রে-ধ্বংসশীল।
ক্ষণরামী, পরাবত, কপোত, পায়রা।
ক্ষণিক, ক্ষণমাত্র স্থায়ী, অল্পকাল-স্থিতি শীল।
ক্ষণিকা, বিদ্যুৎ, তড়িৎ।
ক্ষণিনী, রাত্রি, রজনী, যামিনী।
ক্ষণুয়া, পাদরোগী।
ক্ষণো, পাদরোগ বিশেষ।
ক্ষত, রক্তপূযাদি স্রব, ঘা; ব্রণ।
ক্ষতকাস, কাসরোগ বিশেষ, ক্ষয়কাস।
ক্ষতঘ্ন, বৃক্ষবিশেষ, কুকুর সোঁকাগাছ।
ক্ষতজ, রক্ত, শোণিত; পূয়, পুঁজ।
ক্ষতজতৃষ্ণা, শস্ত্রাদি ক্ষত যুক্ত ব্যক্তির পিপাসা।
ক্ষতব্রণ, ব্রণরোগ বিশেষ। [ভঙ্গ।
ক্ষতব্রত, ধ্বস্তনিয়ম, অবকীর্ণী, ব্রত-
ক্ষতি, হানি, অপচয়; অপকার, অনিষ্ট, নাশ। [সার।
ক্ষতোদর, উদররোগবিশেষ, রক্তাতি-
ক্ষত্তা, ক্ষত্রিয়া গর্ভে ব্রাহ্মণ হইতে উৎপন্ন জাতি; সারথি; দ্বাঃস্থ; দাসী পুত্র।
ক্ষত্র, শরীর; দ্বিতীয় বর্ণ, ক্ষত্রিয়।
ক্ষত্রবন্ধু, নিন্দিত ক্ষত্রিয়।
ক্ষত্রিয়, ব্রহ্মার বাহুজাত বর্ণবিশেষ, ক্ষত্রী, রাজন্য। [পত্নী।
ক্ষত্রিয়া, ক্ষত্রিয় স্ত্রীজাতি, ক্ষত্রিয়-
ক্ষত্রিয়াণী, ক্ষত্রিয় স্ত্রীজাতি; ক্ষত্রিয়-পত্নী।
ক্ষত্রিয়ী, ক্ষত্রিয়ের পত্নী।
ক্ষত্রী, ক্ষত্রিয়, দ্বিতীয় বর্ণ।
ক্ষন্তা, ক্ষমাশীল, সহিষ্ণু।
ক্ষপণ, নির্লজ্জ, লজ্জাহীন।
ক্ষপণ্যু, অপরাধ, দোষ, ত্রুটি।
ক্ষপা, রজনী, রাত্রি, নিশা; রাগ; উন্মাদ।
ক্ষপাকর, চন্দ্র, শশাঙ্ক, বিধু।
ক্ষপাচর, রাক্ষস, নিশাচর।

ক্ষপাট, রাক্ষস, নিশাচর।
ক্ষপাপতি, চন্দ্র, নিশাকর।
ক্ষব, ক্ষুত, হাঁচী; রাই সরিষা।
ক্ষবক, অপামার্গ বৃক্ষ, আপাং গাছ, রাইসরিষা।
ক্ষবথু, ক্ষুত, হাঁচি; কাসরোগ।
ক্ষম, শক্ত; যোগ্য, পারক।
ক্ষমতা, যোগ্যতা, সামর্থ্য।
ক্ষমা, ক্ষান্তি সহিষ্ণুতা। [সহিষ্ণু।
ক্ষমাবান্, ক্ষান্তিযুক্ত, ধৈর্য্যশীল;
ক্ষমিতা, ক্ষমাশীল, ক্ষমাবিশিষ্ট।
ক্ষমী, ক্ষমাশীল, সহিষ্ণু, তিতিক্ষু।
ক্ষয়, নিলয়, নাশ; কাশরোগ বিশেষ, যক্ষ্মা কাশ; রাজ যক্ষা।
ক্ষয়থু, কাসরোগ, ক্ষয়কাশ।
ক্ষয়মাস, মলমাস, অধিমাস।
ক্ষয়, জীর্ণ, নষ্ট, অপচিত।
ক্ষর, জল, মেঘ, ঝরণ।
ক্ষরণ, মোচন; স্রবণ, ঝরণ; চোয়ান।
ক্ষরা, ক্ষীণ, চ্যুত, ঝর।
ক্ষরী, বর্ষাকাল, ক্ষরণবিশিষ্ট।
ক্ষান্ত, সহনশীল, সহিষ্ণু, ক্ষমান্বিত।
ক্ষান্তি, তিতিক্ষা, ক্ষমা।
ক্ষান্তু, ক্ষমাশীল, মর্ষক, সহিষ্ণু।
ক্ষাম, ক্ষীণ; অবল, দুর্ব্বল।
ক্ষামাস্য, কুপথ্য, অহিতজনক আহার।
ক্ষার, লবণ, রসবিশেষ; ভস্ম, ছাই; সোহাগা।
ক্ষারক, অচিরজাত ফল, জালি; পক্ষি মৎস্যাদির পিটক, খাঁচা, রজক, ধোবা।
ক্ষারতৈল, পক্বতৈল বিশেষ।
ক্ষারভূমি, লবণ মৃত্তিকান্বিত দেশ, লোনাস্থান।
ক্ষারমৃত্তিকা, লবণমৃত্তিকা, লোনামাটী।
ক্ষারসিন্ধু, লবণ সমুদ্র।
ক্ষারাম্বু, সামুদ্র লবণ।
ক্ষারিকা, ক্ষুধা, বুভুক্ষা।
ক্ষারিত, অভিশস্ত, অপবাদগ্রস্ত; স্রাবিত, লবণাক্ত।
ক্ষারোদ, লবণ সমুদ্র।
ক্ষালন, প্রক্ষালন, ধৌতকরণ, ধোয়ন।
ক্ষালিত, কৃত প্রক্ষালন, ধৌত।
ক্ষিণ্ন, দুঃখিত; ক্ষুব্ধ; খেদিত।
ক্ষিতি, পৃথিবী, ক্ষয়; প্রলয়; রোচনা নামে গন্ধদ্রব্য বিশেষ।
ক্ষিতিকণ, ধূলি, ধূলা, পাংশু।
ক্ষিতিধর, গিরি, পর্ব্বত; কূর্ম; বাসুকি; দিগগজ।
ক্ষিতিনাথ, পৃথিবীপতি রাজা।
ক্ষিতিপতি, রাজা, পৃথিবীর ঈশ্বর।
ক্ষিতিপাল, রাজা, পৃথিবীর ঈশ্বর।
ক্ষিতিবর্দ্ধন, শব, ভূমিবর্দ্ধক।
ক্ষিতিরুহ, বৃক্ষ, দ্রুম, তরু।
ক্ষিদ্র, রোগ, সূর্য্য, বিষাণ, শৃঙ্গ
ক্ষিপক, যোদ্ধা, বীর; লড়াক।
ক্ষিপণ, বায়ু, অনিল, বাতাস।
ক্ষিপা, যাপনি, ক্ষেপণ, রাত্রি, রজনী।
ক্ষিপ্ত, নিক্ষেপ কৃতবস্তু, ত্যক্ত, ফেলা; বায়ুগ্রস্ত, ক্ষেপা, উন্মত্ত, পাগল।
ক্ষিপ্তা, রাত্রি, নিশা, রজনী; ফেলা।
ক্ষিপ্নু, নিরাকরিষ্ণু, নিরাকরণ শীল।
ক্ষিপ্র, শীঘ্র, দ্রুত, ত্বরায়।
ক্ষীণ, অবল, দুর্ব্বল, কৃশ; সূক্ষ্ম।
ক্ষীণবান্, ক্ষয়বিশিষ্ট, দৌর্ব্বল্যযুক্ত।
ক্ষীব, মত্ত, মাতওয়ালা।
ক্ষীর, জল, দুগ্ধ।
ক্ষীরকণ্ঠ, বালক, শিশু, দুগ্ধপোষ্য।
ক্ষীরকীট, দুগ্ধজাত কৃমি।
ক্ষীরজ, দধি; ক্ষীরজাত দ্রব্য।
ক্ষীরদ্রুম, অশ্বত্থ বৃক্ষ। [দুগ্ধক্ষয়।
ক্ষীরনাশ, শাখোট বৃক্ষ, শাওড়াগাছ;
ক্ষীরনীর, আলিঙ্গন, দুগ্ধ ও জল।
ক্ষীরপর্ণী, অর্কবৃক্ষ, আকন্দগাছ।
ক্ষীরপান, দুগ্ধপান।
ক্ষীরপায়ী, দুগ্ধপানকর্ত্তা; গ্রামবিশেষ।
ক্ষীরবিকৃতি, ক্ষীরসা, পরমান্নবিশেষ।
ক্ষীরশর, আমিক্ষা, ছানা।

ক্ষীরশুক্ল, জলকণ্টক, পানীফল।
ক্ষীরসন্তানিকা, দুগ্ধ বিকার বিশেষ, আমিক্ষা, ছানা।
ক্ষীরসমুদ্র, দুগ্ধসাগর, দুগ্ধসমুদ্র।
ক্ষীরসা, পরমান্ন, পায়স।
ক্ষীরসাগরসুতা, লক্ষ্মী, রমা।
ক্ষীরসার, ক্ষীরবিশেষ।
ক্ষীরা, শসা; পরমান্ন, ক্ষীরসা।
ক্ষীরাব্ধি, ক্ষীর সমুদ্র। [মুক্তা; চন্দ্র।
ক্ষীরাব্ধিজ, সামুদ্র লবণ; মৌক্তিক,
ক্ষীরাব্ধিজা, লক্ষ্মী, কমলা।
ক্ষীরেয়ী, পায়স, পরমান্ন।
ক্ষীরোদ, দুগ্ধসমুদ্র।
ক্ষীরোদতনয়া, লক্ষ্মী, কমলা, শ্রী।
ক্ষীরোদনন্দন, চন্দ্র, বিধু, শশী।
ক্ষুণ্ণ, চূর্ণীকৃত; ক্ষুব্ধ, বিমর্ষ।
ক্ষুত, হাঁচি, ছিঁক।
ক্ষুৎ, ক্ষুত, হাঁচি; ক্ষুধা।
ক্ষুদ, তণ্ডুলাদি চূর্ণ, তণ্ডুলকণা।
ক্ষুদন, চূর্ণন; খনন; মুদ্রাদি চিহ্নকরণ।
ক্ষুদিয়া, সূক্ষ্ম; ক্ষুদ্র।
ক্ষুদ্বোধ, বুভুক্ষা, ক্ষুধা।
ক্ষুদ্র, অল্প, ছোট; দরিদ্র; অধম; ক্ষুদ, তণ্ডুলকণা।
ক্ষুদ্রকারবেল্লী, ছোট করলা উচ্ছে।
ক্ষুদ্রঘণ্টিকা, কটিভূষণ বিশেষ, কিঙ্কিণী; ঘর্ঘরী।
ক্ষুদ্রচূড়, পক্ষি বিশেষ, গোসালিক।
ক্ষুদ্রজন্তু শতপদী, কেন্নাই; স্বল্পপ্রাণি মাত্র। [ডাঁশ।
ক্ষুদ্রদংশিকা, স্বল্প দংশক, ছোট-
ক্ষুদ্রদৃষ্টি, কার্পণ্য; ছোট নজর।
ক্ষুদ্রনাসিক, স্বল্প নাসাযুক্ত, খাঁদা।
ক্ষুদ্রমুস্তা, কশেরু, কেশুর।
ক্ষুদ্রশঙ্খ, ছোট শঙ্খ জাতি, জোঙ্গড়া।
ক্ষুদ্রশার্দ্দুল, চিত্রব্যাঘ্র, চিতেবাঘ।
ক্ষুদ্রশুক্তি, জলশুক্তি, ঝিনুক।
ক্ষুদ্রশ্বাস, মন্দশ্বাস।
ক্ষুদ্রামলক, কাঠ আমলা।
ক্ষুধা, বুভুক্ষা, ভক্ষণেচ্ছা।
ক্ষুধাতুর, ক্ষুধাতে পীড়িত, ক্ষুধার্ত্ত।
ক্ষুধাভিজনন, ক্ষুধাজনক দ্রব্য।
ক্ষুধিত, ক্ষুধান্বিত, বুভুক্ষিত, বুভুক্ষু।
ক্ষুধুন, ম্লেচ্ছবিশেষ।
ক্ষুন্নিবৃত্তি, ক্ষুধার উপশম।
ক্ষুপ, হ্রস্ব শাখাযুক্ত ক্ষুদ্র বৃক্ষ।
ক্ষুপরী, পায়রার খোপ; ক্ষুদ্রগৃহ।
ক্ষুপি, ক্ষুদ্র কুঠরী; শোভা। [বিমর্ষ।
ক্ষুব্ধ, ক্ষোভ বিশিষ্ট; কাতর; ক্ষুণ্ণ,
ক্ষুভিত, ভীত, ত্রাসিত; সঞ্চালিত।
ক্ষুমা, মসিনা।
ক্ষুর, ছেদনদ্রব্য, নাপিতাস্ত্র।
ক্ষুরকর্ম্ম, ক্ষৌর, কামান।
ক্ষুরপত্র, শর, ক্ষুরতুল্য পত্রযুক্ত।
ক্ষুরপত্রিকা, পালক্ক্যশাক, পালংশাক।
ক্ষুরপ, ঘাস কাটিবার অস্ত্র বিশেষ।
ক্ষুরপ্র, বাণবিশেষ; ঘাসচ্ছেদন অস্ত্র,
ক্ষুরমর্দ্দী, নাপিত।
ক্ষুরিকা, পালক্কশাক, পালংশাক; মৃত্তিকা পাত্রবিশেষ। [বিশেষ।
ক্ষুরী, নাপিত; ছুরিকা; ক্ষুদ্র মৃৎপাত্র
ক্ষুল্ল, লঘু, স্বল্প।
ক্ষুল্লক, ক্ষুদ্র, কনিষ্ঠ; দুঃখিত।
ক্ষুল্লতাত, পিতৃ কনিষ্ঠ ভ্রাতা, খুড়া, পিতৃব্য।
ক্ষেত্র, ভূমি, ক্ষেত, কেদার।
ক্ষেত্রজ, স্বস্ত্রীতে অন্য দ্বারা জনিত পুত্র। [কন্যা।
ক্ষেত্রজা, স্বস্ত্রীতে অন্য দ্বারা জাতা
ক্ষেত্রজ্ঞ, শরীরাধিদৈবত, আত্মা, অন্তর্যামী।
ক্ষেত্রদূতী, শ্বেত কণ্টকারী বৃক্ষ।
ক্ষেত্রপর্পটী, ক্ষুদ্র বৃক্ষবিশেষ; ক্ষেত-পাপড়া। [রক্ষক, কৃষক।
ক্ষেত্রপাল, দেবতা বিশেষ, ক্ষেত্র
ক্ষেত্রাজীব, কর্ষক, কৃষক।
ক্ষেত্রাধিপ, ক্ষেত্রাধিষ্ঠাত্রী দেবতা।
ক্ষেত্রামলকী, ভূম্যামলকী।

ক্ষেত্রিক, ক্ষেত্রস্বামী ; কৃষক।
ক্ষেত্রিয়, ক্ষেত্রজাত তৃণ; অসাধ্য রোগ ; পরদার রত।
ক্ষেত্রী, ক্ষেত্রবিশিষ্ট ; কৃষীবল।
ক্ষেপ, নিন্দা, বিক্ষেপ ; ত্যাগ ; বিলম্ব ; লঙ্ঘন।
ক্ষেপক, ক্ষেপকর্ত্তা, ক্ষেপণ কারক।
ক্ষেপণ, যাপন, কালহরণ ; ফেলন।
ক্ষেপণী, নৌকাদণ্ড, দাঁড় ; জাল বিশেষ, ফাঁদ।
ক্ষেপনা, ক্ষেপণীয় জাল।
ক্ষেপাক, রাগান, কোপান।
ক্ষেপিষ্ঠ, অতিশীঘ্র, ক্ষিপ্রতর।
ক্ষেপ্তা, ক্ষেপণকর্ত্তা ; ত্যাগকারক।
ক্ষেম, কুশল, লব্ধ রক্ষণ ; গন্ধদ্রব্য বিশেষ।
ক্ষেমক, চোরনামে গন্ধদ্রব্য।
ক্ষেমকর, মঙ্গলকারক।
ক্ষেমকার, শুভঙ্কর, কল্যাণকর।
ক্ষেমঙ্কর, মঙ্গলকারক, শুভজনক।
ক্ষেমঙ্করী, দেবী বিশেষ ; শঙ্খচিল্লী, শঙ্খচিল।
ক্ষেমবান্, মঙ্গলযুক্ত, কল্যাণবিশিষ্ট।
ক্ষেম্য, কুশলযোগ্য।
ক্ষেম্যারী, নাবিক, পাটনী।
ক্ষৈণ, ক্ষীণতা, কৃশতা।
ক্ষৈত্র, ক্ষেত্রসমূহ।
ক্ষোড়, আলান, গজবন্ধনী।
ক্ষোণি, পৃথিবী, অবনি।
ক্ষোদ, চূর্ণ, গুঁড়া ; পেষণ।
ক্ষোদ্রিত, চূর্ণিত ; পেষিত।
ক্ষোদিমা, অতিশয় ক্ষুদ্রতা।
ক্ষোদিষ্ঠ, অতিশয় ক্ষুদ্র।
ক্ষোভ, সঞ্চলন ; মনস্তাপ ; দুঃখ।
ক্ষোভক, ক্ষোভজনক।
ক্ষোভণ, সঞ্চলিত হওন; বিমর্ষ, মনোদুঃখ জনন।
ক্ষোভিত, ক্ষোভযুক্ত ; সঞ্চালিত।
ক্ষোম, দুকূল, পট্টবস্ত্র।
ক্ষৌণি, পৃথিবী, ধরণী, ক্ষৌণী, মেদিনী, পৃথিবী, ধরিত্রী, ধরা।
ক্ষৌণীপ্রাচীর, সমুদ্র, সাগর।
ক্ষৌদ্র, মধু ; জল ; চম্পক বৃক্ষ।
ক্ষৌদ্রজ, শিক্থক, মোম; মধুজাতমাত্র
ক্ষৌদ্রমেহ, প্রমেহ রোগবিশেষ।
ক্ষৌদ্রেয়, শিক্থ, মোম।
ক্ষৌম, পট্টবস্ত্র।
ক্ষৌর, ক্ষুরকর্ম্ম, কামান, মুণ্ডন, বপন।
ক্ষৌরিক, নাপিত।
ক্ষ্ণুত, শানিত, তীক্ষ্ণীকৃত।
ক্ষ্মা, পৃথিবী, ধরণী, ধরা।
ক্ষ্মাতল, ভূতল, পৃথিবী তল।
ক্ষ্মাভুক্, রাজা, নৃপতি ; পর্ব্বত, শৈল।
ক্ষ্মায়িত, কম্পিত, দোলিত।
ক্ষ্বিণ্ন, মুক্ত ; স্নিগ্ধ।
ক্ষ্বেড়, ধ্বনি, শব্দ ; বিষ।
ক্ষ্বেড়া, সিংহনাদ।
ক্ষ্বেড়িত, সিংহনাদ, সিংহধ্বনি।

সমাপ্তোয়ং গ্রন্থঃ।